Vol. 146, No. II

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

(Budget Session, 2017)

(From 1st March to 10th March, 2017)

(The 1st, 2nd, 3rd, 6th, 7th, 8th, 9th, 10th March 2017)

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

Price : ₹ 480/-

Vol. 146, No. II

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

(Budget Session, 2017)

(From 1st March to 10th March, 2017)

(The 1st, 2nd, 3rd, 6th, 7th, 8th, 9th and 10th, March – 2017)

Published by authority of the Assembly under Rule 353 of
the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI K. N. TRIPATHI

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Smt. Mamata Banerjee,** Chief Minister and Minister-in-Charge, Home Department, Department of Hill Affairs, Department of Personnel and Administrative Reforms, Department of Health and Family Welfare, Department of Information and Cultural Affairs, Department of Land and Land Reforms, Minority Affairs and Madrasah Education Department, Department of Micro, Small and Medium Enterprises and Textiles.
2. **Dr. Amit Mitra,** Minister-in-Charge, Finance Department, Department of Excise, Department of Commerce and Industries, Department of Public Enterprises, Department of Industrial Reconstruction.
3. **Dr. Partha Chatterjee,** Minister-in-Charge, Department of School Education, Department of Higher Education, Department of Parliamentary Affairs.
4. **Shri Subrata Mukherjee,** Minister-in-Charge, Department of Public Health Engineering, Department of Panchayats and Rural Development.
5. **Shri Sobhandeb Chattopadhyay,** Minister-in-Charge, Department of Power and Non-conventional Energy Sources.
6. **Shri Abani Mohan Joardar,** Minister-in-Charge,
7. **Shri Firhad Hakim,** Minister-in-Charge, Department of Municipal Affairs and Department of Urban Development.
8. **Shri Aroop Biswas,** Minister-in-Charge, Public Works Department, Department of Youth Services, Department of Sports.
9. **Shri Goutam Deb,** Minister-in-Charge, Department of Tourism.
10. **Shri Sovan Chatterjee,** Minister-in-Charge, Department of Fire and Emergency Services, Department of Housing, Department of Environment.
11. **Shri Javed Ahmed Khan,** Minister-in-Charge, Department of Disaster Management, Department of Civil Defence.
12. **Shri Abdur Razzak Molla,** Minister-in-Charge, Department of Food Processing Industries and Horticulture.

13. **Shri Jyotipriya Mallick,** Minister-in-Charge, Department of Food and Supplies.

14. **Shri Suvendu Adhikari,** Minister-in-Charge, Transport Department.

15. **Shri Binay Krishna Barman,** Minister-in-Charge, Department of Forests.

16. **Shri Sadhan Pande,** Minister-in-Charge, Department of Consumer Affairs, Department of Self-Help Group and Self-Employment.

17. **Shri Purnendu Basu,** Minister-in-Charge, Department of Agriculture.

18. **Shri Rabindra Nath Ghosh,** Minister-in-Charge, North Bengal Development Department.

19. **Shri Bratya Basu,** Minister-in-Charge, Department of Information Technology and Electronics.

20. **Shri Arup Roy (Apu),** Minister-in-Charge, Department of Co-operation.

21. **Shri Shantiram Mahato,** Minister-in-Charge, Department of Paschimanchal Unnayan Affairs.

22. **Shri Chandranath Sinha,** Minister-in-Charge, Department of Fisheries.

23. **Shri Churamani Mahata,** Minister-in-Charge, Backward Classes Welfare Department.

24. **Shri Moloy Ghatak,** Minister-in-Charge, Department of Labour, Law Department, Judicial Department.

25. **Dr. Saumen Kumar Mahapatra,** Minister-in-Charge, Department of Water Resources Investigation and Development.

26. **Shri Rajib Banerjee,** Minister-in-Charge, Department of Irrigation and Waterways and Correctional Administration, Department of Refugee Relief and Rehabilitation.

27. **Dr. Asish Banerjee,** Minister-in-Charge, Department of Biotechnology, Department of Science and Technology, Department of Planning, Department of Statistics & Programme Implementation.

28. **Shri Tapan Dasgupta,** Minister-in-Charge, Department of Agricultural Marketing.

29. **James Kujur,** Minister-in-Charge, Department of Tribal Development.

30. **Shri Swapan Debnath,** Minister-of-State, Department of Animal Resources Development (Independent Charge), Department of Micro,

Small and Medium Enterprises and Textiles, Department of Land and Land Reforms.

31. **Dr. Shashi Panja,** Minister-of-State, Department of Child Development (Independent Charge), Department of Women Development and Social Welfare (Independent Charge), Department of Health and Family Welfare.

32. **Shri Manturam Pakhira,** Minister-of-State, Department of Sundarban Affairs (Independent Charge).

33. **Md. Chowdhury Siddiqullah,** Minister of State, Department of Mass Education Extension and Library Services (Independent Charge), Department of Parliamentary Affairs.

34. **Smt. Asima Patra,** Minister of State, Technical Education, Training and Skill Development Department (Independent Charge).

35. **Shri Giasuddin Molla,** Minister-of-State, Minority Affairs and Madrasah Education Department.

36. **Shri Bachchu Hansda,** Minister of State, North Bengal Development Department.

37. **Md. Ghulam Rabbani,** Minister of State, Department of Panchayats and Rural Development.

38. **Smt. Sandhya Rani Tudu,** Minister of State, Backward Classes Welfare Department.

39. **Shri Shyamal Santra,** Minister of State, Department of Panchayats and Rural Development, Department of Public Health Engineering.

40. **Md. Jakir Hossain,** Minister of State, Department of Labour.

41. **Shri Indranil Sen,** Minister of State, Department of Information and Cultural Affairs and Department of Tourism.

42. **Laxmi Ratan Shukla,** Minister of State, Department of Sports, Department of Youth Services.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker **: Shri Biman Banerjee**

Deputy Speaker **: Shri Haider Aziz Safwi**

Secretary **: Shri Jayanta Koley**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

1. Abdul Khaleque Molla, Shri [157, Metiaburuz, S- 24 Parganas]
2. Abdul Mannan, Shri [187-Champdani, Hooghly]
3. Abdur Rahaman(Liton), Shri [294-Murarai, Birbhum]
4. Abdur Rahim Quazi, Shri [99-Baduria, N-24 Parganas]
5. Abdur Razzak, Shri [76-Jalangi, Murshidabad]

*6 Abdur Razzak Molla, Shri [148-Bhangar, S-24 Parganas]

7. Abu Hena, Shri [61-Lalgola, Murshidabad]
8. Abu Taher Khan, Shri [74- Nowda, Murshidabad]
9. Acharjee, Shri Amal [36-Itahar, Uttar Dinajpur]
10. Adhikari, Shri Ananta Deb [16-Maynaguri(SC), Jalpaiguri]
11. Adhikari, Shri Anil [13-Falakata (SC), Jalpaiguri]
12. Vacant

*13. Adhikari, Shri Suvendu [210-Nandigram, P.Medinipur]

14. Agarwal, Shri Kanaia Lal [29, Islampur, U.Dinajpur]
15. Akhruzzaman, Shri [59-Raghunathganj, Murshidabad]
16. Alberuni Zulkarnain Shri, [47-Malatipur, Malda]
17. Ali Imran Ramz, Shri [31-Chakulia, Uttar Dinajpur]
18. Anisur Rahaman, Shri [75-Domkal, Murshidabad]
19. Asif Mehbub, Shri [45-Chanchal, Malda]
20. Amirul Islam, Shri [56-Samserganj, Murshidabad]

B

21. Bag, Śhri Nabin Chandra [259-Khandaghosh (SC), Burdwan]
22. Bakshi, Smt. Smita [165-Jorasanko, Kolkata]
23. Bandopadhyay, Smt. Nayna [162-Chowrangee , Kolkata]

**24. Banerjee, Dr. Asish, [291-Rampurhat, Birbhum]

+25 Banerjee, Shri Biman [140-Baruipur Paschim, South 24-Parganas]

*26. Banerjee, Smt Mamata [159 - Bhabanipur , Kolkata]

*27. Banerjee, Shri Rajib [184-Domjur, Howrah]

28. Banerjee, Shri Tapas [280-Asansol Dakshin, Burdwan]
29. Baraik, Shri Bulu Chik [20-Mal (St), Jalpaiguri]
30. Bar, Shri Dulal Chandra [94-Bagda(SC), N-24 Parganas]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

31. Barma Basunia, Shri Jagadish Chandra [6, Sitai(SC), CoochBehar]
32. Barma, Dr. Sukhbilas [17- Jalpaiguri (SC), Jalpaiguri]
*33. Barman, Shri Binay Krishna [2-Mathabhanga (SC), CoochBehar]
34. Barman, Shri Hiten [5-Sitalkuchi (SC), Cooch Behar]
*35. Basu, Shri Bratya [114-Dum Dum, North 24-Parganas]
*36. Basu, Shri Purnendu [117-Rajarhat Gopalpur, North 24 Parganas]
37. Bauri, Shri Naresh Chandra [284-Dubrajpur(SC), Birbhum]
38. Bauri, Shri Purna Chandra [246-Raghunathpur (SC), Purulia]
39. Bauri, Shri Umapada [245-Para (SC), Purulia]
40. Begum Nargis Smt. [265-Memari, Burdwan]
41. Beltharia, Shri Swapan Kumar, [244-Kashipur, Purulia]
42. Bhattacharjee, Shri Amiya Kanti [211-Chandipur, Purba Medinipur]
43. Bhattacharya, Shri Asok [26-Siliguri, Darjeeling]
44. Bhattacharya, Shri Arindam [86-Santipur, Nadia]
45. Bhattacharya, Shri Rabindranath [188-Singur, Hooghly]
46. Bhattacharya, Shri Tanmoy [110-Dumdum(Uttar), N-24 Parganas]
47. Bhattacharya, Shri Tushar Kanti [255-Bishnupur, Bankura]
48. Bhowmick, Shri Partha [104-Naihati, North 24-Parganas]
49. Bhunia, Smt. Mamata [230-Daspur, Paschim Medinipur]
50. Bhunia, Dr. Manas Ranjan [226-Sabang, Paschim Medinipur]
*51. Biswas, Shri Aroop [152-Tollygunge, South 24 -Parganas]
52. Biswas, Smt. Dipali [44-Gazole(SC), Malda]
53. Biswas, Shri Dipendu (Mithu) [124-Basirhat Dakshin, N-24 Parganas]
54. Biswas, Smt. Rama [90-Ranaghat Dakshin(SC), Nadia]
55. Biswas, Dr. Ramendra Nath [92-Kalyani (SC), Nadia]
56. Biswas, Shri Satyajit [88-Krishnaganj(SC), Nadia]
57. Biswas, Shri Surajit Kumar, [96-Bangaon Dakshin, N-24 Parganas]
58. Biswas, Shri Ujjal [85-Krishnanagar Dakshin, Nadia]
59. Bose, Shri Sujit [116-Bidhan Nagar, North 24-Parganas]
60. Bouri, Shri Swapan [247-Saltora(SC), Bankura]

C

61. Chakrabarti, Shri Chiranjeet [119-Barasat, North 24-Parganas]
62. Chakrabarty, Shri Ashis (Nanti), [233-Garbeta, Paschim Medinipur]
63. Chakraborty, Shri Manoj [72-Baharampur, Murshidabad]
64. Chakraborty, Shri Samir [251-Taldangra, Bankura]
65. Chakraborty, Shri Sourav(Ghutish) [12-Alipurduars, Jalpaiguri]
66. Chakraborty, Shri Snehasis [195-Jangipara, Hooghly]
67. Chakraborty, Shri Sujan [150-Jadavpur, S-24 Parganas]
68. Chakraborty, Shri Sujit [253-Barjora, Bankura]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

69. Champramary, Shri Wilson [11-Kalchini (ST), Jalpaiguri]
70. Chatterjee, Shri Kamalesh(Gopal) [69-Bharatpur, Murshidabad]
*71. Chatterjee, Dr. Partha [154-Behala Paschim, South 24-Parganas]
72. Chatterjee, Shri Rabindranath [270-Katwa, Burdwan]
*73. Chatterjee, Shri Sovan [153-Behala Purba, South 24-Parganas]
74. Chatterjee, Shri Ujjal [282-Kulti, Burdwan]
75. Chattopadhyay, Shri Asok Kumar [285-Suri, Birbhum]
76. Chattopadhyay, Dr. Rabiranjan [260-Bardhaman Dakshin, Burdwan]
*77. Chattopadhyay, Shri Sobhandeb [160-Rashbehari, Kolkata]
78. Chowdhury, Shri Biswanath [39-Balurghat, Dakshin Dinajpur]

D

79. Dalmiya, Smt. Baishali [169-Bally, Howrah.]
80. Daripa, Smt. Shampa [252-Bankura, Bankura]
81. Das, Shri Biswajit [95-Bongaon Uttar (SC), North 24-Parganas]
82. Das, Shri Biswanath [136- Joynagar(SC), S-24 Parganas]
83. Das, Shri Goutam [41-Gangarampur(SC), D-Dinajpur]
84. Das, Smt. Kasturi [155-Maheshtala, South 24-Parganas]
85. Das, Shri Samares [218-Egra, Purba Medinipur]
*86. Dasgupta, Shri Tapan [193-Saptagram, Hooghly]
87. Datta, Shri Silbhadra [108-Barrackpur, North 24-Parganas]
88. De, Shri Sukumar [207-Nandakumar, Purba Medinipur]
89. Deb, Shri Ashok Kumar [156-Budge Budge, South 24-Parganas]
*90. Deb, Shri Gautam [19-Dabgram-Phulbari, Jalpaiguri]
**91. Debnath, Shri Swapan [268-Purbasthali Dakshin, Burdwan]
92. Debray, Shri Santosh [276-Durgapur Purba, Burdwan]
93. Dinda, Shri Ashok [203-Tamluk, Purba Medinipur]
94. Dolai, Smt. Chhaya [232-Chandrakona(SC),Paschim Medinipur]
95. Dolai, Shri Sangram Kumar [206-Moyna, Purba Medinipur]
96. Dolai, Shri Shankar [231- Ghatal(SC), Paschim Medinipur]
97. Dutta, Shri Gouri Sankar [78-Tehatta, Nadia]
98. Dutta, Shri Parash [106-Jagaddal, North 24-Parganas]
99. Dutta, Shri Runu [278-Raniganj, Burdwan]
100. Dutta, Shri Sabyasachi [115-Rajarhat New Town, North 24-Parganas]

F

101. Fazal Karim Miah Shri [9-Tufanganj, Coochbehar]
102. Firdousi Begum, Smt. [151-Sonarpur Uttar, South 24-Parganas]

*103. Firhad Hakim, Shri [158-Kolkata Port, Kolkata]
104. Firoza Begam, Smt. [63-Raninagar, Murshidabad]

G

*105. Ghatak, Shri Moloy [281-Asansol Uttar, Burdwan]
106. Ghorui, Shri Nepal [261-Raina(SC), Burdwan]
107. Ghosal, Shri Prabir Kumar [185-Uttarpara, Hoogly]
108. Ghosh, Shri Madhusudan [107-Noapara, N-24 Parganas]
109. Ghosh, Shri Dilip Kumar [224-Kharagpur Sadar, Paschim-Medinipur]
110. Ghosh, Shri Nihar Ranjan [51-English Bazar, Malda]
111. Ghosh, Shri Nirmal [111-Panihati, North 24-Parganas]
112. Ghosh, Shri Pradyut Kumar [225-Narayangarh, Paschim Medinipur]
*113. Ghosh, Shri Rabindra Nath [8-Natabari, Cooch Behar]
114. Ghosh, Shri Rathin [118-Madhyamgram, North 24-Parganas]
115. Ghosh, Shri Tamonash [144-Falta, South 24-Parganas]
116. Ghosh Dastidar, Dr. Sudarsan [208-Mahisadal, Purba Medinipur]
117. Ghosh Kar, Smt. Ratna [91-Chakdah, Nadia]
**118. Gias Uddin Molla, Shri [142-Mograhat Paschim, South 24-Parganas]
119. Giri, Shri Akhil [217-Ramnagar, Purba Medinipur]
120. Goswami, Shri Mihir [4, Cooch Behar Dakshin, Cooch Behar]
121. Guha (Bose), Smt. Sonali [145-Satgachhia, South 24-Parganas]
122. Guha, Shri Udayan [7-Dinhata, Cooch Behar]
123. Gulsan Mullick, Shri [175-Panchla, Howrah]

H

++124. Haider Aziz Safwi, Shri [176-Uluberia Purba, Howrah]
125. Haldar, Shri Bhupendra Nath [50-Maldaha (SC), Malda]
126. Halder, Shri Dipak Kumar [143-Diamond Harbour, South 24-Parganas]
127. Halder, Shri Jogaranjan [133-Kulpi, South 24-Parganas]
128. Halder, Shri Joydeb [135-Mandir Bazar(SC), South 24-Parganas]
129. Halder, Shri Ram Sankar [129-Kultali (SC), South 24 Parganas]
130. Hamidul Rahaman, Shri [28-Chopra, Uttar Dinajpur]
**131. Hansda, Shri Bachchu [40-Tapan (ST), Dakshin Dinajpur]
132. Hansda, Dr. Sukumar [222-Jhargram, Paschim Medinipur]
133. Hasanuzzaman Sk Shri [80-Kaliganj, Nadia]
134. Hazra, Shri Bankim Chandra [132-Sagar, South 24-Parganas]
135. Hazra, Shri Samar [262-Jamalpur(SC), Burdwan]
136. Hembram, Shri Khagendranath [237-Binpur(ST), Paschim Medinipur]
137. Humayun Reza Shri, [57-Suti, Murshidabad]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

I

138. Iqbal Ahmed, Shri [202-Khanakul, Hooghly]
139. Isha khan Choudhury, Shri [53-Sujapur, Malda]

J

140. Jahanara Khan, Smt. [279-Jamuria, Burdwan]
**141. Jakir Hossain Shri [58-Jangipur, Murshidabad]
142. Jana, Shri Samir Kumar [130-Patharpratima, South 24-Parganas]
*143. Javed Ahmed Khan, Shri [149-Kasba, South 24-Parganas]
*144. Joardar, Shri Abani Mohan [83-Krishnanagar Uttar, Nadia]

K

145. Kar, Shri Jyotirmoy [212- Patashpur, Purba Medinipur]
146. Khan, Shri Arup Kumar [254-Onda, Bankura]
147. Khan, Shri Kallol [81-Nakashipara, Nadia]
*148. Kujur, Shri James [10, Kumargram(ST), Jalpaiguri]
149. Kundu, Shri Biswajit [264-Kalna (SC), Burdwan]

L

150. Lahiri, Shri Jatu [172-Shibpur, Howrah]
151. Layek, Shri Dhirendra Nath [248-Chatna, Bankura]

M

152. M. Nuruzzaman, Dr. [199-Pursurah, Hooghly]
*153. Mahapatra, Dr. Saumen Kumar [227-Pingla, Paschim Medinipur]
154. Mahasin Ali, Shri [62-Bhagabangola, Murshidabad]
155. Mahata, Shri Nepal [240-Baghmundi, Purulia]
156. Mahata, Shri Srikanta [234-Salboni, Paschim Medinipur]
*157. Mahata, Shri Churamani [221-Gopiballavpur, Paschim Medinipur]
158. Mahata, Shri Sukumar [123-Sandeshkhali(ST), N-24 Parganas]
*159. Mahato, Shri Shantiram [239-Balarampur, Purulia]
160. Mahato, Shri Shaktipada [241-Joypur, Purulia]
161. Mainul Haque, Shri [55-Farakka, Murshidabad]
162. Maiti, Shri Mrigendra Nath [236-Medinipur, Paschim Medinipur]
163. Maity, Shri Ardhendu [214-Bhagabanpur, Purba Medinipur]
164. Maity, Smt. Banasri [213-Kanthi Uttar, Purba Medinipur]
165. Majhi, Shri Alok Kumar [274-Galsi(SC), Burdwan]
166. Majhi, Shri Ashim Kumar [191-Balagarh (SC), Hooghly]
167. Maji, Dr. Nirmal [177-Uluberia Uttar (SC), Howrah]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

168. Mazumdar, Shri Asit (Tapan) [190-Chunchura, Hooghly]
169. Majumder, Shri Brajamohan [173- Howrah Dakshin, Howrah]
170. Majumder, Shri Manas [201-Goghat(SC), Hooghly]
171. Malakar, Shri Sankar [25-Matigara-Naxalbari(SC), Darjeeling]
172. Malik, Shri Nisith Kumar [266-Bardhaman Uttar (SC), Burdwan]
*173. Mallick, Shri Jyoti Priya [100-Habra, North 24-Parganas]
174. Mandal, Smt. Bina [98-Swarupnagar(SC), North 24-Parganas]
175. Mandal, Shri Debes [126-Hingalganj(SC), N-24 Parganas]
176. Mandal, Shri Kalipada [179-Shyampur, Howrah]
177. Mandi, Shri Jyotsna [249-Ranibandh(St), Bankura]
178. Manna, Shri Becharam [196-Haripal, Hooghly]
179. Marjit, Shri Ashis [66-Khargram (SC), Murshidabad]
180. Md. Abdul Ghani, Shri [183-Jagatballavpur, Howrah]
**181. Md. Ghulam Rabbani, Shri [30-Goalpokhar, Uttar Dianajpur]
182. Md. Mottakin Alam Shri [49-Manikchak, Malda]
183. Mete, Shri Gurupada [257-Indus(SC), Bankura]
184. Milton Rasid Shri, [292-Hansan(SC), Birbhum]
*185. Mitra, Dr. Amit [109-Khardaha, North 24-Parganas]
186. Mitra, Shri Asit [181-Amta, Howrah]
187. Moitra, Smt. Mahua [77-Karimpur, Nadia]
188. Moinuddin Shams Shri [293-Nalhati, Birbhum]
189. Mondal, Shri Dilip [146-Bishnupur (SC), South 24-Parganas]
190. Mondal, Shri Kanai Chandra [65-Nabagram (SC), Murshidabad]
191. Mondal, Shri Nirmal Chandra [137-Baruipur Purba(SC), South 24-Parganas]
192. Mondal, Shri Ranajit [215-Khejuri (SC), Purba Medinipur]
193. Mondal, Shri Shyamal [138-Canning Paschim (SC), South 24-Parganas]
194. Mondal, Shri Subhas [267-Bhatar, Burdwan]
195. Mondal, Smt. Tapasi [209-Haldia(SC), Purba Medinipur]
196. Mondal, Smt. Usha Rani [122-Minakhan (SC), North 24-Parganas]
197. Monirul Islam, Shri [288-Labpur, Birbhum]
198. Mostaque Alam, Shri [46-Harishchandrapur, Malda]
199. Mukherjee, Shri Manash [112-Kamarhati, N-24 Parganas]
200. Mukherjee, Shri Samar [48-Ratua, Malda]
*201. Mukherjee, Shri Subrata [161-Ballygunge, Kolkata]
202. Mukherjee, Shri Sudip Kumar [242-Purulia, Purulia]
203. Mukhopadhyay, Shri Jiban [147-Sonarpur Dakshin, South 24-Parganas]
204. Munda, Sukra Shri [21-Nagrakata(ST), Jalpaiguri]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

205. Murmu, Shri Dulal [220-Nayagram (ST), Paschim Medinipur]
206. Murmu, Shri Khagen [43-Habibpur (ST), Malda]
207. Murmu, Shri Paresh [223-Keshiary(ST), Paschim Medinipur]

N

208. Nag (Mallick), Smt. Nilima [93-Haringhata (SC), Nadia]
209. Naskar, Shri Gobinda Chandra [128-Basanti(SC), S-24Parganas]
210. Naskar, Shri Jayanta [127-Gosaba (SC), South 24-Parganas]
211. Niamot Sheikh, Shri [73-Harihar Para, Murshidabad]

P

**212. Pakhira, Shri Manturam [131-Kakdwip, South 24-Parganas]
*213. Pande, Shri Sadhan [167-Maniktala, Kolkata]
214. Panja, Shri Saikat [263-Monteswar, Burdwan]
215. Panja, Shri Samir Kumar [182-Udaynarayanpur, Howrah]
**216. Panja, [Dr. Shashi [166-Shyampukur, Kolkata]
217. Parial, Shri Bishwanath [277-Durgapur Paschim, Burdwan]
**218. Patra, Smt. Asima [197-Dhanekhali (SC), Hooghly]
219. Paul, Shri Paresh [164-Beleghata, Kolkata]
220. Phiroja Bibi, Smt. [205-Panskura Paschim, Purba Medinipur]
221. Poddar, Shri Samir Kumar [89-Ranaghat Uttar Purba (SC), Nadia]
222. Pradhan, Shri Bikram Chandra [219-Dantan, Paschim Medinipur]
223. Pradhan, Smt. Shyamali [287-Nanoor(SC), Birbhum]

R

224. Rabiul Alam Chowdhury Shri [70-Rejinagar, Murshidabad]
225. Rafikul Islam, Shri [42-Harirampur, D-Dinajpur]
226. Rafikul Islam Mondal, Shri [125-Basirhat Uttar, N-24 Parganas]
227. Rafiqur Rahaman, Shri [102-Amdanga, North 24-Parganas]
228. Rahima Mondal Smt. [120-Deganga, N.24 Parganas]
229. Rai, Smt. Sarita [22-Kalimpong, Darjeeling]
230. Rajak, Smt. Protima [67-Burdwan (SC), Murshidabad]
231. Ray, Shri Ajit [258-Sonamukhi(SC), Bankura]
232. Ray, Shri Pramatha Nath [34-Kaliaganj(SC), Uttar Dinajpur]
233. Ray, Shri Pulin Bihari [97-Gaighata(SC), N.24 Parganas]
234. Roy, Shri Abhijit [290-Mayureswar, Birbhum]
235. Roy, Shri Arup(Apu) [171-Howrah Madhya, Howrah]
236. Roy, Smt. Debasree [134-Raidighi, South 24-Parganas]
237. Roy, Shri Debendra Nath [33-Hemtabad(SC), U-Dinajpur]
238. Roy, Shri Dinen [228-Kharagpur, Paschim Medinipur]

239. Roy, Shri Dhiman [101-Ashoknagar, North 24-Parganas]
240. Roy, Shri Khageswar [18-Rajganj (SC), Jalpaiguri]
241. Roy, Smt. Mitali [15-Dhupguri(SC), Jalpaiguri]
242. Roy, Shri Nagendra Nath [3-Cooch Behar Uttar (SC), Cooch Behar]
243. Roy, Shri Narmada Chandra [37- Kushmandi (SC), Dakshin Dinajpur]
244. Roy, Shri Pulak [178-Uluberia Dakshin, Howrah]
245. Roy, Shri Subhranshu [103-Bijpur, North 24-Parganas]
246. Roy, Dr. Sudipto [186-Sreerampur, Hooghly]
247. Roy, Shri Tapas [113-Baranagar, North 24-Parganas]
248. Roy Pradhan, Shri Arghya [1-Mekhliganj(SC), Cooch Behar]
249. Rukbanur Rahman, Shri [82-Chapra, Nadia]

S

250. Sabina Yeasmin, Smt. [52-Mothabari, Malda]
251. Saha, Smt. Mala [168-Kashipur-Belgachhia, Kolkata]
252. Saha, Smt. Nilabati [289-Sainthia(SC), Birbhum]
253. Saha, Smt. Namita [141-Magrahat Purba (SC), South 24-Parganas]
254. Saha, Shri Pradip Kumar [269-Purbasthali Uttar, Burdwan]
255. Saha, Shri Pundarikakshya [84-Nabadwip, Nadia]
256. Saha, Smt. Seuli [235-Keshpur(SC), Paschim Medinipur]
257. Saha, Shri Subrata [60-Sagardighi, Murshidabad]
258. Saha, Shri Swarna Kamal [163-Entally, Kolkata]
259. Saha, Shri Tapas Kumar [79-Palashipara, Nadia]
260. Santra, Shri Krishna Chandra [200-Arambagh (SC), Hooghly]
**261. Santra, Shri Shyamal [256-Katulpur(SC) , Bankura]
262. Saokat Molla Shri, [139-Canning Purba, S-24 Parganas]
263. Sardar, Shri Sital Kumar [174-Sankrail (SC), Howrah]
264. Saren, Shri Rajib Lochan [238-Bandwan(ST), Purulia]
265. Sarkar, Shri Apurba(David) [68-Kandi, Murshidabad]
266. Sarkar, Shri Swadhin Kumar [54-Baisnabnagar, Malda]
267. Seikh Safiujjaman, Shri [71-Beldanga, Murshidabad]
268. Sekh Sahonawez, Shri [271-Ketugram, Burdwan]
269. Selima Khatun(Bibi) [229-Debra, Paschim Medinipur]
270. Sen, Shri Arunava (Raja) [180-Bagnan, Howrah]
**271. Sen, Shri Indranil [189- Chandannagar, Hooghly]
272. Sengupta, Shri Mohit [35-Raiganj, Uttar Dinajpur]
273. Sharma, Dr. Rohit [24-Kurseong, Darjeeling]
**274. Shukla, Shri Laxmi Ratan [170-Howrah Uttar, Howrah]
**275. Siddiqullah Chowdhury Shri, [272-Mangalkot, Burdwan]
276. Singh, Shri Arjun [105-Bhatpara, North 24-Parganas]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

277. Singh, Shri Rachhpal [198-Tarakeswar, Hooghly]
278. Singha, Shri Sankar [87- Ranaghat Uttar Paschim, Nadia]
279. Singh Rai, Shri Amar [23-Darjeeling, Darjeeling]
280. Singha Roy, Smt. Shaoni [64- Murshidabad, Murshidabad]
*281. Sinha, Shri Chandra Nath [286-Bolpur, Birbhum]
282. Sinha, Shri Manodeb [32-Karandighi, U-Dinajpur]
283. Sk. Amjad Hossain, Shri [192-Pandua, Hooghly]
284. Sk. Ibrahim Ali, Shri [204-Panskura Purba, Purba Medinipur]
285. Sk. Nurul Islam(Hazi), Shri [121-Haroa, N-24 Parganas]
286. Swati Khandoker, Smt. [194-Chanditala, Hooghly]

T

287. Tewari, Shri Jitendra Kumar [275-Pandebeswar, Burdwan]
288. Thander, Shri Abhedananda [273-Ausgram(SC), Burdwan]
289. Tigga, Shri Manoj [14, Madarihat(ST), Jalpaiguri]
290. Tirkey, Shri Sunil Chandra [27-Phansidewa (ST), Darjeeling]
291. Toraf Hossain Mandal Shri [38-Kumarganj, D-Dinajpur]
292. Tudu, Shri Birendra Nath [250-Raipur(ST), Bankura]
**293. Tudu, Smt. Sandhya Rani [243-Manbazar (ST), Purulia]

U

294. Upadhyay, Shri Bidhan [283-Barabani, Burdwan
[Nominated Member]
295. Mr. Michael Shane Calvert

* DENOTES MINISTER -IN-CHARGE
** DENOTES MINISTER-OF-STATE
*** DENOTES CHIEF GOVERNMENT WHIP
\# DENOTES PARLIAMENTARY SECRETARIES
\+ DENOTES HON'BLE SPEAKER
++ DENOTES HON'BLE DEPUTY SPEAKER
+++ DENOTES HON'BLE LEADER OF THE OPPOSITION

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 1st March, 2017 at 3:00 p.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 23 Ministers-in-Charge, 13 Ministers of State and 215 Members.

[3:00 – 3.17 p.m.]

OBITUARY

MR. SPEAKER : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of former Members of West Bengal Legislative Assembly, former Chief Justice of India and other eminent personalities who breathed their last recently.

Shri Syed Nawab Jani Meerza, former Member of West Bengal Legislative Assembly breathed his last on the 3rd March, 2016 in a private hospital in Kolkata. He was 85.

Shri Syed Nawab Jani Meerza was born on the 5th January, 1931 at Nizamat village in the district of Murshidabad. He had his schooling from Nawab Bahadur Institution, Islamic Madrasah. In his political career he was associated with West Bengal Socialist Party. Besides, he was involved in many social and philanthropic activities in his locality.

Shri Syed Nawab Jani Meerza was elected to the West Bengal Legislative Assembly in 1962 from Raninagar Constituency and in 1987 and 1991 from Bhagabangola Constituency.

At the demise of Shri Syed Nawab Jani Meerza, the State has lost a veteran politician and an ardent social worker.

Shri Subhendu Chowdhury, former Member of West Bengal Legislative Assembly breathed his last on the 16th November, 2016 in a private hospital in Malda. He was 76.

Shri Chowdhury was born on the 15th October, 1940 in the district of Malda. He had his education at Jote-Arapur P.N. High School, Malda College, University of North Bengal and University of Calcutta. In his political career he was associated with the Communist Party of India (Marxist). Apart from politics he was associated with many social activities in his locality.

Shri Chowdhury was elected to the West Bengal Legislative Assembly in 1977, 1987, 1991, 2001 and 2006 from Malda (SC) Constituency as a candidate of Communist Party of India (Marxist).

With the demise of Shri Chowdhury the State has lost a veteran politician and an ardent social worker.

Justice Altamas Kabir, former Chief Justice of India breathed his last in Kolkata on 19th February, 2017 following a prolonged illness. He was 68.

Born on the 19th July, 1948 in Kolkata, Justice Altamas Kabir had his education in the Mount Hermon School, Calcutta Boys' School, Presidency College and Calcutta University. He came into legal profession in 1973 and practised Civil and Criminal law at the district Court and in High Court at Calcutta. He was made a permanent Judge of Calcutta High Court in 1990. He assumed the office of acting Chief Justice of Calcutta High Court in 2005. He became the Chief Justice of Jharkhand High Court in 2005 and in the same year he was elevated to the Supreme Court of India as Justice. He became the 39th Chief Justice of India in 2012 and held the position till his retirement in 2013. Besides, he was associated with various Institutions in different capacities like Executive Chairman of the National Legal Services Authority, Chancellor of the West Bengal National University of Juridical Science, etc.

With the demise of Justice Altamas Kabir the Nation has lost an outstanding personality in the arena of legal profession.

Smt. Banasree Sengupta, renowned Bengali singer breathed her last on the 19th February, 2017 at S.S.K.M. Hospital, Kolkata following protracted illness. She was 71.

Born in a family of musical environment Smt. Sengupta started her music career in the sixties. Very soon she earned an enviable reputation for her lilting melody which enthralled the music lovers of Bengal. In her long music career she recorded a large number of songs in Bengali and other languages also. Some of her super-hit songs are "Aaj bikeler dake tomar chhithi pelam", "Dur akashay tomar Sur" etc. Besides singing for Bengali and Hindi movies, she also lent her voice to Assamese, Odisha and Bhojpuri films. As a regular artist she was associated with Akashbani and Doordarshan, Kolkata.

Smt. Sengupta was honoured with "Sangeet Samman" and "Maha Sangeet Samman" in 2012 and 2013 respectively by the Govt. of West Bengal in recognition of her outstanding contribution to music.

The death of Smt. Sengupta has created a void in the domain of music that is hard to fill.

Shri Shibaji Banerjee, former Indian footballer passed away on 19th February, 2017 following a massive heart attack. He was 65.

As a talented footballer Shri Banerjee started his football career with the Howrah Union and later he played for Mohun Bagan Athletic Club. He carved a special place for himself in Calcutta football for blocking free kick taken by Pele in the historic match in 1977. He also played for Indian National Team. After his retirement from football he served in Calcutta Port Trust as Sports Officer. He was the Vice-President of Cricket Association of Bengal.

The death of Shri Banerjee has created a void in the Sports arena that is hard to fill.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble Members rose in their seats for 2 minutes)

(After 2 minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

Presentation of Committee Report

Presentation of the First and the Second Reports of the Standing Committee on Irrigation & Waterways and Water Resources Investigation & Development (2016-2017)

The Chairman (Shri Samir Kumar Jana): Mr. Speaker, Sir, I beg to present:

(a) The First Report on the Pre-Voting Budget Scrutiny of Demands for Grants relating to the Irrigation & Waterways Department and the Water Resources Investigation & Development Department for the year 2017–2018; and

(b) The Second Report relating to the Ongoing projects of the Department of Water Resources Investigation & Development-.

Presentation of the First Report of the Standing Committee on Urban Development and Municipal Affairs (2016-2017)

The Chairman (Shri Rathin Ghosh): মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নগরোন্নয়ন এবং পৌর বিষয়ক সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি ২০১৬-১৭-এর নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ২০১৭-১৮ আর্থিক বছরের ব্যয় বরাদ্দের অনুমোদন বাজেট পরীক্ষার উপর কমিটির প্রথম প্রতিবেদন পেশ করছি।

GOVERNMENT BUSINESS
LAYING OF AMENDMENT TO THE RULES
Amendment to the West Bengal Motor Vehicles Rules, 1989

Shri Suvendu Adhikari: Mr. Speaker, Sir, I beg to lay the amendment to the West Bengal Motor Vehicles Rules, 1989 published in the Kolkata Gazette Extraordinary, dated the 20th October, 2016 under Notification No. 3775-WT/3M-77/2013 dated the 26th September, 2016 issued by the Transport Department, Government of West Bengal.

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker: Hon'ble Members, I beg to present the 14th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Programme of Business for the 2nd March, 2017 as follows:

02.03.2017, Thrusday:

(i)	The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 2017 (Introduction, Consideration and Passing)	2 hours
(ii)	The West Bengal Municipal (Amendment) Bill, 2017 (Introduction, Consideration and Passing)	1 hour
(iii)	The Howrah Improvement (Amendment) Bill, 2017 (Introduction, Consideration and Passing)	1 hour
(iv)	Demand No. 72 - Urban Development and Municipal Affairs Department	2 hours

N.B. There will be no Question for Oral Answer, Calling Attention and Mention Case on the 2nd March, 2017.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ১৪তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think, the motion is adopted, the motion is adopted.

শ্রী অসিত মিত্র : স্যার, আজকে বিজনেস অ্যাডভাইজারী কমিটির মিটিংয়ে আগামীকালের কার্যক্রম আপনি বললেন এবং সেটা অনুমোদিত হয়েছে। স্যার, আমি আপনার কাছে একটা অনুরোধ করব যে ২০তারিখে আমাদের হাউস বন্ধ হয়ে গিয়েছিল। প্রোরোগ হয়ে গেল, কিভাবে পরের দিন আবার নোটিশ চলে এল - সেটা অন্য কথা স্যার। এটা কি করে হয়, এটা একটা নতুন উদাহরণ। আমি আপনার কাছে একটা অনুরোধ করব যে হাউস এক তারিখ থেকে দশ তারিখ পর্যন্ত, আপনি বিজনেস অ্যাডভাইজারী কমিটির রিপোর্টে যেটা বলেছেন। আমার মনে হয়েছে স্যার এই সময়টা বিভিন্ন ডিমান্ড আলোচনা করার পক্ষে বিশেষ করে যেগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ, যে গুরুত্বপূর্ণ বিষয়গুলি আলোচনা না করলে এই হাউসের কার্যকলাপ সম্পর্কে মানুষের মনে

সন্দেহ থাকবে। কোনভাবেই তা করা যেতে পারে না। স্যার, আমি আপনার কাছে অনুরোধ করছি আমাদের মাননীয় ডেপুটি লিডার শ্রী নেপাল মাহাতো আপনার কাছে বোধহয় ইতিমধ্যেই একটা চিঠি দিয়ে দিয়েছেন এই সম্পর্কে। আমরাও আপনার সঙ্গে আলোচনা করার চেষ্টা করেছিলাম যে ৬দিন অন্ততঃ হাউসটা বাড়ানো হোক। যেটা দশ তারিখ পর্যন্ত বলেছেন, এর ওয়ার্কিং ডেজ অ্যাটলিস্ট আরও ৬দিন বাড়ানো হোক। যার ফলে হোম থেকে শুরু করে ল্যান্ড রেভিনিউ, হেল্থ থেকে শুরু করে সমস্ত বিষয় এগ্রিকালচার, ইরিগেশান, সমস্ত বিষয়ে, যেগুলো গুরুত্বপূর্ণ ব্যাপার, সেগুলো যাতে আলোচনা করা যায়, এই গুরুত্বপূর্ণ ইস্যুগুলো যাতে আলোচনা করা যায়,প্রাইস রাইজের মতো ইস্যু যাতে আলোচনা করা যায়, তারজন্য আমি আপনার কাছে অনুরোধ করছি যে আপনি এই হাউসটা আরও ৬দিন বাড়িয়ে দিন।

শ্রী আনিসুর রহমান : শুধু একটা কথা বলি, এই যে আজকে এখানে বিলের কপি দেওয়া হল, তিনটে গুরুত্বপূর্ণ বিল।

মিঃ স্পীকার : বিলের কপি আজকে দেওয়া হয়নি। আমি তো আপনাকে তখনও বলেছি।

শ্রী আনিসুর রহমান : আমি তো কপি পেলাম এখন। আমাদের এমন কোন মেশিনারি নেই যে আমাদের পক্ষে আজকে রাত্রে পড়ে কালকেই অ্যামেন্ডমেন্ট দিতে হবে।

মিঃ স্পীকার : সুজনবাবু, আপনি বলুন। আপনার দপ্তর থেকে বিলের কপি রিসিভ করেছে। আমার মনে হয় উনি না জেনে বলছেন। কবে পরিষদীয় দলকেও আমরা বিল দিয়েছি। উনি মনে হয় না জেনে বলছেন।

শ্রী আনিসুর রহমান : না, না, কপি হয়ে যাওয়াকে এটি এম.এল.এ -দের দেওয়া বলে না।

মিঃ স্পীকার : আমরা কপি তিনদিন আগে দিয়েছি। আপনি জেনে বলুন। আপনি না জেনে অহেতুক কেন বলছেন ?

শ্রী আনিসুর রহমান : আজকে এখানে লে করলেন এখন। কালকে দশটার সময় দিতে হবে। হাউ ইট ইজ পসিব্‌ল ?

মিঃ স্পীকার : আপনাকে দিয়ে দিয়েছি। সুজনবাবু আপনি তো জানেন আপনার অফিসের সই করা আছে। আপনি নিজে বিভ্রান্ত হচ্ছেন। আমাদের মনে হয়েছে কো অর্ডিনেশানের অভাব হয়েছে।

ডঃ সুজন চক্রবর্তী : কো-অর্ডিনেশানের অভাব নেই। আমি কোলকাতার বাইরে ছিলাম। আপনি যখন বলছেন আপনি দিয়েছেন আমি সেটা দেখে নিচ্ছি। আমার যেটা কথা কতগুলি গুরুত্বপূর্ণ বিষয় ডিমান্ডের উপর আলোচনাটা করা জরুরি। হাউজ adjourn হয়েছে ,কি sine die হয়েছে , ১ তারিখ থেকে চালু হবে বলে এখানে অ্যানাউন্সড হয়েছে।

যে পেন্ডিং ইস্যুস গুলি ছিল সেগুলি যেন কনটিনিউ করেন নাম্বার-ওয়ান এবং নাম্বার-টু গুরুত্বপূর্ণ বিষয় আলাচনার জন্য আপনি সময় বাড়ান।

মিঃ স্পীকার : আইনত যেটা সেটাই হবে। আইনের বাইরে আমরা কিছু করতে পারব না।

ডঃ সুজন চক্রবর্তী : ইস্যুগুলি আলোচনাটা জরুরি।

মিঃ স্পীকার : আমাদের গুরুত্বপূর্ণ ডিমান্ড নিয়ে আমরা আলোচনা করব। বি.এ কমিটির মিটিংয়ে সিদ্ধান্ত হবে সেটা আপনাদের নিয়েই আলোচনা করব গুরুত্বপূর্ণ ডিপার্টমেন্ট গুলি —

শুধু একটা অনুরোধ করব সদস্যদের বলবেন সন্ধ্যে সাতটা বেজে গেলেও যেন থাকেন কারণ আমাদের অভিজ্ঞতা আছে সন্ধ্যে পাঁচটার পর সবাই বাড়ি চলে যায়। সাতটা পর্যন্ত আলোচনা হবে, হতে পারে।

ADJOURNMENT

The house was then adjourned at 3.17 p.m. till 11 a.m. on 2nd March 2017.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 2nd March, 2017 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 22 Ministers-in Charge, 12 Ministers of State and 204 Members.

[11.00 – 11.10 a.m.]

LEAVE OF ABSENCE

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Javed Ahmed Khan desiring permission of the House to remain absent from the sitting thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

"Sir, I have the honour to intimate you that I am going to Saudi Arabia for 'Ummarah' pilgrimage in my private capacity for a period from 22/02/2017 to 08/03/2017 with the permission of Government of West Bengal.

In view of the above ground, I shall not be able to attend next Assembly Season upto 08/03/2017 for which permission of the House through you for my absence during this period is prayed for. Thanking you, Yours faithfully."

Now, I ask whether Shri Javed Ahmed Khan has the permission of the Assembly asked for by him....(pause).... There is no dissentient voice. I declare that Shri Javed Ahmed Khan has the permission of the Assembly to remain absent from the sitting of the House for the period from 01/03/2017 to 08/03/2017.

Hon'ble Members, I have received yet another application from Shri Hiten Barman desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

"মহাশয়,

আমার সবিনয় নিবেদন এই যে, আগামী ২রা মার্চ ২০১৭ আমার ছেলের বিয়ের জন্য বাড়িতে ব্যস্ত থাকিব, তাই আগামী ১লা মার্চ ২০১৭ থেকে ৬ই মার্চ ২০১৭ পর্যন্ত বিধানসভার অধিবেশনে উপস্থিত থাকতে পারব না।

অতএব মহাশয় ১লা মার্চ থেকে ৬ই মার্চ পর্যন্ত ৬দিন ছুটি মঞ্জুর করিয়া বাধিত করিবেন।

ইতি

শ্রী হিতেন বর্মন"

Now, I ask whether Shri Hiten Barman has the permission of the Assembly asked for by him....(pause).... There is no dissentient voice. I declare that Shri Hiten Barman has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from 01/03/2017 to 16/03/2017.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Hon'ble Members, today I have received one Notice of Adjournment Motion jointly from Shri Apurba Sarkar, Shri Abu Taher Khan, Smt. Shaoni Singha Roy, Shri Alberuni Zulkarnain, Shri Bhupendra Nath Halder, Smt. Firoza Begam, Shri Quazi Abdur Rahim, Shri Seikh Safuzzaman, Shri Akhruzzaman and Shri Mainul Haque on the subject of problem faced by the farmers for non-selling of paddy, potato, etc. at minimum support price.

The subject-matter of the Motion is not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the Minister concerned through Questions, Calling Attention, Mention, etc.

I, therefore, withhold my consent to it.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

শ্রী আবু তাহের খান : মাননীয় স্পীকার স্যার, সারা রাজ্যের কৃষকরা তাদের উৎপাদিত ফসলের দাম না পাওয়ার কারণে সমস্যার সম্মুখীন হচ্ছে। সরকার নির্ধারিত ন্যায্য মূল্যের উৎপাদিত ফসল বিক্রি করতে পারছে না এবং তারা কম মূল্যে বিক্রি করতে বাধ্য হচ্ছে। সরকার উদাসীন। অবিলম্বে কৃষকরা যাহাতে ন্যায্য মূল্য পায় তাহার ব্যবস্থা করা প্রয়োজন।

(গোলমাল)

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the First Report of the Standing Committee on Higher Education (2016-17)

Shri Jiban Mukhopadhyay : Sir, I beg to present the First Report of the Standing Committee on Higher Education (2016-2017) on Pre-voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Department of Higher Education, Science & Technology and Bio Technology for the year 2017-2018.

(Noise and Interruptions)

(At this stage Members of I.N.C walked out of the House)

Presentation of the Second Report of the Standing Committee on School Education (2016-17)

Shri Kalipada Mondal : Sir, I beg to present the Second Report of the Standing Committee on School Education (2016-2017) on Pre-voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Department of School Education and Mass Education Extension & Library Services for the year 2017 2018.

(এই সময় শ্রী আনিসুর রহমান কিছু বলার চেষ্টা করেন)

মিঃ স্পীকার : মাননীয় আনিসুর বাবু আপনি সিনিয়ার মেম্বার, আপনি এইরকম করবেন না। আমাকে রিপোর্ট পড়তে দিন।

Presentation of the First Report of the Standing Committee on Health & Family Welfare (2016-17)

Dr. Nirmal Maji : Sir, I beg to present the First Report of the Standing Committee on Health & Family Welfare (2016-2017) on the Pre-voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Health & Family Welfare Department for the year 2017-2018.

(At this stage members of Left Front parties walked out of the House)

Presentation of the Second Report and the Third Report of the Standing Committee on Panchayats & Rural Development and Sundarban Affairs (2016-17)

Shri Jyotirmoy Kar : Sir, I beg to present :

(a) The Second Report of the Standing Committee on Panchayats & Rural Development and Sundarban Affairs (2016-2017) on Pre-voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Department of Panchayats & Rural Development for the year 2017-2018; and

(b) The Third Report of the Standing Committee on Panchayats & Rural Development and Sundarban Affairs (2016-2017) on Pre-voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Department of Sundarban Affairs for the year 2017-2018.

Presentation of the First Report of the Standing Committee on Land & Land Reforms and Refugee Relief & Rehabilitation (2016-17)

Shri Ardhendu Maity : Sir, I beg to present the First Report of the Standing Committee on Land & Land Reforms and Refugee Relief & Rehabilitation (2016-2017) on Pre-voting Budget Scrutiny of the Demand for

Grant relating to the Department of Land & Land Reforms and Refugee Relief & Rehabilitation for the year 2017-2018.

Presentation of the First and the Second Reports of the Standing Committee on Agriculture, Agricultural Marketing, Fisheries and Food Processing Industries & Horticulture (2016-17)

Shri Amal Acharya : Sir, I beg to present the First and the Second Reports of the Standing Committee on Agriculture, Agricultural Marketing, Fisheries and Food Processing Industries & Horticulture (2016-2017) on Pre-voting Budget Scrutiny of the Demands for Grants relating to the Agriculture Department and Agricultural Marketing Department respectively for the year 2017-2018

Presentation of the First Report of the Standing Committe on Micro, Small & Medium Enterprises and Textiles and Animal Resouces Development (2016–17)

Shri Partha Bhowmick : Sir, I beg to present the First Report of the Standing Committee on Micro, Small & Medium Enterprises and Textiles and Animal Resources Development (2016-2017) on Pre-voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Micro, Small & Medium Enterprises and Textiles and Animal Resources Development Departments for the year 2017 2018.

[11.10 – 11.20 a.m.]

Presentation of the First Report of the Standing Committee on Minority Affairs (2016-2017)

Smt. Firdousi Begum : Mr. Speaker Sir, I beg to present the First Report of the Standing Committee on Minority Affairs (2016-2017) on Pre-voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Minority Affairs and Madrasah Education Departments for the year 2017-2018.

Presentation of the First and the Second Reports of the Standing Committee on Public Works and Public Health Engineering (2016-2017)

Shri Bikram Chandra Pradhan : Mr. Speaker Sir, I beg to present :

(i) the First Report of the Standing Committee on Public Works and Public Health Engineering (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Department of Public Works for the year 2017-2018; and

(ii) the Second Report of the Standing Committee on Public Works and Public Health Engineering (2016-2017) on Pre-Voting Budget Scrutiny

of the Demand for Grant relating to the Department of Public Health Engineering for the year 2017 2018

Presentation of the First Report of the Standing Committee on Self Help Group and Self Employment (2016-2017)

Smt. Sabina Yeasmin : Mr. Speaker Sir, I beg to present the First Report of the Standing Committee on Self Help Group and Self Employment (2016-2017) on Pre-voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Self Help Group and Self Employment Departments for the year 2017--2018.

The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 2017

Shri Tapan Dasgupta : Mr. Speaker Sir, I beg to introduce the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 2017.

(Secretary then read the title of the Bill)

Shri Tapan Dasgupta : Mr. Speaker Sir, I beg to move that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 2017.

শ্রীজ্যোতির্ময় কর : অনারেবল্ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী তপন দাশগুপ্ত মহাশয়, 'The West Bengal Agriculture Produce Marketing (Regulation) (Amendment) Bill, 2017' যেটা এখানে introduce করলেন, তাকে আমি পূর্ণ সমর্থন করছি। এই মুহূর্তে বিরোধীরা অ্যাডজর্নমেন্ট মোশান এনেছিলেন দ্রব্যমূল্যের যথাযথ দাম চাষীরা পাচ্ছে না বলে। তারা জানতেন এক মিনিট পরেই এই ধরণের একটা বিল এই বিধানসভায় আসতে যাচ্ছে যাতে চাষীরা তাদের দ্রব্যের বাজার মূল্য ন্যায্য ভাবে পায় সেটা বিধিবদ্ধ হচ্ছে এই বিলে, কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে, তারা সেখানে অনুপস্থিত থেকে গেলেন। এটা দুর্ভাগ্যের বিষয় যে, যেটার জন্য তারা অ্যাডজর্নমেন্ট মোশান দিলেন, তার জন্য যে বিল এসেছে, সেই বিলের পক্ষে বা বিপক্ষে তারা মতামত দিতে পারতেন, অথচ তারা অনুপস্থিত থাকলেন। মাননীয় আনিসুর রহমান সাহেব আবার এসেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই স্যার। স্যার, এরা হচ্ছে আয়ারাম গয়ারাম পার্টি, এই গেল, এই এলো। যা হোক এসেছেন, ভালো।

কিন্তু শরতের মেঘের মত স্যার, এই রোদ্দুর এই বৃষ্টি, এই মেঘ এই বৃষ্টি এরা মেঘ বৃষ্টির খেলা খেলছেন। ওঁরা ওদের খেলা খেলতে থাকুন বিলটাকে সমর্থন করে যান। কেন জানেন ? এক ঐতিহাসিক বিল নিয়ে এসেছেন মাননীয় মন্ত্রী তপন দাশগুপ্ত। ১৯৭২সালের পরে স্যার, আমাদের প্রোডাকশন এই আইনের মধ্যে যদি সংশোধন না হয়, আইন যদি বাধা হয়ে দাঁড়ায় তাহলে সেই আইনকে সংশোধন করতে হয়। কিন্তু দীর্ঘ ৩৬বছরে কোন আইন সংশোধনের বন্দোবস্ত হয় নি। আপনি জানেন যে আজকে প্রোডাকশন, সেই প্রোডাকশনের পরবর্তী স্টেপ হচ্ছে মার্কেটিং। প্রোডাকশন বিপন্ন হয় যদি অনুকূল আইন না থাকে মার্কেটিং এর জন্য, মার্কেটিং বিপন্ন হয় যদি অনুকূল আইন না থাকে প্রসেসিং এর জন্য, প্রসেসিং বিপন্ন হয় যদি অনুকূল আইন না থাকে, পরিবেশ না থাকে ডিস্ট্রিবিউশনের জন্য বিকজ প্রোডাকশন মার্কেটিং প্রসেসিং আর ডিস্ট্রিবিউশন স্যার এরা এক সূত্রে বাঁধা। আমি ধন্যবাদ জানাই মাননীয় মন্ত্রী তপন দাশগুপ্তকে যিনি আধুনিক মার্কেটিং বন্দোবস্ত, বিক্রেতাদের চাহিদা, ক্রেতাদের চাহিদা, কৃষকদের দাম পাওয়া

এতগুলো উদ্দেশ্য নিয়ে আজকে এই বিধানসভায় আইনের সংশোধনী এনেছেন। স্যার, এই আইনের সংশোধনীর মূলে আমরা কি দেখেছি ? পশ্চিমবাংলার বুকে মার্কেটিং, এগ্রিকালচারাল মার্কেটিং অথাৎ কৃষি বিপণন দপ্তরে কতগুলো ঐতিহাসিক বিপর্যয় ঘটে গেছে। আপনি জানেন স্যার, আজকের এগ্রিকালচার যে প্রোডাকশন ৪% আমরা কনট্রিবিউট করছি ন্যাশনাল প্রোডাকশনকে উইথ হ্যাভিং অনলি টু পয়েন্ট সেভেন পার্সেন্টেজ অব ল্যান্ড। যেখানে আমাদের জমি শতকরা ভারতবর্ষের ২·৭শতাংশ। সেই ২·৭শতাংশ নিয়ে আমরা ৪ শতাংশ উৎপাদনকে আজকে কনট্রিবিউট করছি - আমাদের ন্যাশনাল কনট্রিবিউশন। স্যার, আমাদের যে ফার্মার্স ইনকাম অর্থাৎ সেই ইনকাম ওরা বলছেন বাড়েনি স্যার, ২০১০এবং ২০১১সালে যেখানে ফার্মার্স ইনকাম ছিল স্যার, ১·৪ অ্যাজ অন ২০১০-১১ সেখানে ২০১৪-১৫তে ফার্মার্স ইনকাম ১·০৬। সুতরাং তার থেকে প্রমাণ হয় যে, যারা কৃষক তারা যে দাম পাচ্ছে না তা নয়, তাদের দ্রব্যের দাম বেড়েছে। কিন্তু কতগুলো ঐতিহাসিক স্কীম নেওয়ার জন্য তার অনুকূলে আইনটা পরিবর্তন করা দরকার। যেমন স্যার, সাবসিডি গ্র্যান্ট। এখন সরাসরি চলে যাচ্ছে আইদার কে সি সি অর ব্যাংক অ্যাকাউন্ট অব দি ফার্মার। যেমন, আমার গোলা আমার ফসল। আইন পাল্টেছিলেন ? আইন যদি না পাল্টাই এই আমরা গোলা আমার ফসল, আমার ফসল আমার চাতাল এবং স্যার, আমাদের যে স্কীম যে সুফলা বাংলা প্রকল্প এবং তার সঙ্গে যে আধুনিক মানের বাজার এবং তার পরিকাঠামোর উন্নয়ন এবং বাংলার সবচেয়ে ঐতিহাসিক চাষীদের গ্যারান্টেড সীড, ফসল বীমা যোজনা এইগুলোকে কি করে আইনের অনুকূল বাতাবরণ না দেওয়া যায়, আইনকে সংশোধন না করা যায়,সেই ৭২সালের আইনকে নিয়ে এতগুলো বাংলার নিজস্ব স্কীম স্যার, বাংলার কৃষকের নিজস্ব বাজারের জন্য কৃষকদের স্বার্থে এতগুলো নিজস্ব স্কীম, আজকে মা-মাটি-মানুষের সরকার ইনট্রোডিউস করেছে। তার সঙ্গে বি-ফিটিং আজকে মার্কেটকে, মার্কেট ইকানমিকে কনট্রোল করতে গেলে করতে হবে। ধারণা কি ছিল স্যার? বাজার মানে একটা হাটের ধারণা ছিল, লোকালাইজড মার্কেট। আজকে বাজার মানে - আমরা রবীন্দ্রনাথের সেই হাট কবিতা পড়েছি। সেই সম্পর্কে একটা হাটের কনশেপশন মানে, মার্কেট অথরিটির কনশেপশন ছিল না। কিন্তু আজকে স্যার, মার্কেট কমপ্লেকসের ধারণা পাল্টে গেছে। লোকাল মার্কেট, ডিস্ট্রিকট মার্কেট, স্টেট মার্কেট এবং ন্যাশনাল মার্কেট ইভন ইন্টারন্যাশনাল মার্কেট স্যার। আজকে বিশ্ব। বাজার একটা জায়গায় এসেছে। সেই জন্য আজকে আইন পাল্টাতে হবে। তপন বাবুকে ধন্যবাদ, তার সঙ্গে সঙ্গতি রেখে মাননীয় মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় তিনি আইনটা পাল্টাতে যাচ্ছেন। এটি একটি ঐতিহাসিক আইন, আমি বিশ্বাস করি স্যার, বিরোধীরাও এই আইনটাকে সমর্থন করবেন স্যার। এই পর্যন্ত। কি আইন ছিল? এ পর্যন্ত আইন ছিল যে আজকে ধরুন এই যে রেগুলেটরি মার্কেট - আর এম সি যে গুলো ছিল, বিভিন্ন জেলায় অনেকগুলো রেগুলেটরি মার্কেট ছিল, ওনাদের সময়ও ছিল স্যার। বামফ্রন্টের আমলেও ছিল। ছিল না তা নয়। এই বিধানসভায় অনেক আলোচনা হয়েছে। বংশ দন্ডের কথা অনেক হয়েছে স্যার। আমি আর সেই প্রসঙ্গে যেতে চাই না।

[11.20 – 11.30 a.m.]

আজকে আর .এম.সি মার্কেটগুলির ব্যাপারে কি হত! ধরুন, সারা বাংলায় আজকে শত শত RMC মার্কেট আছে। আমি যদি একটা ট্রেড বা ব্যবসা করি আমাকে আর.এম.সি মার্কেটের ইন্ডিভিজুয়াল লাইসেন্স নিতে হত। অতএব আমি যদি পূর্ব মেদিনীপুরের কাঁথিতে ব্যবসা করি, সেখানকার আর এম সি -র লাইসেন্স নিতে হবে। আমি একই ব্যক্তি যদি কুচবিহারে আর একটা আর এম সি তে ব্যবসা করি, অথবা পশ্চিম মেদিনীপুরে আর একটা আর এম সি-র আন্ডারে ব্যবসা করি, সেখানে আমাকে লাইসেন্স নিতে হবে, অর্থাৎ আর এম সি ওয়াইজ লাইসেন্সের বন্দোবস্ত ছিল। আর এম সি ওয়াইজ লাইসেন্সের বন্দোবস্ত থাকলে কি হচ্ছে- এক ব্যক্তি তাকে

অনেক বেশী আর এম সি ওয়াইজ লাইসেন্স নিতে হতো। এই লাইসেন্স নেওয়ার ফলে কি হত! এই লাইসেন্স নেওয়ার ফলে কো-অর্ডিনেশান ছিল না। এই লাইসেন্স নেওয়ার ফলে কোন সমন্বয় ছিল না। এই বিভিন্ন আর এম সি থেকে লাইসেন্স নেওয়ার জন্য কি হত স্যার! আমি একই ব্যক্তি বিভিন্ন নামে লাইসেন্স নিচ্ছি এবং সেখানে স্বচ্ছতার অভাব ছিল। তার যে ট্রেডিং সার্কল বা ট্রেড সার্কল সেটাকে আমি চাপতে পারতাম। সেলস ট্যাকস চাপতে পারতাম, লাইসেন্সও চাপতে পারতাম। ধন্যবাদ তপনবাবুকে কারণ আজকে এই অ্যামেন্ডমেন্টের দ্বারা অর্থাৎ আমি যদি ক্ষুদ্র ব্যবসায়ী হই, আমি যদি একটা ইন্ডিভিজুয়াল আর.এম.সি তে ব্যবসা করি, I am allowed to get license from that specific RMC। কিন্তু আমি যদি ডিস্ট্রিকট ওয়াইজ ব্যবসা করি, আমি যদি স্টেট ওয়াইজ করি, আমি যদি কান্ট্রি ওয়াইজ করি, তাহলে সেক্ষেত্রে একটা স্কোপ রেখে দিচ্ছেন। যে তোমাকে অনেক লাইসেন্স নিতে হবে না। ইন দ্যাট কেস দেয়ার শুড বি এ বোর্ড আন্ডার মার্কেটিং, যে সোসাইটি অর মার্কেটিং ডিপার্টমেন্ট গভর্নমেন্টের আন্ডারে, তুমি সেই বোর্ড থেকে লাইসেন্সটা নাও। বোর্ড থেকে লাইসেন্স নাও। তাহলে এই একটা পরিবর্তনে কি হল দেখুন স্যার। গুণগত পরিবর্তন, দৃষ্টিভঙ্গির পরিবর্তন হল। দৃষ্টিভঙ্গির পরিবর্তন - মানে একটা মৌলিক পরিবর্তন হল যে, আমাকে প্রতিটি জায়গা থেকে লাইসেন্স নিতে হবে না। আমি অপশন পাব স্যার। তারমানে এই নয়। যে ক্ষুদ্র ব্যবসা মার খাবে।তার মানে এই নয় যে সরকার কুক্ষিগত করে দিচ্ছে। আমার অপশন থাকল- আমি যদি সিঙ্গল আর এম সি র আন্ডারে ব্যবসা করি, আমি সিঙ্গল আর এম সি র লাইসেন্স নেব। আমি যদি স্টেট ওয়াইজ ব্যবসা করতে চাই তাহলে আমি স্টেটের লাইসেন্স নেব।যদি স্টেটের লাইসেন্স আমি নিই, তাহলে আমাকে ঘুরে ফিরে প্রত্যেক আর এম সি থেকে নিতে হবে না। relating to that RMC licence ফি র ক্ষেত্রেও সেই একই কথা। অর্থাৎ আমি একটা জায়গায় ফি দেব। আমি বিভিন্ন জায়গায় ফিজ দেব কেন? বিভিন্ন জায়গায় যদি ফিজ দিই, তাহলে সেটা আলটিমেটলি কনজিউমারের ঘাড়েই তো ফেরত আসবে। আলটিমেটলি তো গ্রাহকের ঘাড়ে থাকবে। সুতরাং to get them relief from that avoidable excess payment of that licence আমি এক জায়গায় ট্রেডিং লাইসেন্সের জন্য ফিজ দেব, আমাকে সারা ভারতে দিতে হবে না। এটা হচ্ছে।

মৌলিক পরিবর্তন। আর কি হচ্ছে স্যার? এই মৌলিক পরিবর্তনের ফলে সেকশন (১৩), সাবক্লজ (২), সেকশন (১৩) সাবক্লজ (৩), সেকশান(১৩) সাব ক্লজ (৪), (৫), (৬), (৭), (৮) অল দিজ ক্লজ এ্যন্ড সাব ক্লজ আর রিলেটিং টু দ্য লাইসেন্স এ্যন্ড যে different licence of RMC and Board either or তুমি আর এম এস থেকে নিতে পার, অথবা তুমি স্টেট থেকে নিতে পার। এই প্রভিশনগুলির জন্য এটা কোনভাবেই স্টেটের সমস্ত আর এম সি র স্বাধীন সত্ত্বাকে নষ্ট করে নিজের হাতে ক্ষমতাকে কুক্ষিগত করার কোন স্কোপ নেই। কারণ আর এম সি থেকে তুমি নিতে পার, অথবা তুমি বোর্ড থেকে নিতে পার। এই যে ধরুন স্যার, কোনভাবে একটা লাইসেন্স ক্যানসেল হয়ে গেল, এইযে সেকশন (২১৪), সেকশন (৭) এ্যন্ড সেকশন (৮), সাবসেকশন (৭)এ্যন্ড সাবসেকশন (৮) অব সেকশন (১৩) কি বলছে? ক্যানসেলেশন যদি হয়, আমার কোন ত্রুটির জন্য আমি রিনিউ করিনি,বা কোন ত্রুটির জন্য আমার লাইসেন্সটা ক্যানসেল হয়ে গেল, তাহলে এর আগে কি ছিল...সেই ত্রুটি যদি বোর্ডের লাইসেন্স হয়ে যায়, ডিস্ট্রিকট ম্যাজিস্ট্রেটের পর আর এম সি গুলির চেয়ারম্যান হচ্ছে জেলা। এটা একটা সাবস্টেনশিয়াল পরিবর্তন। এটা কোন ব্যক্তি নয়। আপনারা শুধু ব্যক্তি ব্যক্তি করেন। এটা একটা District Magistrate is the Chairman of that District Regulatory Marketing. এটা হচ্ছে ব্যাপার। He is expected to be District Magistrate সুতরাং ডি এমের হাতে দিয়ে as much as practicable.

স্বর্গ থেকে অথবা বেহেস্ত থেকে তো মানুষ আমদানি করা যাবেনা। আপনি যদি মন্ত্রীকে চেয়ারম্যান করেন, আপনি বলবেন মন্ত্রী চেয়ারম্যান হয়ে গেলো। আপনি যদি এম.এল.এ.কে চেয়ারম্যান করেন .....(নয়েজ) ..... ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট - না, না, অসিতদা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, We have got an access of everybody. ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে চেয়ারম্যান করা হ'ল। প্রশ্নটা হচ্ছে স্যার, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যদি না দেয় তাহলে any man authorisd by the State Government will be entitled to renew that license. এই পরিবর্তন আনা হ'ল। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যদি কোনোভাবে না দেয়, any man authorized by the State Government will be entitled to grant that renew of the license after the cancellation of the license. এটাই আনা হ'ল স্যার। Sir, sub-section 8 for the word 'the market committee', the word 'market committee or the board' operte outcom ক্যানসেলেশনেও মার্কেট কমিটি ছিল, সুতরাং এগুলো হচ্ছে কনসিকুয়েন্স অ্যামেন্ডমেন্ট স্যার। এই যে মূল ১৩ সেকশনটা, ১৩ সেকশনের অ্যামেন্ডমেন্টের কনসিকুয়েন্স অ্যামেন্ডমেন্ট, অথাৎ যেগুলো অনিবার্য কারণে আসে, মূল অ্যাক্টটা যদি পাল্টে যায়, তার অনিবার্য কারণগুলো পাল্টে সেকশন এইটে বলা হ'ল যে, মার্কেট কমিটি অর বোর্ড। আগে ছিল শুধু মার্কেট কমিটি, এখন মার্কেট কমিটি অর বোর্ড করা হ'ল।

এবার আসি স্যার সেকশন ১৭। সেকশন ১৭-এ কি হ'ল স্যার ? সেকশন ১৭টা লাইসেন্স ফি সংক্রান্ত। আমি এতক্ষন যা বললাম সব লাইসেন্স সংক্রান্ত, এবারে আসছি লাইসেন্স ফি সংক্রান্ত। আপনার শুনলে খুব ভালো লাগবে স্যার, আমাদের যেগুলো পেরসেব গুড়, যেমন - ফল, সব্জী, পচনশীল আলু, পেঁয়াজ, খাদ্যশস্য এগুলোর ওপরে কোনে লাইসেন্স ফি দিতে হবেনা। আপনারা কিন্তু করেননি। লাইসেন্স ফি দিতে হবেনা - ফ্রি, ফ্রি। এটাকে তো সমর্থন করুন। This is the historic contribution of the C.M., Mamata Bannerjee - এটাকে অ্যাপ্রিশিয়েট করুন। সমস্ত পচনশীল ফল, সব্জীব, শাক, সমস্ত তরি-তরকারি সব কিছু থেকে লাইসেন্স ফি উইথড্র করে নেওয়া হ'ল। আপনাদের সময় ২% দিতে হ'ত। আপনাদের সময় সে ভ্যালু ২% দিতে হ'ত। সেটাকে আমরা অ্যামেন্ডমেন্ট করে বললাম যে, যেগুলো পেরিসেব গুডস, তার ওপরে এক পয়সাও দিতে হবেনা। আর যেগুলো পেরিসে গুডস্ নয় - মাননীয় অর্থমন্ত্রী আছেন, তাঁর তো অর্থাগম কমলো, তবুও তিনি মানুষের স্বার্থে করেছেন। মানুষ যদি উপকৃত হয়, আজকে ট্যাক্স উইথড্র করে নিয়েছেন। স্যার, এরপরে কি হ'ল স্যার ? খাদ্যশস্য - আগে ছিল স্যার ৫%।

সেই খাদ্যশস্যের ওপরে কি হ'ল - না, ১% অবধি নিয়ে যাওয়া হ'ল। তারজন্য বিফিটিং অ্যামেন্ডমেন্ট চাই তো ? সেই আইনটাই আনা হয়েছে। এখানে বিরোধীতার কোনো স্কোপই নেই। এখানে কোনো ক্ষেত্রেই বৃদ্ধি করা হয়নি। ২%ছিল যেটা, সেটাকে আইন পাল্টে বলা হ'ল ইন। সেকশন ১৭, এটাকে ১% করা হ'ল এবং আবার কি হ'ল ? আপনাদের আইন কি ছিল ? এক বছরে যদি ৭৫ কোটি টাকার টার্নওভার হয়, সে হয়, অর্থাৎ ধান, গম, চাল - এগুলোর ওপর যদি ৭৫ কোটি টাকার বেশি টার্নওভার হয়, সেক্ষেত্রে ছিল ২%। সেই ব্যাপারে আমরা বড়কে ৬% এবং যারা গরীব লোকদের আমরা রিলিফ দিলাম। তেমনই বললাম বেশি হ'লে ম্যাক্সিমাম ৬% নেওয়া হবে এবং সেটাই এই অ্যামেন্ডমেন্টে নেওয়া হ'ল রিলেটেড টু সিডিউল এবং বলে দেওয়া হ'ল স্যার খুব সুন্দর করে যে, সিডিউল-এ এবং সিডিউল-বি আজকে এই বিলের সঙ্গেই দেওয়া আছে। সিডিউল-এ তে বলে দেওয়া হ'ল যে, সিডিউল এ ফ্রি অর নট একসিডিং ১%। সিডিউল-বি তে বলা হ'ল নট একসিডিং ৬%। স্যার, মার্কেট ফি কি হ'ল স্যর ? এই যে লাইসেন্স নিয়ে আসলেন, How it will be distributed? আমি সত্যিই ডিপার্টমেন্টকে ধন্যবাদ জানাই

স্যার যে, মার্কেট ফিটা তো একটা সায়েন্টিফিক, একটা বিজ্ঞান সম্মত ডিষ্ট্রিবিউশনের সম্বন্ধে নিয়ে এসেছেন।

অর্থাৎ যেটা আয় হবে By the Board সেটা স্যার, বোর্ড ভোগ করবেনা, সেটা রাজ্য ভোগ করবেনা সেটা proportionately যে যে কারণে জেলা wise turnover হয়েছে সেই RMSগুলোকে দিয়ে দেওয়া হবে। কিসের জন্য দেওয়া হবে স্যার? এখানে সুস্পষ্ট ভাবে বলা আছে যে, for the infrastructural development of the RMS. For the infrastructure, পরিকাঠামোগত উন্নয়নের জন্য যেটা দেওয়া হবে। তার result কি হল স্যার? আজকে কৃষকদের মধ্যে এই যে concept of কৃষক মান্ডি - আপনারা বিরোধীরা অনেক প্রশ্ন করেন। এবং আমাদের সরকার পক্ষের বন্ধুরাও করেন যে কৃষক মান্ডি যেটা পশ্চিম বাংলায় agriculture for this marketing-এর একটা নতুন স্তম্ভ, একটা নতুন দিশা। এটা আমি বলছিনা যে সবটাই হয়ে গেছে কিন্তু শুনুন, ১৮৬টা কিষানমান্ডি হয়েছে। ১৫৫টায় কিন্তু ধান তোলা হচ্ছে। সেটাও হত না। ১৫৫টায় যদি ধান না তোলা হত তাহলে গ্রামের producer-রা আরো মার খেতো। সুতরাং আমি সর্বতভাবে এই আইনকে সমর্থন করে, সংশোধনীগুলোকে গ্রহন করার জন্য অনুরোধ করে আমার নিবেদন শেষ করছি। ধন্যবাদ।

শ্রীমতী রমা বিশ্বাস : মাননীয় স্পীকার সাহেব, আমার আগের মাননীয় সদস্য আইন নিয়ে অনেক বলেছেন। তিনি বলেছেন যে আইনটা ঠিক। আমার একটাই বক্তব্য যে, আইনের সংশোধন, ১৯৭২ সালের আইন তারপরেও ২০১৪ সালে একবার এর এ্যামেন্ডমেন্ট হয়। খুব অল্প সময়ের মধ্যেই আবারও এই সংশোধনের প্রয়োজনীয়তাটা খুব আবশ্যিক বলে মনে হয়নি।

দুই স্যার, এটা ঠিক, রাজ্যের ব্যবসার বাজার শক্তিশালী করার জন্য এই বিল। যা আসলে Govt of India-র Agriculture Marketing Programmeকেই শক্তিশালী করবে। এটাই হচ্ছে বিষয় যে, এই সময় দাঁড়িয়ে ভারতবর্ষে কৃষকের আত্মহত্যা অনেক বেড়েছে। Agriculture Marketing-এর যা অবস্থা তাতে আমাদের দেশের মাত্র ১০ ভাগ উৎপাদন নিয়ন্ত্রণ করে বাকি ৯০ ভাগ উৎপাদন বাইরের ব্যবসাদারদের হাতেই হয়। ফলে আমাদের দেশের যে জনবিরোধী কৃষি নীতি, Agriculture Marketing নীতি তার সঙ্গে সাজুয্য রেখেই রাজ্য সরকার তার আইন লাগু করতে চাইছেন, ভালো, আসলে এই সম্পর্ক, এই বন্ধুত্ব আমরা বলি, কিন্তু সরকার এটা বলেননা। সবসময় বলেন কেন্দ্রীয় সরকারে কিছু জনবিরোধী নীতির জন্যই রাজ্যের উন্নয়ন হচ্ছেনা। কিন্তু এই আইনের মধ্যে দিয়েই তার প্রেক্ষাপট আছে। যেটা খুব গুরুত্বপূর্ণ তা হল সারা রাজ্যে এমনকি গতকালকেও মাঠে ৫০ কেজি বস্তার দাম ছিল ৮০০ টাকা। তার মানে বুঝতেই পারছেন ৩টা ৬০ পয়সা করে কেজি যখন আলুর দাম সেই সময় দাঁড়িয়ে যখন আমরা এই বিধানসভায় এই বিল পাশ করতে যাচ্ছি, অ্যামেন্ডমেন্ট করতে যাচ্ছি তখন এটাকে কেন্দ্র করে মানুষের কাছে একটা গল্প দেওয়া ক্ষেত্রে খুব সুবিধা হবে যে, না আমাদের সরকার মানুষের জন্য, কৃষকের জন্য খুব ভাল কাজ করতে চাইছে। আমরা দেখেছি মাননীয়া মুখ্যমন্ত্রী জিনিসপত্রের দাম কমানোর জন্য বাজারে ব্যক্তিগতভাবে ঘুরেছেন। কিন্তু আসলে কাজের কাজ যেটা হয়েছে চাষীর যে দাম সেই দাম ক্রমাগত কমেছে। উনি বললেন যে কিষাণ মান্ডিতে ধান তোলা হয়েছে। তার সঙ্গে একটা জিনিস যেটা বলা দরকার যে, সমবায়গুলোর মাধ্যমে সরকারের যে ধান কেনা হচ্ছে তাতে ১৪ টাকা ৭০ পয়সা করে কেজি দাম দেওয়া হয়েছে।

কিন্তু বলা হচ্ছে যে, ৪ কেজি করে লতা দিতে হবে। আসলে সেটা ১৩ টাকা ৮৮ পয়সা করে দেওয়া হচ্ছে। আপনারা খেয়াল করে দেখবেন, মাননীয় সদস্যরা সংখ্যাগরিষ্ঠতার জোরেই

এটা পাশ করাবেন, কিন্তু সেটা নয়। মা-মাটি-মানুষের সরকারের প্রত্যেক সদস্যকেই মানুষের কাছে জবাবদিহি দিতে হয়। ফলে স্বাভাবিকভাবে গতবার যারা ধান বিক্রি করেছিল তারা ৫ মাস পরে টাকা পেয়েছে। আর এবারেও যারা সরকারকে এখনও পর্যন্ত ধান দিয়েছেন ১৫ দিন হয়ে গেল কিন্তু এখনও দাম পায়নি। আর এই দাম দিতে চাইছে না যেহেতু বাজারের ফোড়েরা দাম দিচ্ছে ১৩ টাকা ৩০ পয়সা করে। তাহলে ১৩ টাকা ৩০ আর ১৩ টাকা ৮৮-র ডিফারেন্স, চাষীর ফসলের দাম যে দীর্ঘ সময় বাকী থাকে এবং তার সঙ্গে দাঁড়িয়ে ফোড়েদের নগদের যে জায়গা সেই জায়গায় চাষীর আসলে কোন লাভ আসছেনা। এখানে দাঁড়িয়ে আমাদের মনে হয় সমবায় সিস্টেমগুলো দুর্বল হয়ে যাচ্ছে এই কারণে যে, সরকার টাকা রিটার্ন না দিক সমবায়কে টাকা ধার করে চাষীর টাকা যখন শোধ করতে হচ্ছে তখন সুদের টাকা দিতে দিতে সমবায়গুলো আরো বেশি দুর্বল হয়ে যাচ্ছে।

আমাদের বিষয় agriculture marketing-এর মাধ্যম দিয়ে - আমার সময় খুব বেশি নয় তাই অনেকটা বলতে পারবো না। কিন্তু আমার যেটা বলার যে, clauses 2 to 4 তার যে 4(2) তাতে Rs.1000 as the market committee or the board as the case may be fixed shall be substituted। আগে যেটা ছিল কমিটি সেটাকে এখন বোর্ড করা হবে। এবং বোর্ডের মাধ্যম দিয়ে সরকারের টাকা হয় বোর্ড খরচ করতে পারবে আর নয় সরকার যেটা permission দেবে সেইখানে দাঁড়িয়ে টাকা আসবে। উনি বলেছেন যে, সেখানে দাঁড়িয়ে অনেককিছু হবে। সেই অনেককিছু হওয়াটা কিসের উপর নির্ভর করবে সেটা কিন্তু সরকারের নীতির উপর নির্ভর করবে। যা সংখ্যাগরিষ্ঠতার জন্য বেশির ভাগ ক্ষেত্রে জনবিরোধী জায়গায় পৌঁছচ্ছে। আর একটা জিনিস স্যার, আমি বলতে চাই যে, market committee shall levy fees on any agriculture produce purchased or sold in the market area. উনি বলেছেন যে, একটা জায়গায় আগে যা করা হত, সেটা রাজ্যগতভাবে দেবে। এবং প্রত্যেকটা যে মার্কেটিং কমিটি ছিল সেগুলোকে আর আলাদা আলাদা করে লাইসেন্স নিতে হবে না। ঠিকই, ব্যবসাদারদের সুবিধা তাতে হবে। কিন্তু যদি আমরা খেয়াল করি যে, আমরা আসলে চাইছি কি? আসলে কৃষকের কৃষিপণ্যের জন্য আমাদের এই বিল আনার জন্য কোনো নীতি কি আছে ? আমরা সবাই জানি। যে, কৃষকের কৃষিপণ্যের ন্যায্য দাম নির্ভর করে তার উৎপাদন করতে যে খরচ সেই খরচের উপর। এবং এইক্ষেত্রে দাঁড়িয়ে সারের দাম, তেলের দাম, বীজের দাম সবটা সরকার নিয়ন্ত্রণ করে। উৎপাদনের খরচের দিকের সামগ্রীর দাম সরকার নির্ধারণ করে, কৃষকের ফসলের দাম নির্ভর করছে ব্যক্তি মালিকের উপর। দাম নির্ধারণের প্রশ্নে দায়িত্ব আমরা ব্যক্তি মালিককে যখন দিচ্ছি তখন কিন্তু আরো বেশি খারাপ অবস্থা তৈরি হয়ে যায়। ফলে, আমাদের মনে হয় যে, এই জায়গায় ভিত্তি করেই আমাদের আর একটু বেশি বলতে হবে। স্যার, 2% to 6% একটা বলা হয়েছে। 2% to 6%-এর জায়গায় দাঁড়িয়ে একটা জায়গা আমি বলছি যে, pay into the market committee fund এটা ছিল, সেখানে দাঁড়িয়ে বলছে যে, pay into the Market Committee Fund or the West Bengate Marketing Board Fund or to the appropriate Head of Account of the State as the case may be shall be substituted. স্যার, এই জায়গায়, এই ধরণের may be, may be-র প্রয়োগ কি হতে পারে সেটা আমরা সবাই জানি। ফলে, আমার মনে হয় এইগুলোকে আর একটু বেশি দেখে তবেই এটাকে পাশ করানো দরকার। এরকমভাবে বোধহয় এটাকে place করা দরকার নেই। আমরা জানি সংখ্যাগরিষ্ঠতা আছে সরকারের। ***

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মিঃ স্পীকার : এইটা যাবে না। ওই portion টা যাবে না যে, "আমাকে বলতে দেওয়া। হচ্ছে না। এটা আমার by virtue of my order that I have disallowed, this portion will not go.

শ্রীমতী রমা বিশ্বাস : স্যার, আর একটা যে বিষয়, not below the rank of a Superintendent of Agriculture Marketing, the words, to an officer of the State Government. Sir, agriculture marketing-এর বিষয় নিশ্চয় agriculture-এ যারা efficient তাদের দেখা দরকার। কিন্তু এইখানে correction-এর প্রশ্নে to an officer of the State Government এইটার কি প্রয়োজনীয়তা স্যার, - এটা আমার বুঝতে অসুবিধা হয়েছে। ঠিক একইভাবে যদি ১০ নম্বরে দেখি Superintendent of Agricultural Marketing the words, the Director or any other officer. স্যার, এইগুলো মনে হয় না যে এর সঙ্গে সম্পর্কযুক্ত হচ্ছে। ফলে, এইগুলো একটুখানি আমার মনে হয়, আর একটু reconstitute বাড়তি করা দরকার আর একটুখানি দেখা দরকার। এর সঙ্গে দাঁড়িয়ে যে বিষয়গুলো এসেছে, আলু পেঁয়াজ সবকিছুই যখন আনছি, তখন ফল এবং perishable goods এরমধ্যে আমরা ঢোকাতে চাইছি না - কেন স্যার ? কারণটা আমার মনে হয় যে, আমাদের যে মূল দায়িত্ব আলু মার্কেটিং-এর প্রশ্নে, সংরক্ষণের প্রশ্নে, যে বিষয় সরকারের যে জায়গাগুলো আমাদের দেওয়ার কথা ছিল তা কিভাবে আমাদের নিয়ন্ত্রিত বাজার পরিকাঠামো উন্নয়নের প্রকল্পগুলো আমরা নিতে পারি। যেমন, খামার থেকে বাজার সংযোগকারী রাস্তার উন্নয়ন সেই সঙ্গে কৃষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা, কৃষকরা মার্কেটিং কিভাবে করবে তার ফসলটাকে, সংরক্ষণ করার জন্য সে কি প্রস্তুতি নিতে পারে, হিমঘরের ব্যবস্থা করা এই বিষয়গুলো স্যার, বিপনণ, ফল-সজি সংরক্ষণ, প্রশিক্ষণ, উৎপাদন এবং সর্বসাধারণের জন্য সংরক্ষণ কার্যক্রম এইগুলো কিন্তু এই আলোচনার মধ্যে স্যার আসেনি।

[11.40 – 11.50 a.m.]

ফলে, যদি আমরা মনে করি যে, কৃষকের কৃষি ফসলের ন্যায্য দামের প্রশ্নে, আমাদের এই বিল আনতে হবে, তাহলে পরে কোন বিষয়ে কৃষকরা ক্ষতিগ্রস্থ হচ্ছে সেই বিষয়টা সামনে আনতে গেলে, আমরা দেখি যে কৃষক তার ফসল যখন বিক্রি করবে সে যখন বাড়ীর কাছে বিক্রি করতে পারবে, তখন কৃষি ফসলের ক্ষেত্রে যে দামটা সে পাবে, সবটা সে নিজে ভোগ করতে পারবে। কিন্তু এমন অবস্থা যদি হয়ে দাঁড়ায় যে একজন কৃষক, তার কৃষি ফসল বিক্রি করতে গেলে, তাকে কুড়ি থেকে চল্লিশ কিলোমিটার রাস্তা পেরিয়ে গিয়ে কোথাও বিক্রি করতে হবে, তার যে যানবাহনের খরচ, সেই যানবাহনের খরচ আসলে কৃষকের কৃষি ফসলের যে দাম সেই দামটাকেই স্যার ক্রমাগত কমিয়ে দেওয়া হচ্ছে। স্যার, আমরা কখনো দেখিনি যে পশ্চিমবঙ্গে কোন কৃষক আত্মহত্যা করেছেন, কিন্তু ইদানিং আমরা দেখছি যে পশ্চিমবঙ্গের কৃষক আত্মহত্যা করছে। তাহলে পরে আমরা যখন মার্কেটিং-র, এই জায়গায় যাচ্ছি তখন সেখানে দাঁড়িয়ে গোটা মার্কেটিংটার দশ ভাগ নিয়ন্ত্রণ করা হচ্ছে, সেইটাকে আরো কিভাবে ছড়িয়ে দেওয়া যায় তার পরিকল্পনা করার জন্যে প্রস্তাব থাকা দরকার। সেই প্রস্তাবের মধ্যে আমি মনে করি যে সরকার পক্ষ যখন ক্রমাগত তারা বলছেন যে মানুষের স্বার্থে তারাই কাজ করছেন, ফলে এই এ্যামেন্ডমেন্টগুলো তাদের দিক থেকে আসা দরকার, যে কি ভাবে তারা চাষীর কাছে দাঁড়িয়ে তার কাছ থেকে ফসল নিতে পারে এবং যেভাবে ফোড়েরা,আড়তদাররা প্রতিদিন চাষীকে কম দামে বিক্রি করতে বাধ্য করছে তার সাবস্টিটিউট কি নীতি হতে পারে সেই জায়গায় দাঁড়িয়েই আমার মনে হয় স্যার এই এ্যামেন্ডমেন্টগুলো আনা দরকার, পাস করা

দরকার। এই এ্যামেন্ডমেন্ট পূরণ করতে একদমই সমর্থ হয়নি, এই বলে আমি আমার কথা শেষ করলাম।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, দি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল প্রডিউস মার্কেটিং রেগুলেশান এ্যামেন্ডমেন্ট বিল, ২০১৭; স্যার, কি বলা হয়েছে এই বিলে, সেখানে সিঙ্গেল লাইসেন্স এবং সিঙ্গেল পয়েন্টে লেভি নেওয়ার কথা বলা হয়েছে। এই বিলটি এখানে পাস হলে পরে কি হবে সরাসরি কৃষকরাও চাইলে এখানে তাঁদের কৃষিপণ্য বিক্রয় করতে পারবেন এবং যারা কারবারী আছেন তারাও এখানে ব্যবসা করতে পারবেন। স্যার, কেন এই বিল। এই বিলটা মূলতঃ জাতীয় কৃষি বাজারে, সম্প্রতি কিছুকাল আগে কেন্দ্রীয় সরকার যে কৃষি বিপণন আইন সংশোধন করেছে সরকার, সেখানে সুযোগ নেবার জন্যে এই আইনের সংশোধন আনা হয়েছে। অর্থাৎ ন্যাশানাল এগ্রিকালচার মার্কেট নামে - যে প্রকল্প কেন্দ্রীয় সরকার চালু করেছে, সেই প্রকল্পের পোর্টালের মাধ্যমে কেনাবেচা করতে পারবে দেশের যে কোন প্রান্তের কৃষক, যে কোন অংশের ব্যবসায়ী বা কারবারীরা। স্যার, এই সুযোগ নেবার জন্যেই বর্তমান আইনের সংশোধনী আনা হয়েছে। কেননা, এইটা সংশোধন করতে পারলে পরে এই রাজ্যের এখন বর্তমান যে আইন আছে যে রাজ্যের ১০টি জেলা থেকে যদি এই ব্যবসা করতে চায়, ১০টি লাইসেন্স লাগবে। ১০টা জায়গায় তাঁকে লেভি দিতে হবে। কিন্তু এইটা যদি তুলে দেওয়া হয়, এই আইনের সংশোধন বলে তাহলে সিঙ্গেল লাইসেন্সে সে গোটা রাজ্যে যে কোন জায়গা থেকে ব্যবসা করতে পারবে, লেভিও দিতে পারবে ঠিক একই জায়গা থেকে। নিশ্চয়, এটা ভাল। কিন্তু স্যার, এই ক্ষেত্রে আমার একটা কথা বলার আছে, সেটা হচ্ছে যে, কেন্দ্রের এই সুযোগটা নেওয়ার ক্ষেত্রে, এই আইনের সুযোগ নেওয়ার ক্ষেত্রে এবার আইনটি যদি সংশোধিত হয়, তাহলে যে কপোরেটগুলি - কৃষিপণ্যের খুচরো ব্যবসায়ে সুযোগ করে দেওয়া হচ্ছে - আমরা কেউ নিশ্চয় ভুলিনি, বিগত শতাব্দীর নব্বই এর দশকের শুরুতে আমাদের দেশের বাজার, বিশ্ব বাণিজ্য সংস্থার কাছে উন্মুক্ত করে দিয়েছে।

ফলে দেশী-বিদেশী যারা কোটিপতি বা পুঁজিপতি তারা এই বাজারে অংশগ্রহণ করছে এবং আমাদের দেশীয় ছোট কারবারী বা চাষীদের জীবন আজকে বিপন্ন হচ্ছে। স্যার, আইন করা হবে ঠিকই, কিন্ত এর যদি সৎ বা মহৎ উদ্দশ্য সফল করতে হয়, তাহলে সরকারের সদিচ্ছা দরকার। ১৯৭২ সালের যে আইন আমাদের কাছে ছিল, এই আইনের মধ্যে দিয়ে শুধু কৃষি বাজার নির্মাণ কাজে ব্যবহার করা হচ্ছে। তার কারণ সারা। ভারতবর্ষ জুড়ে সংস্কারের কাজে কি রাজ্য বা কেন্দ্রীয় সরকার নিমজ্জিত হয়েছে। রাজ্য সরকার কৃষি মান্ডি বা কৃষি বাজার তৈরী করার মধ্যে দিয়ে কৃষকদের অভাবী বিক্রি ঠেকাবার জন্য যে উদ্যোগ নিয়েছে, তাতে আমরা দেখছি পরিকাঠামোগত কিছুটা উন্নয়ণ হলেও সংস্কারের মধ্যে দিয়েও তার ব্যয় সংকোচন করা হচ্ছে। কিন্তু সামাজিক ক্ষেত্রে পরিকল্পনা মাফিক যে ব্যয় সেটা কিন্ত বৃদ্ধি হচ্ছে না। অনুৎপাদিত ক্ষেত্রের ব্যয় বৃদ্ধি করা হচ্ছে। সমাজ কল্যাণমূলক খাতে যে বার্ষিক ব্যয় সেটা কমিয়ে দেওয়া হচ্ছে। মানুষের গণতান্ত্রিক অধিকারকে নিশ্চিত করার প্রশ্নে আজকে অবহেলার দিকে পর্যবসিত হচ্ছে। লগ্নি পুঁজির তথাকথিত উন্নয়ণ এইভাবেই চলছে। এবং এর ফলে এক শ্রেণীর মজুতদারী কারবারী তারা টাকার পাহাড় জমাচ্ছে, আর অন্যদিকে সাধারণ গরীব কৃষক বা ক্ষুদ্র চাষী, সাধারণ মানুষের আজকে নাভিশ্বাস উঠছে। সেইজন্য বাস্তবকে অস্বীকার করার কোনো উপায় নেই। আজ থেকে পনেরো-ষোলো বছর আগে আমরা। কি লক্ষ্য করছি - আমরা দেখছি সারা ভারতবর্ষ জুড়ে তিন লক্ষ কৃষক আত্মহত্যা করেছে। কেন। স্যার ? এই তিন লক্ষ কৃষক আত্মহত্যার মূলে কৃষকরা তাদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য পাইনি। উপরন্ত মহাজনের ঋণের ফাঁদে পড়ে তাদেরকে আত্মহত্যার পথে ঠেলে দেওয়া হচ্ছে। এই কথা অস্বীকার করার উপায় নেই,

মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, গুজরাট, ছত্রিশগড় এই সমস্ত রাজ্যে কৃষকরা আজকে আত্মহত্যা করছে। স্যার, আমাদের রাজ্যের একটা গর্ব ছিল, এতদিন এই অভিশাপ আমাদের রাজ্যে ছিলনা। আমরা লক্ষ্য করছি, বিগত পাঁচ-ছয় বছর ধরে আমাদের রাজ্যের কৃষকরা তাদের উৎপাদিত ফসলের ন্যায্য দাম না পাবার কারণে তারা আজকে আত্মহত্যার পথ বেছে নিয়েছে। এই বিষয়টা বলবার উদ্দেশ্য একটাই, আইন যে উদ্দেশ্যে আনা হচ্ছে, এটাকে বাস্তবে প্রয়োগ করবার প্রশ্নে, সরকারের যদি সদিচ্ছা না থাকে, তাহলে এই আইন। তৈরী করলেও তা মানুষের কোন কাজে লাগবে না। আমরা দেখেছি WTO-র আদালতে আজকে আমাদের দেশের পরাজয় ঘটেছে। ১৪২৯টি কৃষি পণ্যর বাজার আজকে উন্মুক্ত করে দেওয়া হয়েছে। ফলে কৃষকরা আজকে প্রভূত পরিমাণে ক্ষতির সম্মুখীন হয়েছে এবং মজুতদারীদের মজুত করার ব্যবহা করা হয়েছে। সেই কারণে আজকে উদাহরণ দিয়ে বলা যেতে পারে, আজকে প্রাকৃতিক পরিবেশের কারণে রেকর্ড পরিমাণ আলু আমাদের রাজ্যের চাষীরা উৎপাদন করেছে।

[11.50 – 12.00 noon]

কিন্তু চাষীরা আজকে আলুর দাম পাচ্ছে না কেন? এর আগে সরকারকে আমরা দেখেছি যে, হিমঘর থেকে আলু বের করে সেখানে ১২ টাকা কেজি দরে আলু বিক্রি করার নির্দেশ এসেছিল এবং ব্যবস্থা নিয়েছিল নবান্ন থেকে। কিন্তু এবারের কৃষক তারা আজকে আলুর দাম পাচ্ছে না। তারা কোথায় যাবে? একই ভাবে ধান চাষীরা ফসলের দাম না পেয়ে আজকে পরবর্তী ফসল খারিফ শস্য উৎপাদনের ক্ষেত্রে উৎসাহ হারিয়ে ফেলছে। তারা পরবর্তী ফসল করতে পারছে না। তারা ঋণের দায়ে জর্জড়িত। তাই আজকে আলু চাষীদের দাবী যে, সরকার কেন আজকে সেখানে সাত টাকা কেজি দরে আলু বিক্রির ব্যবস্থা করবে না। আজকে কৃষাণমান্ডি তৈরি হয়েছে। তার লোক কোথায়, কে কিনবে? কেনার কোনও ব্যবস্থা নেই। এই কারণেই শুধু দেশের দায়িত্ব নয়, এখন এটা কেন্দ্র-রাজ্য যৌথ দায়িত্ব। আজকে কেন সার কারখানা বেসরকারীকরণ হয়েছে? আমাদের রাজ্যে হলদিয়া, দুর্গাপুর সারখানাগুলি আজকে বন্ধ হয়ে গেছে। সারের দাম লাফিয়ে লাফিয়ে বাড়ছে। কৃষি উৎপাদন খরচ বেড়ে যাচ্ছে। বীজের দাম আজকে লাফিয়ে লাফিয়ে বাড়ছে। কিটনাশক ওষুধের দাম বাড়ছে। ...(এই সময় লালবাতি জ্বলে ওঠে)...খুব স্বাভাবিক কারণেই আজকে কৃষি উৎপাদনে যে খরচ সেই খরচ ওঠাতে সঠিক দামে তারা ফসল বিক্রি করতে পারছে না। সেই কারণে আজকে কৃষকদের এই হাল। সেই কারণে স্যার, বলব যে, এই আইন সংশোধন করার মধ্য দিয়ে - আইনের অনেক কথা লিপিবদ্ধ হবে কিন্তু সরকারের যদি স্বদিচ্ছা না থাকে তাহলে দেশের কৃষককে বাঁচানো যাবে না। যদি সরকারের ভালো স্বদিচ্ছা থাকে তা না হলে কৃষকের অবস্থা .....(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়).....

Shri Manas Majumder : মাননীয় স্পীকার স্যার, The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 2017 যে বিল আমাদের মাননীয় মন্ত্রী শ্রী তপন দাশ গুপ্ত এই সদনে এনেছেন, সেই বিলকে সমর্থন করে এই বিলের পক্ষে আমি কয়েকটি কথা বলব। আমাদের এগ্রিকালচার মার্কেটিং যেটা আমরা সাধারণত গ্রাম-বাংলায় বসবাস করি এবং সেই জায়গায় দাঁড়িয়ে অতিতে ১৯৭২ সালের যে আইন ছিল সেই আইনে কিছু বাঁধা ছিল যে বাঁধাগুলোর জন্য আমরা এগ্রিকালচার মার্কেটিং দপ্তরের সঙ্গে কাজ করতে গিয়ে, গ্রাম-বাংলার কৃষকদের নিয়ে কাজ করতে গিয়ে, সাধারণ মানুষকে নিয়ে কাজ করতে গিয়ে, এই দপ্তরে কাজ করতে গিয়ে সমস্যার সম্মুখীন হয়েছি। এই দপ্তর যে কৃষকদের নিয়ে কাজ করে সেই দপ্তরও বিভিন্ন সময়ে উৎপাদিত ফসলের যে ন্যায্য মূল্য সেই ন্যায্য মূল্য বাজারজাত করার ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হয়েছে। আবার যে ব্যবসায়ীরা যারা উৎপাদিত ফসল

কৃষকদের কাছ থেকে ক্রয় করবেন, তারাও বিভিন্ন এগ্রিকালচার মার্কেটগুলো যেহেতু বিভিন্ন জায়গায় ছিল, বিভিন্ন ভাবে ছিল, আলাদা করে লাইসেন্সের ব্যবস্থা করতে হ'ত, ফলে এর জন্য তারা বিভিন্ন সময় বিভিন্ন ভাবে সমস্যার মধ্যে পড়ত। সেই জায়গায় দাঁড়িয়ে ১৯৭২ সালের যে আইন সেই আইনে অনেকগুলো বাঁধা ছিল। সেই বাঁধাগুলিকে মূলতঃ দূর করে কৃষকদের আর্থিক ভাবে আরও বেশি করে স্বয়ং সম্পূর্ণ এবং স্বনির্ভর করে তোলা। আর আমাদের গ্রাম-বাংলার যে উন্নয়ন সেই উন্নয়নকে ত্বরান্বিত করা। রাজ্য সরকারের যে কর ব্যবস্থা সেই কর ব্যবস্থাকে মজবুত করার জন্য এই বিল এনেছেন সেই বিলের ভেতরে যে বিষয়গুলি রয়েছে - আমরা অতীতে দেখেছি যে, অতীতে যে রেগুলেটিং মার্কেটগুলি ছিল - আমরা হুগলী জেলার মানুষ, হুগলী জেলায় এর আগে আমি এই দপ্তরেরই কর্মধ্যক্ষ ছিলাম, মন্ত্রী এখানে বসে আছেন, বিভিন্ন জায়গায় যে মার্কেট কমিটিগুলি আছে – চাপাডাঙ্গা, শ্রীরামপুর, চুচুড়া, যেমন, আমার পান্ডুয়া যে তিনটি মার্কেট কমিটি ছিল, এখানে কেউ চুঁচুড়া থেকে যখন চাপাডাঙ্গায় ব্যবসা করতে যেত সেই ক্ষেত্রে চাপাডাঙ্গা থেকে লাইসেন্স পেত হ'ত। তারপর তাকে চাপাডাঙ্গা এলাকায় ব্যবসা করতে হ'ত। এ রকম তখন অনেক সমস্যার মধ্যে ব্যবসায়ীদের পড়তে হ'ত। আজকে যে বিল এখানে এনেছেন - পরবর্তী সময়ে আমরা - দেখেছি, এই মার্কেট কমিটিগুলি ভেঙ্গে জেলা আর.এম.সি করা হয়েছে। সেখানে জেলার যিনি ডিএম সেই কমিটির চেয়ার ম্যান। তিনি পরবর্তী সময়ে কার্য পরিচালনা করেছেন।

কিন্তু আমরা অতীতে যেটা দেখেছি এই ভাবে কাজ করতে গিয়ে এই দপ্তরের আধিকারিকদের নানা সমস্যার মুখে পড়তে হয়েছে, তেমনিই ব্যবসায়ীদেরও নানা সমস্যার মুখে পড়তে হয়েছে। যারা গ্রামের কৃষক, তারা উৎপাদিত ফসল বাজারজাত করবে, সেই উৎপাদিত ফসল বিক্রয় করে তারা সঠিক মূল্য পাবে এবং তারা আর্থিক ভাবে স্বয়ংসম্পূর্ণ হবে, সেই জায়গাটাতে একটা বাধা ছিল। সেই বাধাগুলো দূর করার জন্যই মূলতঃ এই আইন। এই নতুন বিল পড়ে আমরা সেটা বুঝতে পেরেছি। যে পুরনো বিল ১৯৭২ সালে ছিল, সেই বিলে আরও অনেকগুলো বাধা ছিল। সেখানে লেভি দেওয়ার যে সিস্টেম, সেই সিস্টেমের মধ্যে অনেকগুলো গলদ ছিল। সেই গলদগুলো এখানে সংশোধন করার চেষ্টা করেছেন। এই বিলে সব থেকে বেশি যেটা জোর দেওয়া হয়েছে -কৃষকরা সঠিক মূল্যে তাদের পচ্ছন্দমত ক্রেতাদের কাছে যাতে পণ্য বিক্রি করতে পারে, এই বিষয়টা বেশি করে জোর দেওয়া হয়েছে। এখানে আরেকটা জিনিস যেটা, অতীতে সমস্যার সম্মুখীন হতে হয়েছে- সময়, শ্রম এবং আর্থিক ক্ষতি, যেটা পূর্বের যে বিল ছিল, সেই বিলে একটা জোরালো জায়গা ছিল। এই সময়, শ্রম এবং আর্থিক ক্ষতি - এই জায়গা থেকে সব মানুষকে বের করে নিয়ে আসার জন্য এই বিলে চেষ্টা করা হয়েছে। সেই জায়গায় দাঁড়িয়ে মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন,এখানে আর একটা ভাল জায়গা আছে, যেটা পূর্বের বিলে ছিল না, সেটা হল লেভি দেওয়ার সিস্টেম। এফ সি আই একটা সময় যে লেভিটা দিত না, সেই জায়গায় এফ সি আই -কেও বাধা দেওয়ার চেষ্টা করা হয়েছে। আমরা দেখেছি, আমাদের সরকারের যে কর কাঠামো রয়েছে, এখানে লেভির যে কাঠামোটা রয়েছে, সেখানে পূর্বে যে জায়গা রয়েছে, সেখানে দেখতে পেয়েছি, ২০১৪ সালের একটা বিল এনে সেটা সংশোধন করার চেষ্টা করা হয়েছিল এবং সেটা কার্যকর হয় নি। এই বছরের যে সংশোধনী, এই যে অ্যামেন্ডমেন্ট বিলটা আনা হয়েছে, এখানে আমরা দেখতে পেয়েছি এই বছর আমাদের যে বাজেট, এই দপ্তরের যে বাজেট, সেই বাজেটকে কিন্তু শুধু সংশোধনী যদি আসে বা অ্যামেন্ডমেন্ট যদি আসে, সেই বাজেটেও কিন্তু যে কর সংগ্রহ, সেই কর সংগ্রহের জায়গায় আর এম সি ছাপিয়ে। সেক্ষেত্রে আমাদের গ্রামীণ বাংলার যে উন্নয়ন, সেই উন্নয়ন কিন্তু আরও বেশী করে ত্বরান্বিত হবে। অনেক গুলো বিষয় এই বিলের মাধ্যমে আমাদের মাননীয় মন্ত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর অনুপ্রেরণায় আনার চেষ্টা

করেছেন। সেই জায়গায় দাঁড়িয়ে এই বিলটা আগের বিলের তুলনায় অনেক বেশী সংবেদনশীল এবং অনেক বেশী কার্যকরী বলে আমাদের মনে হয়েছে। সেখানে আমরা দেখেছি যে, সরকারের লেভি দেওয়ার যে ব্যবস্থা একটা ছিল, আমি আগে বলছিলাম, চাঁপাডাঙ্গাতে কেউ ব্যবসা করতে চাইলে তাকে চাঁপাডাঙ্গাতে এসে লেভি দিতে হত, কেউ পাণ্ডুয়ায় এসে ব্যবসা করতে চাইলে তাকে পান্ডুয়াতে এসে লেভি দিতে হত। আবার পরবর্তীকালে যখন জেলা আর এম সি হয়ে গেল, তখন শিলিগুড়ি থেকে এসে ব্যবসা করতে চাইলে তাকে হুগলীতে এসে লেভি দিতে হবে, লাইসেন্স করতে হবে এবং তারপর সে হুগলীতে এসে ব্যবসা করতে পারবে। আজকে আমাদের মাননীয় মন্ত্রী, আমাদের সরকারের যে বিল এনেছেন, সেই বিলের ফলে এই যে বাধা ছিল, এই যে প্রতিবন্ধকতা ছিল, এই জায়গাটা কিন্তু সমূলে বিনাশ হবে। এর ফলে কেউ শিলিগুড়িতে বসে যদি হুগলীতে ব্যবসা করার কথা চিন্তা করে সে তার লোককে পাঠিয়ে, আর এম সি-র যে বোর্ড অফিস সেটা যদি মেইন অফিস হয়, সেই অফিসে ধার্য করা টাকা জমা দিলে পরে সে কিন্তু অনায়াসেই শিলিগুড়িতে বসে হুগলীতে বা ২৪ পরগণায় বা নদীয়ায়, যে কোন জায়গায় এসে সে ব্যবসা করার সুযোগ পাবে। এর ফলে লাভবান হবেন কিন্তু গ্রামবাংলার কৃষক। যাদের কাছে কিন্তু এই খোলা মার্কেটটা ছিল না। আমরা সবাই জানি যে, কৃষকদের উৎপাদন করার যে অধিকার, সেটা একটা মৌলিক অধিকার। সেই জায়গায় বাধা দেওয়ার ক্ষমতা কিন্তু আমাদের কারোর নেই। কৃষকদের যে রকম মৌলিক অধিকার আছে, আমাদের সরকার কৃষকদের বাদ দিয়ে নয়, সেই জায়গায় কৃষকদের যে মৌলিক অধিকার, সেই অধিকারকে কিন্তু সরকার সম্মান জানাতে চায়, তাহলে সরকারকেও কিন্তু। কৃষকদের উৎপাদিত ফসল বাজারজাত করার কথাও চিন্তা করতে হবে। সেই জায়গায় চিন্তা ভাবনা করে আজকে এই বিল এনেছেন। আমার মনে হয় এই জায়গায় কৃষকদের যে সমস্যা ছিল, উৎপাদিত ফসল বাজারজাত করার ক্ষেত্রে, দাম পাওয়ার ক্ষেত্রে, তাহলে কৃষকদের এই জায়গার সমস্যাটা অনেকটাই দূর হয়ে যাবে। কৃষকরা আগামীদিনে আরও বেশী আর্থিকভাবে মজবুত হবে। এর সাথে আরেকটা যে সমস্যা আছে, ঘুরেফিরে সে জায়গায় আসছে- দশ জায়গার পরিবর্তে দশ বার লেভি দেওয়া, বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে লেভি দেওয়া, এই যে সিঙ্গেল উইন্ডোজ সিস্টেম যেটা হতে যাচ্ছে, এই জায়গাটা অনেকটা দূর হয়ে যাবে। আমি হুগলী জেলার মানুষ, আমি জেলা পরিষদের কর্মাধ্যক্ষ ছিলাম, আমি যখন কর্মাধ্যক্ষ হয়েছিলাম, আমাদের জেলা পরিষদে অনেকগুলো বাংলো আছে। আপনারা জানেন যে, কামারপুকুরে ঠাকুরের জন্মস্থান এবং পাশে জয়রামবাটী, মায়ের জন্মস্থান। ভারতবর্ষের বিভিন্ন রাজ্য থেকে এবং বিভিন্ন জায়গা থেকে বাবার জন্মস্থান এবং মায়ের জন্মস্থান ভ্রমণ করতে আসেন। কিন্তু আমাদের জেলা পরিষদের যে বাংলো ছিল, আমাদের জেলা পরিষদের বাংলো যদি কাউকে বুক করতে হয়, তাহলে তাকে জেলা পরিষদে এসে বুক করতে হত। এখন কর্ণাটক থেকে কেউ কামারপুকুর দেখতে জেলা পরিষদের বাংলোয় থাকবে, তার পক্ষে হুগলীতে এসে, চুঁচুড়ায় এসে বাংলো বুক করে তারপর সেখানে গিয়ে থাকা, এটা তাদের পক্ষে সহজ হত না এবং করতে পারত না। আমাদের যখন নজরে এসেছিল, আমরা পরবর্তী সময়ে অর্থ স্থায়ী সমিতি রেগুলেশান করে সিঙ্গেল উইন্ডো সিস্টেম এবং নেটে যাতে বুক করে দিতে পারে, সেই সিস্টেমটা আমরা চালু করতে পেরেছিলাম।

[12.00 noon – 12.10 pm]

ফলে পরবর্তী সময়ে আমাদের জেলা পরিষদের যে বাংলো সেই বাংলো কখনও ফাঁকা থাকেনি। সব সময় জেলা পরিষদের বাংলো বুক এবং মানুষ নেট থেকে বুকিং করার সুযোগ পেয়েছে এবং এটা করা সম্ভব হয়েছে এই কারণে যে বুক করার যে জায়গা, সেই জায়গাটা জেলা

পরিষদ সরলীকরণ করেছিল বলে। তাই আমার মনে হয়েছে এই জায়গায় যে বিল এনেছেন,রাজ্য সরকার যে সিঙ্গেল উইনডো করার চিন্তা করেছেন, যে কোন একটা জায়গায় লেভি দিলে সে সারা পশ্চিমবঙ্গ জুড়ে ব্যবসা করতে পারবে। এতে সরকারের যে কর ব্যবস্থা সেই কর ব্যবস্থা মজবুত হবে এবং আর.এন.সি. যে কর সংগ্রহের পদ্ধতি, সেই কর সংগ্রহের পদ্ধতিটা আরও শক্তিশালী হবে। এবং স্বাভাবিক ভাবেই কর সংগ্রহের পদ্ধতি শক্তিশালী হওয়া মানে আমাদের গ্রাম বাংলার যে উন্নয়ন, সেই উন্নয়নের ক্ষেত্রে - আমরা এটা সবাই জানি যে আর.এন.সি.র যে কর লেভি সংগ্রহ করে এবং আর.এন.সি.র যে সংবিধান সেই সংবিধানে লেখা আছে সেখানে যদি সে ১০০ টাকার লেভি সংগ্রহ করে, তাকে ৫০ টাকা উন্নয়ন মূলক কাজের জন্য তাকে খরচ করতে হবে। ফলে এই জায়গাটা আরও মজবুত হবে এবং এর সাথে সাথে আরও একটা জিনিস যেটা আমাদের নজরে এসেছে এই বিলের মাধ্যমে, যে এর আগে ধান ক্রয় করার ক্ষেত্রে, ধান বিক্রি করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের কাছ থেকে চাল কেনে। এখানে কর দেওয়ার যে লেভির ব্যবস্থা, সেই ব্যবস্থায় ৭৫ কোটি টাকার উপরে ব্যবসা করলে তাকে ৬ শতাংশ করার চিন্তা ভাবনা রাজ্য সরকার করেছিল,যেটা অতীতে ছিল না, সেটা কার্যকর করাও সম্ভব হয়নি - এই বছরের এই বিলের ফলে, রাজ্য সরকার এই বিল যদি পাশ করাতে পারে এই সদনে তাহলে ৪৮৫ কোটি টাকার মত অতিরিক্ত কর রাজ্য সরকার সংগ্রহ করতে পারবে। যেটা এই বছরের বাজেট বরাদ্দ থেকে অনেক বেশি। যেটা আমাদের রাজ্য সরকারের আর্থিক যে কাঠামো, সেই কাঠামোকে মজবুত করবে। এর সাথে কয়েকটি একটি বিষয় আমাদের রয়েছে, যে এই আগে জেলার আর.এন.সি.র চেয়ারম্যান ছিলেন ডি.এম.। এই ক্ষেত্রে চেয়ারম্যানের পরিবর্তে -যদি সরকার মনে করে চেয়ারম্যান সময় দিতে পাচ্ছেন না তাহলে যে কোন সরকারী আধিকরিক,উচ্চ পদস্থ আধিকারিক তাকে দায়িত্ব দিয়ে যে প্রতিবন্ধকতা, লাইসেন্স পাওয়ার ক্ষেত্রে যে প্রতিবন্ধকতা - এইগুলো কিন্তু সরকার সমাধান করতে পারবে। এই রকম অনেকগুলো সরলীকরণ এই বিলে এসেছে। সরলীকরণগুলো আগামী দিনে এই যে আর.এন.সি.র কর কাঠামো, সেই কর কাঠামোকে মজবুত করবে রাজ্য সরকারের কর কাঠামোকে মজবুত করবে এবং গ্রাম বাংলার যারা কৃষক, সেই কৃষকদের যে আর্থিক অবস্থা, সেই আর্থিক অবস্থার আরও ভাল হবে। সেই জায়গায় আমার মনে হয়েছে যে কষকদের এই বিলের মাধ্যমে যে ভাবে আর্থিক ভাবে মজবত করার চিন্তা-ভাবনা করা হয়েছে এবং ব্যবসায়ীদের লেভি দেওয়ার ক্ষেত্রে সরলীকরণ করা হয়েছে, তাতে বাংলার কর ব্যবস্থা মজবুত হবে এবং স্বাভাবিক ভাবে আর.এন.সি. গ্রাম বাংলায় কৃষিজাত পণ্য বাজারজাত করার জন্য যে রাস্তা পার হত - অতীতে বাম সরকার আমলে,মাটির রাস্তা মোরাম হয়েছে কিন্তু কোথাও পিচ হয়নি। কিন্তু গত পাঁচ বছরে প্রচুর ঢালাই বা পিচ এই রাস্তাগুলো এই সরকার করেছে। আমাদের মন্ত্রী এখানে উপস্থিত আছেন - হুগলী জেলাতে এই রকম প্রচুর রাস্তা হয়েছে, যেটা আমাদের প্রাক্তন মন্ত্রীও এখানে আছেন, ওনারা করে দিয়েছেন। সেই জায়গায় এ ভাবে এই বিলের মাধ্যমে সেই জায়গাটা শক্তিশালী হবে,স্বাভাবিকভাবই আগামী দিনের কৃষকদের যে অর্থনৈতিক ব্যবস্থা, সেই অর্থনৈতিক ব্যবস্থা আরও মজবুত হবে এবং বাংলার কর কাঠামো আরও মজবুত হবে। তাই এই বিলে সমর্থন জানিয়ে এবং যারা বিরোধীরা আছেন, সমর্থন করবেন কি করবেন না - তাদেরকে সমর্থনের আহ্বান রেখে আমি আমার বক্তব্য শেষ করছি নমস্কার।

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী যে বিল এনেছে, The West Bengal Agricultural Produce Marketing (Regulation)(Amendment) Bill, 2017। The West Bengal Agricultural Produce Marketing Regulation Act 1972, Bengal Act 10 (V)1972. আপনি যে বিল এনেছেন তার উদ্দেশ্য যেটা লিখেছেন সেটা মহত।

আপনার বিলকে আমি বিরোধিতা করছি না। কিন্তু আপনার যে রেক্টিফিকেশান দরকার সেটা আপনি আপনার স্তরে বসে ঠিক করে নিলে আমার মনে হয় ভাল হবে। আপনার আগের মন্ত্রী ছিলেন অরূপবাবু তিনি বোধ'হয় সময়-টময় দিতে পারতেন না, আপনি দায়িত্ব নিয়েছেন। আপনার আগের বাজেট বোধ হয় ২৮২ থেকে ২৮৫ কোটি টাকা ছিল ঠিক আছে। এই খানে আপনি এক জায়গায় বলেছেন।

"Aim to provide remunerative prices to the farmers". Good. ভালো, খুব ভালো লক্ষ্যণ। Including আমার ভাই মানস বলেছে, শুধু পশ্চিমবঙ্গে, না, শুধু পশ্চিমবঙ্গে নয় সারা বিশ্বের এক বিশাল স্থাপত্য। কী ঠিক বলছি মন্ত্রী মহাশয়? বলেছে সারা বিশ্বের, বিশ্বের বাইরে। ব্রহ্মাণ্ড, সারা ভারতবর্ষ এবং সারা বিশ্বে করতে পারবে। ভালো কথা কিন্তু এই জায়গায় আপনার কাছে। আমার একটা নিবেদন যে, আপনি ন্যাশনাল এবং ইন্টারন্যাশনাল বলছেন। এখানে আবার মাল্টি ন্যাশনালরা ঢুকে যাবেনা তো? আপনার কৃষকের অবস্থা কি? আমি আপনাকে দোষারোপ করছিনা। আপনার কৃষকের অবস্থা কি ? সে তার বীজ সম্বন্ধে ওয়াকিবহাল নয়। যা কেন্দ্রীয় সরকার ওয়াকিবহাল করে, ওয়েদার রিপোর্ট থেকে আরম্ভ করে সব করে। আপনি নিশ্চয় জানেন। আপনি বুদ্ধিদীপ্ত মানুষ, আপনি চেষ্টা করবেন।

এখানে ৫০৯ হেক্টর জমি হিট ব্লাস্ট হল। আপনার দপ্তরের মানুষরা বললো বাংলাদেশ থেকে বা কৃষি বিজ্ঞানীরা বললো বাংলাদেশ থেকে বীজ এনেই সর্বনাশ। আপনি জানেন কী না জানিনা, নিশ্চয় জানেন। তো এই সর্বনাশ হওয়ার মূলে কী ? আপনাদের দপ্তরে, আপনি নতুন, আপনাকে দোষারোপ করছিনা, আগের মন্ত্রীকেও দোষারোপ করছিনা। কী করবেন ২৮২-৮৫ কোটি টাকা বাজেট? বাকি টাকা তো নাচ-গানে ফুরিয়ে যাচ্ছে। আপনার থেকে সংস্কৃতি দপ্তরের, ঐ বসে আছেন ইন্দ্রনীলবাবু, ওঁর বাজেট বোধ হয় বেশী। সেই জায়গায় দাঁড়িয়ে এটা দেখুন। একটু দয়া করে দেখুন তাতে আপনার সরকার লাভবান হবে, উপকৃত হবে।

এক জায়গায় আপনি বলেছেন, "to issue of single licence", খুব ভালো। এ-বাড়ী ও-বাড়ী ঘুরতে হবেনা, রাইট ইউ আর, খুব ভালো। Single licence system ভালো হবে, খারাপ হবেনা। কিন্তু এই Single licence-র ফাঁক দিয়ে মাল্টি-ন্যাশনালরা ঢুকে যাবেনা তো? হ্যাঁ, যাবে। আমি খুব দায়িত্ব নিয়ে বলছি, মাল্টি-ন্যাশনালরা ঢুকে যাবে। আপনার ইনফ্রাস্ট্রাকচার-টা আমি বলি, আপনি জেনে নেবেন। আমাদের এম.এল.এ-রা যদি মনে করেন, আমরা সবাই সহযোগিতা করব। ... (নয়েজ) ... মহা-মুশকিল ! আমি বলছি তো চেয়ারম্যানের দরকার নেই, ডিফাঙ্কট। এই নতুন আইনে ডিফাঙ্কট হবে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের মাথায় চাটি মেরে সরিয়ে দেবে। আমি বলছি।

যে কৃষক বাজার আর মান্ডি তৈরী হয়েছে, আবু তাহের বলবেন আপনাকে, তার অবস্থা-টা কী ? আমি ছোট্ট করে বলি, মাননীয় মন্ত্রী একটু ধ্যান দেবেন। ভালো হবে আপনার। ... (নয়েজ)... বলতে দিন। না হলে মুখ্যমন্ত্রীকে খুশী করতে পারবেনা। বলুক ওঁরা। বলুক অসুবিধা নেই। ঠিক জায়গায় ঝাল লেগেছে। এটা তার প্রমাণ। তো আপনাকে বলি এই যে কৃষক বাজার, এই যে আপনার দপ্তর, আপনি না, আপনি করেননি সেন্ট্রাল গর্ভনমেন্ট পয়সা দিয়েছিল আপনার দপ্তরে, বেশ কয়েক কোটি টাকা। কী করবেন আপনি কিছু করার নেই। 280 crore থেকে 285 core। বাজেট বই-টা আছে আমার কাছে তো কৃষক বাজার, সব্জি মান্ডিতে সব্জি-টব্জি আসেনা। এখন মুখ্যমন্ত্রী বলে দিয়েছেন, ঐ ধান-টান মাঝে-মধ্যে আসে। আপনি ভালো করে খোঁজ নেবেন। আমি খুব দায়িত্ব নিয়ে বলছি। আমার এলাকায় আছে একটা। আমার বেশীর ভাগটাই শহরাঞ্চল, অল্প গ্রামাঞ্চল। একটা সব্জি মান্ডি আছে। নীল-সাদা রং হয়েছে। ... (নয়েজ) ... হ্যাঁ, অবশ্যই,

আমি নিজে ঝোলা নিয়ে বাজার করি, till today. এই জায়গায় দাঁড়িয়ে সব্জি মান্ডিগুলোতে সব্জি যায়না। বাস করে ছুঁচো, ইঁদুর, মাকড়সা। খোঁজ নেবেন। ভালো করে খোঁজ নেবেন। আপনার আইনে কোন চেক অ্যান্ড ব্যালেন্স নেই। এবারে আসছি আপনার ফরোয়াডিং ট্রেডিং। আপনি যা করতে চলেছেন এটা পাঞ্জাব, হরিয়াণাতে সাকসেসফুল। আমাদের রাজ্যে এখনও সাকসেসফুল নয়। পাঞ্জাব, হরিয়াণার কৃষকের যে লাইফ স্ট্রাইল, সিস্টেম, বাজারে আসা-যাওয়ার যে পদ্ধতি তা আমাদের রাজ্যে নেই।

এটা আপনি ভালো করে জানেন, আমরাও ভালো করে জানি- চোরা না শোনে ধর্মের কাহিনী- ধর্মের কাহিনী শোনো, লাভবান হবে। ফরওয়ার্ডিং- ট্রেডিং পাঞ্জাব-হরিয়ানায় হয়, এই ভারতবর্ষেই হয়। পাঞ্জাব - হরিয়ানায় যে সিস্টেমে চলে, আপনার সে সিস্টেম নেই। আমি আপনাকে দোষারোপ করছি না। ঘটনা হচ্ছে ফরওয়ার্ডিং- ট্রেডিং, আমি জানি জ্যোর্তিময়বাবু বলেছেন, আপনার এই বিলটা আমার ভাইয়েরা ভাল করে পড়েনি। মাছ, দুধ কৃষিপণ্যের বাইরে – ঠিক খুব ভাল। এখানে আপনি এক জায়গায় বলেছেন কি কি আছে আপনার প্রাইস লিস্টে? Paddy (except the limit mentioned in part-B), Rice (except the limit mentioned in part-B). Spar opptats লিস্টে আছে। কিন্তু কোন Check and balance নেই। মাল্টি ন্যাশনাল - আমার কৃষকদের কি আছে আপনি বলুন? সে ফড়েদের উপর নির্ভর করে। বাজারে - আপনাকে accuse করে বা। কাউকে দোষারোপ করে আমি বাহাদুরি নিতে চাই না। খুবই খারাপ অবস্থা। তিন হাত ঘুরে তার ফসল বিক্রি হয়। আপনি কোলে মার্কেটে আসুন। কোলে মার্কেটে যাবেন। সকালবেলায়। মুখ্যমন্ত্রী একদিন ঘুরেছিলেন, তারপরে ভোঁ-ভা। আপনি যাবেন, গিয়ে দেখবেন মুর্শিদাবাদ থেকে 708 গাড়ি চলে আসছে। সেই গাড়ি ফড়েদের পাল্লায় পড়ে বিক্রি হচ্ছে না। তারপরে বলছে এই দরে দেবা? সে চোখের জল মুছতে মুছতে ফিরে যাবে? কি করবে? ট্রাকের ভাড়া দিতে হবে, লেবার ভাড়া দিতে হবে। সেই জায়গায় সে বাধ্য হচ্ছে বেচতে। এখানে কলকাতার যে মার্কেট তা আপনার কন্ট্রোলে নেই। আপনি কন্ট্রোল করার চেষ্টা করুন। আমি বাস্তব কথা বলছি। আমি বাস্তবের মাটিতে দাঁড়িয়ে আপনাকে এই কথা বলছি। আপনি এখানে বললেন, মাস্টার্ড, সর্ষে বাঙালি চাষি পেঁয়াজ আলু সেদ্ধ ভাত খেয়ে বাঁচবে। সেই অবস্থায় থাকছে না। পোটাটো, অনিয়ন থাকছে না সেই অবস্থায়। আপনার জেলার আলু চাষিরা সবচেয়ে বেশি আত্মহত্যা করছে। এক টাকা, দেড় টাকা দরে - আপনি যান, ক্ষমতা নেই সরকারের। ভগবানও হাসবে। আপনি যান আপনার জেলায়। ভাল হবে আপনাদের যদি এটা ভাল করে দেখেন। In section 36C of the Principal Act in Sub section(1), after clause (d) the following clauses shall be inserted, autoa wafat একজায়গায় বলেছেন আমি আপনাকে বলি - এই যে মাদার বিল আমার কাছে আছে, মাদার বিলে Appellate Authority ছিল।

অ্যাপিলেট অথরিটি ছিল একজন অফিসার নট বিলো দি rank অফ সুপারিনটেন্ডডেন্ট অফ এগ্রিকালচার মার্কেটিং। তার পরবর্তী হচ্ছে গর্ভমেন্ট অফিসার। তার ডেজিগনেশান বলা নেই, তার rank বলা নেই। ভাল হবে, আপনি এই জায়গায়টায় একটু দেখুন।। আপনার অফিসাররা আছেন নিশ্চয় এখানে। তাদেরকে বলবেন যে, এখানে নেই। না হলে এই যে অ্যাপিলেট অথরিটি - এইখানে আপনার আইন চেঞ্জ হয়ে যাবে। সেই জায়গাটা আপনি একটু চেক দিন, না হলে কিন্তু অসুবিধা হবে। এইবার আপনাকে বলি, স্বামীনাথন কমিশনের রিপোর্ট আছে সেখানে। ইন্সটিটিউশানাল ক্রেডিট পাওয়া যায়, রেকমেন্ড করেছিলেন। আপনার দপ্তরে খোঁজ নেবেন, কোন কিছু করা হয় নি। এই জায়গাটা আপনি ঠিকঠাক করে দেখুন। আপনাকে লাস্ট একটা

কথা বলি, যেটা দরকার আছে সেই জায়গাগুলোতে চেক অ্যান্ড ব্যালেন্স দিন। ডাল, আলু, পিয়াজ, রসুন এই জায়গাটা ঢোকান এখানে। আমার ভাই বলছিল যে এই ৭৫ কোটি টাকা এটা কোন ব্যাপারই নয় মাল্টি ন্যাশানালদের কাছে। এটাকে আর একটু বাড়ান। যাতে সেখানে চট করে না মাল্টি ন্যাশানালরা ঢোকে চাষীর উপরে। - ঐ যে আগের সিস্টেম ছিল ইংরেজ আমলে নীল চাষের মত, তা যেন না বর্তায় আপনার চাষীর উপরে আপনার আইনের মাধ্যমে। এই পাপের বোঝা আপনি বইবেন না, দয়া করে বলছি আপনাকে। এই আইন যদি করেন তাহলে আজকের দিন, ক্ষণ, তারিখ দিয়ে লিখুন তপনবাবু, এই আইনটা আনলে আপনার চাষী নীল চাষীদের জায়গায় চলে যাবে। পশ্চিমবাংলার সুজলা-সুফলা মাটি, সেইখানে নীলকরের মত সাহেবরা ঢুকে যাবে। তাই আপনার এই বিলকে আমি সমর্থন করছি, কিন্তু আপনি কিছু চেক অ্যান্ড ব্যালেন্স দিন। জানি না আপনাকে সেই অধিকার দেবে কি না। অ্যাপিলেটেড অথরিটিটা আপনি চেঞ্জ করুন। আপনি পরামর্শ করে নিন ১-২ মিনিট সময় নিয়ে, অসুবিধা কিছু নেই। এই কথা বলে, আপনি নতুন মন্ত্রী হয়েছেন, আপনাকে ধন্যবাদ জানিয়ে, আগামীদিনে আমাদের কাজ করবেন। এই এগ্রিকালচার মার্কেটিং দপ্তর যা ঘুমিয়ে ছিল হাওড়ার অরূপবাবু আমলে, দয়া করে সেটাকে জাগাবেন। আপনিও গ্রাম বাংলার মানুষ, আপনি দয়া করে জাগাবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় উপাধ্যক্ষ মহোদয়,আপনাকে শ্রদ্ধা জানিয়ে আজ পবিত্র সদনে মাননীয় মন্ত্রী তপন দাশগুপ্ত মহাশয় যে বিল নং- ৯ অফ ২০১৭ – The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 2017 সদনে যেটা এনেছেন তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে গুটি কয়েক প্রতিবেদন উপস্থাপন করছি। ইতিপূর্বে আমরা দেখছিলাম, একেবারে সভার প্রারম্ভে কক্ষ সমন্বয়ের মধ্যে দিয়ে দীর্ঘদিনের যে রেওয়াজটা চালিয়ে আসার চেষ্টা করছিলেন, আমাদের মাননীয় সি.পি.এম. এবং কংগ্রেস বন্ধুরা কক্ষ সমন্বয় করে জিনিসপত্রের বৃদ্ধির কারণটাকে দর্শিয়ে স্থান ত্যাগ করেছিলেন, আনন্দ সংবাদ তারা আবার হাউসে এসেছেন, আলোচনায় অংশগ্রহণ করছেন সাধুবাদ জানাই, ধন্যবাদ জানাই। আমি স্যার, যেটা বলতে চাইছি যে, একটি সরকারের অভিমুখটা কি ? সেটা জানা দরকার। একটি নতুন গর্ভমেন্ট - যে সরকার বিগত ৫ বছরের দায়িত্ব পালন করেছে মাত্র ৩৪টা বছরের পরে এবং পরবর্তীকালে নতুন ২০১৬ সালের নির্বাচনের মধ্যে দিয়ে জনগনের আশীবাদ নিয়ে আবার কাজ করা শুরু করেছেন।

[12.20 pm – 12.30 pm]

এই অল্প পরিসর সময়ের মধ্য দিয়ে, মাননীয়া মুখ্যমন্ত্রীর শুভ প্রয়াসের মধ্য দিয়ে আন্তরিক যে সদিচ্ছা পোষণ করেছেন এখানে আমাদের সি.এম.এমে-এর বন্ধুরা তা মেনে নিতে পারেনি। কিন্তু এখানে আন্তরিক সদিচ্ছা যদি না থেকে থাকে তাহলে তাকে বাস্তবে রূপ দেওয়া সম্ভব হবে না। আমি তাদের উদ্দেশ্যে বলি আন্তরিক সদিচ্ছা বাংলাকে ভালোবেসে, বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যিনি আজকে চেষ্টা করে যাচ্ছেন, তা প্রতিটি ছত্রে ছত্রে কাজের মধ্য দিয়ে বাংলার উন্নয়ন সংগঠিত হচ্ছে, সেটা আপনারা সকলেই উপলব্ধি করতে পারছেন। ফলে এতে সদিচ্ছার অভাব থাকলে কখনও যে এই কাজ করা যায় না সেটা নতুন করে বলার অপেক্ষা থাকে না। এখন আমি আজকে বিলের প্রসঙ্গে আসছি। এই বিলের প্রেক্ষিতটাকে যদি আমরা পর্যালোচনা করি, দীর্ঘ পাঁচ বছর ধরে একটা ভেঙ্গে পড়া অচলাবস্থা থেকে বাংলাকে তুলে নিয়ে আসার জন্য কৃষি ক্ষেত্রে যেখানে প্রায়। আশি শতাংশ মানুষ নির্ভর করে থাকে, তাদেরকে স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য, বিগত দিনের অচলাবস্থার অবসান ঘটিয়ে, নতুন নতুন গবেষণার মধ্য দিয়ে এবং

সেখানে যে সমস্ত বীজগুলোকে নতুন করে উৎপাদন করা সম্ভব হচ্ছে, সেগুলোকে কৃষকদের মধ্যে বণ্টন করে দেওয়া এবং তার পরবর্তীকালে আমরা দেখেছি যে কৃষিপণ্যটা যাতে ভাল করে উৎপাদিত হয়, তারজন্য রাসায়নিক সারকে বর্জন করে জৈব সারকে বিশেষ করে গুরুত্ব দেওয়া দরকার। তারজন্য দেখতে পাচ্ছি যে আজকে কেঁচো সার, কম্পোজ সার, এই সারগুলোকে নিয়ে আসা। বিশেষ করে আমরা দেখতে পাচ্ছি। যে সয়েল হেল্থ কার্ড, এস.এইচ.সি, যেটা এই মার্চের মধ্যে প্রায় বাইশ লক্ষ কৃষকদের কাছে তুলে ধরা যাবে। জমির অবস্থানগত দিকটা কি অবস্থা থেকে গেছে, সেটা যদি আজকে আমরা সঠিকভাবে না জানি, তাহলে এটাতে আমি পূর্ণাঙ্গভাবে কৃষকদের সহায়তা করতে পারব না। দরদী মুখ্যমন্ত্রীর বিশেষ। প্রয়াসের মধ্য দিয়ে বাংলায় যেভাবে ফসল বীমা যোজনা,এই যোজনার যে টাকাটা রাজ্য সরকারের। মাধ্যম দিয়ে কৃষকদের হাতে তুলে দেওয়ার যে প্রয়াসটা চলছে এবং আমরা এই বীমাকরণের মধ্য দিয়ে চাষীদের মধ্যে যে নতুন উৎসাহ-উদ্দীপনা তৈরি করার চেষ্টা করছি, সে কারণের জন্য আজকে কৃষি পদ্ধতিতে উন্নয়ন সংগঠিত হয়েছে বলে পরপর চার বছর ধরে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কৃষি কর্মণ উপাধিতে ভূষিত করেছে। এটা আজকে নতুন কথা নয়। একদিকে ডালশস্য থেকে আরম্ভ করে তৈলবীজ থেকে আরম্ভ করে ভুট্টা চাষের ক্ষেত্রে এবং সমস্ত ক্ষেত্রে যাতে উন্নয়ন সংগঠিত হয় তারজন্য। আজকে চেষ্টা চালিয়ে যাচ্ছেন মা মাটি মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর শুভ প্রয়াসের মধ্য দিয়ে। এই কারণের জন্য আজকে ব্যাপক পরিমাণে ফসল উৎপাদিত হচ্ছে। এই ফসল উৎপাদন যত বেশি পরিমাণে হচ্ছে, ততই আমরা দেখতে পাচ্ছি যে কৃষকরা যাতে তাদের উৎপাদিত ফসলের ন্যায্য দাম পায়, তারজন্যই রাজ্য সরকারকে আজকে নতুনভাবে চিন্তা-ভাবনা করতে হয়েছে। ১৯৭২ সালের আইনটা এসেছিল, ২০১৪ যে সালে বেশ কিছু জায়গায় মা মাটি মানুষের সরকার আসার পরে তাকে অ্যামেন্ডমেন্ট করেছে। কিন্তু বর্তমানের প্রেক্ষিতটা সেই পরিপ্রেক্ষিতে আমাদের আজকে এটাকে আরও বেশি সংশোধনের প্রয়োজনীয়তা আছে বলে মাননীয় মন্ত্রী এই সংশোধনী বিলটা আমাদের সামনে। উপস্থাপন করেছেন। আপনারা ইতিমধ্যে বলছিলেন যে আজকে কৃষক বাজার যেগুলো তৈরি হচ্ছে, অল্প সময়ের মধ্যে বেশ কিছু জায়গায় প্রায় ১৬৫টি কৃষক বাজার তৈরি হয়েছে, সেই জায়গায় সামগ্রিক ভাবে কৃষকদের উপযোগী করে গড়ে তুলতে হলে, বিভিন্ন প্রান্ত থেকে প্রচারের মাধ্যমে কৃষিপণ্যগুলোকে যাতে আস্তে আস্তে নিয়ে আসা যায়, তারজন্য নিশ্চয় একটা সময় লাগতে পারে। সেই সময় নিশ্চয় আমাদের দিতে হবে। আজকে কৃষিপণ্য যেমন শুধু সব্জির ক্ষেত্রে হবে না অন্যান্য আনুষঙ্গিক জিনিস বিক্রয়ের ব্যবস্থা সেখানে থেকে গেছে। সেই কাজগুলোকে সঠিকভাবে করার জন্য নিশ্চয় একটা সময়ের উপযোগী থেকে যায়। সেই কারণের জন্য ১৬৫টি কৃষক বাজারের ক্ষেত্রে ১৪৯টিতে প্রকিওরমেন্ট হচ্ছে সি পি সির মাধ্যমে, ধান সংগ্রহের চেষ্টা চালানো হচ্ছে। আস্তে আস্তে এটাকে বিশেষ জায়গায় নিয়ে যাওয়া হবে। এই নতুন বিল আসার আগে পর্যন্ত আপনারা স্মরণ করে দেখবেন মা মাটি মানুষের সরকার যাতে কৃষকরা ফসলের ন্যায্য মূল্য পায়, ফাটকাবাজীতে যাতে ভরে না যায়, যেটা আপনারা বারবার করে বলার চেষ্টা করেছেন, তাকে প্রতিরোধ করার জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন।

ইতিমধ্যে আপনারা জেনেছেন যে সুফল বাংলা, এই সুফল বাংলা ত্রিশটি। ত্রিশটির মধ্যে ১৯টা ভ্রাম্যমান আর ১১টার স্থায়ী বন্দোবস্ত করা হয়েছে। এই সুফল বাংলার কথা আমি জানি আপনারা অস্বীকার করলেও করতে পারেন। আমি জানি পাথরপ্রতিমার প্রত্যন্ত এলাকা থেকে সমবায়ের মাধ্যমে চারটি সমবায়, কৃষি উন্নয়ন সমিতি সেখান থেকে কৃষিপণ্য সবজি গুলিকে তারা সেখানে নিয়ে আসে। দেশি মুরগির ডিম, ভাল চাল, মুড়ি এখানে একেবারে জেলা সদরে সেগুলি বিক্রি করে।আজকে এই কৃষকদের দাম পাইয়ে দেওয়া এবং মূল্যটাকে নিয়ন্ত্রণ করার

চেষ্টা করছে। যখন ফাটকা বাজার হচ্ছে তখন মাননীয়া মুখ্যমন্ত্রী বাজারে বাজারে গিয়ে নিয়ন্ত্রণ করার চেষ্টা করেছেন। তাঁর চেষ্টার কোনদিনও ত্রুটি হয়নি। কোনদিক থেকে তিনি বসে থাকেননি। তিনি বিশ্ব বাংলার মাধ্যমে পশ্চিমবাংলার যা যা কৃষ্টি আছে, সভ্যতা, সংস্কৃতি থেকে আরম্ভ করে এখানকার সমস্ত পণ্যগুলিকে বিশ্বের দরবারে যাতে পৌছে দেওয়া যায় তারজন্য তিনি চেষ্টা করছেন। এই বিষয়ে নতুন করে কিছু বলার অপেক্ষা থাকে বলে আমি মনে করি না। আজকে ফাটকাবাজির ব্যাপারটা নিয়ে সমালোচনা হচ্ছে, এই ফাটকাবাজি রোধ করবার জন্য নতুন ভাবে চিন্তা ভাবনা করার সুযোগ এসেছে। সেই সুযোগটা নিয়ে চেষ্টা করা হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি স্টেটমেন্ট অফ অবজেক্ট অ্যান্ড বিজেনস সেখানে মূল বিষয়ে গুরুত্ব আরোপ করা হোক সেখানে আমরা দেখতে পাচ্ছি যে ভারত সরকার কৃষিজ পণ্য বিপণন ব্যবস্থাকে সুগম করার লক্ষে জাতীয় কৃষি বাজার ন্যাশানাল এগ্রিকালচারাল মার্কেট নামে জাতীয় স্তরে কৃষিপণ্য অন-লাইনে বেচাকেনার সুবিধা সম্পন্ন একটি ই-বাজার ই-প্লাটফর্ম প্রকল্প চালু করেছে। অতএব এর সুযোগ নেওয়ার জন্য বর্তমান পরিস্থিতিতে আমাদের মার্কেটিংয়ের ব্যাপারটা ছিল সেখানে কিছু সংশোধনী আনা হয়েছে। এই সংশোধনীর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় গুলি হচ্ছে অন-লাইনে বেচাকেনার সুযোগ, সুবিধা আমরা ভোগ করতে পারব। ছুটেছুটে সব জায়গায় বেচাকেনার জন্য কৃষকদের দৌড়তে হবে না। অন-লাইনএর সুযোগ সুবিধা তারা ভোগ করতে পারবেন। রাজ্যে সমস্ত বাজারে কেনাবেচার জন্য একটি মাত্র লাইসেন্স দেওয়া, যেখানে আমরা দেখতে পাচ্ছি শিল্পের ক্ষেত্রে যেমন হয়েছে তেমনই কৃষিপণ্য ক্ষেত্রকে একই ছাতার তলায় আনার জন্য রাজ্য সরকার চিন্তা ভাবনা করেছে। সেই কারণের জন্য একটি মাত্র লাইসেন্স প্রদান কেন্দ্রকে গ্রহণ করা হয়েছে। রাজ্যের অভ্যন্তরে সমস্ত কেনাবেচার উপর একটি জায়গা থেকে মার্কেট ফি সংগ্রহণের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। প্রশাসনকে কৃষকদেরকে পূর্ণাঙ্গ সহযোগিতা করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। বেশ কিছু পণ্যের ক্লাসিফিকেশন এখানে লিপিবদ্ধ করা হয়েছে। সেই পণ্যগুলিকে বিভিন্ন জায়গায় বিভিন্ন ভাবে সেটাকে আমরা ক্রয় করতে পারব। ধান, আলু, পেয়াজ বাড়তি উৎপাদনে বিক্রির জন্য আমাদের ভাবতে হবে না, আমরা বিক্রি করার সুযোগ পাচ্ছি। কৃষকদের জন্য বিশ্ববাজার খুলে দেওয়া হচ্ছে। অনেক উৎপাদন হয়ে গেলে সেই মূল্য শেষ পর্যন্ত কৃষকরা পায় না কিন্তু আজকে যদি পুরুলিয়া, বাঁকুড়ার মতন শুষ্ক এলাকায় জলতীর্থের মাধ্যম দিয়ে কৃষকদের জল পৌছে দেওয়ার জন্য যে সমস্ত চেকড্যামের ব্যবস্থা করা হয়েছে তাতে কৃষকরা উৎসাহিত, আনন্দিত, উদ্বেলিত। যেখানে কোন দিন শস্য উৎপাদন করতে পারত না এখন সেখানে প্রচুর পরিমাণে শস্য উৎপাদিত হচ্ছে এবং সেই উৎপাদনের ক্ষেত্রে আমরা যেটা অভাব বোধ করছি সেখানে যদি মার্কেটিংয়ের সুযোগ না থেকে থাকে এতবেশি পরিমাণে ফসল উৎপাদিত হচ্ছে যা আমাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ। আজকে এই সুযোগটা এনে দেওয়ার জন্য ঘরে বসে তার মাল সে সহজেই বিক্রি করতে পারবে। পশ্চিমবঙ্গের অন্তর্গত যে কোন জায়গা থেকে লাইসেন্স হোল্ডার হয়ে গেলে তাকে বাঁকুড়া, পুরুলিয়া বা অন্য কোন রাজ্যে যদি যেতে পারে সেখানে তার কোন অসুবিধা হবে না। যে জায়গায় যাবে সেই জায়গায় তাকে আর লাইসেন্স নেওয়ার দরকার নেই এবং তারজন্য বেশি লেভি দেওয়ার প্রশ্ন থাকে না। এই যে অনবদ্য একটা চিন্তা ভাবনা যেটা এই বিলের মধ্যে দিয়ে উপস্থাপন করা হয়েছে এটা একটা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ অধ্যায় এবং এই গুরুত্বপূর্ণ অধ্যায়কে আরো কার্যকরী করবার জন্য আমরা নিঃসন্দেহে একে স্বাগত জানাব।

[12.30 pm – 12.40 pm]

রাজ্যের সব বাজারে একটি মাত্র লাইসেন্স থাকলে কোন এক ব্যবসায়ী রাজ্যের কৃষকদের উৎপন্ন সামগ্রী কিনে নিতে পারবে এবং বাইরে সেই মালগুলিকে বিক্রি করার ক্ষেত্রে যে সমস্যা

হত, সেই সমস্যা এখন থেকে অনেকটা উবে যাবে। এটা আমাদের কাছে। একটা বিরাট গুরত্বপূর্ণ দিক বলে আমরা মনে করতে পারি। আজকে বিশ্ব বাংলা ব্যাংক - এর মধ্যে আপনারা বলছেন মাননীয়া মুখ্যমন্ত্রী কি করছেন ? আমি আপনাদের প্রশ্ন করি, আজকে এই বিলটা আসার আগে পর্যন্ত অবস্থাকে নিয়ন্ত্রণে আনার জন্য কৃষকদেরকে সাপোর্ট করার জন্য তিনি চেষ্টা করেছেন। বিশ্ব বাংলা ব্যাংকের মাধ্যমে আমাদের এখানকার দেশীয় পণ্যগুলোকে আজকে বিদেশের বাজারে বিক্রি করবার জন্য চেষ্টা করা হয়েছে। আজকে পিছিয়ে পড়ে থাকা - যেখানে আজকে আমরা দেখতে পাচ্ছি মঞ্জুষা থেকে আরম্ভ করে তন্তুজ থেকে আরম্ভ করে তারা আজকে বিশ্বের দরবারে নিজেদেরকে প্রতিষ্ঠিত করে নিতে পেরেছে এই বিশ্ব বাংলা ব্যাংকের সৌজন্যে। তেমনিভাবে এখানকার যে পণ্যগুলো - আমাদের সে সজনে ডাঁটা থেকে শুরু করে, তেমনিভাবে কচুর লতি হতে পারে, বা কলার মোচা হতে পারে, যেটা আমাদের কাছে খুবই প্রিয় - যেটা বিদেশের বাজারে বিক্রি করবার জন্য ইতিমধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে ব্যবস্থা গ্রহণ করেছেন, যদিও এটা কষ্টকর এবং অর্থবহ - তার হাত থেকে বাঁচানোর জন্য এইভাবে অন লাইনের যদি ব্যবস্থা এসে যায়, তাহলে নিঃসন্দেহে আমরা এখান থেকে অনেক বেশি সহযোগিতা করতে পারব। নতুন বিলে ভাগ করে দেওয়া হচ্ছে কৃষিপণ্যে। এখানে কোন কোন কৃষিপণ্যের উপরে আমরা এগুলোকে বিক্রি করতে পারব, সেই কৃষিপণ্যের সিডিউলগুলো আমরা এখানে তুলে ধরতে সক্ষম হয়েছি। পাশাপাশি আইনের সুবিধে দিতে প্রশাসনিক সহযোগিতা অবশ্যই কৃষকরা এখান থেকে পাবে বলেই আমাদের বিশ্বাস। এই বিলের মধ্য দিয়ে সেটাই প্রতিভাত হয়েছে। কোন নির্দিষ্ট এরিয়ায় সচিবের পদের থেকে গুরুত্ব পাবে স্টেট মার্কেটিং বোর্ডের সি.ই.ও। তাকে এই ক্ষমতা দেওয়ার জন্য বিশেষভাবে গ্রহণ করা হয়েছে। ফলে এই দিক থেকে আমরা নিঃসন্দেহে বলতে পারি যে এই বিলটা একটা গুরুত্বপূর্ণ এবং ঐতিহাসিক বিল হিসাবে চিহ্নিত করা হয়েছে। আজকে আমরা দেখতে পাচ্ছি স্যার যে বিভিন্নভাবে যে এ্যামেন্ডমেন্টগুলো রয়েছে এই এ্যামেন্ডমেন্ট অফ সেকশান ৩০ - এই সেকশান ৩০তে সাবসেকশান ওয়ানে - এখানে কি বলা হয়েছে ? "licence issued in this behalf by the market committee, the words "licence valid for single market area issued by the market committee, or single licence valid for more than one market areas issued by the Board" shall be substituted;" az apot সরলীকরণের মধ্য দিয়ে যাতে কোন প্রকারে আমাদের অসুবিধা না হয় তারজন্য আজকে বিশেষভাবে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই বিলের প্রত্যেকটি ছত্রে - ছত্রে যে যে সুযোগগুলোকে দেওয়ার কথা হয়েছে তা সুন্দরভাবে প্রকটিত হয়েছে। এখানে আমরা দেখতে পাচ্ছি সেকশান ২, ১৩ থেকে ১৭, ১৭ (এ), ১৭(বি), ১৭ (ডি), ১৯ এবং ২০,২৪(এ), ২৫ এবং ৩৪ নম্বর ধারাগুলি যে সেকশানগুলোকে দেওয়া হয়েছে সুন্দর করে কোথাও - কোথাও সংযোজন করা হয়েছে, কোথাও - কোথাও সংবর্জন করা হয়েছে এবং যেসমস্ত ট্রেডার বছরে ৭৫ কোটি টাকা ইনকাম করবে তাদের জন্য। প্রায় ৬% লেভি যাতে পাওয়া যায় তারজন্য এই বিলের মধ্যে অবস্থান তৈরি করা হয়েছে। ফলে সমস্ত দিক থেকে একটা গুরুত্বপূর্ণ বিল, একটা ঐতিহাসিক বিল হিসাবে চিহ্নিত হয়েছে। মা মাটি মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী দরদী মুখ্যমন্ত্রী বলে তিনি যে স্বপ্ন দেখেন বাস্তবে সেই স্বপ্নটাকে প্রতিষ্ঠিত করবার জন্য চেষ্টা করেছেন। এই চেষ্টার ফসলটা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে পারে বলে সাধারণ মানুষের আশীর্বাদে ক্রমান্বয়ে মা মাটি মানুষের সরকার আরও পরিবর্তিত হচ্ছে আরও শীর্ষে চলে গেছে। এই কারণের জন্য এই বিলকে পূর্ণাঙ্গ সমর্থন করে আমার ক্ষুদ্র বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।।

শ্রী আবু তাহের খান : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী তপন বাবু এই পবিত্র সদনে The West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment)

Bill, 2017 -যে বিলটি নিয়ে এসেছেন, সেটাকে সমর্থন না করার কিছু কারণ নেই। কারণ ওনার চিন্তা - ভাবনা নিশ্চয়ই ভাল এবং কাজ করতে গিয়ে পদে পদে যে বাধা পাচ্ছে সেগুলো দূর করার জন্যই এই বিলটি এসেছে। কিন্তু দুর্ভাগ্য আমাদের এর আগে যিনি মন্ত্রী ছিলেন ৫ বছর অতিবাহিত হয়েছে, অনেক আগেই এই বিলটি আসা উচিত ছিল। এই দপ্তরের যারা দায়িত্বে ছিলেন তিনি সেইভাবে নিশ্চয়ই দেখেননি। আজকে ঘুম ভেঙ্গেছে। গত বছরের বাজেট বক্তব্যের সেখানে কিন্তু বলা আছে যে - এটা আশু প্রয়োজন। বাজেট বক্তৃতায় বলেছিলেন এক বছর আগে। সেই বাজেট বক্তৃতাটা আছে, বাজেট স্পিচটা মন্ত্রীর।

সেখানে উনি বলেছিলেন যে এই এই পরিবর্তন না করলে কাজের ক্ষেত্রে অনেক অসুবিধা হচ্ছে। সরকার অতি শীঘ্রই এটা পরিবর্তন আনবে, অ্যামেন্ডমেন্ট আনবে। কিন্তু দুর্ভাগ্য আমাদের এক বছর পার হয়ে গেল, কালকে আবার নতুন বাজেট আসছে, তখনই এই পরিবর্তনের কথাটা মনে পড়েছে। তাহলে এই দপ্তর যে কত অবহেলিত নিশ্চয়ই আমরা সকলে অনুমান করছি। মাননীয় মন্ত্রী নতুন এসেছেন, তার তৎপরতা নিশ্চয়ই গ্রহণযোগ্য। আমরাও মনেকরি, গোটা বিশ্বে যখন বাজার উন্মোচিত হচ্ছে, গোটা ভারতবর্ষে বেশিরভাগ স্টেটে এটা অনেক আগেই চালু হয়েছে। আমরা বোধহয় ১৩-১৪ নম্বরে পড়লাম। অনেক দেরিতে হলেও ঘুম ভেঙ্গেছে সেই জন্য আপনাকে অবশ্যই আমরা ধন্যবাদ জানাই। কারণ অনেক আগে এটা করা উচিত ছিল। গোটা ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে অন্যান্য রাজ্যে এটা অনেক আগে চালু হয়েছে যেমন, তেমন সেখানকার কৃষকরা, সেখানকার ব্যবসায়ীরা। একে অপরের পণ্য কেনার সুযোগ পাচ্ছে। একই লাইসেন্স প্রথায় বিভিন্ন জায়গায় তাকে হয়রাণি হতে হচ্ছে না, এটা তুলে দেওয়া হয়েছে। আগে যেটা হত একটা স্টেজ থেকে আর একটা স্টেজে গেলে নতুন করে মার্কেটিং-এর দায়িত্বে পড়ত একটা এরিয়া। একটা এরিয়ার মধ্যে এটা সীমাবদ্ধ ছিল। আজকে সেই এরিয়া থেকে আপনি বেরিয়ে এসে পশ্চিমবঙ্গের কথা ভাবছেন এবং একটা লাইসেন্সে গোটা বাংলায় ব্যবসা করা যাবে, একটা লাইসেন্সে গোটা ভারতবর্ষে ব্যবসা করা যাবে। এটা করা অনেক আগেই উচিত ছিল। কিন্তু আজকে করছেন এর জন্য আমরা সাধুবাদ জানাই, এর জন্য আপনাকে ধন্যবাদ জানাই। প্রয়োজন ভিত্তিক এটা করা প্রয়োজন। কিন্তু তার সঙ্গে এটাও বলব যেখানে ২ পার্সেন্ট ছিল, সেখানে ৬ পার্সেন্ট করে দেওয়া হল। এক লাফে অনেক গুন বাড়ানো হল। এটা কি ইনকামের জন্য? আজকে এই দপ্তরে অন্তত পক্ষে যখন কৃষকদেরকে ছাড় দেওয়ার কথা বলা হচ্ছে, কৃষি পণ্যকে গোটা বাংলার বিভিন্ন প্রান্তে, ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে সহজলভ্য করে পৌঁছে দেওয়ার কথা বলা হচ্ছে। সেখানে যদি ৭৫ কোটি টাকার উপরে যারা ব্যবসা করবে তাদের উপরে ৬ পার্সেন্ট চাপিয়েছেন। এক মাসে ৬ কোটি টাকা। সামান্য ব্যাপার, যারা ভারতবর্ষে ব্যবসা করবে, ইন্টারন্যাশানাল ব্যবসা করবে তাদের জন্য ২ পার্সেন্ট থেকে ৬ পার্সেন্ট বাড়িয়ে দিচ্ছেন। এটার কি প্রয়োজন ছিল বলুন তো? নিশ্চয়ই লেভি এই ভাবে বাড়ানোটা ঠিক হচ্ছে না। এটা কমানো উচিত ছিল। সেই ২ পার্সেন্টে রাখলে আমরা আরো খুশি হতাম। মাননীয় মন্ত্রীকে বলব সেদিকে অন্তত বিশেষ জোর দেবেন। এমনি বাংলার কৃষকরা অবহেলিত। আজকে কৃষকমান্ডি গুলো আপনি তৈরি করেছেন। সেখানকার অবস্থাগুলো দেখুন। সেখানে কারোর সঙ্গে আলোচনা হল না। ব্লকের কোন প্রান্তে এই কৃষি খামার গুলো ছিল। অথচ সেই কৃষি খামার গুলো হঠকারি ভাবে নিয়ে নেওয়া হল। তার ইনফ্রাস্ট্রাকচার কি আছে, কোথায় অবস্থান, সেখানে বাজার চলবে কি চলবে না কোনো তদন্ত হয়েছে ডিপার্টমেন্টে? এত টাকা গভর্নমেন্টের খরচা হল সেটা শেষ হয়ে গেল। সেন্ট্রাল গভর্নমেন্টের আর.কে.ভি.ওয়াই-এর এত টাকা তা শেষ হয়ে গেল। এটা দুর্ভাগ্যজনক। কৃষি খামার গুলোতে আমাদের সুন্দর ফসল তৈরি হত। সেখানে বীজ খামার, উন্নত মানের বীজ তৈরি হত। অথচ কোন জায়গা নেওয়া হবে,

কোথায় তৈরি হবে ব্লক লেভেলে, জেলা লেভেলে কারোর সঙ্গে কোনো বৈঠক হল না, কোনো কমিটি হল না, জায়গা চিহ্নিতকরণ হল না। বিলডিং তৈরি করলেন কনট্রাকটরদের জন্য, সেটা সেই তিমিরেই থাকল। কে করবে? একটা নাইট গার্ড অ্যাপয়েন্টমেন্ট হয়েছে? আপনারা বলুন একটা নাইটগার্ড অ্যাপয়েন্টমেন্ট হয়েছে? সিভিক ভলেনটিয়ার্সকে দায়িত্ব দিয়েছেন। ৪,৫,৬ জন করে তারা দায়িত্ব নিয়ে দেখছেন। সেখানে কে দেখভাল করবে? সেখানে কি ইনফ্রাস্ট্রাকচার আছে? সেখানে এ.ডি.ও. অফিস গুলোই ঠিক মতো চলেনা। সেখানে কর্মচারী নেই। তারপরে আবার কৃষকমান্ডি চাপিয়ে দিলেন। একটা বিশাল এলাকা ঘিরে একটা বিজনেস। কোথায় ব্যবসা? সেখানে ঠিকাদারি ছাড়া তো কিছুই হল না! কয়েকটাতে ধান কেনা হচ্ছে বাকি গুলো তো সব বন্ধ হয়ে পড়ে আছে। আমার ব্লকে আমি উদ্বোধন করেছি। যেদিন আমি উদ্বোধন করেছিলাম সেদিন কিছু চাষিদেরকে নিয়ে গিয়ে কিছু ফসল নিয়ে গিয়ে চেষ্টা করেছিলাম বিক্রি করার। কিন্তু এক কেজিও বিক্রি হয়নি। সেখানে কোনো কৃষক যেতে চাইছে না। মাঠের মধ্যে দূর দূরান্তে একটা প্রান্তে কি কৃষকমান্ডি চলতে পারে? কোনো ইনফ্রাস্ট্রাকচার নেই, কে দেখভাল করবে বলুন তো? এই দপ্তরটা কে দেখবে? টাকাটা খরচ হয়ে গেল বাস্তবে তার কোনো বাস্তবিকতা আছে? এটা দখভাল করার দায়িত্ব তো দপ্তরের। আমরা ভাবছি কৃষকদের জন্য অনেক কিছু করব। আপনার বাজেট দেখছিলাম গত বারে ২৮৫ কোটি টাকা।

[12.40 pm – 12.50 pm]

১৩০ কোটি টাকা সেন্ট্রাল গভর্ণমেন্টের আর.কে.ভি.ওয়াই. স্কিমের টাকা। এই সামান্য টাকা দিয়ে গোটা বাংলার এই পরিবর্তনকে সামাল দিতে হবে। তার সঙ্গে আছে রাস্তাঘাট - কৃষকদের উৎপাদিত পণ্য বাজারে পৌঁছে দেওয়ার জন্য। আজকে চাষীরা আত্মহত্যা করছে। আজকে আলুর দাম ১ টাকা কে.জি.। এখানেও যদি কৃষকদের ভর্তুকি দিতে হয় তাহলে কি ভাবে সামলাবেন ? পিঁয়াজের দাম মাত্র ৩ টাকা কেজি, যেখানে ১ কেজি পিয়াজ উৎপাদনে খরচ পড়ে ৬ থেকে ৭ টাকা। এমনিতেই নোট বন্দির খামখেয়ালিতে কৃষকরা মার খেয়েছে। যখন কৃষক চাষ করবে, সেইসময় টাকার অভাবে চাষ করতে পারেনি। তারপর দেখুন পাট। পাট ওঠার সময় ৪ হাজার টাকা কুইন্টাল ছিল, আজকে সেটা ২০০০, ২২০০ টাকা কুইন্টাল। কোথায় যাবে কৃষকরা ? আবার ধান কেনা নিয়ে যে গল্প বলা হচ্ছে, সেটা গল্পই থেকে যাচ্ছে। দালাল, ফড়েদের জন্য কৃষকরা সেখানে যেতে পারছে না বিক্রি করতে। মিল মালিকরা এই চাষীদের শোষণ করছে। কে দেখছে এসব? এই দপ্তর কি করছে ? আজকে বাংলায় চাষীরা যে এত অবহেলিত, সেটা কে দেখবে? টমেটো ২/৩ টাকা কেজি। ১ টাকা কেজি কপি, তাও লোকে কিনছে না, গরুকে খাইয়ে দিচ্ছে। এই মা-মাটি-মানুষের সরকার গরীবের, কৃষকের উন্নয়ন করবে। বলেছে। আজকে কোন কৃষক, কোন গরীব আপনার দপ্তরের দ্বারা উপকৃত হচ্ছে ? শুধু আইন নিয়ে আসব, আইন কথা বলবে, তা তো নয়। সব কিছু আইনে হয় না। বাস্তব বাস্তব। সেই বাস্তবের মুখে দাঁড়িয়ে আমরা যারা বিধায়ক আছি তাদের বলতে হবে কেন আজকে কৃষক অবহেলিত। মহারাষ্ট্রে তুলা চাষীদের সরকার থেকে অনুদান দেওয়া হয়। পাঞ্জাবে চাষীদের অনুদান দেওয়া হয়। হরিয়ানায়, যেখানে চাষের জল নেই, সেখানে বিনা পয়সায় জল দেওয়া হয়। আর সেখানে বাংলার কৃষকরা কোথায়? আজকে আপনারা ক্লাব নিয়ে মেতে আছেন, ব্লকে ব্লকে খেলা, উৎসব নিয়ে মেতে আছেন, কিন্তু বাংলার কৃষকরা যে তিমিরে দাঁড়িয়ে আছে, সেখানে আপনার দপ্তর কৃষকদের কোন সাহায্য সহযোগিতা করেছে? আইন পরিবর্তন করা নিশ্চয় প্রয়োজন, প্রয়োজনের তাগিদে করতেই হবে, কিন্তু বাস্তবকে তো মেনে নিতেই হবে। সেই বাস্তবের মুখোমুখি দাঁড়িয়ে এই সরকারের কাছে বাংলার মানুষের অনেক আশা প্রত্যাশা, বাংলার মানুষ মা-মাটি- মানুষের সরকারের মুখের দিকে

তাকিয়ে আছে। এই সরকার পাঁচ বছর পেরিয়ে আরও পাঁচ বছরের জন্য আছে, আগামী দিনে যদি ভালো কাজ করেন তাহলে নিশ্চয় ভালো ফল হবে। আর যদি শুধু শহর কেন্দ্রিক উন্নয়নের মধ্যেই সীমাবদ্ধ থাকেন, গ্রামের মানুষ, গরীব মানুষ, কৃষক যদি অবহেলিত থাকে তাহলে ফল ভালো হবে না। যে আইন করছেন সেটাকে নিশ্চয় সাধুবাদ জানাব, এটা দরকার। কিন্তু গ্রামীণ এলাকায় কৃষকদের জন্য পরিকাঠামো উন্নয়ন করতেই হবে। ডি.এম. রা মিটিংও ডাকেন না। একটা সময় দেখেছি যে, শরিক দলের একটা দল এই দপ্তর নিয়ে থাকত, অন্য দিকে তাকাবার সময় থাকত না। আপনি নতুন এসেছেন, দায়িত্ব পেয়েছেন, অনেক দুর্নীতির কথা শুনেছেন, নিশ্চয় সেগুলোর তদন্ত করবেন। এই মার্কেটিং নিয়েও আপনাকে দেখতে হবে। আমার জেলায় ১০ টা মার্কেটিং এর সেন্টার ছিল। সেখানে দেখা গেছে বিল দেওয়া হোত না, ২০ টাকা, ৫০ টাকা যেমন খুশী নিত। একটা সাংঘাতিক ব্যাপার। আজকে আপনি চেষ্টা করছেন, নিশ্চয় সাধুবাদ জানাব। সেই সঙ্গে বাংলার কৃষকদের স্বার্থে কি করতে চাইছেন, কি দিশা দেখাতে চাইছেন বলতে হবে আপনাকে। যেমন কৃষকদের জন্য রাস্তাঘাট, উন্নত বাজার, বেশ কিছু মার্কেট তৈরী হয়েছে, আপনি নিশ্চয় খোঁজ রাখেন।

আপনি নিশ্চয়ই খোঁজ রাখেন। সেই মার্কেটিংগুলো দেখবেন বন্ধ হয়ে আছে। যখন তৈরী করেছেন, তৈরী করেছেন তারপরে সেগুলো আর ওপেনিংই হয় নি। লালবাজার মার্কেটিং তৈরী হয়েছে ওপেনিংই হয় নি। এই যে সরকারের কোটি কোটি টাকা খরচ হচ্ছে মার্কেটিং তৈরী করতে অথচ সেগুলো ওপেনিংই হল না। সেগুলো বাস্তবে চালু হল না। কেন হল না ? কেন কাজ হচ্ছে না ? কে দেখবে ? আপনার দপ্তরকে তো দেখতে হবে। আপনি সজাগ হোন। খেয়াল রাখুন। এই সরকারের উপরে মানুষের অনেক প্রত্যাশা, গ্রামীণ, গরীব, খেটে খাওয়া খেতমজুর কৃষক, অসহায় তাদের অনেক প্রত্যাশা আপনার দপ্তরের উপরে যে তারা নিশ্চয়ই তাদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য পাবে। কৃষকরা ন্যায্য মূল্য পাবে এবং বাংলায় বিভিন্ন প্রান্তে তাদের ফসল বিক্রি হবে। আমার গোলা আপনি যে সমস্তগুলো করেছেন সেগুলো সঠিক কিনা, সেগুলো শুধু খাতা কলমে হয়েছে কিনা, পিঁয়াজের সংরক্ষণের জন্য যে টাকা দিয়েছেন খাতা কলমে হয়েছে কিনা, সঠিক কাজ হয়েছে কিনা, আপনি কি দেখেছেন ? আপনার কর্মীরা টাকাটা তুলে নিয়েছে। আমি গ্যারান্টি দিয়ে বলছি এই সদনে। যেখানে যেখানে আমার গোলার কাজ হয়েছে, পিঁয়াজের সংরক্ষণের কাজ হয়েছে সেখানে এ ডি ও র সঙ্গে সংযোগ করে টাকাটা তুলে নেওয়া হয়েছে। বাস্তবে কোন কাজ হয় নি, হয় নি, হয় নি। আপনি দেখে নিন না। আমি তো এই সদনে দাঁড়িয়ে বলছি। এই সদনে দাঁড়িয়ে বলছি প্রকৃত সত্যিটা কি সেটা উদঘাটন হোক। একটা ব্লক যে কোন ব্লক আপনি তদন্ত করুন দেখবেন প্রকৃত চিত্রটা বেরিয়ে আসবে। সঠিক কোনটা ? মানুষকে আপনি সাহায্য করছেন, সাবসিডি দিচ্ছেন, তার কাছে পৌঁছচ্ছে না। মালিকের সঙ্গে দোকানদারে যোগসাজশে সাবসিডি উঠে যাচ্ছে। এই যে কারবারটা চলছে, সুফল মানুষের কাছে পৌঁচ্ছেচেনা। এইগুলো দেখুন। দায়িত্ব আপনার। এইগুলো দেখুন, ভালভাবে কাজ করুন। আমরা আপনার সঙ্গে আছি। সর্বতোভাবে সাহায্য করব। এগিয়ে চলুন। ধন্যবাদ।

শ্রী তপন দাশগুপ্ত : মাননীয় স্পীকার স্যার, বিল নাম্বার নাইন ২০১৭, দি ওয়েস্ট বেঙ্গ এগ্রিকালচার প্রডিউস মার্কেটিং রেগুলেশন অ্যামেন্ডমেন্ট বিল, ২০১৭, আমাদের অনেক মাননীয় সদস্য, জ্যোতির্ময় বাবু আছেন এখানে তাঁর বক্তব্য পেশ করেছেন। সমীর জানা করেছেন। নর্মদা বাবু করেছেন, মানস মজুমদার, মনোজ চক্রবর্তী, আবু তাহের খান তাঁদের বক্তব্য রাখলেন। তাঁদের মতামত রাখার জন্য আমি সকলকে ধন্যবাদ জানাই এবং আপনারা জানেন যে আজকের এই ঐতিহাসিক বিল সদনে পেশ করা হয়েছে। আপনারা আপনাদের মূল্যবান বক্তব্য রেখেছেন।

আমি দ্বিতীয়বার আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। মূলত বিষয় হচ্ছে যে আমাদের এই আর এম সি গুলোতে বিভিন্ন সময়ে আমরা দেখেছি যে ১০টা ব্যবসা করলে ১০টা লাইসেন্স দিতে হবে। ১০জায়গায় ফি জমা দিতে হবে। এটাকে সরলীকরণ করার জন্য বাংলার যেখানেই তারা ব্যবসা করুন না কেন একটি জায়গায় লাইসেন্স এবং বোর্ড অফিসে লাইসেন্স ফি জমা দেওয়া এবং জেলাতেও আপনারা করতে পারবেন। যেটাকে আমরা বলছি সিংগল উইনডো। এর মাধ্যমে আমরা দেখেছি যে বাংলায় কৃষক, নর্মদা বাবু এখানে অনেক কথা বলছিলেন, একটু জেনে রাখা প্রয়োজন যে আপনাদের আমলে আপনাদের শরিকদল এই ডিপার্টমেন্টটাকে চালিয়েছেন। সেই সময়ে বামফ্রন্ট সরকারের যে বাজেট ছিল ৬কোটি টাকার। আমাদের রাজ্যের উন্নয়নের যিনি কান্ডারী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় যাঁর নেতৃত্বে সারা বাংলায় সর্ব বিষয়ে সমস্ত দিক থেকে উন্নতি হচ্ছে।

[12.50 pm -- till Recess]

তেমনি তিনি কৃষকদের কথা চিন্তা করে আমাদের এই ডিপার্টমেন্টের বাজেট এখন ২৮৫ কোটি টাকা করেছেন এবং এই বাজেট বেড়েছে। এবং আমরা মনে করি যে বাংলার মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আজকের এই বাজেট। এখানে অনেকে কিষাণ মান্ডির কথা বলছিলেন। ১৮৬ কিষাণ মান্ডি তৈরী হয়েছে। আমি বিল নিয়েই বলছি। কিষাণ মান্ডি পরিকল্পনা মাফিকই তৈরী হয়েছে এবং নিশ্চয় আমি বলব যে আপনাদের একটু ঘোরাঘুরি করা উচিত এখানে অ্যাসেম্বলীতে চক্কর না খেয়ে। এখনও পর্যন্ত সারা বাংলাতে ১৪৯ টি কিষাণ মান্ডিতে ধান প্রোকিওরমেন্ট চলছে। আর ৩৬ টি কিষাণ মান্ডি যেটা দপ্তর এবং রাজ্যের মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আমরা তৈরী করছি। শহরে আমরা বিগবাজার দেখেছি। গ্রামে আমরা কিষাণ মান্ডিটাকে সেই বিগবাজারের মতই পরিণত করছি। কি আছে সেখানে? এখানে রোজ মার্কেট চলছে। ৭ দিন মার্কেট চলছে। ৩৬ টি কিষাণ মান্ডি- জ্যোতির্ময়দা এখানে আছেন তাঁর কিষাণমান্ডি আমি গিয়ে ওপেন করে এসেছি। পটাশপুরে আছে। বলাগড়ে হচ্ছে, জাঙ্গিপাড়ায় হচ্ছে। এইরকম ৩৬ টি কিষাণ মান্ডিতে ২২ টি দোকান আছে। সেই দোকানে কি বিক্রি করা হচ্ছে? কৃষকরা সেখানে ডেলি গ্রামের ফসল এনে বিক্রি করছে। ওখানে সিড থেকে শুরু করে, খাবারের দোকান খোলা হয়েছে। কারণ যে সমস্ত কৃষকরা মার্কেটে কৃষিপণ্য বিক্রি করতে যাবে তাদের আগে খাবার জায়গা ছিল না, তাদের জন্য খাবারের ব্যবস্থা করা হয়েছে। রেস্টুরেন্ট হোটেল করা হয়েছে। সেখানে কৃষিজাত ইনস্ট্রুমেন্টস রয়েছে, সেগুলিরও দোকান করা হয়েছে। সেগুলি ভালোমতো সেটা চলছে। আমার কাছে পরিসংখ্যানও আছে যে এক দিন চলছে ১৭ খানা। আমাদের কিষাণ মার্কেট ৩৬টা চলছে। আবার কোথাও দেখছি তিনদিন চলছে ১৬টা। দুদিন চলছে পাঁচটা। এইরকমভাবে হচ্ছে। তাই বলে একদিনে তো সব হয়ে যাবে না। আমাদের ডিপার্টমেন্ট থেকে চেষ্টা করা হচ্ছে যাতে মুখ্যমন্ত্রীর এই স্বপ্ন সার্থক হয়ে ওঠে বাংলার মানুষের জন্য।সেই চেষ্টা আমরা করছি। আমরা আর কি করছি। এখানে আবু তাহের সাহেব বলছিলেন যে, অনেক জায়গাতে সোশাল ক্রাইম হচ্ছে। এই ব্যাপারে আপনাকে বলি-আপনারা দেখেছেন এই সরকার করেছে। বামফ্রন্টের আমলে আমরা দেখেছি যে। ফোড়ের দল, মিডলক্লাস ফোড়েরা তারা আলুতে রঙ দিত, সবজী রঙ দিত। আমাদের সরকার, আমরা সেই সরকার, সেই সরকার মমতা বন্দোপাধ্যায়ের চিন্তাধারায়, তাঁর নির্দেশে আমরা সেই আলুতে রঙ দেওয়া বন্ধ করেছি, সবজীতে রঙ দেওয়া বন্ধ করেছি। এটা বাংলার মানুষের ক্ষেত্রে আগে যে সোশাল ক্রাইম হচ্ছিল, সেটাকে আমরা বন্ধ করতে পেরেছি, এটা আমাদের জয় বলে আমরা মনে করি। এখান চিৎকার করে লাভ হবে না। আমরা সফল বাংলাতে কি দেখলাম। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীর সবটাই প্রজেক্ট। আর যে প্রজেক্ট তিনি করছেন, আজকে সফল

বাংলাতে দেখেছি,আজকে বিধায়কদেরও বলা হয়েছে যে প্রজেক্ট বানিয়ে জমা দিন। আমাদের সরকার উন্নয়ন দেখে। আমাদের সরকার কোন কালার দেখে না। আমাদের সরকার কাজ দেখে, আমাদের সরকার বিনা কালারে পশ্চিমবাংলার উন্নয়ন করছে। আমরা এইভাবে উন্নয়ন করছি আমাদের মা-মাটি-মানুষের সরকার। এই সুফল বাংলাতে একই ছাতার তলাতে আপনি যেমন সবজী পাবেন,আপনি তেমনি মাংস থেকে শুরু করে, তেল, কোয়েলের ডিম, কোয়েলের মাংস, হাঁসের মাংস, হাঁসের ডিম, খাসির মাংস, ভেড়া মাংস সমস্ত কিছু একই ছাতার তলায় মানুষ পাচ্ছে এই পরিসেবার মাধ্যমে। কথাগুলি এইজন্য বলছি যে আমাদের সরকারের মোটো (Moto) হল যে, একেবারে কৃষক তার উৎপন্ন যে ফসল, তার ন্যায্য দাম পাবে।।

আর মানুষ কম দামে কিনবে এটাই হচ্ছে বড়। সেই কথা চিন্তা করেই আমাদের অ্যামেন্ডমেন্টে সিঙ্গেল উইনডো করা হয়েছে যে, একটা লাইসেন্সের মাধ্যমে বিভিন্ন জায়গাতে বিজনেস্ করতে পারবে। আর একটাই ফি জমা দিতে হবে অন লাইনের মাধ্যমে। এটা একটা বড় অ্যাচিভমেন্ট। চিন্তা করতে হবে যে, আমাদের মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আমরা এই কাজটুকু করতে পেরেছি। অনেক রকম অসুবিধা থাকে, বাধা-বিঘ্নর মধ্যে কাজ করতে হয় এবং এ'কথা ঠিক যে, এই সরকারের ওপরে বাঙলার সমস্ত দিকে যে উন্নয়ন হয়েছে, আমার ডিপার্টমেন্টেও সেই উন্নয়নমূলক কাজগুলো করা হচ্ছে। আমাদের আধিকারিকরা গ্রামে গ্রামে ঘুরছেন, ঘুরে চেষ্টা করছেন কৃষকের সঙ্গে তাদের যোগাযোগ রক্ষা করে চলার। আমরা মনে করি যে, যেভাবে আমাদের ডিপার্টমেন্টের কাজ হচ্ছে সর্বক্ষেত্রে, সেটা অত্যন্ত বাস্তব ভূমিকায়, বাস্তব বুদ্ধিতে চিন্তা-ভাবনা করে এটা হচ্ছে। আপনারা জানেন যে, অনেক জায়গাতে - অনেকে বলছিলেন পার্সেন্টেজের কথা - আপনারা জানেন যে, চাল থেকে গম থেকে শুরু করে এগুলো হাফ পার্সেন্ট, ম্যাক্সিমাম ২% কর নেওয়া হচ্ছে। আবার কেউ যদি ৭৫ কোটি টাকার বিজনেস করে, তামাকের বিজনেস্ করে, সেখানে আমরা এটাকে বাড়িয়েছি ম্যাক্সিমাম ৬% পর্যন্ত। কেন এটা করা হয়েছে ? যারা ৭৫ কোটির ব্যবসা করে, তাদের ক্ষেত্রে ৬% ম্যাক্সিমাম করা হয়েছে, আর তামাক জাতীয় দ্রব্য যেটা মানুষের পক্ষে ক্ষতিকারক, তার জন্য ওখানে ৬% করা হয়েছে। এটা সঠিক চিন্তা ভাবনা করা হয়েছে, যাতে বাঙলার চাষীরা বাঁচতে পারেন, ন্যায্য দাম পান এবং আগামি দিনে কৃষকদের ভবিষ্যৎ উজ্জ্বল হয়। সেই চিন্তা-ভাবনা করেই কিন্তু এই অ্যামেন্ডমেন্টটা আনা হয়েছে। আমি সমস্ত বিধায়কদের বাংলার স্বার্থে, বাংলার কৃষকদের স্বার্থে রিকোয়েষ্ট করবো যে, এই বিলকে পূর্ণাঙ্গ সমর্থন করে আজকে এই বিলটা পাশ করাবার জন্য। সবাইকে ধন্যবাদ, শুভেচ্ছা, কৃতজ্ঞতা, শ্রদ্ধা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: The question before the House is that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 2017 be taken into consideration. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

CLAUSES 2 TO 14

Mr. Speaker : There is no amendment to Clauses 2 to 14. So I put Clauses 2 to 14 do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker: There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

So I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Shri Tapan Dasgupta : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it. The Bill is passed, the Bill is passed.

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ, আমাদের লবিতে আজকে শ্রী সুশীল ধারার জন্মদিন। সেই হিসেবে তাঁর প্রতিকৃতিতে মাল্যদান এবং শ্রদ্ধাজ্ঞাপন করা হবে, সবাইকে যাওয়ার জন্য অনুরোধ করছি।

(At this stage the House adjourned till 2.00 p.m.)

[2.00 pm – 2.10 pm]

The West Bengal Municipal (Amendment) Bill, 2017

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Municipal (Amendment) Bill, 2017.

(Secretary then read the title of the Bill)

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Municipal (Amendment) Bill, 2017 be taken into consideration.

শ্রী মানস মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী Bill No. 7 (Amendment) of the Municipal Bill যা এই সদনে উপস্থিত করেছেন এর আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, এই পরিবর্তন করছেন কেন? ৭৪তম সংবিধান সংশোধনের পর local self government-এর উপরে সারা দেশ গুরুত্ব দিচ্ছে এবং জোর দিয়েছে। তাই পঞ্চায়েত, পৌরসভা এইগুলো হয়ে উঠেছে মানুষের স্থানীয় সরকার। জনপ্রতিনিধিরা নির্বাচিত হয়। এবং সেই নির্বাচিত প্রতিনিধিদের ভিতর থেকে পৌরসভায় একজন পৌরপ্রধান কাউন্সিলারদের দ্বারা নির্বাচিত হন। সেই পৌরপ্রধানের ক্ষমতা ছাটাই করে সব executive officer-এর হাতে তুলে দিতে চাইছেন কেন? একটা গণতান্ত্রিক কাঠামো, একটা

গণতান্ত্রিক ব্যবস্থা সেই ব্যবস্থার মূলে কুঠারাঘাত করতে চেয়েছেন। কি জন্য? সংবিধান বিরোধী এই পদক্ষেপ, গণতন্ত্র বিরোধী এই পদক্ষেপ কেন গ্রহন করছেন? সমস্ত কেন আমলাদের উপর চাপিয়ে দিচ্ছেন? আমলারই শুধু স্বচ্ছতা রক্ষা করতে পারবেন, আমলারাই শুধু কাজের গতি আনতে পারবেন, তাহলে আমাদের অভিজ্ঞতা কি এই? যে আমাদের local self government গুলো তারা কাজ করতে পারছেনা। হয়তো ঠিক। গত ৬/৭ বছরে দুর্নীতির প্রশ্নে পৌরসভাগুলির অনেক ব্যাপকতা এসেছে। কোচবিহারের পৌরপ্রধান – তার বিরুদ্ধে অভিযোগ চলছে যে, treasury থেকে তিনি ২ কোটি টাকা তুলেছেন। একই ভাবে ময়নাগুড়ির vice chairman তার বিরুদ্ধেও অভিযোগ উঠেছে। একই ভাবে কিছুদিন আগে মাননীয়া মুখ্যমন্ত্রী ওনার বক্তব্যে দক্ষিণ দমদম পৌরসভার পৌরপ্রধান সম্পর্কেও প্রশ্ন তুলেছেন। আমরা সংবাদপত্রে দেখেছি। তাহলে কি এই যে রাজ্যে আজকে যারা পৌরবোর্ড চালাচ্ছেন তার যা পৌরপ্রধান তার শতকরা ৯৯ ভাগ আপনাদের দলের। তাদের কি নিয়ন্ত্রণ করতে পারছেন না? তাদের দিয়ে স্বচ্ছতা আনতে পারছেন না? আপনার দলের কিছু লোক গোলমাল করছে বলে, আপনার দলের কিছু লোক নিয়মের বাইরে চলছে বলে, টাকা-পয়সা তছরূপ। করছে বলে অভিযোগ হচ্ছে। আপনি কি কারণে নির্বাচিত প্রতিনিধিদের যে ক্ষমতা সেই ক্ষমতা কেড়ে নেবেন?

এই ক্ষমতা এইভাবে কেড়ে নেওয়ার মধ্য দিয়ে সংবিধানের বিরুদ্ধে যাচ্ছেন আপনারা সারা পৃথিবী যখন local self government-এর দিকে নজর দিচ্ছে, এবং যেটা ক্ষমতা বিকেন্দ্রীকরণের মধ্য দিয়ে কাজ করতে অনেক সুবিধা। আপনারা কি এই পদ্ধতি অবলম্বন করতে চাইছেন যে, PM to DM ? স্যার, এই বিল যদি দেখেন, এই বিলের মূল উদ্দেশ্যেই হচ্ছে, চেয়ারম্যানের ক্ষমতা কেড়ে নেওয়া। অথচ এই বিলটি যা প্রস্তাব করেছেন সেখানে চেয়ারম্যানদের ক্ষমতা কি দেওয়া ছিল ? The Chairman shall be the executive head of the municipality and municipal administration shall be under his control and shall exercise such powers and function as conferred on him under this Act. Executive Officer-এর ক্ষমতা কি ছিল ? Executive Officer shall be the principal Executive Officer of the municipality and all officers and other employees of the municipality shall be subordinate to him. He shall be present at a meeting of the Councillors or any committee to make a statement or explain the fact. এমনকি তিনি সেখানে ভোট দিতে পারবেন না। সেখানে তিনি মত দিতে পারবেন না। পক্ষে বিপক্ষে ওনার ভোট দেওয়ার অধিকার নেই। আজকে সেটাকে আপনারা পরিবর্তন করে সব ক্ষমতা চেয়ারম্যানের পরিবর্তে নির্বাচিত পৌরবোর্ডের পরিবর্তে Executive Officer-দের হাতে তুলে দিতে চাইছেন কেন ? সরকারের নিয়ন্ত্রণ করার তো সুযোগ আছে। এই বিলে যে, Bengal Municipal Act তার যে বিল যা ১৯৯৩-তে হয়েছে। পরবর্তীকালে বার বার amendment হয়েছে। এই বিলে তো সুযোগ করে দেওয়া আছে। যে, Article 431 সেখানে তো সরকার - কেউ যদি irregularities করে, সেখানে যদি কোনো পৌরসভা সরকারের নীতি অনুযায়ী না চলে তাহলে তাদের বিরুদ্ধেতা ব্যবস্থা গ্রহণ করার যথেষ্ট অধিকার রাজ্য সরকারের আছে। তাহলে সেই অধিকার প্রয়োগ করুন। কিন্তু সেই অধিকার প্রয়োগ না করে, একটা গণতান্ত্রিক কাঠামো এবং যে গণতান্ত্রিক কাঠামো আজকে গোটা দেশে স্বীকৃত সংবিধান স্বীকৃত যারজন্য সংবিধানের ৭৪তম ধারা সংশোধন হল। আজকে আপনারা সেই বিলটাকেই সেই অধিকারটাকেই আপনারা কেড়ে নিতে চাইছেন কেন ?

একটা অগণতান্ত্রিক আচরণ আপনাদের কাজের মধ্যে ফুটে উঠেছে। ক'দিন আগে কলেজ বিশ্ববিদ্যালয়ের বিল আনলেন স্বায়ত্বশাসন কেড়ে নেওয়ার - মানবাধিকার কমিশন তাকে ঠুটো

জগন্নাথ করে রেখেছেন। তারসঙ্গে এমনকি স্যার আমি বলতে বাধ্য হচ্ছি, বিধানসভাতেও যাতে বিরোধীরা বলার সময় বেশি না পান সেই বিধানসভাকেও গৌণ করে দেওয়া হচ্ছে। এই আচরণ গণতন্ত্রের পক্ষে না। এই আচরণের বিরুদ্ধে আমাদের এই বিলের বিরোধিতা। ক'দিন আগে এই একইভাবে এই হাউসে আপনারা হাউজিং-এর উপর একটা বিল এনেছেন। এবং সেই বিলে আপনারা একটা কমিটি করলেন, কমিটির চেয়ারম্যান হবেন কে ? SDO. SDO-র অধীনে পৌরসভার চেয়ারম্যান। আপনি নির্বাচিত প্রতিনিধিদের, নির্বাচিত পৌরপ্রধানকে আপনি SDO-র অধীনে করে দেওয়ার জন্য আইন আনছেন। অর্জনবাবু বসে আছেন, উনি একটা পৌরসভার চেয়ারম্যান। এই বিল হয়ে যাওয়ার পরে তো অর্জনবাবুকে তো Executive Officer-এর কথা শুনে চলতে হবে। Executive Officer চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। এই বিল গণতন্ত্রের পক্ষে না। তাই বিলের আমরা বিরোধিতা করছি। এরসঙ্গে আমি বলতে চাই, ৭৭ সালে বামফ্রন্ট সরকার তৈরি হয়েছিল, তখন পৌরসভাগুলি ছিল ঢাল নেই তরোয়াল নেই নিধিরাম সদার। ক্ষমতা নেই, আইন নেই, টাকা নেই। সেই পৌরসভাগুলিকে ক্ষমতা দিয়ে, অর্থ দিয়ে, আইন তৈরি করে পৌরসভাগুলোকে তৈরি করা হল local self government হিসাবে। এবং মানুষ মনে করতেন এই পৌরসভা আমার স্থানীয় সরকার, এই পঞ্চায়েত আমার স্থানীয় সরকার – ব্রীটিশ আমলে ছিল। সেই সময় Executive Officer-রা বা সেই সময় Principal Executive যারা তারাই সব চালাতেন। এমনকি ৫০, ৫১, ৫২, ৫৩ সাল ধরে এই চলেছে। কিন্তু ধীরে ধীরে এই যে গণতান্ত্রিক ব্যবস্থা তৈরী করা হয়েছে। এই গণতান্ত্রিক ব্যবস্থা আরো সমৃদ্ধ হয়েছে। এবং অভিজ্ঞতাও সারা দুনিয়ায় এবং আমাদের দেশেও একটা সরকারের পক্ষে কাজ করার ক্ষেত্রে অনেক বেশি সহজতর।

[2.10 pm – 2.20 pm]

তাহলে কেন এই আইন - আপনাদের কিছু লোক গোলমাল করছে বলে - এই আইন এনে, ক্ষমতা কুক্ষিগত করতে চেয়েছেন ; গণতান্ত্রিক কাঠামোর কফিনে শেষ পেরেক আপনারা পুঁততে চেয়েছেন। অথচ এই আইন আপনাদের আটকে যাবে, এই আইন পাস করাতে পারবেন না, কারণ আপনি যে। এ্যামেন্ডমেন্টগুলো এনেছেন সেই এ্যামেন্ডমেন্টগুলো, চ্যাপ্টার থ্রিতে ২৪৩ নং - চ্যাপ্টার থ্রিতে - বলা হচ্ছে, মিউনিসিপ্যাল অথরিটি। মিউনিসিপ্যাল অথরিটি কে -দি মিউনিসিপ্যালিটি চেয়ারম্যান ইন কাউন্সিল, দি চেয়ারম্যান, এখানে একজিকিউটিভ অফিসারের কোন অবস্থান নেই। এখানে একজিকিউটিভ অফিসারের কোন কথা। বলা নেই, তাহলে ঐখানে আপনাকে এ্যামেন্ডমেন্ট করতে হবে, একজিকিউটিভ অফিসার তাকেও যুক্ত করতে হোত। কেন করবেন ? কি জন্য করবেন ? আপনাদের কিছু লোক গোলমাল করছে, আপনাদের কিছু লোক এ দিক ও দিক করছে, তার জন্য আপনারা তাদের লাগাম পরাতে পারছেন না। তাই মানুষের গণতান্ত্রিক অধিকার তার উপর কোপ বসাচ্ছেন। মানুষের গণতান্ত্রিক অধিকার তা কেড়ে নেওয়া হচ্ছে। তাই স্যার, এই বিল সমর্থন করতে পারছি না। এই বিল সমর্থন করা যায় না। এই বিল গণতন্ত্র বিরোধী। এই বিল লোকাল সেল্ফ গভর্ণমেন্ট এর যে কনসেপ্ট, সেই কনসেপ্ট বিরোধী। এখানে অনেক এম এল এ আছেন তারাও কাউন্সিলার, আপনাদেরও অসংখ্য চেয়ারম্যান,বাইরে অসংখ্য চেয়ারম্যানরা আছেন; এই হাউসে কয়েকজন চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানও আছেন। আমি তাঁদেরকে বলতে চাই, একটু ভেবে দেখুন। আজকে আপনাদের অধিকার কেড়ে নেওয়া হচ্ছে মাননীয় মন্ত্রী মশাই, এমন দিন আসতে পারে আপনারও ক্ষেত্রে এই একই জিনিস হতে পারে - এমনিতেই ক্ষমতা বলে কিছু নেই - ক্ষমতা কেড়ে নেওয়া হতে পারে। তাই আমি চেয়ারম্যানদের উদ্দেশ্যে উদাত্ত কণ্ঠে আহ্বান করতে চাই, এই বিলের বিরুদ্ধে সব

পৌর প্রধানরা একসঙ্গে সোচ্চার হোন, এর বিরুদ্ধে রুখে দাঁড়ান, গণতন্ত্র তার কণ্ঠকে কুক্ষিগত করার বিরুদ্ধে, গণতন্ত্র তার কণ্ঠে শেষ পেরেক পুঁতে দেওয়ার বিরুদ্ধে, এই বিলের বিরুদ্ধে রুখে দাঁড়ান। এই বিলের বিরুদ্ধে বলে - এই বিলকে আমি সমর্থন করতে পারছি না, এই কথা বলে, আপনাকে ধন্যবাদ জানিয়ে, সকলকে আমার ধন্যবাদ জানিয়ে, আমি আমার কথা শেষ করছি।

(গোলমাল)

শ্রী তাপস ব্যানার্জী : ধন্যবাদ স্যার। স্যার, একটা বিল আনতে গেলে, কি জন্য আনা হয়েছে, এর অবজেক্টটা একটু বুঝতে হয়। আজকে সময়ের যে দাবী, বর্তমানে যে পরিস্থিতি তার মধ্যে এই বিলটা মাননীয় পৌরমন্ত্রী সদনে এনেছেন। আমি তাঁকে সম্পূর্ণরূপে সমর্থন করছি। আমরা বিগত কয়েক বছরের মধ্যে মাননীয় স্পীকার স্যার, আপনি দেখেছেন, যে যারা সরকারি আধিকারিক আছেন সরকারের বিভিন্ন ক্ষেত্রে যারা কাজ করছেন, বিভিন্ন দায়িত্বপূর্ণ পদে তাদের যদি সঠিকভাবে আমরা কাজে লাগাতে পারি, সরকার যদি কাজে লাগাতে পারে তাহলে তাদের অনেক সুফল পাওয়া যায়।

আমাদের সরকার কন্যাশ্রী, যুবশ্রী, সবুজ সাথী বিভিন্ন প্রকল্প সরকারি আধিকারিকদের সম্পূর্ণ সহযোগিতায় মানুষের কাছে পৌঁছে দিয়েছে এবং সেইসব প্রকল্প আমাদের দেশে এবং দেশের বাইরেও বন্দিত হয়েছে। দীর্ঘদিন ধরে যে আইন। ছিল তার কিছু কিছু ক্ষেত্রে সময়ের সঙ্গে সঙ্গে সেই আইন অ্যামেন্ডমেন্ট করা প্রয়োজন হয়ে পড়েছে। সঠিকভাবে মাননীয় মন্ত্রীমহাশয় সেই বিল অ্যামেন্ডমেন্টের জন্য এই সভায় পেশ করেছেন। আমরা জানি একজন চেয়ারম্যানের অর্থনৈতিক ক্ষমতা অত্যন্ত সীমিত ছিল, ২৫ হাজার টাকার বেশী খরচ করার অধিকার তার ছিলনা। কিন্তু বর্তমানে যে অর্থনৈতিক পরিস্থিতি তাতে খরচের টাকার অঙ্ক বাড়ানোর প্রস্তাব তিনি রেখেছেন। তারপরে আরও কিছু টাকা মেম্বার অফ কাউন্সিলের মাধ্যমে খরচ করার কথা বলা হয়েছে। আর বাঁকি টাকাটা বোর্ড অফ কাউন্সিলারদের মাধ্যমে খরচ করার কথা বলা হয়েছে। এখন যে সব আধিকারিক বা এক্সিকিউটিভ অফিসাররা পৌরসভায় আছেন তাদের কিছু কিছু কাজ দেওয়ার কথা এই অ্যামেন্ডমেন্ট বিলের ছত্রে ছত্রে বলা আছে - ল্যান্ডের ব্যাপারে, লাইসেন্সের ব্যাপারে মিউটেশনের ব্যাপারে, হোর্ডিঞ্জ, পোস্টার ডিসপ্লে করার ব্যাপারে তাদের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। একজন সরকারী আধিকারিকের সরকারের প্রতি দায়বদ্ধতা অনেক বেশী, যেহেতু তিনি সরকারের একটা অঙ্গ। একজন জনপ্রতিনিধি - আমি কাউকে ছোট করে বলতে চাইনা - পাঁচ বছরের জন্য ক্ষমতায় আসেন, হয়তো সবাই আমরা আমাদের দায়বদ্ধতা পালন করি। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে নিজেদের বিচ্যুতির জন্য বা সাময়িক দূর্বলতার জন্য কোথাও কোথাও আমাদের ঘাটতি দেখা যায়। সেই জায়গাটা সাপোর্ট দেওয়ার জন্য সরকারি আধিকারিক বা একসিকিউটিভ অফিসারদের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। যেমন আমরা সবাই জানি, একসিকিউটিভ অফিসারদের সঙ্গে অন্যান্য সংস্থায় যে সরকারী আধিকারিকরা আছে তাদের সঙ্গে একটা ওয়ার্কিং এডজাস্টমেন্ট থাকে। তাদের মাধ্যমে অনেক কাজ কিন্তু তারা করিয়ে নিতে পারি। বর্তমান সরকার আইন বলে সেই কাজটা করতে চেয়েছনে। ক্ষমতা এখানে কেন্দ্রীভূত করা হয়নি, ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হয়েছে। যেমন জমিজমা ট্রান্সফারের ক্ষেত্রে একসিকিউটিভ অফিসারদের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। তারা ট্রান্সফারের ব্যাপারটা দেখবে এবং বোর্ড তার ডিসিশান নেবে। বিভিন্ন ক্ষেত্রে যে লাইসেন্স দেবার ব্যাপার থাকে তাতে একজন জনপ্রতিনিধিকে বর্তমান দিনে প্রচুর কাজ করতে হয়। বারো ঘন্টা বা চৌদ্দ ঘন্টা অফিসে থেকে সেই কাজ তার পক্ষে করা সম্ভব হয়না। তাই মানুষের কথা ভেবে,

মানুষের দাবি মেনে সময়ের সঙ্গে সঙ্গে কিছু কিছু ক্ষেত্রে এই ১২২ নম্বর ধারার অ্যামেন্ডমেন্ট করা হয়েছে। একইভাবে ডিমান্ড নোটিশ দেওয়া, ১৫১ নম্বর ধারার আমেন্ডমেন্ট করার কথা মাননীয় মন্ত্রীমহাশয় এই সদনে রেখেছেন। আমরা জানি বিভিন্ন পৌরসভায় অবৈধ বিল্ডিং হচ্ছে, অনেক কাজ হচ্ছে। সরাসরি চেয়ারম্যানের হস্তক্ষেপের ফলে সেখানে জনগণের মধ্যে একটা মিশ্র প্রতিক্রিয়া দেখা দেয়। যতই হোক চেয়ারম্যান একজন রাজনৈতিক প্রতিনিধি, তার একটা রাজনৈতিক দায়বদ্ধতা থাকে, সেই ভেবেই সে কাজ করে। এই সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী দলমতের উর্ধে উঠে কাজ করতে চাইছেন। আজকে যদি এটাকে তিনি দলতন্ত্রে পরিণত করতে চাইতেন, তাহলে চেয়ারম্যানদের হাতে আরও ক্ষমতা কেন্দ্রীভূত করতে চাইতেন।

[2.20 pm – 2.30 pm]

তিনি কিন্তু তা করছেন না। আজকে যদি আমরা বলি, যে 'সবুজ সাথী' - সেই প্রকল্প তিনি কিন্তু কোন স্কুল বিশেষ বা কোন এলাকা বিশেষ বা কোন বিধানসভা বিশেষ দেননি। তিনি বাংলার সমস্ত স্কুলে এই প্রকল্প ছড়িয়ে দিয়েছেন,যাতে সমস্ত ছেলে-মেয়েরা এর সুযোগ পায়। কন্যাশ্রী, কন্যাশ্রী তিনি কোন রাজনৈতিক দলের থেকে এই প্রকল্প রূপায়িত করেননি। সমস্ত মানুষ যাতে পান - আমরা দেখেছি যে যে এলাকায় স্বাধীনতার পর থেকে কোন ভোট পাইনি,সেই জেলাতেই প্রচুর মেয়ে 'কন্যাশ্রী' পেয়েছে। সমস্ত স্কুলে 'কন্যা সাথী' প্রকল্প রূপায়িত হয়েছে। তিনি যদি ভাবতেন, যে এই এই এলাকায় দেব না, তাহলে বলতে পারতেন তিনি রাজনীতি করছেন। সেই একই ভাবে যে সব সরকারী আধিকারিকদের হাতে দায়িত্ব তিনি দিয়েছেন,সেখানে কোন মতেই যাতে কোন রাজনৈতিক ছায়া না পড়ে। একজন চেয়ারম্যান,তিনি রাজনৈতিক প্রতিনিধি - সব সময় তিনি রাজনৈতিক অঙ্ক কষে কাজ করেন। সেইখানে একটু ভেবে দেখুন। একটা বৃহৎত্তর আঙ্গিনার কথা চিন্তা করুন। শুধু সিপিএম,কংগ্রেস,বিজেপি- এর বাইরে প্রচুর মানুষ আছে, আমাদের গোড়া রাজনীতির বাইরে। তারা দল করে না বলে কোন সুবিধা পাবে না,তাদের হেয়ারিং হবে না - তারা দিনের পর দিন ঘুরতে থাকবে - এটা হতে পারে না। সেই দিকে দৃষ্টি রেখে এর উর্দ্ধে ওঠার জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মাননীয় পৌর বিশেষক মন্ত্রী ফিরহাদ হাকিমের মাধ্যমে এই সদনে এই বিলটি পেশ করেছেন। যাতে এই বিলের মাধ্যমে পৌরসভার আধিকারিকদের হাতে ক্ষমতা দিয়ে এবং সেই ক্ষমতা যাতে বিকেন্দ্রিক হয় এবং সেই ক্ষমতার মাধ্যমে,সমস্ত মানুষর কাছে যাতে সুফল পাওয়া যায়। কোন মানুষ যে পৌরসভায় আছে, সে যেন ভাবতে না পারে এই বোর্ডটি তৃণমূলের বোর্ড,এই বোর্ডটি সিপিএমের বোর্ড, এই বোর্ডটি বিজেপির বোর্ড। এর প্রধানের কাছে গেলে, এর চেয়ারম্যানের কাছে গেলে আমি সুফল পাব না। সেই লোকটা কোন obligation দিল কিনা, সেই লোকটা সরাসরি চেয়ারম্যানের কাছে গিয়ে তার দাবি, তার আবদার,তার নিবেদন,তার উপশম তিনি রাখতে পারবেন। এই রাখার পরে আরও বেশি করে ক্ষমতার বিকেন্দ্রীকরণ হবে, মানুষ আরও বেশি করে পৌরসভার সুবিধাগুলো পাবে। আমাদের কথা ভেবে তাই সবাই মিলে দল মতের উর্ধে উঠে এই বিলকে সমর্থন করে পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রীর হাতে, ফিরহাদ হাকিমের হাত শক্ত করুন, ধন্যবাদ স্যার।।

শ্রী গৌরী শঙ্কর দত্ত : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে জনাব ফিরহাদ হাকিম ২০১৭ সালের যে বিল গণতন্ত্রের পবিত্র সদনে পেশ করেছেন 'The West Bengal Municipal (Amendment) Bill, 2017' তাকে সমর্থন করছি, অনেকগুলো কারণে। এক, মানুষের কল্যাণে মা-মাটি-সরকারের বেশি কিছু জনমুখী সামাজিক প্রকল্প, যেমন- সবুজ সাথী, খাদ্য

সাথী, কন্যাশ্রী, যুবশ্রী -এই কর্মসূচিগুলোতে ইতিমধ্যেই পৌর নির্বাহিক আধিকারিকগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। ইতিবাচক উন্নয়ন কর্মসূচিতেও তাদের সক্রিয় অংশগ্রহণ আজকে বাস্তব। তাই তাদের উপর ন্যস্ত দায়িত্ব ও কর্তব্যকে বিধি সম্মত করতে এই বিল সময়োপযোগী ও যথার্থ। এছাড়া আরও একটা বিষয়, এই বিলের মাধ্যমে দীর্ঘদিনের একটা অসংগতি সেটাকে দূর করা হয়েছে। আমাদের দেশের, আমাদের রাজ্যের জনসংখ্যার ৩১.৮৯ শতাংশ তারা শহরাঞ্চলে বাস করেন, আর ৬৮.১১ শতাংশ গ্রামীণ এলাকায় বাস করেন। ত্রিস্তর পঞ্চায়েতের মধ্যে,বিশেষ করে পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ স্তরে নির্বিচনী জনপ্রতিনিধিগণ নীতি প্রনয়ণ করেন এবং সেটাকে রূপ দেন নির্বাহিক আধিকারিকগণ। ঠিক একই ভাবে পৌর জনসংখ্যার অর্ধেকের বেশি অংশে কলকাতার পৌর নিগম সহ বিভিন্ন জায়গায়, পৌর কমিশনারগণ তারা প্রশাসনিক মূল দায়িত্বটা পালন করেন।

আমাদের বামপন্থী বন্ধু মহাশয় গণতন্ত্রের কথা বললেন। গণতন্ত্র নাকি ধ্বংস হয়ে যাচ্ছে। এতো দেখছি জলে শিলা ভাসছে। Dictatorship of Partytariate-এর দীর্ঘকালের উপাসনা যারা চালিয়ে গেলেন, হঠাৎ তারা গণতন্ত্রের পূজারী হয়ে উঠলেন, গণতন্ত্রের রক্ষক হয়ে উঠলেন। আমার সৌভাগ্য বা দুর্ভাগ্য যাই হোক না কেন, ৯০ এর দশকে জেলা সদরে পুর প্রধান, উপ পুর প্রধান, বিরোধী দলনেতা সবগুলো হওয়ার অভিজ্ঞতাই আমার হয়েছিল। আমরা দেখেছি, মুর্শিদাবাদের বহরমপুরে শঙ্করদাস পালের সাথে কি অসাধারণ গণতান্ত্রিক আচরণ আমাদের পৌর বিষয়ক তৎকালীন কর্তা Kampuchea! Paul Pot-এর খুঁদে বাঙালি এডিশান, তিনি কি করেছিলেন। তারা আজকে গণতন্ত্রের কথা বলছে। এটা ইতিহাসের পরিহাস। আমি ওদের নেতার কথাই বলছি। ইতিহাসের হাস্যকর পুনরাবৃত্তি ঘটানোর চেষ্টা করবেন না, সেটা ফার্সে, সেটা জোকে রূপান্তরিত হয়, এটা আমাদের কেউ বলেন নি, Friedrich Engels বলে গিয়েছেন। এই জায়গায় দাঁড়িয়ে জনাব ফিরহাদ হাকিমকে অভিনন্দন জানানো দরকার। বাংলার মানুষের মধ্যে শহর আর গ্রামের দু'ধরণের মানুষের স্বায়ত্বশাসনের ওপর যে দুটো কায়দা বলবৎ ছিল, সেই অসাম্যকে দূর করে, গণতান্ত্রিক পথে যে road block গুলো ছিল, সেটাকে উনি ভেঙ্গে দিয়েছেন। ওকে সেলাম জানানো দরকার। ইতিহাসের প্রয়োজনে আইনকে বাস্তব সম্মত করা, গণতান্ত্রিক করা। আর বিরোধিতা করছেন কারা ? সামনে স্বঘোষিত এবং স্বনিযুক্ত প্রহরী বলে যারা দাবী করছেন, তারা। আমাদের কিছু করার নেই। জুরাসিক টাইম ক্যাপসুলে বন্দী হয়ে থেকে নিজেদের ধীরে ধীরে বিপন্ন প্রজাতিতে পরিণত হওয়া একটি বিদ্রুপের স্বীকার ও ইতিহাসের পরিহাসে নিজেদের পরিণত করে চলেছেন। একটা জায়গায় কংগ্রেসী বন্ধুদেরও ভাবতে হবে। ভাল না লাগার কোন কারণ নেই। এক সাথে বহু লড়াই আমরা করেছি। আপনারা ভুলে গিয়েছেন, আমরা ভুলি নি। ৩৪ বছর ধরে যাদের অত্যাচারে আমরা সবাই জর্জরিত ছিলাম, আজকে কমরেডরা গণতন্ত্রের প্রহরী হয়ে এসেছেন? গণতন্ত্রের অ্যাডভোকেট হয়ে এসেছেন? বাংলার সাড়ে ন' কোটি মানুষ গণ রায় দিয়ে বলেছেন ইতিহাসের আবর্জনায় চলে যাও, ইতিহাসের আস্তাকুঁড়ে চলে যাও, ইতিহাসের আবর্জনারা যখন মাথা তুলে দাঁড়িয়ে কথা বলতে যায়, মাথাটা টলে, ইতিহাসের আবর্জনা দুর্গন্ধ ছড়ায়, পূতি গন্ধ ছড়ায়, গণতন্ত্র ছড়ায় না। ইতিহাসকে পেছন দিকে ঘোরানো যায় না। এই বোধটা থাকা দরকার।.... (নয়েজ).... আপনারা নিজেরা আয়নায় মুখ দেখুন না। বাজারের পণ্য হলে সে বিক্রি হয়। নিজেরা যদি কেউ পণ্য হন, বিক্রি হবেন।....(নয়েজ)... কেউ যায় নি, আপনারা আপনাদের কথা বলুন। ইতিহাস কিন্তু বলছে যে, আপনারা পুরো প্রশাসন - পৌর দপ্তরের দু'জন ছিলেন। প্রয়াত প্রশান্ত সুর মারা যাওয়ার পর দু'জনকে পৌরমন্ত্রী দেখার সৌভাগ্য, দুর্ভাগ্য আমাদের হয়েছিল।

[2.30 pm – 2.40 pm]

সে দু'জন পল পটের বাঙালি এডিশান এবং দ্য গ্রেট শিলিগুড়ি মডেল। দু'জনাই গণতন্ত্রের কি অসাধারণ পূজারি ছিলেন। এটা ইতিহাস বলবে? ..(নয়েজ).. একটু আয়নায় দেখুন না। ইতিহাসের পাতাটা একটু উলটান না। জনাব ফিরহাদ হাকিম সৎসাহস দেখিয়েছেন। গ্রাম আর শহরের যে বৈপরিত্য ছিল, যে ভারসম্যের অভাব ছিল সেটাকে একটা জায়গায় এনেছেন। গণতান্ত্রিক পরিকাঠোমতে মানুষের নির্বাচিত প্রতিনিধিরা নীতি-নির্ধারণ করবে এবং নির্বাহী আধিকারিক সরকারি কর্মচারীরা যারা কাজটা করেন সেই মানুষগুলি কাজটি করবেন, তাকে বাস্তবায়ণ করবেন। আবার একই সাথে যে খরচের ক্ষমতা, যে স্যাংশান একটা কিছুতে এগোতে গেলে কোলকাতা থেকে স্যাংশান নিয়ে যাওয়া তার ঊর্ধ্বসীমা বাড়িয়ে আর একটা জিনিসও করেছেন, গণতান্ত্রিক কেন্দ্রিকতা - কেন্দ্রিকতা-টা বাদ দিয়েছেন, গণতান্ত্রটাকে রেখে দিয়েছেন। তাই এই বিল নির্ধিদায়, নিঃসন্দেহে আগামীদিনের পথপ্রদর্শক হিসাবে বাংলার পৌর পরিষেবাকে উন্নততর করবে, আধুনিক করবে, কালোপযোগি করবে। ইতিহাসের যে দাবী সেটাকে পরিপূরণ করবে, পালন করবে। এই বিলকে সমর্থন করতে পেরে একজন নাগরিক হিসাবে গণতন্ত্রের এই পবিত্র সদনে নিজেকে ধন্য মনে করছি। এবং জনাব ফিরহাদ হাকিমকে অভিনন্দন জানাচ্ছি। আমাদের নেত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় তিনি এই নতুন ভাবনা, এই সময়োচিত ভাবনাকে বাস্তবায়নের পথে এগিয়েছেন। একে সমর্থন করে শেষ করছি।

Shri Biswanath Parial : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের। মাননীয় মন্ত্রী যে বিলের ওপরে এ্যামেন্ডমেন্ট নিয়ে এসছেন, The West Bengal Municipal (Amendment) Bill, 2017 তার ওপরে দু'-চারটি কথা বলতে চাইছি। এই বিলের যে মূল বক্তব্য To keep pace with such rapid execution of developmental works, the executive officers have to shoulder additional responsibility so that better civic services are provided by the municipalities অর্থাৎ, এই বিলের মূল বক্তব্য, যে সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যানদের অধিকারকে খর্ব করে, অধিক ক্ষমতা মিউনিসিপ্যালিটির এগজিকিউটিভ অফিসারদের হাতে অর্পন করা হয়েছে। এটার। মধ্য দিয়ে আমার প্রথম প্রশ্ন, যেখানে শতকরা নব্বই ভাগের বেশি মিউনিসিপ্যালিটি সরকার পক্ষের। সেখানে এই বিলে সংশোধন করার মধ্য দিয়ে কাঁদের প্রতি অনস্থা জ্ঞাপন করা হচ্ছে? আমার দ্বিতীয় প্রশ্ন, এই বিলের প্রিন্সিপাল মোটো যদি চেয়ারম্যানদের অধিকারকে খর্ব করা হয় তাহলে স্যার, আপনার কাছে বলতে চাই, যে আমরা যাঁরা পৌরসভার চেয়ারম্যান, সংশ্লিষ্ট পঞ্চায়েতের প্রধান, আমরা মানুষের। ভোটে নির্বাচিত। মানুষের ভোটে নির্বাচিত হয়ে পৌরসভায় এবং পঞ্চায়েতে কাজ করার সুযোগ পাই।। আমরা যাঁরা পৌরসভার চেয়ারম্যান এবং পঞ্চায়েতের প্রধান We are responsible for the people, executives are not responsible for the people. স্বাভাবিকভাবেই চেয়ারম্যানদের অধিকার খর্ব করার মধ্য দিয়ে সাধারণ মানুষের ওপরে যে আঘাত হানার চেষ্টা হচ্ছে, আমার মনে হয়েছে, এটা সরাসরি গণতন্ত্রের ওপর আঘাত।

আমাদের তৃতীয় প্রশ্ন, সংবিধানের আর্টিক্যাল 73 এবং 74 সংশোধনের পর পঞ্চায়েত এবং পৌরসভাগুলোকে যে অধিকার দেওয়া হয়েছে সেখানে দাঁড়িয়ে জনপ্রতিনিধিদের অধিকারকে খর্ব করার অর্থ হচ্ছে gross violation of article 73 and 74 of the Constitution .

আমার চতুর্থ প্রশ্ন, it is a welcome step of the Government. I do appreciate. যেখানে পৌর প্রধানদের ক্ষমতা ছিল ২৫ হাজার টাকার সেখানে বাড়িয়ে ১ লক্ষ টাকা করা হয়েছে। যেখানে ক্ষমতা ছিল ১ লক্ষ টাকা খরচ করার সেখানে বাড়িয়ে ৫ লক্ষ টাকা করা হয়েছে।

যেখানে ছিল ২৫ লক্ষ টাকা সেখানে প্রায় ৪৫ লক্ষ, ৫০ লক্ষ টাকা করা হয়েছে। This is a welcome step of the Government. কিন্তু এখানে আমার একটা প্রস্তাব আছে। প্রস্তাবে চেয়ারম্যানদের হাতে সমস্ত ক্ষমতা অর্পন করা হয়েছে। বলা হয়েছে "approval of State Government in respect of works estimated to cost more than Rs.25 lacs no expenditure for any work or purchase of any materials as may be necessary for the purpose of this act shall be made by the Chairman".আমার প্রস্তাব চেয়ারম্যান এবং একজিকিউটিভ জয়েন্টলি, দু'জনার ওপর-ই এই দায়িত্ব নস্ত করা হোক। প্রশাসনিক স্বচ্ছতা এবং পৌর পরিষেবাকে একদম গ্রাসরুট লেভেল পর্যন্ত পৌঁছে দেওয়ার জন্যই এই লোক্যাল সেল্ফ গর্ভনমেন্ট করা হয়েছিল। সেই লোক্যাল সেলফ গর্ভনমেন্ট যাতে আরো স্বচ্ছতার সাথে এই পৌর পরিষেবা মানুষের কাছে পৌঁছে দিতে পারে, আমরা যারা জনপ্রতিনিধি, তাঁদের মানুষের প্রতি যে দায়বদ্ধতা, সেই দায়বদ্ধতাকে মাথায় রেখে সুষ্ঠ ভাবে যাতে এই কাজ করতে পারে তাতে এই বিলের ওপর যে সংশোধন আনা হয়েছে তাকে রি-কনসিডার করা হোক এবং চেয়ারম্যানদের ক্ষমতাকে খর্ব না করে আধিকারিকদের নিশ্চয় দায়িত্ব থাকবে প্রকল্প রূপায়ণ এবং বাস্তবায়ণের দায়িত্ব হচ্ছে আধিকারিকদের। সেইক্ষেত্রে তাদেরকে অগ্রাধিকার দেওয়া হোক। কিন্তু চেয়ারম্যানদের যে ক্ষমতা আছে সেই ক্ষমতাকে যেন খর্ব করা না হয়। ধন্যবাদ।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমি হাউজে বসে বসে যখন আলোচনা শুনছিলাম আমি দেখলাম আমরা যারা জনপ্রতিনিধি, বিশেষ করে বিরোধী পক্ষে যাঁরা আছেন তাঁদের মুভমেন্ট-টা শুরু হয়, একটা সংবাদপত্রে কী বেরলো তার ওপর তাঁদের ওপিনিয়ন-টা তৈরী হয়ে যায়। যদি বাস্তবসম্মত ভাবে দেখা যায় তাহলে এই বিলটার মধ্যে কী আছে? এই বিলটার বিরোধিতা করার কী আছে? চেক সাইন হয়। এখানে ৬টা মিউনিসিপ্যাল কপোরেশনের মধ্যে ৫টা মিউনিসিপ্যাল কপোরেশনের মেয়র-রা এম.এল.এ.। কোথাও আছে সেই মেয়র-রা চেক সই করে ? কোথাও আছে? কোলকাতা কর্পোরেশনের মেয়র আছে, বিধাননগরের মেয়র আছে, শিলিগুড়ির মেয়র আছে, আসানসোল-দুর্গাপুরের মেয়র আছে। কোথাও আছে যে মেয়র বসে বসে চেক সাইন করে? আমরা জনপ্রতিনিধি। আমি কে.এম.ডি.এ.-র চেয়ারম্যান। কে.এম.ডি.এ.-তে কোন্ কন্ট্রাক্টর পেমেন্ট পাবে না পাবে তার জন্য আমি বসে বসে চেক সাইন করবো না বিল পাশ করবো ? We are the policy maker. আমাদের কাজ হচ্ছে মানুষের স্বার্থে, মানুষ আমাদের পাঠিয়েছে সেটা পৌরসভাতেই হোক, বিধানসভাতেই হোক আর লোকসভাতে হোক, we are the policy maker .আমাদের পলিসি ঠিক করতে হবে মানুষের স্বার্থে কোন্ কোন্ কাজগুলো করতে হবে। Execute করার দায়িত্ব আমলাদের ওপর। They are the executive. They will execute our order .They will execute our policy. সেই পলিসি execute না করে একজন চেয়ারম্যান যদি বসে সারাদিন প্লান স্যাংশন করার জন্য ষ্ট্যাম্প মারছে, কোথায় বিলগুলো পাশ করানোর জন্য করছে, কোথায় বসে চেকগুলো সাইন করছে।

[2.40 pm – 2.50 pm]

এটা কি একটা চেয়ারম্যানের কাজ হল? বামফ্রন্ট ৩৪ বছর ধরে যে কাজটা করেনি সেই কাজটা করতে গেলে মানসবাবু ক্রিটিসাইজ করবেন। এখানে আমাদের তন্ময়দা এখনই উঠে গেলেন। এদেরই কথা ছিল যারজন্য করি চুরি, সেই বলে চোর। এই তন্ময়দা সেদিন বলছিলেন আমরাগুলো চেয়ারম্যান ছাড়ছেন না, একটু দেখে দাও না। এমএলএ ল্যাডে কি কাজ হবে না হবে, টাকা। এসেছে, সেটায় কি কাজ হবে, সেটা এক্সিকিউটিভ অফিসার করবেন। সেটা চেয়ারম্যান করবে কেন? কোন contracter পেমেন্ট পাবে না পাবে, কোন contracter এর

বিল পাশ হবে না হবে এটা কেন আমরা দেখব? আমরা যারা জনপ্রতিনিধি এটা কি আমাদের কাজ? এটা ইন্টারেস্ট ছিল, তার কারণ হচ্ছে বামফ্রন্ট বেঁটে খেতে বলেছিল, সবাইকে একটু একটু করে। মানসদা খুব রেগে গেছেন। কিন্তু আমরা স্বচ্ছতার দিকে আসবো, আপনি স্বচ্ছতা করতে পারেননি। তারজন্য আমরা আর কোনদিন করবো না এটা হতে পারে না। আমরা পাঁচ বছরের জন্য আসি। পাঁচ বছর বাদে আবার ইলেকটেড হয়ে তারপর আসি। কিন্তু ওদের কি ছিল? এক্সিকিউটিভ অফিসার এখনও আছে আমরা এখনও পুরোটা করতে পারিনি। রিটায়ার আমলাদের নিয়ে এক্সিকিউটিভ অফিসার তারা করেছিল। তখন এফ.ও. সিস্টেম ছিল না। ফাইনান্স অফিসার প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে ছিল না। এই সিস্টেমগুলো এই সরকার এসে ইনট্রোডিউস করেছে। ফাইনান্স অফিসার থাকবে, যারা ফাইনানসিয়াল ম্যাটারটা দেখবে। আমি একটা মিউনিসিপ্যালিটি করে দিলাম আর সেই মিউনিসিপ্যালিটির ঢাল নেই, তলোয়ার নেই, চেয়ারম্যান করে দিলাম সেই চেয়ারম্যান ঘুরে বেড়াচ্ছে, তার ঘাড়ে সব দিয়ে দিলাম এইভাবে একটা মিউনিসিপ্যালিটি চলতে পারে না। একটা মিউনিসিপ্যালিটি যখন হয় মানুষের অনেক প্রত্যাশা থাকে সেই মিউনিসিপ্যালিটির উপর। চেয়ারম্যানের এটা কাজ হতে পারে না যে বিল স্যাংশান করা, ১১৬ নং ধারা, ১২০ নং ধারা -এই কাজগুলো হতে পারে না। শুধু এই টুকু আমরা চেঞ্জ করেছি। আমরা বলেছি যে, এই পাওয়ারগুলো, ট্রেড লাইসেন্স কে পাবে না পাবে তাতে সই করা, এই বিলগুলোয় সই করা, বিলগুলোকে স্যাংশান করা এই চেয়ারম্যানের কাজ হবে না। চেয়ারম্যানের কাজ হবে মানুষের প্রত্যাশা অনুযায়ী কি কি কাজ নিতে হবে। কোন রাস্তাগুলোকে ঠিক করতে হবে। মিউনিসিপ্যালিটিগুলোতে আরো বেশি করে ড্রেনগুলোকে পরিষ্কার করতে হবে। বাংলার প্রত্যেকটা মিউনিসিপ্যালিটি আজ ভ্যাট ফ্রি হতে চলেছে। কিভাবে গ্রিন প্রোজেক্টগুলোকে করতে হবে। কিভাবে আরো সুন্দরভাবে নিজের মিউনিসিপ্যাল এলাকা, নিজের টাউনটাকে, নিজের শহরটাকে সাজাতে হবে। যে উন্নয়ন মমতা বন্দ্যোপাধ্যায়ের বাংলায় চলছে, সেই উন্নয়নের ভাগীদার হয়ে কিভাবে আরো এগোতে হবে এটা মিউনিসিপ্যালিটির কাজ। সেইটার জন্য একটা ছোট্ট অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। আমরা চাইছি যে এক্সিকিউটিভ অফিসার এবং এফ.ও. মিলে ফাইনানসিয়াল স্যাংশানগুলোকে সেখানে করবেন। আমি তো ভেবেছিলাম এটাতে আমরা ধন্যবাদ পাব। যে এই কাজটা অনেকদিন ধরে করিনি - অশোকদা নেই- এই কাজটা সত্যি সত্যি আমাদের আরেকটু আগে ভাবা উচিত ছিল, এখন তোমরা ভেবেছ। আমরা আপনাকে এখনই বলছি আমরা আস্তে আস্তে ডব্লউ.বি.সি.এস. ক্যাডারদের, মিউনিসিপ্যালিটির এক্সিকিউটিভ অফিসারদের ক্যাডার বেস করবো। অলরেডি আমরা মুভ শুরু করেছি। যে আমলাদের উপর দায়িত্ব থাকবে, সেই ক্যাডার বেস তৈরি করবো। মিউনিসিপ্যাল ক্যাডার তৈরি করতে হবে। যারা মিউনিসিপ্যালিটির সম্বন্ধে জানবে। শুধু নাইনটি পারসেন্ট মিউনিসিপ্যালিটি কেন নাইনটি ফাইভ পারসেন্ট মিউনিসিপ্যালিটিকে মানুষ সমর্থন করেছেন, তৃণমূল কংগ্রেসের রয়েছে। কিন্তু তার মানে এই নয় যে ফর গ্রান্টেড এই মিউনিসিপ্যালিটিগুলো কাজ করবে না, ঠিক আছে হয়ে গেছে আমরা শুধু বামফ্রন্টের মত পাটিবাজি করবো।

আমাদের সার্ভিস দিতে হবে। কমিটমেন্ট টু দি পিউপিল, মানুষের বিশ্বাস করে কমিট করেছে, সেই কমিটমেন্টের সার্ভিস আমাদের দিতে হবে। সেই সার্ভিস আগের ৫ বছর দিয়েছি তাই ২১১ টা সিট নিয়ে আমরা এসেছি। সেই সার্ভিসটাকে দিতে হবে। ইট ইজ এ কন্টিনিউয়াস প্রসেস। এই প্রসেসে আমাদের সবাইকে একসাথে চলতে হবে এবং এই প্রসেসটা করছি বলেই আজকে আমরা এই অ্যামেন্ডমেন্টটা এনেছি। বার বার বলা হচ্ছে একটা কাগজে যেহেতু বেরিয়েছে চেয়ারম্যান - চেয়ারম্যানদের কেন নেবো ? অনেক চেয়ারম্যান তো এখানে বসে আছেন। এই তো অর্জুন সিং এখানে রয়েছেন, এদের সাথে কথা বলে করেছি আমরা যে এটা তাদের কাজ নয়। এটাতে একটা

চেয়ারম্যানকে আরো বেশি হিউমুলেট করা হয়। যখন তাকে প্ল্যান স্যাংশান আর বিলগুলোকে পাস করানোর জন্য তার গাদা গাদা তার সামনে ফেলা হয়। সে জনপ্রতিনিধি হিসাবে আর অন্য জায়গায় মাইন্ড দিতে পারে না। সেই কাজটা আমলারা করবে যারা এক্সিকিউটিভ অফিসার, ফাইনান্স অফিসার রয়েছেন তারা করবেন। এই কাজটা তো আমরা করতে চেয়েছি। আপনারা এমন একটা দেখাচ্ছেন যেন ৭৪ অ্যামেন্ডমেন্টে কোথায় এটা বলা নেই সেই চেয়ারম্যানদের হাতে বিল স্ট্যাংশান করার পাওয়ার দিতে হবে, চেক সাইনের পাওয়ার দিতে হবে। এটা অনেক জায়গায় নেই। যদি সত্যি সত্যি এটা থাকতো তাহলে মিউনিসিপ্যাল কপোরেশান বিলে আপনারা দিতেন মেয়রের হাতে চেক সাইনিং পাওয়ারটা থাকবে। সেটা ওরা করেন নি। তাহলে কেন আজকে এটা নিয়ে এসে হাউসকে, মানুষকে একটা বিভ্রান্ত করার চেষ্টা করছেন। সচ্ছতার দিকে এগোতে গেলে আমাদের সিস্টেম অনুযায়ী কাজ করতে হবে। সেই সিস্টেমের মধ্যে থেকে আমাদের কাজ করতে হবে, আমরা সবাই মিলে সেটা করবো। আমরা এম.এল.এ.-রা করবো, মন্ত্রীরা করবো, চেয়ারম্যান করবো, কাউন্সিলার করবো - সবাই আমরা সেই সিস্টেমের মধ্যে কাজ করবো। সেইটুকুই এই বিলে আমরা অ্যামেন্ডমেন্ট এনেছি, স্যার। নতুন বিরাট যে কিছু করেছি তা নয়। তাছাড়া আলটিমেটলি আমার সেক্রেটারি কাজ করবে, আমার ডিপার্টমেন্ট কাজ করবে মন্ত্রীর ইন্সট্রাকশানে। সেখানে চেয়ারম্যানের হাতে আলটিমেটলি পাওয়ারটা তো রয়েছে। আমাদের এখানে যেমন বিল পাস করার পাওয়ার আমাদের হাতে আছে সেই রকম ওখানে বোর্ড অফ কাউন্সিলারসদের হাতে আলটিমেটলি রয়েছে।

এনি টাইম যে কোন এক্সিকিউটিভ অফিসার কোন ডিসিশান নিলে, সেই ডিসিশানটাকে রদ করে দিতে পারে বোর্ড অফ কাউন্সিলার। যদি দেখা যায় যে হ্যাঁ, একটা এক্সিকিউটিভ অফিসার একটা কাজ হয় নি। ধরুন একটা কালভার্ট তৈরি হচ্ছে, সেই কালভার্টটা ঠিক হয় নি। সেই কালভার্টের বিলটা দেওয়া হবে না। বোর্ড অফ কাউন্সিলারস্ ডেকে সেই মুহূর্তে এটাকে বন্ধ করে দিতে পারে। তাই বোর্ড অফ কাউন্সিলারসদের হাতে পাওয়ারটা তো আছে। এই যে ৬০ নম্বর ধারায় "Provided that the officer so appointed shall be under the administrative control of the Board of Councillors of the Municipality and may be withdrawn by the State Government so motu or if a resolution to that effect is passed by the Councillors at a meeting called for this purpose by a majority of the total number of members holding office for the time being and, in the case of a group of Municipalities, if such resolution is so passed by the Councillors of the majority of such group of Municipalities." এখানে তো রয়েছে স্যার, সেকশান - ৬০ -তে এই পাওয়ার আলটিমেটলি তো যারা ইলেকটেড্ কাউন্সিলারস্ তাদের কাছে দেওয়া আছে যে অ্যাপয়েন্টমেন্ট অফ এক্সিকিউটিভ অফিসার যারা রয়েছে তাদের যে কোন কাজে সেই সময় আমাদের মিউনিপ্যালিটির বোর্ড অফ কাউন্সিলার তারা যে কোন সময়, যে কোন কাজ হস্তক্ষেপ করতে পারে। তাহলে রেগুলারলি একটা কাউন্সিলারের উপরে এই চাপটা না চাপিয়ে দিয়ে আলটিমেটলি তার মানুষের কাজ করতে উদ্বুদ্ধ করা উচিত। মানুষের কাজ করতে দেওয়ার জন্য তাকে এগিয়ে দেওয়া উচিত। না, সেই মান্ধাতার আমলে ৩৪ বছর কি হয়েছে সেটাকে চালিয়ে যাবো, " সেই ট্রাডিশান সমানে চলেছে "। আমরা বলছি - না, বাংলার মানুষ বলছে - না - সেই ট্রাডিশান সমানে আর চলবে না। নতুন বাংলা গড়তে হবে, বিশ্ব বাংলা। গড়তে হবে। তাই বাংলাতে যে রকম পরিবর্তন এসেছে, সেইভাবে মিউনিসিপ্যালিটির কাজকর্মেও পরিবর্তন আসবে। তাই এই বিলটাকে সবাই মিলে আসুন সমর্থন করি, এইটুকু আহ্বান জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2.50 pm – 3.00 pm]

শ্রী মানস মুখার্জী : স্যার, আমার মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন হচ্ছে যে প্রথমতঃ উনি জানেন না চেয়ারম্যানরা এখন চেক সই করেন। আর এক্জিকিউটিভ অফিসার যেহেতু রিটায়ার্ড পারসন, তার কিন্তু কোন সরকারী বাধ্যবাধকতা থাকে না, সরকারী আইনে তাকে বাঁধা যায় না।

মিঃ স্পীকার : এর উত্তর উনি আগেই দিয়ে দিয়েছেন। মাননীয় মন্ত্রী উত্তর দিয়ে দিয়েছেন। উনি বলে দিয়েছেন সরকারের দৃষ্টিভঙ্গি বা এই বিলের দৃষ্টিভঙ্গিটা কি।

Now question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clauses 2 - 12

Mr. Speaker : There is no amendment to Clauses 2 -12. So I put Clauses 2 - 12 do stand part of the Bill. As many are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Mr. Speaker : Now the Minister in charge of the Department of Urban and Municipal Affairs Shri Firhad Hakim may move the Motion for passing of the Bill.

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Municipal (Amendment) Bill, 2017 as settled in the House be passed

Mr. Speaker : Now the question before the House is that the Bill as settled in the Assembly be passed. As many as are of that opinion will please Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it. The Bill is passed. The Bill is passed.

The Howrah Improvement (Amendment) Bill 2017

Shri Firhad Hakim: Mr. Speaker, Sir, I beg to introduce the Howrah improvement (Amendment) Bill, 2017.

Secretary then read the title of the Bill

Shri Firhad Hakim : Sir, I beg to move the Howrah Improvement (Amendment) Bill, 2017 be taken into consideration.

Mr. Speaker : There is an amendment to the Motion for reference of the Bill to the Select Committee by Shri Asit Mitra. Now I call upon Shri Asit Mitra to move his amendment.

Shri Asit Mitra : Mr. Speaker, Sir, I beg to move that the Howrah Improvement Bill be referred to the Select Committee of the House consisting of the following members.

শ্রী কানাই চন্দ্র মন্ডল : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে এখানে যে বিল উত্থাপিত হয়েছে দি হাওড়া ইমপ্রুভমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, সেই বিলে এখানে কিছু সংশোধনী আনা হয়েছে। সেই সংশোধনীতে এমন কিছু বিষয় নয়, বলার এমন কিছু বিষয় নয়, তবুও এখানে যে বিল আগে হল মিউনিসিপ্যালিটি বিল, তারই কন্টিনিউয়েশান। মূল যে বিল, সেই বিলের দু'নম্বর সেকশান, সেই সেকশানের পরিবর্তন ঘটিয়ে এখানে অ্যাপোয়েন্টমেন্টের যে ব্যাপার, সেই ব্যাপারে এখানে যে বোর্ড পূর্বে ছিল, হাওড়া মিউনিসিপ্যালিটির যে বোর্ড ছিল, সেই বোর্ডের ক্ষমতা কেড়ে নিয়ে অ্যাপোয়েন্টমেন্টের ক্ষেত্রে এখানে গভর্নমেন্ট হস্তক্ষেপ করতে চাইছে। বিলের মূল কনটেন্ট হচ্ছে এটা। এখন বিষয় হচ্ছে এগুলি কেন করছেন? এগুলি করার ক্ষেত্রে মনে হচ্ছে যে সমস্ত ক্ষমতা গভর্নমেন্ট এবং গভর্নমেন্টের মন্ত্রী, গভর্নমেন্ট ফর দি মিনিস্টার, তাঁরা সমস্ত ক্ষমতাকে কুক্ষিগত করতে চাইছেন।।

যে কারণে হাওড়া ইমপ্রুভমেন্ট একটা আলাদা করে- একটি মিউনিসিপ্যালিটি অনেক গুলি আইনের ধারা ১৯৫৬ সালের যে আইন সেই আইনের সংশোধন হয়েছে। এবং এই বিল ১৯৯৩ সালে সংশোধনী হয়েছে এবং পরবর্তী সময়ে হয়েছে। হাওড়া একটি খুবই গুরুত্বপূর্ণ মিউনিসিপ্যালিটি,যেখানে দাঁড়িয়ে তারা হাওড়া ডেভলপমেন্ট করার ক্ষেত্রে তাদের যে স্বশাসন তারা যেভাবে এটা করতে চাইছে, তারা অ্যাপয়েন্টমেন্ট ইত্যাদির ক্ষেত্রে যে ক্ষমতা ছিল সেই ক্ষমতাকে কেড়ে নিয়ে গভর্নমেন্ট সেখানে মাথা ঘামানোর চেষ্টা করছেন। এক্ষেত্রে যে স্বচ্ছতা আসবে গভর্নমেন্ট যেটা করতে চাইছে তাতে যে ট্রান্সপরেন্সি আসবে তার কি গ্যারান্টি আছে ? সেই গ্যারান্টি কি মাননীয় মন্ত্রী মহাশয় ফিরহাদ হাকিম দিতে পারবেন ? আমরা দেখেছি অনেক আইনের সংশোধন করা হয়েছে। আইনের সংশোধন করে প্রাইমারী স্কুলের অ্যাপয়েন্টমেন্ট আজকে যেটা জেলা কাউন্সিল অ্যাপয়েন্টমেন্ট দিত এখন সরাসরি স্টেট বোর্ড দেয়। রাজ্যজুড়ে আইন সংশোধন নিয়ে এসেছেন আজকে তার কি স্বচ্ছতা আমরা লক্ষ্য করছি, দেখতে পাচ্ছি? এখানে সব দলের বিধায়করাই আছেন। আজকে যেভাবে দুর্নীতি বেড়েছে টেট পরীক্ষাতে তার অ্যাপয়েন্টমেন্ট নিয়ে দুর্নীতি। আজকে গভর্নমেন্ট কত অ্যাপয়েন্টমেন্ট হয়েছে তার এখনো নাম প্রকাশ করতে পারেনি। মাননীয় শিক্ষামন্ত্রী বললেন যে মার্চ মাসের মধ্যে ৭৫ হাজার শিক্ষকের চাকরি হবে। কিন্তু হয়নি।

মিঃ স্পীকার : এটা শিক্ষা বিল নয়। আপনি এই বিলের উপরে বলুন।

শ্রী কানাই চন্দ্র মন্ডল : কিন্তু এর স্বচ্ছতা কোথায়? একই ক্ষেত্রে যে আইন গুলি নিয়ে আসছেন,সব ক্ষেত্রে আজকে আইন আনার চেষ্টা করেছে এই যে আমরা যদি দেখি স্বচ্ছতা প্রদীপের তলাতে অন্ধকার। সেই অন্ধকার আজকে PSC অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে। আজকে সারা রাজ্যে যা দৃষ্টান্ত ছিল লেফট ফ্রন্ট গভর্নমেন্টর সময়, সেই সময় দাঁড়িয়ে এই যে পরীক্ষার

যে স্বচ্ছতা ছিল সেই স্বচ্ছতা আজ কোথায় ? আজকে SSC স্বচ্ছতা কোথায় ? আজকে ICDS চাকরি জেলা ভিত্তিক, আজকে এম.এল.এ -দের ক্ষমতা কেড়ে নিয়ে জেলা ভিত্তিক কমিটি করা হয়েছে। তার স্বচ্ছতা কোথায় ? এই যে আজকে আইন করা হচ্ছে চেয়ারম্যানদের হাত থেকে ক্ষমতা কেড়ে। আজকে গভর্নমেন্ট নাক গলাবে আর তিনি শেষ কথা বলবেন আজকের আইন সংশোধন করে সেক্ষেত্রে স্বচ্ছতা কোথায় ? আমরা লক্ষ্য করছি আইনের অনেক সংশোধন করা হচ্ছে। আমরা সংবাদপত্রে শুনলাম আগামীকাল স্বাস্থ্য সংক্রান্ত বেসরকারী নার্সিংহোম ইত্যাদি নিয়ে বিল আসবে। আজকে আমরা কি লক্ষ্য করছি। ? আজকে এখানে দাড়িয়ে মুখ্যমন্ত্রীর যে পথ আজকে সেই পথ অনুসরণ করছে দলীয় লোকেরা। চিকিৎসার ক্ষেত্রে হাসপাতাল গুলির যে দুরাবস্থা এবং সেই দুরাবস্থা হেতু নার্সিংহোমে বেসরকারী ক্ষেত্রে মানুষের ভিড় বাড়ছে।

মিঃ স্পীকার : আপনি অপ্রাসঙ্গিক কথা বলবেন না। দিস ইস নট রেলিভেন্ট টু দা কনটেক্স অফ দা বিল। ওটা কালকে হেস্থের উপর বলবেন।

শ্রী কানাই চন্দ্র মন্ডল : আমরা দেখলাম আজকে হটকারী সিদ্ধান্ত কারা নিচ্ছেন ? আজকে দেখলাম নিষ্প্রভ প্রদীপ প্রাক্তন পরিবহণ মন্ত্রী যেভাবে জ্বলে উঠলেন সেই জ্বলাকে বন্ধ করার জন্য - একসময় আপনারা বলতেন আলিমুদ্দিনে নাকি সব সিদ্ধান্ত হয়। গতকাল লাগাম দেওয়া হয়েছে। লাগাম মানে এই রকম আমি বাড়ির কর্তা আমি ভিক্ষা দেব, তুমি ভিক্ষা দেওয়ার কে ? আজকে এই যে রাশ, আজকে একক ক্ষমতা সমস্ত ক্ষেত্রে বিধায়কদের ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে। বোর্ডের, স্বশাসিত সংস্থা, পঞ্চায়েতের ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে, আজকে মিউনিসিপ্যালিটির ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে। হাওড়া ইমপ্রুভমেন্ট বিলের অ্যামেন্ডমেন্ট করে তার ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে। সবক্ষেত্রে যে ক্ষমতা কেড়ে নিয়ে কেন্দ্রীভূত করা আজকে গভর্নমেন্টের যে লক্ষ্য সেটাই আমরা লক্ষ্য করছি।

[3.00 pm – 3.10 pm]

তাতে কি এই রাজ্যের দুর্নীতি বন্ধ হচ্ছে ? আজকে আপনাদের অধিকাংশ - আজকে এখানে আলোচনা হচ্ছিল যে রাজ্যের সিংহভাগ পঞ্চায়েত, মিউনিসিপালিটি হয় কোথাও নির্বাচনে রিগিং করে অথবা কোথাও দখলদারি করে আপনারা দখল নিয়েছেন। আজকে তো আপনাদেরই লোকজন - তাদের উপরে আজকে আস্থা থাকছে না কেন ? আজকে সেই আস্থা এমন জায়গায় গিয়েছে যে দলের লোকেদের আজকে সর্বক্ষেত্রে যে ব্যাপক দুর্নীতি, আজকে সেইটাকে রোধ করে তাদের লাগাম দেওয়ার জন্য আজকে আপনারা এই ধরনের এ্যামেন্ডমেন্ট নিয়ে এসছেন। আপনারা বিল নিয়ে আসছেন ? এই যে কিছুদিন আগে আপনারা বললেন যে এইরকম ভেঙ্গে দাও গুঁড়িয়ে দাও - আজকে এটাকে রোধ করার জন্য আজকে আইন আনতে হল কেন ? আইন আনতে হল এই কারণে যে, আজকে আপনাদের দলের লোকেদের - তৃণমূল কংগ্রেস দলের লোকেরা - আজকে শুধু স্কুলের চেয়ারবেঞ্চ ভাঙা নয়, আজকে কলেজের চেয়ারবেঞ্চ ভাঙ্গা না, আজকে ইউনির্ভাসিটির চেয়ার বেঞ্চ ভাঙা নয়, আজকে ভাঙ্গতে - ভাঙ্গতে পুলিশের চেয়ারবেঞ্চ ভেঙ্গে আজকে আপনারা তাদের তার তলায় ঢুকিয়ে দিচ্ছেন। যে কারণে আজকে আপনাদেরকে এই বিল আনতে হচ্ছে। আপনার দলের লোকেদের জন্য এই বিল আনতে হচ্ছে। সারা রাজ্যে অরাজকতা যা তৈরি হয়েছে - 'এসমা'-র মত আইন, 'মিসা'-র মত আইন - যে আইনে আজকে যারা লড়াই করেছেন, সেই আইনে আজকে বামপন্থীদের দমন করা যায়নি। ফলে আপনি আজকে যে বিল আনছেন, আজকে সেই বিলে তার কি কার্যকারীতা আমরা দেখতে পাচ্ছি ? এটা আপনাদের দলের লোকেরা আইন। করার পর সেই দিনেই ভাঙছে, তার পরের

দিনই ভাঙছে, জলপাইগুড়িতে ভাঙছে, প্রতিটি জায়গায় ভাঙছে - আপনাদের দলের লোকেরা ভাঙ্গছে। আইনের প্রয়োগ - কোথায় তার আইনের প্রয়োগ? সেইজন্য আজকে সর্বক্ষেত্রে আপনাদের যে ব্যর্থতা, সেই ব্যর্থতা ঢাকার জন্য আপনারা আজকে এইরকম বিল এনে আজকে আপনারা হাওড়া ইম্প্রুভমেন্ট একটা এ্যাক্ট আজকে যা ছিল - হ্যাঁ যদি ভাল হয় সেটা হলে ভাল - সমর্থন করব। কিন্তু সারা রাজ্যে আজকে আইন এনে আজকে স্বচ্ছতার। জায়গায় আপনারা গণতন্ত্রকে আজকে ধ্বংস করে, আজকে দলীয়তন্ত্র, একনায়কতন্ত্র কায়েম করার জন্য যে বিল নিয়ে আসছেন, আগামি দিনে সেই বিলই হবে আপনাদের অন্তরায়। আপনারা সিঙ্গুরের বিল এনে জমি দিতে পারেননি। সুপ্রীম কোর্টের নির্দেশে জমি পেয়েছে। সেই আইন ভুল প্রমাণিত হয়েছে। একইভাবে আজকে এই বিল আজকে যে আনছেন, সেই বিলের কার্যকারিতা যদি আজকে ভাল হয় তাহলে সেই বিল সমর্থন করব কিন্তু আপনাদের উদ্দেশ্য যদি প্রদীপের তলার মত অন্ধকার হয় তাহলে ভয়ংকর হবে। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জটু লাহিড়ী : হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টের ১৯৫৬ সালের আইনের সংশোধন এই বিলের মাধ্যমে মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম সাহেব এনেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করছি। স্যার, পূরবর্তী বক্তার ভাষণ শুনে আমার নিজের ছোটোবেলার একটা কথা মনে পড়ে গেল। সারাদিন ধরে গরুর রচনা পড়েছে। আর পরীক্ষায় খাতায় গিয়ে দেখে কয়লার রচনা পড়েছে। ফলে সেই কয়লাকেও গরুর লেজ বার করতে হবে, সেই কয়লাকে গরুর মুখ বসাতে হবে, এমনকি তাতে যাতে দুধও বেরোয়। তারও ব্যবস্থা করতে হবে - গরুর রচনার প্রতিটি কথা কয়লাতে বসিয়ে দিয়েছিলেন। আজকে ওনার কথা শুনে আমার সেইটিই মনে হল। হাওড়ার ইম্প্রুভমেন্ট ট্রাস্ট বিষয়টি উনি জানেন না। ১৯৫৬ সালে এই আইন পাস হয়েছিল এবং হাওড়াকে টোটালি ডেভেলপমেন্ট করবার জন্য, হাওড়া শহরকে নতুন করে তৈরি করার জন্য প্রয়াত মুখ্যমন্ত্রী বিধান চন্দ্র রায় - তিনি এই হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট তৈরি করেছিলেন এবং তারপর থেকে ১৯৭৭ সাল পর্যন্ত হাওড়ার ইম্প্রুভমেন্ট ট্রাস্ট তার নিজস্ব শক্তিতে চলছিল।

কারণ সরকার নিজেই তৈরি করেছে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট। সুতরাং এই হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের মাধ্যমে যাতে হাওড়া শহরের উন্নয়ন হয় সেই জন্য তৎকালীন সরকার সর্বতোভাবে চেষ্টা করেছেন। যার ফলে হাওড়ার উন্নয়ন সেই সময় যেভাবে বেড়ে চলেছিল, আমাদের বিশ্বাস ছিল যে সেটা সম্পূর্ণ হতে পারত। কিন্তু বিনা মেঘে বজ্রপাতের মতো মার্কসবাদী কমিউনিস্ট পার্টি বামফ্রন্ট নামে ১৯৭৭ সালে ক্ষমতায় এসে হাজির হল। ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর থেকে আমরা কি দেখলাম? টোটাল হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে প্যারাডাইস করে দেওয়া হল। কারণটা কিন্তু আছে। কারণ হচ্ছে হাওড়া কপোরেশন আর হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, মজা হচ্ছে যিনি হাওড়া কর্পোরেশনের মেয়র হবেন তিনি হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের চেয়ারম্যান হবেন। এটা ছিল বাম আমলের নীতি। যার ফলে কি হয়েছিল? হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে টোটালি বিকলাঙ্গ করে দেওয়া হয়েছিল। হাওড়া কর্পোরেশন, যেহেতু মেয়র এবং চেয়ারম্যান একই ব্যক্তি ফলে টোটাল ক্ষমতাটা হাওড়া কের্পোরেশনের মধ্যে অন্তর্ভুক্ত করে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের নামে যা কিছু টাকা পয়সা আসত সবটাই কর্পোরেশন কাজে লাগাত। অথাৎ যিনি মেয়র তিনি চেয়ারম্যান, তিনি ভাবছেন কর্পোরেশন যত বড় হবে তত তার নাম হবে। পরিণতিতে কি দাঁড়িয়েছিল? সেই সময় অর্থাৎ ১৯৭৭ সালের পর হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টে ২০ জন এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার ছিল। যেখানে হাওড়া কপোরেশনে মাত্র ৪ জন এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার ছিল। তার সঙ্গে একজন সি.ই.ও. ছিল। যেটা এখনও আছে। তাদের কোনো কাজ

নেই। তাদের বসিয়ে বসিয়ে মাইনে দেওয়া হয়েছে কোন কারণে? কারণ চেয়ারম্যান এবং মেয়র এক ব্যক্তি। ২০১১ সালে যে পরিবর্তন এল, সেই পরিবর্তনের মধ্যে দিয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী কিন্তু যিনি কর্পোরেশনের মেয়র তিনি হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের চেয়ারম্যান হবেন - তিনি বুঝেছেন যে রাম সেই রহিম করলে হবে না। কারণ কম্পিটিশান ব্যাতি রেখে কাজের উন্নয়ন হয় না। হাওড়া কর্পোরেশন সে তার নিজের গতিতে কাজ করবে। আর হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট সেও নিজের গতিতে কাজ করবে। কে কতটা ভালো কাজ করছে তুলনামূলক বিচার তখনই হবে তার নেতৃত্বে কে আছে। এখানে দেখা গিয়েছে যে হাওড়া কর্পোরেশনের যিনি বর্তমানে মেয়র তিনি তাঁর কাজ শুষ্ঠভাবে নিশ্চিত ভাবে করে চলেছেন। অন্য দিকে ২০১১ সালের পর থেকে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের চেয়ারম্যান কখনও কোনো মেয়র হয়নি। এই যে পরিবর্তন, এই পরিবর্তনের মধ্যে দিয়ে ২০১১ সালের পর থকে আজকে ২০১৭, আমি তো বলব হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট নিজের গতিতে কাজ করছে। আজকে আইনে যেটা আনা হয়েছে তা হল ১৯৫৬ সালের আইনে কিছু সংশোধন করা হয়েছে এবং এই সংশোধনের মাধ্যমে চেয়ারম্যানের হাতে আরো ক্ষমতা অর্পিত হয়েছে। যেহেতু তিনি কিভাবে ইমপ্রুভমেন্ট ট্রাস্ট চালাবেন, চালাতে গেলে কোথায় কোন অসুবিধা হচ্ছে সেই মূল্যায়ন করে আমাদের মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম হাসের এই সংশোধন এনেছেন। যেমন এই বিলের মাধ্যমে পশ্চিমবঙ্গ রাজ্যসরকারের নগর ও পৌর ব্যবস্থার মাধ্যমে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের ১৯৫৬ সালে আইনে Clause N, Section 2 নম্বরে এই ধারা যুক্ত হবে।

[3.10 pm – 3.20 pm]

তার সঙ্গে তিনি কি বলেছেন ? ২৭ এবং ২৮ নং ধারা, যা সাময়িক ভাবে বাস্তবায়িত করা হয়েছে, যার উদ্দেশ্য পরিষদের অফিসার এবং কর্মচারীদের নিয়োগ, উন্নয়ন, ছুটি অনুমোদন এবং অবনমন, সাসপেন্ড করা কিম্বা চাকরি থেকে বরখাস্ত করা, যেটা সম্পূর্ণ ভাবে চেয়ারম্যানের অধিকারে থাকবে। অর্থাৎ কর্পোরেশন, ইমপ্রুভমেন্ট ট্রাস্ট চালাতে গিয়ে যদি দেখা যায় সেখানে কারো কোন অস্বচ্ছতা আছে, তার ডিউটি ঠিক মত পালন করছে না বা কোন অন্যায় কাজ করেন তার অবনমন হতে পারে, সে বরখাস্ত হতে পারে, সাসপেন্ড হতে পারে, যে ক্ষমতাটা চেয়ারম্যানের হাতে থাকবে। তার সঙ্গে সঙ্গে বলা হয়েছে, সংশ্লিষ্ট ব্যক্তি বোর্ডের কাছে অ্যাপিল করতে পারবেন এবং বোর্ড যে সিদ্ধান্ত নেবে সেই সিদ্ধান্ত কিন্তু চেয়ারম্যানকে বাদ দিয়ে করা হবে না। বোর্ডে আলোচনা করে চেয়ারম্যান যে সিদ্ধান্ত নেবেন সেই সিদ্ধান্তই বলবৎ হবে। এই ক্ষমতাটা চেয়ারম্যানকে দেওয়া হয়েছে। আরও স্বচ্ছতার সঙ্গে কাজ করার জন্য। এর উপরে রাজ্য সরকার রয়েছে। তার মানে নগরোন্নয়ন মন্ত্রী, পৌরসংস্থা, তাদের কাছেও যদি এই বিষয়ে কিছু অভিযোগ করা হয় তাহলেও কিন্তু শেষ কথা রাজ্য সরকার বলবে। যদি সেখানে কোন অন্যায় থাকে, যদি রাজ্য সরকার দেখে সেটা ভুল, তাহলে সেটা সংশোধনা হবে রাজ্য সরকারের মাধ্যমে। এই ভাবে বিলটাকে সাজানো হয়েছে। যদি কোন কর্মচারী বা অফিসারের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের বা অন্য কোন অসদাচরণের অভিযোগ আসে, সেখানে চেয়ারম্যান নিজে তদন্ত করবেন এবং তদান্ত করে বোর্ডে সবার মধ্যে আলোচনা করে যে সিদ্ধান্ত নেবেন, সেই সিদ্ধান্তই বাস্তবায়িত হবে। এটা করেছেন। অর্থাৎ সুপ্রিম অথোরিটি চেয়ারম্যান। এসব ব্যবস্থা তো আপনারা উঠিয়েই দিয়েছিলেন, তুলেই দিয়েছিলেন। একটা কর্পোরেশন হোক বা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট হোক বা সরকার হোক, সেখানে যিনি হেড হবেন, তার যদি দায়িত্ব না থাকে, তার যদি বাধ্যবাধকতা না থাকে, তাহলে কাজ কি ভাবে হবে। তিনি যে চেয়ারে বসেছেন, তার আন্ডারে যারা কাজ করছে তারা স্বচ্ছতার সঙ্গে কাজ করছে কি না, কাজে ফাঁকি দিচ্ছে কিনা এবং মানুষের সেবার জন্য

যে দায়িত্ব তাদের দেওয়া হয়েছে সেই দায়িত্ব যথাযথ ভাবে পালন করছে কিনা, সেটা দেখার দায়িত্ব চেয়ারম্যানের উপর বর্তেছে। অর্থাৎ চেয়ারম্যান দেখবেন। দায়িত্বজ্ঞানহীন কোন কাজ কেউ করছে কিনা। যদি করে থাকে, সেখানে চেয়ারম্যান তদন্ত করবেন। বোর্ডে আলোচনার মাধ্যমে যদি দেখা যায় সে দোষী, সেখানে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া দরকার, সেই ক্ষমতা চেয়ারম্যানকে দেওয়া হয়েছে এখানে। আজকে কোন প্রতিষ্ঠান চালাতে গেলে যদি তাকে ঠিক মত কাজে লাগাতে না পারি, যাকে মাথায় বসিয়েছি তার হাত পা যদি কেটে নিই, তাকে কোন দায়িত্ব দেব না, তাহলে সে ব্যক্তি কি ভাবে সুষ্ঠু ভাবে কাজ করবেন ? এটা মাননীয় মন্ত্রী বুঝেছেন যে, কাজ করতে গেলে দায়িত্ব যেমন দিতে হবে, তেমনি সেই দায়িত্ব যদি পালন না করে সেটাও অমার্জনীয় অপরাধ এবং দায়িত্ব যাতে পালন করতে পারেন সেই অধিকার তাকে দেওয়া হয়েছে। কোন প্রতিষ্ঠান চালাতে গেলে যে হেড অফ দা ডিপার্টমেন্ট হবেন, তাকে যথাযথ দায়িত্ব পালন করার ক্ষমতা দেওয়া দরকার, যেটা মাননীয় মন্ত্রী করেছেন, সেইজন্য তাঁকে ধন্যবাদ জানাই। বিরোধী সদস্যরা যে ভাবে কথা বলছেন, তাতে বোঝা যাচ্ছে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট সম্বন্ধে কোন ধ্যান ধারণাই তাদের নেই। এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।।

শ্রী শীতল কুমার সর্দার : (নট প্রেজেন্ট)।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রী শ্রী ফিরহাদ হাকিম যে বিল এনেছেন,হাওড়া ইমপ্রুভমেন্ট অ্যামেন্ডমেন্ট বিল ২০১৭, আমি এই বিলের বিরোধীতা করে আমার বক্তব্য রাখছি। স্যার, মাননীয় জটু লাহিড়ী মহাশয় হাওড়ার অন্যতম প্রবীণ বিধায়ক, তিনি নিজে হাওড়া মিউনিসিপ্যাল করপোরেশনের সঙ্গেও অনেকদিন যুক্ত ছিলেন। তিনি আপনাদের সামনে যে কথাটা বলেছেন সেকথাটা সত্যি কথা যে,এটা ১৯৫৬ সালে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট তৈরী হয়েছিল। হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট তৈরী হওয়ার পিছনে যে মূল কারণটা ছিল, ডঃ বিধানচন্দ্র রায় ভেবেছিলেন যে কলকাতার বয়স তিনশো বছর আর হাওড়ার বয়স পাঁচশো বছর, গঙ্গা নদীর ধারের এই দুটো শহর যেহেতু কলকাতা ভারতবর্ষের রাজধানী হিসাবে গড়ে উঠেছিল সে জন্য কলকাতার উন্নয়ন আর হাওড়ার উন্নয়ন দুটো কিন্তু সমানভাবে হয় নি।হাওড়া অর্থে যদি স্যার, আমি ধরে নিই, একটা সময়ে হাওড়া বর্ধমানের অংশ ছিল, হুগলীর অংশ ছিল এখানে যারা সম্মানীয় শিক্ষক মহাশয় আছেন তাঁরাও জানেন তাহলে আমাদের রাজ্যে ওলন্দাজ, থেকে আমাদের রাজ্যে ফ্রেঞ্চ কলোনী গড়ে উঠেছিল এক সময়ে চন্দননগরে এবং পরবর্তী সময়ে শ্রীরামপুরে আর একটা সম্প্রদায় তারা এসে শাসন করেছেন ইত্যাদি, ইত্যাদি। আমি স্যার এত বিস্তৃত আলোচনায় যাব না। তাহলে আমার যে টুকু সময় আছে সেই সময়ের মধ্যে বিল নিয়ে আলোচনা করতে পারব না। সুতরাং, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট তৈরী করে হাওড়ার উন্নয়নটাকে ত্বরান্বিত করতে হবে এবং সেই সময়ে ডঃ বিধানচন্দ্র রায়ের সঙ্গে তাঁর এই চিন্তা ভাবনাকে বাস্তবে রূপায়িত করার জন্যে এগিয়ে গিয়েছিলেন, যিনি তিনি এক সময়ে এই বিধানসভার সদস্য এবং এই বিধানসভার মন্ত্রী ছিলেন স্বর্গত শৈল মুখোপাধ্যায়। উত্তর হাওড়ার বিধায়ক হিসাবে নির্বাচিত ছিলেন। ব্রজদা আছেন সব জানেন। আমি আপনাদের কাছে যে কথা বলতে চাই যে সব ঠিক আছে তাহলে আমরা যে জায়গাটায় আমরা এলাম যে, আপনারা না জেনে অনেক কথা বলছেন, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট তৈরী হয়েছিল এবং তৈরী করতে গিয়ে ৪০হাজার একর জমি স্যার, অধিগ্রহণ করতে হয়েছিল। ফোরটি থাউজেন্ড এ্যাকরস অব ল্যান্ড। ৪০হাজার একর জমি অধিগ্রহণ করতে হয়েছিল এবং এখনও যদি হিসাব করেন ১০ হাজার একরের মত জমি রয়েছে। অধিকাংশ ক্ষেত্রে মাননীয় মন্ত্রীকে বলব আপনি অনুসন্ধান করে দেখবেন। আমি যে জায়গায়টায় আপনার বিরোধিতা করব, আমি সেটা বলব, আপনি অনুসন্ধান করে দেখবেন যে ইমপ্রুভমেন্ট

ট্রাস্টের জায়গাগুলো কি ভাবে জোর করে জবরদখল হচ্ছে দিনের পর দিন। ইমপ্রুভমেন্ট ট্রাস্টের জায়গা দখল হয়েছে। একটা জায়গায় ইমপ্রুভমেন্ট ট্রাস্টের সারের কারখানা তৈরী হবে বলেছিল। স্যুয়েরেজ কোম্পানী তৈরী করবে বলেছিল।

[3.20 pm – 3.30 pm]

কিন্তু সেটা পরবর্তী পর্যায়ে অনেকটা এগিয়ে গিয়েও বন্ধ হয়ে। যায়। সেখানে অনেক জায়গা পড়ে আছে আপনি জানেন। আপনাকে আমি অনুরোধ করব আপনি ডুমুরজলায় গিয়ে ভালো করে একবার দেখে আসুন। এই ডুমুরজলা এলাকায় বেশ কিছু জমি সেখানে এখনও পড়ে আছে, এবং সেই জায়গাতে মেলা হচ্ছে। সেখানে হাওড়া মেলা হচ্ছে। সেখানে জায়গা জবরদখল হচ্ছে, অন্যান্য অনেক কিছু হচ্ছে। সেটা আপনাকে দেখার জন্য অনুরোধ করব। আমি আপনাকে বলছি যে আরও যে বিষয়গুলি আছে, সেগুলি হল- এইচ আই টি-র মূল কাজ কি। যেটার ব্যাপারে উনি বলছিলেন যে, এইচ আই টি তে কুড়ি জন ইঞ্জিনিয়ার ছিলেন, আর চার জন ইঞ্জিনিয়ার ছিলেন হাওড়া মিউনিসিপ্যাল কপোরেশানে। মাননীয় মন্ত্রী মহাশয় আমি আপনাকে বলছি তার মানেটা এই যে এটা ভুল সিদ্ধান্ত নয়। হাওড়া মিউনিসিপ্যাল কপোরেশান সাধারণ পরিসেবার কাজ করতেন। মূল উন্নয়নের দায়িত্ব অর্থাৎ হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের উপর এই মূল উন্নয়নের দায়িত্বটা ছিল। যে কথা উনি বলেছেন তার অধিকাংশটাই এই বিষয়ে প্রসঙ্গক্রমে এসে যায় যে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট থেকে অনেক জায়গা অধিগ্রহণ করা হয়েছিল। অনেক কাজ করার জন্য এটা করা হয়েছিল। সেখানে এখনও দশ হাজার বিঘার মত জায়গা পড়ে আছে। এটা যদি কাজে লাগাতে পারেন তাহলে সেটা ভালো হবে। সেইকথা আপনার এখানে উল্লেখ নেই। আমি আপনাকে আর একটি কথা বলি। যেটা আপনার বিলে বলেছেন। আপনার বিলে যে কথা বলেছেন। তারজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলব যে,কিছুক্ষণ আগে আমি একটা সিলেক্ট কমিটি করার কথা বলেছি। আমাকে আমার বন্ধুরা বলেছেন যে, হাওড়ার জন্যই শুধু সিলেক্ট কমিটি হয় কেন। আমি সিলেক্ট কমিটির কথা এইজন্য বলছি যে সিলেকট কমিটি থাকলে এক মাসের মধ্যে সেখানে বসে আলোচনা করা যেতে পারে - যে কোনটা অন্যায় হয়েছে,কোনটা ঠিক হয়েছে, কোনটা ভুল হয়েছে। সেখানে বসে আমরা আলোচনা করতে পারি। আমি এক মাসের থেকেও কম সময় নিতে বলেছিলাম। সবথেকে বড় কথা যে জায়গাটায় আপনি বলেছেন আগে, আমি সেই জায়গাটা পড়ছি। চার নাম্বার পাতায় ৯৫(এ)তে তিনি বলেছেন, The following Section shall be substituted. The State Government may, for the efficient administration of this Act or for such other reasons as it thinks fit, issue direction to the Board from time to time and Board shall carry out such directions as issued to it from time to time by the State Government. মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি ভেবেছেন যে আমি মন্ত্রী থাকব, চিরকাল আমি ডিরেকশন দেব,যারা আমার কাছে আসবে তারা কথা শুনবে, যেটা বলবো সেটা হবে। একটা কথা ঠিকই বলেছেন সেভেনটি থার্ড অ্যান্ড সেভেনটি ফোর্থ অ্যামেন্ডমেন্ট - রাজীব গান্ধী যেটা করেছিলেন, তাতে নগরপালিকা বিলের অধিকার দেওয়া হয়েছিল। এবং সেক্ষেত্রে স্যার, আপনাকে বলব যে নগরপালিকা বিলের পর পঞ্চায়েত আইন সংশোধনের পর, আমরা সাধারণতঃ টু টায়ার গভর্নমেন্টের কথা ভাবি।অথাৎ সেন্ট্রাল গভর্নমেন্ট কেন্দ্রীয় সরকার,আর রাজ্য সরকার। স্যার এটা ক্লিয়ার হয়ে গেছে যে,পঞ্চায়েত এবং নগরপালিকাকে মিউনিসিপ্যাল কপোরেশান বা এইচ আই টি কে যে ক্ষমতা দেওয়া হয়েছে এটা সেক্ষ ডিপেন্ড গভর্নমেন্ট হবে। এবং তাদের সেক্ষ রাইট থাকবোTo bring law for the interest of the people. স্যার আমি আপনাকে

বলছি সেক্ষেত্রে কি স্যার, এটা হবে, আমি আপনার অনুমতি নিয়ে এখানে আমি দু নাম্বার প্যারা পড়ছি। আমি সমস্ত সদস্যদের জানাতে চাই স্যার, If any dispute arises between the Government and the Board, the decision of the State Government on such dispute shall be final.-012699 COPO গভর্নমেন্ট এর ক্ষমতা কি রইল। তাহলে এখানে তো অনেক মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান আছেন। অনেক মিউনিসিপ্যালিটি থেকে চলে যাচ্ছেন অনেক মেম্বাররা, তারা বলছেন বাঁচতে পারব না। তৃণমূলেই যেতেই হবে। তারা চলে যাচ্ছেন ঠিক আছে।

কিন্তু আমি আপনাদের বলছি, তারজন্য যে লড়াই মান্নান সাহেব করছেন, করবেন। কিন্তু স্যার, আমি আপনাদের কাছে একটা কথা বলছি যে, তাহলে কি আমাদের ধরে নিতে হবে যে, রাজ্য সরকার যেটা বলবে সেটাই ফাইনাল ? আর একটা। মিউনিসিপ্যালিটি, একটা এইচ.আই.টি. - এদের নিজস্য কোনো ক্ষমতা নেই। ডিসপুট হলেই তাদের। কাছে চলে যাবে, সেক্ষেত্রে চেয়ারম্যান অথবা আদার্স মেম্বার যারা আছেন, তারা এই বিষয়ে কোনো। কথা বলতে পারবেন না। অর্থাৎ হু উইল বি দ্যা ফাইনাল অথরিটি ? চেয়ারম্যান। জটুদা বলছিলেন, চেয়ারম্যান ইজ দি ফাইনাল অথরিটি। তিনি ঠিক করবেন - কার ট্রান্সফার হবে, কে কোথায় যাবে না। যাবে, কে কি কাজ করবেন না করবেন ইত্যাদি। আমি অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে জটু লাহিড়ি মহাশয়কে। বলব যে, তা যদি হয়, তাহলে আমি আপনাদের বলছি যে, কেন এই 4 এর 95A-র ২ নম্বর ধারায় এটা বলা হ'ল If any dispute arises between the State Government and the Board, the decision of the State Government on such dispute shall be final, অর্থাৎ রাজ্য সরকার যেটা বলবে, সেটাই ফাইনাল হবে। স্যার, আমি সেই জন্য বলব, আজকে এই যে সংশোধন, এই সংশোধনটাকে কোনো মতেই মেনে নেওয়া যায়না। স্যার, আমি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কথাটা। বলেই শেষ করবো। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে স্যার এইচ.আই.টি. এমপ্লয়মেন্টের ক্ষেত্রেও একই কথা বলেছেন, In this Act, the Municipal Service Commission constituted under the West Bengal Municipal Act, 1993, or any other body as may be notified by the State Government, shall select candidate for being appointed in the Howrah Improvement Trust - এটা হ'তে পারেনা। গভর্নমেন্ট ঠিক করবে ? এক তো আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে ছেলে মেয়েদের ডাকুন যারা কাজ করবে। আমি আপনাকে অনুরোধ করবো, আপনি এটা চেঞ্জ করে নিয়ে আসুন, নিয়ে এসে বলুন যে, অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার যে অধিকারী - ডিসপুট থাক, যাই থাক - Howrah Improvement will be the only authority who will appoint the person who will be eligible for the post. আমি আপনাকে এই রিকোয়েস্টটা করছি। স্যার, এই জন্যই আমি। এই বিলটাকে সিলেক্ট কমিটিতে নিয়ে যাওয়ার অনুরোধ করেছি এবং একই সঙ্গে আমি বলবো, যারা। পেনশন পাচ্ছেন না, অনেক টাকা আপনি রোজগার করছেন জায়গা-জমি থেকে। যারা পেনশন পাচ্ছেন না এমন অনেক এমপ্লয়ি - পেনশন অ্যাসোসিয়েশনের সেক্রেটারী আমাকে বলছিলেন। আমি আপনাকে অনুরোধ করবো, আমি আপনার কাছে দাবী জানাবো, এই হাউসে দাবী জানাচ্ছি। স্যার - এই সমস্ত কাজগুলো করার জন্য আপনাকে আরো দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। এই বিল তড়িঘড়ি পাশ না করে এটাকে সিলেক্ট কমিটিতে নিয়ে চলুন, আমরা আপনার পক্ষে থাকবো হাওড়া জেলার উন্নয়নের জন্য, হাওড়া ইমপ্রুভমেন্ট টাস্ককে আরো অনেক বেশি শক্তিশালী করতে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ স্যার।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয় শ্রী ফিরহাদ হাকিম যে অ্যামেন্ডমেন্ট এনেছেন, তাকে পূর্ণ সমর্থন করছি। স্যার, আমার পূর্ববর্তী বক্তা উনিও হাওড়ার মানুষ। কিন্তু আমি ভাবতে পারছিলাম না, তিনি যখন বক্তব্য রাখছেন, সব সময় নেগেটিভ কথা কেন বলে যান ? ..... (গোলমাল) ..... আমরা কিন্তু কেউ ডিস্টার্ব করিনি আপনার সময়। আপনি বলেছেন আমরা শুনেছি, আমি বলছি আপনাকে শুনতে হবে। স্যার, সব সময় বলা হয়, এই হয়নি, সেই হয়নি। এটাও জানেনা যে, মা-মাটি-মানুষের সরকার আসার পর থেকে কীভাবে উন্নয়ন হয়েছে ? ১৯৫৬ সালে এই অ্যাক্ট শুরু হয়েছিল। তখন ওনারা কি করেছেন? কটা লোকের চাকরি দিয়েছেন ? কি করেছেন ? কিছুই করেননি। খালি আত্মসাৎ করেছেন, ফাঁকিবাজি করেছেন। এখন এখানে গলা ফাটাচ্ছেন, বড় বড় কথা বলছেন। ১৯৫৬ সালে এই অ্যাক্ট তৈরি হয়েছিল। তখন তাহলে কিছু করা হ'লনা কেন ? আজকে যখন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শপথ নিয়ে - আজকে আমরা বলতে পারি - উনি যে ভাবে রাজ্য চালাচ্ছেন সমস্ত জায়গাতে আমাদের মন্ত্রী মহাশয়ের মাধ্যম দিয়ে, আজকে আমি বলছি অনেক কাজ হয়েছে। স্যার, আমরা জানতে পারতাম না H.I.T. মানেটা কি ?

[3.30 pm – 3.40 pm]

স্যার, HIT মানেটা জানতে পারতাম না। আজকে আমরা দেখছি HIT মানে শুধু হাওড়ার মধ্যে সীমাবদ্ধ থাকেনা। HIT আববান এরিয়া সমস্ত জায়গাতে কাজ করতে পারে। ওরা কোন দিন সেটা করেনি। নিজেদের মধ্যে কুক্ষিগত করে দিয়ে এই কাজটা করেছিল। কিন্তু এটা খুলে দিয়েছেন আমাদের মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম সাহেব। সমস্ত জায়গায় কাজ হয়েছে। হাওড়া জেলার বিভিন্ন প্রান্তে কাজ হয়েছে। আজকে ওনারা বলছেন কাজ হয়নি। ভালোকে ভালো বলার চেষ্টা করুণ। আজকে যে বিল এসেছে সেই বিলকে সমর্থন করুণ। নিশ্চয়ই আপনাদের বক্তব্য থাকবে যে কিছু জায়গায় সংশোধন করা যেতে পারে কিনা। কিন্তু এটাকে সিলেক্ট কমিটিতে পাঠাতে হবে এমন কোন প্রয়োজনীয়তা আসেনি যে এটা করতে হবে এই মুহূর্তে। আজকে আপনারা দেখেছেন বিভিন্ন জায়গায় HIT-র মাধ্যমে কীভাবে ডেভলপমেন্টের কাজ হয়েছে। আপনারা চোখে দেখেননা আর দেখলেও দেখতে পাননা। খালি বিরোধিতার পর বিরোধিতা করে যাচ্ছেন। আজকে যে এ্যামেন্ডমেন্ট নিয়ে আসা হয়েছে কিসের জন্য নিয়ে আসা হয়েছে? ইচ্ছা হল আমার যে আমি ১৬জনের রিক্রুটমেন্ট করবো, চাকরি দেবো। এক্ষেত্রে ২৯-এ বলা হয়েছে যে চাকরির ক্ষেত্রে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে করতে হবে। কারণ কি? স্বচ্ছতা আনার জন্য। অন্য কোন কারণ নয়। আমি দেখে দেখে আমার ছেলেদের, মেয়েদের কাজ করে দিলাম কিন্তু মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন করলে সেখানে মানুষ সুযোগ সুবিধা পাবে। সেটা না করে আমি চেয়ারম্যান, আমি সি.ই.ও, আমি সব করতে পারবো আর কেউ করতে পারবেনা এটা হয়না স্যার। তাই এই বিল আনা হয়েছে। স্যার, এই বিলকে পূর্ণ সমর্থন করছি। আর একটা কথা বলি, আজকে এই ধারাকে, বর্তমানে যে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন এটা বিরোধীরা অনেকেই হয়তো মেনে নিতে পারছেন না। তার কারণ কি জানেন? তার কারণ একটাই। তারা জানেননা যে আমাদের মা-মাটি-মানুষের সরকার স্বচ্ছতার সঙ্গে, সততার সঙ্গে কিভাবে কাজটা করছেন এটা বারেবারে দেখেও ওরা দেখতে পারছেন না। তাই যেটা আনা হয়েছে তা পূর্ণ সমর্থন করছি। তবে কয়েকটা জিনিস আমি বলতে পারি যে, আজকে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে যে কাজগুলো হবে এমন চটজলদি কোন কাজ হলে, হয়তো এমার্জেন্সি কোন কাজ হল নিশ্চয়ই সেটাকে আমাদের চেয়ারম্যান বলুন, সি.ই.ও বলুন তারা আবান ডিপার্টমেন্টকে পাঠাতে পারেন। তারা দেখবে এটা করা যাবে কি যাবেনা। কিন্তু তার মানে এই নয় যে এ্যামেন্ডমেন্ট আনা যাবেনা। এ্যামেন্ডমেন্ট নিশ্চয়ই আনতে হবে। এই এ্যামেন্ডমেন্ট মানুষের স্বার্থে, মানুষের প্রয়োজনে আনা

হচ্ছে। এটাকে মানতেই হবে। মানা উচিত বলে আমি মনে করি, আপনারা কেউ বিরোধিতা করবেননা এটাকে নিশ্চয়ই সমর্থন করবেন। আবার বলি, পথ চলতে গেলে কোন কোন জায়গায় একটু অসুবিধা হয় কিন্তু সেই জায়গাটাকে পরিষ্কার করতে গেলে একটু নীচের দিকে চেয়ে যেতে হবে যাতে আপনি না গড়িয়ে পড়ে যান। আগে যেখানে গড়িয়ে পড়ে যেতে পারতেন কিন্তু এখন আর গড়িয়ে পড়তে হবেনা আপনি আপনার সঠিক জায়গায় যেতে পারবেন। যদি ঠিকমত চেয়ে চলেন, দেখে চলেন। এই বিলে কাউকে খর্ব করা হয়নি। চেয়ারম্যান, সি.ই.ও সাহেব কিম্বা যে গভর্নিং বডি থাকবে তারা নিশ্চয়ই এটা আলোচনা করতে পারবেন, জানাতে পারেন যে এটা এই অবস্থা হয়েছে, এই জায়গায় এটা করা উচিত, এটা করলে ভালো হবে এটা ঠিক আছে, এটা সুপারিশ করতে পারেন। নট দ্যাট যে তারা সঙ্গে সঙ্গে একটা ডিসিসন নিয়ে নেবে সেটা কিন্তু করা যাবেনা। এই বিলে কিন্তু সেটা বলা হয়েছে। সেইজন্য মিউনিসিপ্যাল সার্ভিস বোর্ডকে অধিকার দেওয়া হয়েছে তারা এটা করবে। সেই জন্য আমি রিকোয়েস্ট করবো মাননীয় মন্ত্রী মহাশয়কে যে, পৌরসভায় যদি হঠাৎ কোন এমার্জেন্সি হয় সেই জায়গায় যাতে চেয়ারম্যান, সি.ই.ও কিম্বা বডি পাঠাতে পারে আর্বান ডিপার্টমেন্টকে। সেই জায়গা থেকে যেটা হয়ে আসবে সেটাকেই করতে হবে। তাই এই বিলের পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার স্যার।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আসলে এটা একটা খুব ছোট্টো বিল এবং সবক্ষেত্রেই এটা শুধু HIT-র ক্ষেত্রে নয়। একটা সময় ছিল যখন সব development authority বা সরকারের যে department-গুলো ছিল সেগুলো যে যার নিজের appointment নিজে করতো। তার পরবর্তীকালে Public Service Commission, Staff Selection Board, Municipal Service Commission এগুলো প্রয়োজনের ভিত্তিতে প্রত্যেকটা constitute করা হয়েছে। আগে KMD-ও নিজের staff নিজে select করতে পারতো। কিন্তু এটা ওই সময় Municipal Service Commission-এ দেওয়া হয়েছে। অনেকগুলো জায়গায় এরকম যারা তখন নিজেরা করতো, আসতে আসতে সেগুলোকে Municipal Service Commission-এ দেওয়া হয়েছে। কেন HIT তাহলে করা হল না ? HIT করা হল না তার কারণ, বামফ্রন্টের ৩৪ বছরে হাওড়া নিয়ে ভাবা হয়নি। যেরকম কোলকাতার নোংরা কোথায় পড়বে – ধাপার মাঠে পড়বে। সেরকম কোলকাতার পাশে হাওড়া থাকবে এবং সেই হাওড়া ওই ধাপার মতোনই পড়ে থাকবে সেটাকে নিয়ে কোনো চিন্তাভাবনা করা যাবে না। ওটাতো একটা কুলি টাউন। এই ছিল আগে attitude। ...(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র কিছু বলেন।)... তুমি বলতে তো। এইতো সেদিন বললে। যাইহোক, এটা আমরা উপলব্ধি করলাম সরকারে আসার পরে। বলি স্যার, হাওড়ায় গেলাম। হাওড়ায় প্রচণ্ড বৃষ্টি হচ্ছে, আমি তখন নতুন মন্ত্রী, হাওড়ায় এক কোমর জল। গেলাম Howrah Municipal Corporation-এ মেয়র ম্যাডামের সঙ্গে দেখা করার জন্যে। ম্যাডাম নেই। বাইরে কোথায় বেড়াতে গেছেন। Howrah Municipal Corporation-এ মন্ত্রী গেল, তাকে কেউ নেই যে অন্তত মেয়রের ঘরটা খুলে দেবে সেখানে বসার জন্য। বসতে হল কোথায় ? Leader of the Opposition-এর ঘরে গিয়ে বসে সেইখান থেকে monitor করতে হচ্ছে ওই যে জুট মিল আছে ওই জুট মিলের ভেতর থেকে ড্রেনেজ লাইনটা, ওটা কেউ জানতো না। সেটাকে KMDA-র লোককে নিয়ে গিয়ে পরিষ্কার করা এইসব কাজগুলো মন্ত্রী হিসাবে প্রথমবার ২০১২-তে গিয়ে আমাকে করতে হল। তারপর হাওড়ার মানুষ এটা উপলব্ধি করল যে, না, এই সরকার হাওড়ার ব্যাপারে অত্যন্ত সক্রিয় এবং তারপর আমাদের যখন Municipal Election হল, দেখা গেল যে বিপুলভাবে হাওড়ার মানুষ পরিবর্তন করল। যেরকম বাংলাকে আগে করে দিয়েছিল। পরবর্তীকালে হাওড়াকেও পরিবর্তন করে সেখানে তৃণমূল কংগ্রেসের বোর্ড নিয়ে এল। এবং তারপর থেকে এটা আমি দাবা করে বলতে পারি।

যে, হাওড়ার প্রত্যেক জায়গায় আজকে হাওড়াকে দেখে আর কেউ বলতে পারবে না যে, হাওড়া কোলকাতার থেকে কোনো অংশে পিছিয়ে আছে। Twin City অনেক জায়গায়। পৃথিবীতে আছে। আমি সিকান্দ্রবাদ-হায়দ্রাবাদ দেখে এসেছি। সেইভাবে এটা Twin City এবং সেইটা স্বগর্বে আজকে মানুষ অনুভব করছে যে হাওড়ার development হচ্ছে, হাওড়ায় রাস্তাঘাট শুরু হয়েছে হাওড়ায় লাইটিং-এর ব্যবস্থা, হাওড়ায় ড্রেনেজের ব্যবস্থা, হাওড়ায় জল সরবরাহের ব্যবস্থা - প্রত্যেকটা ক্ষেত্রে হাওড়া যা ছিল তার থেকে অন্তত 200 to 300% already উন্নতি হয়েছে। ঠিক বলেছি। যে Howrah Improvement Trust, Howrah Improvement Bill যেটা এসেছে, Howrah Improvement Trust-a অনেক চিন্তাভাবনা করে সেই সময় বিধানচন্দ্র রায়ের সময় তৈরি করা হয়েছিল। কিন্তু এটা অস্বীকার করার ছিল না যে, ৩৪ বছরে যেটা জটুদা বললেন, যে তার তাৎপর্যটাকেই শেষ করে দেওয়া। হয়েছে। তাৎপর্যটাকেই শেষ করে দেওয়া হয়েছে। যেরকম এখানে Kolkata Improvement Trust-এর তাৎপর্য শেষ করে দিয়েছে ওখানে Howrah Improvement Trust-এর তাৎপর্যও শেষ করে দিয়েছে। তার কারণ, তার কারণ traditionally, traditionally Nationalist-রা Howrah Improvement Trust এবং Kolkata Improvement Trust-এ ছিল, যে স্টাফগুলো ছিল ওরা Nationalistic mind-এর ছিল। তাই সেখান থেকে তাদের over-burden করে দিয়ে অন্য department নিয়ে এসে তাদের ওটাকে সরিয়ে দেওয়া হয়েছিল।

[3.40 pm – 3.50 pm]

এটা উপলব্ধি করার ক্ষমতা অসিতদার নেই। এখানে এখন তো নতুন বন্ধু হয়েছে। তাই, তাই এটাকে, এই এই ডেভলপমেন্টটাকে, এই ডেভলপমেন্ট অথরিটিটাকে, এই এই..

(শ্রী অসিত মিত্র : কুলি টাউন কে বলেছে ?)

এইটা আপনি বলেছেন। আগে এক সময় ছিল। এটা এক সময়ে ছিল। এটা এক সময়ে কুলি টাউন ছিল, এখন টাউন অফ দি পিপল, দি টাউন অফ দি - একটা সময় ছিল..

(নয়েজ)

আমি জবাব দিচ্ছি। এইটা বলি। এইটা বামফ্রন্টের সময় করে রাখা হয়েছিল। ওর গায়ে লাগছে, কারণ সি পি এম এর নতুন বন্ধু ও হয়েছে। এ নতুন বন্ধু সি পি এম-এর। চেষ্টা করেছিল, ষড়যন্ত্র করে, কিন্তু মানুষ জবাব দিয়ে দিয়েছে, ২০১১য় কয়টা আসন দিয়ে যে ওদের এই ষড়যন্ত্রে বাংলার মানুষ নেই এবং আজকে মাইনরিটিতে প্রমাণ হয়েছে।

(ভয়েস : স্যার, মন্ত্রীকে বলতে দিচ্ছে না)।

(নয়েজ)

শ্রী অসিত মিত্র : হাওড়াকে ম্যাঞ্চেস্টার টাউন বলা হোত।

মিঃ স্পীকার : আপনি বসুন, বসুন। ঠিক আছে, আপনি বসুন।

শ্রী ফিরহাদ হাকিম : ৩-৪ বছরে নষ্ট হয়েছে এটা। বিধান রায় নিশ্চিতভাবে চেষ্টা করেছিল, নিশ্চিতভাবেই বিধান রায় চেষ্টা করেছিল। কিন্তু আপনারা যাদের দালালি করতেন তারা ৩৪ বছরে হাওড়াটাকে নষ্ট করে দিয়েছে। এটা আপনারা অস্বীকার করতে পারবেননা।

(শ্রী অসিত মিত্র : স্যার, আমাকে বলতে দিন)

মিঃ স্পীকার : বসুন, বসুন। না না এই ভাবে মাইক দেওয়া যাবেনা, এইভাবে হয়না। আপনি আপনার বক্তব্য বলে যান। অসিতদা বসুন। অসিত বাবু বসুন। বসুন, বসুন। মন্ত্রীকে বলতে দিননা। বলুন, বলুন।

শ্রী ফিরহাদ হাকিম : না, এটা ঠিক যে, একটা ভুল হয়েছে আমার। একটা ভুল হয়েছে। সেটা হচ্ছে যে, যখন অসিতদা বলেছিল, তখন জোটটা হয়নি।

(নয়েজ)

মিঃ স্পীকার : বসুন, বসুন।।

শ্রী ফিরহাদ হাকিম : এই যে ৩৪বছরে, তখন ২০১১য় আমাদের সাথে ছিল। তারপরে এখন। আর লেফটের criticism শুনতে চাইছে না।

মিঃ স্পীকার : বসুন, বসুন।

(নয়েজ)

শ্রী ফিরহাদ হাকিম : এখন আর লেফটের criticism শুনতে চাইছেনা।

মিঃ স্পীকার : আমি দেখে নেব, দেখে নেব ঐটা।

শ্রী ফিরহাদ হাকিম : যাইহোক, আমি অন্য প্রসঙ্গে আসছি স্যার। সেটা হচ্ছে যে, এই যে তাহলে এটা তে অসুবিধাটা কি আছে ? গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল, এখানে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টে যেটা বললেন যে আমাদের ৭৪তম সংশোধনের কথা, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টে কিন্তু এটা তা নয়। এখানে এ্যাপয়েন্টেড চেয়ারম্যান। এখানে ইলেকটেড চেয়ারম্যান নয়। ইলেকটেড রিপ্রেজেনটেটিভ নয়। এখানে এ্যাপয়েন্টেড বাই দি স্টেট গভর্নমেন্ট এবং তাদের মধ্যে যদি ডিসপিউট হয় তাহলে স্টেট গভর্নমেন্টকেই সেটা মেটাতে হবে। যদি আমার এ্যাপয়েন্টেড চেয়ারম্যান কোন অসুবিধা হয়,তাহলে সেটা নিয়ে আমাকেই interfere করতে হবে। সেখানে তো ইলেকটেড নয়। এই যে ডেভিড এর ওখানে ইলেকটেড, তাদের ইলেকটেড প্রসিডিওরের মধ্যে তারা মিউনিসিপ্যালিটিটাকে চালায়। এখানে আর ওখানে।কিন্তু আমাদের এটা তো যে কোন ডেভলাপমেন্ট অথরিটি হিসাবে appointed বাই দি স্টেট গভর্নমেন্ট। তাহলে এখানে ঐ লাইনটা যে স্টেট গভর্নমেন্ট যেটা দেখভাল করবে এটার মধ্যে আপত্তিটা কোথায় ? এটা আমি এখনও বুঝতে পারছিনা স্যার। আমার বুদ্ধি কম বুঝতে পারছি না স্যার। আর সেকেন্ড হচ্ছে, আমাদের মাননীয় সদস্য কানাই চন্দ্র মন্ডল বলে গেলেন, এই মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন তো আপনাদের সময়ে হয়েছে। তাহলে অন্যান্য অথরিটিগুলো থেকে কেন এ্যাপয়েন্টমেন্টগুলো মিউনিসিপ্যাল সার্ভিস এর গ্লু দিয়ে করালেন ? যদি হাওড়াকে আপনি চাইছেন ডাইরেক্টলি,হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট তারা নিজেরা এ্যাপয়েন্টমেন্ট দেবে, তাহলে এইচ আই টি.র ক্ষেত্রে কেন মিউনিসিপ্যাল সার্ভিস করালেন ?

একটা প্রিন্সিপাল থাকবে তো, সেই সময় আপনারা করতে পারেননি, এখন এরা করছে ঠিক আছে, ভালো কাজ হয়েছে। না, প্রিন্সিপালটা হলো আমি যখন যেমন, তখন তেমন হয়ে যাব, এই প্রশ্নটাই আমি আপনার কাছে জানতে চাই। আমার তো তাহলে পাবলিক সার্ভিস কমিশনের দরকার নেই, আমরা যে যার ডিপার্টমেন্টে নিজেরা অ্যাপোয়েন্টমেন্ট দেব, নিজেরা ইন্টারভিউ নেব। তাহলে তো স্টাফ সিলেকশান বোর্ডের দরকার নেই, মিউনিসিপাল সার্ভিস কমিশনের দরকার নেই। আজকে আপনি যদি আমার এই বিলটাকে বিরোধিতা করেন,তাহলে অশোক

ভট্টাচার্য্য সাহেবকে জিজ্ঞাসা করুন সেই সময় আপনারা এটা করেছিলেন কেন। বিরোধিতা করার একটা লজিক তো থাকা দরকার। আমার সরকার যেটা করে গিয়েছিল সেটা সঠিক, আর তৃণমূলের সরকার এটা করেছে বলে আমি এর বিরোধিতা করব এটা কখনো কোন দলের লাইন হতে পারেনা। আমরা তাই অ্যাপোয়েন্টমেন্টের ক্ষেত্রে স্বচ্ছতা আনার জন্য এটা করছি। এর আগে হাওড়াকে নেগলেক্ট করা হয়েছিল অনেক বছর ধরে। তাকে আবার প্রগতিশীল করার জন্য, উন্নতিশীল করার জন্য এবং হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে আরও গতিশীল করার জন্য কিছু কিছু পদক্ষেপ আমরা নিচ্ছি এবং আমরা কমিটেড কলকাতা বা অন্যান্য শহরের মতন আগামী দিনে হাওড়া একটা শ্রেষ্ঠ শহর হবে। হাওড়ার একটা হিস্টরিক ভ্যালু আছে। নিশ্চিতভাবে হাওড়া আমাদের ভারতবর্ষের ম্যাঞ্চেস্টার এবং বিগত চৌত্রিশ বছরে সেই ম্যাঞ্চেস্টারকে ক্লোজড ডাউন করা হয়েছিল। আবার একটা সময় আসছে, MAMC-তে আজকে বাংলা এক নম্বরে উঠে এসেছে। এই যে ছোট ফ্যাকটারিগুলো হাওড়ায় ছিল, এই ফ্যাকটারিগুলোর আরেকটা জোয়ার বাংলায় আসতে চলেছে। আগে ছিল বাড়ীতে লেদের কারখানা, এখন ইন্ডাসট্রিয়াল পার্ক হচ্ছে, অসিতদা জানেন। এই ডেভালপমেন্টগুলো যখন হবে এবং অ্যাকটিভিটির সাথে হাওড়া মিউনিসিপাল কর্পোরেশান এবং এইচ.আই.টি - যেটা জটু দা বলেছেন - দুজনের মধ্যে একটা কম্পিটিশান অফ ওয়ার্ক থাকবে। কে আরও ভালো কাজ করবে, কে আরও বেশী করে হাওড়ার মানুষের স্বার্থে কাজ করবে, এটা থাকলে আমার মনে হয় একটা নতুন চেহারা নেবে। বাংলার সর্বত্র। যেমন একটা পরিবর্তন এসেছে, তেমনি হাওড়াও চেঞ্জ হবে। ভুল করেও কেউ যদি এর বিরোধিতা করে থাকেন, তাহলে আমি সবাইকে বলব স্বচ্ছতার জন্য আপনারা সবাই এটাকে সমর্থন করুন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : The question before the House is amendment to the Motion for reference of the Bill to the Select Committee. As many as are of that opinion please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Noes' have it. 'Noes' have it.

Now, the question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Clauses 2 to 4

There is no amendment to Clauses 2 to 4. So, I put Clauses 2 to 4 do stand part of the Bill. As many as are of that opinion, will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

There is no amendment to Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Now, the Hon'ble Minister-in-Charge, Department of Urban Development & Municipal Affairs, may move the Motion for passing of the Bill.

Shri Firhad Hakim : Sir, I beg to move that the Howrah Improvement (Amendment) Bill, 2017 as settled in the Assembly, be passed.

[3.50 pm – 4.00 pm]

শ্রী অসিত মিত্র : আমি বলছি, এটা এক্সপাঞ্জ করুন। এই কথাটা এক্সপাঞ্জ করুন।

মিঃ স্পীকার : আমি এটা দেখে নেব। আপনি বলেছেন, আই অ্যাম লুকিং দিস। ঠিক আছে, আমি দেখে নেব। উনি বলছেন যে বলেননি আমি রেকর্ডটা দেখে নেব।

Mr. Speaker : Now, the question before the House is The Howrah Improvement (Amendment) Bill, 2017 as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

The Bill is passed, the Bill is passed.

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANT

DEMAND NO. 72

Mr. Speaker : There is one cut motion to Demand No. 72. The cut motion is in order.

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs. 1/-

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি শীতলবাবুর বক্তব্য শুনছিলাম, যে আমাদের এই ৭২ নম্বর দাবিতে ওনার বক্তৃতা আমার খুব ভাল লাগে। আমি ওনাকে বলেছিলাম, এই ছোট্ট কথা বললেন শান্তি আমরা আরও বেশি পাব। ওই যে বলে না, 'তোমরা অধম হইলে, আমরা উত্তম হইব না কেন'। ৩৪ বছরে আমরা অনেক খারাপ কাজ করেছি আমরা তো অধম, আপনারা উত্তম হলেন না কেন। এই যে ৭২ নম্বর দাবিতে এখানে আলোচনা যে হচ্ছে আমরা এটাকে সমর্থন করতে পারলে খুশি হতাম,কিন্তু কতকগুলো কারণে আমরা সমর্থন করতে পারছি না। প্রথম হচ্ছে যে, আমাদের দেশে এবং সারা পৃথিবীতে সংখ্যাগরিষ্টতা এই পার্লামেন্টারির ব্যবস্থাটাকে বলে সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থা চালু আছে। ভাল-মন্দ সে কথা আলাদা কিন্তু চালু আছে। কিন্তু সব জায়গায় মানুষ তো এক রকম নয়। সব জায়গায় একই কায়দায় সরকার হয়না, নানা ভাবে ভোট হয়। সবার কিন্তু সংখ্যাগরিষ্টতার মত নিয়ে কিন্তু এটা করা হয়। আমাদের এখানে পালামেন্টারি গণতান্ত্রিক ব্যবস্থা চালু আছে, এখানে আমাদের আলোচনা হয়, মত পার্থক্য হয় - সেই ভাবেই কাজ হয়। এই ব্যবস্থা আমাদের time congruence, মানে সময় লাগে বেশি। সবার কথা বলতে দিতে হয়, সবার নিয়ে চলতে হয়। সময় লাগলেও জিনিসটা ভাল হয়। যদি আমরা ঠিক মত সেই ব্যবস্থাগুলো করতে পারি। এই যে মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ৭২ নম্বর দাবি উপরে যে আলোচনা - শুধু কত টাকা খরচ হল, না হল - এটা দিয়ে দপ্তরের

সাফল্য বিচার করা যায় না। যায় না এই কারণেই যে আমরা একটা বিশেষ ব্যবস্থার সঙ্গে আমরা যুক্ত হয়েছি। আমাদের দেশে যে ব্যবস্থা আছে,সারা দেশ চালাবার জন্যে কেন্দ্র চালাবার জন্য কেন্দ্রীয় সরকার, রাজ্য চালাবার জন্য রাজ্য সরকার। আর নিচের তলার যে ব্যবস্থাগুলা আরও উন্নত করার জন্যে এই রকম ব্যবস্থা করা হয়েছে। লোকাল গভর্নমেন্ট, তিন নম্বর সরকার হচ্ছে লোকাল গভর্নমেন্ট,শহর এলাকার জন্যে পৌরসভা, গ্রামীণ এলাকার জন্য পঞ্চায়েত। এই ব্যবস্থা এসেছে অনেক ভাবনা-চিন্তার মধ্যে দিয়ে। আগে থেকে আমাদের যে পুরানো ব্যবস্থা ছিল, তাকে আস্তে আস্তে আরও উন্নত করে এই ব্যবস্থা আমাদের চালু হয়েছে এবং যখন আমাদের দেশ যখন স্বাধীন হয় তখন সময় মতো নির্বাচন হয়নি, যে ক্ষমতা -অধিকার পঞ্চায়েতকে দিতে পারলে ভাল হত,সেটা দেওয়া হয়নি। পৌরসভাগুলো সেই অধিকার দিলে পৌরসভাগুলো ভাল কাজ করতে পারত। তা অনেক ক্ষেত্রে হয়নি। সে আলাদা কথা, সে যা আছে আছে। কিন্তু আমাদের যেটা প্রতি মুহূর্তে যেটা ভাবা দরকার সেটাকে উন্নত করতে হবে,উন্নত করতে হবে। করতে হবে এই কারণেই যে আমাদের দেশে আমরা প্রায় ২০০ বছর পরাধীন ছিলাম,আমাদের মেরুদণ্ড প্রায় ভাঙ্গা। ২০০ বছর একটা জাতিকে যে পথে চালিয়ে তাতে মাথা উঁচু করে দাঁড়ানো খুবই কঠিন কাজ। কিন্তু তা সত্ত্বেও আমাদের দেশে এটা পরীক্ষামূলক ভাবে এটা শুরু হয়েছে, যে আমরা কতখানি এটা করতে পারি। মূল লক্ষ্যটা কি ? প্রথম মূল লক্ষ্য হচ্ছে যে আমাদের লক্ষ্যটাকে ডিসেন্ট্রালাইজ করতে হবে, মানুষকে এর সঙ্গে যুক্ত করতে হবে। মানুষ পরিকাঠামো রচনা করবেন,মানুষ সেই পরিকল্পনা রূপায়িত করবেন। আমাদের অনেক সময় ধারনা হয়, আমারও হয় ডেমোক্রেসি মানে ভোট।ভোটটা হলেই ডেমোক্রেসি। আর আমি একজন। ডেমোক্রেসি মানুষ পাঁচ বছরের মধ্যে একবার ভোট দিতে পারব। ওর জন্য ডেমোক্রেসিটা শেষ হয়ে গেল। আর সরকার কি করছে না করছে, ধারনা আমাদের মধ্যে নাই। আমি ভোট দিতে পেরেছি, আমি এম.এল.এ. করে দিয়েছি, আমি মন্ত্রী করে দিয়েছি। অথএব আমি ডেমোক্রেসিতে এসে বাস করছি। শুধু এইটাই ডেমোক্রেসিতে মূল কথা নয়। ডেমেক্রেসিতে মূল কথা হচ্ছে,মানুষকে যেমন সংখ্যাগরিষ্ঠ করতে আইন করাতে হবে,তাকে যেমন কাজে যুক্ত করতে হবে,রূপায়নে যুক্ত করতে হবে। তার হিসাব থেকে আরম্ভ থেকে সব কিছুই করতে হবে। সেই জন্য প্রতিদিনই বুঝতে পারে যে, আমি ৩৬৫ দিনের গণতন্ত্রে বাস করছি।।

এই যে ব্যবস্থা চালু হয়েছে বিশেষ করে এখন, আমার মনে আছে আমি যখন ১৯৭৮ সালে মন্ত্রী হয়েছিলাম, তারপর এখানে কলকাতায় মিটিং হয়েছিল আমাদের পূর্বাঞ্চলের প্রায় দশটা দেশকে নিয়ে, সেই সময় প্রধানমন্ত্রী রাজীব গান্ধী ছিলেন। আমার মনে আছে কংগ্রেসী একজন পঞ্চায়েত মন্ত্রী, তিনি অনেক বক্তৃতা দিয়ে বলছিলেন যে, পশ্চিমবাংলায় কিছু হয় নি, সর্বনাশ হয়ে গেছে। তারপর মনে আছে, রাজীব গান্ধী নিজে উঠে দাঁড়িয়ে ওনাকে বসিয়ে দিয়ে বললেন, ভারতবর্ষে যদি গণতান্ত্রিক ব্যবস্থায় পঞ্চায়েত বলে কিছু থাকে, তাহলে প্রথম নামটি পশ্চিমবাংলা। উনি বলে গেলেন যে, এরপর আমি গিয়ে সারা দেশে চালু করব। তারপর আপনারা জানেন যে, সংবিধানের সংশোধন হয়েছে এবং সেটা সারা দেশে চালু হয়েছে। কতটুকু ভালো মন্দ সে আপনারা বিচার করবেন। আমাদের সবার দায়িত্ব এটাকে এনরিচ করা, সবার দায়িত্ব এটাকে এমপাওয়ার করা। দুর্ভাগ্য হচ্ছে এই যে কোথাও কোথাও এমপাওয়ার করার পরিবর্তে চুরি বেড়ে যাচ্ছে, দুর্নীতি বেড়ে যাচ্ছে। আমি শুধু কোন একটা দলকে বলছি না। প্রায় কম-বেশী সব দলের লোকেরা এর সঙ্গে যুক্ত হয়ে আছে। এটা আমাদের দেশে কাম্য নয়। কিন্তু এটা হচ্ছে। এই হওয়ার পেছনে এর কারণগুলো আমরা সবাই বুঝি। লিডার যদি ভালো হয়, তাহলে তো ভালো। কিন্তু লিডার ইজ নট সো গুড, তাহলে যা হবার তাই হবে। আমরা যারা পরিচালক, এ দেশের পরিচালনার দায়িত্ব নিয়েছিলাম, ৭০ বছর পার হয়ে গেল, সংবিধান আমরা অনুমোদন

করেছি এবং তাই নিয়ে আমরা চলছি। ৭০ বছরে যত ভালো মানুষ তৈরী করেছি, তার থেকে বেশি চোর তৈরী করে দিয়েছি। এটা আমাদের ব্যর্থতা। এ কোন একটা দলের শুধু নয়। যারা দেশটাকে পরিচালনা করেন, সব দলের দায়িত্ব হচ্ছে, এই কাজ করতে আমরা ব্যর্থ হয়েছি। আজকে তাকিয়ে দেখুন, এই যে গণতান্ত্রিক ব্যবস্থায় একটা ভোট করতে হবে, সেই ভোটটা তো একটু সিনসিয়র হতে হবে। তার সঙ্গে আমাদের সংবিধানে বলা আছে, যারা দল থেকে নির্বাচিত হবেন, সেই দলে থাকা তাদের কর্তব্য। সে দল যদি ত্যাগ করে কোন যুক্তিসঙ্গত কারণ ছাড়া, সে দলে থাকবে না। কিন্তু বাস্তবে কি হচ্ছে ? দলত্যাগ বেড়ে গেছে। শুধু দলত্যাগ বেড়েছে। তাই নয়। আজকে নিবার্চনে পেশীশক্তি, অর্থশক্তি কাজে লাগছে। যারা ম্যান, তাকে বলে জার্মান। আর যার মানি থাকে, তাকে বলে জার্মানি। তাহলে 'ম্যান' আর 'মানি' এটা হয়ে গেছে এখন নির্বাচনের বড় হাতিয়ার। কোন দল কম করে, কোন দল্ বেশি করে আমি বলতে চাই না। কিন্তু ইট ইজ দ্য হার্ড রিয়েলিটি যে আমাদের এখানে টাকা এবং পেশীর জোরে অনেক ক্ষেত্রে ভোট হয়ে যাচ্ছে। এটা গণতন্ত্রকে কখনও পুষ্ট করে না। এটাও আমাদের ভাবা দরকার। দ্বিতীয় আমি আমাদের মাননীয় মন্ত্রীকে বলব যে, একটু খোলা মন নিয়ে ভাবুন, আমি দোষারোপ করার জন্য বলছি না। এটা হচ্ছে ঘটনা। যে ঘটনা ঘটল এই সময়ই। নির্বাচিত প্রতিনিধি, তারা বিক্রি হয়ে যাচ্ছে। কেউ বিক্রি হচ্ছে, কেউ আবার বলছে অন্য জায়গায় গেলে বেশী টাকা পাওয়া যাবে। আরে পাবেন কোথায় ? আমাদের দেশে টাকা দেওয়ার যে ব্যবস্থা করা হয়েছে এই পঞ্চায়েতে, তার জন্য ফিনান্স কমিশন হয়েছে। দিল্লীতে আছে, আমাদের এই কলকাতা রাজ্যেও আছে। ফিনান্স কমিশন ঠিক করে দেবেন কে কত টাকা পাবে। ফিরহাদ হাকিম সাহেব তো তা করতে পারবেন না,এ সবারই জানা। এখানে থার্ড ফিনান্স কমিশনের টার্ম বোধ হয় শেষ হয়ে গেল। এখনও বোধ হয় গঠিত হয় নি। তারা কাকে টাকা দেবে, ঠিক করে দেবে। কোথায় কত লোক আছে, সিডিউলড কাস্ট কত, সিডিউলড ট্রাইব কত,সব বিচার করে দেবে, সেই তো টাকা দেওয়ার মালিক। সে যদি এখন ফিরহাদ হাকিম সাহেব বলেন, আমি মালিক, তাহলে তো কিছু ঘুরবেই। যদি মধু থাকে, তাহলে মৌমাছি ঘুরতে আরম্ভ করবে। আমি শুনেছি, লোকগুলো যারা গিয়েছে, তারা অনেকেই বলেছেন, বেশীর ভাগই বলেছে, ওখানে গেলে নাকি মেলা টাকা পাবো এবং দু-এক জায়গায়ও পেয়েছেন। এই বেলডাঙ্গায় শুনলাম পেয়েছেন। এই রকম কয়েকজন পেয়েছেন। এই যদি মন্ত্রীর কাজ হয়, সরকারের কাজ হয়, দর বাড়াতে হবে, এম এল এ দের, এমন অনেক পৌরসভা আছে, যেখানে একটাও মেম্বার নাই, পৌরসভা চালাচ্ছে কে? না, তৃণমূল। এমন জেলা পরিষদ আছে, একটাও মেম্বার নাই। সেখানে গিয়ে দেখা যাচ্ছে জেলা পরিষদ চালাচ্ছে কে ? না, তৃণমূল। এটা ভালো ? শুনতে ভালো লাগে এ কথা ? কি হবে ? নিবার্চন যে এক দু জায়গায় হচ্ছে, সেই নির্বাচিত হওয়ার পরে যদি এই জিনিস ঘটে, তাহলে কি করে হবে ? টাকা দেওয়ার ব্যাপারে যদি এই জিনিস করেন তাহলে কি হবে ? তাহলে টাকা ফেললে আরও বেশি টাকা পাওয়া যায়। এটা আমাদের ভালো স্বাস্থ্যের লক্ষণ নয়। আমি এখনও বলছি, আমরা যদি নিজেদের আত্মসমালোচনা না করতে পারি, তাহলে আমাদের জীবন চলে যাবে, আমরা মরে যাবো, আমাদের ছেলে আসবে। তাদের সামনে কী রেখে যাবো ? এইটা রেখে যাবো যে, মিউনিসিপ্যালিটির ভোট মানে মারামারি করতে হবে। পঞ্চায়েতের ভোট মানে মারামারি করতে হবে। আর হাতে যে অধিকার আছে, ক্ষমতা আছে, এটাকে কাজে লাগিয়েও আমরা কি করে দখল করতে পারি, তার ব্যবস্থা করব। আজকে অবাক ব্যাপার। এটা আমি বলব যে, এটা গণতন্ত্রের পক্ষে মারাত্মক ক্ষতিকারক। অর্থাৎ গণতন্ত্রকে প্রতিষ্ঠা করার জন্য তাকে আরও কার্যকারী ভাবে রূপায়ণ করার জন্য যে ব্যবস্থা আমরা গ্রহণ করলাম, সেই ব্যবস্থা আমরা রূপায়িত করতে পারি নি।

[4.00 pm – 4.10 pm]

আমাদের আগামীদিনে ঠিক করতে হবে, গভীরভাবে অধ্যয়ণ করতে হবে যে, কি করে ঠিক করতে পারি। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, অধিকারের প্রশ্ন। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী দেখি যে, দিল্লির কোন একটা বিষয় নিয়ে সঠিক ভাবে বলেন। রাজ্যের ক্ষমতায় কেন্দ্র কেন হাত দেবে? ঠিকই তো বলেন। আমিও বলছি, ঠিক বলেন। কিন্তু নীচে যারা আছে তারাও তো কম না। আজকের প্রধান তো খুশি মত একটা সরকারের কলমের খোঁচায় হয় নি। আজকে সভাপতি, সভাধিপতি, কর্মাধ্যক্ষ - এঁরা তো মন্ত্রীর খোঁচায় হয় নি। যে সংবিধান বলে মুখ্যমন্ত্রী হয়েছেন আমাদের মমতা ব্যানার্জী সেই সংবিধানের বলে আবার প্রধান হয়েছে আর সভাপতি হয়েছে, সভাধিপতি হয়েছে। তাদেরও তো অধিকার আছে। আমার অধিকার কাড়লে যেমন, আমার মন খারাপ করবে, আমি বিদ্রোহ করব তেমন তারও অধিকার যদি কেড়ে নিই তাহলে সেও বিদ্রোহ করবে। এটা হতে পারে কখনও? কিন্তু এটা হচ্ছে। কিন্তু আপনি স্বীকার করুন, এটা হচ্ছে। আমরা বলি এই জন্য, এই বিচারটা যদি সঠিক বিচার না হয় তাহলে আমাদের কাজের ক্ষতি হবে। মানে, আমাদের যার যা পাওয়ার, যার যা অধিকার সেই অধিকার থেকে বঞ্চিত হব, সেটা হবে না। তৃতীয় হচ্ছে, আমরা যখন এটা করেছিলাম, পঞ্চায়েতের ক্ষমতা পঞ্চায়েতে সীমাবদ্ধ থাকবে না। ডিসেন্ট্রি মানে এই না যে, ডিসেন্ট্রি মানে কোলকাতা থেকে যাবে আবার এই চব্বিশ পরগণা। চব্বিশ পরগণা থেকে যাবে কোনও একটা গ্রামে। এইটা মানে ডিসেন্ট্রালাইজ না। ডিসেন্ট্রালাইজের মূল কথা সেটা করতে আমরা অনেকখানি ব্যর্থ হয়েছি। ভোট হয়েছে, কমিটি হয়েছে, কাজ কিছু হয়েছে নিশ্চয়। কিন্তু যেটা মূল কাজ সেটা আমাদের ঠিক মত হয়নি। আবার কাজ করার ব্যাপারে পঞ্চায়েত বলুন, পৌরসভা বলুন আমি দেখছিলাম, পাঁচ-ছ'বছরে আমাদের বাজেটে যে প্ল্যান বাজেটে কত টাকা থাকে আর কত পান। এইটা আমি একটু ট্যালি করছিলাম। প্ল্যানে যে অনেক টাকা দেখানো থাকে বাস্তবে তা কিন্তু পাই না। এটা কোথাও কোথাও ফিফটি পার্সেন্টও হয়ে যায়। আমি দশ-এগারো থেকে দেখলাম, ঐ এ্যাকচুয়াল আছে, এ্যাকচুয়াল মানে আগের দু'বছরের পরে সেটা এ্যাকচুয়াল হয়। এই যে আগের দু'বছরের কি কি পেয়েছে, কোনটার সঙ্গে কার ম্যাচ করছে, হিসেব করে আমি দেখলাম, প্ল্যানের টাকা বাড়তে বাড়তে অনেক বেড়ে গেছে। আড়াই হাজার, তিন হাজার হয়ে গেছে। কিন্তু এর মধ্যে ফিফটি পার্সেন্ট টাকা এ্যাভেলেবেল হচ্ছে। মানে, আমাদের যে বাজেট প্রভিশান আছে তার ফিফটি পার্সেন্ট পাচ্ছে, ফিফটি পার্সেন্ট পাচ্ছে না। এর ফলে যে কাজগুলো হওয়ার কথা সেই কাজগুলো হবে না। আমি তো মাননীয় মন্ত্রীকে বলব যে, আপনি বলছেন যে, সব ঠিক হচ্ছে। সে আমাদেরকে বলার জন্য বলতে হয় বলুন, সাংবাদিকদের বলার জন্য বলতে হয় বলুন। নিজেকে আত্মসমালোচনা করবেন। বাস্তবে তা হচ্ছে না। তা হচ্ছে না, রূপায়িতে হচ্ছে না। আর আপনি বলছেন যে, সব নিয়ম অনুযায়ী চলা হয়। আপনি নিজে একটা বড় উদাহারণ। আপনি নিজে একটা বড় উদাহারণ।। আমার চোখে ফাঁকি দেবেন কি করে? আমাকে এসে বলতে পারবেন, আমার কাছে অর্ডার আছে। ২০১১ সালে ডোমকলে মিউনিসিপ্যালিটি হয়েছিল, আপনি জানেন। মাননীয় রাজ্যপাল হেলিকাপ্টারে চেপে গিয়ে দিয়ে আসলেন সেখানে, তাঁকে নিয়ে আঁটকে রাখলেন চার .....(এই সময় মাইক অফ হয়ে যায়).....

Shri Sujit Bose : মাননীয় চেয়ারম্যান, ডিমান্ড নম্বর ৭২ এর ওপর সমর্থন করে আমি দু'-একটা কথা সভায় উপস্থাপনা করতে চাই। প্রথমে বলি, আজকে যে পশ্চিমবঙ্গ সরকারের নগরোন্নয়ন পৌর বিষয়ক ডিপার্টমেন্টাল যে বাজেট এটা আমি মনে করি, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। গুরুত্বপূর্ণ ছাড়াও প্রায় দশ হাজার কোটি টাকার ওপরে এই বাজেট। রাজ্য সরকারের ৬৫ হাজার কোটি টাকার মধ্যে দশ হাজার কোটি টাকার এই বাজেট। এটা একটা গুরুত্বপূর্ণ দপ্তর। কিন্তু আমার পূর্ববর্তী বক্তা ডেমোক্রেসি নিয়ে কিছু বলছিলেন। আমি ডেমোক্রেসি নিয়ে

দু'-একটা কথা বলি। কেননা, আমি পৌর রাজনীতিতে আজকে থেকে নয়, ৮৬ সালে কাউন্সিলার হয়েছিলাম। আজও কাউন্সিলার আছি। তার মানে অনেকগুলো বছর হয়ে গেছে। আর পৌরসভা সম্পর্কে ধ্যান-ধারনা এখানে সদনে অনেকের আছেন, আমারও খুব কম নেই। একটা কথা শুধু বলি, উনি চলে গেলেন, গণতন্ত্রের কথা বলছেন। আমি বলি, গণতন্ত্র আনিসুরবাবুর কাছে আমাদের শিখতে হবে না। তার কারণ একটা মাত্র গ্যাপ হয়ে গেছে ২০০৪-০৯ অবধি কাউন্সিলার ছিলাম না। তার কারণ হচ্ছে সেইবার এই আনিসুরবাবুর দলের সমস্ত লোকজন, পশ্চিমবঙ্গে তখন মুখ্যমন্ত্রী প্রাক্তন মুখ্যমন্ত্রী ছিলেন বুদ্ধদেববাবু তারা পুলিশ এবং সমস্ত এম.পি এবং এম.এল.এ-দের ওখানে সংগঠিত করেছিলেন মন্ত্রীদের।

৭/৮টার মধ্যে দমদম, নর্থ-দমদম, মধ্যমগ্রাম, চারটে মিউনিসিপ্যালিটি। দমদম, দক্ষিণ-দমদম, নর্থ-দমদম, রাজারহাট আর আমাদের রথীন-দার মিউনিসিপ্যালিটি, মধ্যমগ্রাম দখল হয়ে গিয়েছিল। ৯টার মধ্যে ইলেকশন শেষ। ভুতের মখে আবার রাম-নাম! একটু শুনে গেলে ভালো হত। মানস-দাও জানবেন, মানস-দার কামারহাটির লোকেরাও এসেছিল। একটা সময় সল্টলেকে আমি মনে হয় মরেই যেতাম, খুব জোর বেঁচে গিয়েছিলাম। এই কথাগুলো আমি বলতে চাইছিলাম না কিন্তু তুলতে হল বাধ্য হয়ে। ডেমোক্রেটিক সিস্টেম হচ্ছে। অপন্যান্টকে বলতে দেওয়া। দীর্ঘদিন ধরে এই রাজনীতি চলে এসেছে। দমদমে এসেছে। বেহালায় এসেছে। সমস্ত রাজ্য জুড়েই এই ধরণের দখলদারির রাজনীতি হয়েছে। মানুষ পরিবর্তন করেছে। পরিবর্তন এমনি করেনি, শুধু ফ্লাগের পরিবর্তন হয়নি মানুষ একটা সরকার চেয়েছে যেটা কিনা মানুষের সরকার হবে, মানুষের হয়ে কাজ করবে। আমি একটা কথা পরিষ্কার বুঝতে পারছি এবং এখানে অনেকেই চেয়ারম্যান আছেন, আমিও একটা পৌরসভার দায়িত্বে আছি, আমরা এটুকু বলতে পারি, পৌরসভাগুলো এখন যে ভাবে টাকা পাচ্ছে, যে ভাবে ডেভেলপমেন্টে খরচ করার সুযোগ পাচ্ছে অতীতে আমার জীবনে আমি দেখিনি এত টাকা কখনও পৌরসভা পেয়েছে। পৌরসভার কাউন্সিলরদের প্রথম কাজ হচ্ছে রাস্তা-ঘাট, ড্রেন, নিকাশী, বজ্য পদার্থ সরানো এবং তার সাথে সাথে পানীয় জল। এই হচ্ছে মূল কথা। এও জানি, যখন ২০০৯ দায়িত্ব পেয়েছিলাম তখন আমাদের মুখ্যমন্ত্রী আমাকে একটা কথা বলেছিলেন, অবশ্য তখন তিনি মুখ্যমন্ত্রী ছিলেন পৌরসভায় আমরা জল কর নেবনা।" আপনারা জানেন অতীতে দেখবেন পৌর করের সাথে সাথে জল কর চালু ছিল। কিন্তু আমাদের সরকারের দৃষ্টিভঙ্গী এবং আমাদের সরকারের লক্ষ্য-টা হচ্ছে জল, পরিশ্রুত পানীয় জল আমরা মানুষকে পৌঁছে দেব এবং তার জন্য আলাদা করে কোন জল কর নেবনা। এর মধ্যেও আপনারা জানেন কতগুলো জল প্রকল্প হয়েছে। আগে টালা থেকে জল আসতো। এখন টালার পর অনেকগুলো জল প্রকল্প হয়ে গেছে। যেমন - দক্ষিণ দমদম, দমদম, নর্থ দমদমকে নিয়ে একটা জল প্রকল্প হয়েছে 30 mgd. মধ্যমগ্রামে একটা 30 mgd জল প্রকল্প হয়েছে। বারাসাতে একটা 30 mgd জল প্রকল্প হয়েছে। আর, নিউ ব্যারাকপুরে একটা 30 mgd জল প্রকল্প হয়েছে। একটা জেলার মধ্যে এতগুলো জল প্রকল্প হয়েছে এবং এর সাথে সাথে আরো অনেকগুলো প্রোপোজাল তৈরী আছে। আগামীদিনে সেই জল প্রকল্পগুলো হবে। কিছুদিন আগে আপনারা দেখেছেন গার্ডেনরিচে জল প্রকল্প হয়েছে। কোলকাতায়ও কিছুদিন আগে একটা বিরাট জল প্রকল্প হয়েছে এবং মানুষ পরিশ্রুত পানীয় জল পাচ্ছে। এটাই হচ্ছে একটা সরকারের দৃষ্টিভঙ্গী যে মানুষকে ভালো করে জল দিতে হবে, মানুষকে ভালো রাস্তা দিতে হবে। কোলকাতা শহরে এবং শহরতলির বাইরে যে সমস্ত পৌরসভা অঞ্চলগুলো আছে আমার মনে হয় প্রত্যেকটা পৌরসভাই প্রচুর পরিমাণে টাকা পেয়েছে রাস্তা-ঘাটের জন্য। এমননি প্রচুর রাস্তা ম্যাস্টিক অ্যাসফাল্টারে হচ্ছে, উন্নতমানের রাস্তা। আগে বিটুমিন হয়ে যাওয়ার পরে ম্যাস্টিক অ্যাসফাল্টারের রাস্তা হচ্ছে। এই রাস্তাগুলো খুবই ভালো রাস্তা হচ্ছে এবং আমার মনে

হয় এটাই একটা শহরের অভিমুখ। রাস্তা, পানীয় জল এবং তার সাথে সাথে নিকাশী সিস্টেম এখন খুব ভালা করে হচ্ছে। আগে বর্জ্যগুলো খোলা অবস্থায় একটা ট্রলিতে করে নিয়ে যেত কিন্তু এখন বিভিন্ন জায়গায় সরকার থেকে কমপ্যাক্টর দিচ্ছে এবং অনেক পৌরসভা নিজেরাও কিছু কমপ্যাক্টর কিনছে। কোলকাতা কর্পোরেশন, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন যেমন কিনছে তার সাথে সাথে বিভিন্ন পৌরসভা, দক্ষিণ দমদম পৌরসভাও কিছু কমপ্যাক্টর কিনছে আবার সরকারী কমপ্যাক্টরও আছে। এই কমপ্যাক্টর পাওয়ার পরে এখন আর দেখবেন না রাস্তা-ঘাটে সেই অনেক উঁচু উঁচু করে ময়লা ডাম্প করে জমে আছে। বর্জ্যগুলো যেখানে পড়বে সেখানে একটা ট্রিটমেন্ট প্লান্টের কথা হচ্ছে। ৩৪ বছর যারা সরকারের দায়িত্বে ছিলেন শুধু নির্বাচনকে সামনে রেখে তাঁরা নেমে পড়তেন। কিন্তু এই সরকারের অভিমুখ হচ্ছে এই কাজগুলো। তার সাথে সাথে বহু পার্ক, বহু রাস্তা, বহু ফ্লাইওভার, মা-ফ্লাইওভার, বাইরে থেকে যখন লোক আসে তখন মা-ফ্লাইওভার পাচ্ছে। এতে দিল্লীর টাকা দেওয়ার কথা ছিল কিন্তু দিল্লী লাস্ট পর্যন্ত অনেক টাকা দিতে পারেনি। আমাদের সরকার নিজস্ব টাকায় মা-ফ্লাইওভার করেছে।

[4.10 pm – 4.20 pm]

এবং আরো অনেকগুলো ফ্লাইওভার সরকার করছে। জিঞ্জিরাবাজার থেকে শুরু করে বহু জায়গায় আজকে সরকার এই ফ্লাইওভারগুলো করছে। বিশেষ করে আমাদের কেএমডিএ আছে। সেই কেএমডিএ-র মধ্যে প্রায় ৩৯ টি পৌরসভা আছে, তিনটি Corporation আছে। Corporation সাথে সাথে অনেকগুলো পঞ্চায়েত আছে। কেএমডিএ-র ভূমিকা আমরা দেখেছি খুব ভাল। আজকে অনেক জায়গায় গ্রিনারি হচ্ছে। বিভিন্ন জায়গায় বিশেষ করে আমরা দেখেছি ৬ টি জায়গাতে, বইয়ের মধ্যে দেখছি যে রাজ্য সরকার ইতিমধ্যে ৪৬০ একর জমিতে ৬ টা গ্রিন ফিল্ড শহরতলিতে চিহ্নিতকরণ করেছে। আসানসোল, বারুইপুর, বোলপুর, ডুমুরজলা, কল্যাণী এবং শিলিগুড়ি 'এই ৬ টি জায়গায় যেমন গ্রিন সিটি হচ্ছে তার সাথে সাথেই শহরের বিভিন্ন অঞ্চলের পৌরসভাগুলিকে প্রপোজাল পাঠাতে বলা হয়েছে। সেখানেও সরকার টাকা দিচ্ছে। তাই আমি বলছি একটা সরকার ভাল কাজ করছে। এছাড়া আমার কেন্দ্রের লাগোয়া নবদিগন্ত ইন্ডাস্ট্রিয়াল টাউনশিপ আছে। সেখানেও আমরা দেখেছি সত্তর থেকে আশি হাজার লোক প্রতিদিন প্রতিনিয়ত কাজ করতে আসে। আমরা দেখেছি দীর্ঘদিন ধরে বিগত সরকার যখন ছিল একটা কোন ভাবনা ছিল না যে সত্তর আশি হাজার লোক একটা জায়গায় কাজ করতে আসে আইটি সেক্টরে সেখানে ডেভেলপমেন্ট কিছু করার। এই সরকারের আমলে আমরা দেখেছি একটা লিঙ্ক রোড তখন আমি ভাইস চেয়ারম্যান ছিলাম নব দিগন্তের, সেই সময় আমরা একটা লিঙ্ক রোড তৈরি করেছিলাম। আজকে লিঙ্ক রোড শুধু না, লিঙ্ক রোড ছাড়াও একটা বড় জলাশয় আছে। সেখানে ইকো-ট্যুরিজমের কথা ভাবনা হচ্ছে এবং সেখানে ইকো-ট্যুরিজম তৈরি হচ্ছে। এটাই হচ্ছে একটা সরকারের অভিমুখ। নিউটাউনে আপনারা যখন আসেন এত বড় একটা জায়গা চারশো আশি একর জমির ওপর ইকো পার্ক - আমি ফিরহাদ হাকিমকে বলবো, ফিরহাদ হাকিম এখন নেই বিএ কমিটির মিটিংয়ে গেছে। সেখানে অন্তত একদিন আমাদের এমএলএদের নিয়ে যাওয়া উচিত। এটা একটা মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নের জায়গা - ইকো পার্ক। সেই ইকো পার্ক থেকে এত বড় একটা জলাশয়কে ঘিরে এত বিউটিফিকেশান হয়েছে। বাইরে থেকে মানুষ এসেও এটার প্রশংসা করছে। এছাড়াও আমি কতগুলো প্রপোজাল বিশেষ করে রাখবো। ফিরহাদ হাকিমকেও আমি বলেছিলাম, এটা শুধু আমার মিউনিসিপ্যালিটি নয়, সব মিউনিসিপ্যালিটির ব্যাপার। বিভিন্ন অ্যাডেড অঞ্চল, বিভিন্ন কলোনীতে আনপ্ল্যানড ভাবে কিছু বাড়িঘর হচ্ছে। আমি চাইনা সেই বাড়ি ঘর ভেঙে দিতে। আমরা চাই একটা অন্তত সিস্টেমের

মধ্যে তাদের আনা হোক। আমি দেখছি বহু জায়গায়, অ্যাডেড অঞ্চলে, বহু কলোনী অঞ্চলে আমি পরশুদিন চেয়ারম্যানকেও বলছিলাম এগুলো আমাদের দেখা দরকার।

একটা যদি বড় দুর্ঘটনা কোথাও ঘটে, কোন জায়গায় যদি একটা বাড়ি ভেঙে পড়ে তার দায়বদ্ধতা কে নেবে? সেই বাড়িগুলোর প্ল্যান নেই, কিছু নেই। তারা বাড়ি করছে, ঘর করছে কিন্তু একটা নির্দিষ্ট সিস্টেমের মধ্যে তাদেরকে আমার মনে হয় আনার দরকার আছে। এছাড়া আমার কেন্দ্রের মধ্যে একটা বড় বস্তি আছে আপনারা জানেন। কিছুদিন আগে মেট্রোর সমস্যা হয়েছিল। সেই মেট্রোর সমাধান আমরা করে নিয়েছি। সেখানে ইউডি জমি দিয়েছে, সেখানে কেএমসিআরএল টাকা দিয়েছে, বাড়ি তৈরি হয়েছে। আশিটা পরিবারকে আমরা শিফট করবার জায়গায় চলে গিয়েছি। কিন্তু প্রায় ৫ হাজার পরিবার দত্তাবাদের ওই বস্তিতে বাস করে। ইউডি থেকে সার্ভে করেছি। সার্ভে রিপোর্ট কমপ্লিট আছে। আমরা চাই বিশেষ করে এখানেও একটা গরীব মানুষদের বাড়ি তৈরি করার জন্য যেভাবে সরকার চিন্তাভাবনা করছে, আমার মনে হয়। গরীব মানুষের স্বার্থে দত্তাবাদ বস্তিতে যে পাঁচ হাজার পরিবার বাস করে, যদিও সেখানে আমরা মিউনিসিপ্যাল সার্ভিস দিই, সবকিছু দিই, কিন্তু সুস্থভাবে আমরা চাই প্রত্যেকটা মানুষ যাতে বসবাস করতে পারে। অন্যরা যে সুযোগ সুবিধে পায় তারাও যেন সেই সুযোগ সুবিধে পায়। গরীব মানুষের প্রতি আমাদের সরকারের একটা দায়বদ্ধতা আছে। তাদের উপর সহমর্মিতা আছে। তারজন্য আপনারা জানেন কিছুদিন আগে ইকো পার্কে দরিদ্রদের জন্য আমরা একটা জায়গা করে দিয়েছি - হকার্স কর্নার। সেটা ইকো পার্কের পাশে নিউ টাউনে করেছি। এই কাজগুলো আমরা করেছি তার কারণ আমাদের সরকারের লক্ষ্য হচ্ছে মানুষের ভাল করা, মানুষকে উচ্ছেদ করা নয়। আমাদের সরকারের নির্দিষ্ট হকার পলিসিও আছে। সুতরাং শুধু বিরোধিতা যারা করছেন আমি বলবো নিশ্চয়ই গঠনমূলক সমালোচনা যদি কেউ করেন সেটা আমরা শুনতে প্রস্তুত আছি। কিন্তু গণতন্ত্র - এসব কথা যারা বলছেন তাদের মুখে গণতন্ত্রের কথা শোভা পায় না। তাই আমার বক্তব্য শেষ করার আগে বলছি মাননীয় মন্ত্রী হাউসে ছিলেন। না, মাননীয় মন্ত্রীর কাছে বলবো রিগার্ডিং দত্তাবাদ এবং যে ছোট বাড়িগুলো, কালকেও আমি মন্ত্রীকে বলছিলাম বহু জায়গায় যে আনঅথরাইজ কন্সট্রাকশানগুলো হচ্ছে, সেই জায়গাগুলোকে একটু সরকারের দৃষ্টিভঙ্গিতে আনার জন্য। তাদেরকে কীভাবে প্ল্যান করে দেওয়া যায়, তাদেরকে কীভাবে রেগুলারাইজ করে দেওয়া যায় এই নিয়ে সরকারের একটা ভাবনা চিন্তা করার দরকার আছে। ধন্যবাদ, নমস্কার।

শ্রী রথীন ঘোষ : মাননীয় চেয়ারম্যান মহাশয়, জনাব ফিরহাদ হাকিমের নগরোন্নয়ন ও পৌর বিষয়ক ৭২ নম্বর দাবীকে সমর্থন জানিয়ে এই বাজেট বরাদ্দের বিষয়ে প্রাসঙ্গিক কয়েকটি কথা নিবেদন করছি। মাননীয় মন্ত্রী আজকের এই সময় নগরোন্নয়নটা সবচেয়ে বড় চ্যালেঞ্জ। কারণ গ্রাম থেকে শহরে লোক আসছে, জনসংখ্যা বাড়ছে এবং সেই ক্ষেত্রে পশ্চিমবঙ্গের সমস্যাটা আরো অনেক বেশি। কারণ মাত্র ৩% জায়গা আছে। আর ৩১% -এর উপর মানুষ বসবাস করছেন এই নগরে। ফলে আমাদের ২০০১ - এ ২৫৩টি শহর ছিল সেনশাসের হিসাব অনুযায়ী। এই মুহূর্তে সেই সেনশাস টাউনের সংখ্যাটা বাড়িয়েছে ৭৮০। ১১৫ টা পুরসভা আছে, ৭টা কর্পোরেশান, ৩টি ইন্ড্রাসটিয়াল ডেভালপমেন্ট অথরিটি। আবার নতুন করে নগরোন্নয়ন দপ্তরের আরো ১৫টা ডেভলপমেন্ট অথরিটি আছে। এই যে গরীব মানুষদের সমস্যা নাগরিকদের চাহিদা সেই চাহিদার দিকে তাকিয়ে পরিষেবার মানকে উন্নত করবার জন্য বর্তমান সরকার ব্যবস্থা করছেন। কিন্তু মানব সভ্যতার অগ্রগতির একটা সূচক হচ্ছে সভ্যতার অগ্রগতির অনেক ধাপের মধ্যে নগরোয়ন একটা গুরুত্বপূর্ণ ধাপ। রাজ্যে নগর উন্নয়নের অগ্রগতির ফলেই শহরগুলিতে মানুষের বসবাসের প্রবণতা, উল্লেখযোগ্যভাবে সেটা পেয়েছে। কোন দেশের আর্থিক উন্নয়নের মাপকাঠি হল সেই

দেশের যে নগর বিকাশ। এই শতক নগরায়নের শতক হিসাবে চিহ্নিত করে আমাদের রাজ্যে নগরায়ণ হচ্ছে দ্রুতগতিতে। দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট - তার একটা সংশোধন করা হয়েছে যার ফলে এই সরকারী এবং বেসরকারী উদ্যোগে নগরায়ণের যে পরিকল্পিতভাবে একটা বাড়ানোর চেষ্টা হচ্ছে। যার ফলে এই সরকার নতুন করে প্রায় ৬টা এই ধরনের পরিবেশ বান্ধব অর্থনৈতিক ও সামাজিকভাবে বসবাস যোগ্য শহর নির্মাণ করার জন্য সচেষ্ট হয়েছেন। যেমন- ডুমুরজোলা আছে, গীতবিতান আছে - এই ধরনের সিটি নতুন করে নির্মাণ করবার ব্যবহার কথা বাজেটে বলেছেন। ২০১৬-১৭ সালে বাজেটে বরাদ্দ ছিল, ২০১৭-১৮ সালে মোট যে বাজেট তাতে দেখা যাচ্ছে যে ১০ হাজার ১৯৩ কোটি ৪১ লক্ষ ৩০ হাজার টাকা আর ২০১৬-১৭ সালে এই বরাদ্দটা ছিল ৮৮১৮ কোটি ৭৯ লক্ষ ৬৪ হাজার টাকা। অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি যে, ২০১৬-১৭ থেকে ২০১৭-১৮ বছরে এসে এই পার্সেন্টেজটা গত বছরের থেকে ২.৩৩% বাজেটটা বেড়েছে। তারমধ্যে ২০১৬-১৭ সালে যেমন আমাদের নগরোন্নায়ন এবং পৌর বিষয়ে যে প্ল্যান ফান্ড ছিল তাঁর যে ব্যয় বরাদ্দ ছিল সেটা ছিল ৫২৭৪ কোটি ৫৪ লক্ষ টাকা, অর্থাৎ ৫৯.৮১%। আমরা যদি ২০১৭-১৮ সালের দিকে তাকাই দেখবেন সেই পরিকল্পনা খাতে বরাদ্দটা বেড়ে হয়েছে ৬৩৩৩ কোটি ৯০ লক্ষ টাকা, অর্থাৎ ৬২.১৪%। আগে ছিল ৫৯.৮১%, এখন সেই প্ল্যান ফান্ডটা বেড়ে সেটা হয়েছে ৬২.১৪%। এছাড়া পরিকল্পনা বহির্ভূতখাতে আছে প্রায় ৩৭.৮৬% টাকা সুজিতবাবু বলছিলেন যে পানীয় জলের উপরে আমরা কর না বসিয়ে বর্তমান সরকার নাগরিকদের জন্য যে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। ২০১৬-১৭ সালে ছিল ৫০ কোটি টাকা।

[4.20 pm – 4.30 pm]

এই বারে সেটা হয়েছে ১৪৪কোটি ৯০লক্ষ টাকা অর্থাৎ আমরা সকলেই জানি এবং WHO এর রিপোর্টেও আছে যে ২০২৫সালের মধ্যে এই ভূগর্ভস্থ যে জল, সেই জলের ভাণ্ডারটা আস্তে আস্তে সংকুচিত হচ্ছে। সেই ক্ষেত্রে বর্তমান সরকার চেষ্টা করছেন পাইপ লাইন ওয়াটার বেস অর্থাৎ সার্ফেস ওয়াটারের মাধ্যমে সমস্যা মেটানোর। অনেকগুলো প্রকল্প বাজেটের মধ্যে বলা আছে। কিছু সেই প্রকল্পগুলি রূপায়িত হয়েছে, আর কিছু প্রকল্প তারা নতুন করে নিচ্ছে। আমাদের এখানে যে জলকর আমরা নিচ্ছি না এর পেছনে কারণটা হচ্ছে যে ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে সেকশান ৬৩, তাতে বলা আছে মিউনিসিপ্যালিটির দুটো দিক আছে। ৬৩ তে বলা আছে অবলিগেটরী পার্ট - যে মিউনিসিপ্যালিটি নাগরিকদের কী কী পরিষেবা দেবে। আর সেকশান ৬৪ যেটা আছে, তাতে বলা আছে ডিসিক্রিশারি পার্ট অর্থাৎ পুরসভা দিতেও পারে, নাও দিতে পারে। এই ৬৩ যে অবলিগেটারী পার্ট আছে, সেখানে আমাদের বলা হয়েছে পুরসভাগুলিকে নাগরিকদের জন্য জল দিতে হবে, রাস্তা দিতে হবে, তাদের জায়গাগুলোকে সাফাইয়ের ব্যবস্থা করতে হবে। সেই অবলিগেটারী পার্টের কথা মাথায় রেখে বর্তমান রাজ্য সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তিনি আমাদের বলেছিলেন আমাদের রাজ্যের সরকারের অধীনে যে সমস্ত পুরসভাগুলি আছে, তারা পানীয় জলের কর নেবেন না। কারণ এরা অবলিগেটারী পার্ট অফ দি মিউনিসিপ্যালিটি। মিউনিসিপ্যালিটি যে প্রপার্টি ট্যাক্স নিচ্ছে ১৯৩২সালে একটা আইন ছিল যে অল ইনফ্লুসিভ ইন প্রপার্টি ট্যাক্স। সব কিছু সংকোচন করে একটা জায়গায় করা হয়েছিল। ১৯৩২তে এই আইন ছিল। বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট পরবর্তীকালে ৭৪ তম সংবিধান সংশোধনের পর ১৯৩৩তে ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট হয়েছে। তার মধ্যে কিন্তু এইগুলো বলা আছে। এইবারে আমরা দেখছিলাম যে বেসিক মিনিমাম সার্ভিস, মানুষের ন্যুনতম যে মৌলিক চাহিদাগুলো আছে, সেই খাতে বরাদ্দ কত ছিল? একশো কোটি টাকা। আর এই বছরে মাননীয় মন্ত্রী বরাদ্দ করেছেন ১২০কোটি টাকা। ব্যকওয়ার্ড রিজিনস

গ্রান্ট ফান্ড থেকে ৬টি অনুন্নত শহরে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। তার মধ্যে চারটের কাজ শেষ হয়েছে, দুটো এখনও বাকি আছে। এছাড়া আপনারা দেখবেন যে এক লক্ষ লোকের উপরে যে সমস্ত জায়গায়। পপুলেশান আছে, সেখানে অম্রত এবং হাউস ফর অল, এই দুটো প্রজেক্ট আছে। অনেকের একটা ধারনা আছে, অনেকে বলেন যে আমরা কেন্দ্রীয় সরকার থেকে এটা করছি, ওটা করছি। অম্রত দেখবেন যে ইনফ্রাস্ট্রাকচার খাতে, সেই ইনফ্রাস্ট্রাকচারে বলা আছে যে ৩৫% হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট, বাকি ৬০% হচ্ছে স্টেট গভর্নমেন্ট, আর ৫% হচ্ছে বেনিফিসিয়ারী কন্ট্রিবিউশান। তাহলে যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে যেটা সমান সমান হওয়ার কথা, সেটা না হয়ে ৩৫% হচ্ছে কেন্দ্রীয় সরকারের দেয় অংশ। আর রাজ্য সরকারের হচ্ছে ৬০%। আর বেনিফিসিয়ারী কন্ট্রিবিউশান হচ্ছে পাঁচ শতাংশ। এছাড়াও এই টাকাকে বহন করবার জন্য, টাকাকে খরচ করবার জন্য আরও দশ শতাংশ টাকা কিন্তু খরচ করতে হয়। এটা বুঝতে হবে। অনেকে আমরা বলি যে হাউস ফর অল হচ্ছে। কেন্দ্রীয় সরকারী প্রকল্প এই হাউস ফর অলে, কি বলা আছে আমাদের মাননীয় মন্ত্রী আছেন, উনি নিশ্চয় বলবেন। এই যে বাড়ী তৈরি হচ্ছে ৩ লক্ষ ৬৭ হাজার টাকা করে খরচ। কেন্দ্রীয় সরকার কত দিচ্ছেন? ১ লক্ষ ৫০ হাজার টাকা। কিন্তু বাকি টাকাটা রাজ্য সরকারকে বহন করতে হচ্ছে। অর্থাৎ ৩ লক্ষ ৬৭ হাজার টাকার বাড়ী করতে গেলে বাকি টাকাটা অর্থাৎ ২ লক্ষ ১৭ হাজার টাকা, সেই টাকাটার বেনিফিসিয়ারী কন্ট্রিবিউশান আছে। যে পঁচিশ হাজার টাকা তাহলে বাকি ২.৯২ হাজার টাকাটা রাজ্য সরকার বহন করছে। দ্বিতীয়তঃ হচ্ছে ফিফটি ফিনান্স কমিশন - আমরা অনেক সময় অনেক কিছু শুনছি যে কেন্দ্রীয় সরকার নাকি ৩২% থেকে ৪২% করেছে। রাজ্যে যেমন একটা অর্থ কমিশন আছে। আমাদের পুর আইনে, তেমনি কেন্দ্র ও রাজ্য কত পাবে। সরকারের স্ট্রাকচারাল ভাগের জন্য, ফেডারেল স্ট্রাকচারে, তারও একটা ন্যূনতম নিয়ম আছে। এই যে ফটি এফ সির যে গ্রান্ট হয়, সেই গ্রান্টটা জেনারেলি দুটো! ভাগে ভাগ হয়। একটা হচ্ছে জেনারেল বেসিক গ্রান্ট কমপোনেন্ট। আর একটা হচ্ছে জেনারেল পারফরমেন্স গ্রান্ট কমপোনেন্ট। এই টাকাটা কেন্দ্রীয় সরকার এইভাবে করে দিয়েছে।

অম্রুত প্রকল্পের আগে কেন্দ্রীয় সরকার একই প্রকল্প ছিল Jaharlal Neheru National Urban Renewal Mission, আমাদের আগে যে সরকার ছিল তারা এমন একটা চুক্তি করে গেছে তার পরবর্তীকালে ২০১২ সালে যে স্কিম গুলি অ্যাপ্রুভ হয়েছিল সেটা বাদ দিয়ে বাকি সমস্ত ক্ষেত্রে রাজ্য সরকারকে অর্থ বহন করে করতে হয়েছে। কারণ তারা চুক্তি করেছিলেন যে জলের উপরে তারা কর নেবেন। রাজ্য সরকার যেহেতু কর না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে তারজন্য ১০% টাকা তারা কম পেয়েছে। এই যে মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং সই করা আর একদিকে অবলিগেটরি পার্টের কথা বলে আইন প্রনয়ন করা আর এক দিকে চুক্তি করে আসা আমি জানি না এটা কিভাবে হয় কি করে সম্ভব হয়। আমার ব্যক্তিগতভাবে জানা নেই। মন্ত্রী মহাশয় কিছুদিন আগে পৌরপ্রধানদের একটা সভা করছিলেন সেখানে বলেছিলেন চেয়ারম্যানদের রাজ্য সরকারের House for urban poor আগে ছিল ২ লক্ষ ২৯ হাজার টাকা, এখন ২ লক্ষ ৭৯ হাজার টাকা করেছেন। সেই বাড়ি গুলি পাওয়া যাবে। নির্মল বাংলা অভিযান যেটা স্বচ্ছ। ভারত মিশনও বলছে। প্রায় ১ লক্ষ ৭ হাজার ২৫৪টা এই ধরনের টয়লেট তৈরি হয়েছে সব জায়গাতে। তারমধ্যে বিশেষ করে আমাদের চারটে জেলা open defecation হয়েছে। এছাড়া National urban livelihood Mission আছে। সেই National urban livelihood Mission আমাদের যতগুলি সেলফ হেল্প গ্রুপ তৈরি হয়েছে ক্রেটিড লিংকেজ গ্রুপ যার মধ্যে দিয়ে একদিকে woman empowerment অর্থাৎ মহিলাদের তারসঙ্গে সংযুক্ত করা, সেই মহিলাদের বিভিন্ন ভকেশনাল ট্রেনিং এবং তাদের নিজেদের মধ্যে লোন আদান প্রদান তারজন্য গভর্নমেন্ট একটা সাবসিডাইস

Subsidy দিয়ে থাকে Revolving Fund হিসাবে। দ্বিতীয় হচ্ছে, যে ওই প্রকল্পতেই আছে নাইট সেল্টার করা যাবে সেটা মাথাপিছু ৫ স্কোয়ার মিটার করে। পৌর এলাকায় যে সমস্ত ভবঘুরে থাকে যাদের থাকবার কোন বাসস্থান নেই। এই প্রকল্পের মধ্যে দিয়ে সেই নাইট সেল্টার তৈরি করবার জন্য যে ব্যবস্থা। করা হয়েছে। তৃতীয়ত হচ্ছে যে ন্যাশনাল আর্বান হেল্থ মিশন প্রকল্পের মধ্যে যে শহর গুলিতে ৫০ হাজারের উপর জনসংখ্যা সেই জনসংখ্যার শহর গুলিতে আবান প্রাইমারি হেল্থ কেয়ার ইউনিট করে এবং তাদের যেখানে যেখানে আছে সেই সমস্ত জায়গাতে ডাক্তার provide করে শহরের মানুষের কাছে হেল্থ ফেসিলিটিস পৌছে দেওয়া এই প্রকল্পের মধ্যে দিয়ে সেটা রাজ্যসরকার চেষ্টা করছে করবার জন্য। এছাড়া বিশেষ করে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী অনেকদিন ধরে একটা কথা বলছেন স্মার্ট সিটির গল্প আমরা শুনেছি। আমাদের মন্ত্রীও বলেছেন আমাদের সভাতে যে স্মার্ট সিটি শুধুমাত্র কয়েকটা জায়গা, কেন্দ্র করে করা সম্ভব। বাকী পুরএলাকায় উন্নয়নের গতি কতটা হবে। তাহলে সেটাতে করতে গেলে যে পরিমাণ ইনভেস্টমেন্ট হয় সেটা শুধুমাত্র কয়েকটি এলাকা উন্নত হবে সার্বিক রাজ্য সরকার গ্রীন সিটি মিশন প্রকল্প আমাদের মুখ্যমন্ত্রী ভাবনাকে সম্প্রসারিত করতে পুরনগরোন্নয়ন মন্ত্রী এই খাতে গত বছর বরাদ্দ করেছিলেন ৪৫৬ কোটি টাকা এবং ২০১৬-১৭ সালে বিভিন্ন শহরের মধ্যে দিয়ে এই প্রকল্প গুলি রূপায়িত হবে। বিভিন্ন প্রকল্প অনুমোদিত হচ্ছে এবং কাজও হচ্ছে। তারফলে ১৭-১৮ সালে প্রস্তাব করছেন ৬২০ কোটি টাকা তিনি বরাদ্দ করেছেন। যার ফলে পৌরসভাগুলি খুব স্বাভাবিকভাবে সৌন্দর্যায়ন, সবুজায়ন, আলোকায়ণ করে নাগরিকদের নান্দনিক চাহিদা মেটানো যাবে। সেটাকে তিনি বিশেষভাবে গুরুত্ব দিয়েছেন তারমধ্যে দিয়ে আলোক উজ্জ্বল পরিবেশ তৈরি করা, একটা সৌন্দর্যায়ন করা, পুকুর গুলি বুজিয়ে দেওয়ার প্রবণতা আমাদের আছে। সেগুলি যাতে না করা যায়, সেগুলি ব্লমিং করবার জন্য তিনি ব্যবস্থা নিয়েছেন। সলিড ওয়েস্টের মধ্যে তিনি SWM-এর জন্য বিভিন্ন মিউনিসিপ্যালিটিকে trans municipal প্রোজেক্ট তৈরি করে এই বর্জ্য পদার্থকে তারা যাতে ঠিক করতে পারে তারজন্য একটা পরিকল্পিত ব্যবস্থা অলরেডি ৫-৬টা পৌরসভাতে করা হয়েছে। আরো পৌরসভাতে করা হবে, আগামী দিনে একটা বড় চ্যালেঞ্জ আমাদের কাছে। সমব্যাথী বলে একটা প্রকল্প আছে। আমরা জানি। সেই প্রকল্পের মধ্যে দিয়ে রাজ্য সরকার আগামী বছর শহরের যারা গরীব মানুষ তারা দুই হাজার টাকা করে পাবেন। তারা শব যদি দাহ করতে পারেন তারজন্য দেওয়া হবে। আগামী বছরের জন্য এই সংখ্যাটা ২০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। আমি শেষ করছি এই কথাটা বলে মাননীয় উপাধ্যক্ষ মহোদয় যে এই সদনে আজকে কিন্তু উপস্থিত নেই প্রাক্তন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী - তিনি ২০১০ সালে তার জবাবী ভাষণে বলেছিলেন মানুষকে ধোকা দিয়ে আর কতদিন চলবে ? বোধহয় কেউ কেউ ভাবছেন যে, আগামি দিনে তারা বলবেন অথাৎ ট্রেজারী বেঞ্চে এসে আর আমরা বোধহয় এখানে থাকব বিরোধী পক্ষে। কিন্তু আগামিদিনে আমরা এখানেই দাঁড়িয়ে কথা বলব। আর আপনারা ওখানে দাঁড়িয়ে বলবেন এই কথা আমি দায়িত্ব নিয়ে বলে যাচ্ছি। কিন্তু বাংলার মানুষ সত্যি বোকা না। তিনি ঐদিন ভবিষ্যদ্বাণী ঠিক করেছিলেন। বাংলার মানুষ ২০১১ তে পরিবর্তন করে বাংলার মসনদে বসিয়ে ছিলেন ট্রেজারী বেঞ্চে মাননীয় মুখ্যমন্ত্রী হিসাবে মমতা বন্দোপাধ্যায়কে বাংলার মা-মাটি-মানুষের সরকার যেমন তৈরি করেছেন এবং তাইতো পুরনগরন্মোয়ণ মন্ত্রী ফিরহাদ হাকিম সাহেব আজকেই ট্রেজারী বেঞ্চ থেকেই পশ্চিমবঙ্গের সঠিক ভাবেই নগর উন্নয়ণের গতিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন আপনাদের রেখে যাওয়া ঋনের বোঝা মাথায় নিয়ে অর্থনৈতিক প্রতিবন্ধকতা স্বতেও উন্নয়ণের জন্য পেশ করা বাজেট বরাদ্দ ৭২ নং দাবীকে সদনের সকল বিধায়ককে সমর্থন জানানোর আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী রুনু দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের পুর ও নগরোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ২০১৭-'১৮ সালের ৭২ নম্বর দাবীর ব্যয়বরাদ্দ সম্পর্কে যে বাজেট ভাষণ রেখেছেন - আমি পড়েছি। আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। আমি বাজেটে যাওয়ার আগে একটা ছোট্ট কথা মাননীয় মন্ত্রীকে বলতে চাই যে, আপনি বিধায়কদের উন্নয়ন তহবিলের জন্য যে টাকা দেন - আমার মতন অনেকেই আছেন বিরোধী দলের যারা বারবার চিঠি দেওয়া সত্ত্বেও বছর শেষ হতে চলল আমরা কিন্তু এখনও কাজের মুখ দেখতে পারিনি। যখনই কথাবার্তা বলার চেষ্টা করছি - বলছেন টেন্ডার হচ্ছে, টেন্ডার হচ্ছে - আমরা শুনছি। আমি অনুরোধ করছি আপনাকে আপনি যখন টাকাটা দিয়েছেন তার ইউ সি হোক, খরচা হোক। মানুষের যাতে উপকার হয় সেইদিকে একটু দৃষ্টি রাখবেন। শুধু আমার একার নয়, অনেকের আছে। এরসঙ্গে আপনারা অনেক কাজ করছেন, বিবরণও আছে, অনেক টাকার পরিকল্পনাও আছে - আমরা দেখছি। কিন্তু একটা জিনিস আপনাকে মানতে হবে। মাননীয় মন্ত্রী বলবেন ঠিকই যে, যেখানে আপনি গিয়েছেন তার পিছনের ৩৪ বছর যদি অন্ধকার থাকত তাহলে শুধু ৫-৬ বছরে আপনি এতোটা জায়গায় যেতে পারতেন না। আপনি জানেন যে ১৯৭৭ সালের আগে ১৪ বছর কোন নির্বাচন হয়নি। বামফ্রন্ট সরকার আসার পরে ৮১ সালে নির্বাচন হয়, আপনার জানা আছে। তখন পৌরসভা ছিল, তার টাকাও ছিল না। কর্মচারী ছিল কিন্তু বেতন পেতনা। খুব সামান্য বেতনে তারা কাজ করত। ১৯৮১ সালের পর যখন পৌরসভা গঠিত হয় তখন একদিকে যেমন উন্নয়নের কাজকর্ম শুরু হয়, তেমনি নিয়মিত বেতন, পেনশান, আগেকার সরকার দেওয়া শুরু করে। আপনারা সবাই বলেন আমরা নাকি কিছু করিনি, কিচ্ছু করিনি। এটা কি ঠিক ? এটা কি সাফল্য নয় ? এতো - এতো কর্মচারী, এছাড়া দেখুন ১৯৫১ সালে আমাদের শহরে - পশ্চিমবাংলায় এবং ভারতে ১৯.৯ শতাংশ মানুষ শহরে থাকত। আর এখন প্রায় ১০০ জনের ভিতরে ৪০ এর উপরে মানুষ শহরে থাকে। নিঃসন্দেহে মানুষ শহরের দিকে যেতে চায় - পৌরসভা হচ্ছে, কর্পোরেশান হচ্ছে, দিনে দিনে মানুষের চাহিদা বাড়ছে। ৭৪ তম সংশোধনের পর তৎকালীন বামফ্রন্ট সরকার যখন অধিকারগুলো প্রয়োগ করছিল তখন দারিদ্রদূরীকরণ, জনস্বাস্থ্য - এগুলোতে গুরুত্ব দিয়েছিল।

নানারকম সুযোগ সুবিধা বাড়িয়েছিল। সবার ভোটাধিকার ছিলনা। সেই ভোটাধিকারের ব্যবস্থা তারা করে এবং প্রতি পাঁচ বছর অন্তর ভোট নিয়মিত করার দৃষ্টিভঙ্গি নিয়ে বামফ্রন্ট সরকার চলত। নগরোন্নয়নের মূল দৃষ্টিভঙ্গি হল বিকেন্দ্রীকরণ করা। মানুষের কাছে যাও, মানুষকে যুক্ত করো এবং মানুষকে নিয়ে উন্নয়ন করো সেইভাবে এগিয়েছিল তখনকার সরকার। কিন্তু এখন আমরা দেখছি অগ্রগতি এবং উন্নয়নের কথা কেবল লিপিবদ্ধ থাকছে। সব ক্ষেত্রে তা কার্যকর হচ্ছে না। বিকেন্দ্রীকরণের অন্যতম লক্ষ্য হল ওয়ার্ড কমিটির কার্যকারিতা, মানুষের মতামতকে অগ্রাধিকার দিয়ে তাদের অংশগ্রহণ সুনিশ্চিত করা। যা এ আমলে প্রায় হচ্ছে না। ওয়ার্ড কমিটি প্রায় নেই। মানুষের মতামত সব সময় আসছে না। সরকার এক দিকে প্রশাসনকে মানুষের কাছে নিয়ে যাওয়ার জন্যে, প্রশাসনিক কাজকর্ম ভালো ভাবে করার জন্য তারা জেলা ভাগ করছে। আমাদের জেলা, বর্ধমান জেলা ভাগ হচ্ছে। কিন্তু অবাক ব্যাপার যে আসানসোল কর্পোরেশন তাতে আরো চারটে মিউনিসিপ্যালিটিকে যুক্ত করে দেওয়া হল। রানিগঞ্জ, জামুড়িয়া, কুলটি যুক্ত করা হল। ফলে এক দিকে বলা হচ্ছে ছোটো করলে প্রশাসনের কাজ ভালো হবে। জেলা প্রশাসন যত হাতের কাছে আসবে মানুষ উন্নয়ন পাবে। আবার অপর দিকে আসানসোল কপোরেশনকে একটা বড় কর্পোরেশন করে দেওয়া হল, বলা হল মেগাসিটি হলে প্রচুর টাকা আসবে। কিন্তু নির্বাচনের পর, বোর্ড গঠন হওয়ার পর আসানসোল কর্পোরেশনে, আমি রানিগঞ্জ, জামুড়িয়া, কুলটির ক্ষত্রে বলতে পারি কোনোরকম কাজকর্ম হচ্ছে না। খুব সামান্য হচ্ছে। মাননীয় মন্ত্রী জেনে নেবেন। আমাদের মিথ্যে বলে লাভ নেই। আপনি একটু জেনে নেবেন খুব সামান্য কাজ

হয়েছে। সাফাই নেই উঠে গিয়েছে। আপনি যদি শহরে যান নাকে রুমাল দিয়ে যেতে হবে। আপনি যদি রাস্তা গুলো দেখেন, রানিগঞ্জের রাস্তা গুলো সব ভেঙ্গে গিয়েছে। কিন্তু ইনকাম বেড়েছে। লাইসেন্সের থেকে অন্তত দু ডবল তিন ডবল টাকাও বেড়েছে। আপনিও টাকা দিচ্ছেন, কেন্দ্রীয় সরকারও টাকা দিচ্ছে। আমরা কিন্তু সেটা দেখতে পাচ্ছি না। ছোটো, মাঝারি পৌরসভাগুলো সব ধরণের পরিকল্পনা, কর্মসংস্থান সৃষ্টি, শিক্ষা, স্বাস্থ্য, পরিষেবার মানোন্নয়ন এবং পরিকল্পিত উদ্যোগ ভিন্ন নগরের উন্নয়ন কিভাবে সম্ভব? রাজ্যে আমরা দেখছি, পৌর এলাকায় একের পর এক শিল্প আমাদের অঞ্চলে বন্ধ হচ্ছে। স্বাভাবিকভাবে কর্মসংস্থান কমে যাচ্ছে। আমরা দেখছি প্রায় ৫০ হাজার লোক নতুন ভাবে কর্মচ্যুত হচ্ছে। পরিকাঠামো পরিকল্পনার কোনো উদ্যোগ নেই। আর শুধু মিথ্যে প্রতিশ্রুতি, তোলা আদায় আর সিন্ডিকেটরাজ চলছে। ভূগর্ভস্থ জলের স্তর প্রতিনিয়ত নামছে। ওর্য়াল্ড হেল্থ অর্গানাইজেশনের নির্দেশ থাকা সত্ত্বেও তা নিরশনে সরকারের সদর্থক কোনো ভূমিকা আমরা দেখতে পাচ্ছি না। বিভিন্ন জায়গায় আমরা শুনছি আর্সেনিক জল তারা খাচ্ছে। কিছু কাজ হচ্ছে নিঃসন্দেহে। নিকাশি, বর্জপদার্থ ব্যবস্থা, আমাদর রানিগঞ্জ, আসানসোল এবং দুর্গাপুরে ছিল। বন্ধ হয়ে গেল। দুর্গাপুরে চালুই হল না। খোঁজ নিয়ে দেখবেন কোটি কোটি টাকা খরচা করে নিকাশি ব্যবস্থা, বিশেষ করে বর্জ্য পদার্থের জন্য যে সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্ল্যান্ট তৈরি করা হয়েছিল তা কিন্তু হচ্ছে না। তা প্রায় বন্ধ হয়ে গিয়েছে। দুর্গাপুর, রানিগঞ্জ বন্ধ। এগুলো বন্ধ হয়েছে আপনি একটু খবর নেবেন। এটা যদি না করা যায় বর্জ্যপদার্থ নিরশনের ব্যাপারে তাহলে গ্রিন সিটি, ক্লিন সিটি এটা কি করে হবে? এছাড়া আমার যেটা বলার সেটা হচ্ছে যে আমাদের এলাকায় বিভিন্ন জায়গায় পুকুর প্রায় ভরাট হয়ে যাচ্ছে। এটা একটু দেখবেন যদি কিছু করা যায়, এখনও যদি বাঁচানো যায়। আমার শেষ কথা বিভিন্ন পৌরসভার পুরনো কর্মচারীরা অস্থায়ীদের স্থায়ীকরণ করা হচ্ছে না। ফলে এক্সট্রা লোক নেওয়া হচ্ছে। ১০ বছর চাকরি হয়ে গিয়েছে, ১২ বছর চাকরি হয়ে গিয়েছে তাদের সম্বন্ধে আমরা এই বাজেটে কিছু দেখলাম না। এই কথা বলে আমি সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

[4.40 pm – 4.50 pm]

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের রাজ্যের নগরোন্নয়ন ও পৌরবিষয়ক দপ্তরের মন্ত্রী ৭২ নং দাবী অনুযায়ী ১০,১৯৩ কোটি ৪১ লক্ষ ৩০ হাজার টাকার যে ব্যয়বরাদ্দের দাবী এখানে পেশ করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করছি।।

মাননীয় মন্ত্রী একথা বলেছেন এবং আমরাও জানি যে, ২০০১ সালে যেখানে ২ কোটি ২৫ লক্ষ লোক পৌর এলাকায় বাস করত, এখন ২০১৭ সালে প্রায় ৩ কোটি ২৫ লক্ষ লোক শহর এলাকায় বাস করছে। অথচ ভৌগোলিক এলাকর মাত্র ৩ শতাংশ জায়গার মধ্যে তারা বাস করছে। এর ফলে যে ঘন বসতি তৈরী হয়েছে তাতে দেখা যাচ্ছে পার স্কোয়ার কিলোমিটারে ১০,৬১৭ জন লোক বাস করছে। এই পরিস্থিতির মধ্যে পরিষেবা দেওয়ার কাজটা চালিয়ে যাওয়া খুবই কঠিন। কিন্তু আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রদর্শিত পথে আমাদের রাজ্যের মাননীয় পৌর এবং নগরোন্নয়ন দপ্তরের মন্ত্রী সেই চ্যালেঞ্জ গ্রহণ করে এগিয়ে চলেছেন নগরোন্নন এবং পৌর বিষয়ক দপ্তরকে এক করে, যাতে আরও উন্নততর পরিষেবা দেওয়া যায়। এই উদ্যোগ তিনি গ্রহণ করেছেন। আমরা দেখছি এর মধ্যেই গ্রিনফিল্ড টাউনশিপ গড়ে তোলার জন্য ৬ টা শহরকে মনোনীত করা হয়েছে এবং রাজ্য মন্ত্রীসভার সিদ্ধান্ত অনুযায়ী চিফ সেক্রেটারিকে হেড করে আরও কীভাবে এই গ্রিনফিল্ড সিটির সংখ্যা বাড়ানো যায়, কোন কোন এলাকায় করা যায় সেই সম্পর্কে চিন্তা ভাবনা হচ্ছে। আমরা দেখছি যে, সুজিত বাবু বলেছিলেন

সেকটর ৫ এ প্রতিদিন ৭০ হাজার থেকে ৮০ হাজার লোক কাজের জন্য যাতায়াত করেন। সেই জায়গায় পরিস্থিতি কি ছিল আর এখন কি হয়েছে ? ৫০০ একর জমির উপর একটা ইকো-ট্যুরিজম পার্ক তৈরী হচ্ছে। ৩৪০০ মানুষ বসতে পারে এরকম ধরণের একটা কনভেনশন সেন্টার তৈরী করা হচ্ছে। যেটা তৈরী হলে এশিয়ার মধ্যে সবচেয়ে বড় কনভেনশন সেন্টার হবে সেটা। একইসঙ্গে সেই এলাকায় উন্নয়নের জন্য প্রচুর উড়ালপুল, নতুন রাস্তা নির্মাণ, এসবের মাধ্যমে উন্নয়নের কাজকে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। আমাদের ১৩ টি ডেভলপমেন্ট অথরিটি আছে, তার সঙ্গে ৫ টা প্ল্যানিং অথরিটি এবং দুটো ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে নিয়ে সামগ্রিক যে পরিকল্পনা, তার সঙ্গে পৌর এলাকার উন্নয়ন, এই সামগ্রিক পরিস্থিতিটাকে একসঙ্গে পর্যলোচনা করে উন্নয়নের যে কাজ এগিয়ে চলেছে, সেখানে আমি শুধু একটা ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পৌর এলাকার উন্নয়নের ক্ষেত্রে একটা বড় বাধা হ'ল জমি। বেশীরভাগ ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, সরকার টাকা দিচ্ছে, সেই টাকার মাধ্যমে উন্নয়ন করতে গেলে জমির প্রয়োজন, কিন্তু পৌরসভার হাতে সেই জমি অনেক সময় থকে না। এর আগে মাননীয়া মুখ্যমন্ত্রী একদিন বিধানসভতেও বলেছিলেন যে, প্রচুর ভেস্টেড ল্যান্ড যেগুলো পৌর এলাকাতে আছে, ভূমি রাজস্ব দপ্তরের সঙ্গে আলোচনা করে সেই ল্যান্ড যদি পৌরসভার নামে ট্রান্সফার করা হয় তাহলে এই উন্নয়নের কাজে সেই জমিগুলো ব্যবহার করা যায়।

এবং এই ব্যাপারে আর একটা দপ্তরকে তৎপর হওয়ার জন্য বলেছিলেন এবং সেই কাজগুলো খুব বেশি এগোয় নি। এই ভেস্টেড ল্যান্ডগুলোকে পৌরসভার হাতে হস্তান্তরিত করা যায় তাহলে উন্নয়নের কাজ গুলো আরও ত্বরান্বিত হবে। ঠিক তেমনি আরও একটা অসুবিধা আমাদের সামনে আছে এই যে নির্মল বাংলা মিশন হাউস ফর অল বলে যে সমস্ত প্রোজেকট আছে যার মাধ্যমে ইনডিভিজুয়াল মানুষের উপকার করা যায় এবং প্রচুরভাবে এগুলো কার্যকরী করা হচ্ছে। কিন্তু দেখা যাচ্ছে যে পৌর এলাকার অনেক জায়গাতেই অনেক মানুষ যারা সরকারী জায়গা অথবা ভেস্টেড ল্যান্ডে বাস করেন যাদের কোন কাগজপত্র নেই জায়গার অথচ বছরের পর বছর, অনেকে হয়তো একশো বছর ধরে বাস করছেন কিন্তু কেন্দ্রীয় সরকারের হাউস ফর অলের যে সিদ্ধান্ত বা নির্মল বাংলা মিশনের জন্য যে শৌচাগার তৈরী করে দেওয়ার যে প্রয়াস সে ক্ষেত্রে বলা হয়েছে যে, যারা বেনিফিসিয়ারি হবে তাদের নিজস্ব জায়গা থাকতে হবে। এই কারণে এই প্রকল্পগুলো রূপায়ণের ক্ষেত্রে ছোট ছোট বাধা পৌরসভাগুলোর সামনে আসছে। এই বাধাগুলোকে যাতে সরলীকরণ করা যায় এই ব্যাপারে মাননীয় মন্ত্রীকে একটু নজর রাখার জন্যে আমি অনুরোধ করছি। আমরা দেখেছি যে জওহরলাল নেহরু আরবান রিনিউয়াল মিশনের মাধ্যমে এবং রাজ্যসরকারের বিশেষ উদ্যোগে আমাদের রাজ্যের বেশির ভাগ পৌর এলাকায় পরিশ্রুত পানীয় জল পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। এই ক্ষেত্রেও মাননীয় মন্ত্রীকে একটা ব্যাপারে একটু দৃষ্টি আকর্ষণ করছি যে, যে প্রোজেকটগুলো তৈরী হয়েছে সেই প্রোজেকটগুলো যাতে রক্ষণাবেক্ষণ করা যায় সেই ব্যাপারটার জন্য একটা ব্যবস্থা রাখার যাতে এই প্রোজেকটগুলো সঠিকভাবে পরিচালিত হয়। এই প্রোজেকটগুলো পরিচালিত হলে ২০২৫সালকে সামনে রেখে যে ব্যবস্থা স্বাভাবিকভাবেই আমাদের রাজ্যে পরিশ্রুত পানীয় জল গোটা পৌর এলাকায় পাওয়া সম্ভব হবে যেটা প্রায় সম্ভব হয়ে এসেছে। এর সঙ্গে বিভিন্ন প্রোজেক্টের মাধ্যমে যে টাকা দেওয়া হয় আমার আগে রাণীগঞ্জের পৌর প্রধান বলছি। আমিও দীর্ঘদিন পৌরসভার পৌর প্রধান ছিলাম বামফ্রন্ট আমলে। তখন আমরা দেখেছি যে পৌর এলাকা উন্নয়নের জন্য কি ধরণের বিমাতৃসুলভ আমাদের সঙ্গে করা হত। তারা এখন বলছেন যে তারা সামগ্রিক চিন্তা-ভাবনা করছেন। ঠিক তেমনি আজকে পৌর এলাকা উন্নয়নের জন্য যে বাজেট, তখনকার বাজেট সেই তুলনায় কি ছিল ? প্রকৃতপক্ষে এখন পৌর এলাকায় নগরায়নের জন্য যে অর্থ বরাদ্দ করেন

রাজ্যসরকার তখন বরাদ্দের পরিমাণ অত্যন্ত কম থাকত। ফলে সামগ্রিক উন্নয়নের প্রয়াস গ্রহণ করলেও পৌরসভা সেগুলোকে রূপায়িত করতে পারত না। মাননীয় মন্ত্রী সলিড ওয়েস্ট ম্যানেজমেন্টের কথা বলেছেন এবং সলিড ওয়েস্ট ম্যানেজমেন্টের কাজটাকে সহজতর করার জন্য অনেক গুলো কমপ্যাকটর মেশিন পৌরসভাগুলোকে দিয়েছেন যার ফলে পৌরসভাগুলোর বর্জ্য নিষ্কাশনের ক্ষেত্রে অনেকটা সুবিধা হয়েছে। কিন্তু এই ক্ষেত্রেও আর একটা সমস্যা থেকেই যাচ্ছে যেটা বামফ্রন্টের সৃষ্টি যে বেশিরভাগ জায়গায় এই গারবেজগুলো ফেলার মত কোন জায়গা পৌরসভার হাতে নেই। স্বভাবতই, সেই গারবেজগুলো, আপনারা স্বীকার করুন বা না করুন, অনেক পৌরসভাই হয়তো নদীর ধারে বা রাস্তার পাশে তারা ফেলছেন। যার ফলে এলাকা নতুন করে ভূষিত হওয়ার আশংকা থাকছে। এক দিকে যেমন, কমপ্যাকটর মেশিনের সাহায্যে বর্জ্য নিষ্কাশনের ব্যবস্থাটাকে অনেক সহজ করা হয়েছে। ঠিক তেমনি যে সমস্ত পৌরসভার বর্জ্য ফেলার জায়গা নেই তাদের জন্য যদি একটা নির্দিষ্ট করে চিন্তা ভাবনা থাকে তাহলে খুব সহজ হবে এই কাজটা করার।

[4.50 pm – 5.00 pm]

আমরা দেখেছি যে, একটা কঠিন ব্যাপার মাননীয়া মুখ্যমন্ত্রী। খুব সহজ করে দিয়েছেন। আগে একজন গরীব মানুষের বাড়ীর কেউ মারা গেলে অনেক সময় তাদের দাহ করার বা মাটি দেওয়ার মত অর্থের সংস্থান থাকত না। সেক্ষেত্রে তারা অন্যান্যদের কাছ থেকে টাকা চেয়ে বা ভিক্ষা করে শবদাহ করতেন কিংবা কবর দিতেন। মাননীয়া মুখ্যমন্ত্রী সেদিকে লক্ষ্য রেখে 'সমব্যথী' প্রকল্প ঘোষণা করেছেন। আমি 'মিশন নির্মল বাংলার ' প্রকল্পের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। গরীব মানুষরা যারা বিভিন্ন সরকারী জায়গায় বা ভ্যাকান্ট ল্যান্ডে বাস করেন, তারাও যাতে সেখানে ল্যাটরিন তৈরী করতে পারেন, তারজন্য একটু ব্যবস্থা গ্রহণ করুন। এর সঙ্গে সঙ্গে হেল্প প্রোগ্রাম যা লেফটফ্রন্ট সরকারের আমলে পৌরসভাগুলিতে ছিলই না, বর্তমান সরকার প্রত্যেকটা পৌরসভার ক্ষেত্রে যে হেত্য প্রোগ্রাম ঘোষণা করেছেন তার মাধ্যমে হাসপাতালের সঙ্গে সঙ্গে একটা বিকল্প চিকিৎসা ব্যবস্থা প্রত্যেকটা পৌর এলাকায় প্রায় তৈরী হয়ে গেছে। এরসঙ্গে এস এস কে এবং অন্যান্য শিক্ষা ব্যবহার ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ ব্যবস্থা এই সরকার গ্রহণ করেছেন। ই-গভর্ননেন্সের মাধ্যমে পৌরসভার কাজগুলিকে অত্যন্ত সঠিকভাবে এবং সহজে করার জন্য যে ব্যবস্থা গ্রহণ করেছেন তার তুলনা হয় না। ঠিক তেমনি আমরা দেখেছি যে পৌরসভার ইঞ্জিনিয়ারিং বিভাগ আছে। কিন্তু প্ল্যান করার কোন লোক থাকে না। সেই কারণে আর্বান প্ল্যানারের যে পোস্ট, সেই ব্যাপারে তিনি বলেছেন যে ফিনান্স ডিপার্টমেন্টের সঙ্গে আলোচনা করে আর্বান প্ল্যানারের পোস্ট তৈরী করবেন। যেমন, ফিনান্স অফিসারের ব্যাপারেও তিনি বলেছেন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। ফিনান্স অফিসার না থাকলে ফিনান্স ডিপার্টমেন্টের মধ্যে যে কো-অর্ডিনেশান সেটা থাকে না। স্বাভাবিকভাবেই পৌরসভাগুলির পরিচালনার ক্ষেত্রে যে ঘাটতি সেগুলি পূরণ করার ব্যাপারে তিনি যথাযথ উদ্যোগ গ্রহণ করেন। একটা ব্যাপারে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। অনেক পৌর আইনকে পরিবর্তিত করতে হচ্ছে বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে। সেকশান (৫১)-এ তে একটা ধারা আছে পৌর আইনের। যেখানে বি ও সি মিটিং এ সংখ্যাগরিষ্ঠ সদস্য হাজির না থাকলেও সাতদিন পর যে সভা হবে, সেখানে সংখ্যালঘিষ্ঠ সদস্যরা তারা ব্যবস্থা গ্রহণ করতে পারেন। কিন্তু এটা মাসের পর মাস করা যায় কিনা সেই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীর কাছে। জানতে চাইছি যে মাসের পর মাস এইভাবে সংখ্যালঘিষ্ঠ সদস্যরা সিদ্ধান্ত গ্রহণ করবেন সেটা বৈধ কিনা সেটা যদি দয়া করে আপনি জানান তাহলে ভালো হয়। সর্বশেষে এই বাজেটকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

श्री अर्जुन सिंह : माननीय उपाध्यक्ष महोदय,आपके माध्यम से जो माननीय मंत्री फरहाद हकीम साहब ने Demand No 72 बजट पेश किया है उसके बारे में कुछ कहना चाहूंगा और विरोधी दल का सिर्फ एक कटमोशन पेश किया गया है उसका विरोधिता भी करुगा। आजकल भारतवर्ष के कई राज्यों में चुनाव हो रहा है और सबसे बड़े प्रदेश में एक नारा लोग सुन रहे है कि काम बोलता है, तो हमारे सरकार के मंत्री फरहाद हकीम साहब का काम बोलता है इसलिए आपलोग को जो परेशानी हो रही है। क्योकि हमारे कलीग अभी बोल रहे थे कि 14 साल तक चुनाव नहीं हुआ था और जिन लोगों ने वो चुनाव नहीं कराया था उसके साथ ही आपका गठबन्धन है। और आप एक साथ चुनाव लड़ रहे है। तो कुछ समझ में नहीं आता है कि आप किसके खिलाफ बोलते है और किसके लिए आप बोलते है यह आपकी बात है। हमारे माननीय मानस बाबू बक्तव्य दे रहे थे बहुत अच्छी बात उन्होने कहा उनको हमलोग के चेयरमैन जो ज्यादातर अभी सरकार पक्ष के चेयरमैन है उनके लिए अभी उनको ऑसू आ रहा था कि चेयरमेन लोग का पावर खतम हो गया। उनके जो अधिकार है उसको सरकार ने छीन लिया और गणतंत्र धवन्स होने की बात कर रहे थे। खासकर बामपन्थी से गणतंत्र की आशा पश्चिम बंगाल के लोग कभी नहीं कर सकते क्योकि हमने इनका गणतंत्र देखा है। लोगों का चुनावी अधिकार ये हमेशा से छीने है ओर 34 साल तक इन्होने चुनाव करने नहीं दिया और चुनाव में लोगों के पास अपना अधिकार देने का कोई भी व्यवस्था। इनके शासन में नहीं था लेकिन अभी इनको हमारे हर काम में बुराई दिखाई देती है तो हमारे एक शायर ने कहा है। कि हम आह भी भरते है तो हो जाते है बदनाम और वो कत्ल भी करते है तो वो चर्चा नहीं होता। तो ये हमारे बामपन्थियों के बारे में कहना जरुरी था, क्योकि इन्होने 34 साल की ये जो Municipal या पंचायत की जो व्यवस्था है कहते है कि हमने बहुत अच्छा Municipal का व्यवस्था और पंचायत व्यवस्था भारत में पश्चिम बंगाल हमलोग 1 नम्बर में है। भारतवर्ष में ये Actual मे Fund generation का इनका पार्टी का एक जगह था जो 2011 साल में हमारा शासन आया माँ -माटी - मानुस की सरकार आई तो उन्होने Real तौर पर किस तरह से लोगों के पास जो काम को पहुंचाया जाय,जो पौर सभा के माध्यम से जो काम होता है इलाके में उन्नयन होता है। रास्ते घाट तमाम तरह के जो सारी बाते इस किताब में जो लिखा हुआ है ये मै दोहराना नहीं चाहूंगा। लेकिन हर जो Municipality का काम है कि आदमी जनम लेता है उस समय से Municipality का काम है ओर आदमी जब मरता है तो Municipality का काम,वही शुरु से लेकर अन्त तक Municipality का काम होता है और हमारी सरकार ने जनम से लेकर मत्यु तक सारा जो काम है Municipality का उसमे आप कम करके रुपया दिया गया है हलाकि तमाम तरह की बाधाये केन्द्र में जो सरकार बैठी हुई है तमाम तरह के फण्ड Cattle किया गया। तमाम तरह के Development के कामों को रोकने की हर मुमकिन कोशिश की जा रही है लेकिन हमारी सरकार ने जो वादा किया है लोगों के पास जनम से लेकर मौत तक हर सुविधा पहुँचाने की,ये सरकार के लियें जो भी जरुरी काम है ये अपने नागरिकों के पास पहुँचाने का आप birth Certificate लिजिये आज इलाके में सफाई का काम लिजिये आज हर इलाके में Light की व्यवस्था किजिये पहले पोल लगा रहता था लेकिन Light नहीं

रहता था। आज हमारी सरकार ने सफाई से लेकर हर स्तर पर एक युधस्तर पर उन्होने काम किया है। हमारे रबिन्द्र बाबू बता रहे थे कि Solid base Management के लिये हमारी सरकार ने बहुत बड़ा कदम उठाया है लेकिन इसमे और भी तेजी की जरुरत है। क्योकि 34 साल में इन्होने कुछ किया ही नही। इनके सरकार ने 34 साल की हुकुमत में इन्होने Solid base Management का कोई भी प्रोजेक्ट इन्होने सही ढंग से रुपायन नहीं किया और जो सबसे बड़ी समस्या है शहरों में कि शहर के अन्दर जगह नहीं है। जहाँ ये garbage को फेका जाय और साथ -साथ आज बडी बडी गाडियाँ हमारे जो दिया गया है जो Dumper गाडियाँ ये बड़े- बड़े रोडो पर काम कर रहीं है। बडे रास्ते में काम कर रहीं है। बहुत सारा Municipality है जहाँ बहुत छोटे- छोटे रास्ते है उनके लिये छोटी -छोटी जो गाडियों की जो व्यवस्था है Compactor मशीन की व्यवस्था अगर की जाय और सबसे बड़ी बात है कि जहाँ Garbage गिरे और उसको कैसे हमलोग उसका उपयोग कर सकें उसकों कैसे हमलोग वैज्ञानिक तरीके से कहीं विधुत भी उत्पादन किया जा सकता है कहीं और भी काम किया जा सकता है। सरकार का जो काम है उस काम पर हमलोग ध्यान देकर करें तो आनेबाले दिनों में ये हमारे जो कुछ साथी घडियाली ऑसू बहाते है कि पश्चिम बंगाल की सरकार कुछ नहीं किया। पिछले 6 साल से तो इनको 20 -25 साल तो एसे ही इन्तजार करना होगा।सोच-सोच के और जो लोग विरोधी वक्तव्य दे रहे है शायद ये अगले 5 साल में न आये। शायद अगले कोई 5 वर्ष के बाद इनका 2, 4, 5 आदमी रह जायेंगे। जिस तरह से मा -मॉटी मानुस की सरकार ने शहर के अन्दर और गॉवों के अन्दर समान रुप से जरुरतमन्द के काम को आगे बढाया है और आज चुकि शहर का बजट है Municipal Affairs का बजट है इसलिये इस बात को कहना जरुरी है कि आज बामपन्थियों के पास कोई वक्तव्य नहीं रह गया है कि वो इस उन्नयन और उन्नति के बारे में कोई सबाल उठा सकें। एक भी अगर आपके पास वकतव्य रहता तो इसके खिलाफ तमाम तरह के हमलोग भी विरोधी सदस्य रहे है। हमलोगों ने हर समय बजट के समय में कट- मोशन लाया। हमेशा जो बजट होता था उसके विरोध में,लेकिन एक सिर्फ एक कट मोशन जमा हुआ है इसका मतलब है। कि आप स्वीकार कर रहे हो कि ये सरकार काम कर रही हैं। ये सरकार ने काम कि कहा है कि काम बोलता है और काम दिखाई दे रहा है। आज भारतवर्ष के किसी भी राज्य से पश्चिम बंगाल में जब लोग आते है। शहर में उतरते है इस कलकत्ता शहर में उतरते है चाहे वो हावड़ा में जाये,चाहे जितना भी शहर है छोटे- बड़े बहुत शहर हैं टाउनशीप है जहाँ पर लोग जाते है तो कहते है भाई ममता बनर्जी की सरकार ने कितने कम समय में इतना तेजी से जो विकास किया है। ये बंगाल के लोग सही मायने में जो 34 साल से जो थे उनको हटाया ओर ममता बनर्जी को लाया ये बंगाल के लिये बहुत ही जरुरी था। क्योकि बंगाल को सिर्फ Negative जिस तरह से Bank में देखे होंगे कि जिस जगह पर Loan Recovery नहीं होता है उस Zone को Negative Zone कर दिया जाता है। उसी तरह बंगाल को Development के नाम पर Negative Zone में डालकर बामपन्थियों ने रखा हुआ था कि बंगाल में उन्नयन कुछ नहीं होगा। यहाँ सिर्फ बन्द यहाँ सिर्फ बन्द यहाँ सिर्फ बन्द की राजनीति होती है यहा उन्नयन की बात नहीं की जाती हैं। आज हमारे जो एक बहुत बड़ा कदम जो उन्होने उठाया है हमारे मंत्री महोदय ने एसे कई इन्होने प्रोजेक्ट इन्होने

लाया है Development Authority इन्होने बनाई है। एक Development Authority के बारे में बिचार करें हमारे बैरकपुर शिल्पांचल को Development Authority अगर मिलें तो बैरकपुर शिल्पांचल बहुत ही पुराना जगह है जहाँ पर उसका हेरिटेज ही बहुत आज से ही नहीं सैकडो वर्ष 200- 300 वर्षों का ये शहर है Industrial शहर है। जिस मैंनचेस्टर की बात करते है वहाँ जूट का मेनचेस्टर उस जगह को कहा जाता है।

[5.00 pm – 5.10 pm]

इस शिल्पांचल में अगर इस पर प्लान में युक्त किया जाय Development Authority वहाँ बनाया जाय। पूरे वैरकपुर शिल्पांचल को रखकर तो और भी उन्नति की राह पर। जो बंगाल की सरकार चल रही है जो हमारी सरकार चल रही है और इसे तमाम पश्चिम बंगाल ही नहीं भारतवर्ष ही नहीं पूरे दनियों में बंगाल का नाम हर जगह पर दिखाई दे रहा है और लोग इसके बारे में च बंगाल में सही नेतत्व आया है और जो Development से लेकर हर प्रकार के काम में सहयोग कर रहा है। पहले हमलोग क्या देखते थे एक रास्त बनाया जाता था तो पार्टी के जो बामपन्थी पार्टियाँ है वहाँ लोकल कमिटि में ठीक होता था ये रास्ता बनेगा या ये रास्ता नहीं बनेगा एक ड्रेनेज बनेगा ये पार्टी के लोग ठीक करते थे यहाँ बनेगा कि नहीं बनेगा लेकिन आज किस तरह से हमारी सरकार ने पाडा को पार्षद को यह अधिकार है उसको नीचे लेबल में ले जाकर और चेयरमैन को सही मानों में चार घण्टा पॉच घण्टा रोज हमलोगों को सही करने में लगता था चेक और तमाम तरह का पेपर सहीं करने में। तो हमलोगों ने काम Actually जन प्रतिनिधि का जो काम है कि लोगों के साथ मिलकर लोगों की समस्या को सुनना ये जो सारे दिन में चार पाँच घण्टा सिर्फ साइन करने में और फाइल को सही करना पड़ता था साहसिक कदम हमारी सरकार ने उठाया है। मैं हमारे माननीय फरिहाद हकीम साहव को उसके लिए धन्यवाद मिला है हमारे मुख्यमंत्री को निर्देश से जो उन्होने किया है ये कदम आपलोगों को करना चाहिये था। आपलोगों ने सिर्फ इस Department को एक राजनीति करण करके और इस Department को fund generation का जगह बनाकर लोगों के लिये नहीं पार्टी के लिये पार्टी के लिये आपलोगों ने इस Department को इस रास्ते पर ला दिया कि यें Department जो है एक सफेद हाथी की तरह था। जैसे कहा जाता है न कि इसका कोई काम नहीं हे ये सफेद हाथी है। ये सिर्फ देखने में सुनने में अच्छा लगता है लेकिन इसको काम से कोई मतलब नही है लेकिन हमारी माननीय मुख्यमंत्री ने पश्चिम बंगाल की ज़नता के सामने वादा किया था कि हम बंगाल के लोगों को काम दिखायेगें और उन्होने काम दिखाया मै एक बात कहना चाहूंगा कि। हमारी सरकार के लिए हमारे मंत्री के लिये कि - कर्म करो तो फल मिलता है।

आज नहीं तो कल मिलता है।
जितना गहरा अधिक हो कुआँ
उतना मीठा जल मिलता है।।

जीवन के हर कठिन प्रश्न का
जीवन से ही हल मिलता हैं।।।

सिखिये, आपलोग इस शासन से ममता बनर्जी से और हमारे माननीय Firhad हकीम साहब से दिल से, हमलोग खुले दिल से आइये और काम किजिये। आपसे मै ज्यादा चिल्ला सकता हूँ। आप चुप रहिये हमलोग आपके पार्टी के शासन में भी यहा M. L. A रहे है और हमलोगों ने देखा है आपलोगों ने कुछ नहीं किया है। और हमारी सरकार ने करके दिखा दिया है। धन्यवाद।

Report of the Business Advisory Committee

Programme of Business for the 3rd and the 6th March, 1917 (as adopted by the House on the 15th Report of the Business Advisory Committee presented on the 2nd March, 2017)

Mr. Speaker : I beg to present the 15th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the programme of business for the 3rd and the 6th March, 1917 as follows :

03.03.2017

(i) The West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Bill, 2017 (Introduction, Consideration and Passing)	1½ hours
(ii) The West Bengal School Service Commission (Amendment) Bill, 2017 (Introduction, Consideration and Passing)	2 hours
(iii) The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2017 (Introduction, Consideration and Passing)	
(iv) The West.Bengal Schools (Control of Expenditure) (Amendment) Bill, 2017 (Introduction, Consideration and Passing)	

06.03.1917

(i) Demand No. 43 Power and Non-Conventional Energy Sources Department	1½ hours
(ii) Demand No. 21 Food & Supplies Department	1½ hours
(iii) Demand No. 53 Transport Department	1½ hours

Now, the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the motion for acceptance.

Dr. Partha Chatterjee : Mr. Speaker, Sir, I beg to move that the programme of the Business Advisory Committee as adopted in the House be accepted.

Mr. Speaker : I think the motion is adopted. The Motion is adopted.

শ্রী অপূর্ব সরকার : স্যার, আজকে পবিত্র হাউসে যে ৭২ নম্বর দাবীর ব্যয় বরাদ্দ মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম সাহেব পেশ করেছেন তা নিয়ে দু'একটা কথা বলতে চাই। এর আগে আমরা এই দাবী নিয়ে ৩৪ এবং বোধহয় ৫৪ নম্বর ডিমান্ড ছিল সে দুটো ডিমান্ডকে এক জায়গায় করে ৭২ নম্বর দাবী পেশ করা হয়েছে। আমরা জানি স্যার, যেদিন থেকে পৃথিবীতে প্রাণের অস্তিত্বের প্রকাশ হল অর্থাৎ এককোষী প্রোটোজোয়া থেকে আজকে আমরা মানুষ। এই যে স্যার বিবর্তন এই বিবর্তনের মধ্য দিয়েই কিন্তু পৃথিবীর সভ্যতা আসতে আসতে এগিয়েছে। সেদিনের এককোষী প্রোটোজোয়া থেকে আজকে আমরা মানুষ। ঠিক একইভাবে স্যার, আমরা যদি নগর সভ্যতা দেখি। যে, মানব জীবনে আমাদের যেমন বিবর্তন হয়েছে, আমাদের বিবর্তনের সাথে সাথে আমাদের আচার আচরণ, খাওয়া দাওয়া, পোশাক পরিচ্ছদ, সমস্ত কিন্তু আসতে আসতে বিবর্তিত হতে হতে আজকে আমরা এই নগর সভ্যতায় এই জায়গায় এসে দাঁড়িয়েছি। আমরা স্যার, ইতিহাস পড়েছি। আমরা হরপ্পা-মহেঞ্জোদারোর কথা পড়েছি স্যার। তাও স্যার যীশু খ্রীষ্টের প্রায় ২৫০০ বছর আগে। আমরা স্যার, ইতিহাস পড়েছি, আমরা দেখেছি যীশু খ্রীষ্টের ৬০০ বছর আগে স্যার নগর সভ্যতা ভারতবর্ষে ছিল। সেদিনের হরপ্পা-মহেঞ্জোদারো পরবর্তীকালে হস্তিনাপুর, ইন্দ্রপ্রস্থ, কুরুক্ষেত্র, মথুরা। আবার বৌদ্ধ ধর্ম যখন আবর্তিত হয়েছে স্যার, তখন কপিলাবস্তু, সারনাথ এইভাবে ক্রমশ বিবর্তনের মধ্য দিয়ে কিন্তু নগরসভ্যতায় আমরা প্রবেশ করেছি এবং আমরা এগিয়ে যাচ্ছি। সাথে সাথে বিজ্ঞান যেমন এগোচ্ছে আমরাও তেমন স্যার একইভাবে এগোচ্ছি। ভারতবর্ষে স্যার আসতে আসতে ব্রিটিশরা এসেছে তার আগে ব্রিটিশরা শাসন করার আগেই কিন্তু ভারতবর্ষে East India Company-র কোর্ট অর্ডারে Corporation হয়েছে। ভারতবর্ষে - মাদ্রাজ। তারপর স্যার, সাল ১৮৬১, ভারতীয় পরিষদ আইন - আরো কর্পোরেশন তৈরি হয়েছে। এই যে পর পর চলতে থাকলো তারপর স্যার দেখি আমরা যদি বিবর্তনগুলো পর পর যে, কখনও স্যার রয়্যাল আর্মি স্যানিটেশান কমিশন তৈরি হয়েছে। ইংরেজরা তৈরি করেছে।

[5.10 pm – 5.20 pm]

তারা এখানে বসবাস করার জন্য তাদের মত করে পরিষেবাগুলোকে যাতে নিজেরা পরিষেবা পায়, তার ব্যবস্থা করার পাশাপাশি, ভারতবর্ষের মানুষকে পরিষেবা দেওয়ার জন্যে কমিশন তৈরী করেছে, আইন তৈরী করেছে, পরপর, পরপর। সেই রয়্যাল আর্মি স্যানিটেশান কমিশন হয়েছে, লর্ড মেয়র কমিশন হয়েছে,লর্ড রিপনের -রিপন প্রস্তাব দিয়েছে, প্রোপোজাল ছিল ওগুলো। পরবর্তীকালে স্যার, সুরেন্দ্রনাথ ব্যানার্জী তিনি এই পৌরসভার যে কনসেপ্ট মানুষকে পরিষেবা দেওয়া তা নিয়ে প্রস্তাব পেশ হয়েছে। আবার যদি আমরা অনেক আগে ফিরে যাই যে, ভারতবর্ষে 74th এ্যামেন্ডমেন্ট - কন্সটিটিউশান এ্যামেন্ডমেন্ট, তার যদি উৎস আমরা খুঁজতে যাই স্যার, তাহলে দেখবো যে আবুল ফজল-এর আইনি আকবরী, সেখানে কি কি পরিষেবা নগর কেন্দ্রিক যে পরিষেবা, আবুল ফজলের আইনী আকবরীতে সেখানে দেওয়া আছে। আবার কৌটিল্যের অর্থশাস্ত্র, সেখানেও কিন্তু এগুলো আমরা দেখতে পাই স্যার। খুব স্বাভাবিকভাবেই, আজকে যে নগর সভ্যতা, যে আমাদের ভারতবর্ষের স্বাধীনতার আগে বা স্বাধীনতার পরে আজকে, এই যদি দেখি স্যার, আমাদের যে উত্তরণ, সেই উত্তরণে আমরা দেখবো যে ১৯০১, ১৯৫১, ২০০১, ২০১১ কতকগুলো ডাটা আমার কাছে আর্বান পপুলেশান, ১৯০১ সালে ছিল ১০.৮৪ পারসেন্ট। তখন

আমরা পশ্চিমবঙ্গের মানুষ,আমাদের ছিল কত, ১২.২০ পারসেন্ট। আবার স্বাধীনতার পর যখন ভারতের জনসংখ্যা ৩৬কোটি, ১৯৯১ জনসংখ্যা ৩৬কোটি। তখন আর্বান পপুলেশান কত ছিল, ১৭.২৯পারসেন্ট। ওয়েস্ট বেঙ্গলে ছিল কত ২৩.৮৯ পারসেন্ট। ২০০১ সালে ২৭.৮১পারসেন্ট ইন্ডিয়া। ওয়েস্ট বেঙ্গল ২৭.৯৭পারসেন্ট। আবার ২০১১তে ৩১.৮পারসেন্ট হচ্ছে ওয়েস্ট বেঙ্গলে। আর্বান পপুলেশান খুব স্বাভাবিকভাবেই ভারতবর্ষের পপুলেশান ৩১পারসেন্ট, কোথাও কিছু কমেছে, কিছু বেড়েছে। পশ্চিমবঙ্গে ২০০১সালে ২কোটি ২৫লক্ষ, আবার সেটা ২০১১তে গিয়ে ২কোটি ৯১লক্ষ আর্বান পপুলেশান অর্থাৎ আমরা আর্বানাইজড হচ্ছে আস্তে আস্তে। আমাদের আর্বানাইজড এর সংখ্যা দিন দিন বেড়ে যাচ্ছে। এ আমরা যদি স্যার, আমাদের যে আর্বান পপুলেশান পশ্চিমবঙ্গের, আমরা যদি এবার, আমরা জানি এখানকার ডেনসিটি, এখানকার জমি, সমস্ত কিছু ভারতবর্ষের তুলনায় আমাদের অনেক কম। আমাদের আর্বান ডেনসিটি অনেক বেশী। এই আর্বান ডেনসিটি যদি দেখি যে স্যার, খুব ভাল একজন পৌর নাগরিক থাকতে গেলে কি আর্বান ডেনসিটি পপুলেশান থাকা উচিত,যদি পৃথিবীর আমরা অনেকগুলো শহর দেখি, যদি আমরা ভারতবর্ষের অনেকগুলো শহর দেখি,যদি আমরা পশ্চিমবঙ্গের অনেকগুলো শহর দেখি, আর্বান ডেভলপমেন্ট দপ্তর বিগত দিনে বাঁ দিকের বন্ধুরা তারা এটার বিভিন্ন রকম সার্ভে করিয়েছিলেন। আমার কাছে সার্ভের রিপোর্ট আছে। ২০১১ পর্যন্ত সার্ভের রিপোর্ট আছে স্যার। বাঁ দিকের বন্ধুরা করিয়েছিলেন তখন। কিন্তু যদি দেখা যায় যে পৃথিবীর মানচিত্রে স্যার, যে খুব ভাল একটা আর্বান সিটি, আজকে যে আর্বান সিটির কথা বলা হচ্ছে যে কনসেপ্ট স্লাম ফ্রি সিটি থেকে শুরু করে বিভিন্ন রকম নামে আমাদের সিটিগুলোকে যে ডাকা হচ্ছে, তাতে দেখা যাবে স্যার যে মস্কোতে ৪ হাজার ৯০০ জন পার স্কোয়ার কিলোমিটারে বাস করে,লন্ডনে বাস করে ৫ হাজার ১০০,প্যারিসে করে ৩ হাজার ৬০০, বার্লিনে করে ৩ হাজার ৮০০,ভারতবর্ষের সিটিগুলো - ভারতবর্ষের সিটির মধ্যে দেখা যাবে দিল্লি ১০ হাজার জন পার স্কোয়ার কিলোমিটার সব হিসাবটা তাই, ব্যাঙ্গালোর ১০ হাজার, চেন্নাই ১৪ হাজার,বোম্বে কোলকাতার থেকেও বেশী ২৫ হাজার, পার স্কোয়ার কিলোমিটারে বোম্বেতে বাস করে। এই পশ্চিমবাংলায় এবার আমি আসছি। এক একটা সেনসাস করা হয়েছে, অনেক ডেভলাপমেন্ট হয়েছে। নিশ্চিতভাবে, কিন্তু সংখ্যাটা শুনলে আতকে উঠবেন আপনারা। যে ১ লক্ষের উপর যে শহরগুলো এই রকম ৫৮টি শহর ছিল, সেই ৫৮টি শহরের সার্ভে করা হয়েছিল এই পশ্চিমবঙ্গে,দেখা যাচ্ছে স্যার যে, শুনলে অবাক হবেন স্যার, ২০ হাজার মানে - ৫৮ টার মধ্যে ৩২ টা হবে বাসযোগ্য, আর ২৬ টা বাসযোগ্য হবেনা, বাঁদিকের বন্ধুরা তখন ছিলেন স্যার। যেটা সত্যি কথা স্যার, সেটা সত্যি বলতে হবে, যা রিপোর্টে এসেছে খুব স্বাভাবিক ভাবেই।

ছাব্বিশটার মধ্যে ১৪ টা শহর বাসযোগ্য নয় স্যার। আবার ২৬ টার মধ্যে ১৪ টা শহরে পার স্কোয়ার কিলোমিটারে ডেনসিটি অফ পপুলেশান হচ্ছে ১৫ হাজারের উপরে। আবার ২৬টা শহরের মধ্যে ৭টা শহরে হচ্ছে ২০ হাজারের উপরে পার স্কোয়ার কিলোমিটার ডেনসিটি অফ পপুলেশান। উদাহরণ - বালি, কলকাতা, সাউথ দমদম, নৈহাটি, কামারহাটি, বরানগর, টিটাগড়। আবার বরানগর ও টিটাগড়, এই দুটি জায়গায়, ৩৫ হাজার জন বাস করে পার স্কোয়ার কিলোমিটারে। ভালো শহরের সহনীয় মাত্রা হচ্ছে পার স্কোয়ার কিলোমিটারে পাঁচ হাজার এবং উর্দ্ধসীমা যদি দশ হাজার ধরি, তাহলে দেখা যাবে পশ্চিমবঙ্গের এই ২৬টি শহর বাস করার যোগ্য নয়। এই ২৬টা শহরের মধ্যে আবার টিটাগড় ও চাঁপদানি এই দুটো পৌরসভায় slump পপুলেশান কত তার একটা হিসাব আমার কাছে আছে। এটা আমার তথ্য নয়, এটা আগের সরকারের আমলের ২০০১ সালের তথ্য। ঐসব এ রিয়া এখন অনেক ডেভেলপড হয়েছে সেই তথ্যে আমি পরে আসব। টিটাগড়ে ৭৮% slump population আর চাঁপদানিতে ৭৩% slump population আছে। এই জায়গায় দাঁড়িয়ে মাননীয় মন্ত্রীমহাশয় যে বাজেট পেশ করেছেন সেই

বাজেটের ব্যাপারে আমি দু-একটি কথা বলব। আমরা বাজেটের যে কাগজ পেয়েছি, Grants to other ULB except KMC and HMC for adjustment of electricity charges dues payable to WBPDCL and CESC 1954-59 সালে আপনার বাজেট এস্টিমেট ছিল এই খাতে ১১৫৫ লক্ষ টাকা, রিভাইসড হয়ে সেটা দাঁড়াল ২৩১০ লক্ষ টাকা। ২০১৬-১৭ সালে একটা টাকাও ULB দপ্তর থেকে ছোট ছোট পৌরসভাগুলোকে দেওয়া হয়নি। এর আগে কিন্তু আপনি ছোট ছোট পৌরসভাগুলোর ইলেকট্রিসিটির বিল মিটিয়েছেন। আগে একমাত্র হাওড়া এবং কলকাতা কর্পোরেশান এই খাতে টাকা পেত - ৯০ থেকে ১০০ কোটি টাকা কলকাতা কর্পোরেশান পেত এবং হাওড়া কর্পোরেশান পেত ১০ কোটি টাকা। এখান থেকে সুপারিশ করার পর, আপনার সময় কিন্তু পশ্চিমবাংলার সমস্ত পৌরসভাগুলোকে ইলেকট্রিসিটি চার্জ বাবদ আপনার দপ্তর থেকে টাকা দেওয়া হয়েছে। কিন্ত ২০১৬-১৭ সালের টাকা এখনো অবধি দেওয়া হয়নি, এই ব্যাপারটা আপনাকে দেখার জন্য অনুরোধ করছি। বিদ্যুৎ দপ্তর থেকে বারে বারে এই ব্যাপারে আমাদেরকে ডিসকানেকশানের নোটিশ দেওয়া হচ্ছে, এই ব্যাপারটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। থার্টিনথ ফিনান্স কমিশনের জেনারেল পারফরমেন্স গ্র্যান্ট, এখনো রিলিজড হয়নি। এই রকম অনেকগুলো বিষয় আছে, ডেভালপমেন্ট অফ মিউনিসিপাল এরিয়াস, যে টাকা আপনি মিউনিসিপ্যালিটিগুলোকে দেন যে স্কীমগুলো আপনাদেরকে ভেট করিয়ে দিই, এখানে টাকার পরিমাণ কিন্ত বাড়ানো হল না, টাকার পরিমাণ একই থেকে গেল। রিভাইসড এস্টিমেটে এটা আবার কমে গেছে। ২০১৭-১৮ সালে আবার আপনি সেই একই জায়গায় রেখেছেন, সাড়ে চারশো কোটি টাকা রেখেছেন, ২০১৬-১৭ সালেও একই টাকা রাখা হয়েছিল। এই রকম অনেক জায়গাতেই টাকার পরিমাণ কমে গেছে। আবার সেন্ট্রাল শেয়ার যেটা আমাদের পাওয়ার কথা ছিল, স্বচ্ছ মিশনের সেন্ট্রাল শেয়ার বাবদ বাজেট এস্টিমেটে ধরা ছিল ১৫০ কোটি। সেখানে রিভাইসড হয়ে এসেছে ৬০ কোটি টাকা। কিন্ত কোন ফান্ড রিলিজড হয়নি। কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না, যে কথা আমরা বারে বারে বলছি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া থার্টিনথ ফিনান্স কমিশানের রেকমেন্ডেশান অনুযায়ী টাকার পারসেন্টেজ বাড়ালেও বিভিন্ন প্রকল্পে বি.জে.পি শাসিত কেন্দ্রীয় সরকার ডেভলপমেন্ট গ্র্যান্ট কমাচ্ছে, তার রিফ্লেকশান কিন্ত বাজেটের মধে আছে। আপনার মধ্যে দিয়ে আমি এটা হাউসকে বলতে চাইছি। এই রকম অনেকগুলো গ্র্যান্ট যেটা সেন্ট্রাল শেয়ারে পাওয়ার কথা ছিল, যেমন পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম সেখানে কোন টাকা দেওয়া হচ্ছে না। পাইপ ওয়াটার সাপ্লাই স্কীমে কিন্তু কোন ফান্ড রিলিজড হয়নি। NULM স্কীমেও কোন ফান্ড সেন্ট্রাল গভর্নমেন্ট রিলিজড করেনি। NULM স্কীমে স্টেট শেয়ারের টাকা পৌরসভাগুলো পেলেও তার রিফ্লেকশান কিন্তু এই বাজেটের মধ্যে নেই। যেটা আমাদের বাজেট স্কুটিনিতে দেওয়া হয়েছে তার রিফ্লেকশান নেই, সেটার ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করলাম।

[5.20 pm – 5.30 pm]

এই বিষয়গুলো যেমন আছে, এর সাথে সাথে আমি কতকগুলো বিষয় মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে তুলে ধরতে চাইছি যে, আমাদের কাছে কিছু statistics এসেছে।সেই statistics অনুযায়ী আমরা দেখছি যে পশ্চিমবঙ্গে আমরা অনেক পিছিয়ে ছিলাম, আমরা এগোচ্ছি আস্তে আস্তে। এগোনোর জায়গাতেও যে dataগুলোর কিছু collection আমি করেছি, 2001-র census এবং ২০১১-র censusএ। যে No latrine-র সংখ্যাটা ২০০১তে ছিল - দেখুন, ২০০১ আর ২০১১ যে statistics রিপোর্ট দিয়েছে, যে সার্ভের রিপোর্ট বেড়িয়েছি census তাতে দেখবেন অন্ধপ্রদেশ ৯১.৯৩ পারসেন্ট urban population household, 91.93% no latrine ছিল, সেটা 2011তে কমিয়ে এনেছে 13.90। একই ভাবে বিহার 30.93 থেকে 31তে - বিহারে বেড়েছে। Chattrishgarh-এ কমেছে, Karnatakaতে কমেছে, UPতে কমেছে, Keralaতে কমেছে

কিন্তু West Bengal-এর জায়গাটা যে statistics government of India-র - website যে statistics দেখাচ্ছে তাতে Annual Administrative Report and statistics appendix যা দেখাচ্ছে, সেখানে কিন্তু আমাদের চারটে জেলা কিছু শহর - সেখানে শৌচালয় হলেও - কিন্তু সেই জায়গাটাই দেখছি ২০০১এ 15.15 per cent এবং ২০১১-তে 15% এসে দাঁড়িয়েছে। এটার কি তথ্য যায়নি - এটা একটু যদি বলেন আমাদের। কিন্তু আমার কাছে যে তথ্য আছে তাতে আমাদের জেলাওয়াড়ি কিছু base line একটা survey হয়েছিল 2012 সালে। তাতে দেখা যাচ্ছে যে,1 crore 51 lakh পরিবারের সংখ্যা ছিল, শৌচাগার ছিল না - আমি কিন্তু urban and rural মিলিয়ে বলছি,এক করছি না। 67 lakh পরিবারের এই পশ্চিমবঙ্গে 2012 সালের base line survey অনুযায়ী তাদের বাড়িতে শৌচাগার ছিল না। আবার 30-05-3016 তারিখে যে নির্মাণ হয়েছিল up to May 2016-র পর্যন্ত,সেখানে 29 lakh নতুন নির্মাণ হয়েছে। যে এখনও প্রায়। 38 lakh থেকে কমতে কমতে দাঁড়াবে 30 lakhএ পরিবারে এখনও শৌচাগার নাই, তার মধ্যে urban একটা sector। এই জায়গায় যে budget-এর copy দিয়েছেন,সেখানে দুই একটা জায়গায় আপনি একটু দেখে নেবেন, যে দুই একটা জায়গায় যে Nirmal Bangla Avijan যেটা আপনি বলছেন, এই প্রকল্পে নদীয়া জেলায় 55টি পৌরসভাতে 1 lakh 7 thousand 254টি শৌচালয় নির্মাণ করা হয়েছে। এই লেখাতে বোধহয় কোথাও ভুল-টুল হয়েছে, proofটা দেখেনি, দেখে নেবেন, কোথাও ভুল হয়েছে। অনেক গুলো ভুল কিন্তু এই যে বাংলা বই আজকে পেয়েছি, তাতে অনেকগুলো ভুল আছে। হ্যাঁ, এটা দেখে নেবেন। এর সাথে সাথে 2001 এবং 2011তে যে statistics আমরা পাচ্ছি,West Bengalএর সাথে Best Statesএর 2011পর্যন্ত যে statistics, স্বাভাবিক ভাবেই তখনই আপনারা ক্ষমতায় এসেছেন,তারপরে আস্তে আস্তে Developmentএর টাকার পরিমাণ এখন planning grantএর টাকাটা অনেক বেড়ে গেছে প্রায় 62% planning grant-এ টোটাল বাজেটে এখন খরচ হচ্ছে। তাই দেখা যাচ্ছে। সেখানে, যে অন্যান্য স্টেটের তুলনায় এই পশ্চিমবঙ্গে স্নান করার জায়গাটা আছে, আর্বান পৌর এলাকার মানুষগুলোর যদি স্নান করার জায়গাগুলো যদি দেখেন, যে ফ্যামিলির 78.18% ছিল ২০১১-র অন্ধপ্রদেশের। আর ২০১১ সালের Census এসে সেটা দাঁড়িয়েছে 92.61 পারসেন্টে Andhra Pradesh অনেকটা এগিয়েছে। আবার Bihar ছিল 43 total urban Household-এ .13% ছিল 2001 সেটা এসেছে স্নান করার জায়গা 68.63% বিহার, এগিয়েছে অনেকটা। Karnataka,79.15 পারসেন্ট 2001 এগিয়ে এসেছে 96.39। ওয়েস্ট বেঙ্গল 2001 ছিল 58.56 পারসেন্ট, total urban household। সেটা ২০১১ তে আমরা এগিয়েছি অনেকটা 70.66।

তখন অ্যাকচুয়াল ২১ কোটি মানুষ ছিল ভারতবর্ষে। এখন সংখ্যা বেড়েছে, প্রায় আজকের দিনের হিসাবে ১৩৫ কোটি প্রায়। ১৩৪ কোটি ৯৫ লক্ষ মানুষ আজকের দিনে ভারতবর্ষে আছে। সেই জায়গায় আমরা ৭০ -এ পৌঁছেছি। কিন্তু আমাদের আরোও এগোতে হবে। তাহলে আরও স্ট্যাটিক্সটাও নিশ্চিতভাবে বাড়বে এই আর্বান এলাকায়। কিন্তু আমাদেরকে সেই জায়গায় যেতে হবে, ভারতবর্ষে পশ্চিমবঙ্গকে যখন বিশ্ব বাংলা করে ভারতবর্ষময়। বিশ্বের দরবারে তুলে ধরব, তখন আমাদের যে ইন্ডিকেটরগুলো, তুলে ধরার যে ইন্ডিকেটরগুলো, যে আর্বান এবং রুরালের মানুষজন কেমন আছে, সেই ইন্ডিকেটরগুলোকে আস্তে আস্তে এগোতে হবে। আগামীদিন এই ইন্ডিকেটরগুলো ইজ অফ ডুইং বিজনেসের উপর হবে। সেই ইজ অফ ডুইং বিজনেস আপনি রেখেছেন আপনার বাজেটে। খুব স্বাভাবিকভাবেই এই জায়গাটা থেকে আমাদেরকে আরও এগোতে হবে। ড্রেনেজ সিস্টেম হাউজহোল্ডের যে ড্রেনেজ সিস্টেম, ২০০১ -এ অন্ধ্রপ্রদেশে ছিল ৮২.২৯, ২০১১ -তে এসেছে ৮৮.২৬ %, বিহারে ৬৮.৬১%, বেড়ে হয়েছে ৭১.৩৯%, কণাটক ৮০.৯৭% ২০০১-এ, বেড়ে হয়েছে ৮৭.০৬%, ওয়েস্ট বেঙ্গল ৬৭.১৪%, বেড়ে হয়েছে

৬৬.৮৩%। ড্রেনেজ সিস্টেম হাউসহোল্ড যাদের আছে তার মধ্যে। সংখ্যাটা এবার একটু বাড়বে, এই কয়েক বছরে, পাঁচ-ছ' বছরে সংখ্যাটা আরও বেড়ে আসবে। কিন্তু আমাদের এগোতে গেলে গ্যাপগুলোকে দেখে এগুলোকে পয়েন্ট করে আগামী দিনে আস্তে আস্তে কিন্তু এগোতে হবে। আমি কতকগুলো বিষয় তুলে ধরতে চাইছি যে, আমাদের পোটেনশিয়াল যেগুলো, আমাদের এক্ষুনি সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট নিয়ে কথা হচ্ছিল যে, বেস্ট ওয়েস্ট processing state, union territories in percentage till 31st March 2016, সেই স্ট্যাটিক্সটিক্সে দেখছি আমরা সেখানে আমাদের নাম কিন্তু নাই। ছত্রিশগড় আছে, গোয়া আছে, হরিয়ানা আছে, মেঘালয় আছে, আন্দামানও নিকোবর আছে, কেরালা আছে, রাজস্থান আছে, পন্ডিচেরী আছে, মণিপুর আছে। আমরা কিন্তু সেখানে নাই। আমাদেরকে সেখানে যেতে হবে। স্টেট ওয়াইজ সামারি অফ প্ল্যান্ট ইনস্টলড, মানে আমরা যে এই ওয়েস্টকে প্ল্যান্ট ইনস্টলড করব, সেখানেও কিন্তু আমরা আমাদের নাম খুঁজে পাচ্ছি না। কিন্তু আমাদের সমস্ত রিসোর্স আছে, আমাদের রিসোর্সের অভাব নাই। State-wise composed production potential - কি লিখছে দেখুন, এখানে। The production of capacity of composed in highest in Maharashtra followed by Karnataka, Tamil Nadu, Telengana, Gujarat, Madhya Pradesh, Uttarparadesh, Kerala, Delhi and Haryana, altogether these ten leading states produce 94% of the composed in the country. আমরা কিন্তু কেন পাচ্ছি না। আমাদের তো অভাব নাই কিছু। আমাদের আগামী দিনে উদ্যোগ গ্রহণ করতে হবে। আমাদের যে ওয়েস্ট, ওয়েস্ট থেকে যে ইলেকট্রিসিটি জেনারেট হয়, সেই ওয়েস্ট থেকে ইলেকট্রিসিটি জেনারেটে আমরা আমাদের যে শেয়ার, যে রিপোর্ট, টপ পাওয়ার generatopm potential state from municipal wastes - কে কে আছে এর মধ্যে ? উত্তরপ্রদেশ আছে, মহারাষ্ট্র আছে, তামিলনাড়ু আছে, অন্ধ্রপ্রদেশ আছে, কর্ণাটক আছে, ওয়েস্ট বেঙ্গল আছে, গুজরাট আছে, দিল্লী আছে, রাজস্থান আছে, মধ্যপ্রদেশ আছে, দশটা স্টেট। পরপর সিরিয়ালি আমি নাম বলে দিলাম। কিন্তু আমরা কি পাওয়ার জেনারেট করছি এখানে ? আমরা কিন্তু ওয়েস্ট থেকে পাওয়ার জেনারেট করতে পারছি। at State power production capacity of operation under construction plants - কি লিখছে এখানে? Out of five hundred m.w. potential power generation from municipal waste in the country at present 247 m.w. will be produced from ten states where 70 m.w. is being produced and the remaining is under construction. These top ten states - Andhra Pradesh, Delhi, Punjab, Manipur, Madhya Pradesh, Uttar Pradesh, Bihar, Gujarat, Karnataka and Tamil Nadu - আমরা কিন্তু নাই। কেন নাই আমরা ? আমরা কেন এগোবো না ? আমাদের এই বিষয়গুলোকে সামনে রেখে, আমরা যদি এগোতে পারি তাহলে আগামী দিনে আমরা কিন্তু যেগুলো আমাদের নাই, সেই বিষয়গুলো খুব স্বাভাবিকভাবেই অন্যান্য যে স্টেট, আমাদের সব রিসোর্স আছে, কিন্তু আমাদের উদ্যোগের অভাব, সেই উদ্যোগ নেওয়ার জন্য স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব, মাননীয় মন্ত্রী মহোদয় এখানে দু-একটা বিষয় লিখেছেন। 'নিজ গৃহ' বলে একটা আমাদের housing for all গোটা পশ্চিমবঙ্গে এই মূহুর্তে সবচেয়ে বেশী আমরা করছি, খুব এফেক্টিভ স্কীম, ৩ লক্ষ ৬৮ হাজার টাকা। দেখবেন আপনি ২৫ বর্গমিটার কার্পেট এরিয়া লিখছেন। এটা বোধ হয় ৩২ স্কোয়ার মিটার হবে।

[5.30 pm – 5.40 pm]

এটা বোধ হয় ৩২ স্কয়ার মিটার হবে। মোস্ট প্রোব্যবলি ৩৪৫ স্কয়ারফিট হবে। এখানে বোধ হয় লেখার ভুল হয়েছে। এটা একটু দেখে নেবেন। এর সাথে সাথে কিছু সংযোজন দেওয়া

হয়েছে। সেগুলোও কিছু কিছু ভুল আছে। আমি এইচ.এফ.এ নিয়ে এর আগেও বলেছি, এখনও বলতে চাইছি স্যার, মাননীয় মন্ত্রীমহোদয়কে। এর আগে হাউস চলাকালীন বলেছিলেন এবং তিনি একটা অর্ডাও করেছিলেন এইচ.এফ.এ নিয়ে- হাউসিং ফর অল ৩ লক্ষ ৬৮ হাজার টাকা এখানে শৌচাগারও থাকবে, বিদ্যুতের ব্যবস্থাও থাকবে। খুব ভালো প্রজেক্ট প্রচুর টাকা। পৌরসভায় গেছে। এগুলিকে নিয়ে একটা দুর্নীতির জায়গা তৈরি হচ্ছে গোটা পশ্চিমবঙ্গে। একজন গরিব মানুষ ৩ লক্ষ ৬৮ হাজার টাকার ঘর পাবে, তাকে পঁচিশ হাজার টাকা দিতে হবে। প্রথম কিস্তি দশ হাজার, তারপরে দু'টো পাঁচ হাজার করে, যে ভাবে হোক দেওয়া হবে। কিন্তু এই ৩ লক্ষ ৬৮ হাজার টাকার ঘর একটা গরিব মানুষ পাবে স্লাম ফ্রি সিটি - ইউনেসকোর যে চিন্তা-ধারা, যে স্লাম ফ্রি সিটি তৈরি করা সেই জায়গায় এটা খুব ভালো কাজ করবে। এর সাথে ইনফ্রাসট্রাকচার আছে। কিন্তু এই বাড়িগুলি পাওয়ার ক্ষেত্রে গরিব মানুষদের যে অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে, আমি কাউন্সিলার স্যার, আমি বলছি, ভাই, তোমার বাড়ি হবে, ভাই টাকা দিয়ে যাও। স্যার, টাকার লেনদেন চলছে। এটা হচ্ছে বি.এল.সি - বেনিফিসিয়ারি লেড কন্সট্রাকশান। এই কাজগুলো ঠিকাদারি ভিত্তিতে ঠিকাদারকে দেওয়া যাচ্ছে না। একদম বেনিফিসিয়ারির এ্যাকাউন্টে এই টাকা দিচ্ছে। সেই জায়গায় বেনিফিসিয়ারির এ্যাকাউন্টে কাউন্সিলাররা মিনিসিপ্যালিটিগুলি তার টাকাগুলো না পাঠিয়ে হোল্ড করে রাখছে। বলছে, কিছু টাকা দিয়ে যাও। এ রকম ঘটনা ঘটছে। একটা কমিটি এস.ডি.ও র নেতৃত্বে তৈরি হয়েছে। টার্ম অফ রেফারেন্স এখানে দেওয়া আছে। বিষয়টিতে এখনও পর্যন্ত কিন্তু কাজ হয়নি যে, আপনি অর্ডার করেছেন। স্যার, আপনার মধ্য দিয়ে বলতে চাইছি, এস.ডি.ও র একটা অর্ডার হয়েছে ৫.১২.২০১৬। কিন্তু এখনও পর্যন্ত এস.ডি.ও রা এটা। নিয়ে কাজ করেননি, যে সব মানুষেরা পাবে। এর সাথে সাথে স্যার, দু'-একটা কথা বলতে চাইছি যে, আমরা যারা মিউনিসিপ্যালিটির কাউন্সিলার আছি, মিউনিসিপ্যালিটির সঙ্গে যুক্ত আছি, আমাদের স্যার, ক্যাজুয়াল ওয়াকার প্রচুর।। গভর্নমেন্ট স্যার, ক্যাজুয়াল ওয়াকার বিভিন্ন দপ্তরে এনগেজমেন্ট হলেও কোন ম্যাচিং অর্ডার বা ছ'হাজার ছ'শো যে অর্ডার। ছিল সেই অর্ডার আমাদের দপ্তরে ইমপ্লিমেন্ট হচ্ছে না। ফাইন্যান্স দপ্তরকেও আমরা বলেছি। আপনার মাধ্যমে আমি মন্ত্রীকে বলছি, এই ক্যাজুয়াল ওর্য়াকারদের ভবিষ্যত যদি না হয়, আমাদের যে পৌর কর্মচারী সেই পৌর কর্মচারীদের গ্র্যাজুয়েটি পৌরসভাকে দিতে হয়, পেনশানের একটা সামান্য শেয়ার হয়। এত ডেভলপমেন্ট হচ্ছে, প্রচুর কাজ হচ্ছে, কাজ হওয়ার সাথে সাথে পৌরসভাকে স্ট্রেনদেন না করা যায়, পৌরসভার ইনকাম যদি না বাড়ানো যায়, আজকের ক্যাজুয়াল ওর্য়াকার যারা আছে, আজকে রিক্রুটমেন্ট রুলস-এর জন্যে আই.টি কো-অর্ডিনেটার, এ.এফ.সি পৌরসভা থেকে চলে গেছে। আমি বলছি স্যার, একটা পৌরসভা অডিট করাবে, আজকে এ.এফ.সি নেই কোনও পৌরসভাতে। স্যার, ম্যানুয়ালি ক্যাস-বুক উঠে গেছে। এখন ডবল এন্ট্রিতে ক্যাসবুক। যে পৌরসভার এ.এফ.সি নেই, তার ম্যানুয়ালি ক্যাসবুক লেখা হয় না। মাঝখানে দেড় বছর ক্যাসবুক লেখা হয় নি, অডিট হবে কি করে? এই প্রশ্নের উত্তর আমরা অর্থমন্ত্রীর কাছে চেয়েছিলাম বাজেটের সময়েই। তিনি দিতে পারেন নি কারণ তার দপ্তরে গিয়ে আটকে আছে। আমি অনুরোধ করব, এই বিষয়গুলো, স্টাফদের বিষয়গুলো নিয়ে এবং মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেটকে লাস্ট অনুরোধ স্যার, যে এত প্রকল্পের কাজ আপনি চালু করেছেন যে, এই প্রকল্পের কাজ চালাতে গেলে মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেটকে আরও যে ভাবে স্ট্রেনদেন করা দরকার যদি না করেন তাহলে কিন্তু আপনি ফিড ব্যাক পাবেন না। আজকে উন্নয়ন হবে না। পৌরসভায় টাকাগুলো থেকে যাবে, খরচ করতে পারবে না। কারণ মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেট যত বেশি স্ট্রেনদেন হবে তত বেশি আমরা তার সুফল পাব। স্বাভাবিকভাবেই, এই কথা বলে, যে কাটমোশান এনেছে তাকে সমর্থন করে আমি। আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

Shri Firhad Hakim : স্যার, অনেকক্ষণ ধরে আলোচনা হ'ল এই ডিম্যান্ড নিয়ে। প্রথমেই স্যার, একটা জিনিস বলতে চাই, এক একটা স্টেটে এক এক রকম সমস্যা থাকে। আমাদের স্টেটে যে ডেনসিটি অফ পপুলেশান- এটা অন্য স্টেটে নেই। আবার আমাদের স্টেটে মাত্র তিন পার্সেন্ট হচ্ছে আর্বান এরিয়া যেখানে প্রায় ৩৩ শতাংশ মানুষ সেই তিন পার্সেন্ট জায়গায় থাকে। সুতরাং আমাদের মত এই হাইয়েস্ট ডেনসিটি অফ পপুলেশান এটা অন্যান্য স্টেটে নেই।

কিন্তু স্যার আর্বানাইজেশন ইজ অ্যা ন্যাচারাল ফেনোমেনা। মানুষ গ্রামে। থাকেন কিন্তু সেই গ্রামকেও আর্বানের করতে চায়। মানুষের ন্যাচারাল ফেনোমেনা আর্বানাইজ দিকে গ্রাম থেকে চলে আসতে চায় ভালো লাইফলিহুডের জন্য, রোজগারের জন্য, ভালো ভাবে থাকার জন্য। আমরা যারা উন্নয়নের কথা বলি, আর্বান এরিয়া ইজ দি শোকেস অফ ডেভেলপমেন্ট এটা শোকেস। যে কোন লোক যদি একটা স্টেটে আসে সে আর্বান এলাকায় প্রথমে যায়। আর্বানাইজেশন যদি ঠিক মত হয়, আর্বান এরিয়া যদি সুন্দর হয় তাহলে মানুষের একটা কনসেপ্ট হয়। বলেনা 'পহলে দর্শনধারী, পিছে গুণ বিচারী'। মানুষের একটা কনসেপ্ট-ই হয় যে না এই স্টেট-টা খুব ভালো, খুব সুন্দর। সগর্বের সঙ্গে এটা আমরা বলতে পারি যে, আমাদের স্টেট, আর্বান এবং রুরাল, দুটো জায়গায় ইন্ডিয়ার মধ্যে হাইয়েষ্ট, এত ডেভেলপমেন্ট আর কোথাও হয়নি যা ওয়েষ্ট বেঙ্গলে হয়েছে ; বিশেষ করে এই পাঁচ বছর স্প্যানে। এটা সবাই বুঝতে পারবেন। এই পাঁচ বছর স্প্যানে যে ডেভেলপমেন্ট হয়েছে এই ডেভেলপমেন্টের রেশিওর কাছাকাছি অন্য কোন স্টেট ভারতবর্ষে নেই। এটাই মাননীয়া মুখ্যমন্ত্রীর একটা বড় ভিশান। যে ভিশান উনি সেটআপ করে দেন প্রত্যেকটা ডিপার্টমেন্টের ব্যাপারে যে এখান থেকে এই জায়গায় যেতে হবে। স্যার একটা ছোট্ট কথা বলি, আমাদের কাছে প্রায়োরিটি, নিশ্চিত ভাবে আমাদের টাকার অভাব আছে, আগের যে সরকার ছিল সেই সরকার এত বড় একটা লোন নিয়ে গেছে যে তার দেনা শোধ করতে করতে আমাদের আর টাকা থাকছে।। কিন্তু তার মধ্যেও পারক্যাপিটা রোজগার বাড়িয়ে, জি.ডি.পি বাড়িয়ে, কালেকশন বাড়িয়ে একটা জায়গায় যাওয়ার চেষ্টা করছেন অমিত মিত্র মহাশয়। আজকে সেখান থেকে আমাদের এই বাংলায় আমরা আর্বানাইজেশনের জন্য চেষ্টা করছি এবং এর ভিত্তিতে আমরা যথা সম্ভব চেষ্টা করছি। হ্যাঁ, নিশ্চয় যদি আমাদের কাছে আরো অনেক বেশী বাজেট থাকতো, বেশী টাকা থাকতো আরো বেশী ডেভেলপমেন্ট আমরা করতে পারতাম। কিন্তু একটা লিমিটেশনের মধ্যেও যে কাজটা গত পাঁচ বছরে হয়েছে সেই কাজটা বাংলার মাটিতে গত ৬০ বছরে হয়নি। আমার বন্ধু অপূর্ব অনেক ষ্টাডি করেছে এবং অনেক পুরনো কাউন্সিলর, অনেকদিনের বামফ্রন্ট আমলেও চেয়ারম্যান ছিল আবার আমাদের আমলেও চেয়ারম্যান রয়েছে। প্রত্যেকটা ক্ষেত্রেই যে সাপোর্ট সরকার দিয়েছে, লাস্ট পাঁচ বছরে যে সাপোর্ট সরকার দিয়েছে সেটা ৩৪ বছরে ভাবতেও পারা যায়না। সেই কাছাকাছি সাপোর্ট প্রত্যেকটা পৌরসভায়ও সরকার দিয়েছে যে ভাবে স্কীম হয়েছে। হ্যাঁ, বলতে কোন অসুবিধা নেই যে একটা সময়ে সেন্ট্রাল গর্ভনমেন্টের JNNURM আমাদের একটা বড় সাপোর্ট ছিল। সেই JNNURM তুলে দেওয়া হয়েছে। যেখানে ছোট শহরের ক্ষেত্রে 80% JNNURM থেকে আসতো এবং 20% রাজ্য সরকারকে দিতে হত। আমরা '১১ সালে এসেছি '১২ সালে JNNURM শেষ হয়ে গেছে। সেখানে আজকে এসে ছোট শহরের ক্ষেত্রে পুরোটাই রাজ্য সরকারের ওপর চাপিয়ে দেওয়া হয়েছে। JNNURM থেকে একে একে নিচের কোন শহরে কোন কন্ট্রিবিউশন সেন্ট্রাল গভর্নমেন্ট করবেনা। ১ লক্ষের ওপরের শহরের ক্ষেত্রে 50%। আর, বড় মেট্রোপলিটন হলে 33%। এর জন্য একটা বড় টাকা আমাদের ঘাড়ের ওপর এসে চেপেছে। তাই আমাদের ডেভেলপমেন্ট চালিয়ে যাওয়ার জন্য একটা বড় টাকা স্টেট গভর্নমেন্টের স্টেট ফান্ড থেকে দিতে হয়েছে।

[5.40 pm – 5.50 pm]

শুধু তাই নয় স্যার, আজকে স্টেট গভর্নমেন্টের যেগুলো committed, JNNURM যেগুলো committed, আমরা সেন্ট্রাল গভর্নমেন্টকে প্রোজেক্ট পাঠালাম, ডিপিআর অ্যাপ্রুভ হল, commitment হল যে এই টাকা সেন্ট্রাল ফান্ড দেবে আর এই টাকা State ফান্ড দেবে। সেই committed টাকাও আমরা central government থেকে পাচ্ছি না। সেই committed টাকা যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট committed করেছে, সেই committed টাকাও আজকে আমরা পাচ্ছি না। তারজন্য আমাদের additional state share last share এ JNNURM এর টাকা না পাওয়ার জন্য additional state share আমাদের ৩৩৬ কোটি টাকা Additional খরচা করতে হয়েছে। এই রকম একটা অবস্থার মধ্যে আমরা রয়েছি। আজকে আমরা কয়েকটা বড় fly over করেছি। চন্দননগর fly over মাত্র দু কোটি টাকা দিয়ে আর JNNURM টাকা দেয়নি। 69 কোটি আজকে স্টেট বাজেট থেকে দিয়ে আমাকে এটা শেষ করতে হয়েছে। এই যে মা ফ্লাইওভার - ৩৭ কোটি টাকা শুধু গভর্নমেন্ট অব ইন্ডিয়া দিয়েছে। ১০৯ কোটি টাকার মধ্যে শুধু ৩৭ কোটি টাকা দিয়েছে। আর ৩৯০ কোটি টাকা আজকে state budget থেকে নিয়ে আমাকে মা fly over সম্পূর্ণ করতে হয়েছে। যেমন জিঞ্জিরা বাজার ফ্লাই ওভার - ৮৯ কোটি দেওয়ার কথা, ২২ কোটি টাকা দিয়ে থেমে গেছে। আর কোন কথাই বলছে না। হ্যাঁ বা না কিছু উচ্চবাচ্য করছে না। Garden Reach fly over পুরোটাই আমাদের দিয়ে সম্পূর্ণ করতে হয়েছে। কাজে নেমে গেছি, টেন্ডার করে ফেলেছি, কি করবো, আটকানো তো যাচ্ছে না। এইভাবে একটা বিরাট সমস্যার মধ্যে সত্যি সত্যি, এই আর্বানাইজেশানের ক্ষেত্রে আমরা রয়েছি, যেটা বিমাতৃসুলভ ব্যবহার। যেন মনে হচ্ছে স্টেট অব West Bengal বোধ হয় at war-এ রয়েছে। কোন রকম সাহায্য Central Government করল না। এই অবস্থার মধ্যেও আমরা স্যার বলতে পারি প্রচণ্ডভাবে - এই যে আজকে বলছিল নির্মল বাংলার কথা- এটা আমরা স্বগর্বে বলতে পারি নির্মল বাংলা, নির্মল বাংলা কর, স্বচ্ছ ভারত, স্বচ্ছ ভারত কর What is the central contribution? Central contribution per latrine is 4 thousand rupees and seven thousand rupees is going to bear State Government তাতেও হয় না। একটা বাথরুম বানাতে ১১ হাজার টাকায় হয় না। তার পরেও অন্য অন্য development fund নিয়ে পৌরসভাগুলোকে, সেই latrine গুলোকে ১৮ হাজার, ১৫ হাজার টাকা দিয়ে complete করতে হচ্ছে অর্থাৎ একটা latrine এর ক্ষেত্রে চার হাজার টাকা, আরে প্রায় বারো হাজার টাকা - পৌরসভাই দিক আর সাত হাজার টাকা তো on record দিচ্ছি। এই latrine গুলোকে শেষ করতে হচ্ছে। এটা গর্বের সাথে আমরা বলছি - ৫৫ টা শহরে আমাদের এই Project complete হয়েছে, এই নির্মল বাংলা প্রোজেক্ট। আমরা last year এ ১৪ টা পৌরসভাকে প্রায় চার হাজার চারশো একুশ কোটি টাকা দিয়েছিলাম। নির্মল বাংলা - চারটে জেলার ৫৫ টা শহরে latrine complete করেছি। আরো চারটি জেলায় আমরা হাত দিয়েছি। এটা খুব শীঘ্রই শেষ হবে। পৌরসভার ক্ষেত্রে স্যার, ১২৩ টা পৌরসভাকে আমরা ১৮৬ টা চলমান compactor দিয়েছি, ২২ টা station compactor দিয়েছি, ১৮ টা Hook loader দিয়েছি, হাওড়া এবং কলকাতাকে ১৫ কোটি এবং ৩ কোটি টাকা দিয়েছি compactor কেনার জন্য। বারুইপুর মিলিয়ে প্রায় ২৮ টা battery চালিত গাড়ি দিয়েছি। অথাৎ পৌরসভার যদি আধুনিকীকরণ না হয়, পৌরসভা যদি modernize না হয়, সেই পুরোনো আমলের ভ্যাট পড়ে রয়েছে, নোংরা গন্ধ বেরচ্ছে, মাছি ঘুরছে এই ভাবে তো মানুষ থাকতে পারে না।

একটা মানুষকে তো গুড লিভিংয়ের মধ্যে রাখতে হবে, কোয়ালিটি লিভিং এটা আমরা স্যার করেছি। এবার স্যার, আমরা আসছি হ্যাঁ, অনেক সমালোচনা হয়েছে। স্মার্ট সিটি প্রোজেক্টে। মমতা বন্দ্যোপাধ্যায় স্মার্ট সিটি নেয় নি কেন, সেন্ট্রাল গভর্নমেন্টের বলে। না, আমরা উন্নয়নের ক্ষেত্রে কারোর সাথে ঝগড়া করতে যাচ্ছি না কিন্তু মানুষকে জানতে হবে what is the smart city project ? এখানে ধরুন, স্মার্ট সিটি করতে গেলে আমাদের কম্পিটিশানে আসতে হবে সব পৌরসভাকে। অর্থাৎ সেই পৌরসভাগুলোর কাছে ড্রেনেজ সিস্টেম, LED-fication, আই.টি. রাস্তাঘাট সব কমপ্লিট করলে এর মার্কস আছে। এই মার্কসে উঠে আসলে তবে স্মার্ট সিটির কম্পিটিশানে সে আসবে। তারপর ৫ বছর ধরে সেন্ট্রাল গভর্নমেন্ট সেই স্মার্ট সিটিগুলোকে ৫০০ কোটি মানে বছরে ১০০ কোটি টাকা দেবে। তার ম্যাচিং গ্রান্ট আবার কি আছে স্টেট গভর্নমেন্টকেও ৫০০ কোটি টাকা দিতে হবে। অর্থাৎ আমাদের এখানে কে এসেছিল ? নিউ টাউন এসেছিল। যেখানে আমরা অলরেডি করে ফেলেছি। একটা স্মার্ট সিটি করতে গেলে আমাকে সেই টাউনে হাজার কোটি টাকা খরচা করতে হবে, তারপরে কম্পিটিশানে আসতে হবে। তারপর ওর ৫০০ কোটি টাকার জন্য আমার ৫০০ কোটি টাকা দিতে হবে। অর্থাৎ আমার ছোট শহরে AMRUT নেই। ছোট শহরগুলোর জন্য আমার কাছে টাকা নেই। ঐ টাকা হান্ড্রেড পার্সেন্ট দিতে হবে, আবার স্মার্ট সিটির কম্পিটিশানে আসতে হবে। তেলের মাথায় আবার তেল দিতে হবে। ছোট শহরগুলোকে অন্ধকারে ঠেলে রাখতে হবে। আমাদের মুখ্যমন্ত্রী বললো, না। আমাদের সব শহরকে সমানভাবে প্রায়োরিটি দিয়ে সবাইকে ডেভলপ করতে হবে। ছোট শহরকে ডেভলপ করতে হবে, মাঝারি শহরকে ডেভলপ করতে হবে, বড় শহরকে ডেভলপ করতে হবে। তাই আমরা স্মার্ট সিটিতে গেলাম না। আমরা একটা নিজস্ব প্রকল্প করেছি সেটা হল গ্রীন সিটি প্রকল্প। সেই প্রকল্পে তেলের মাথায় তেল না দিয়ে এই ৫০০ কোটি টাকা ঐ বড় টাউনগুলোতে খরচা না করে আমরা গ্রীন সিটিতে ৪৮৬ কোটি টাকা - এই বছর ৬২০ কোটি টাকা আমরা এই প্রকল্পে দিয়েছি। অর্থাৎ এখানে কি হবে স্যার ? What is green city ? গ্রীন সিটিতে আমাদের কি হবে স্যার ? গ্রীন সিটিতে আমরা শহরকে সুন্দর করবো, greenery করবো। সব কটা শহরে আমরা conference করে সবাইকে ডেকে নিয়ে green city প্রকল্পে আমরা বেশি করে greenery লাগাবো। কি করবো ? historical যে place গুলো আছে সেগুলোকে আমরা রক্ষণাবেক্ষন করবো। আমরা জলাশয়গুলোকে সংরক্ষণ করবো। আমরা জলাশয়ের চারদিকটা সৌন্দর্যায়ন করবো। আমরা রাস্তাগুলোকে LED-field করেবো। আমরা Compactor Vat দিয়ে জঞ্জালমুক্ত শহর তৈরি করবো। এই কাজগুলো আমরা Green city প্রকল্পের আন্ডারে নিয়েছি। অর্থাৎ ছোট শহরগুলো আমরা সুন্দর করে সাজাতে চাই যাতে আমরা সবাই মিলে ভাল থাকি। শুধু দু-চারটে জায়গাকে ভাল রাখলাম - দিল্লিটা ভাল রইল আর সারা ভারতবর্ষ শুকিয়ে যাচ্ছে এটা না করে আমরা সবাই মিলে ভাল থাকতে চাই। তাই এই green city প্রকল্প আমরা নিয়েছি স্যার। আমরা স্যার, এটা বলতে চাই যে এই Green city প্রকল্পের মধ্যে দিয়ে আমাদের পরের generation - আমরা আজকে এই পৃথিবীতে আছি এরপরে অনেকগুলো generation এই পৃথিবীতে আসবে। তাদের জন্য পরিশুদ্ধ একটা বায়ুমণ্ডল,তার সাথে পরিশুদ্ধ বাতাবরণ আমরা এখানে সৃষ্টি করতে চাই। সেটা করা একটা শহরের পক্ষে অত্যন্ত জরুরী। এখানে দেবাশীস সেন সাহেব রয়েছেন,আমরা একটা নিউ টাউন তৈরি করেছি। কতগুলো কংক্রীটের জঙ্গল তৈরি করে দিয়ে একটা টাউনশিপ তৈরি করে দিলে হয়ে যাবে তা নয়। একটা টাউনশিপ তৈরি করতে গেলে তার মধ্যে সমাজ তৈরি করতে হবে। একটা entertainment থাকবে। তাই এই New Town -এ ওনার নের্তৃত্বে যেটা হয়েছে এটা মমতা বন্দ্যোপাধ্যায়ের concept যে সেখানে আমাদের অনেকেই বলেছেন ইকো পার্ক, এত বড় ইকো পার্ক আজকে ভারতবর্ষে নেই। ৪৮০ একরের একটা ইকো

পার্ক তৈরি করেছি। ব্রিটিশ আমলে আমরা শুনেছিলাম ভিক্টোরিয়া তৈরি হয়েছিল,ব্রিটিশ আমরা শুনেছিলাম মনুমেন্ট তৈরি হয়েছিল। তারপর আর কোলকাতায় অ্যাডিশনাল যোগ কিছু হয় নি।

[5.50 pm – 6.00 pm]

কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে সরকার,সেই সরকার ভারতবর্ষকে এবং বাংলাকে ইকোপার্ক দিয়ে যাচ্ছে। সেইটা আজকে মানুষের কাছে আমরা গর্বের সাথে বলতে পারব। আমাদের এই সরকার ভারতবর্ষের সব থেকে বড় কনভেনশন সেন্টার। সাড়ে তিন হাজার মানুষ দেশের, একটা কবে সেই বিজ্ঞান ভবন হয়েছিল দিল্লিতে, একটা কনভেনশন সেন্টার দিয়ে যাচ্ছে। এটা ইতিহাসে আমরা বলতে পারব যে এই কাজটা মমতা বন্দ্যোপাধ্যায়ের সময়ে হয়েছিল। অনেকদিন আগে নজরুল ইসলাম মারা গেছেন। কিচ্ছু কাজ হয়নি, তাঁকে নিয়ে কোন রিসার্চ হয়নি। একটা নজরুল তীর্থ করে নজরুল ইসলামকে প্রণাম আমরা জানিয়েছি। সেটা আমরা গর্বের সাথে বলতে পারব যে এই কাজটা আমরা করেছি। আমরা রবীন্দ্রতীর্থ করব। করে সেখানে আমরা বলতে পারব যে রবীন্দ্রনাথ নিয়ে যারা পড়াশোনা করতে চাইবেন, যারা রিসার্চ করতে চাইবেন, তাদের জন্য আমরা রবীন্দ্রতীর্থ তৈরি করব।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী, আপনার আর কতক্ষণ সময় লাগবে?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমার আর দশ মিনিট সময় লাগবে।

মিঃ স্পীকার : উইদ দি কনসেন্ট অফ দি হাউস আমরা দশ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী ফিরহাদ হাকিম : এখানে বান্দ্রাকুল্লার কথা সবাই বলে, বান্দ্রাকুল্লা ফাইনান্সিয়াল হাব। কিন্তু আমাদের সময়ে, এটা আমাদের কাছে গর্বের ব্যাপার যে একটা আর্বানাইজেশান মানে সেখানে। ফিনান্সিয়াল হাব দেখে আসুন যেখানে ২২টি ব্যাংক নিয়েছে, এখানে ফিনান্সিয়াল হাব গড়ে উঠছে। সেটা বাংলায় ফিনান্সিয়াল হাব গড়ে ওঠা মানে বাংলায় ফাইনান্সিয়াল ট্রানজাকশান আরও বেশি স্ট্রং হবে। এই কাজগুলো স্যার শুধু আমি এটা নিউ টাউনের কয়েকটা উদাহরণ দিলাম। সেখানে প্রচুর মানুষ আসছেন, নাটক করছেন, প্রচুর মানুষ আসছেন, কমপিটিশান করছেন, তারা সুন্দরভাবে একটা পরিবেশের মধ্যে রয়েছেন। এইটা আবার সব জায়গায় আছে। মুর্শিদাবাদে ঘসেটি বেগম যেখানে ছিলেন, মতিঝিল, মতিঝিল আমাদের সময়ে শুধু কোলকাতায় ইকোপার্ক করে ইন্টারন্যাশানাল দেখানোর জন্য নয়, যারা হিস্টোরিকভাবে হাজারদুয়ারি দেখতে যাবে, তাদের কাছেও মতিঝিল একটা তৈরি করে দেওয়া হয়েছে, যেটা আজকে মুর্শিদাবাদের মানুষের কাছে একটা গর্বের বিষয় যে অনেকদিন ধরে মতিঝিল অবহেলিত একটা হিস্টোরিকাল প্লেস পড়ে ছিল, সেইটা আজকে এমন সুন্দরভাবে তৈরি করা হয়েছে, যে মুর্শিদাবাদে যাবে, যে বহরমপুরে যাবে, সে মতিঝিল দেখতে যাবে। এই কাজগুলো স্যার আমরা করছি। এই রকম কয়েকটা বলছি। এই রকম সব কটি জায়গায় কিছু না কিছু, কোথাও না কোথাও করা হয়েছে। কারণ ইকোলোজিকাল ব্যালেন্স আমাদের করতে হবে। টাকা কিন্তু আগেও এসেছিল, তখন হয়নি। এই কাজগুলো আমরা আমাদের ডিপার্টমেন্ট থেকে করছি। এই কাজটা আমরা কনটিনিউয়াসলি করে যাব। কিসের টাকায় - নিশ্চিতভাবে কোন না কোন ডেভেলপমেন্টের টাকায় কোন না কোন কাজ হয়। কেউ কেউ বলে গেলেন যে কাজ হচ্ছে না। তাহলে মানুষ কি একেবারে বোকা। এখানে যে কয়েকজন এম.এল.এ রয়েছেন, তারাই সবাই চালাক, আর মানুষ বোকা। কাজ যদি না করে থাকি, ডেভেলপমেন্ট যদি না হয়ে থাকে তাহলে এই ২১১জন কি করে এল? এরা এল কি করে? তাহলে তো আর একটা দল আসত। সেটা তো হয়নি। এসেছিল কিসের জন্য? একদম সেন্ট্রাল ফোর্স ঘিরে নিয়ে ইলেকশান হয়েছে, আগেকার মতন ইলেকশান

নয়, সায়িন্টিফিক নয়। যা যা। চেয়েছিল সবই হয়েছে। তাহলে বাংলার মানুষ বোকা আর শুধু অপোজিশানে যে কয়েকজন রয়েছেন। তারাই শুধু চালাক।

.....(গোলমাল)...

আমি সগর্বে বলতে চাই এই আমাদের সরকার আসার পরে ১২৫টি পৌরসভার মধ্যে ৩৫টি পৌরসভায় পাঁচ বছরের মধ্যে পানীয় জলের ব্যবস্থা করেছি। আরও ৫১টি পৌরসভায় পানীয় জলের ব্যবস্থা চলছে। অথাৎ ১২৫টার মধ্যে কোলকাতা, কিছুটা আসানসোল, কিছুটা বড় শহর আর আমরা ৮৬টা পৌরসভায় পানীয় জলের ব্যবস্থা করে দিয়েছি এবং এটা আমারই দোষ নবদ্বীপ ও রানাঘাট রেডি হয়ে রয়েছে আমি টাইম দিতে পারছি না আর ওরাও বলছে আমাকে ছাড়া করবে না। এইভাবে স্যার আমরা রঘুনাথপুর করেছি, পুরুলিয়া প্রায় শেষ। আমরা শীঘ্রই ওটাকে উদ্বোধন করব। যেসব জায়গায় মানুষ একদম জল পেত না সেইসব জায়গায় মানুষ জল পাচ্ছে। তারমানে কত আশীর্বাদ এই মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সরকার পাচ্ছে। এই কাজটা স্যার খুব সহজ কাজ নয়। যেটা বলছি। আমি শুনেছি স্যার আমি যখন ছিলাম না তখন - আজকে নেই অশোকদা, আমাদের আগে মন্ত্রী ছিলেন উনি বলেছিলেন শিলিগুড়িকে কিছু দেওয়া হয় না, শিলিগুড়িকে কিছু দেওয়া হয় না। শিলিগুড়িতে যখন কংগ্রেসের বোর্ড ছিল তখন কত দেওয়া হত স্যার - ৩৪ কোটি, ৩৩ কোটি। একবার দেওয়া হয়েছিল ৩৯ কোটি, কংগ্রেসের বোর্ড যখন ছিল। আর সি.পি.আই.এম -এর বোর্ডের সময় লাস্ট ইয়ার আমরা দিয়েছি ৪০ কোটি অর্থাৎ কংগ্রেসের বোর্ডের সময় তুমি ৩৪ কোটি দিলে সেটা অন্যায় নয় আর সি.পি.আই.এম -এর বোর্ড চলছে আমি ৪০ কোটি টাকা দিয়েছি আমি বিরাট অন্যায় করে ফেলেছি। আমরা যে পরিমাণ দিয়েছি সেই একই পরিমাণ রায়গঞ্জকে দিয়েছি, কান্দিকেও দিয়েছি আর সব পৌরসভা গুলিকে সমান ভাবে দিয়েছি। ওদের যেমন দিয়েছি কান্দিকেও আমরা প্রায় ৩৭ কোটি টাকা দিয়েছি, ৩৫কোটি টাকা রায়গঞ্জকে দিয়েছি। আমাদের চেয়ারম্যান অনেকে আমাকে বলে তুমি একটু বেশি ওদের দেখ আমাদের দেখ না। আমি বলি দেখ যখন আমি সরকারী জায়গায় রয়েছি তখন আমার কাছে সারা পশ্চিমবঙ্গ সমান। তাই আমাদের সবাইকে সমানভাবে দেখতে হবে আর সেই কাজটাই আমরা করছি। আমরা সবাইকে সমানভাবে দেখে, সমানভাবে সাহায্য করি যাতে সব মিউনিসিপ্যাল এলাকা সমানভাবে উন্নয়ন করতে পারে এটা আমরা করছি। একটা জিনিস যেটা সমস্ত পৌরসভাতেই অত্যন্ত সঠিক বলেছে ডেভিট যেটা করতে হবে- আমাদের পৌরসভার সবথেকে ভয়াবহ জিনিসটা হচ্ছে solid based management. যেটা সবথেকে বড় সমস্যা প্রত্যেকটা পৌরসভার। কারণ আমরা যেখানে solid based ফেলতাম যেমন কোলকাতা পৌরসভা ধাপাতে। আস্তে আস্তে সব পৌরসভাতেই urbanisation বেড়ে যাচ্ছে। আর কেউ solid based বাড়ির পাশে ফেলতে দেবে না। এখন থেকে মানুষকে প্ল্যান করতে হবে যে ২০ বছর বাদে কোন জায়গাটা ফাঁকা পাব, কোন জায়গায় আমাকে solid based ফেলতে হবে এবং সেই জায়গায় সরকারী জায়গা হলে প্রত্যেকটা পৌরসভা আসুক সরকারের কাছে। যদি অন্য ডিপার্টমেন্ট হয়। তাহলে আমরা সাহায্য করব সেই জায়গার জন্য। যদি কিনতে হয় তবে সাধ্য মতন আমরা পাশে থেকে এখন থেকে সেটা কেনার যে solid based -এর জন্য একটা জায়গা দরকার। ঠিকইতো আমাদের এখানে waste to power, waste to energy এই কাজটা অনেকদিন ধরে হয়নি। আমরা আসার পরে এটা নিয়ে আলোচনা করেছি, হাওড়ায় প্রায় finalisation - এর মুখে। আমাদের কোলকাতা মিউনিসিপ্যাল কপোরেশনকে অলরেডি আমরা নিউটাউনে জায়গা দিয়েছি, সেখানে প্রায় finalisation -এর মুখে যেখানে waste to power তৈরি হবে। আসানসোলে কালিতলা বলে একটা জায়গা আছে সেখানে একটা বড় জায়গা আমরা কিনেছি।

[6.00 pm – 6.03 pm]

এবং স্টেট গর্ভনমেন্ট ফান্ডিং করেছে। সেখানে নোংরা যে জিনিসগুলা রয়েছে সব নিয়ে গিয়ে ওখানে ফেলে দিয়ে এই প্রসেসিংটা শ্রীঘ্রই স্টার্ট করব। অর্থাৎ আমরা যারা এই পৌর পরিষেবা নিয়ে রয়েছি আমরা ডেফিনিটলি একটা টিমের মত সবাই মিলে কাজ করি এবং তাতে কে আমাদের পক্ষে, কে বিরোধী - তা নয়, পৌর পরিষেবা দিতে হবে মানুষের পক্ষে। কারণ এটা আমরা মনে প্রাণে বিশ্বাস করি যে যদি সরকারের সুফল পৌঁছতে হয় মানুষ - মানুষ পর্যন্ত তাহলে পঞ্চায়েত এবং পৌরসভা হচ্ছে সরকারের হাত। এই দুটো হাত দিয়ে মানুষ পর্যন্ত যদি না পৌঁছনো যায় তাহলে আমি উপরে যতই পলিসি করি না কেন সেটা মানুষ পর্যন্ত পৌঁছবে না। তাই পৌরসভাগুলোকে স্ট্রেনদেন করা, ডেভেলপমেন্ট অথরিটিগুলোকে স্ট্রেনদেন করে সেই মানুষের পরিষেবা আমাদের দিতে হবে। ধন্যবাদ।।

মিঃ স্পীকার : সকলের অনুমতি নিয়ে হাউসের সময় আরও ৫ মিনিট বাড়িয়ে দিলাম।

I put to vote the cut motion (Cut Motion No.1) moved by Shri Asit Mitra that the amount of the Demand be reduced to Re. 1/-.

As many as are of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "No".

Noes have it, Noes have it.

The cut motion is lost.

Mr. Speaker : Now, I put to vote the main demand moved by Dr. Amit Mitra that a sum of Rs.10193,41,30,000 be granted for expenditure under Demand No. *72,* Major Heads :"2052-Secetariat-General Services, 2059-Public Works, 2215-Water Supply and Sanitation, 2216-Housing, 2217-Urban Development, 2235-Social Security and Welfare, 3451 - Secretariat-Economic Services, 3475-Other General Economic Services, 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4059-Capital Outlay on Public Works, 4215-Capital Outlay on Water Supply and Sanitation, 4216-Capital Outlay on Housing, 4217-Capital Outlay on Urban Development and 6217- Loans for Urban Development" during the *y*ear 2017-18.

As many as are of that opinion, please say "Aye", as many as are of the contrary opinion, please say "No".

Ayes have it, Ayes have it.

Demand No. 72 is passed. Demand No. 72 is passed.

Adjournment

The House was then adjourned at 6-03 P.M. till 11 A.M. on Friday, the 3rd March, 2017 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 3rd March, 2017 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 27 Ministers-in Charge, 13 Ministers of State and 212 Members.

[11:00 – 11.10 a.m.]

Starred Questions

(to which oral answers were given)

ধান সংগ্রহের পরিমাণ

*১। (অনুমোদিত প্রশ্ন নং *২) **শ্রী অসিত মিত্র** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ আর্থিক বছরে (৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত) সরকার কর্তৃক কত পরিমাণ ধান সংগ্রহ করা হয়েছে (পৃথক পৃথকভাবে)?

Mr. Speaker: Let me introduce Mr. Bruce Bucknell who is here. He is the British Deputy High Commissioner. He is present in the House. He has come here to watch the Question Hour of today.

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই সরকার কর্তৃক ২০১৪-১৫ আর্থিক বছরে ২৬.৯১ লক্ষ মেট্রিক টন, ২০১৫-১৬ আর্থিক বছরে ৪১.৪৯ লক্ষ মেট্রিক টন, ২০১৬-১৭ আর্থিক বছরে ৯.৪৩ লক্ষ মেট্রিক টন ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ধান সংগ্রহ করা হয়েছে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন হল ২০১৪-১৫ সালে ২৬.৯১ লক্ষ মেট্রিক টন, ২০১৫-১৬ সালে ৪১.৪৯ লক্ষ মেট্রিক টন, অনেক বেড়েছিল। আর ২০১৬-১৭ সালে সেটা নেমে এখনও পর্যন্ত, আমরা ধরে নিচ্ছি যদি ডিসেম্বর পর্যন্ত হয়, জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ আর মাত্র তিন মাস বাকি আছে। এখনও আদায় করার কিছু সময় আছে। কিন্তু আমার বক্তব্য যেটা সেটা হচ্ছে এটা কমল কেন? আপনি নতুন বিধি তৈরি করার ফলে এটা হল? না আপনিও শেষ পর্যন্ত চেষ্টা করে কিছু করতে পারলেন না, ফোড়েদের কাছে আত্মসমর্পণ করলেন?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্য, আপনার যেটা প্রথম ভুল হয়েছে সেটা হল খাদ্য। দপ্তর আর্থিক বছরে চলে না। আপনি আর্থিক বছরে কোয়েশ্চেন করেছেন। খাদ্য দপ্তর চলে কে.এম.এস., খারিফ মরশুম। খাদ্য বছরের ইয়ারটা শুরু হয় পয়লা অক্টোবর থেকে ৩০ সেপ্টেম্বর। আপনার কোয়েশ্চেনটা প্রথমে আপনি ভুল করেছেন। আপনি যদি টোটালটা করতে যান আপনি যেটা বললেন ২০১৫-১৬, এই বছর আমাদের প্যাডি কালেকশান হয়ে গিয়েছে প্রায়

৪০ লক্ষ মেট্রিক টন। আপনার কোয়েশ্চেনটা হচ্ছে পয়লা এপ্রিল থেকে ৩১ মার্চ, খাদ্য দপ্তর এইভাবে চলেনা। খাদ্য দপ্তর কে.এম.এস, খরিফ মার্কেটিং সিজিনে চলে।

শ্রী অসিত মিত্র : মাননীয় স্পীকারের মাধ্যমে আপনার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এটা কি সত্যি মাননীয় খাদ্যমন্ত্রী আপনি দয়া করে বলবেন আপনি কিছু নতুন বিধি প্রয়োগ করেছেন? তার পরেও আপনি বলছেন ৪০ লক্ষ মেট্রিক টন হয়েছে। আমি নিজে একটা এলাকার মানুষ, যেখানে প্রায় সবাই কৃষক শ্রেণির মানুষ। তারা কোন জায়গায় বিক্রি করবে — আপনার অনেকগুলো বিধি ছিল, আধার কার্ড থেকে শুরু করে অনেক গুলো। কিন্তু তারপর দেখা যাচ্ছে আপনি বলেছিলেন ৪৫ কুইন্টালের বেশি কারোর কাছ থেকে কেনা হবে না। এখন সমস্ত আইন প্রত্যাহার করে নিলেন। আমি এটার জন্য বলছি আপনি কি ফড়েদের কাছে আবার আত্মসমর্পণ করলেন?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আপনার প্রথম প্রশ্নটা বলি কোথায় আপনাদের ধান কেনা হবে। পশ্চিমবঙ্গে মোট ৩২৯ খানা ধান ক্রয় কেন্দ্র আছে, যার নাম সি.পি.সি.।।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : DPC, Direct Purchasing Centre ৮৩ টা করেছি, ৯৮১ টা কো-অপারেটিভ সোসাইটি ধান কিনছে, ২০৩ টা সেল্ফ হেল্প গ্রুপ ধান কিনছে। আপনি বললেন সারেন্ডার। সারেন্ডার করার কোন কথা নয়। এই সরকার ২০১১ সালের ২০ মে দায়িত্ব নেওয়ার পর থেকে আজ পর্যন্ত অন্য রাজ্য থেকে ১ কিলো চাল কেনেনি। এটা আমাদের অ্যাচিভমেন্ট। দ্বিতীয় কথা, কোন ফড়েদের কাছে সারেন্ডার করার ব্যাপার নেই। এই বছর NEFT চলছে, National Electronic Fund Transfer হচ্ছে। এই বছর কৃষক তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট, IFS Code আনছে, আমাদের রাইস মিলে মালটা পৌঁছালে সিভিক ভলান্টিয়ার গুণে নিচ্ছে কত বস্তা। সেখানে একজন পারচেজ অফিসার, এক্সটেনশন অফিসার বসিয়েছেন, সেটা Under control by the BDO। তিনি সই করার পর আমরা সরাসরি ফার্মারদের অ্যাকাউন্টে টাকা দিচ্ছি। ভারতবর্ষের ইতিহাসে এটা প্রথম, বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এটা করেছেন।

শ্রী অসিত মজুমদার : ১ লা মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত কত পরিমাণ ধান সংগৃহীত হয়েছে মাননীয় মন্ত্রী অনুগ্রহ করে বলবেন কি ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : ১ লা মার্চ ২০১৭ পর্যন্ত ১০ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহ করা হয়েছে।

শ্রীমতী সোনালী গুহ : হাওড়া জেলায় কোন কোন জায়গায় CPC খোলা হয়েছে, মাননীয় মন্ত্রী জানাবেন কি ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : হাওড়া জেলায় বেশ কিছু জায়গায় খোলা হয়েছে। আমতা ১ নং ব্লকে আমতা কিষান মান্ডি, উদয়নারায়ণপুর ব্লকে উদয়নারায়ণপুর কিষান মান্ডি, উলুবেড়িয়া ১ ও উলুবেড়িয়া ২ নং ব্লকে উলবেড়িয়া কিষান মান্ডি, শ্যামপুর ২ নং ব্লকে শ্যামপুর ২ কিষান মান্ডি, বাগনান ১ ও বাগনান ২ নং ব্লকে বাগনান ১ কিষান মান্ডি, জগৎবল্লভপুর ব্লকে জেলা পরিষদ মার্কেট কমপ্লেক্স বড়গাছিয়া গ্রাম পঞ্চায়েত, শ্যামপুর ১ নং ব্লকে শ্যামপুর ১ নং বি.ডি.ও. অফিসের মাঠে, আমতা ২ নং ব্লকে জেলা পরিষদ ঝাপসিয়া গ্রাম পঞ্চায়েতের মার্কেটিং কমপ্লেক্সে।

শ্রী নর্মদা চন্দ্র রায় : স্যার, লেভির চাল সংগ্রহের প্রশ্নে আমাদের রাজ্যে মিলারদের সঙ্গে এই দপ্তরের দীর্ঘদিনের টানাপোড়েন চলছে। কেন্দ্রীয় সরকার ঠিক করে দিয়েছে। কুইন্টাল প্রতি ধানে চাল পাওয়া যাবে ৬০ কেজি। গত বছর থেকে এটা নিয়েই বিরোধ চলছে। এই বিরোধের

কোন মীমাংসা হয়েছে কি ? বর্তমানে মিলারদের কাছ থেকে কুইন্টাল প্রতি ধানের ক্ষেত্রে কত পরিমাণ চাল সংগৃহীত হচ্ছে মাননীয় মন্ত্রী জানাবেন কি ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্যকে জানাতে চাই যে, আমাদের লেভি উঠে গেছে। ভারতবর্ষে আর লেভিতে ধান নেওয়া হয় না কোন মিলারের কাছ থেকে। ৬৮ রেসিও, অর্থাৎ ১০০ কেজি ধান দিলে ৬৮ কেজি চাল পাওয়া যাবে। এটা নিয়ে উচ্চ ন্যায়ালয়ে মামলা চলছে। IIT খড়্গপুরের সঙ্গে টাই করে দিয়েছেন, তারা সার্ভে করছে। কিন্তু আপনাকে জেনে রাখা দরকার যে, সরকার এর মধ্যে কতগুলো আনুষঙ্গিক জিনিস দেয়। আর ৬৮ কেজি থেকে বেরিয়ে এলে আমরা এর জন্য হেল্প করি। নতুন বস্তা কেনার জন্য তাকে একটা হেল্প করি ১০৩ টাকা। যদি ২৫ কিলোমিটার অবধি যান, তাহলে পার কুইন্টাল ১৮ টাকা ৩৩ পয়সা করে পাবেন আপ টু ২৫ কুইন্টাল। যদি ২৫ কুইন্টাল থেকে ৯০ কুইন্টাল ধান আনতে যান, তাহলে পার কুইন্টালে ৫০ পয়সা পার কিলোমিটারে পাবেন। এটা আমরা রাইস মিলারদের দিই। রাইস মিলারদের ২০ টাকা মিলিং চার্জ ছিল, শুনলে খুশি হবেন, এই বছর মুখ্যমন্ত্রী আরও ১০ টাকা বাড়িয়ে দিয়েছেন। তাতে ৫২ কোটি টাকা সাবসিডি দিতে হয়েছে আমাদের। এই বছরে কিষান মান্ডি থেকে যে ধান তুলবেন, ধান নিয়ে গিয়ে রাইস মিলে রাখলেন, আবার রাইস মিল থেকে চাল নিয়ে গিয়ে গোডাউনে দিয়ে গেলেন, এর জন্য। আপনি পাবেন ১০ টাকা ৩৩ পয়সা। সুতরাং আমার মনে হয় যে খুব বেশি ক্ষতি হচ্ছে না। এটা সিদ্ধান্ত হয়েছে এবং উচ্চ ন্যায়ালয়ে মামলা চলছে। ডিটেইলসটা আপনাকে বলতে পারছি না, যেহেতু সাবজুডিস ম্যাটার।

[11:10 – 11.20 a.m.]

শ্রী শংকর দলুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন , বিগত সরকারের আমলে ২০০৯-১০, ২০১০-১১ খাদ্য সংগ্রহের পরিমাণ কত ছিল এবং কুইন্টাল প্রতি রেট কত ছিল অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : এটা আমার কাছে এখনই তথ্য নেই। আপনি যদি আলাদা একটা কোয়েশ্চেন করেন বা আলাদা একটা কাগজ দেন দপ্তরে আমি এর উত্তর আপনাকে দিয়ে দেব।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন,যে আমাদের কালী সাবডিভিশন কৃষি প্রধান এলাকা। আমার বঁড়োয়া বিধানসভাতেও ধান উৎপাদন বেশি হয়। আপনি গত সেশনে বলেছিলেন ডিসেম্বর থেকে ধান কেনা হবে এবং কিষান মান্ডি বাদ দিয়ে এলাকায় ক্যাম্প করে ধান কেনা হবে। আপনি আমাদের একটা ফর্মও দিয়েছিলেন সকলকে যে ডিস্ট্রিক্ট জমা দিতে ডিস্ট্রিক্ট কনট্রোলারের কাছে যে কোথায় কোথায় আমরা এলাকায় ক্যাম্প করতে চাই। আমি অলরেডি জমাও দিয়ে দিয়েছি ডিসেম্বর নাগাদ। কিন্তু এখনও অবদি আমরা যে জায়গাগুলো রেকমেন্ড করেছিলাম এলাকায় কোথাও কিন্তু ধান কেনা শুরু হয় নি ক্যাম্প করে। এই ক্যাম্প কবে নাগাদ শুরু করে আপনি ধান কেনা শুরু করবেন যদি দয়া করে বলেন।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আপনার মুর্শিদাবাদে ২৭টা রাইস মিল ধান কিনছে। আপনার জেনে রাখা দরকার। মুর্শিদাবাদে আমরা ৮১টা কো-অপারেটিভ সোসাইটিকে এনগেজ করা হয়েছে। প্রত্যেকটা ব্লকে কেন্দ্রীয় ধান ক্রয় কেন্দ্র হয়েছে মুর্শিদাবাদে। আপনি পারটিকুলার ডিস্ট্রিক্ট কনট্রোলারকে দিয়েছেন, প্রত্যেকটা জায়গায় ক্যাম্প হচ্ছে।

(এই সময়ে মাননীয় বিরোধী কংগ্রেস দলের মাননীয় সদস্য শ্রী অপূর্ব সরকার মাননীয় মন্ত্রীর উদ্দেশ্যে কিছু বলতে থাকেন)।

অপূর্ব বাবু উনি প্রশ্নটা করেছেন ওনাকে উত্তরটা আমি দিই। তারপরে আপনি কোয়েশ্চেন করবেন। আমি উত্তর দেব। আপনার উত্তর পরে দেব।

মিঃ স্পীকার : প্লিজ আপনি বসুন। যিনি প্রশ্নকর্তা তিনি বুঝেছেন উত্তরটা। বসুন আপনি।।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : প্রত্যেকটা জায়গায়, আপনারা শুনুন। আমি উত্তর দিচ্ছি তো আপনাকে। আমি দাঁড়ালে আপনি বসবেন, আপনি উঠলে আমি বসব, এটাই নিয়ম। আপনি যখন প্রশ্ন করেছেন। প্রত্যেকটা জায়গায় ধান কেনা হবে। এটা জেনে রেখে দিন। আপনি ডি.পি. সির সাজেশন দিয়েছেন, আপনার সাজেশন পৌঁছে গেছে। কাজ শুরু হয়েছে। আপনি জেনে রেখে দিন ৩০শে সেপ্টেম্বর ২০১৭পর্যন্ত ধান কেনা হবে। এই কে. এম.এস।

শ্রী পার্থ ভৌমিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ২০১৪-১৫তে ধানের দাম এবং চালের দাম কত ছিল ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য প্রশ্ন করেছেন, ২০১৪-১৫তে ধানের দাম ছিল ১৩৬০টাকা প্রতি কুইন্টাল এবং চালের দাম ছিল ২১১৯টাকা ৪০ পয়সা প্রতি কুইন্টাল।

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব সংগত প্রশ্ন করছি।যিনি বলছেন, মন্ত্রী আমার বন্ধু লোক। মাননীয় মন্ত্রীর কাছে আমি প্রশ্ন করছি, এটা আপনাকে বলতেই হবে যে মিল মালিকরা আপনার সরকারের কাছে কত টাকা পায় ? আর এই টাকা পাওয়ার জন্য তারা ধান কিনছে না। খুব ন্যায়সংগত প্রশ্ন। আমাদের জেলা মুর্শিদাবাদ শুধু নয়, আপনার বর্ধমান জেলাতেও, আপনি বর্ধমান জেলার লোক তাও জানি,আপনাকে বলতে হবে যে, যদি আপনার কাছে তথ্য না থাকে, প্রিন্সিপ্যাল সেক্রেটারিরা বসে আছে তাদের কাছ থেকে নিয়ে দয়া করে, পরে বলবেন কত টাকা সরকারের কাছে মিল মালিকরা পাবেন ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্যকে আপনাকে আমি দ্বিধাহীন কণ্ঠে বলি —আমরা কেন্দ্রীয় সরকারের কাছে ২০০৪ কোটি টাকা পাই। এবার শুনুন ৫,০২০ কোটি টাকা রাজ্য আমাদের দিয়েছে। আমরা প্রত্যেকটা মিল মালিকের কাছে সি এম আর এজেন্সীর থ্রু দিয়ে, আমাদের কাজ করতে হয় সি এম আর এজেন্সীর মাধ্যমে, কনফেড, বেনফেড, ডবলু বি ই সি এস সি, ন্যাফেড এই বছর কাজ করছে। এই বছর দুটো অর্গ্রানাইজেশন কাজ করছে না। সেটা হল ন্যাকক, এন সি সি এফ এই বছর কাজ করতে পারছে না। প্রত্যেকটায় সি এম আর এজেন্সীর থ্রু দিয়ে এদের কাছে টাকা পৌঁছে দিয়েছি। অলরেডি এদের কাছে টাকা পৌঁছে গেছে।

ধান কেনার পদ্ধতির সরলীকরণ

*২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯) **শ্রী সমীর কুমার জানা ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার সরাসরি কৃষকদের কাছ থেকে সরকারি মূল্যে ধান কেনার বিষয়টির সরলীকরণ করেছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রক্রিয়াটি কীরূপ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : হ্যা, এটা সত্যি যে, রাজ্য সরকার সরাসরি কৃষকদের থেকে সরকারী মূল্যে ধান কেনার বিষয়টির সরলীকরণ করেছেন এবং বিজ্ঞপ্তি জারি করেছেন।

প্রক্রিয়াটি নিম্নে বর্ণিত হলঃ

রাজ্য সরকারের জারি করা 495-FS/Sectt/Food/4p-08/2015 Dated 20.02.2017নং বিজ্ঞপ্তি অনুসারে

(১) ধান ক্রয় কেন্দ্রে একজন কৃষকের মাথাপিছু ধান বিক্রয়ের ঊর্ধ্বসীমা বিলোপ করা হয়েছে।

(২) ধান বিক্রয়ে ইচ্ছুক কৃষকদের জমি সংক্রান্ত কোন নথি দেওয়ার প্রয়োজন নেই।

(৩) ধানের মূল্য কৃষকদের ব্যাংক অ্যাকাউন্ট, সমবায় সমিতিতে কৃষকের অ্যাকাউন্ট, অথবা পোস্ট অফিসের অ্যাকাউন্টে জমা হবে নিম্নরূপ উপায়েঃ

(ক) ধান ক্রয় কেন্দ্রে যদি একজন কৃষক দিনে সর্বাধিক ৪৫ কুইন্টাল ধান বিক্রি করেন এবং তিনি IFS code যুক্ত ব্যাংক অ্যাকাউন্ট দেন, সেক্ষেত্রে ধানের মূল্য সরাসরি কৃষকদের ব্যাংক অ্যাকাউন্টে NEFT এর মাধ্যমে জমা পড়বে।

(খ) যদি কোন কৃষক ৪৫ কুইন্টাল-এর কম ধান বিক্রি করেন এবং তিনি IFS code যুক্ত ব্যাংক অ্যাকাউন্ট না দেন, তবে সেক্ষেত্রে ধানের মূল্য cheque এর মাধ্যমে দেওয়া হবে।

(গ) কোন কোন কৃষক ৪৫ কুইন্টাল এর বেশি ধান বিক্রি করেন তবে তার মূল্য অবশ্যই cheque-এর মাধ্যমে দেওয়া হবে।

(ঘ) একজন কৃষক একদিনে একাধিকবার ধান বিক্রি করতে পারবেন।

(৪)CMR Agency গুলি E-Procurement software-এর ব্যবহার করার ক্ষেত্রে সিদ্ধান্ত নিজেরাই নেবেন।

শ্রী সমীর কুমার জানা : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়, বর্তমানে মা মাটি মানুষের সরকারের পক্ষ থেকে কৃষকদেরকে কতটা সরকারী মূল্যে ধানগুলিকে পৌঁছে দেওয়া যায় এবং তারজন্য যে সরলীকরণের যে ব্যাখ্যা দেওয়া হল এই পবিত্র সদনে এটা নিশ্চয় আজকে যারা যারা সমালোচনা করছিলেন, এটার ব্যাখ্যা শোনার পরবর্তীকালে বোধহয় আর সমালোচনা করার জায়গা আছে বলে মনে হয় না। যাইহোক স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন—মা মাটি মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে আমরা এখন যে আপনি সি পি সি বলছেন, ডি পি সি বলছেন এটা কি এই রাজ্যে কখনো আগে প্রচলন ছিল, নাকি এখন মা মাটি মানুষের সরকার আসার পরে এই সি পি সি কে প্রচলন করা হয়েছে। আমি জানতে পারছি মন্ত্রী মহাশয়ের কাছে যে দক্ষিণ ২৪ পরগণা জেলায় কোথায় কোথায় সি পি সি খোলা সম্ভব হয়েছে। এটা অনুগ্রহ করে যদি বলেন।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : এই প্রক্রিয়াটা ছিল না। এটা প্রথম আমরা আরম্ভ করেছিলাম ২০১২ সালে।কেন্দ্রীয় ধান্যক্রয় কেন্দ্র, এটা হল সি পি সি। আর ডি পি সি হল ডাইরেক্ট পারচেজিং সেন্টার।যেখানে ছোট ছোট গ্রামে গিয়ে ক্যাম্প করে ধানগুলি কো-অপারেটিভ সোসাইটি বা সেল্ফ হেল্প গ্রুপ যারা নিযুক্ত হয়েছে, তারা কিনবে। আপনার প্রশ্ন হল- দক্ষিণ ২৪ পরগণায় কটা সি পি সি আছে। আমি পড়ে শোনাই। বারুইপুর, ডায়মন্ডহারবার (১), ডায়মন্ডহারবার (২), বিষ্ণুপুর (২),মথুরাপুর(১),পাথরপ্রতিমা, বাসন্তি,ভাঙড়(১), ভাঙড়(২), বজবজ (২), ক্যানিং (১), ক্যানিং (২), বিষ্ণুপুর (১),ফলতা, গোসাবা,জয়নগর(২),কাকদ্বীপ, কুলপি, কুলতলি,মন্দিরবাজার, মথুরাপুর(২),মগরাহাট (১),মগরাহাট (২),নামখানা,সাগর।সেকেন্ড সি পি সি খোলা হয়েছে,

যেখানে ধান একটু বেশি কেনা হচ্ছে। সেখানে আর একটু একস্ট্রা করেছি। সেটা হচ্ছে গোসাবা,পাথরপ্রতিমা, সাগর।

[11:20 – 11.30 a.m.]

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার দ্বিতীয় অতিরিক্ত সাপ্লিমেন্টারি, ১লা মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত কতজন কৃষক ধান বিক্রি করেছেন অনুগ্রহ করে যদি সদনে বলেন।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আমরা ৩ লক্ষ ৫৮ হাজার ৯ জন কৃষক ধান বিক্রি করেছেন। রেজিস্ট্রেশন করেছেন ৫ লক্ষ ৫০ হাজার কৃষক।

ধানসংগ্রহকারী সমবায় কেন্দ্রের সংখ্যা

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২) **শ্রী বিশ্বনাথ চৌধুরী** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে কতগুলি সমবায় কেন্দ্র থেকে ধান সংগ্রহ করা হচ্ছে; এবং

(খ) উক্ত ধানের পরিমাণ কত?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি —

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে ২৪৩টি সমবায় কেন্দ্র থেকে ধান সংগ্রহ করা হচ্ছে।

(খ) উক্ত ধানের পরিমাণ ৩৬৫৪০ মেট্রিক টন।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন, এই বছর ধান সংগ্রহের লক্ষ্যমাত্র কত এবং প্রতিদিন কত হাজার টন ধান সংগ্রহ করা হয় এবং গনবণ্টন ব্যবস্থার জন্য এই বছর কত চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : এই বছর কে.এম.এস. ২০১৬-১৭তে আমরা কিনবো ৫২ লক্ষ মেট্রিক টন। দ্বিতীয় হচ্ছে যে, প্রতিদিন প্রায় গড়ে - এটা তো পার্টিকুলার হিসাব বলতে পারবো না, গতকাল রাত্রেই যেমন পোর্টালে এসেছে ৬০ হাজার ৪০০ মেট্রিক টন। প্রতিদিন গড়ে প্রায় ৬০ হাজার থেকে ৬৫ হাজারের মত আসছে। আর চাল সংগ্রহের ক্ষেত্রে আমাদের আর.কে. এস.ওয়াই. ১, ২ এবং এন.এফ.এস. চালাতে গেলে মান্থলি লাগে ২ লক্ষ ২০ হাজার মেট্রিক টন চাল। এই পাঁচটা প্রোজেক্ট আছে। এন.এফ.এস. এর ৩টে প্রোজেক্ট আর রাজ্য সরকারের ২টো প্রোজেক্ট আছে। ৫টা চালাতে গেলে ২ লক্ষ ২০ হাজার মেট্রিক টন চাল লাগে পার মান্থ।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আমার প্রশ্ন হচ্ছে, গরীব কৃষকদের কাছ থেকে কত ধান ক্রয় করা হয়েছে ? তার পরিসংখ্যান কি মন্ত্রী মহাশয়ের কাছে আছে ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : স্যার, এই প্রশ্নটা এর সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। আপনি যদি নির্দিষ্টভাবে এই বিষয়ে আমাকে চিঠি দেন, তাহলে আমি নিশ্চয়ই ১ ঘণ্টার মধ্যে আপনাকে উত্তর দিয়ে দেবো।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : কত সংখ্যক গরীব কৃষকের কাছ থেকে ধান সংগ্রহ করেছেন, এ তথ্য কিন্তু থাকা দরকার।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : এটা আপনি সমবায় নিয়ে প্রশ্ন করেছেন ..... (গোলমাল) .....

শ্রী বিশ্বনাথ চৌধুরী : ..... (গোলমাল) .....না, না, আমি দ্বিতীয় প্রশ্ন যেটা করেছি সেটা হচ্ছে, গরীব কৃষকদের কাছ থেকে কত ধান সংগ্রহ করেছেন ? ..... (গোলমাল) .....

মিঃ স্পীকার : ..... (গোলমাল) ..... ঠিক আছে, আপনি লিখিত দেবেন, উনি আপনাকে উত্তর দিয়ে দেবেন। ..... (গোলমাল) .....

শ্রী অপূর্ব সরকার : মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, লেভি আর সি.এম.আর. - দুই পদ্ধতিতে ধান কেনা হয়। লেভিটা কমছে, সি.এম.আর.টা দিন দিন বাড়ছে। সমবায় সমিতিগুলোকে আপনি মাঠে নামাচ্ছেন বলছেন যে, বেনফেড, কনফেড়, নাফেড়, সি.সি. এফ. - সবাইকে নামিয়ে ধান কেনার ব্যবস্থা বিগত বছরগুলোতে আমরা দেখেছি। কিন্তু এখন পর্যন্ত যেহেতু সমবায় সমিতিগুলোর কাছে কোনো টাকা নেই, পিছনের দরজা দিয়ে বেনফেড, কনফেড, নাফেড - এদের মিল মালিকদের সহায়তায় সমবায় সমিতিগুলোতে টাকা ইনভেস্ট করে সমবায় সমিতিগুলো গ্রামে গ্রামে গিয়ে ধানটা কিনতো মিল মালিকরা দাঁড়িয়ে থেকে সমবায় সমিতির কাগজগুলো হাতে নিয়ে।

এতদিন এটাই বাস্তব ছিল। গ্রামের প্রান্তিক এবং ক্ষুদ্র চাষিরা ধান বিক্রি করতে পারতো ৫ কুইন্টাল থেকে ১৫ কুইন্টাল। আপনি এটা তুলে দিলেন ২০.০২.২০১৭। অর্ডার বলে, কারো কিছু লাগবেনা যে যত পারো ভাই ধান বিক্রি কর। প্রান্তিক এবং ক্ষুদ্র চাষিরা যারা ৩০ কিলোমিটার দূর থেকে CPC-তে আসতে পারছেনা। গত বছর পর্যন্ত ছিল পঞ্চায়েত লেভেলে। যেটা আমার বিধায়িকার প্রশ্ন ছিল পঞ্চায়েত লেভেলে গ্রামে গ্রামে একটা পঞ্চায়েতে একটা করে জায়গা স্থির করে সেখানে ধান কেনা হত। সেখানে সমবায়গুলো যেত, এই এজেন্সিগুলো যেত গিয়ে ধান কিনতো। এটা এ বছর হচ্ছেনা। ক্ষুদ্র প্রান্তিক চাষির সংখ্যা

পশ্চিমবঙ্গে বেশি। আপনি সিলিং লিমিট তুলে দিলেন। তাহলে কি হল? ফড়ে, দালালরা ৯০০, ১০০০, ১১০০ করে ধান কিনে নিজেকে চাষি সাজিয়ে IFS কোড দিয়ে সমস্ত টাকা, সমস্ত মুনাফাটা কিন্তু তারা লাভ করছে। সেই রাস্তাটা সুগম করে দিলেন। তাহলে ক্ষুদ্র পান্তিক চাষিরা গ্রামে বসে, তার অঞ্চলে বসে ধান বিক্রি করতে পারবে কিনা এই সামান্য প্রশ্নের উত্তরটুকু আপনার কাছে চাইছি।।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্য অনেক প্রশ্ন করেছেন। অপূর্ববাবু, আপনার প্রথম প্রশ্ন হল ভুল। ভারত সরকার লেভি তুলে দিয়েছে। আপনি জানেননা। লেভি আর নেওয়া হয়না কোনো রাইস মিলের কাছ থেকে। আগে ছিল ২৫% তারপর ৫০% তারপরে ৬০% আর এখন জিরো। কোন লেভি নেওয়া হয়না। এখন CMR agency-রা ধান কেনে। এ বছর চারটে CMR agency ধান কিনছে। ভারতবর্ষের ইতিহাসে প্রথম কোন রাজ্য ধান ক্রয় কেন্দ্র খুলেছে। ভারতবর্ষে কোথাও নেই। আপনি একটু নেটে চলে যাবেন গিয়ে দেখে নেবেন। ৩২৯টা কেন্দ্র খোলা হয়েছে। সেখানে সকালবেলা ১০টায় খোলা হয় যদি রাত্রিবেলা ৮টা পর্যন্ত ধান বিক্রি করে এবং ১০ পর্যন্তও ধান আমরা নিই। পোর্টালে আসে। আপনি যা বললেন কো-অপারেটিভ সোসাইটি এরা ধান কিনতে যাবে। আজকের দিনে দাঁড়িয়ে ৯৮১টা কো-অপারেটিভ সোসাইটি ধান

কিনছে। শুনলে খুশি হবেন যে, ভারতবর্ষের কোথাও Self Help Group ধান কেনেনা। মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এ বছর Self Help Group ধান কিনছে। ভারতবর্ষের ইতিহাসে প্রথম। আর আপনাকে বলছি, আপনি যেটা বললেন DPC. DPC মানে হচ্ছে, Direct Purchasing Centre। শুনুন, দুঃক্ষের কথা আপনাদের যতগুলো মেম্বারকে আমি কাগজ পাঠিয়েছি আমি এই তরফের কাগজ পেয়েছি কিন্তু দুঃক্ষের বিষয় আপনাদের তরফ থেকে দু/চারজনের বেশি পাইনি। দু চারজনের বেশি পাইনি। আপনাদের আবার বলছি, আপনারা যদি ধান বিক্রি করতে চান আবার একটা কাগজ তৈরি করে আমাকে দিয়ে যান আমি আপনাদের আজকেই Bond দেবো। সবাই দেয়নি। আমি পেয়েছি কিন্তু সবাই দেয়নি।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : আমাকে কাগজটা দিয়ে যাবেন আমি মাননীয় মন্ত্রীকে পাঠিয়ে দেবো।

শ্রী অলোক কুমার মাঝি : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন। আমাদের বিরোধী দলের বিভিন্ন সদস্য-সদস্যাগণ বলছেন ধান কেনা হচ্ছেনা কিন্তু আমি বলতে চাই আমার গলসী বিধানসভায় আগের বছর আমরা জেলা ২০% ধান দিয়েছে। এ বছরও সাফল্যের সঙ্গে ধান কেনা হচ্ছে CPC, DPC এবং কিষান মান্ডির মাধ্যমে। মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, পূর্বের সরকারের মাধ্যমে কতজন চাষি উপকৃত হয়েছে আর আজকে আমাদের সরকার থাকাকালীন আমরা কতজন চাষিকে এই পরিষেবা দিতে পেরেছি।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : গলসীর মাননীয় সদস্য বলেছেন। গলসীতে আমরা CPC খোলার পর DPC খুলেছি। বারাজ বলে একটি কেন্দ্র সেখানে প্রচুর ধান হয়। সেখানে আমরা দুটো DPC খুলে নিচ্ছি। গতবারে আমরা ১৭ লক্ষ কৃষকের কাছ থেকে ধান কিনেছিলাম। এ বছর এই প্রক্রিয়া চলছে। এটা আমাদের ৩০শে সেপ্টেম্বর শেষ হবে। প্রচুর কৃষক, প্রত্যেক দিন ৩০ থেকে ৪০ হাজার কৃষক তাদের নাম নথিভুক্ত করছেন এবং পরের দিন ধান নিয়ে আসছেন। জেনে রাখুন এ বছর AFT-র মাধ্যমে ধান কেনা হবে। আপনি জেনে রেখে দিন এ বছর কোনো জায়গায় কোনো কারচুপি করা যাবেনা। সরাসরি কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা যাবে। কোনো ফোড়েপন্থী মাঝখানে থাকতে পারবেনা।

[11:30 – 11.40 a.m.]

श्री मनोज तिग्गा : माननीय अध्यक्ष महोदय के माध्यम से माननीय खादय मंत्री से मेरा प्रश्न है कि जैसे पहले चाय वगान मे 35 किलों जो सीधी भाषा मे समझते है राशान दिया जाता था उसमे Self Help Group पहले देते थे उसमे Self Help Group का नाम लिखा हुआ है Digital Card में लेकिन अभी Self Help Group को हटाकर चाय वगान के मालिक दे रहे हे तो एसा क्यों हो रहा है?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আপনি কোন জেলার জলপাইগুড়ি না আলিপুরদুয়ার বলছেন?

শ্রী মনোজ টিগ্রা : আলিপুরদুয়ার।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আলিপুরদুয়ার, একটু শুনে নিন। তাহলে পুরোটাই শুনবেন। আলিপুরদুয়ারে মোট চা বাগান ৫৯টা। খোলা চা বাগান ৪৮টা। ঠিক আছে ? সম্পূর্ণ বন্ধ চা বাগান ১১টা। তারা প্রত্যেকে অন্ত্যোদয় অন্নপূর্ণা যোজনার পরিবার হচ্ছে ৪ থেকে ৬ জন। ২০ কেজি করে আটা পায়। ১৫ কেজি করে চাল পায়। এরমধ্যে ডানকান গ্রুপস্-এর ৭টি চা বাগান বন্ধ। জয়বীরপাড়ার একটি চা বাগান আছে, সেটা বন্ধ হয়েছে। ১১টা চা বাগান এবং ১৪টি চা বাগান

অর্থাৎ ২৫টি চা বাগানে দু'টাকা কেজি দরে চাল ও আটা দেওয়া হয়। ৩৪টি চা বাগানের মধ্যে ৮টি চালায় সেল্ফ হেল্প গ্রুপ। লিখে নিন। আর ২৬টি চালায় ম্যানেজমেন্ট। এবং ৩৪টি চা বাগানে ৪০ পয়সা কেজি দরে আটা ও চাল দেওয়া হয়। ভারতবর্ষে কোথাও নেই।

রেশন কার্ড প্রাপকের সংখ্যা

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯) **শ্রী তন্ময় ভট্টাচার্য** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে কত সংখ্যক মানুষ রেশন কার্ড পেয়েছেন;

(খ) তন্মধ্যে, কত সংখ্যক মানুষ দু টাকা কেজি দরে চাল পাচ্ছেন; এবং

(গ) উক্ত চাল প্রাপকদের মধ্যে কতজন মানুষ এ. এ. ওয়াই, পি. এইচ. এইচ এবং এস. পি. এইচ. এইচ প্রকল্পের আওতাধীন ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় বিধায়ক শ্রী তন্ময় ভট্টাচার্য কর্তৃক উত্থাপিত বিধানসভার তারকা চিহ্নিত প্রশ্ন নং ১০৯ এর উত্তর ঃ

ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে ৭,৯৬,৫২,৫৬১ (এন.এফ.এস.এ. ও আর.কে. এস.ওয়াই. কার্ড) সংখ্যক মানুষকে ডিজিটাল রেশন কার্ড দেওয়া হয়েছে।

খ) তন্মধ্যে ৬,৭৬,৭৫,৭৩৯ সংখ্যক মানুষ ২ টাকা কেজি দরে চাল পাচ্ছেন।

গ) উক্ত চাল প্রাপকদের মধ্যে এ.এ.ওয়াই. - ৫৩,৮১,৯৪৪ জন, পি.এইচ.এইচ. - ২,৭৬,২৬,৮৬৪ জন এবং এস.পি.এইচ.এইচ. - ২,৭১,৭৬,৬১২ জন সংশ্লিষ্ট প্রকল্প গুলির আওতাধীন।

শ্রী তন্ময় ভট্টাচার্য : Sir, আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, ২ কোটি ৭১, ২ কোটি ৭৬, ৫৩ লক্ষ মানে সব মিলিয়ে দুই, দুই, চার, সাড়ে পঁয়তাল্লিশ - প্রায় ছ'কোটি। এই ছ'কোটি মানুষ তাহলে AAY, PHH, SPHH-এর আওতাধীন মানে কেন্দ্রীয় সরকারী প্রকল্পের আওতাধীন এবং কেন্দ্রীয় সরকারী প্রকল্পের আওতার দু'টাকা কেজি চাল এরা পাচ্ছে। মোট পাচ্ছে ৬ কোটি ৭৬। ৬ কোটি পাচ্ছে কেন্দ্রীয় সরকারের প্রকল্পে। তার মানে রাজ্য সরকারের প্রকল্পে। দু'টাকা কেজি চাল পাচ্ছে ৭৬ লক্ষ ৭৫ হাজার ৭৩৯ or more or less এটা কি সত্য ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : স্যার, RKSY I আর II, উনি ভুল করে ফেলেছেন। রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা I আর যোজনা II। যোজনা I কাদের ? যোজনা I হচ্ছে, আপনাকে এটা একটু পড়ে নিতে হবে যে, কোন কোন পরিবার যোজনা I-এ আসতে পারে। আশ্রয়হীন পরিবার, নিঃসহায় ভিক্ষাবৃত্তি দ্বারা জীবিকা নির্বাহকারী পরিবার। মেথর, আদিম জনজাতি পরিবার, আইনগতভাবে মুক্ত আবর্ত শ্রমিক পরিবারগুলিকে এবং আইনের আওতায় যোগ্য পরিবার হিসেবে চিহ্নিত করা হয়েছে। চলে আসুন। কেবলমাত্র কাঁচা দেওয়াল ও কাঁচা ছাদযুক্ত এককক্ষ বিশিষ্ট গৃহ রয়েছে এমন পরিবার। সেই পরিবার যেখানে ১৬ থেকে ৬০ বছর বয়সের মধ্যে কোনো প্রাপ্ত বয়স্ক সদস্য নেই। তিন, সেই পরিবার যেখানে ১৬ থেকে ৬০ বছর বয়সের মধ্যে পুরুষ সদস্য নেই সেই পরিবারের প্রধান একজন মহিলা। চার, সেই পরিবার যার কোনো একজন সদস্য প্রতিবন্ধী এবং সেখানে কোনো সক্ষম প্রাপ্তবয়স্ক সদস্য নেই। তপশিলি জাতি ও উপজাতি, ২৫ বছরের ঊর্ধে কোনো স্বাক্ষর সদস্য নেই এমন পরিবার, ভূমিহীন পরিবার যাদের আয়ের মূল উৎস ঠিকাশ্রম।

এরা পাবে দু'টাকার চাল। দু'টাকার উপরে যদি চাল আপনি নিতে চান, যে আপনি সচ্ছল, আপনি ৩০-৪০,০০০ টাকা মাইনে পান, পরিবার চালাতে পাচ্ছেন না, মা-বাবা, ভাই-বোন, অবিবাহিত বোন আছে, তাদের নিয়ে চালাতে গেলে আপনাকে রাজ্য সরকার তারজন্য একটা প্রকল্প করেছেন। RKSY II। RKSY II করেছেন। তাতে ৯ টাকা আপনি contribution করবেন গমের জন্য আমরা ৯ টাকা আপনাকে দেব। আপনি ১৩ টাকা চালের জন্য contribution করবেন আমরা ১৩ টাকা দেব। এটা হল RKSY II। রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার হল দু'টি প্রজেক্ট। RKSY I এবং RKSY II।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার, মাননীয় মন্ত্রী সবটা ঠিক বলেছেন। একটা নিয়েও আমার কোন প্রশ্ন নেই এবং এই যেটা বলেছেন এই সবটাই আমি জানি, ঠিকই বলেছেন উনি। আর কে এস ওয়াই ২ -১৩টাকা, ৯টাকা, আর কে এস ওয়াই ১- যা যা সাজিয়েছেন সবটা সঠিক। আমার জিজ্ঞাস্যটা উনি সযত্নে এড়িয়ে গিয়েছেন, আমার জিজ্ঞাসা ছিল, উনি বলেছেন ৬কোটি ৭৬লক্ষ ৭৫হাজার ৭৩৯জন ২টাকা কেজি চাল পায়। উনি বলেছেন, এর ভিতর ৫৩লক্ষ ৮১হাজার ৯৪৪ এ ওয়াই,২কোটি ৭৬লক্ষ ২৬হাজার ৮৬৪ পি এইচ এইচ, ২কোটি ৭১লক্ষ ৭৬হাজার ৬১২এস টি এইচ এইচ, আমার জিজ্ঞাসা ছিল, এ ওয়াই, পি এইচ এইচ এবং এস টি এইচ এইচ এর দু টাকা কেজি চাল কেন্দ্রীয় সরকার দেয়, তাহলে রাজ্য সরকার দেয় ৭৬লক্ষ লোককে ২টাকা কেজি চাল আর প্রচার করে ৮কোটি লোককে ২টাকা কেজি চাল দিচ্ছি, এইটুকু আমার জিজ্ঞাস্য।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : স্যার, এখানে বলি, আপনি প্রথমেই প্রশ্নটা পড়েননি। প্রথম লাইনটা পড়ন। ৭কোটি ৯৬লক্ষ ৫২হাজার ৫৬১ ওইটা উপরে আছে, গুলিয়ে গেছে, উপরের লাইনটা পড়ুন। কোয়েশ্চেনের প্রথম লাইনটা পড়ুন। (নয়েজ) আমরা তো বলছি, ৭কোটি ৯৭লক্ষ লোক এর আওতাভুক্ত হয়েছে। এই টোটাল আওতাভুক্ত ৭কোটি ৯৭লক্ষ লোক এর আওতাভুক্ত পড়ুন, উপরের লাইনটা পড়েননি।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাতে চাই, উপরের লাইনটা আমি পড়েছি এবং উনি ঠিক বলেছেন।

মিঃ স্পীকার : ঠিক আছে, বসুন।

শ্রী শঙ্কর মালাকার : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীকে আমি একটা প্রশ্ন করতে চাই এবং ধন্যবাদও দিতে চাই, খাদ্যমন্ত্রী আমার খুব বন্ধু লোক। উনি স্বীকার করেছেন, উত্তরবঙ্গে ১১টি চা বাগান বন্ধ আছে। তার জন্য ধন্যবাদ, আপনি স্বীকার করেছেন। শ্রমমন্ত্রী বলেছেন, একটাও বাগান বন্ধ নাই। আমার জানার ইচ্ছা, এই বন্ধ ১১টা চা বাগানের জন্য খাদ্য দপ্তর কি ব্যবস্থা নিচ্ছে ? আপনি স্বীকার করেছেন,১১টা চা বাগান বন্ধ আছে, এই ১১টা চা বাগানের ক্ষেত্রে আপনার দপ্তর কি ব্যবস্থা নিয়েছেন ? আর লেবার মিনিস্টার বলছেন একটাও বাগান বন্ধ নেই, আপনি স্বীকার করেছেন তার জন্য ধন্যবাদ।।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আপনাকে একটা কথা বলি, সত্যিকে সত্যি বলতে হবে। ২টাকা কেজি চাল,২টাকা কেজি গম পায় – যে চা বাগানের ম্যানেজমেন্ট চলে গেছে। এটা আজকের নয়। এটা থার্ট্টি ফোর ইয়ারস,৩৪বছরের রোগ। শুনুন, আমরা পেটে খাবার দিয়েছি,বাংলার মুখ্যমন্ত্রী পেটে খাবার জোগান দিয়েছেন। এটা দ্বিধাহীন কণ্ঠে বলতে পারি। এরা করেনি কেউ। আগের সরকার করেনি। আগের সরকার ছিল তারা কেউ করেনি। চা বাগানের একটা মানুষ স্টারভেশানে নেই, চা বাগানের একটা মানুষ অনাহারে থাকেনা,বাংলার মুখ্যমন্ত্রীর বদান্যতায়

যে চা বাগানের ম্যানেজমেন্ট নেই — বসুন, আপনি কোয়েশ্চেন করেছেন, উত্তর দিই। আপনি তারপর আবার করবেন। শুনুন শিষ্টাচারটা মন্ত্রী বললে আপনাকে বসতে হবে, আপনি যখন উঠবেন, আমি বসব। এটা হল শিষ্টাচার। এই শিষ্টাচারটা মেনটেন করতে হবে আপনাদের, আপনারা কেউ মেনটেন করেননা। — আপনাকে বুঝতে হবে যে চা বাগানের ম্যানেজমেন্ট নেই, আমরা দু টাকা কেজি চাল, দু টাকা কেজি গম দেবো, রাজ্য সরকার নিজের ফান্ড থেকে। এবং শুনলে খুশি হবেন, আপনি তো পাহাড়ের লোক। শুনলে খুশী হবেন, দার্জিলিং কার্শিয়াং কালিম্পং ৮লক্ষ ৭৫হাজার লোককে যত লোক বসবাস করে তাদের আমরা অন্ত্যোদয় অন্ন যোজনায় ঢুকিয়েছি, তারা ৬ কেজি গম,৫কেজি চাল পাচ্ছে। এটা ভারতবর্ষের কোথাও নেই।

[11:40 – 11.50 a.m.]

বিনামূল্যে চিকিৎসা প্রকল্প

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬১) **শ্রী অসিত মজুমদার** ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সকলের জন্য বিনামূল্যে চিকিৎসা প্রকল্প অনুযায়ী সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে; এবং

(খ) সারা বাংলায় 'মাদার অ্যান্ড চাইল্ড হাব' গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে কিনা?

ডাঃ শশী পাজা ঃ

(ক) (ক) পশ্চিমবঙ্গ সরকার সরকারী হাসপাতালে সবার জন্য বিনামূল্যে চিকিৎসা চালু করেছে। এর জন্য ওষুধের কাট্যালগ সংশোধিত হয়েছে ও এই কাট্যালগ অনুযায়ী বিভিন্ন রোগের জীবনদায়ী ঔষধ, কর্কট রোগ, মধুমেহ রোগ, রক্তাল্পতা, থ্যালাসেমিয়া ও অন্যান্য দুরারোগ্য ব্যাধির ঔষধ বিনামূল্যে রোগীদের দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া, পেসমেকার স্টেন্ট, অস্থিসংক্রান্ত হৃদরোগজনিত অসুস্থতার বিভিন্ন প্রতিস্থাপন যন্ত্রাংশ, বিভিন্ন প্রকার অস্ত্রপচার সংক্রান্ত চিকিৎসা সামগ্রী ইত্যাদি বিনামূল্যে রোগীদের দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

খ) স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকার অনেকগুলি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেছেঃ রাজ্যে গড়ে তোলা হচ্ছে ৭০টি SNCU (৬১টি ইতিমধ্যেই চালু), ৩০৭টি SNSU (৩০৩টি ইতিমধ্যেই চালু) ৩০টি HDU (২১টি ইতিমধ্যেই চালু) ও ৪২ টি CCU (৩৭ টি ইতিমধ্যেই চালু)। চালু করা হচ্ছে ১১৯টি ন্যায্য মূল্যের ওষুধের দোকান (১১২টি ইতিমধ্যেই চালু) ও ১১৭টি ন্যায্য মুল্যের ডায়াগনস্টিক কেন্দ্র (৯৫টি ইতিমধ্যেই চালু) রাজ্যের বিভিন্ন প্রান্তে গড়ে উঠছে ৪২টি মাল্টি সুপার স্পেশালিটি হাসপাতাল।

এ ছাড়াও, সরকার রাজ্যে ১৬ টি মাদার অ্যান্ড চাইল্ড হাব (MCH) গঠনের সিদ্ধান্ত নিয়েছে যার মধ্যে ৯টির অনুমোদন ইতিমধ্যেই দেওয়া হয়েছে। এর মধ্যে উলুবেড়িয়া সাব ডিভিশনাল হাসপাতাল, মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, নদীয়া জেলা হাসপাতাল এবং কলকাতা মেডিক্যাল কলেজ ও হাসপাতালে হয়েছে। বাকিগুলির কাজও খুব দ্রুত চলছে এবং খুব শীঘ্র সম্পূর্ণ করা হবে।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বিনামূল্যে কোন কোন হাসপাতালে পেসমেকার সরবরাহ করা হয়, এটা দয়া করে জানাবেন কি ?

ডাঃ শশী পাঁজা : মাননীয় সদস্যকে জানাই, ফ্রি ট্রিটমেন্ট পলিসি আমাদের রাজ্যে সমস্ত হাসপাতালে চালু হয়ে গেছে, তার মধ্যে পেসমেকারও যুক্ত থাকছে।

শ্রী অসিত মজুমদার : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের রাজ্যে মাদার অ্যান্ড চাইল্ড হাবে কি কি পরিষেবা পাওয়া যাবে ?

ডাঃ শশী পাঁজা : স্যার, আসলে মাদার অ্যান্ড চাইল্ড হাব যখন তৈরি করা হয় তার কিছু কিছু উদ্দেশ্য ছিল। যেমন high risk delivery-র লোডটা দেখা যাচ্ছিল বেশি ছিল। অনেক সময় বেড শেয়ারিং হচ্ছিল, অনেক সময় মায়েরা মাটিতে শুয়ে রয়েছে। আবার বাচ্চাদের ক্ষেত্রেও বেডের সংখ্যা কম ছিল, বেড শেয়ারিং হচ্ছিল, অর্থাৎ কনজেশান ছিল। এই কনজেশানের মোকাবিলা করার জন্য মাদার অ্যান্ড চাইল্ড হাব তৈরি করা হয়েছে। এর সঙ্গে যুক্ত হয়েছে ক্রিটিকাল বেড ও জেনারেল বেড। সুতরাং কমপ্লিকেসি প্রেগনেন্সিদের এখানে নর্মাল ডেলিভারি হবে, সিজারিয়ান হবে। অর্থাৎ হাই এন্ড সার্ভিসের সঙ্গে এটা যুক্ত হবে। মাদার অ্যান্ড চাইল্ড হাবের ব্যাপারে আবার একই কথার পুনরাবৃত্তি হবে। আর এই সমস্ত পরিষেবাগুলো বিনামূল্যে বা নিখরচায় পাওয়া যাবে।

Smt. Mahua Moitra : Hon'ble Speaker, Sir, I would like to ask the Hon'ble Minister for Health, what are the various pioneering programmes in rural healthcare that the West Bengal Government has set up which are not found anywhere else in India.

Dr. Shashi Panja : Hon'ble Speaker, Sir, out of many programmes, if we look at bird's eye view, there are certain schemes or certain services which we will not find in rest of India and among those it could be the free treatment policy, zero of pocket expenditure. This is available in all government health facilities in West Bengal. This has not started anywhere else in India. Alongside, we can say about the establishment of the critical care units. You will find the critical care units in tertiary health set-up. But to have them in a secondary or in a rural health set-up, this has also not happened in all over India. Alongside, we can add that the establishment of SNCUs, almost 62 SNCUs which have been established has brought down the IMR from 28 to 26 per thousand life birth in West Bengal whereas national average is 37 per thousand life birth. Alongside, very recently we have declared 'Sasthya Sathi Policy' which extends to the really underprivileged, extends to those beyond the framework they were never included. Almost 45 lakh families in 3 crore population are going to be included in health scheme where all facilities are absolutely free to them. I can, of course, highlight many more such schemes, but just few of them.

শ্রী সমর হাজরা : আমার অতিরিক্ত প্রশ্ন আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নের উত্তর দিয়েছেন, সরকারী হসপিটালে সবটাই বিনা পয়সায় চিকিৎসা হচ্ছে। আমার যেটা প্রশ্ন ছিল- সি টি স্ক্যান, এম আর আই, এক্স রে, এই সব পরীক্ষা-নিরীক্ষা যেগুলো করতে হয়, সেগুলো কি বিনা পয়সায় করছেন ? যদি পয়সা নিয়ে থাকেন, তাহলে কি রেট আছে জানাবেন কি ?

ডাঃ শশী পাঁজা : স্যার, আমি যেটা বলতে চাইছি, যখন এই ফ্রি পরিষেবাগুলো হয় এবং ডায়গোনস্টিকের ক্ষেত্রে যেহেতু উনি বলেছেন, ডিজিট্যাল এক্স-রের নীচে প্লেন এক্স-রে, আল্টা সাউন্ড ইত্যাদি যাবতীয় সবটাই ফ্রি। এই ব্যাপারে যখন চিন্তা-ভাবনা হয়, খুব হাই এনটেস্ট, যেমন- ডিজিটাল এক্স রে, সি টি স্ক্যান, এম আর আই - এগুলো পি পি পি মোডেতে বিষয়টা আরম্ভ হয়। ২০১৫ ডিসেম্বরে এটা নিয়ে চিন্তা-ভাবনা হয় যে পি পি পি মোডেতে সব জায়গায় হোক। পি পি পি মোড থেকে আরম্ভ করে একটা রেট ধার্য করা হয়েছে। সেটা অবশ্যই ছিল ৫০% অফ দ্য মার্কেট রেট। কিন্তু এর সঙ্গে যেটা যুক্ত করতে চাইছি যেহেতু এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে হেনসফোর্থ এই যে ২০০১ -এর ডিসেম্বর ২০১৬ থেকে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে ডিজিটাল এক্স-রে এবং সি টি স্ক্যান - এই সমস্তটা ফ্রি হবে ইন অল গভর্নমেন্ট হেলথ ফেসিলিটিজ সমস্তটা ফ্রি। সুতরাং এটা আমাদের জনপ্রতিনিধিদের জানা দরকার। যেটা চার্জ হচ্ছে সেটা হচ্ছে এম আর আই। এর সঙ্গে আমি এটা যুক্ত করে দিতে চাইছি, আপনি প্রশ্ন না করলেও বলছি যে ডায়ালিসিস ফ্রি হচ্ছে সমস্ত জেলা স্তরের সমস্ত হসপিটালে। এই ব্যাপারে যদি বলেন আগে রেট কি ছিল, তাহলে আমি বলতে পারি। যখন পি পি পি মোড ছিল, তখন হাফ মার্কেট প্রাইজ ছিল। তখন এখানে সি টি স্ক্যান পাঁচশো, ছ'শো করে নেওয়া হত। অথচ সি টি স্ক্যান আরও বেশি হয় প্রাইভেট সেট-আপেতে। এম.আর.আই -এর ক্ষেত্রেও বলতে পারি, ২২৫০ থেকে ২৫০০ নেওয়া হ'ত। বেসিক থেকে সাড়ে পাঁচশোও হয় লোয়ার অ্যাবডোমেন ইত্যাদি হ'লে। যেহেতু এটা আবারও হাফ এ্যান মার্কেট প্রাইস। কিন্তু এখন এম.আর.আই. চার্জ হচ্ছে, এম.আর.আই -এর ক্ষেত্রে দু'-একটা সেট -আপ ছাড়া বাকি জায়গায় আমরা চার্জ করছি। কিন্তু সিটি স্ক্যান এবং এক্স রে - সমস্ত ফ্রি।

[11:50 – 12.00 Noon]

Shri Nepal Mahata : অনারেবল স্পীকার স্যার, আমি মাননীয় মন্ত্রীকে যে ফ্রি চিকিৎসার কথা বললাম তিনি। বললেন সেই উত্তরের ওপর সাপ্লিমেন্টারি একটা কোয়েশ্চেন করতে চাই যে, একটু আগে এম.আর.আই এবং সিটি স্ক্যানের কথা। এই ফ্রি চিকিৎসার জন্য যে রোগীরা যাচ্ছে, প্রচণ্ড লাইন। এবং বিশেষ করে যে টেস্টগুলি দিচ্ছে, টেস্টগুলি হসপিটালে না হওয়ার ফলে বাইরে সবাইকে যেতে হচ্ছে। হসপিটালের ডেট প্রায় দু'মাস, তিনমাস পরে, ছ'মাস পরে পড়ে যাচ্ছে। যার ফলে বেসরকারী হাসপাতালে যেতেও অনেকে বাধ্য হচ্ছে। আমার স্পেসিফিক প্রশ্ন বিশেষ করে এম.আর.আই এবং সিটিস্ক্যান। এম.আর.আই কোন কোন হাসপাতালে কোলকাতার মধ্যে যে মেডিক্যাল কলেজগুলি আছে, কোন কোন জায়গাতে এই facilities আছে এবং ক'টা মেশিন এখন আপনার চালু আছে? এবং মেশিনের সংখ্যা বাড়ানোর জন্য কোন পরিকল্পনা আপনার আছে কিনা। যেহেতু সংখ্যা এবং প্রেসার অনেক বেশি। এই বিষয়টা যদি দয়া করে জানান।

Dr. Shashi Panja : মাননীয় বিধায়ককে অত্যন্ত সম্মান দিয়ে জানাই, আপনার অভিযোগগুলি অস্বীকার করলাম। দ্বিতীয়ত আপনি বলছেন যে, শূন্য থেকে আরম্ভ, সমস্তটা শূন্য থেকে আরম্ভ হয়েছে। সুতরাং ফেয়ার প্রাইস ডাইগনস্টিক সেন্টার - এগুলিকে বলা হয়। ফেয়ার প্রাইস ডাইগনস্টিক সেন্টার এবং ডাইলেসিস সার্ভিসেস - এ রকম ৯১টি ফেয়ার প্রাইস ডাইগোনেস্টিক সেন্টারস এস্টাবলিস হয়েছে। এখানে ক্যাপিটাল এক্সপেনডিচার সরকারের থাকছে in 47 hospitals of which 85 units...

Shri Nepal Mahata : এম.আর.আই. কোন কোন হসপিটালে আছে, এটা বলে দিন না, আমাদের সুবিধা হবে।

Dr. Shashi Panja : এই ৮৫ ইউনিটস-এর মধ্যে ৩৩টি ডায়লেসিস চলছে, ১২টি সিটি স্ক্যান চলছে, চারটি এম.আর.আই. চলছে এবং ৩৬টি ডিজিটাল এক্সরে। এই যে ৯১টি বললাম, এই সংখ্যা বাদ দিয়েও যেখানে ক্যাপিটাল এক্সপেনডিচার প্রাইভেট ইনভেস্টারও হয় সে রকম ২৩টি সিটি স্ক্যান এবং ন'টি এম.আর.আই। স্যার, এই হিউজ তালিকা, আমি লে করে দেব। যদি মনে করেন আর কোন জেলা ভিত্তিক জিজ্ঞাসা করেন তাহলেও আমি বলতে পারি।।

Shri Nepal Mahata : আমি কোলকাতা মেডিক্যাল কলেজগুলির কথা জানতে চাইছি।

Dr. Shashi Panja : আপনি কোলকাতা মেডিক্যাল কলেজগুলিকে চাইছেন। স্যার, সিটি তো আমি আগেই বলে দিয়েছি যে, ঘোষণা হয়ে গেছে December ২০১৬ তে যে, সিটি সবজায়গায় ফ্রি। সুতরাং, কোলকাতাকে আর আলাদা করতে হবে না। যেটা বলা যে, BIM -এ আমাদের যে সিটি স্ক্যান এমনিতেই গভর্নমেন্ট তরফ থেকে চালানো হচ্ছে, একদম ফ্রি। আর পিজি-তে এম.আর.আই. একদম ফ্রি। খুব সংক্ষেপে বলে দিলাম।

Shri Sujit Chakraborty : ধন্যবাদ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে। জানতে চাই যে, এই যে আপনি বললেন, ফ্রি ট্রিটমেন্ট হচ্ছে। হাঁ, ফ্রি ট্রিটমেন্ট হচ্ছে। কিন্তু অর্থপেডিকের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে, যে কোন হসপিটালে গেলে একটা তালিকা করে বিভিন্ন accessories আমার জন্য হাতে কাগজ ধরিয়ে দিচ্ছে, প্রেসক্রিপশান ধরিয়ে দিচ্ছে। তার ফলে কি হচ্ছে, গরিব মানুষদের খুব কষ্ট করে ওই জিনিসগুলি কিনতে হচ্ছে। এ ব্যাপারে আপনি ফ্রি করছেন, না করতে পারেন নি এখনও?

Dr. Shashi Panja : আপনি কি নির্দিষ্ট করে কোন হাসপাতালের কথা বলতে পারবেন যে, যেখানে এটা হচ্ছে। বিষয়টা আমরা দেখতে পারব। আমরা আপনাকে বলি দিই,

Shri Sujit Chakraborty : বাঁকুড়া মেডিক্যাল কলেজে এটা হয়েছে। এইটা হয়েছে এবং আমার কাছে তার ডকুমেন্টস আছে।

Mr. Speaker : আপনি লিখিত দেবেন।

Dr. Shashi Panja : আপনি লিখিত দিতে পারবেন তো। আপনি প্রশ্নের জন্য অপেক্ষা না করে লিখিত দিয়ে দিন। ...(নয়েজ)...আমি যেটা বলতে পারি যে, রাউন্ড দ্য ক্লক ওষুধগুলি ফ্রি হচ্ছে এবং আমাদের প্রায় ১৭৬৫টি ড্রাগ নথিভুক্ত রয়েছে। তার মধ্যে ২৬২টি অ্যান্টি ক্যানসার রয়েছে। এটা জানা প্রয়োজন। ৩৯টি সার্জিকাল আইটেমস রয়েছে। প্রথমে পেসমেকার ইত্যাদি সব যুক্ত করেছি। সুতরাং, কোন Patient ফেরত যাওয়ার কথা নয়। Patientকে ওই জায়গা থেকে সমস্তটা উপলব্ধি হয়ে যাওয়ার কথা এবং আমরা অনুরোধ করব, আপনারা এ বিষয়ে সাহায্য করবেন।

Shri Rabindranath Chatterjeee : স্যার, আপনার মাধ্যমে, মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করছি যে, কাটোয়া মহকুমা হাসপাতালে মাদার অ্যান্ড চাইল্ড হাব তৈরি করার জন্য এন.টি.পি.সি-র ১২ কোটি টাকা দেওয়ার কথা ছিল। সেটা এন.টি.পি.সি দিয়েছে কিনা আর যদি না দিয়ে থাকে তাহলে রাজ্য সরকার এখানে মাদার অ্যান্ড চাইল্ড হাব করার ব্যাপারে কোন উদ্যোগ নিয়েছে কিনা।

Dr. Shashi Panja : এই মুহূর্তে মাদার অ্যান্ড চাইল্ড হাব-এর লিস্ট আমি দিয়েছিলাম তাতে ন'টা স্যাংশান হয়েছে। তার মধ্যে পাঁচটির নাম ইতিমধ্যেই বলে দিয়েছি। চারটি বাকি আছে। সেগুলি কুচবিহারে ডিস্ট্রিক্ট হাসপাতালে, জলপাইগুড়ি ডিস্ট্রিক্ট হসপিটালে, মালদহ

মেডিক্যাল college হাসপাতালে এবং পশ্চিম মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে। আমরা পরে এটা বিবেচনা করব।

Smt. Sabina Yeasmin : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য,। বর্তমানে সারা বাংলা জুড়ে বেসরকারি হাসপাতালগুলোকে নিয়ন্ত্রক করার জন্য যে পদক্ষেপ নিচ্ছে তার জন্য ধন্যবাদ নিশ্চয় জানাব, কিন্তু ছোট্ট একটা প্রশ্ন, মানুষ বেসরকারি হাসপাতালে যাচ্ছে কেন? কেন মানুষ সরকারি হাসপাতালে পরিষেবা পাচ্ছে না? আপনি কি পদক্ষেপ নেবেন যে, গরিব মানুষ যাতে বেসরকারী হাসপাতালে না যায়, যেন সরকারি হাসপাতালে পরিষেবা পায়। সেই পদক্ষেপগুলি কি নেবেন? ধন্যবাদ।

ডাঃ শশী পাজাঁ : মানুষের সরকারের ওপর বিশ্বাস রয়েছে। এই সরকার সেই মানসিকতা রাখে। এই সরকার সেই মানবিকতা রাখে। এই সরকার কাজ করে। এই সরকার জবাব দেয়। সেই জায়গায় দাঁড়িয়ে দ্বিতীয় সেগনে এই সংক্রান্ত বিল আসছে এবং আপনার বলার জায়গা সেখানে থাকছে।

ডিজিটাল রেশন কার্ড

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭) **শ্রী মানস মুখার্জী** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে ডিজিটাল রেশন কার্ড ছাড়া সাধারণ মানুষ রেশন পাচ্ছেন না; এবং

(খ) সত্যি হলে, রাজ্যে ডিজিটাল রেশন কার্ড প্রাপ্ত মানুষের সংখ্যা কত?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক: মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় বিধায়ক শ্রী মানস মুখার্জীর প্রশ্ন ছিল –

উত্তরঃ (ক) এটা সত্যি নয়। বর্তমানে ডিজিটাল রেশন কার্ড ছাড়াও ফর্ম II/IV-এর প্রাপ্ত রসিদের। ভিত্তিতে সাধারণ মানুষ রেশন পাচ্ছেন।

উত্তরঃ খ) যদিও উত্থাপিত প্রশ্নটি সত্যি নয়,তবুও জানানো যেতে পারে যে বর্তমানে রাজ্যে ডিজিটাল। রেশন কার্ড প্রাপ্ত মানুষের সংখ্যা ৭,৯৬,৫২,৫৬১।

শ্রী মানস মুখার্জী : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে। আমাদের রাজ্যে রেশন -গ্রাহকের সংখ্যা ৯ কোটি ২৩ লক্ষ। অথচ মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন ডিজিটাল রেশন কার্ড এখনও পর্যন্ত ৭,৯৬,৫২,৫৬১ জন পেয়েছেন। তার মানে এখনও বহু মানুষ রেশন কার্ড পাননি। ডিজিটাল রেশন কার্ড নিয়ে আমরা ইদানিং দেখছি, মাননীয় মন্ত্রী মহাশয়ও জানেন, বিভিন্ন জায়গায় অশান্তি হচ্ছে, বিভ্রান্তি হচ্ছে। তাছাড়াও যে কার্ড পাওয়া যাচ্ছে তাতে ভুল-ত্রুটি প্রচুর ধরা পড়ছে মানুষের হয়রানি হচ্ছে। এব্যাপারে খাদ্য দপ্তরের পক্ষ থেকে মাননীয় মন্ত্রীর কী উত্তর?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক: মাননীয় সদস্য এবং হাউজের সমস্ত সদস্যকে জানাতে চাই, কোন রেশন কার্ড-ই বাতিল নয়। একটা বিভ্রান্তি হচ্ছে। কোন রেশন কার্ড-ই বাতিল নয়। পুরনো সাদা যে রেশন কার্ড ছিল, বড় পুরনো রেশন কার্ড, যদি ধরে নিই যে ৯ কোটি ৩০ লক্ষ মানুষের কাছে আছে তাহলে ৯ কোটি ৩০ লক্ষ মানুষের কাছেই সেটা বহাল। আপনি কি পাবেন ? এতে আপনি কেরোসিন তেল পাবেন। এই কার্ড-টা আইডেন্টিফিকেশনে ব্যবহার

করতে পারবেন। স্বাভাবিকভাবেই যদি একটা গ্যাসের সিলিন্ডার আনতে যান ব্যবহার করতে পারবেন কার্ড-টা। সেভিংস ব্যাঙ্কে অ্যাকাউন্ট করতে গেলে ব্যবহার করতে পারবেন। আমি যদি একটা প্যান কার্ড করতে যাই ব্যবহার করবো। আমি যদি ভোটার আই. কার্ড করতে যাই ব্যবহার করবো। আমি যদি পাসপোর্ট করতে যাই ব্যবহার করবো। স্বাভাবিক ভাবে এই বিভ্রান্তিতে মানুষ জেনে রেখে দিন কোন রেশন কার্ড-ই বাতিল নয়।

'তাঁত সাথী' প্রকল্পের সংখ্যা

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩১) **শ্রী কল্লোল খাঁ** ঃ ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত পাঁচ বছরে রাজ্যে কতগুলি তাঁত সাথী' প্রকল্প চালু হয়েছে (জেলাওয়াড়ি তথ্য সহ);

(খ) উক্ত প্রকল্পে কত সংখ্যক তাতী উপকৃত হয়েছেন; এবং

(গ) ঐরূপ প্রকল্পে তাঁতীদের কী ধরনের সুবিধা প্রদান করা হয়েছে?

মিঃ স্পীকার : উনি লিখিত উত্তর দিয়েছেন। আপনি সাপ্লিমেন্টারী করুন।

শ্রী স্বপন দেবনাথ : মাননীয় অধ্যক্ষ মহাশয়,মাননীয় বিধায়ক শ্রী কল্লোল খাঁ মহাশয়ের প্রশ্নের উত্তর জানাই -

(ক), (খ) এবং (গ) : তাঁতসাথী' প্রকল্পে যে সমস্ত তন্তুজীবীর নিজস্ব তাঁত নেই এবং অন্যের তাঁতে কাজ করেন বা নিজস্ব তাঁতটি কাজের অনুপযুক্ত তাদের প্রত্যেককে ১ টি সম্পূর্ণ নূতন গর্ততাঁত (পিটলুম) এবং ১ সেট তাঁত সরঞ্জাম যথা- সানা (রীড), (রিবন), চরকা, মাকু, নলি প্রদান করা হয়েছে। এই প্রকল্পের উদ্দেশ্য হল, যাতে তন্তুজীবীরা নিজস্ব তাতে তাঁত বুনে তাদের আয়বৃদ্ধি ঘটাতে পারেন এবং জীবন-জীবিকার মনোন্নয়ন করতে পারেন তার জন্য তাঁদের সাহায্য করা।

তাঁতসাথী প্রকল্পে মোট ৬২,৮৪৬ জন তাঁতী উপকৃত হয়েছে।

জেলাভিত্তিক পরিসংখ্যান নিম্নরূপ ঃ

জেলা.	তাঁত ও তাঁত সরঞ্জাম সরবরাহের পরিমাণ	উপকৃত তাঁতীর সংখ্যা
বাঁকুড়া	২,৪৮১	২,৪৮১
বীরভূম	৩,৫৫৫	৩,৫৫৫
বর্ধমান	১৪,৭০৮	১৪,৭০৮
কোচবিহার	১,১০০	১,১০০
দক্ষিণ দিনাজপুর	৪৭২	৪৭২
উত্তর দিনাজপুর	৫০	৫০
হুগলী	৩,৫৬৭	৩,৫৬৭

হাওড়া	১,৮০৫	১,৮০৫
আলিপুরদুয়ার	৪৩৯	৪৩৯
মুর্শিদাবাদ	২,৫৪৩	২,৫৪৩
নদীয়া	২৬,৮০০	২৬,৮০০
উত্তর ২৪ পরগণা	৩৩০	৩৩০
পশ্চিম মেদিনীপুর	৮৩৭	৮৩৭
পূর্ব মেদিনীপুর	৩,০৬০	৩,০৬০
মালদা	১,০৭৪	১,০৭৪
পুরুলিয়া	২৫	২৫
মোট	৬২,৮৪৬	৬২,৮৪৬

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন, এই 'তাঁতসাথী' প্রকল্প বিগত ৩৪ বছরে, আমি ১০ বছর সদস্য ছিলাম, বামফ্রন্ট সরকারের আমলে 'তাঁতসাথী' প্রকল্পের নাম-ই শুনিনি। পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই এই প্রকল্প চালু করার জন্য। মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, এই 'তাঁতসাথী' প্রকল্প যা চালু হয়েছে তা সারা পশ্চিমবাংলার বিভিন্ন ব্লকে মোট কতগুলো ক্লাস্টার তৈরি করে তাঁতসাথী প্রকল্পকে উন্নত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে জানাবেন কি?

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় সদস্য কল্লোল খাঁ-কে জানাতে চাই, পশ্চিমবঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে শ্রদ্ধা এবং কৃতজ্ঞতা জানাই ভারতবর্ষের কোন রাজ্যে আমার তাঁত, তাঁতশিল্পীকে তার অধিকার, যারা মহাজনের অধীনে এতদিন তাঁত বুনতো, কেউ চালু করেননি, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী চালু করেছেন 'তাঁতসাথী' প্রকল্প।

[12:00 – 12.10 p.m.]

এতদিন যারা স্লোগান দিতেন "লাঙল যার জমি তার আর মমতা ব্যানার্জী বললেন "তাঁত যার তাঁতী সে"- এই প্রকল্প চালু করলেন। আর এটাও জানেন পাশে শিল্পী বসে আছেন ইন্দ্রনীলদা, সভ্যতার বড় অহংকার বস্ত্র। আমাদের লজ্জা নিবারণের জন্য যারা গামছা বোনে, শাড়ি বোনে, চাদর বোনে, কাঁপড় বোনে, ধুতি বোনে তাদের স্বীকৃতি মমতা বন্দ্যোপাধ্যায় দিয়েছেন, একে শিল্পী হিসাবে তাদের বাঁচবার জন্য। আপনি নিশ্চয়ই জানেন - আপনাকে এক মিনিটে বলি শুধু তাঁত দেওয়াটাই বড় কথা নয়, একটা তাঁতের সঙ্গে কি কি লাগে? চরকা লাগে কাঠ কিংবা বাঁশের সেটাও দেওয়া হচ্ছে। কি লাগে? সানা লাগে যেটায় কাপড়ের সুতো থাকে, সেটাও দেওয়া হচ্ছে। কি লাগে? নলি লাগে, সেটাও দেওয়া হচ্ছে। কি লাগে? ববিন লাগে, সেটাও দেওয়া হচ্ছে। একটা তাঁতের সঙ্গে তিনটে লোক জড়িয়ে আছে। ৬২ হাজার যদি দিয়ে থাকি তাহলে দু লক্ষ তাঁত শিল্পী উপকৃত হচ্ছেন। আর এই সরকার আসার পর ১০৫ টা ক্লাস্টার তৈরি হয়েছে। ৩২ হাজার তাঁত শিল্পী তাতে উপকৃত হয়েছেন। এইভাবে মমতা বন্দ্যোপাধ্যায় পুওরেস্ট অব দ্য পুওর গরীব মানুষদের কর্মসংস্থানের ব্যবস্থা সুনিশ্চিত করেছেন।

শ্রী প্রদীপ কুমার সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলতে চাই, আমার বিনীত প্রশ্ন বর্ধমান জেলার পূর্বস্থলী দুই নং ব্লক এলাকায় এই তাঁতসাথী প্রকল্পে

কত মানুষ উপকৃত হয়েছেন? এবং বিরোধী বিধায়কদের পাঠানো এই তালিকায় আগামী বর্ষে তারা কি পেতে পারে?

শ্রী স্বপন দেবনাথ : তাঁতসাথী প্রকল্পে সিলেকশান করেন ডিস্টিক্ট লেভেল কো-অর্ডিনেশন মনিটারিং কমিটি। জেলাশাসক যার মাথার উপরে আছেন। ব্লকওয়ারি আপনাকে পরে বলতে পারবো। কিন্তু বর্ধমান জেলাতে ১৪ হাজার ৭০৮ জনকে দেওয়া হয়েছে।

Question Hour is over.

Starred Questions

(to which oral answers were laid on the 'Table')

সরকারি হাসপাতালে সি.টি. স্ক্যান ও এম.আর.আই. পরিষেবা

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫) **শ্রী কালীপদ মণ্ডল** ও স্বাস্থ্য ঃ পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের কোন কোন সরকারি হাসপাতালে সি.টি. স্ক্যান ও এম.আর.আই. করার ব্যবস্থা আছে?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী

ক) স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকার অনেকগুলি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেছে:

রাজ্যে গড়ে তোলা হচ্ছে ৭০টি SNCU (৬১টি ইতিমধ্যেই চালু), ৩০৭টি SNSU (৩০৩টি ইতিমধ্যেই চালু), ৩০টি HDU (২ ১টি ইতিমধ্যেই চালু) ও ৪২টি CCU (৩৭টি ইতিমধ্যেই চালু)। চালু করা হচ্ছে ১১৯টি ন্যায্য মূল্যের ওষুধের দোকান (১১২টি ইতিমধ্যেই চালু) ও ১১৭টি ন্যায্য মূল্যের ডায়াগনস্টিক কেন্দ্র (৯৫টি ইতিমধ্যেই চালু)। রাজ্যের বিভিন্ন প্রান্তে গড়ে উঠছে ৪২টি মাল্টি-সুপার স্পেশালিটি হাসপাতাল।

কলকাতা সহ রাজ্যের ৩৭টি সরকারী হাসপাতালে সিটি স্ক্যান ও ১৪টি সরকারী হাসপাতালে এমআরআই করার ব্যবস্থা আছে (তালিকা সংযোজিত)

District	Paddy Procured from 01.01.2017 to 20.02.2017 (in MT)
Alipurduar	7491
Bankura	14941
Birbhum	73610
Burdwan	71254
Cooch Behar	12652
D. Dinajpur	29805
Darjeeling	3905
Hooghly	49045
Howrah	16600

District	Paddy Procured from 01.01.2017 to 20.02.2017 (in MT)
Jalpaiguri	19599
Malda	24372
Mid [E]	51383
Midn (W)	36190
Murshidabad	68960
Nadia	15142
North 24 Pgns	39491
Purulia	9693
South 24 Pgns	30114
U. Dinajpur	23461
Total	597716

সরকারিভাবে ধান ক্রয়

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারী, ২০১৭ থেকে ২০শে ফেব্রুয়ারী, ২০১৭ পর্যন্ত সময়ে কত পরিমাণ ধান সরকারিভাবে ক্রয় করা হয়েছে (জেলাভিত্তিক তথ্য)?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়

১লা জানুয়ারী, '১৭ থেকে ২০শে ফেব্রুয়ারী, ২০১৭ পর্যন্ত মোট ৫,৯৭,৭১৬ মেট্রিক টন ধান সরকারি ভাবে ক্রয় করা হয়েছে যার জেলাভিত্তিক তথ্য সংযোজিত হল।

CT Scan and MRI units in the State

Sl No.	Name of the Hospital	Facility
1	BIN	CT Scan
2	Burdwan MCH	CT Scan
3	CoM & Sagar Dutta Hospital, Kamarhati	CT Scan
4	Siliguri DH	CT Scan
5	Alipurduar DH	CT Scan
6	Gangarampur SDH	CT Scan
7	Ratgung DH	CT Scan
8	Baruipur SDH	CT Scan
9	Vidyasagar SGH	CT Scan
10	Bishnupur DH	CT Scan
11	Canning SDH	CT Scan
12	Rampurhat DH	CT Scan
13	Jhargram DH	CT Scan
14	Uluberia SDH	CT Scan

Sl No.	Name of the Hospital	Facility
15	Coochbehar DH	CT Scan
16	Jalpaiguri DH	CT Scan
17	Purulia DH	CT Scan
18	Balurghat DH	CT Scan
19	Tamluk DH	CT Scan
20	Suri DH	CT Scan
21	Nadia DH	CT Scan
22	Howrah DH	CT Scan
23	Hooghly DH	CT Scan
24	mr Bangur dh	CT Scan
25	Barasat DH	CT Scan
26	Midnapur MCH	CT Scan
27	Anamoy (Burdwan Medical College)	CT Scan
28	Malda MCH	CT Scan
29	Murshidabad MCH	CT Scan
30	CoM & jnm Hospital, Kalyani	CT Scan
31	BSMCH	CT Scan
32	MRS MCH	CT Scan
33	CNMCH	CT Scan
34	BC Roy PGI	CT Scan
35	RGK MCH	CT Scan
36	SSKM Hospital	CT Scan
37	Kolkata mch	CT Scan
1	NRS MCH	MRI
2	BIN	MRI
3	RGKMCH	MRI
4	Burdwan mch	MRI
5	Kolkata mch	MRI
6	Bankura SMCH	MRI
7	NBMCH	MRI
8	Midnapur MCH	MRI
9	mr Bangur	MRI
10	IPGME&R- sskm	MRI
11	CNMCH	MRI
12	Malda MCH	MRI
13	Murshidabad mch	MRI
14	COM & Sagar Dutta Hospital, Kamarhati	MRI

পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির ডিলিমিটেশন

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *৯০) **শ্রী সমীর কুমার পোদ্দার** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার বড় পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিকে ডিলিমিটেশন করার সিদ্ধান্ত নিয়েছে; এবং

(খ) সত্যি হলে, এটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায় ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়

এই প্রশ্নটিতে 'ডিলিমিটেশন' শব্দটি ব্যবহার করা হয়েছে - যার মাধ্যমে সম্ভবত বড় গ্রাম পঞ্চায়েত ও বড় পঞ্চায়েত সমিতিকে বিভাজন করার বিষয়ে তথ্য জানতে চাওয়া হয়েছে। এ ক্ষেত্রে উল্লেখ করা যায় যে, বড় গ্রাম পঞ্চায়েত বা বড় পঞ্চায়েত সমিতি বিভাজন করার বিষয়ে সামগ্রিকভাবে কোনও সিদ্ধান্ত গ্রহণ করা। হয়নি। তবে বড় গ্রাম পঞ্চায়েত ও বড় পঞ্চায়েত সমিতি বিভাজন করার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা শাসকের মাধ্যমে বিস্তারিত তথ্যসহ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগে কোনও প্রস্তাব এলে তা বিবেচনা করা হয় এবং রাজ্য সরকারের অনুমোদনক্রমে সেই প্রস্তাব কার্যকর করা হয়।

এই বিভাজনের ব্যাপারে কোনও নির্দিষ্ট সময়সীমা থাকে না।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received five notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
i) Alleged attempt to occupy the land of Metapara Primary School in Barjora Assembly Constituency area	Shri Sujit Chakraborty
ii) Urge of dredging of Tangan river at Bamanpur and Habibpur Blocks in Malda district	Shri Khagen Murmu
iii) Urge for opening of Science and Commerce Streams in Kandara Radha kanta Kundu College in Ketugram Assembly Constituency area	Shri Sekh Sahonawez
iv) Problems faced by the farmers for selling of Potato at low price	Shri Pradip Kumar Saha
v) Urge for setting up of a Customer Care Centre at the Office of W.B.S.E.D.C.L. at Ghutiari Sarif in South 24-Parganas district	Shri Shyamal Mondal

I have selected the notice of Shri Khagen Murmu on the subject of urge for dredging of Tangan River at Bamanpur and Habibpur Blocks in Malda district.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Dr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী খগেন মুর্মু মাননীয় বিধায়ক কর্তৃক উত্থাপিত প্রশ্নের উত্তরে-রাজীব বন্দ্যোপাধ্যায় এখানে নেই, আমি তাকে অনুরোধ করবে হয় এই অধিবেশনের মধ্যেই এর উত্তর দেওয়ার জন্য, নইলে তার কাছে উত্তর পাঠিয়ে দেওয়ার জন্য।

Presentation of Committee Reports

Presentation of the First, the Second, the Third and the Fourth Reports of the Standing Committee on Home, Personnel & Administrative Reforms, Correctional Administration, Law and Judicial (2016-2017)

Shri Tamonash Ghosh : Sir, I beg to present: (A) The First Report of the Standing Committee on Home, Personnel & Administrative Reforms, Correctional Administration, Law and Judicial (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Home and Hill Affairs Department for the year 2017-2018;

(B) The Second Report of the Standing Committee on Home, Personnel & Administrative Reforms, Correctional Administration, Law and Judicial (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Personnel & Administrative Reforms & e-Governance Department for the year 2017-2018;

(C) The Third Report of the Standing Committee on Home, Personnel & Administrative Reforms, Correctional Administration, Law and Judicial (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Correctional Administration Department for the year 2017-2018; and

(D) The Fourth Report of the Standing Committee on Home, Personnel & Administrative Reforms, Correctional Administration, Law and Judicial (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demands for Grant relating to Law & Judicial Departments for the year 2017-2018.

Presentation of the First, the Second and the Third Reports of the Standing Committee on Environment, Forests & Tourism (2016-2017)

Shri Srikanta Mahata : Sir, I beg to present :

(A) The First Report of the Standing Committee on Environment, Forests & Tourism (2016-2017) on the Pre-Voting Budget Scrutiny of Demand for Grant relating to the Environment Department for the year 2017-2018;

(B) The Second Report of the Standing Committee on Environment, Forests & Tourism (2016-2017) on the Pre-Voting Budget Scrutiny of Demand for Grant relating to the Forests Department for the year 2017-2018; and

(C) The Third Report of the Standing Committee on Environment, Forests & Tourism (2016-2017) on the Pre-Voting Budget Scrutiny of Demand for Grant relating to the Tourism Department for the year 2017-2018.

Presentation of the First Report of the Standing Committee on Power and Non-Conventional Energy Sources (2016-2017)

Dr. Sukhbilash Barma : Sir, I beg to present the First Report of the Standing Committee on Power and Non Conventional Energy Sources (2016-17) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Power and Non-Conventional Energy Sources Department for the year 2017-2018.

Presentation of the First and the Second Reports of the Standing Committee on Transport (2016-2017)

Shri Swarnakamal Saha : Sir, I beg to present :

(A) The First Report of the Standing Committee on Transport (2016-2017) relating to the Transport System and allied matters in West Bengal; and

(B) The Second Report of the Standing Committee on Transport (2016-2017) on the Pre-Voting Budget Scrutiny of Demand for Grant relating to the Transport Department for the year 2017-2018.

Presentation of the First Report of the Standing Committee on Food & Supplies (2016-2017)

Shri Pundarikakshya Saha : Sir, I beg to present The First Report of the Standing Committee on Food & Supplies (2016-2017) on the Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Food & Supplies Department for the year 2017-2018.

Presentation of the First and the Second Reports of the Standing Committee on Housing and Fire & Emergency Services (2016-2017)

Shri Sital Kumar Sardar : Sir, I beg to present :

(A) The First Report of the Standing Committee on Housing and Fire & Emergency Services (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Housing Department for the year 2017-2018; and

(B) The Second Report of the Standing Committee on Housing and Fire & Emergency Services (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Fire & Emergency Services Department for the year 2017-2018.

Mention Cases

শ্রী মানস মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গভীর উদ্বেগের কথা এই হাউসকে আমি জ্ঞাত করতে চাই। আর.এস.এস. যা বিজেপি-র আত্মা সেই আর.এস.এস.

দল সারা ভারতবর্ষ জুড়ে ধর্মনিরপেক্ষ শক্তির উপর আঘাত হানতে চাইছে। সাম্প্রদায়িক বিভাজন তীব্রভাবে সৃষ্টি করছে। এরই পথ ধরে দেখেছেন আপনি দিল্লির ছাত্রী গুরমেহর কাউর তাকে দিল্লি ছাড়তে হয়েছে। গতকাল কেরলের মুখ্যমন্ত্রী তাঁকেও হুমকি দেওয়া হয়েছে আর.এস.এস. - এর পক্ষ থেকে প্রকাশ্য বক্তৃতায় যে তাঁর মুন্ডুর দাম হবে এক কোটি টাকা। এই ধরনের সাম্প্রদায়িক উন্মাদনা সৃষ্টি এবং এই ধরনের হিংসাত্মক পদক্ষেপ তার বিরুদ্ধে দলমত নির্বিশেষে সমস্ত ধর্ম নিরপেক্ষ দলগুলির এক জায়গায় আসা উচিত এবং পাশাপাশি আমি রাজ্য সরকারকে বলব আমাদের রাজ্যে এই ধরনের কোন হুমকি, এই ধরনের কোন ঘটনা যাতে কেউ ঘটাতে না পারে, তার জন্য আমাদের রাজ্যের সরকার এবং প্রতিটি রাজনৈতিক দল, প্রতিটি গণতন্ত্র, ধর্মনিরপেক্ষ মানুষ এর বিরুদ্ধে আমরা সকলে মিলে একসঙ্গে রুখে দাঁড়াই।

[12:10 – 12.20 p.m.]

শ্রী খগেন মূর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মালদা জেলায় আমার ৪৩ নম্বর হবিবপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বামুনগোলা ব্লকের হাড়িয়া নদীর উপর দুটি ব্রীজ নির্মাণের জন্য আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দুটি ব্রীজের একটি হচ্ছে ডোবা হাঁসপুকুরের কাছে এবং অপরটি হচ্ছে ছোট পাতারির কাছে। এই দুটি ব্রীজ না থাকার কারণে নদীর পূর্বাংশে বাংলাদেশ বর্ডারের কাছাকাছি যে এলাকাগুলি, সেখানে দুটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং পূর্বাংশের মানুষজন মালদা শহরের এবং তার কাছাকাছি যে দুটি গঞ্জ, নালাগোলা গঞ্জ এবং পাকুয়াহাট গঞ্জ, আসতে পারেন না। ফলে এই দুটি ব্রীজ দ্রুততার সাথে সেখানে নির্মাণ করবার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি রাখছি দ্রুততার সাথে এই দুটি ব্রীজ নির্মাণ করবার জন্য। ধন্যবাদ স্যার।

শ্রী সমর হাজরা : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র জামালপুর এবং তার একটা অংশ আছে মুগরো অঞ্চল, রায়নার মধ্যে পড়ে। জামালপুর-কালনাঘাট থেকে রায়না পর্যন্ত একটা বিস্তীর্ণ রাস্তা, পিচ রাস্তাটি গত বর্ষার সময়ে বন্যার জলেতে ভেঙে গেছে। যান চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। দীর্ঘদিন যানবাহন যেতে পারছে। না।তাই মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আমার আবেদন যে বর্ষার আগে রাস্তাটাকে দ্রুত মেরামত করা হোক।

শ্রী বিশ্বনাথ চৌধুরী: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়,আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপারের উপরে আপনার দৃষ্টি এবং সভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে দেশবরেণ্য নেতা ত্রিদিব চৌধুরী এবং গোয়া মুক্তি আন্দোলনের তিনি যোদ্ধা ছিলেন। এই ত্রিদিব চৌধুরী নেতাজীর সংস্পর্শে আসেন এবং তিনি তাঁর সচিবও ছিলেন এবং আপনি জানেন সেই ত্রিদিব চৌধুরী, যিনি গোয়া মুক্তি আন্দোলনের জন্য ১৯মাস ধরে পোর্তুগীজদের সেই উপনিবেশের উপরে আইন অমান্য আন্দোলন করেছিলেন এবং করার পরে তাঁর ১৯ মাস জেল হয়েছিল এবং নির্মম অত্যাচার করা হয়েছিল। এরপর তিনি যখন জেল থেকে বেরিয়ে আসেন তখন আপনি জানেন যে সেখানে আমাদের স্বর্গতঃ নেতা পণ্ডিত জওহরলাল নেহেরু, তিনি যে নির্বাচনে দাঁড়িয়েছিলেন, তখন সেখানে কেউ যাতে প্রার্থী না দিতে পারেন, তার জন্য তিনিও আহ্বান জানিয়েছিলেন। সাথে সাথে এটাও আপনারা জানেন যে ত্রিদিব চৌধুরী, ১৯৪০সালে যখন নেতাজী মহানিষ্ক্রমণের মাধ্যমে ভারতের সীমান্ত অতিক্রম করেছিলেন, সেই সময় তাঁর সমস্ত কাগজপত্র তাঁর হাতে দিয়েছিলেন এবং তিনি তাঁর যোদ্ধাদের কাছে পৌঁছে দেবার জন্য সঠিকভাবে তিনি দিয়েছেন। তিনি ভারতবর্ষের একজন বিখ্যাত পার্লামেন্টারিয়ান ছিলেন। কাজেই স্বাভাবিকভাবে এই ধরনের একজন ব্যক্তি, যার তৈলচিত্র আমি বিধানসভায় রাখবার জন্য আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ

জানাচ্ছি এবং সাথে সাথে তাঁর একটি আবক্ষ মূর্তি যাতে কোলকাতা শহরের উপরে রাখা হয়, রাস্তার যাতে নামকরণ করা হয়, সেই অনুরোধ আপনার কাছে রাখছি।

আমি আশা করি আজকে সরকারী পক্ষে যাঁরা আছেন। এবং বিরোধী পক্ষে যাঁরা আছেন সবাই একমত হবেন। এই ধরনের একজন মানুষের জন্য এবং পরবর্তী প্রজন্মের কাছে এটা তুলে ধরা দরকার বলে আমি বিশেষভাবে মনে করি। আপনার কাছে এই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুজিত চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি মাননীয় ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রী এবং মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা এলাকা বড়জোড়া, এই বিধানসভা এলাকায় বেলিয়াতোর উচ্চ বিদ্যালয় ৪৩ শতক জায়গা। এই স্কুলটার বয়স ৭৫ বছর। ৪৩ শতক জায়গা গত ২০১৩ সালে তার আগে বিভিন্ন এল.আর. রেকর্ড, আর.এস রেকর্ড রেকর্ডেড ছিল। তার জে.এল. নাম্বার হল ১৩০, দাগ নম্বর হচ্ছে ৫৩০। এই দাগ নম্বরের উপর ৪৩ শতক জায়গা হঠাৎ ২০১৩ সালে রাতারাতি বি.এল.এল.আর.ও. ডিপার্টমেন্ট থেকে এক ব্যক্তির নামে, তার নাম হচ্ছে শান্তিপ্রিয় রায়। তার নামে রেকর্ড হয়ে গেল এবং জায়গাটা বেহাত হয়ে যাওয়ার অবস্থায় আছে। এই জায়গাটা নিয়ে আইনগত যে দিক আছে, আমাদের বেলিয়াতোর উচ্চ বিদ্যালয়ের যে পরিচালন সমিতি আছে তারা এই মালিকের বিরুদ্ধে কোন রকম আইনগত ব্যবস্থা নিচ্ছে না আমার ধারনা এই পরিচালন সমিতির সাথে ওই মালিকের একটা যোগসাজস হয়েছে। ফলে স্কুলের স্বার্থ সেটা ক্ষুণ্ণ হবে। আমি এই ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রী, ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই বিষয়টা অন্তত বন্ধ করা যায়। জায়গাটা যাতে আমাদের স্কুলের পক্ষেই থাকে সেই বিষয়টা দেখবেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি বলছি আপনি এই বিষয়টা এখানে উত্থাপন করলেন কিন্তু আপনি লিখিত ভাবে পাঠান। স্কুলের সম্পত্তি বেহাত হয়ে যাবে এটা হতে দেব না। আপনি পাঠিয়ে দিন।

শ্রী রুনু দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার আপনার মাধ্যমে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মহামান্য সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী সম কাজে সম বেতন এক্ষেত্রে রাজ্যসরকারের দৃষ্টিভঙ্গি কী ? রাজ্য সরকার নিজের দপ্তরগুলিতে এটা প্রয়োগ করেছিলেন কি না এবং বেসরকারি ক্ষেত্রে যে কারখানাগুলি আছে যে জায়গাগুলি আছে সেখানে কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে কি না এটা আমি শিল্পমন্ত্রীর কাছে অনুরোধ করছি।

শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টিআকর্ষণ করছি। আর কিছু দিনের মধ্যে হয়ত আসানসোল মহকুমা জেলা হিসাবে ঘোষণা করা হবে। কিন্তু আমরা দেখছি গোটা আসানসোল সাবডিভিশন মিলে যেভাবে দুষ্কৃতিরাজ চলছে,কয়লা এবং বালির যে রমরমা বাজার। আপনারা কদিন আগে দেখলেন সাল্লালপুরের ও.সি. থানার মধ্যেই গুলিবিদ্ধ হলেন। আমার বিধানসভা এলাকা জামুরিয়া গত ৩১শে ডিসেম্বর ২০১৬ একজন মহিলা শৌচকর্ম করতে গিয়ে নির্যাতিত হয়। ২০১৭ সালে ২৫শে জানুয়ারি মহম্মদ আব্দুল এবং তার স্ত্রী সামিমকে বিজনেসম্যান ঘরে রক্তাক্ত অবস্থায় পাওয়া যায়। তার স্ত্রী কোনরকম ভাবে বাঁচে কিন্তু তার স্বামী মারা যায়। গত ২৫শে ফেব্রুয়ারী ২০১৭ নিঘাতে আশা জুয়েলার্স সোনার দোকানে যেটা থানার ৩০০ মিটারের মধ্যে গ্যাস কাটার দিয়ে কেটে জিনিসপত্র লুঠ করে নিয়ে যাওয়া হয়। আমার আপনাদের কাছে আবেদন ২০১১ সালের পর থেকে আসানসোল যেভাবে রক্তাক্ত হচ্ছে, প্রাক্তন এম.এল.এ দিলীপ সরকার মারা গেছেন, অপূর্ব সরকার মারা গেছেন। এখনো পর্যন্ত কোন খুনি ধরা পরেনি। কয়লা, বালির যে রমরমা বাজার ইতিমধ্যে যদি হস্তক্ষেপ না করা যায় আসানসোল কমিশনারের কাছে তাহলে আসানসোল জেলা খুনের রাজ্যে পরিণত হবে।

[12:20 – 2.00 p.m.বিরতি সহ]

শ্রী ধীরেন্দ্রনাথ লায়েক : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, দ্বারকেশ্বর সেতুর উপরে একটি ব্রীজ ১৯৮২ সালে হয়েছিল। জল লাইন করতে গিয়ে জল লাইন কোম্পানী হেভী ট্রলার দিয়ে সেই ব্রীজটা ভেঙে দিয়েছে। যে ব্রীজটির উপরে বাঁকুড়া এবং পুরুলিয়া মেন রাস্তা, অতএব সেই ব্রীজটি যদি অতি সত্বর সংস্কার করা না যায়, তাহলে বাঁকুড়া এবং পুরুলিয়ার সাথে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়বে। তাই সেই বিষয়ে আমি মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নেপাল মাহাতো : অনারেবেল ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার জেলা পুরুলিয়ার সাঁতুরি থানার মুরাডড্ গ্রামে ফারজানা নাজ নামে একটা সংখ্যালঘু বাচ্চা মেয়ে ক্লাস সেভেনে পড়ে - সেখানে মুরাডিডর ডি.এম.ও.এইচ-এর ভুল চিকিৎসা এবং তাকে ভুল ইঞ্জেকশান, এক্সপায়ার্ড ওষুধ দেওয়ার জন্য তার হাতে ইনফেকশান শুরু হয় এবং ১৪ থেকে ১৫ দিনের মাথায় তার হাতটা কেটে বাদ দিয়ে দিতে হয়। স্যার এই ধরনের চিকিৎসার গাফিলতির ফলে আজকে সেই ফুটফুটে বাচ্চা মেয়েটা তার হাতটা খোয়ালো। আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার বিশেষ আবেদন এই যে এত বড় একটা ঘটনা,এর বিষয়ে সরকারি তরফ থেকে এখনও পর্যন্ত কোন বিবৃতি, তার কোন কমপেনসেশানের ব্যবস্থা বা যারা এই ধরনের একটা কাজে লিপ্ত ছিল যেসব ডাক্তার, নার্সরা - তাদের বিরুদ্ধেও কোনরকম কোন ব্যবস্থা ঘোষণা বা ইঙ্গিত বা কোন এনকোয়ারী - কোন কিছুই হয়নি।

আমি স্যার আপনার মাধ্যমে সরকার এবং স্বাস্থ্য বিভাগকে এই বিষয়টা খুবই গুরুত্ব সহকারে দেখার জন্য অনুরোধ করছি। ধন্যবাদ স্যার।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

LEGISLATION

[2:00 – 2.10 p.m.]

THE WEST BENGAL CLINICAL ESTABLISHMENTS (REGISTRATION, REGULATION AND TRANSPARENCY) BILL, 2017

Dr. Partha Chatterjee : Sir, I beg to introduce the West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Bill, 2017.

(Secretary then read the title of the Bill)

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Bill, 2017 be taken into consideration.

Mr. Speaker : There are two amendments (Amendment Nos. 1 & 3) by Shri Tanmoy Bhattacharya and Shri Asit Mitra respectively.

Now, I call upon Shri Tanmoy Bhattacharya to move his amendment. (Amendment No. 1)

Shri Tanmoy Bhattacharya : Sir, I beg to move that the West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Bill, 2017 be referred to Select Committee of the House consisting of the following Members:

1. Smt. Mamata Banerjee, *Hon'ble C.M & M.I.C of Health & Family Welfare.*
2. Dr. Sashi Panja, *M.O.S., Department of Health & Family Welfare;*
3. Dr. Manas Ranjan Bhunia;
4. Dr. Sudipta Roy;
5. Dr. Sujan Chakraborty;
6. Shri Abdul Mannan, *Leader of the Opposition;*
7. Dr. Sukhbilas Barma;
8. Shri Biswanath Choudhury;
9. Shri Tanmoy Bhattacharya;
10. Dr. Sukumar Hansda;
11. Shri Asit Mitra
12. Shri Sk. Ibrahim Ali;
13. Shri Asok Bhattacharya;
14. Shri Nagendra Nath Roy;
15. Shri Ashok Dinda;
16. Shri Anisur Rahaman;
17. Shri Nepal Mahata;
18. Shri Manoj Chakraborty;
19. Shri Apurba Sarkar;
20. Shri Sovan Chatterjee, *M.I.C. of Departments of Fire & Emergency Services, Housing and Environment*; and
21. Shri Subrata Mukherjee, *M.I.C. of Departments of Public Health Engineering and Panchayats and Rural Development*

with the instruction to submit its Report by the 30th June, 2017 and that the quorum of the Select Committee be fixed at 7.

Mr. Speaker : Now, I call upon Shri Nepal Mahata to move the amendment of Shri Asit Mitra (Amendment No. 3).

Shri Nepal Mahata : Sir, I beg to move that the West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Bill, 2017 be referred to Select Committee of the House consisting of the following Members :

1. Smt. Mamata Banerjee, *Hon'ble C.M. & M.I.C. of Health & Family Welfare Department;*
2. Dr. Sashi Panja, *M.O.S., Department of Health & Family Welfare;*
3. Shri Nepal Mahata;
4. Shri Manoj Chakraborty;
5. Dr. Nirmal Maji;
6. Dr. Sukumar Hansda;
7. Dr. Sujan Chakraborty;
8. Shri Biswanath Choudhury;
9. Shri Ashok Dinda;
10. Smt. Sonali Guha (Bose);
11. Smt. Sabina Yasmin;
12. Dr. Sukhbilas Barma;
13. Shri Paras Dutta;
14. Shri Jyotirmoy Kar;
15. Dr. Rohit Sharma;
16. Shri Abu Hena; and
17. Shri Asit Mitra

with the instruction to submit its Report by the 18th March, 2017 and that the quorum of the Select Committee be fixed at 10.

Mr. Speaker : There is another Amendment (Amendment No. 2) by Shri Biswanath Choudhury. I now call upon Shri Biswanath Choudhury to move his amendment.

Shri Biswanath Choudhury : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 2017.

শ্রী আখরুজ্জামান : মাননীয় স্পীকার স্যার, আজকে এই মহতি সদনে 'The West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Bill 2017' পেশ করা হয়েছে, এই ব্যাপারে আমি কিছু কথা এখানে তুলে ধরতে চাই।

স্যার, গত ২২ শে ফেব্রুয়ারী টাউন হলে মিটিং এর পরে এমন একটা পরিবেশ তৈরি হয়েছে আমাদের বাংলার বুকে যে, 'The West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Bill 2017' বিলটা এই মহতি সদনে। উত্থাপন করা হয়েছে। এটা এমনভাবে মিডিয়া থেকে শুরু করে সব জায়গায় ফলাও করে বলা হচ্ছে যে এটা একটা ঐতিহাসিক বিল। স্যার, আপনাকে একটু স্মরণ করিয়ে দিতে চাই যে, এই বিলে আমি নতুন কিছু দেখতে পাচ্ছি না। ২০০৩ সালের বিলের প্রায় ৯৯% এই বিলে লুকিয়ে আছে। কিন্তু এমনভাবে প্রচার করা হচ্ছে যে এটা একটা ঐতিহাসিক বিল এখানে আনা হয়েছে। ঐতিহাসিক হলে সাধুবাদ জানাই। স্যার, এখানে সেকসন ১, সাব-সেকসন ৪-এ আছে It shall apply to all clinical establishments other than Government hospitals. এই বিলটা কোথায় কোথায় অ্যাপ্লিকেবল হবে ? প্রাইভেট হসপিটাল, নার্সিংহোম, ক্লিনিক্যাল, আদার দ্যান দা গভর্নমেন্ট হসপিটাল। সেন্ট্রাল গভর্নমেন্ট। হসপিটালে, লোকাল গভর্নমেন্ট, লোকাল অথরিটি, এইগুলোতে অ্যাপ্লিকেবল হবে না। এই মহতি সদনে আমরা যারা আছি,সকলেই জানি পশ্চিমবাংলায় কত পার্সেন্ট রোগী প্রাইভেট নার্সিংহোমে, প্রাইভেট হসপিটালে যায়। কলকাতায় যেসব বড় বড় কর্পোরেট হসপিটাল, নার্সিংহোমগুলো আছে, সেইগুলোতে যাদের পয়সার অহংকার আছে তারা আভিজাত্য দেখাতে যায়, এবং কিছু মিনিস্টার, এম.পি. যায় যারা সরকারি পয়সা ব্যবহার করতে পারে, এরাই এইসমস্ত নার্সিংহোমে চিকিৎসার জন্য যায়। বাকি কারা যায় স্যার ? অতি দরিদ্র গ্রামের মানুষ। ২০১১ সালে পশ্চিমবঙ্গের বুকে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হয়েছে। আমরা আশা করেছিলাম ৩৪ বছরের স্বাস্থ্য ব্যবস্থা থেকে মানুষ অব্যাহতি পাবে। কিন্তু এই সরকার ৬ বছরে কি সার্ভিস দিয়েছে ? সাব ডিভিসন হসপিটাল, ডিস্ট্রিক্ট হসপিটাল গুলোতে চিকিৎসার কি ব্যবস্থা আছে সেদিকে লক্ষ্য করে দেখেছে এই দপ্তর ? আজকে গ্রাম থেকে কোনো রোগী যদি ব্লক হাসপাতালে যায়, সেখানে কোন চিকিৎসা পরিষেবা নেই, তারা মহকুমা হাসপাতালে পাঠিয়ে দেয়। আবার মহকুমা হাসপাতালেও কোন পরিকাঠামো নেই, তারা পাঠিয়ে দেয় জেলা হাসপাতালে। জেলা হাসপাতালেও কোনোরকম চিকিৎসা পরিষেবা নেই - আমি দায়িত্ব নিয়ে বলছি - সেখান থেকে কলকাতার বড় বড় মেডিক্যাল কলেজগুলোতে পাঠিয়ে দেওয়া হয়। গ্রামের কোন মুমূর্ষু রোগী যখন মাথায় চোট নিয়ে এখানকার বড় বড় মেডিক্যাল কলেজগুলোতে আসে, তখন তাকে বলা হয় সি.টি.স্ক্যান করে এসো। সি.টি.স্ক্যান করার জন্য আমাদের হাসপাতালগুলোতে ৩/৪ মাস পরে ডেট দেওয়া হয়। একটা গ্রাম থেকে মহকুমা, মহকুমা থেকে জেলা, জেলা থেকে কলকাতায় এসে আমাদের রোগীরা চিকিৎসার সুযোগ পাচ্ছে না। সি.টি.স্ক্যানের ডেট পাচ্ছে ৩/৪ মাস পরে। তখন সেই রোগীকে বাঁচানোর জন্য নিরুপায় হয়ে সর্বস্ব বিক্রি করে দিয়ে কলকাতায় ফাইভ স্টার নার্সিংহোমে যেতে বাধ্য হচ্ছে। এদিকে নজর দেওয়া উচিত। আজকে সখ করে কোন সাধারণ মানুষ, গরীব মানুষ কেউ ফাইভ স্টার নার্সিং হোমে যায় না। কিন্তু কারা যেতে বাধ্য করছে, সেই ব্যাপারে সরকারের দৃষ্টি নেই। সেদিকে দৃষ্টি দেওয়ার জন্য বলছি। এই সরকার আসার পর মাল্টি ন্যাশানাল হসপিটাল, সুপার স্পেশালিটি হসপিটাল হয়েছে। আমাদের জঙ্গীপুরে একটা সুপার স্পেশালিটি হসপিটাল আছে, সেখানে কোন চিকিৎসক নেই, কোন পরিকাঠামো নেই। এখানে পানিশমেন্টের কথা বলা হচ্ছে। ২০০৩ সালের বিলেও পানিশমেন্টের কথা বলা আছে। কেউ যদি অন্যায় করে তার পানিশমেন্টের ব্যবস্থা আছে। ২০০৩ সালে কি বলা হয়েছে ? আজকে যারা সি.এম.ও.এইচ. আছে, আজকে যারা লাইসেন্স ছাড়া থাকে, সেই ডিস্ট্রিক্ট সি.এম.ও.এইচ.গুলো, আজকে তাদের বলছে প্রত্যেক ১ লা এপ্রিলে প্রত্যেকটা ডিস্ট্রিক্ট মেডিক্যাল অফিসারকে, ডেপুটি ডাইরেকটর লেভেল অফ হেলথে তার জেলার নার্সিংহোম থেকে শুরু করে স্বাস্থ্যের কি ব্যবস্থা আছে তার রিপোর্টিং করতে হবে।

[2:10 – 2.20 p.m.]

ডেপুটি ডাইরেক্টর অব হেলথ সার্ভিসকে, যেখানে আপনার সি.এম.ও .এইচ. স্যার, এখানে রাজ্য সরকারের আধিকারিকরা ব্যর্থ, আজকে আমি এই সদনে বলতে চাই, যেখানে ২০০৩সালে এখানে বিলে বলা আছে যে ডিস্ট্রিক্ট লেভেলে সি.এম.ও.এইচকে ফার্স্ট ডে অব এপ্রিলে রিপোর্টিং করতে হবে। ডেপুটি ডাইরেক্টর অব হেলথ সার্ভিস। আমাদের এই সরকারী অফিসারগুলো তৎপরতার সঙ্গে নার্সিংহোম থেকে শুরু করে হসপিট্যালে এগুলো যদি দেখত তাহলে আমার মনে হয় পরিষেবা আরও ভাল হত। আজকে দেখুন শিশু পাচারের ঘটনা কলকাতার নার্সিং হোম থেকে ঘটছে, কলকাতার নার্সিংহোমে সঞ্জয় রায়ের মত ঘটনা ঘটছে। তখন প্রেস মিডিয়া ঝাঁপিয়ে পড়ছে তখন আমরা এটাকে নিয়ে আদালতে যাচ্ছি কিন্তু যখন ২০০৩সালে যা বলা আছে তার অতীত তো কিছু নেই কিন্তু এখানে নেপালদা যা বলছিলেন ৩রা মার্চ একজন গ্রামের মেয়ে মাইনরিটি কমিউনিটির মেয়ে, ক্লাস সেভেনে পড়ে তাকে একটা প্যাথলজিক্যাল হেলথ সেন্টারে একটা ইনজেকশন দিল, তার হাতটা কেটে ফেলতে হল। সেখানকার বি এম ও এইচের বিরুদ্ধে সরকারী আমলা সরকারি হাসপাতালে তারা যদি কোন অন্যায় করে তাদের উপর এই দায় বর্তাবে না কেন স্যার ? এটা এই বিলের মধ্যে যুক্ত করা উচিত বলে আমি মনে করি।যেখানে সরকারী হাসপাতালে ৮০,৯০শতাংশ রোগী যাচ্ছে কিন্তু এই বেহাল চিকিৎসা ব্যবস্থার জন্য তারা ফিরে যাচ্ছে। তাহলে শুধু প্রাইভেট নার্সিংহোমের ক্ষেত্রে এই আইন কার্যকরী হবে, পেনাল্টি হবে অথচ সরকারী হাসপাতাল যেখানে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ আমার এলাকার, বাংলার গরীব সেই মানুষগুলো সরকারী পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে, আজকে ক্লাস সেভেনের ছাত্রী আজকে বি এম ও এইচের ভুল চিকিৎসার জন্য তার হাত কেটে বাদ দেওয়া হল, তাদের বিরুদ্ধে কোন কথা কেন এই বিলে থাকবে না ? (মাইক অফ।)

ডাঃ নির্মল মাজি : স্যার, দি ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এশট্যাবলিশমেন্ট (রেজিস্ট্রেশন রেগুলেশন অ্যান্ড ট্রান্সপারেন্সি বিল, ২০১৭, একটা নতুন ইতিহাস, নয়া নজির বাংলার স্বাস্থ্য ক্ষেত্রে একটি নবজাগরণের, রেনেসাঁর সূচনা করেছেন আমাদের বাংলার জনগণমণ অধিনায়িকা বাংলার সাড়ে নয় কোটি মানুষের হৃৎস্পন্দন, নয়নের মণি মমতা বন্দ্যোপাধ্যায়। মাননীয় স্পীকার স্যার, সমগ্র চিকিৎসক সমাজের পক্ষ থেকে পশ্চিমবঙ্গ মেডিকেল কাউন্সিলের সভাপতি এবং ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন কলকাতার সভাপতি হিসাবেও আমি ঐতিহাসিক, যুগান্তকারী এই ক্রান্তিকারী পদক্ষেপের জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি। আমাদের দেশ, আমাদের সময়, আমাদের সমাজ, আমাদের কাল এটাকে একটা মূল্যবোধের নতুন নৈতিক দিশা দেখাবে এই বিল। বেসরকারী নার্সিংহোম এবং স্বাস্থ্য প্রতিষ্ঠান সারা পশ্চিমবাংলার বুকে স্বাধীনোত্তর পশ্চিমবাংলায় ব্যাঙ এর ছাতার মত আর প্রাইভেট ইনভেস্টিগেটিং এজেন্সী আর ল্যাবরেটরি মুদির দোকানের মত গড়ে উঠেছিল। অনেক সরকার গেছে, অনেক সরকার এসেছে কিন্তু কোন সরকারের মুখ্যমন্ত্রী বা স্বাস্থ্যমন্ত্রীর কলিজার জোর হয় নি যে এইভাবে একটা সবক শেখানো। স্বাস্থ্য কারোর ভিক্ষা নয়। স্বাস্থ্য মানুষের জন্মগত অধিকার। সুস্বাস্থ্যের দাবি বাংলার মানুষের দাবি। এই দাবিতে আমরা মিছিল করেছিলাম। যখন স্কুল থেকে এম বি বি এস পড়াশোনা করতে গিয়ে কলকাতা মেডিকেল কলেজের ছাত্র ছিলাম তখন কিন্তু এই দাবী মান্যতা পায় নি। এই দাবি উপেক্ষিত ছিল। অনাদরে বঞ্চিত ছিল। তাই বাংলার গরীব চাষী, কলের শ্রমিক, ক্ষেত মজুর তারা আসত, নার্সিংহোমের দ্বারস্থ হত। প্রথমেই ট্যাকসির ড্রাইভার, অ্যামবুলেন্সের ড্রাইভার বা দালাল মারফত তাদের ভরতি হতে হত। অসুখের গুরুত্ব কতটা, জটিল অপারেশন কত হবে, নার্সিংহোমে কতদিন থাকবে তার উপরে। নার্সিংহোমের ব্যাক ডোর দিয়ে, পিছনের দরজা দিয়ে তাকে ১০ হাজার, ২০হাজার,

৩০ হাজার ট্যাকসির ড্রাইভার, অ্যামবুলেন্সের ড্রাইভারকে টাকা দিতে হত। এই ছিল নিত্যনৈমিত্তিক ঘটনা। ভেন্টিলেটরে ডেডবডি পড়ে থাকত আর ট্যাকসির মিটারের মত বিল উঠত।

-যাদের নুন আনতে পান্তা ফুরায়, যাদের ওষুধ কেনার ক্ষমতা থাকে না,যারা দিন আনে দিন খায়, আমার গ্রামের গরীব চাষী, কারখানার দিনমজুর, তারা টাকা পাবে কোথায়!তাদের মৃতদেহ আটকে রাখা হত। ডেডবডি শ্মশানে শেষকৃত্য করতে দেওয়া হত না।বলত আগে টাকা আনুক তারপরে।তাদের ফিক্সড ডিপোজিট সার্টিফিকেট, কারোর দলিল, কারোর গহনা এবং কারোর বাড়ি মর্টগেজ দিয়ে তাদের ডেডবডি ছাড়াতে হত। বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদত। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে বিল এনেছেন, তা আজকে বাংলার জনগণের অন্তরের ভাষা, বাংলার জনগণের হৃদয়ের আশা আকাঙ্ক্ষা, এক নতুন আলোকবর্তী দিশা।তাই দার্জিলিং এর পাহাড় থেকে দক্ষিণবঙ্গের সাগর পর্যন্ত সমস্ত দলমত ধর্ম নির্বিশেষে, জাতি ধর্ম নির্বিশেষে সবাই এক ডাকে এক বাক্যে স্বাগত জানাচ্ছে, যে মরচে পড়া বিলগুলি আছে, ১৯৫০সালের, দ্য ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্ট্যাবলিশমেন্ট অ্যাকট ১৯৫০, অ্যান্ড ২০০৩ ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট রুল, এই দুটো সিন্দুকের মধ্যে বন্ধ করা ছিল। মরচে পড়ে গিয়েছিল। এর ব্যবহারিক প্রয়োগের সুলভ সুযোগ মানুষ কোনদিন পায় নি। তাই এই নতুন বিল বেসরকারী পরিষেবায় বাংলার মানুষ সাড়ে নয় কোটি মানুষের, তাদের রোগীদের রক্ষাকবচ। চিকিৎসার গাফিলতি প্রমাণিত হলে ক্ষতিপূরণ দশ লক্ষ টাকা নূন্যতম। রোগীর চিকিৎসায় অল্প ক্ষতি হলে ক্ষতিপূরণ তিন লক্ষ টাকা। গুরুতর ক্ষতি হলে ক্ষতিপূরণ পাঁচ লক্ষ টাকা। এবং সর্বোচ্চ পঞ্চাশ লক্ষ টাকা জরিমানা। ছয় মাসের মধ্যে অন্তর্বর্তী ক্ষতিপূরণ তিরিশ দিনের মধ্যে তাকে দিতে হবে। বেসরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানের শয্যাভাড়া পরীক্ষা-নিরীক্ষা এবং ইনডোর আউটডোর পরিষেবা ডাক্তারবাবু তিনবার ভিজিট দিলেন, তিনবার দেখতে গেলেন। নার্সিংহোম বিল করছে আঠারো বারের। একটা সিটি স্ক্যান দরকার, একটা এম আর আই দরকার, কিন্তু সেখানে তিনবার সিটি স্ক্যান করা হয়েছে, চারবার এম আর আই করা হয়েছে। একটা প্যাকেজের মধ্যে ভর্তি করানো হল। বললেন এরথেকে কম প্যাকেজে অপারেশন হবে। কিন্তু প্যাকেজের বাইরে গিয়ে একটা অপারেশনকে পাঁচ ভাগে ভাগ করে পাঁচটা অপারেশন দেখিয়ে একবারে ট্যাকসির মিটারের মত বিল বাড়ানো হল। যেটা অমানবিক। এটা পাপ। পৃথিবীর কোন শুভবুদ্ধি সম্পন্ন মানুষ একে ক্ষমা করবে না। ধর্ষণ, অ্যাসিড হামলা, পথদুর্ঘটনা, প্রাকৃতিক দুর্যোগে আহত এবং ক্ষতিগ্রস্থ রোগী মরণাপন্ন অবস্থায়এমারজেন্সীতে এলে বলা হত তিরিশ হাজার টাকা জমা করুন, তারপর ট্রিটমেন্ট স্টার্ট হবে। এবার থেকে আইনের ঘেরাটোপে বহুজাতিক বাণিজ্যিক সংস্থা,- যারা মানুষের স্বাস্থ্যকে পণ্য করে ছটা আটটা ওপেন এয়ার টিকিট নিয়ে আমেরিকা বা লন্ডনের পথে পাড়ি দেন কেউ এক মাসের জন্য, কেউ পনেরো দিনের জন্য তারা এবার সবক শিখবে। তারা এখন মানবিক মখের অঙ্গীকার দেখাবে।বেসরকারী হাসপাতালে রোগীদের অভাব অভিযোগ, চিকিৎসার গাফিলতি, ডাক্তারদের ভিজিট, বারেবারে দেখানো একই পরীক্ষা, ইনভেস্টিগেশন, এমন কি ব্রেনডেথ হলে, তার আত্মীয়দের পারমিশান ছাড়াই ভেন্টিলেটারে দিনের পর দিন রেখে দেওয়া,এই কমিশনের ক্ষমতা রাজ্য সরকারের স্বাস্থ্য ব্যবস্থায় সর্বোচ্চ ক্ষমতা এবং দেওয়ানি আদালতের সমতুল্য। চ্যালেঞ্জ করা যাবে না দেওয়ানি আদালতে। ইনজাংশান করা যাবে না, স্থগিতাদেশ করা যাবে না লাইসেন্স নিয়মভঙ্গ হলে তিন বছর পর্যন্ত জেল হবে বেসরকারী হাসপাতালের নার্সিংহোমের কর্তাদের। তাই এই নবজাগরণের সূচনাকে নার্সিংহোম এবং স্বাস্থ্যপ্রতিষ্ঠানগুলিকে তাদের ভুল ভ্রান্তি, আর্থিক অনিয়ম, দুর্নীতি, স্বজনপোষণ এবং বিচ্যুতি সংশোধন করবে বলে আমরা মনে করি। বাংলার মানুষ দু হাত তুলে তাদের আশীর্বাদ দেবে। আমাদের বিরোধী বন্ধু আখরুজ্জামান সাহেব বলছিলেন নাকি কিছুই পাওয়া যায় না। একটা কম পয়সার চেহারার স্বাধীনোত্তর পশ্চিমবাংলা

দেখেছিল স্বাস্থ্যক্ষেত্রে। ওয়ান ওয়ে ট্রাফিক ছিল। এখন নতুন নটা মেডিক্যাল কলেজ, চারটি নার্সিং ট্রেনিং কলেজ থেকে আরম্ভ করে -আগে সারা বাংলায় স্বাস্থ্য পরিকাঠামো ছিল একেবারে পোড়োবাড়ির ধ্বংসস্তূপের মত, ভাঙাবাড়ির মত, – প্রাইমারী সাবসিডিয়ারী হেল্থ সেন্টারগুলি থেকে শুরু করে সমস্ত কিছু পরিবর্ধন করে মমতা বন্দোপাধ্যায় একটা দিশা দেখিয়েছেন।

[2:20 – 2.30 p.m.]

আপনাদের চোখে ন্যাবা হয়েছে তাই দেখতে পাচ্ছেন না, দেখার চেষ্টা করুন। তাহলে দেখবেন আজকে যেভাবে আপনারা সংখ্যালঘুতে পরিণত হয়েছেন, দেখবেন একটি আসনও থাকবেনা আপনাদের জন্য, শিবরাত্রির সলতের মত আপনি একাই টিপটিপ করে জ্বলবেন। আপনারা নিজেদের স্বাস্থ্য ভালো করার চেষ্টা করুন, তাহলে আমি খুশি হবো। ১০০টির বেশি শয্যা থাকলে সুলভ মূল্যের ওষুধের দোকান এবং ফেয়ার প্রাইস ল্যাবরেটরিতে ল্যাবরেটরি ব্যবস্থা বাধ্যতামূলক করা হয়েছে। বেসরকারি হাসপাতালে রোগীদের অভাব অভিযোগের জন্য গ্রীভান্স সেল্ - যাদের ১০০টি শয্যার বেড আছে, বাধ্যতামূলক করা হয়েছে। রাজনীতির জন্য রাজনীতি নয়, বিরোধীতার জন্য বিরোধীতা নয়, মানুষের স্বার্থ পূরণের জন্য সারা বাংলার মানুষের - আমরা নিজেরা ভুক্তভোগী, বিরোধীরাও ভুক্তভোগী, সব পক্ষের লোকেরাই ভুক্তভোগী। একটা আইনের অনুশাসনের বেড়াজালে যারা স্বাস্থ্যকে পণ্য করে, মানুষকে পণ্য করে, তাদের উদ্দেশ্যে বলি যে, মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য। মানুষ মানুষকে পণ্য করে, মানুষ মানুষকে জীবিকা করে। একটু সহানুভূতি কি মানুষ পেতে পারেনা ? এই ধরনের ভালো কথাগুলো এদের কর্ণকুহরে প্রবেশ করবেনা। ই-প্রেসক্রিপশন, অনলাইন রেকর্ড রাখার ব্যবস্থা এবং এমার্জেন্সিতে রোগী প্রত্যাহার - দেখবেন এরপরে আর হবেনা। এর আগেও বামফ্রন্ট জমানাতেও বিল ছিল। কিন্তু সেই বিলকে ব্যবহারিক প্রয়োগ করা হয়নি। তাই এই বিল বাংলার মানুষের চিকিৎসার অধিকারে বেসরকারি চিকিৎসা ব্যবস্থায় বরেণ্য সিদ্ধান্ত। এই বিল মূমুর্ষ মানুষের বেসরকারি ক্ষেত্রে চিকিৎসাকে প্রতিষ্ঠিত করেছে। ইমার্জেন্সি থেকে মূমুর্ষু রোগী ফেরৎ বন্ধ হবে, মৃতদেহ আটকে রেখে পণ বন্দির নোংরা খেলা বন্ধ হবে। কোনো গরীব বাবা-মা মৃত শিশুকে ফেলে চোখের জল নিয়ে বাড়ি ফিরবেনা, ভেন্টিলেটারের খেলা বন্ধ হবে, মৃতদেহ নিয়ে টাকা তোলার নোংরা খেলা বন্ধ হবে। চিকিৎসাচারের বিরুদ্ধে এ এক স্বচ্ছ কুঠার। তাই অভিনন্দন জানাচ্ছি প্রিয় মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রীকে। লাখো লাখো সেলাম, কুর্নিশ, স্যালুট, প্রণাম করে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য অত্যন্ত সঠিক ভাবেই বলেছেন যে, বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। কারণ হচ্ছে, ১৯১০ সালে যে আইন পাশ হয়েছিল, সেখানে আমরা দেখেছি সেই আইনকে কার্যকরী করবার জন্য যে যে ব্যবস্থা গ্রহণ। করার দরকার ছিল, সেই সেই ব্যবস্থা করে যদি আইনগুলিকে কার্যকরী করা হ'ত, তাহলে হয়তো নতুন করে এটা আনবার দরকার ছিলনা কারণ, আপনারা লক্ষ্য করে দেখবেন এই বিলে সামান্যই কিছু পরিবর্তন সাধিত হয়েছে। তাছাড়া প্রায় সমগ্র বিল পূর্বে যা ছিল, ২০১০ সালে যা ছিল, সেটাই এই বিলে তুলে দেওয়া হয়েছে। কাজেই এটাতে সাধারণ মানুষের উপকার হবে নিশ্চয়ই - সেটা মুখ্যমন্ত্রী বলেছেন এবং আমরা মনে করি যে আজকে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান যেভাবে শোষণের যন্ত্র হিসেবে তৈরি করেছেন, রোগীদের বা রোগীর পরিবারকে যে ব্যবস্থার মধ্যে নিয়ে আসছেন, ফলে সেটা নিশ্চয়ই হ'তে পারে। তবে সাধারণ মানুষের মতামত এক্ষেত্রে দরকার ছিল। আমি একটা কথা বলি, ১৯৯১ সালে কেন্দ্রীয় সরকার যখন উদারনীতি এনেছিল, তখনই বামফ্রন্ট সরকার এই বেসরকারি প্রতিষ্ঠান যে একটা ব্যাপকভাবে গড়ে উঠবে, এটা উপলব্ধি করেই এই ১০ সালের বিলটি এখানে এনেছিল।

তো আজকে সেই অবস্থাই তৈরি হয়েছে। আমরা দেখেছি আজকের যিনি মুখ্যমন্ত্রী, তিনি যখন প্রথম নির্বাচিত হলেন তখন তিনি বিভিন্ন হাসপাতালে ঘুরেছিলেন। মানুষ আশায় বুক বেঁধেছিল যে, মুখ্যমন্ত্রী হসপিটালে-হসপিটালে ঘুরছেন তাতে বোধহয় সেখানে সাধারণ মানুষের কিছু উপকার হবে। কিন্তু উপকার কি হয়েছে? স্যার, আজকে একটা কথা মনে রাখতে হবে, আজকে বিভিন্ন জায়গাতে জেলা হসপিটালগুলোর যা চেহারা, সাব ডিভিশনাল হসপিটালগুলোর যা চেহারা আজকে দিনের পর দিন সেখান থেকে রেফার করে দেওয়া হচ্ছে। রেফার করে দিয়ে এখানে এসে আমাদের যে কলকাতা হসপিটাল আছে সেখানে মানুষ কতটুকু সুযোগ পায়? শুধু বাড়িঘর তৈরি করে একটা চমক দিলেই খালি হবেনা বাস্তবে সেটা দেখতে হবে মানুষ কতটুকু তার সুযোগ পাচ্ছে। মানুষ কতখানি তার দালালরাজদের হাতে পড়ছে এবং সাধারণ মানুষ তাতে কতখানি উপকৃত হচ্ছে এটা অবশ্যই দেখতে হবে। আমরা জানি যে আজকে মুখ্যমন্ত্রী যখন এই ভিজিট করলেন, ভিজিট করে কি করলেন? সবচেয়ে বড় চিকিৎসক, আর্ন্তজাতিক খ্যাতি সম্পন্ন চিকিৎসক *** আজকে জনসাধারণের যে সুযোগ সুবিধা তা থেকে তাকে বঞ্চিত করলেন।

মিঃ স্পীকার : ঐ দুটো নাম বাদ যাবে।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : কেন বাদ যাবে স্যার?

মিঃ স্পীকার : They are not the members of the House.

শ্রী বিশ্বনাথ চৌধুরী : তাহলে তো কিছুই বলা যায়না। পাঁচ বছর পর্যন্ত আজকে একটা এনকোয়ারি হয়নি। এত বড় ডাক্তার তা জনসাধারণ তাদের সুযোগ সুবিধা থেকে সম্পূর্ণভাবে বঞ্চিত হয়েছে। আজকে আমরা কি দেখতে পাচ্ছি? আজকে সরকারি হসপিটালে গেলে মানুষের একটা নির্মম চেহারা সেখানে আমরা দেখতে পাচ্ছি। আমরা লক্ষ করে কি দেখছি? কুকুরের ডায়ালিসিসের জন্যে - কুকুরের ডায়ালিসিস করবার জন্য সুপারিশ হচ্ছে। কেন মুখ্যমন্ত্রী - আজকে জানতেন যে এই ধরনের একটা ঘটনা ঘটছে তার বিরুদ্ধে কেন তিনি কঠোর শাস্তি বিধান করলেন না। এত বড় অন্যায় যিনি করেছিলেন তার বিরুদ্ধে কেন সেটা করলেন না? কাজেই এটা হওয়া ঠিক নয়। কাজেই আমরা মনে করি যে আজকে সাধারণ মানুষের স্বার্থে একটা পুরোনো আইন সেটাকেই একটা নতুন বোতলে তিনি ঢেলে দিলেন। নতুন বোতলে ঢেলে দিয়ে মানুষের সামনে যে চমক সৃষ্টি করতে চাইছেন তা করুণ তাতে কোন আপত্তি নেই। জনসাধারণ তাতে যদি সুযোগ পায়, সুবিধা পায় নিশ্চয়ই আমরা তাতে খুশি হব। এই বলে আমি সমস্ত সদস্যকে সম্মান জানিয়ে এবং আপনাকে সম্মান জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মইনুল হক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আজকে Bill No. 10 2017, বেসরকারি হাসপাতালের ক্ষেত্রে স্বচ্ছতা আনার জন্য যে বিল আনা হয়েছে, আমার আগের বক্তা তিনি সালটা ঠিক বলেননি ২০১০ সালে আনা হয়েছিল বাম জামানায়। স্যার, লক্ষ করবেন সেই বিলে যে সমস্ত কথাগুলো উল্লেখ করা হয়েছিল এই হাসপাতালগুলোকে টাইট দেওয়ার জন্য, স্বচ্ছতা আনার জন্য যাতে করে গরীব মানুষ চিকিৎসার সুযোগ পায়।

[2:30 – 2.40 p.m.]

যারা যারা সেই ধরনের নার্সিংহোম করেছেন, অতি সামান্য পয়সার বিনিময়ে তাদের জায়গা দেওয়া হয়েছে। এখানে উল্লেখ করা ছিল যে, ইন্ডোরে ১০ শতাংশ এবং আউটডোরে ২০ শতাংশ

***অধ্যক্ষের আদেশক্রমে বাতিল

চিকিৎসার সুযোগ পাবে। আপনি লক্ষ করবেন এখানে উল্লেখ করা আছে, আগের বিলেও ছিল। যে, যাদের গাফিলতির কারণে ভুল চিকিৎসার জন্য তাদের জরিমানার উল্লেখ ছিল ২ লক্ষ টাকা পর্যন্ত। আমার মনে হয়, ২০১০ তারপরে ২০১১, মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর যে উদ্দেশ্য এই বিল আনার - আমি ওনাকে বলতে চাই যে, এটা implement হল না কেন এতদিনে ? আমি দায়িত্ব নিয়ে বলছি যে সমস্ত, শুধু বেসরকারি হাসপাতাল নয়, সরকারি হাসপাতালগুলোতেও এই ধরনের কাজগুলো হয়। এইতো একজন উল্লেখ করলেন, পুরুলিয়ার একজন ক্লাস সেভেনের ছাত্রী তার হাত কাটা গেছে ভুল চিকিৎসার জন্য। এরকম অনেক ঘটনা আমার বিধানসভা এলাকায় অন্তত ৬-৭টা কেস আমি বলতে পারি যে, ভুল চিকিৎসার জন্য হাত বাদ গেছে, পা বাদ গেছে, একই অপারেশান দু'বার করতে হয়েছে, তিনবার করতে হয়েছে। আজকে এই আইনটাকে যেটা ২০১০ সালে বাম জমানায় আনা হয়েছিল সেটাকে যদি সঠিকভাবে implement করা হত, তাহলে আজকে হয়তো এই বিল আনার খুব দরকার হত না। আজকে আমরা জানি যে, পশ্চিমবাংলার বেশিরভাগ মানুষ আমি নিজেও সাউথে বহু জায়গায় গেছি, সে ভেলোরই বলুন, চেন্নাই বলুন, ব্যাঙ্গালুরু বলুন, আমার মনে হয় ২৫% পশ্চিমবাংলার মানুষ যায় সেখানে চিকিৎসা করাতে। কেন ? অথচ বাঙালি ডাক্তার সেখানে রয়েছে। তারা সেখানে যে ব্যবহারটা করেন রোগীর সঙ্গে। পশ্চিমবাংলায় আবার সেই বাঙালী ডাক্তার উল্টোটা করে। কেন ? এই যে আপনি, আমার যেটা মনে হয়েছে যে, কিছু কিছু হাসপাতালে ভাঙচুর হয়েছে, কিছু কিছু অনিয়মের জন্য। এবং সেটা মুখ্যমন্ত্রী নিজে উপলব্ধি করেছেন আমরা এই বিলের কোনো বিরোধিতা করছি না। আমরা বিরোধিতা করছি না। কিন্তু মনে রাখবেন যে, আজকে বেসরকারি হাসপাতালে চিকিৎসক ছাড়াও বহু কর্মচারী আছে, নার্স আছে, স্টাফ আছে, তাদেরকে যাতে বিপদে না পড়তে হয়। তাদের যাতে চাকরি না চলে যায়। এটাও দেখতে হবে কারণ, একজন চিকিৎসকের জন্য তার ভুলের জন্য punishment যাতে অন্য কাউকে না পেতে হয়। এটাও দেখতে হবে। আমার মনে হয়েছে যে, সরকারি হাসপাতালগুলো আমার অনেক বন্ধু, আমাকে কয়েকজন রিপোর্টার বলছিলেন যে, আমাদের সরকারি দলেরও MLA-রা আজকেই গল্প করছিলেন যে, পাঁচটা হাসপাতাল ঘুরেও আমার patient ভর্তি হতে পারেনি। এটাতো বাস্তব ঘটনা। আমার এলাকায় এখান থেকে ৩০০ কিলোমিটার দূর – ফারাক্কা। আবার একটা এলাকা হচ্ছে ফারাক্কা থেকে ৪০ কিলোমিটার দূরে। সে গঙ্গার ওপারে, বাংলাদেশ বর্ডার। সেখান থেকে patient পি জি-তে অন্তত আট মাস, প্রতি মাসে date দেওয়া হয়। সামনের মাসে আসবে, তোমাকে ভর্তি নেওয়া হবে। পাঁচ মাস থেকে এরকম অনেক patient যাদেরকে date দেওয়া হয়, নানারকম শুধু সময় পাস করা হয়, টাইম পাস করা হয় এবং তাদের যেহেতু powerful কোনো সাংসদ নেই। যেটা সঞ্জয় রায়ের ক্ষেত্রে হয়েছিল।

সরকারি দলের পাওয়ারফুল এম পি.র সুপারিশে ভর্তি হয়েছে। আমরা তো পাওয়ারফুল নয়। কাকে ধরতে হবে। সেই মানুষগুলো এই ভাবে দিনের পর দিন তাদেরকে ঘুরতে হয়। স্যার, আমি একটু সময় নিচ্ছি। এই যে আজকে আপনাকে বলব, আপনার মাধ্যমে আমি বলি, যেহেতু মুখ্যমন্ত্রী নেই, বলতে চাই এই যে বিলটা আপনি এনেছেন, সরকারি ক্ষেত্রে যারা গাফিলতি করবে তাদের ক্ষেত্রে কোন আইন হবে কি ? যে ডাক্তাররা অনিয়ম করছে, যারা রোগীর সঙ্গে দুর্ব্যবহার করে, ঘুষ না নিলে ঔই ড্রাইভারের মাধ্যমে অ্যাম্বুলেন্স বলুন আর দালালদের মাধ্যমে টাকা না নিলে পেশেন্টদের সঙ্গে তারা ভাল ব্যবহার করেনা, তাদের ক্ষেত্রে বা ভর্তি হয়না, তাদের ক্ষেত্রে কি ব্যবস্থা নেওয়া হবে ? এবং এই যে তড়িঘড়ি যে বিলটা আনা হয়েছে, আমি মনে করি যে একটু সময় নিয়ে, আমরা বিরোধিতা করছি না, এটাকে সিলেক্ট কমিটিতে দেওয়া হোক। সিলেক্ট কমিটিতে দিয়ে, তারপরে আপনি একটু সময় নিয়ে, এত তাড়াহুড়ো করার কিছু নেই,

আমরা কেউ বিরোধিতা করছি না, কিন্তু মনে রাখবেন যে বেসরকারি শুধু নয়, আজকে সরকারি হাসপাতালগুলোতে যেভাবে দিনের পর দিন যে অরাজকতা তৈরি হয়েছে, শুধু ব্লক জেলা নয়, কোলকাতার বুকে যেখানে এত ভাল ভাল মানুষরা বাস করেন, এত সব, কোলকাতার বুকে এত সব মন্ত্রী, পশ্চিমবাংলার সব মন্ত্রী তো কোলকাতার বুকে,গ্রামের কজন মন্ত্রী, অথচ এখানে এত অনিয়ম হচ্ছে। এত অনিয়ম হয়, কে দেখবে ? বাড়ির পাশে এত অনিয়ম,গরীব মানুষ পরিষেবা পাবেনা, চিকিৎসার সুযোগ পাবেনা, তাদের ক্ষেত্রে কোন আইন আনবেন কিনা সেটা আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে দাবী করছি। ধন্যবাদ।

শ্রীমতী মহুয়া মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে The West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Bill, 2017 এর সমর্থনে বলছি। আইনজীবী এবং চিকিৎসক ভারতবর্ষের বুকে এদের কিন্তু সাধারণ মানুষ দেবতার রূপে দেখে সব সময় কারণ সাধারণ মানুষ মনে করে যে আইনজীবি এবং চিকিৎসক তাদের আশীর্বাদ বিনা জীবন যাপন করা কিন্তু দুষ্কর। তো, সেখানে দাঁড়িয়ে আইনজীবি, মেডিক্যাল এস্ট্যাব্লিশমেন্ট চিকিৎসক, মেডিক্যাল এস্ট্যাব্লিশমেন্ট তাদের বিরুদ্ধে মানুষ কিন্তু যদি পরিষেবার কোন খামতি কোন গাফিলতি থাকে, সাধারণভাবে তার বিরুদ্ধে প্রতিবাদ কিন্তু সাধারণভাবে মানুষ করতে পারেন না। এইখানে দাঁড়িয়ে আজকে যে পরিপ্রেক্ষিতে এই বিলটি আনা হয়েছে, সেইখানে দাঁড়িয়ে আজকে সরকারের কি দরকার করার ? সরকারের এখন সাধারণ মানুষের সহায়ক হিসাবে, এই যে দাঁড়িয়েছে আজকে, সেখানে সহায়ক হিসাবে সরকারকে কিন্তু হস্তক্ষেপ করতেই হচ্ছে। একটা কথা আছে, কঠোউপনিষদের প্রথম শ্লোকে একটি কথা আছে, "ন্যায়মাত্মা বলহীনেন লভ্য - মানে, কোন বলহীন ব্যক্তি, কোন দূর্বল ব্যক্তির দ্বারা কোন সাহসী কাজ কিন্তু সম্পন্ন হয়না। সেইখানে দাড়িয়ে আমাদের মুখ্যমন্ত্রী আজকে কড়া বিলটি এনেছেন, দুটি কারণে, আমার সহকর্মী আখরুজ্জামান সাহেব আছেন, রঘুনাথগঞ্জের বিধায়ক, খুব ভাল সুসম্পর্ক তাঁর সাথে, তিনি বললেন, তিনি কোন নতুন কিছু দেখলেন না ; ছোটবেলায় আমার মা একটি কথা বলতেন, ডু ইয়োর হোম ওয়ার্ক। আমি আপনাকে একটি কথা বলব, রাজনৈতিক ভাষণ না দিয়ে আপনি যদি ২০১০এর অ্যাক্টটা ২০১৭র বিলটাকে আপনি গুরুত্বপূর্ণভাবে পড়তেন, গভীরভাবে পড়তেন, তবে কিন্তু আপনি নিজেই বুঝে যেতেন, কি পার্থক্য আছে। যাইহোক আপনি যখন নিজের হোমওয়ার্কটা করেননি তখন আজকে আমি দাঁড়িয়ে আপনাদের সবাইকে বলে দিই যে ২০১০ এর বিলটাকে আজকে বাতিল করে রিপিল করার আজকে কেন দরকার পড়েছে। আজকে ২০১০এর যে বিল, যে আইনটা আছে, ২০১৭র যে বিল আমরা আজকে পেশ করেছি, তার মধ্যে তিনটি প্রধান পার্থক্য আছে। নাম্বার ওয়ান।

[2:40 – 2.50 p.m.]

২০১০ সালের অ্যাকটটা ছিল কিন্ত নথিপত্র। ক্লিনিকাল লাইসেন্সিং-এর উপরে সেখানে বেশি গুরুত্ব দেওয়া হয়েছিল। আমাদের যে প্রত্যেকটা পরীক্ষা নিরীক্ষা হয়, অস্ত্রোপচার হয়, তারজন্য যে মূল্য, তার জন্য মানুষের যে অর্থ ব্যয় হয় তার মধ্যে কিন্তু খুব গভীরভাবে আগের অ্যাক্টটাতে যাওয়া হয়নি, একটা ধোঁয়াশা ছিল। সেখানে আমরা একটা নতুন শব্দ রেখেছি বিলের মধ্যে Transparancy - স্বচ্ছতা। এটাই হচ্ছে আগের বিলের সঙ্গে এখনকার বিলের প্রধান পার্থক্য। আগে ছিল রেজিস্ট্রেশান এ্যান্ড রেভোলিউশান, এবারে হল ট্রান্সপারেন্সি - স্বচ্ছতা। এই স্বচ্ছতা আমরা কীভাবে আনব। লাইসেন্সিং-এর মধ্যে কিন্তু আমরা নতুন কিছু শর্ত রেখেছি। অনেকগুলো শর্ত আছে, কিন্তু আমরা পাঁচটা বিশেষ নতুন শর্ত রেখেছি। এই পাঁচটা নতুন শর্ত আমি তুলে ধরতে

চাই। এই নতুন কন্ডিশান যেটা রাখা হয়েছে সেটা কিন্তু ২০১০ সালের বিলে ছিলনা। এক, যদি কোন ইমার্জেন্সি কেস, কোন অ্যাকসিডেন্ট কেস, রেপ ভিকটিম, অ্যাসিড ভিকটিম হয়ে যদি কেউ কোন বে-সরকারী হাসপাতালের দরজায় গিয়ে পৌঁছায় তাহলে প্রথমে তাকে চিকিৎসা করতে হবে। প্রথমেই তার থেকে টাকা ডিপোজিট নেওয়া যাবেনা। হ্যাঁ, বে-সরকারী হাসপাতালের অধিকারটা আছে পেশেন্টের থেকে মূল্য আদায় করার, কিন্ত তক্ষুনি তাকে চিকিৎসা দিতে হবে। দুই, মৃতদেহ কোন অবস্থাতেই আটকে রাখা যাবেনা। কোন গরীব দুঃস্থ পরিবার যদি টাকা দিতে না পারে তবে মৃতদেহ আটকে রাখা যাবেনা। আগামী দিনে অধিকারটা আছে আপনাদের টাকা আদায় করার, কিন্তু সেই মুহূর্তে আপনাকে আগে মৃতদেহ ছাড়তে হবে। তিন, যদি কোনো হাসপাতাল ১০০টি শয্যা বিশিষ্ট হয়, তবে সরকার আপনাদের সুপারিশ করছে রেকমেন্ড করছে, আপনারা ন্যায্য মূল্যের ওষুধের দোকান, ন্যায্য মূল্যের পরীক্ষা কেন্দ্র হাসপাতালে রাখুন। চার, যদি আপনারা সরকারী জমির উপরে হাসপাতাল করেছেন বা সরকার থেকে কোন সুযোগ সুবিধা বা সাবসিডি নিয়েছেন, তাহলে বাধ্যতামূলকভাবে আপনাকে টোয়েন্টি পারসেন্ট OPD পেশেন্ট, আর টেন পারসেন্ট IPD আপনাকে বিনামূল্যে করতেই হবে। দেখা যাচ্ছিল অনেক বে-সরকারী হাসপাতাল এটা করছিল না, এই ব্যাপারে তাদের খামতি ছিল। নতুন লাইসেন্সিং-এর শর্ত অনুযায়ী এটা তাদের করতেই হবে। যে সকল কর্পোরেট বা বে-সরকারী সংস্থা হাসপাতাল চালাচ্ছেন, আপনারা বাণিজ্য বা ব্যবসা করতে পারেন, কিন্তু একটা জিনিস মনে রাখবেন, স্বাস্থ্য-ব্যবস্থা বা চিকিৎসা কিন্তু জীবন-মরণের ব্যাপার। এটাকে কেবল বাণিজ্য বা ব্যবসা হিসাবে দেখা যাবেনা। সেখানে দাঁড়িয়ে সরকার আপনাদের সুপারিশ করছেন, যদি আপনারা সরকারের থেকে সুযোগ-সুবিধা না নিয়েও থাকেন, তাহলেও কিন্তু আপনাদেরকে টোয়েন্টি পারসেন্ট OPD এবং টেন পারসেন্ট IPD বিনামূল্যে দিতে হবে। এই লাইসেন্সিং ক্রাইটেরিয়াতে আমরা এটা নতুন করে করেছি। আর আগে কি হত, বাইপাশের একটি হাসপাতাল তারা একটা এ্যাবডোমানের আলট্রা সাউন্ড করাচ্ছে ১৮০০ টাকা। আট কিলোমিটার দূরের আরেকটি হাসপাতাল একই অ্যালট্রা সাউন্ড, একই অ্যাবডোমেন - অ্যাবডোমেনতো মানুষের চেঞ্জ হয়না - সেই আলট্রা সাউন্ড করাতে তারা নিচ্ছে ছয় হাজার টাকা। এখন কি করা হচ্ছে, প্রত্যেকটা ডায়গনস্টিক, প্রত্যেকটা পরীক্ষা নিরীক্ষা বলুন, অস্ত্রোপচার বলুন, তার জন্য একটা রেট ঠিক করে দেওয়া হবে। এটা রুলসের মধ্যে আসবে, প্রাইভেট হাসপাতালগুলোকে এই রেটটা মানতে হবে, they will have the power to impose penalty। Medicine is a evolving science,আমাদের আধুনিক প্রযুক্তি স্বাস্থ্য ব্যবস্থায় আসতেই থাকে, এই লিস্টের মধ্যে এমন কিছু পরীক্ষা-নিরীক্ষা হতে পারে যেটা নতুন আপনাদের হাসপাতালে এসেছে, যেটা লিস্টের মধ্যে নেই, সেখানে হাসপাতালকে একটা এস্টিমেট দিতে হবে। যদি বলেন এটা করতে হাজার টাকা লাগবে, তখন ফাইনাল বিলে কিন্তু একটা শতাংশও আপনারা একসিড করতে পারবেন না, সেটাকে বাড়িয়ে তিন হাজার টাকা করা যাবেনা। এই স্বচ্ছতাটা আমরা এবারের বিলে এনেছি। এই শর্তটা যদি আপনারা না মানেন তাহলে আপনাদের লাইসেন্স বাতিল হবে। ২০১০ এবং ২০১৭ সালের বিলের মধ্যে এটা একটা বিশেষ পার্থক্য। আর যেটা নতুন জিনিস আনা হয়েছে, তেরো সদস্যের একটা কমিশান আমরা তৈরি করেছি, যেটা আগে ছিলনা। একটা নতুন কমিশন গঠন করছি। এটা কোনো ট্রাইবুনাল নয়।

এই কমিশন একটা ফৌজদারী আদালত। একটা ফৌজদারী সিভিল কোর্টের মত তাদের ক্ষমতা থাকবে। They will have the power to impose penalty, যেটা আগে ছিল না। ৫০ লক্ষ টাকা অবধি তারা ক্ষতিপূরণ দিতে পারে, যেটা আগে ছিল না। In the case of death, যদি কারোর মৃত্যু হয়, কোন অবহেলায় কারোর যদি মৃত্যু হয় চিকিৎসালয়ে, তবে কিন্তু ১০ লক্ষ

টাকা সরকারের পরিবার উপর পেতে পারে। আর তিন, যেটা সব চেয়ে ইমপর্টেন্ট, যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ, আগে ছিল না, আগে মানুষের রোগী এবং রোগীর ফ্যামিলির, তার পরিবার কোন ফৌজদারি অপরাধ দায়ের করতে পারত না। This Bill has imposed a criminal liability. This is huge. This is a sea change. যে এই ফৌজদারী এখন যদি কোন গাফিলতি থাকে, তবে রোগী অর্থাৎ তার পরিবার ভারতীয় দণ্ডবিধির আওতায় কিন্তু গিয়ে ফৌজদারী অপরাধ দায়ের করতে পারে। তাই এই যে তিনটে জিনিস, আপনাদের লাইসেন্সিং, আপনাদের নথিপত্রের উপরে আর পাঁচটা নতুন কন্ডিশান আছে, আরও কন্ডিশান আছে, আপনারা পড়ে দেখে নেবেন। কিন্তু এটা হচ্ছে মেইন পাঁচটা বিশেষ জিনিস। আপনাদের তুলে ধরলাম। সেকেন্ড যেটা, এই কমিশনটা গঠন হচ্ছে, আগে কোনো কমিশন ছিল না, এই কমিশনের যথেষ্ট ক্ষমতা থাকবে। এই কমিশন কিন্তু ক্ষতিপূরণ ৫০ লক্ষ টাকা অবধি দিতে পারবেন। আর আপনাদের এই যে নতুন বিলটা পড়েছেন, এই নতুন বিলের ৩৪ নং ধারায় কিন্তু পরিষ্কার লেখা আছে, Criminal liability impose করা যাবে। আমরা বলছি না যে এটা আজকে সরকার এবং বেসরকারী হসপিটালের মধ্যে একটা সংঘাত, একটা লড়াই। যে রকম মিডিয়া তুলে ধরছেন, সেটা মোটেই নয়। আমাদের গরীব দেশ। আমরাও চাই প্রত্যেকটা মানুষ আসুক, প্রত্যেকটা সরকারী হাসপাতালে। কিন্তু আমাদের দেশে যে জনসংখ্যা, আজকে ভারতের কোনো রাজ্যে, ইনফ্যাক্ট ভারত কেন, আমি পৃথিবীর অনেক দেশে থেকেছি, বসবাস করেছি, চাকরি করেছি, কোথাও, ইংল্যান্ডেও ন্যাশানাল হেলথ সার্ভিসে যদি আপনারা যান, তাদেরও একটা ওয়েটিং টাইম থাকে কারণ আমাদের যা জনসংখ্যা, আমাদের সরকারের যেটা আয় আছে, তাতে কিন্তু একটা গ্যাপ থাকে। সেখানে দাঁড়িয়ে আমাদের বেসরকারী সংস্থা থাকবেই। আমাদের কমিউনিস্ট আইডোলজি নয়। আমরা গণতন্ত্র, মানুষের চয়েস দরকার, বেসরকারী হাসপাতাল থাকবে। কিন্তু সেটা নিয়ন্ত্রণ করা, সেখানে দাঁড়িয়ে আমাদের কিন্তু সরকারের এটা কাজ, যেটা আর কোন সরকার করতে পারে নি, আমরা করেছি। তাই আমি আপনাদের আর্জ করছি, আই আর্জ ইউ, read the Bill, debate the Bill, এটা রাজনৈতিক ভাষণ করার জায়গা নয়। রবীন্দ্রনাথ লিখেছিলেন, "জীবন যখন শুকায়ে যায়, করুণা ধারায় এস। হে পবিত্র, হে অনিদ্র, রুদ্র আলোকে এস। "করুণা ধারা, এই আলো, এই স্বচ্ছতাটা আজকে আমরা স্বাস্থ্য ব্যবস্থায় আনতে চেয়েছি। আমাদের সমর্থন করুন। আমি আজকে আপনাদের হাতজোড় করছি। থ্যাঙ্ক ইউ।

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার অনুমতি নিয়ে আজকে যে বিশেষ বিলটি এসেছে "The West Bengal Clinical Establishments Bill, 2017", আমি তার উপর আমার বক্তব্য রাখছি। স্যার, সবার আগে একটা কথা বলি, এখানে বোধ হয় ইন্দ্রনীলবাবু নেই, ইন্দ্রনীলবাবু আছেন ? আপনার গান সত্যিই খুব ভালো লাগত। তবে আপনি পরিচিত হয়েছিলেন যখন আপনি হেমন্ত মুখোপাধ্যায়ের গান গাইতেন।*** এই বিলটা রিমেক। এই বিলটা ২০০৩ -এর রিমেক হয়েছে এখানে। এর বাইরে অন্য কিছু নেই। আমি আপনাকে বলছি এটা। আমার মনে পড়ে গেল আপনাকে দেখে। এটা রিমেক ছাড়া কিছু হয় নি।

মিঃ স্পীকার :***-এই অংশটা যাবে না।

শ্রী অসিত মিত্র : আমি এই বিলের বিরোধিতা করছি না। আমি যে কথাটা বলতে চাইছি, সেটা হল এই যে - ২০১০ -এর আইনটা করেছেন, এটাকে কার্যকরী করা যায় নি। আমি একটা দিনের কথা আপনাদের কাছে বলছি। কলকাতার মানুষ তো মনেই রাখবেন। তখন আপনারা নতুন সরকারে এসেছেন, আমরাও আছি আপনাদের সঙ্গে। তারিখটা হল ডিসেম্বর ১০, ২০১১।

***অধ্যক্ষের আদেশক্রমে বাতিল

ঘটনাটা কি ? কলকাতায় আমরি হসপিটাল, সিক্স বোর্ড মেম্বার অ্যারেস্টেড হয়েছে এবং আমার মনে হয় সেদিন সম্ভব ছিল না একটা সরকারের পক্ষে এসে হঠাৎ করে সমস্ত কিছু ভিজিট করে নতুন করে আইন করা।

[2:50 – 3.00 p.m.]

মুখ্যমন্ত্রী আমগাছের তলায় বসে ডেডবডিগুলো কীভাবে যাবে, ঠিক করছিলেন। হাওড়ার একজন এক্স-এম.এল.এ. তিনি ঐই হাসপাতালে মারা গিয়েছিলেন, শিশির সেন। আমি তাঁর ডেডবডি আনতে এসেছিলাম। ব্যারাকপুরের আর একজন অজয় ঘোষাল তাঁকে নিয়ে পিজি গিয়েছিলাম। উনি তাড়াতাড়ি ব্যবস্থা করে দিলেন। আমি দেখেছিলাম সেদিন যে, আমরি হাসপাতাল, একটি বেসরকারি হাসপাতাল। আমার ধারণা হয়েছিল যে, আমরি হাসপাতালে আমি একজন বিধায়ক হিসাবে মনে করেছিলাম যে, এর পর থেকে - আমরা গ্রাম-গঞ্জে অথবা শহরে যেখানে কাজ করি না কেন, দরিদ্র মানুষের জন্য কাজ করি। যে যাই বলুন। আমি বলব না, আপনারা কেউ করছেন না, ওঁরা কেউ করছেন না - এটা আমি বলব না। কিন্তু আমি এইটুকু বলতে চাইছি যে, আমার ধারণা ছিল সেই দিন থেকেই একটা নতুন ধারণা তৈরি হবে। বাংলায় বিশেষ করে বেসরকারি হাসপাতালগুলোর ক্ষেত্রে যে, তারা যা করবে সেটাই সিদ্ধান্ত, এটা চলবে না। অন্তত আর যাই হোক, মমতা ব্যানার্জীর রাজত্বে চলবে না, এটাকে নতুন করে দেখা হবে। সেটা কিন্তু হয় নি। আমি অনেক দিন পেরিয়ে এসেছি। যদি বলেন, Better late than never, আমার কিছু বলার নেই। কিন্তু ২০১১ আমাদের সাবধান করে দিয়েছিল। ২০১১ আমাদের সাবধান করে দিয়ে বলেছিল যে, এদের সম্পর্কে সচেতন হওয়া দরকার। আমি বলছি যে, লেফ্ট ফ্রন্ট করেনি, লেফ্ট ফ্রন্ট করেনি বলে, আমি করব না, এটা তো হতে পারে না। আমি আপনাদের কাছে স্যার, ...(নয়েজ)...

Mr. Speaker : ওনাকে বলতে দিন, ডিস্টার্ব করবেন না। It's not the way. প্লিজ, ওনাকে বলতে দিন।

Shri Asit Mitra : আমি আপনাদের কাছে বলছি, যদি সেইদিন আমরা সাবধান হতাম তাহলে আজকে সঞ্জয়ের মৃত্যুর কথা, আজকে অ্যাপোলোর কথা, আজকে অন্য কোনও নার্সিংহোমের কথা - এটা আসত না। স্যার, আমাদের বেসরকারি হাসপাতালের সংখ্যা কত? বেসরকারি হাসপাতালের সংখ্যা এখনও পর্যন্ত ২০৮৮ - নার্সিংহোম এবং হাসপাতাল। স্যার, আপনি আমাদের বলবেন, মাননীয় সদস্য যাঁরা আছেন, বলছেন যাঁরা, আমি তাদের কাউকে না বলে বলছি, আমি খুব খুশি হব, আগামীকাল থেকে এমন সময় যদি আসে, সুযোগ আসে যে, আমরা কেউ নার্সিংহোমে যাব না। সমস্ত ব্যবস্থা করবেন এবং আগামী এক বছরের মধ্যে করবেন। আমি বলছি, আমরা সকলে ধন্যবাদ দেব। তার কারণটা কি, জানেন, আমাদের কোনও উপায় নেই। কেন? এসএসকেএম হাসপাতালে আমিও তো রোগী ভর্তি করতে যাই। আমিও তো ক্যালকাটা মেডিক্যালে যাই। আমিও তো আর.জি করে যাই। আমাকে তো যেতে হয়। আপনারাও তো যান। মাননীয় নির্মলবাবু বলছিলেন, নির্মলবাবু আপনিও তো জানেন যে, একটা রোগীকে ভর্তি করতে গেলে আপনাকেও টেলিফোন করতে হয় যে, দাদা, ভর্তি করতে পারছে না। কেউ না কেউ করে। আমি করি, অন্য কেউ করে। কারণটা কি? কারণটা হচ্ছে, আমাদের এখানে যা ইনফ্রাস্ট্রাকচার তা দিয়ে রোগী ভর্তি করা যাচ্ছে না। সুতরাং, তা যখন হচ্ছে না তখন আমাকে বেসরকারি নার্সিংহোমে যেতেই হচ্ছে।

এবং যখনই যাওয়ার কথা বলছেন - এটা ঠিকই, আপনি যেটা বলছেন যে, এক সপ্তাহের মধ্যে তো। আর এই - যেটা নির্মলবাবু বলছিলেন যে, এ্যাম্বুলেন্সগুলো, গাড়িগুলো তারা নিয়ে যান,

তাঁরা তো কনট্রাক্ট নেওয়ার জন্য বসে আছে। আমি এ বিষয়ে নিজে তীব্র প্রতিবাদ করেছি। নিজে তীব্র প্রতিবাদ করেছি। আমি নিজে তীব্র প্রতিবাদ করে বলেছি যে, এই সব ড্রাইভারগুলো কমিশান নিচ্ছে। স্যার, অনেক বড় বড় প্রাইভেট হাসপাতাল তারা দুর্গাপূজাতে এ্যাডভার্টাইজমেন্ট দিচ্ছে বড় করে। পুলকবাবুরা জানেন। অনেক বড় বড় করে সব এ্যাডভার্টাইজমেন্ট দিচ্ছেন। আছে ওখানে নার্সিংহোম। তারা দিচ্ছে। তারা কি without interest-এ দিচ্ছে? without interest-এ দেয়নি। তারা টাকা নিচ্ছে। ফলে they are getting Privilege. আমি স্যার, আপনার মাধ্যমে অনুরোধ করে বলব। যে, এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিৎ। কিন্তু স্যার, তাই বলে এটা নয় যে, আমরা এটা ইজি পাঠিয়ে দিতে পারতাম, যেটা নেপালবাবু পড়লেন, যেটা আমরা স্বীকার করে নিয়েছি আমরা অর্থাৎ বিরোধী দলের যে, এটাকে আমরা নিয়ে যেতে পারতাম এই সিলেক্ট কমিটিতে। পাবলিক ওপিনিয়নের জন্য নয়, সিলেক্ট কমিটিতে নিয়ে গেলে বিস্তারিত আলোচনা করা যেতে পারত। আমরা মাত্র পনেরো দিন সময় চেয়েছিলাম। আপনি দেখবেন স্যার, আমাদের সিলেক্ট কমিটিতে যা বলেছি, only 15 days time, পনেরদিন একটা সময় নিন, পনেরদিনের মধ্যে এটা নিয়ে আলোচনা করে আমরা এটা করি। স্যার, আপনার সামনে বলেছিলাম যে, এটা চার ঘণ্টা করা হোক, হয়নি। দু'ঘণ্টা ধরে হোক, হয়নি। দেড় ঘণ্টা হয়েছে। তাই আমি বলছি, এত বড় একটা বিল, এইটা ঠিক করা যাবে না। শ্রীমতী মহুয়া বললেন যে, এই বিলটা ঠিক না ছিল ওই বিল ঠিক না। আমি বলছি, এই বিলটার বলে - আপনারা জানেন, গত সাতদিনে ৭০টি নার্সিংহোমকে শোকজ করা গেছে। বেশকিছু নার্সিংহোমকে তাদের কাউকে কাউকে অ্যারেস্ট করা গেছে।

আমি বলছি এটা হয়েছে তো। এটা হয়েছে তো। এই বিলটা ২০১০-এর বিলের ওপর নির্ভর করেই তো হয়েছে। সুতরাং, এটা যদি সম্ভব হয় তাহলে আমি স্যার আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে জানাতে চাই, মাননীয় পার্লামেন্টারী অ্যাফেয়ার্স মন্ত্রী বা যাঁরা বললেন আমি তাদের জানাতে চাই, এটা করা যেতে পারত। এটা কিন্তু করা হয়নি।

স্যার, আমি লাস্ট কথা যেটা বলবো আপনাদের কাছে সেটা হল এই যে, এই অবস্থার মধ্যে অল্টারনেটিভ একটাই, এর অল্টারনেটিভ একটাই, একদিকে যেমন তাদের বিরুদ্ধে কঠিন এবং কঠোর ব্যবস্থা নিতে হবে আরেকদিকে আমরা দেখতে পাচ্ছি হসপিটাল, সে উলুবেড়িয়া হোক, হাওড়া হোক, বাগনান হোক, ক্লিনিক্যাল টেস্ট যেখানে হচ্ছে, ধরুন বাগনানে একটাও স্পেশ্যালিস্ট নেই; বাগনান ব্লক ওয়ান যে সেন্টার সেখানে নেই, অন্য জায়গায় নেই। তাঁরা ক্লিনিক্যাল টেস্টের জন্য অন্য জায়গায় পাঠাচ্ছেন। সেখানে ক্লিনিক্যাল টেস্টের ল্যাবরেটরি নেই। হাওড়ায় আসছেন। হাওড়ায় পাচ্ছেননা। কোলকাতায় যাচ্ছেন। এর ফলে এমন একটা অবস্থার সৃষ্টি হচ্ছে যে তখন মনে হচ্ছে আমি যদি নার্সিং হোমে চলে যাই তাহলে ওয়ান উইনডো সিস্টেমে আমি সবগুলো করতে পারাবো। তখন লোক নার্সিংহোমের শরণাপন্ন হচ্ছে। স্যার, এটাকে বন্ধ করতে গেলে আমাদের আইনকে যেমন একদিকে কঠিন এবং কঠোর করতে হবে, যাতে নার্সিং হোমের মালিকরা, বে-সরকারী হসপিটালের মালিকরা বেশি কিছু অত্যাচার করতে না পারে আবার on the contrary স্যার আমাদের এই কাজ করতে হবে, যে ইনফ্রাস্ট্রাকচার আছে, যে হাসপাতাল আছে, সেখানে শুধু রুম করলে হবেনা, আরেকটা বাড়ি করলে হবেনা, সেই হাসপাতালে বেডের সংখ্যা বাড়াতে হবে। স্পেশ্যালিস্টের সংখ্যা বাড়াতে হবে এবং একই সঙ্গে সেই জায়গায় যাতে রোগীদের চিকিৎসা ভালো হয় তাই করতে হবে। আমি বেটার ট্রিটমেন্ট দিচ্ছি don't go to nursing home - এই আইডিয়াটা যতক্ষণ না তৈরি করতে পারবেন তার আগে পর্যন্ত কিছু হবেনা।

স্যার, নির্মলবাবু বলছিলেন 'মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য'। আমি বলি 'মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য' কিন্তু আমরা যেকথা বলে এসেছি, আমরা যে কাজটা করবো বলে এসেছিলাম সে কথা ভুলে গেলে চলবেনা। তাই, আসুন সকলে মিলে এই বিল-টাকে সঠিকভাবে পরিচালনা করতে সিলেক্ট কমিটিতে পাঠাই এবং এই বিলকে সমর্থন করে নতুন একটা দৃষ্টান্ত স্থাপন করি। তা যদি না হয় তাহলে রবীন্দ্রনাথের কথায় বলতে হবে ' তুই ফেলে এসেছিস তারে মন মনরে আমার'।

আর, শেষ কথাটা বলি, ঐ গানের একটা অংশ আছে, 'যে পথ দিয়ে চলে এলি সে পথ এখন। ভুলে গেলি রে।' ধন্যবাদ স্যার।

শ্রী নেপাল মাহাত : স্যার, ক্যামেরা ভেতরে অ্যালাউ হয়েছে, এটা আপনি নিশ্চয় পার্মিশন দিয়েছেন। কখন দিচ্ছেন জানালে একটু ভালো হয়। এটা পার্টিকুলারলি ঠিক একটা সময়ে করা হচ্ছে।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, একটা খুবই গুরুত্বপূর্ণ বিল এখানে আলোচনা হচ্ছে। আমি বিল টা খুব থরোলি পড়েছি। আমাদের সদস্যরা ইতিমধ্যেই অনেকে অনেক বক্তব্য রেখেছেন এবং তার মধ্যে মেরিট আছে। তবে কেউ কেউ আমার ধারণা আগের বিল-টা পড়েননি, ২০১০, সালের বিলটা পড়েননি। স্ট্যান্ডিং কমিটির রেফারেন্সগুলো হয়তো দেখেননি। ফলে তথ্যের অসঙ্গতি শাসক দলের পক্ষ থেকে কয়েকজন বলেছেন। আমি সময় থাকলে সেগুলোকে পেজ ধরে ধরে পরে বলতে পারবো।

স্যার, দ্য স্পরিট অফ দ্য বিল - আমি তার বিরোধিতা করছি না। স্পিরিট-টা কোথা থেকে উঠে এসেছে আমরা সবাই জানি। কার্যত যে ক্ষোভের কারণে মাননীয়া মুখ্যমন্ত্রী সংবাদ মাধ্যমের উপস্থিতিতে প্রাইভেট হাসপাতালের মালিকদের সঙ্গে ইন্টারএ্যাকশন করেছেন তাকে কেউ ধমক বলতে পারে, কেউ চমক বলতে পারে, ইন্টারএ্যাকশন করেছেন পাবলিক গ্যালারিতে মিডিয়ার সামনে, তার ক্ষোভের কারণ-টা সঙ্গত।

[3:00 – 3.10 p.m.]

সেই ক্ষোভের থেকে জন্ম নেওয়া এই বিল আমি স্পিরিট অব দি বিলকে বিরোধিতা করছি না। স্যার, স্বাস্থ্য এবং শিক্ষায় ব্যবসা চলছে। এই হাউসে অন্য সদস্যরা বলেছেন, আমিও বলেছি এবং গলা কাটা হচ্ছে। এটা স্যার পরিষেবা হিসাবে গণ্য হত কিন্তু বিশ্বায়নের অর্থনীতি লাগু হওয়ার সময় থেকে কার্যত এটা পরিষেবা না, this is trade এটা বিজনেসের অংশ হয়েছে। তার ফল আমরা সবাই ভুগছি। গলা কাটা হচ্ছে শিক্ষায়, স্বাস্থ্যে। প্রাইভেট যে ব্যবস্থাপনা করছে, এই বেসিক সূত্রটাকে ভুলে গেলে আমরা সমস্যার সমাধান করতে পারবো না। স্যার কলকাতার সুনাম ছিল। হাল আমলে ছিল, পাঁচ বছর, দশ বছর, বিশ বছর আগেও ছিল, হয়তো তার আগেও ছিল। সারা ভারতবর্ষের মানুষ মনে করতেন চিকিৎসার একটা গুরুত্বপূর্ণ কেন্দ্র কলকাতা। নামী ডাক্তার, এফেকটিভ এবং বাইরে থেকে চিকিৎসার জন্য আসত। আমরা তো জানি সাম্প্রতিক সময়ে বাংলাদেশ, নর্থ ইস্ট এমনকি অন্য রাজ্য সেখান থেকেও বহু মানুষ চিকিৎসার জন্য এরাজ্যে আসতেন। তা আমাদের অর্থনীতিতে সাহায্য করত। সেদিন মুখ্যমন্ত্রীও বলেছেন, কথাটা ঠিক দক্ষিণের ট্রেনে এখন আর সিট পাওয়া যায় না। দল বেঁধে দক্ষিণের দিকে চলে যাচ্ছে। আমরা কেন পারছি না? আমরা কেন ফেল করছি? আর সেখানে কম পয়সায় ভাল পরিষেবা দিচ্ছে বলে মানুষ কেন মনে করছে ,'অনেক হাসপাতাল আমাদের রাজ্যের বাইরে, আমরা কি পিছিয়ে যাচ্ছি? স্বাভাবিক কারণেই-

নির্মলবাবু বলার সময় বহু কথা বলেছে আমি কিছু বলিনি- ফলে কার্যত পশ্চিমবাংলার চিকিৎসা ক্ষেত্রের পরিষেবার গর্বটাকে ফেরানোটা আমি মনে করি বঙ্গবাসী হিসাবে আমাদের সবার দায়িত্ব, বাংলার বিধায়কদের দায়িত্ব, আমাদের সবার ঐক্যবদ্ধভাবে সেই মনোভাবটা নেওয়া উচিত। অন্যরাও বলেছেন, শাসক দলের সদস্যরাও বলেছেন। মেডিক্যাল টেস্ট হবে ডাক্তারবাবুর কমিশন ফরটি পারসেন্ট। অ্যাম্বুলেন্সে মূমুর্ষু রোগী আসবে অ্যাম্বুলেন্সে কমিশন। দালাল মারফত রোগী ধরে নিয়ে আসা হবে, দালালের কমিশন। প্রাইভেট হাসপাতালগুলো বা নার্সিংহোমগুলো এত বেআইনি কাজ করবে পুলিশ এবং স্থানীয় দাদাদের টাকা দিয়ে তাদের কিনে রাখার চেষ্টা করতে হয়, সব টাকাটা আলটিমেটলি চাপ পড়ে রোগীর ঘাড়ে। ফলে রোগীর উপরে চাপটা বাড়ছে। এই মূল জায়গাটা যদি আমরা এখান থেকে সরাতে না পারি তাহলে বিপদটা আমাদের থেকে যাবে। -কিছু অসভ্য লোক যদি না জেনে কথা বলেন তাহলে তার উত্তর দেওয়াটা আমার পক্ষে সম্ভব নয়। স্পীকারের সেটা দেখা উচিত। আমি যা বলেছি বুঝে বলেছি, সংসদীয় কথা বলেছি, স্পীকারের দেখা উচিত স্যার, প্রাইভেট ব্যবসা আমি বলবো এইভাবে দেখতে - ডাক্তার বনাম রোগীর ঝগড়া ব্যাপারটা এইভাবে দেখা উচিত নয়, ডাক্তার বনাম রোগীর যুদ্ধ এইভাবে নয়। বাণিজ্য বনাম পরিষেবা, বাণিজ্যের মারফতে পকেট কাটা, গলা কাটা। ঠিকই তো ডাক্তারবাবু আসবেন একবার, ছয় বার বিল হবে। ডাক্তারবাবুদের ভিজিট এ তো আকাশের গতিতে বাড়ছে। ক্রমশ ক্রমশ বাড়ছে। এখন তো একশো দেড়শো পঞ্চাশ কার্যত নেই। দুশো, পাঁচশো, হাজার, বারোশো নিশ্চয়ই তার উপর ট্যাক্স বসানো উচিত। লিমিট করার ব্যবস্থা করা উচিত। কিন্তু সবগুলোই পূর্বশর্ত স্যার, আমি বোধ করি আপনি নিজেও এ বিষয়ে অভিজ্ঞ, আপনি একাধিকবার বলেছেন। বোধ করি এই সমস্যার সমাধানে পূর্বশর্ত হচ্ছে সরকারী পরিষেবাকে উন্নত করা, যা অসিতবাবু সহ অন্যরা বলছিলেন। সেটাকে আমরা কতটা উন্নত করতে পারবো তার উপর নির্ভর করবে। স্যার আমাদের কি গর্ব নেই, আছে। ২০১৫ লাস্ট জাতীয় নমুনা সমীক্ষা অন হেল্থ - দু তিন বছর আগের তথ্য এরা দেয়। তাতে দেখা যাচ্ছে ভারতবর্ষের শহরাঞ্চলে সরকারী হাসপাতালের চিকিৎসায় যান মোট রোগীদের মধ্যে হাজারে তিনশো কুড়ি জন, আমাদের রাজ্যে ৫২৬ জন। গ্রামাঞ্চলে সারা দেশের গড় ৫৮১, আমাদের ৭৭২ - এগুলো আমাদের স্ট্রেন্থ আগে 74% -ডাক্তারবাবু বসে আছেন- সরকারী পরিষেবা ছিল।

সেটা আগের চাইতে কমেছে কিন্তু দেশের পড়ের চাইতে বেশী। আমাদের স্ট্রেন্থ আছে, আমরা চাইলে স্যার পারবো। কিন্তু সরকারী পরিষেবার হালটা কি আমাদের একটু ভাল করে দেখে নেওয়ার দরকার। স্যার, আমি Health on March আমাদের স্টেট গভর্নমেন্টের বই নিশ্চয়ই সবাই দেখেছেন আমি ২০১৪-১৫ নিয়ে এসেছি, আমি ২০০৯-১০ নিয়ে এসেছি। ২০০৯-১০ টাকে আমি মুড়ে রাখলাম। ২০০৯-১০ শুনলে, অনেকের বিনা কারণে চেঁচানোর অভ্যাস আছে। আমি ২০১৪-১৫ রেফার করবো, পেজ ধরে ধরে। আমি তার বাইরে কোন তথ্যেই যাব না। কোন প্রাইভেট বা অন্য কোন তথ্যের মধ্যে যাব না। স্যার, যদি কারোর অসুবিধা থাকে আমি জেরক্স করে নিয়ে এসেছি, আপনাকে দিয়ে যাব, আপনি ওদের পরে বুঝিয়ে দিতে পারবেন। স্যার, তাতে দেখা যাচ্ছে ২০১০ থেকে ২০১৫ আমাদের bed occupancy in medical colleges কমেছে ১% I In districts 1.5 per cent। তথ্যসূত্র page 67 Health on March 2014-15 ওটাই লাস্ট বেরিয়েছে, তারপর বেরোয় নি। sub-divisional and State General Hospital কমেছে ৭% Rural hospital কমেছে ১৫% primary health centre bed occupancy 21 per cent, সরকারী তথ্য আমি তাকেই রেফার করছি। যদি স্যার কমে তাহলে রোগী কি কমলো ? না, রোগী কমল না। তাহলে সে রোগী যাবে কোথায়। তাহলে সেই রোগী আমরা যদি পরিষেবা উন্নত করতে না পারি তাহলে সে ধাবিত হচ্ছে প্রাইভেটে।

প্রাইভেট অপেক্ষা করে বসে আছে। গলা কাটবার জন্য তৈরি হয়ে আছে। স্যার, পেজ 61, Health on March 2014-15। সবকটি গভর্নমেন্ট হসপিটালের বেড ৫৫ হাজার ৯৪২, ২০১৫ সালে ৬২ হাজার ৬৬৫। বাড়লো কত - ১১%। প্রাইভেটে বাড়লো কি রকম স্যার, রকেটের গতিতে। ২০১০ -৩৪ হাজার ২৮১। ২০১৫ সালে ৪৩ হাজার ৫৬৪ - ২৫%। ....(গোলমাল) ..... আমি স্যার, এথিকস্ জানি, মন্ত্রী বললে আমাকে বসতে হবে। আমি এটা মেন্টেন করি। স্যার, টাইম নষ্ট হচ্ছে একটু দেখবেন। স্যার, তাহলে দাঁড়াচ্ছে কি ? ডিমান্ডটা বাড়ছে। ডিমান্ড সাপ্লাইয়ের থিওরিতে প্রাইভেটে যখন ডিমান্ডটা বাড়ছে তখন প্রাইভেট সুযোগ পাচ্ছে গলা কাটবার। এর সমাধান কি ? প্রাইভেটের উপর চাপ সৃষ্টি করা। বিলের মধ্যে তার প্রচেষ্টা আছে। ২০১০ ছিল, পরে সেই কথায় আসবো। কিন্তু তার চেয়ে বেশি জরুরী হচ্ছে প্রাইভেটের ডিমান্ড যাতে না বাড়ে সরকারের পরিষেবা তাকে যাতে আমরা ভাল করতে পারি আপ টু ডেট করতে পারি। আমি এই ক্ষেত্রে সহমত স্যার, মুখ্যমন্ত্রীর একটা উদ্যোগ আছে, একটা আগ্রহ আছে। উনি মাল্টি স্পেশালিটি হাসপাতালের কথা অনেকবার বলেছেন কিন্তু কার্যক্ষেত্রে ওনার উদ্যোগে - সবটা তো উনি করতে পারবেন না। দপ্তর করছে কি ? বাকিরা করছে কি ? নীল সাদা বাড়ি বানানো হয়েছে, পরিষেবাটা কি হয়েছে স্যার ? যদি পরিষেবাটা না হয় তাহলে প্রাইভেট তার স্কোপ থাকছে, তার স্কোপ নিচ্ছে। solution পূর্ব শর্ত সরকারী পরিষেবা। আমরা কীভাবে তা বাড়াবো। স্যার, আমি কয়েকটি amendment দিয়েছি। আমি amendment দিয়েছি এই যে, regulatory authority, অনেকগুলো দিয়েছি, আছে আমি আশা করবো সেটা বিবেচিত হবে। regulatory authority -তে Judge, retired Judge প্লাস প্লাস Judge, নির্দিষ্ট থাকুক। part time না, এটা full time হওয়া উচিত। স্যার, এখানে বিলে যা আছে তাতে pleasure of the Government হওয়া উচিত নয়। তারসঙ্গে আমি মনে করি tribunal should be much more effective কিন্তু মুখ্যমন্ত্রী একটা বিল মুভ করেছেন, তার তিনি অথরিটি বলেছেন আমি অথরিটিতে আপত্তি করছি না, অগত্যা আপত্তি করছি না। যদিও আমি ব্যক্তিগতভাবে মনে করি ট্রাইবুনাল বেটার হতে পারতো। Pleasure of the Government ৩ বছর। স্যার, এখানে একটা প্রভিশন রাখা আছে ডিস্ট্রিক্টের অথরিটি adjudicated power তাদের দেওয়া হয়েছে, আচ্ছা সে যদি কোন একটা সিদ্ধান্ত নেয় কোচবিহারের গ্রামের মানুষটা বা পুরুলিয়ার প্রত্যন্ত গ্রামের মানুষ তার কথা তো আমাকে ভাবতে হবে ? সে High Court বা Supreme Court ছাড়া। কোথাও তার grievance জানাতে পারবে না, District Judge-কে least allow করা উচিত।

[3:10 – 3.20 p.m.]

তা নাহলে আমি প্রত্যন্ত এলাকার মানুষকে বঞ্চিত করছি। স্যার, সরকারী পরিষেবা, সংখ্যাগরিষ্ঠ মানুষ এখনও সেখানে যান, মূলত গরীব লোক সেখানে বেশি যান। তারা একটু নিঃসহায়, অসহায় গোছের লোক বেশি।তাদের আমরা ফ্রি করছি মানে এটা হতে পারে না যে তাদের ক্ষেত্রে গ্রিভ্যান্সেস,অসুবিধা, বিল, ঠিকমতো চিকিৎসা না হওয়া। হাসপাতালে মানুষ ঘুরছে, ঘুরছে, বাঁকুড়া থেকে বর্ধমান, বর্ধমান থেকে কোলকাতা মেডিকেল, কোলকাতা মেডিকেল থেকে এস এস কে এম, তারপরে শেষমেষ গেছেন অ্যাপেলোতে, কদিন আগে যে ঘটনাটা আমরা সবাই দেখেছি। এই যে সরকারী পরিষেবার ক্ষেত্রে তাকে আমাদের এই বিলের পার্ট অ্যান্ড পার্সেল করা উচিত। তাকে আমরা যদি পার্ট অ্যান্ড পার্সেল না করি তাহলে কার্যত আমরা বেঠিক করব, এটা আমি ইনফ্লুড করতে বলছি। স্যার, অনেকগুলো কথা আছে। রেট চার্টের কথা এখানে আছে। আমি নিয়ে এসেছি স্যার, রেট চার্ট যেভাবে আমরা বলছি, রেট চার্ট করে দেওয়া উচিত। আমাদের স্টেট গভর্নমেন্ট হেল্থ স্কীম আছে, তার রেট চার্ট আছে।CGHS এর রেট চার্ট, ডাক্তারবাবু এখানে আছেন, আমি চিনি, তাঁরা আমার থেকে অনেক বেশি অভিজ্ঞ। আমি

যে ডাক্তারবাবুর সঙ্গে পরামর্শ করেছি CGHS এর রেট চার্ট এবং আমাদের স্টেট গভর্নমেন্টের WBHS এর রেট চার্ট অনুযায়ী আমাদের রেট চার্ট করা উচিত। তা নাহলে একেবারে গলা কেটে দিচ্ছে, অসম্ভব, অন্যরাও বলেছেন, শাসক দলের সদস্যরাও বলেছেন। স্যার, আমি বলব ২০১০ যে আইনটা ছিল, আমরা কি ঠিকমতো খতিয়ে দেখেছি সবাই? আমি আপনাকে বলেছিলাম একটু বেশি সময় পেলে ভাল হয়। ছয় মাস আলোচনা হয়েছিল। স্ট্যান্ডিং কমিটিতে রেফার্ড হয়েছিল। স্ট্যান্ডিং কমিটি এভিডেন্স নিয়েছিল। তৃণমূলের সদস্যরা স্ট্যান্ডিং কমিটিতে যে অবজেকশান দিয়েছিলেন, সেই কপিও আমার কাছে আছে। আপনি চাইলে আপনাকে আমি দিয়ে দিতে পারি। ওনারা কি কি অবজেকশান দিয়েছিলেন, কেন অবজেকশান দিয়েছিলেন ইত্যাদি, ইত্যাদি। সেই যে অবজেকশান দিয়েছিলেন, তার কিছু কিছু খতিয়ান গ্রহণ করুন। স্যার, এভিডেন্স নেওয়া হয়েছিল, ওয়েবসাইটে দেওয়া হয়েছিল, সংবাদপত্রে বিজ্ঞাপন দেওয়া হয়েছিল। ফিফ্‌থ অক্টোবর ২০১০ নোটিফিকেশান হল, নোটিফায়েড। ২০১২ সালে রুলস ড্রাফট ফ্রেম হয়ে গেল। আমি যতটুকু জানি মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্বেগ থাকাতে তিনি চার চার বার বৈঠক করেছেন। সেটা নোটিফায়েড হয়নি। ২০১০ এর আইনটা আমরা কার্যকরী করিনি। যদি কার্যকরী করতাম তাহলে এই ৬টা বছরের ল্যাপ্স, আর এই সঞ্জয় রায় সহ এত যে গল্প, এই গল্পগুলো যদি আমরা ৬ বছর আগে থেকে কাভার করতে পারতাম, আমরা কেন করলাম না? আমার কাছে এটা রহস্য, সেই রহস্যের উত্তর কে দেবেন আমি জানিনা। আশা করি মাননীয়া মুখ্যমন্ত্রী দেবেন। মুখ্যমন্ত্রী সৌজন্যের রাজনীতির কথা বলেন। নিশ্চয় ২০১০ এর এই আইনটাকে ধরে আমাদের আলোচনা করলে যে সুবিধা হতে পারত, সেটা বলার দরকার আছে বলে আমার মনে হয়। স্যার, আমি যে কথা বলে আমার কথা গুটিয়ে আনতে চাই সেটা হচ্ছে, এটাকে অ্যামেন্ড করতে পারতাম, রিপিল করার দরকার ছিল না। ছত্রে ছত্রে এক, বাক্য,শব্দ,দাঁড়ি,কমা,। স্যার, আমি দুটো বিলই নিয়ে এসেছি। একটা হচ্ছে ২০১০। আমি দেখিয়ে দিচ্ছি স্যার এ টু জেড, শুরুর কথা এবং শেষ কথার লাস্ট লাইন বাই দি প্রভিশান অফ রিপিলড অ্যাক্ট টিল দি এক্সপায়ারি অফ দি টার্মস অফ এগজিস্টিং লাইসেন্স, আপনি এখানে দেখবেন শব্দ, বাক্য সব একদম সমান স্যার। আমি এক মিনিট বেশি সময় নেব। সেই কারণে আমার কথাটা হচ্ছে এটা কি একটা নতুন প্যাকেটে পুরনো কোন প্রোডাক্ট? চলতি ভাষায় নতুন বোতলে পুরনো মদের বোতল কি লাগছে? আমার স্যার মনে হচ্ছে। কোথায় কোথায় ডিফারেন্স আছে আমি বলে দিচ্ছি। আমাকে আপনি এক মিনিট সময় দিলে ডিফারেন্স বলে দেব, জবাব দিয়ে দেব। স্যার, ট্রাইবুনালের জায়গায় এক হেডিং এর ট্রান্সফারেন্সি যোগ করা হয়েছে। ট্রাইবুনালের জায়গায় রেগুলেটরী অথরিটি বলা হয়েছে। এক লাখ, তিন লাখ, পাঁচ লাখ সেখানে তিন লাখ, পাঁচ লাখ, দশলাখ, সদস্য বলছিলেন ছিল না। হ্যাঁ, ছিল, চেঞ্জ করা হয়েছে। কি কি রুলস হবে বলা হয়েছিল, কিছু রুলস এখানে অ্যাক্টের অংশ হিসাবে যোগ করা হয়েছে। সেভেন সি ক্লজে এল থেকে ভি পর্যন্ত যোগ করা হয়েছে। কিন্তু সেভেন থ্রির আই এবং জেডে যে দুঃশ্চিন্তাগুলো মহুয়াদেবী বলছিলেন, সেই সবগুলোই এখানে আছে।

.....(এই সময়ে লালবাতি জ্বলে ওঠে).....

ফলে কার্যত পুরোটাই প্রায় সেম। সেই কারণে আমার কথা হচ্ছে এটা রিপিল না করে অ্যামেন্ড করা যেত, রিপিল করলে পুরনো ঐতিহ্যটাকে,পুরো বিষয়টাকে মান্যতা দেওয়া হয় বলে বাতিল করে নতুন করার মধ্য দিয়ে ছয় বছর ল্যাপ্স করলাম। তাতে চমক হতে পারে, নতুন লাভ কিছু হল না। আমার লাস্ট কথা যে বিলের জন্ম হল তা মিডিয়ার সামনে আলোচনা দিয়ে সেই বিল কেন পাবলিকের .....

.....(এই সময়ে মাইক অফ হয়ে যায়).....

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার অনুমতি সাপেক্ষে আজকে। আমাদের Parliamentary Minister পার্থ চ্যাটার্জী এই এত গুরুত্বপূর্ণ বিলটা The West Bengal Clinical Establishments(Registration, Regulation and Transparency) Bill, 2017 আমি authorise করেছিলাম তাকে বিলটি lay করার জন্য। আমি হাউজের সকলকে ধন্যবাদ জানাচ্ছি যাঁরা participate করেছেন বা অনেকে participate করেননি বাট শুনেছেন, শোনাটাও একটা বড় কাজ। বিশেষ করে যাঁরা সমর্থন করেছেন তাঁদেরও এবং যাঁরা সমর্থন করননি তাঁদেরও বেশি করে ধন্যবাদ, ভুল করার জন্য। আমি বিশেষ করে এই বিল আনার জন্য আজকে এটি একটি ঐতিহাসিক বিল এটা ভারতবর্ষে আগামী দিনে একটা মডেল হবে। আমি দুই-একটা কথা বলবার আগে সমগ্র সাধারণ মানুষকে সর্বস্তরের যাদের সমর্থন ছাড়া এই কাজ আমাদের পক্ষে করা সম্ভব ছিল না এবং সংবাদ মাধ্যমের সকলকে, তাঁরাও এই ব্যাপারটা নিয়ে তাঁদের নৈতিক সমর্থন তাঁরা যদি না দিতেন তাহলে হয়তো এত বড় একটা কড়া পদক্ষেপ নেওয়ার পক্ষে আমাদের কিছু অসুবিধা নিশ্চয়ই হত। এমনিতে আমি দেখেছি একদল লোক আছেন, মানুষ নন আমরা রাজনৈতিক লোকেরা - আমি আমাকে দিয়ে বলছি, অন্যকেতো বলতে পারি না। আমাদের যেন একটি নিয়ম হয়ে গেছে। ভাল কথা বলব না, ভাল কাজ করব না, ভাল কথা শুনব না, always বিরোধিতা করতে হবে তাই negetive, বিরোধিতা করতে হবে তাই destructive। বিরোধিতা করতে হবে তাই নিজের সংকীর্ণ রাজনৈতিক স্বার্থে যাঁরা এই বিলকে আজও মন থেকে মেনে নিতে পারেননি আমি জনগণের কাছে সেটা রাখব জনগণই এর জবাব দেবে এর থেকে আমি বেশি কিছু বলব না। কেউ কেউ বলতে গিয়ে বলেছেন বেসরকারি বিল এসেছে, বেসরকারী নার্সিংহোম, private hospital-গুলির সম্বন্ধে কিন্তু আলোচনা হচ্ছে সরকারী হাসপাতাল নিয়ে। তার কারণ কোন একটা জায়গায় তাদের protection দিতে হবে কারণ কিছু টিকি বাধা আছে। আমি এই ক্ষেত্রে কাউকে protection দেওয়ার কথা বলতে আসিনি। সরকারী হাসপাতাল চলে সরকারের নিয়মে সেখানে তার monitoring system আছে, তার controlling power আছে, তার অথোরিটি আছে। আশা করি আমার আগে যাঁরা ৩৪ বছর ক্ষমতায় ছিলেন তাঁরা systemটা জানেন। একটা সরকারি চিকিৎসক ভুল করলে তাঁর বিরুদ্ধে action হয়, punishment হয়, চাকরি যায়, suspended হয়। এগুলি সরকারী সিস্টেমের মধ্যে আছে। আগেতো এই সরকারী সিস্টেমে আমি দেখেছিলাম যে সরকারী হাসপাতালগুলিকে লোকে বলত জীবন্ত যমালয়, গেলে আর ফেরত আসে না। রোগী দাড়িয়ে গিয়ে ঢুকত আর শুয়ে ফেরত আসত আর আজকে সেই সরকারী হাসপাতালে কেউ কেউ বলছেন হিসাব নাকি 1%বেডের সংখ্যা কমেছে অকুপেন্সি কমেছে। কেন কমবে না ? এটা jugglery of words হচ্ছে কেউ বলছে GDD ৭/ বেড়ে গেছে, jugglery of words, আবার কেউ বলছে ১% কমেছে। আমার আগে একটা ঘর ছিল চারজন লোক একটা ঘরে থাকতাম। আজকে যদি তিনটে রুম তৈরি করি তাহলে বাবা-মা একটা ঘরে থাকবে, দুটো ঘরে দুটো ছেলে-মেয়ে থাকবে। Accommodateকরা হয়েছে এটা বুঝুন। এই সত্য কথাটা বললেন না। এই পাঁচ বছরে ২৭ হাজার bed বাড়ানো হয়েছে, please realise। পশ্চিমবঙ্গে যত লোক হসপিটালে দেখায় highest in the country, কোথাও এই treatment পাওয়া যায় না। আজকে তো বাংলায় বিহারের মানুষ এসে treatment করে, ঝাড়খন্ডের মানুষ এসে treatment করে, বাংলাদেশের ভাই-বোনেরা এসে করে, ভুটানের ভাই বোনেরা করে, North Eastern-এর ভাই-বোনেরা করে, উড়িষ্যার ভাই-বোনেরা করে। আমাদের সকলে যেমন treatment করতে যায় কেউ শংকর নেত্রালয়ে, কেউ ভেলোরে যায়, প্রাইভেট হসপিটালে কিন্তু আমাদের সরকারী হাসপাতালে করে।

[3:20 – 3.30 p.m.]

আর এতে আমাদের অনেকটা টাকাও বেরিয়ে যাচ্ছে সেটা আমাদেরকে পরে ভাবতে হবে। আমাদের তো আজকে হার্ট অপারেশান থেকে শুরু করে সব ফ্রি তে ট্রিটমেন্ট দিচ্ছি। আমার বন্ধুরা যারা এতো বড় বড় কথা বলে গেলেন সরকারী হাসপাতাল নিয়ে একবারও স্বীকার করলেন না - ব্লাড টেস্ট পাচ্ছেন বিনা পয়সায়, এম.আর.আই, স্ক্যান, হার্ট অপারেশান, কিডনী ডায়ালিসিস - একবারও মুখ ফুটে বললেন না যে পশ্চিমবঙ্গ সরকার ফ্রি তে ট্রিটমেন্ট দিচ্ছে - একবারও বললেন না। শুধু নেই, নেই, নেই। শুধু নেই, নেই, নেই। নিজেরাওতো ছিলেন ৩৪ বছর - কেন পারেননি করতে ? আমি শুধু কয়েকটা সংখ্যা দিচ্ছি - তা দিতাম , এই বিলের মধ্যে যেহেতু কোয়েশ্চেনটা রেইজ হয়েছে তাই দিচ্ছি। এখানে আমাদের - অপজিশানের বন্ধুরা বলেছেন সৌজন্য - তাই সৌজন্যতা করে আমি উত্তর দিচ্ছি। প্রথমটাই বলে দিলাম যে ১% - যেটা দেখিয়েছিল - ২৭ হাজার বেড বাড়িয়েছি আমরা। আর কি কি করেছি ? ৪২ টা নতুন সুপার স্পেশালিটি হসপিটালের মধ্যে ৩৩ টা ইতিমধ্যেই চালু হয়েছে।নিয়মই তাই - আই.পি.ডি, ও.পি.ডি - র মধ্যে পার্থক্যটা আশাকরি বোঝেন। যেকোন বাড়ি তৈরি হলে বাড়িটাকে আগে এ্যাক্টিভ করতে হয়,তারপর উল্টো পাল্টা হয়। তারপর ও.পি.ডি চালু করতে হয়, তারপর আই.পি.ডি। আশা করি এই টেকনিকাল টার্মসগুলো বোঝেন, আমাকে আর বোঝাতে হবে না। ১১৯টা ন্যায্য মূল্যের ওষুধের দোকান - যার মধ্যে ১১২ টি ইতিমধ্যেই চালু হয়েছে। ৪৮ থেকে ৭৭ % প্রাইভেটেও যারা ট্রিট্রমেন্ট করে কনসেশান পায়। ১১৭টি ন্যায্য মূল্যের ডায়গনসিস সেন্টার, যাতে ১২লক্ষ মানুষ উপকৃত। এখানেও কনসেশান পাওয়া যায়। আমাদের সরকারের আমলে ৪২ টি ক্রিটিকাল কেয়ার ইউনিট আমরা তৈরী করব ঠিক করেছিলাম। ৩৭টি ইতিমধ্যেই চালু হয়ে গিয়েছে। জেলায় - জেলায় সাবডিভিশানে ছিল না। ১৬টি মাদার এ্যান্ড চাইল্ড হাব। তার মধ্যে ৯টি ইতিমধ্যেই অনুমোদিত হয়ে গিয়েছে। ৭০টি এস.এন.এস.ইউ। তার মধ্যে ৬১টি ইতিমধ্যেই চালু হয়ে গিয়েছে। বামফ্রন্ট সরকারের ৩৪ বছরে ৬টি ছিল। ৩০৭টি এস.এন.এস.ইউ - বাচ্চাদের জন্য। তার মধ্যে ৩০৩ টি ইতিমধ্যেই চালু হয়ে গিয়েছে। ইনস্টিটিউশানাল ডেলিভারী - কাকে বলে সোসিও ইকনমিক প্যারামিটার ? সোসিও ইকনমিক প্যারামিটারটা কি ? ইনস্টিটিউশান ডেলিভারী হত না - আমাদের মা - বোনেরা কত দূরে - দূরে সুন্দরবনের দ্বীপ, মুর্শিদাবাদের আইসোলেটেড এরিয়া বা করিমপুরের একটা আইসোলেটেড এরিয়া বা সুন্দরবনের একটা আইসোলেটেড এরিয়া বা আলিপুর দুয়ারের ইন্টিরিয়ারের একটা চা বাগান – পরিকল্পনা কোনদিন করা হয়েছিল ? আমি তো মনে করি এরজন্য পশ্চিমবঙ্গ সরকারকে ফার্স্ট প্রাইজ দেওয়া উচিত। ইনস্টিটিউশান ডেলিভারী কত ছিল বামফ্রন্টের আমলে ? ৬৫%। আর আমাদের মাত্র সাড়ে পাঁচ বছরে ওটাকে বাড়িয়ে আমরা ৯০%করে দিয়েছি। লজ্জা থাকা উচিত। আরও ১০% আছে - আমরা করে দেব। কোন্ সিস্টেমে কাজ করতে হয় জানতে হয়। যখন ক্ষমতায় ছিলেন কিছু করেননি, করতে পারেননি, আজকে বড় - বড় ভাষণ দিচ্ছেন। আপনি বলুন স্যার, আমাদের শিশুদের টিকাকরণ ৮০% থেকে বাড়িয়ে আমরা করেছি ৯১%। শিশু মৃত্যুর হার - ২০১০ সালেও ছিল প্রতি হাজারে ৩২। আমাদের আমলে ওটা কমিয়ে আমরা করেছি ২৬। আমরা চাই আরও কমুক। আমি সবচেয়ে খুশি হব যেদিন থাকবে না একটাও। ভারতবর্ষে গড় ছিল প্রতি হাজারে ৩৯। মাতৃমৃত্যুর হার - ২০০৭ থেকে ২০০৯ এর মধ্যে আমাদের রাজ্যে মাতৃমৃত্যুর হার ছিল ১৪৫ - ১ লক্ষ জীবিত শিশুর জন্য। ২০১১ থেকে ২০১৩ এর মধ্যে এই হারটা কমিয়ে দিয়েছিলাম আমরা ১১১ তে। ভারতবর্ষে এই হারটা যখন ছিল ১৬৭। কোনটা হেল্থের সোসিও ইকনমিক প্যারামিটার ? স্বাস্থ্য জেলা - ৭টি নতুন স্বাস্থ্য জেলা তৈরী করেছি আমরা - নন্দীগ্রাম, ঝাড়গ্রাম, বিষ্ণুপুর, রামপুরহাট, ডায়মন্ড হারবার, বসিরহাট, আসানসোল। নতুন

মেডিকেল কলেজ - ৭টি, তারমধ্যে ৪টি সরকারী, ৩টি বেসরকারী - অলরেডি হয়ে গিয়েছে। মালদা মেডিকেল কলেজ, মুর্শিদাবাদ মেডিকেল কলেজ, সাগরদত্ত মেডিকেল কলেজ, ই.এস. আই মেডিকেল কলেজ (জোকা), আই কেয়ার মেডিকেল কলেজ - হলদিয়া (প্রাইভেট) - ধরব পরে। আই.টি.ইউ.সি মেডিকেল কলেজ দুগপুর, গৌরীদেবী মেডিকেল কলেজ দুর্গাপুর। এছাড়া আরও ৯টি মেডিকেল কলেজ গড়ে তোলা হচ্ছে।

রামপুরহাট, পুরুলিয়া, রায়গঞ্জ, নদীয়া দুটি, কোচবিহার দুটি, ডায়মন্ডহারবার, ভাঙড় এবং কার্শিয়াং। ডাক্তারি পড়ার জন্য ইতিমধ্যে ১৩৪৫ সিট বাড়ানো হয়েছে এই সাড়ে পাঁচ বছরে। আর আগামীদিনে আরো ৫০০ টি সিট বাড়ানো। হবে, ডেন্টাল ছাড়া বললাম। শিশুসাথী প্রকল্পে বিনে পয়সায় হার্ট অপারেশান করে দেওয়া হয়। সমস্ত ফ্রি। এমনটা কোনোদিন ভেবেছিলেন? খুব সেন্টিমেন্টাল কোচ্ছেন। আমি একদিন পি.জি. হসপিটালে গিয়েছিলাম। মধুরস্নেহ, অনেক গর্ভবতী মা বাচ্চা হতে গিয়ে মারা যায় কখনও কখনও। বাচ্চারা দুধ খেতে পায়না। তার জন্য আমরা একটা ব্যাঙ্ক তৈরি করেছি সেটার নাম হচ্ছে মাদার মিল্ক ব্যাঙ্ক। মধুরস্নেহ, যাতে মায়ের স্নেহ সেই বাচ্চাগুলো পায়, যাতে মাতৃ দুগ্ধ পায়। সেইরকম কর্ড ব্লাড ব্যাঙ্ক থেকে শুরু করে অনেক কিছু করেছি আমরা। স্বাস্থ্যসাথী, স্বাস্থ্যবিমা, মাভৈ প্রকল্প, চা বাগান গুলিতে বিনা মূল্যে অ্যাম্বুলেন্স, ভ্রাম্যমান মেডিক্যাল ইউনিট হয়েছে। সরকারি ডাক্তারদের অনেক সময় অভাব হয় বলে আমরা ৬৫ বছর পর্যন্ত সরকারি ডাক্তারদের বাড়িয়েছি। সুতরাং মুখে বলে লাভ নেই। বাংলা আজকে বিনে পয়সায় ট্রিটমেন্ট দেয়। এমনকি যখন নোট বাতিল হয়েছে সেই নোট বাতিলের সময়ও অসহায় মানুষ ছুটে এসেছে। টাকা দিয়ে ট্রিটমেন্ট করতে পারেনি, টাকা নেই হাতে। তাদের একমাত্র সহায় ছিল এই সরকারি হাসপাতালগুলো, তারা করেছে। স্যার, কাজ করতে করতে হাজার হাজার লক্ষ লক্ষ কোটি কোটি পেসেন্ট আসে। অনেক পলিটিক্যাল পার্টি, অনেক পলিটিক্যাল কালার, অনেক ডাক্তার, চিকিৎসক, নার্স, গ্রুপ ডি, অনেক কর্মচারী আছে, সবাইকে নিয়েই করতে হয়। কখনও কখনও কোনো ঘটনা ঘটলে আমরা চিৎকার চেঁচামেচি করি। কিন্তু একবারও তো ভাবিনা প্রতিদিন কোটি কোটি মানুষ এই সরকারি হাসপাতালগুলোতে ট্রিটমেন্ট করে এবং আমরা খোঁজও রাখি। পরিষ্কার বলা আছে প্রয়োজন ছাড়া অন্য জায়গায় রেফার করবেন না। এই কেস গুলো কন্টিনিউয়াস মনিটরিং করা হয়। স্বাস্থ্য এবং শিক্ষা এমনই একটা জায়গা এগুলো সমাজ সেবার মধ্যে পড়ে। এগুলো রাজনীতির রঙ দিয়ে নয়, মানবিকতার রঙ দিয়ে দেখা উচিত বলে আমি মনে করি। আজকে কেন এটা আমরা করতে গেলাম? আমরা করতে গেলাম তার কারণ, আজকে স্যার আমি সাইট করতে পারি কতগুলো কেস। আমার কাছ আছে ডকুমেন্ট। কিন্তু আমি হাউসের টাইম বেশি নিতে চাইনা বলে আমি নিশ্চয়ই ডিস্টার্ব করব না। আমি আপনাদের যদি একটা দুটো কেস সাইট করি বুঝতে পারবেন কেন করলাম। ২০১৭-এ আপনারা একটা আইন করেছিলেন। আইনটা কি ছিল? না ঘরকা, না ঘাটকা। এমন কিছু করা উচিত না যাতে কিছু হয়না। ওয়ে আউটটা কি ছিল? ২০১০ যদি করেছিলেন তাহলে ইমপ্লিমেন্ট করেননি কেন? একটা কিছু করেছেন? কোনো কাজ করেননি। কোনো কিছু করেননি মিথ্যা কথা বলা ছাড়া। আমি আবার আপনাদের বলি কিছু ছিল না, কোনো কিছু ছিল না। ভালো করে দেখেন না পর্যন্ত। আর এই আইনটা করতে গিয়ে আমি নিজে ৬ ঘন্টা বসে বসে পয়েন্ট টু পয়েন্ট কাজ করেছি। স্যার, কেন আমরা এই আইনটা করলাম? সাধারণ মানুষকে প্রোটেকশান দেওয়ার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন একদিন আপনার সাথে আমার আলোচনা হচ্ছিল। তখন আমরা ভাবতেও পারিনি আইনটা এই আকারে আসবে। আপনার সাথে আমার কথা হচ্ছিল। একদিন আপনি বলছিলেন, আমি আপনাকে বলছিলাম স্যার, এই যে এম.এল.এ. রা সব হসপিটালে যাচ্ছে কত কত বিল করছে কেউ খোঁজ রাখে। যা ইচ্ছে বিল করে দেওয়া হচ্ছে।

যা ইচ্ছে। এগুলোতো সরকারি পয়সা। সরকারি তহবিলের পয়সা। একটা পয়সাও সরকার - মনে রাখবেন এই পয়সা জনগনের পয়সা। ৪০ হাজার কোটি টাকা ঋণ শোধ করেও অনেক কষ্ট করে এই জায়গা/গুলো করা হয়েছে মানুষকে সেবা দেওয়ার জন্য। সেই টাকা এক পয়সাও নষ্ট হোক এটা আমরা চাই না। তাই প্রত্যেকটা পয়সাকে গুরুত্ব দিয়ে দেখতে হবে। এটা জনগনের পয়সা। স্যার, আমি একটা কেস নিলাম। এর আগে থেকেই আমি শুনছিলাম। কিন্তু শুনলে হবে না স্যার, আপনার সাথে আমি আলোচনা করেছি। আমাদের হেল্প ডিপার্টমেন্টকে দিয়ে আমি গত এক বছর ধরে সার্ভে করিয়েছি। সার্ভে করিয়েছি প্রায় ৯০০ প্রাইভেট হসপিটাল এবং নার্সিং হোমে। তাতে আমরা অনেক ডকুমেন্ট পেয়েছি। এটা আমরা কোয়াইটলি করছিলাম। ৭০ জন কে অলরেডি সাসপেন্ড করা হয়েছে।

[3:30 – 3.40 p.m.]

৩০ জনের লাইসেন্স ক্যানসেল করা হয়েছে। প্রত্যেকটা কাজের একটা প্রসেস্ থাকে, একটা ধারা থাকে, সেই ধারাটাও আমাদের করতে হয়েছে। আমি শুনলাম কিছুদিন আগে একটা রোগী এসে - দেখুন স্যার, লাইফ সেভিংসে রেখে দেওয়া, বাইরে বিদেশে ছেলে-মেয়েরা আছে, তারা বলে আমরা চারদিন পৌঁছতে পারব না, ওটা রেখে দিন, ডেটটা পরে ডিক্লেয়ার করবেন। সেসব একটা ক্যাটেগরি আছে, আমি এর মধ্যে অত যাচ্ছি না। কিন্তু আমি স্যার শুনেছি, আমি নাম বলতে চাইনা, কেননা ব্যক্তিগত ভাবে কাউকে দুঃখ দেওয়া আমার উদ্দেশ্য নয়। রোগী মারা গেছে, তাকে লাইফ সেভিংসে রেখে দিয়ে অপারেশন করা হচ্ছে। অপারেশনটা করা হচ্ছে আবার রাত্রিবেলা, যাতে charge টা double হয়। Is it not a inhuman case ? চাকরি ছেড়ে দিয়েছে একজন, তার কাছ থেকে আমার কথাটি শোনা। এই ধরণের একটা জায়গা - আমি নিজে জানতাম না - Blood test হচ্ছে, আপনারা বলুন তো ডায়াগোনিসিসের উপর একটা পেশেন্ট ভালো হয়, কেউ যদি ভুল ডায়াগোনিসিস করে, পেশেন্টটার মৃত্যু হয়ে যায়, পঙ্গু হয়ে যায়, অথর্ব হয়ে যায়, এটা আমাদের সবার ক্ষেত্রে প্রযোজ্য। এমন হয়ে গেছে লোভ বাড়তে বাড়তে, লাভ বাড়তে বাড়তে limit ছাড়িয়ে গিয়ে। সাপোজ কেউ একজন হসপিটালে ভর্তি হয়েছে বা একটা ব্লাড টেস্ট করতে যাচ্ছে, সেখানে পর্যন্ত বলে দেওয়া হচ্ছে ব্লাড রিপোর্টটা এটা দিতে হবে। ক্যান ইউ ইমাজিন, কোথায় আমরা বাস করছি ? ব্লাড রিপোর্ট চেঞ্জ ! That means your blood report is changed. তাহলে diagnosis হবে কোথা থেকে ? আপনার ডায়াবেটিক নয়, যদি ডায়াবেটিক বলে দেয় ব্লাড টেস্ট করে, তাহলে সে তো উল্টো ওষুধ খাবে। আপনার ডেঙ্গু হয়নি, ব্লাড টেস্ট রিপোর্টের আগে বলে দিচ্ছে ব্লাড প্লেট কমে গেছে, যাতে আপনি ডেঙ্গুর ট্রিটমেন্টটা করেন, আর কয়েক লক্ষ টাকার ব্যবসা হয়। এই ধরণের অজস্র কেস আজকে প্রত্যেকটা জায়গায় হচ্ছে। এবং, আমি এখনও মনে করি সবাই খারাপ নয়, এর মধ্যেও অনেকে আছে যাঁরা সত্যি ভালো কাজ করেন, তাদের আমি appreciate করি। কিন্তু যাঁরা খারাপটাও করেছেন তাঁদেরও lesson নেওয়া উচিত, lesson নিতে হবে। আমি গতকাল Appollo থেকে একটা চিঠি পেয়েছি। তাঁরা আমাকে বলেছেন, Government যে guidelines দিয়েছেন সেসব মেনে চলবেন। আমরা ওয়াচ করব, আমরা দেখব, কমিশন দেখবে। কিন্তু দু-একটা কথা বলি। স্যার, কেস নাম্বার যদি বলি, সঞ্জয় রায় of Dankuni, Howrah। আমি অন্য কথা বলব না, Appollo hospital demanded ৭ লক্ষ ৪৫ হাজার টাকা। এবং আপনি জানেন স্যার, patient এর থেকে ultimately ১১ টা fixed deposit documents জমা নিয়েছে, PAN card নিয়ে নিয়েছে, যার amount হচ্ছে ৩ লক্ষ ৬০ হাজার টাকা। patient expire করেছে। একটা patient treatment করাতে যাচ্ছে,

তার fixed deposit নিয়ে নিচ্ছে ! তার জমির দলিল নিয়ে নিচ্ছে ! তার PAN card নিয়ে নিচ্ছে, তার স্থাবর, অস্থাবর সম্পত্তি নিয়ে নিচ্ছে ! আর এর পরও বলবেন এই বিলটাকে Standing Committee তে পাঠিয়ে ৬ মাস দেরী করা হোক ! আর তারপরও বলবেন, কেন আপনাদের সিদ্ধান্ত নেওয়া হচ্ছে না ? এটা কি উচিত ?

মিঃ স্পীকার : With the consent of the House, আমি আরও ২৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রীমতী মমতা ব্যানার্জী : কেস নাম্বার টু। আরও একটা কেস বলি। (নয়েজ - বিরোধী বেঞ্চ থেকে এইসময় কিছু বলতে থাকেন) .. আপনার নিজস্ব নার্সিং হোম আছে ? আমি জিজ্ঞেস করছি, আছে ? বসুন। স্পীকার স্যার, আশা করি সবাই সবারটা বলেছেন, আমারটা আমাকে বলতে দিন, মানুষ জানতে চায়। মানুষের শোনাটাকে বাধা দেবেন না।

(নয়েজ - এই সময় বিরোধী সদস্য মাননীয় সুজন চক্রবর্তী কিছু বলতে থাকেন)

মিঃ স্পীকার : প্লিজ interrupt করবেন না। সুজন বাবু, আপনি তো দলের নেতা, please please, Take your seat. আপনি passing remark করবেন না, বসুন।। এটা ভালো দেখায় না।

শ্রীমতী মমতা ব্যানার্জী : Case number two. (নয়েজ ...) বেশী কথা বলবেন না। আপনি বড় বেশী কথা বলেন। (নয়েজ ...) ওরা চায় না এটা হোক। তার কারণ মানুষের জন্য কিছু হোক সেটা ওরা চায় না। এই করেই বাংলাটার সর্বনাশ করেছে।

কেস নাম্বার টু স্যার। আমি আর একটা কেস সাইটেড করছি পাবলিককে জানানোর জন্য। এটাও অ্যাপোলো হাসপাতালের কেস। স্যার, ডিমান্ড করেছে ৯লক্ষ ৬২হাজার ৭১৬টাকা। তিনটে চেক তাকে জমা দিতে হয়েছে। ৫লক্ষ ৯৭হাজার ৭১৬টাকার। কিন্তু কোনটা আমি বলতে চাই বুঝতে পারছেন স্যার ? অরিজিনাল কপি অব ডিড অব পেশেন্টস অ্যানসেসট্রাল হাউস। তাকে জমা দিতে হয়েছে। অরিজিনাল ভোটার আই ডি কার্ড, প্যান কার্ড অব পেশেন্ট, আধার কার্ড অব পেশেন্ট, মানে কি বাকি রেখেছে ? অর্থাৎ আমি কেন বলছি কেসগুলো। আমি জীবনে শুনি নি এই ধরণের জিনিস। এটা আমাদের নলেজে আসার জন্যই আমরা সিরিয়াস হয়ে গেছি। আগে শুনতাম ঠিক আছে, একটা কমিশন নিত। ডাক্তারদের বলে দিত তা না হলে তুমি নার্সিং হোমে ট্রীটমেন্ট করতে পারবে না। তোমাকে ৪০পারসেন্ট কমিশন দিতে হবে। একটা পেশেন্ট গেলেই প্রয়োজন না থাকলেও বলবে ব্লাড টেস্ট, এম আর আই টেস্ট, স্ক্যান টেস্ট, স্কিন টেস্ট, সারা শরীর টেস্ট, সারা মন টেস্ট, টেস্ট করতে করতে কমিশন। কোন জায়গায় ব্লাড টেস্ট করবে, কোন জায়গায় টেস্ট করবে সেটাও বলে দেবে, তারাই প্রেসক্রাইব করে দেবেন, সেগুলো আমি শুনতাম। কেউ দোকান করছে শাড়ি গয়নার। বলছে এই দোকান থেকেই শাড়ি কিনতে হবে, ৪০হাজার টাকা একটা করে শাড়ি। গয়নাটা কিনতে হবে। এইরকম অনেক কেস আছে। কিন্তু আমি কখনো শুনি নি লাফিয়ে লাফিয়ে বাড়ছে। আগে ২০ হাজার, ২৫হাজার, ৩০ হাজারে হয়ে যেত। আজকাল হাজারটা ভুলে গেছে। প্রথমে কেউ যদি বলে মেডি মেডিক্লেম ? ফার্স্ট ওটাকে শেষ করবে ওটা টেস্ট করে।তারপরে চাই ক্যাশ, নয় ডিড। নয় জমির দলিল। তা না হলে বলবে নিজেকে বিক্রি করে দাও। এনাফ ইজ এনাফ। এটা আমার মনে হয় সারা ভারতবর্ষেই চলছে। আমরা চাই এই বিল পাশ করার পরে সকলের নজর পড়ক এবং এটা দেখার পরে সকলে দায়িত্বটা নিক মানি না স্যার, একটা ওষুধের দাম, আমার কাছে ডকুমেন্ট আছে। বাইরে সে ওষুধটা কিনতে পাওয়া যাচ্ছে ১০ হাজার টাকায়। কিন্তু তাকে ওষুধটা কিনতে হচ্ছে কত

টাকায় ? তাকে সেখান থেকে কিনতে হচ্ছে ওষুধটা ২৪হাজার টাকায় নার্সিং হোম থেকে বা প্রাইভেট হসপিট্যাল থেকে। কেন স্যার, এটা কেন হবে ? এটা কেন হবে ? এই দেখুন স্যার, প্লুরিসি ট্রীটমেন্ট, ভর্তি হয়েছে ভগবতী কেশরী অব মালদা, অ্যাপোলো হসপিট্যাল, যে ওষুধটার দাম ১০ হাজার টাকা। সেই ওষুধটার দাম নিচ্ছে অভিষিক্তা ব্যানার্জি, আবার অ্যাপোলো, ওয়ান লাইফ সেভিং ড্রাগ। 'কোইভিক ' যার বাইরে দাম হচ্ছে ১০ হাজার টাকা। আর ওখানে নিচ্ছে ২৪ হাজার ৫শো টাকা। বিল করেছে। সেই জন্য স্যার, এমন এক একটা অবস্থা গেছে 'আমরি ' থেকে শুরু করে 'কলম্বিয়া' হসপিট্যাল থেকে শুরু করে কি নেই ? অনেকগুলো আছে। এমন কি জেলায় জেলায়ও কিছু হচ্ছে। কেস স্টাডি আমাদের চলছে, কেস স্টাডি আমাদের চলবে। এই সমস্ত ঘটনাগুলোই আমাদের চোখ খুলে দিয়েছে এবং গভর্ণমেন্টকে বাধ্য করেছে। আমরা গভর্ণমেন্ট বেসরকারী বা সেলফ অটোনমির মধ্যে ইনটারফিয়ার করতে চাই নি বা চাই না। সরকারের যেমন একটা ব্যাপার আছে তেমনি বেসরকারী একটা ব্যাপারও আছে। আমরা তাদের সম্মান করি। আমরা বেসরকারী সম্পত্তি কোন কিছু ক্ষতি হোক আমরা চাই না।বা তাদেরকোন কিছু বিপদ হোক আমরা চাই না।সবাই সমান। আমি আগেও বলেছি। কিন্তু যখন কোন উপায় থাকে না, সব বাঁধ ভেঙ্গে যায় তখন কিন্তু আমরা বাধ্য হয়ে, স্বচ্ছতা আনার জন্য, শৃংখলা আনার জন্য, নৈতিকতা আনার জন্য, গাফিলতির যে। অভিযোগ চিকিৎসাতে, সেই অভিযোগ যাতে না হয়, তার জন্য .....

[3:40 – 3.50 p.m.]

এমন কি স্যার,আপনি যে অভিযোগ করেছেন, আপনার অভিযোগের সঙ্গে এই অভিযোগের কোন পার্থক্য নেই। যেমন,বিল বাড়িয়ে দেখানো, বিনা প্রয়োজনে ভেন্টিলেশনে রাখা, আই সি সি ইউতে পাঠিয়ে দেওয়া, এস এন এস ইউ তে পাঠিয়ে দেওয়া,ভেন্টিলেশনের প্রোটোকল মেনটেন না করে রেখে দেওয়া, কেস সামারী রোগীকে না দিতে চাওয়া,রোগী মারা গেছে মৃতদেহ আটকে রাখা ইত্যাদি ইত্যাদি। এমন কি আমি একবার কে পি সি-র ক্ষেত্রে শুনেছিলাম একজন আর্টিস্ট, একজন শিল্পী মারা গিয়েছিলেন। তার ডেডবডি আটকে রেখে দিয়েছিল ২৪ ঘন্টা। তারপর আমি অরূপকে, শোভনকে, আর ববিকে পাঠিয়ে আমি বলেছিলাম দরকার হলে টাকা আমি দেব। বডি তোমরা ছাড়। মৃতদেহ আটকে রাখে বিল না দিতে পারলে। চেক পেমেন্ট না নিতে চাওয়া, ক্যাশ পেমেন্টের জন্য চাপ দেওয়া যাতে রেকর্ড না থাকে, এইসমস্ত চাপ দেওয়া, টাকা না দিলে রোগীর বাড়ীর লোককে খুব সিরিয়াস কন্ডিশন বলে ভয় দেখিয়ে দেওয়া, কোথায় মানবিক বোধবুদ্ধি দিয়ে তাকে সেবা করবে তা নয়, তাকে ভয় দেখিয়ে দেওয়া এবং চিকিৎসার শুরুতে যে খরচ বলে দেওয়া হয়, সেটা বাড়াতে বাড়াতে প্রায় দশগুণ বাড়িয়ে দেওয়া হয়। প্যাকেজ এক রকম দেওয়া হয়, পরবর্তী ক্ষেত্রে আবার বলবে শরীর খারাপ হয়ে গেছে। তারামানে আবার সাত দিনের আবার লাইফ সেভিংসের টাকা দাও, আই সি সি ইউতে টাকা দাও। এস্টিমেট না দিতে চাওয়া। ডাক্তারদের টোটালি প্রেসক্রিপশান না করা, টোটাল রিপোর্ট না রাখা, বাড়িয়ে এস্টিমেট দেওয়া,এমন কি ওয়েস্ট বেঙ্গল হেল্থ স্কিমের আন্ডারে যে সমস্ত কর্মচারী আছে তারা আমাদের এনলিস্টেড এমপ্যানেলড, তাদেরই চিকিৎসা দেয় না। অকারণ হয়রানি, গাফিলতি, মানুষকে মানুষ না ভাবা,আইনের দুর্বলতার সুযোগ নিয়ে এই সমস্তগুলি করা হচ্ছে। প্রয়োজনীয় বিধি না থাকায় আমরা এগুলি করতে পারি নি। এর আগেও বলা হয়েছিল জমি দিলে, পরিষেবা দিলে ১০% ভিতরে বা ২০% বাইরে সুযোগ দেবেন কিন্তু দেয় না। জমি নিয়েছে, সুযোগ নিয়েছে, অ্যাডভানটেজ নিয়েছে, কিন্তু করছে না এবং সেইজন্য আমাদের যে বিল২০১০ বাতিল করে,যেটা ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট রেগুলেশন রেজিস্ট্রেশন ট্রান্সপারেন্সী

বিল আমরা এনেছি। এই আইনের উদ্দেশ্য হচ্ছে স্বচ্ছতা নিয়ে আসা। মূল্যের উপরে মানে টাকার উপরে নিয়ন্ত্রণ করা যে, হঠাৎ করে এত বিল দিতে হবে, এত টাকা লাগবে, এইসব ক্ষেত্রে অকারণে হয়রানি বন্ধ করা। গাফিলতি, অভিযোগ যদি পাওয়া যায়, সঠিক তদন্ত করার ব্যবস্থা নেওয়া। অভিযোগ প্রমাণিত হলে দোষী সাব্যস্তদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া। ক্ষতিগ্রস্থ রোগী বা তার পরিবারকে যথাযথ ক্ষতিপূরণের ব্যবস্থা করা। এছাড়াও বলি স্যার, আমি আগেও বলেছি সেবা কখনো বিক্রি হয় না। এখনও বলি। এছাড়াও এর পরিধি আমরা অনেকটাই বাড়িয়েছি। যেকোন পুরানো আইনে ক্লিনিক্যাল এস্ট্যাবলিশমেন্টের যে সংজ্ঞা ছিল, তার পরিধি আমরা অনেকটা বাড়িয়েছি। এখন যেকোন ব্যক্তি বা সংস্থা,সেটা রেজিস্ট্রিকৃত হোক বা না হোক আর যে নামেই পরিচিত হোক এবং যে স্বাস্থ্য পরিষেবাই প্রদান করুক, তারা এই আইনের আওতায় থাকবে। এছাড়া মনে রাখবেন একমাত্র যেখানে কোন রেজিস্টার্ড ডাক্তারই শুধুমাত্র চিকিৎসা সংক্রান্ত পরামর্শ দেবেন, সেগুলি এর আওতার বাইরে থাকবে। কিন্তু সেখানেও প্রকাশ্যে লিখে রাখতে হবে মেডিক্যাল কনসালটেশন ক্লিনিক। লাইসেন্স দেওয়ার যে শর্তাবলি পুরানো আইনে ছিল, তারও আমরা অনেকগুলি পরিবর্তন এনেছি। মূলতঃ লাইসেন্স পাওয়ার জন্য ন্যূনতম পরিকাঠামো রাখতে হবে। ডাক্তার, নার্স, প্যারামেডিক্যাল স্টাফদের ন্যূনতম যোগ্যতা এবং তাদেরকে ট্রেনড রাখতে হবে। জরুরী পরিষেবা, ডিফারেন্ট পরিষেবা, ন্যূনতম মান, কি কি যন্ত্রপাতি রাখতে হবে, কিভাবে বায়ো-মেডিক্যাল বর্জ্য ব্যবস্থা অপসারণ করতে হবে,কি কি রেজিস্টার্ড রাখতে হবে, এগুলি পুরানো আইনে ছিল না। এছাড়াও কোন কোন আইন নির্দিষ্টভাবে বাধ্যতামূলক করা হয়েছে। কোন অনৈতিক বা অন্যায় ব্যবসায়িক নীতি যেমন অন্যায্য পরিষেবার মূল্য নেওয়া যাবে না। ইচ্ছামত টাকা নেওয়া যাবে না। পরিষ্কার পরিচ্ছন্নতা রক্ষা করতে হবে। কোন দুর্ঘটনা বাকোন অ্যাকসিডেন্ট হয়, দুর্যোগের ফলে অসুস্থ ব্যক্তি অ্যাসিড আক্রান্ত বা রেপড ভিকটিমকে জরুরী পরিষেবা দিতে হবে।

এক্ষেত্রে চিকিৎসা শুরু করার ক্ষেত্রে টাকা দাবী করা যাবেনা। অ্যাকসিডেন্ট পেশেন্ট পড়ে থাকলেও আগে টাকা দাও তারপর চিকিৎসা হবে - ব্লাড লস্ হ'তে হ'তে ছেলেটা মরে গেলো বা মেয়েটা মরে গেলো, তার একটা ট্রিটমেন্ট হ'লনা, এটা হয়না। সুতরাং এই বিধিগুলো মেনে চলতে হবে। যদিও পরবর্তিকালে হাসপাতাল বা নার্সিংহোম নিজেরাই নিজেদের মতো - নিশ্চয়ই তারা তাদের ব্যবস্থা করবে, আমি তো বলছিনা সবাইকে বিনা পয়সায় চিকিৎসা দিতে হবে, তার একটা লিমিট তো থাকবে। একটা লেগিটিভিসি তো থাকবে। মৃতদেহ আটকে রাখা যাবেনা। পাবলিক গ্রিভান্স সেল্ চালু করতে হবে। যেখানে রোগীর বাড়ির লোক চিকিৎসায় গাফিলতি, অন্যাজ্য বিলিং, ডাক্তার এবং কর্মীদের ব্যবহার এবং অন্যান্য কোনো বিষয়ে অভিযোগ জানাতে পারবেন। হেল্পডেস্ক চালু করতে হবে যাতে রোগীর বাড়ির লোকের সাথে নিয়মিত যোগাযোগ রেখে চিকিৎসা ও তার খরচ বাড়ির লোকেদের জানাবে টাইম টু টাইম। ই-প্রেস্ক্রিপশন চালু করতে হবে। ইলেকট্রনিক মাধ্যমে সংরক্ষণ করতে হবে টোটাল রেকর্ড। রোগীকে হাসপাতাল থেকে যখন ডিসচার্জ করা হবে, তখন তাকে চিকিৎসা সংক্রান্ত সব তথ্য দিতে হবে। আবার যদি কখনো রোগী মনে করে অন্য হসপিটালে ট্রান্সফার হবেন, সেখানেও তাকে তথ্য দিতে হবে। প্রত্যেক স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী সংস্থাকে প্যাকেজ রেট বা কোন নির্ধারিত রেট - কোন পরিষেবার জন্য কোনটা দরকার সেটা কঠোরভাবে মেনে চলতে হবে। আমি কোথাও বললাম। হার্ট অপারেশন - দেড় লক্ষ টাকার প্যাকেজ, তারপরে নিয়ে নিলাম আমি ১০ লক্ষ টাকা - এসব হবেনা। প্যাকেজের বেশি বিল করা যাবেনা। যখন প্যাকেজ হচ্ছে, তখন তার দায়িত্ব হচ্ছে এটাকে দেখা। ইনসিওরেন্সে দেখবেন স্যার, ইনসিওরেন্স যখন করা হয়, তখন যদি কেউ মারা যায়, তখন তাকে ইনসিওরেন্স দিতেই হয়। সেটা বলেনা - ঝড়ে মারা গেছে, না জলে ডুবে মারা

গেছে, না অ্যাকসিডেন্টে মারা গেছে, না অসুস্থ হয়ে মারা গেছে। একটা সিষ্টেম থাকে। সুতরাং প্যাকেজ রেটটাও সিষ্টেমের মধ্যে আনতে হবে। বাড়তি খরচ করা যাবেনা। চিকিৎসা করার সময় যদি কোনো বাড়তি খরচ করে বা তা তার আগে এষ্টিমেট দিতে হবে। ফাইনাল বিলে কোনোভাবেই ঐ এষ্টিমেটের একটা নির্দিষ্ট পার্সেন্টেজের বাইরে বিল করা যাবেনা। এই নির্দিষ্ট পার্সেন্টেজ সরকার ঠিক করে দেবে। আমরা যে কমিশন করছি তারা ঠিক করে দেবে, আমরা মনিটরিং করবো। চিকিৎসার জন্য এসেনশিয়াল না হলে কোনো ল্যাবরেটরি টেষ্ট বার বার করানো যাবে না কারণ একই টেষ্ট বার বার করানো হয়। এম.আর.আই. মেশিন, সিটি স্ক্যান মেশিন — এটাও অনুরোধ করবো দেখে নিতে ঠিকমত কাজ করছে কিনা। অনেক সময় মেনটেনেন্স হয়না, পুরোনো মেশিন পড়ে থাকে। পুরোনো মেশিনে টেষ্ট করতে গিয়ে অনেক সময় দেখা যায় অনেক ভুল আসে। আমার একটা কথা বলি ? এটা হাউসের জন্য বলি। আমি যখন অন্ রেকর্ড বলছি। .....(নয়েজ) ..... হাউসে যখন বলছি, দিস্ ফর পাবলিক। এটুকু বুদ্ধি আপনার থাকা উচিৎ। হাউসটা জনগনের। আমি আগেও আপনাদের বলেছিলাম। আমি একটা নার্সিং হোমে ভর্তি ছিলাম ট্রিটমেন্টের জন্য। আমি একটা এম.আর.আই. করলাম। এম.আর.আই. করাতে গিয়ে দেখলাম - আমার অ্যাপেনডিক্স আমি আগেই বাদ দিয়েছিলাম অন্য অপারেশন করার সময়। কিন্তু যখন এম.আর.আই. করলাম, তখন দেখলাম অ্যাপেনডিক্সটা উঠেছে। তারপর আমি আমার ডাক্তারকে দেখালাম। তিনি বললেন, এটা কি রকম তাজ্জব ব্যাপার ! তার মানে কি এম.আর.আই, মেশিনটা ভুল ? আমি তখন সেই নার্সিং হোমকে বললাম, দেখে বাইরে আমি নাম বলছি না। কিন্তু তোমরা মেশিনটা ঠিক করো। আইদার তোমাদের মেশিনটা পুরোনো, অর মেনটেনেন্স করোনি। এইভাবে তোমরা যদি করো তাহলে তো কেঁচো খুঁড়তে সাপ বেরিয়ে পড়বে। এটা ডেনজারাস দ্যান এনিবডি। সুতরাং এই জন্য কথাগুলো বলছি। আমি একটা ব্যবসা চালাচ্ছি, আমি দেখবোনা আমার মেনটেনেন্স ঠিকমতো হচ্ছে। কিনা ! এই যে হাউসের মধ্যে এসে বসি, আমাদের ঘরগুলো কি পরিষ্কার হয়না ? ..... (নয়েজ) ..... না, আমি নাম বলছি না। আমি এটুকু এথিক্স মেনটেন করি। এটা আমি নিশ্চয়ই বলব না। যেটা ঘটেছে, সেটা আমি আপনাদের বললাম ফর ফিউচার কেয়ার, এগুলো টেককেয়ার করবেন। ব্লাড় নিয়ে যেটা বললাম ঠিক বললাম। টেককেয়ার করবেন। এগুলো সব সময় দেখে রাখতে হয়। আমি এখনো বলি স্যার, ১০০-র বেশি বেড় বিশিষ্ট যে স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী হাসপাতাল বা নার্সিং হোম বা যাই হোক, তারা যদি ফেয়ার প্রাইস্ মেডিসিন শপ বা ফেয়ার প্রাইস ডায়গোনষ্টিক সেন্টার করে, আমাদের গভর্নমেন্টের পলিশি আছে।

[3:50 – 4.00 p.m.]

তাহলে কিন্তু সেখানে ৪৭% থেকে ৭০% - Diagnosis করবার জন্য এবং ওষুধ কেনার জন্য কিন্তু অনেক concessionই যারা private hospital-এও যাবে, যারা private-এও treatment করবে তারা কিন্তু একটা সুরাহা পেতে পারে। অনেকটাই concession হতে পারে রোগীর bill কমতে পারে। যে সমস্ত হসপিটাল, nursing home আছে সরকারের কাছ থেকে জমি বা অন্যান্য সুযোগ সুবিধা পেয়েছে তারা OPD মানে outside ২০%, IPD ১০% মানে ভিতরে বিনা পয়সায় চিকিৎসা দিতে বাধ্য থাকবে একদম গরীব লোকেদের যারা পারবেনা। যারা সরকারের থেকে সরাসরি এইরকম সুবিধা পায়নি তাদেরও একটা Corporate Social Responsibility আছে। তার আওতার বাইরে outside-এ ২০%, IPD মানে ইন্টিয়ারে ১০% গরীব লোকেদের জন্য চিকিৎসা দেওয়ার তারা চেষ্টা করবে। এটা তাদের CSR work হিসাবে। এছাড়াও life saving medical treatment and critical care দেওয়ার ক্ষেত্রে টাকা পয়সা

বা অন্য কোন শর্ত আরোপ করতে পারবেনা। যে ডিড দাও, প্যান কার্ড দাও, জমির দলিল দাও, fixed deposit জমা দাও, বাড়ির জমি সব দিয়ে দাও। এটা করতে পারবেনা। শাস্তিমূলক ব্যবস্থা already সংবাদ মাধ্যমে বেড়িয়েছে। তবুও house-এর জন্য আমি বলি, বিনা licence-এ কোন স্বাস্থ্য পরিষেবাকারী সংস্থা চললে ১ লক্ষ টাকা জরিমানা করা হতে পারে। এরপর প্রত্যেক দিনের জন্য ১ হাজার টাকা হিসাবে ১০ লক্ষ টাকা জরিমানা করা হতে পারে। Licence নেই জেনেও যদি কোন সংস্থা এই কাজ করে তাদের জন্য এই জরিমানা হতে পারে ২৫ হাজার টাকা। কর্তৃপক্ষ যদি নির্দেশ অমান্য করে তাহলে ৫ লক্ষ টাকা জরিমানা করা হতে পারে। তথ্য দিতে অস্বীকার করলে ১ লক্ষ টাকা জরিমানা করা যেতে পারে। কোন register বা অন্য record নষ্ট করলে বা মিথ্যা কথা বললে ৫ লক্ষ টাকা জরিমানা আদায় করতে পারে। কেউ যদি আইন ভঙ্গ করে, কোন রোগী বা অন্য কারো স্বাস্থ্য বা নিরাপত্তায় তেমন কোন বড় ক্ষতির আশঙ্কা না থাকে তবেও কিন্তু ৫০ হাজার টাকা জরিমানা করা যেতে পারে। আর বড় ক্ষতি যদি কারো হয়ে যায় ১০ লক্ষ টাকা জরিমানা করা যেতে পারে। এছাড়াও licence-এর স্বত্ত্ব না মানলে সর্বোচ্চ ৩ বছর জেল হতে পারে। গাফিলতির কারণে রোগীর মৃত্যু বা ক্ষতি হলে Indian Penal Code-এর আওতায় শাস্তির বিধান রাখা হয়েছে।। এই অপরাধের বিচার Code of Criminal Procedure, 1973 বিধি মেনে করা হবে। ক্ষতিপূরণ, স্বাস্থ্য পরিষেবা যেটা আগে কোনদিনই ছিলনা, স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী সংস্থার গাফিলতিতে রোগীর ক্ষতি বা মৃত্যু হলে সংশ্লিষ্ট সংস্থাকে তার পরিবারকে নিম্নলিখিত ক্ষতিপূরণ দিতে হবে। সাধারণ ক্ষতির জন্য সর্বোচ্চ ৩ লক্ষ টাকা, বড় ক্ষতির জন্য ৫ লক্ষ টাকা এবং মৃত্যুর জন্য নূন্যতম ১০ লক্ষ টাকা। এই ক্ষতিপূরণ দিতে হবে যত তাড়াতাড়ি সম্ভব। ছয় মাসের পরে নয়, ছয় মাসের মধ্যে। এই আইনের আওতায় ১৩ সদস্য বিশিষ্ট West Bengal Clinical Establishment Regulatory Commission গঠন করা হবে। যার Chairman অবশ্যই আমরা চাইছি কোন একজন বিচারপতি হোক। Acting হোক বা retired হোক বা retired করতে যাচ্ছে ৬/৮ মাসের মধ্যে সেরকম হলেও চলবে। অথবা High Court-এর প্রধান বা প্রাক্তন, High Court-এর কোন বর্তমান বা প্রাক্তন অথবা retire করতে যাচ্ছেন ৫/৬ মাস, ৮ মাস বাকি আছে তাঁরাও হতে যেতে পারেন। রাজ্য বা কেন্দ্রীয় সরকারের মুখ্যসচিব, অতিরিক্ত মুখ্যসচিব বা অনুরূপ কোন পদে আসীন ছিলেন। এই commissionকে নজরদারি, নিয়ন্ত্রণ, অভিযোগের তদন্ত করা, দোষী ব্যক্তি বা সংস্থাকে শাস্তির ব্যবস্থা করার জন্য আইনে উপযুক্ত ক্ষমতা দেওয়া হয়েছে। এই commission-এ অভিযোগ যদি প্রমানিত হয় তদন্ত যেমন করতে পারবে, প্রমানিত হলে বেসরকারি হাপাতাল বা nursing homeকে ৫০ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করার ক্ষমতাও এই commission-এর থাকবে। ক্ষতিগ্রস্ত পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়ার জন্য commission বেসরকারি হাসপাতাল বা nursing homeকে নির্দেশ দিতে পারবে। জেলা হাসপাতাল এবং nursing home গুলোতেও আমরা নজরদারি বাড়িয়েছি এবং তাদের সাথেও আমি meeting করবো।

যখন আমি জেলায় জেলায় review meeting নেব। এছাড়াও আমি সবাইকে অনুরোধ করবো যাঁরা বেসরকারি বা private বা সরকারি বা নার্সিংহোমে যে যেখানেই চিকিৎসা করুন না কেন, চিকিৎসায় কিন্তু মানুষের জীবন নিয়ে ব্যবসা করার অধিকার আমাদের কারো নেই। চিকিৎসাটা কিন্তু সেবার ভাবেই মানবিকভাবেই আমাদের সকলকে দিতে হবে। সব বেআইনি, সব private হাসপাতাল খারাপ বা সব নার্সিংহোম খারাপ এটা আমি বলব না। তারাও নিশ্চই অনেকে ভালো কাজ করে। যদি কারো কোনো ভুল ত্রুটি থাকে তারা নিজেদের শুধরে নিন। আমরা শোধরানোর সুযোগ দিচ্ছি। আর যদি শুধরে না নেন, তাহলে তো আমার জন্যও যা আপনাদের জন্যেও তাই। আইন আইনের পথে চলবে এটা নিয়ে আমার কিছু বলার নেই। আমি

আবার বলি Treatment with smile, Seva with smile এটা আমাদের সবচেয়ে বড় কাজ। আমি চাই, আমাদের এই bill আসুন আমরা unanimously পাস করি। আর একটা দিনও সময় নষ্ট করা উচিত নয়। এই বিল মাননীয় রাজ্যপাল সই করবার পর, আমরা notification জারি করব। এবং notification জারি হয়ে গেলেই সঙ্গে সঙ্গে আমরা Commission-টাকেও আমরা announce করে দেব/Time আমরা নষ্ট করবো না। ২২ তারিখ আমি মিটিং করেছিলাম। আর মাত্র চারদিনের মাথায় ২৬ তারিখে bill-টা আমি নিজে হাতে তৈরি করেছি। আমার Health Secretary, Chief Secretary, Home secretary and আমার Principal secretary একটা team বসে, আমরা প্রায় ৬ ঘন্টা ধরে বসে এই bill-টা করেছি। যদি আমাদের কোথাও কোনো গাফিলতি থাকে পরবর্তী পর্যায়ে সংশোধন করার সুযোগ থাকবে। যদি মনে হয়। আরো কিছু add হবে, আরো কিছু alteration হবে। কাজ করতে করতে পথ চলতে চলতে, আরো যদি কিছু শিক্ষা আমরা লাভ করি, সেই শিক্ষাকে আমাদের অভিজ্ঞতার সাথে সংযুক্ত করে আমরা নিশ্চই কাজ করবো। আমি আমার সমস্ত চিকিৎসক বন্ধুদের কাজ থেকে, doctor-দের সকলকে আবেদন করবো আপনারা সবাই খুব ভালো কাজ করেন, আরো বেশি করে করুন মানবিক সেবায় এবং আপনারাই এখন থেকে নিয়ন্ত্রণ করুন নার্সিংহোম এবং হাসপাতালগুলোকে। যদি বলো, কমিশন না হলে নার্সিংহোমে আপনি থাকতে পারবেন না, মুখের উপর জবাব দিন, চলে আসুন, আমাদের সরকারি হাসপাতালে জায়গা আছে, অনেক establishment আমরা করছি, কোনো অসুবিধা নেই। অন্যায় - অনৈতিক কোনো কাজ কেউ করতে বললেও দয়া করে করবেন না। আমি কৃতজ্ঞ at least Appello Hospital-এর কাছে, আশা করি তারা শুধরে নেবেন, তাদের CEO মনে হয় resign করেছেন এবং এটা officially তারা আমাকে চিঠি দিয়ে জানিয়েছেন যে, resignation করেছেন। যাইহোক, সব ভালো যার শেষ ভালো। তবুতো একটা - আমরা যে কথাগুলো মিথ্যে বলছি না এটা প্রমাণিত হয়ে গেছে। তার মানে। এটা সত্য ঘটনা। আমি সব জায়গায় সবাইকে অনুরোধ করবো, আসুন সরকারি বেসরকারি সকলে মিলে আমরা এক সাথে, এক সাথে হাত মিলিয়ে কাজ করি। যে কাজটা মানুষের জন্য মানুষের সেবার জন্য। শিক্ষা, স্বাস্থ্য, একটু আশ্রয়, দু'মুঠো পেটের ভাত মনে। রাখবেন এইটুকু দেওয়া আমাদের সকলের কর্তব্য আমাদের দায়বদ্ধতা এটা আমাদের নৈতিকতা। এর মধ্যে যেন কোনো পার্থক্য না থাকে। পার্থক্য একটাই হোক, যাঁরা অমানবিক/ ছিলেন, তারা আর অমানবিক হবেন না। তারা মানবিক হোন। তাদের সৌজন্যতাবোধ তাদের। হাসিখুশি মুখ যেন নতুন করে এই institution-গুলোকে model institution হিসাবে গড়ে তুলতে সাহায্য করে। সরকারের দিক থেকে কোনো সাহায্য চাইলে এই ব্যাপারে আমরা সর্বদা আপনাদের সাথে ছিলাম, আছি এবং থাকবো। এর সাথে স্যার, আমি সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি বলব, thanks to my press media also আমি বলছি এই কারণে thanks to my Hon'ble Speaker and all my friends, এবং আমাদের যারা কাজ করে সকলে। স্যার, আপনারাও আমাদের help করেছেন। আপনারা আমাদের guide করেছেন। আপনারা আমাদের help করেছেন। আমি সকলের কাছে কৃতজ্ঞ যার কাছ থেকে যতটুকু সাহায্য পেয়েছি। এটা করতে হয়তো কিছুদিন সময় দিতে হবে। আমরা খুব তাড়াতাড়ি চেষ্টা করবো।। সময় নষ্ট না করে কাজটা করার জন্য। আরো দুটো দিক আমাকে খুব ভাবায় স্যার। আমি একটু ছুঁয়ে রাখছি। হয়তো time লাগবে।

Mr. Speaker : With the consent of the House I extend the time for five minutes.

শ্রীমতী মমতা ব্যানার্জী : Thank you Sir, আমি কৃতজ্ঞ স্যার। আরো দু'তিনটে জিনিস আমাকে খুব ভাবায়। আপনারাও শুনুন কাজে লাগবে। স্যার, পাঁচ মিনিটের মধ্যে এক মিনিট তো

—বলতে দিন। আপনাদের কথাই বলব। একটুও রাগিনি। এতো মাথা ঠান্ডা - এর থেকে বেশি ঠান্ডা হলে তো freeze-এ ঢুকে যাব। আমি আপনাদের বলি যে, আমি এখনও বলি আপনাদের, স্যার, আমাকে দু'টো জিনিস আরো খুব ভাবায়। শুধু আমাকে নয়, আমার মনে হয় সমাজকে ভাবায়। একটা হচ্ছে accident-টা খুব বেশি - বাড়াবাড়ি হয়ে যাচ্ছে।

[4:00 – 4.10 p.m.]

আপনি চালু করেছেন, এইসব কথা কম বলুন। সব ব্যাপারে, পুরনো বোতলে নতুন মদ করবেন না। এই কথাগুলিই খারাপ। আমি আপনাদের আবার বলি, আমাকে খুব ভাবায় তার কারণ, আজকে বাইক রেসের নামে অনেক ছোট্ট ছোট্ট প্রাণগুলো বিসর্জন হয়ে যাচ্ছে। আমি এর পরে ভাবছি, বাইকে চড়া, স্কুটারে চড়া,সাইকেলে চড়া তাদের অধিকার, তাদের কাজ করতে যেতে হয়, নিশ্চয়ই তাদের দিকের কথা আমি বলছি না। কিন্তু বাইক কমপিটিশানের নামে যে জীবনগুলো চলে যায়, যারা রাফ ড্রাইভিং আর বাইকিং কমপিটিশান করে এগুলো করবেন, আমি তাদের বাইক কিন্তু সরকারকে নিয়ে নিতে বলব। এখানে কঠোর না হলে কোন উপায় নেই। আর দুই হচ্ছে, রাফ ড্রাইভিং। এমন জোরে ড্রাইভ করছে — একটু, এক মিনিটে কি যায় আসে — কখন এ্যাকসিডেন্ট করে ৬জন মরে যাচ্ছে, কখন এ্যাকসিডেন্ট করে ৮জন মরে যাচ্ছে, এগুলো আমাদের খুব গায়ে লাগে। যে পরিমাণ লোক মারা যায়, ' আপনি বেদনা সেইজন বোঝে যে জন ভুক্তভুগী, রোগ যন্ত্রণা কভু না বোঝে হয় নিজে কভু রোগী। স্যার, এটা খুব বড় ব্যাপার। আমার খুব দুঃখ লাগে এটা। আমি এখনও বলি, এই ব্যাপারে আমাদের স্ট্রং আইন নিয়ে আসতে হবে এবং যে আইন আছে, সেই আইন এনাফ নয়। আইন আছে আমি জানি, বাট আইন ইজ নট এনাফ এবং আমি মনে করি, আইনের এই সুযোগ নিয়ে অনেকে ভয়ে কমপ্লেন করতে পারেনা, ইন্সিওরেন্স পাবেনা বলে। বুঝতে হবে আপনাদের এই ব্যাপারগুলো। স্বাভাবিক ব্যাপার। (নয়েজ) কিছু কাজ হয়না, কিচ্ছু লাভ নেই, বলছি যখন শুনুন না, এত অধৈর্য্য কেন ? কোন কিছু নিজেরাও করবেন না, কাউকে করতেও দেবেন না। ঐ আইনটা কার্যকরী আইন নয় - তাই, ঐটা আইন নয়।

(নয়েজ)

মিঃ স্পীকার : মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলতে দিন আপনারা, প্লীজ।

(নয়েজ)

শ্রীমতী মমতা ব্যানার্জী : জীবনে তো কিছু করেননি,চুপ করে বসুন, শুনুন। আমি এখনও মনে করি, রাফ ড্রাইভিং করে, কমপিটিশান করে, হুড়োহুড়ি করে কোন রকমভাবে লোক মেরে দিলাম আর ভাবলাম কদিন বাদে তো জেল থেকে চলে আসব, আর ইন্সিওরেন্স এর টাকা পাবে থার্ড পার্টি, সুতরাং জল ভাত হয়ে গেছে যেন এ্যাকসিডেন্টটা। এ্যাকসিডেন্টটাকে জল ভাত হিসাবে দেখলে হবেনা, মোটর ভেহিকেলস আইনটা সেন্ট্রাল এ্যাক্ট। এটা আপনাকে মাথায় রাখতে হবে। আমাদের হাতে এই আইনটা নেই, এই আইনটা মোটর ভেহিকেলস এ্যাক্ট ইজ এ সেন্ট্রাল এ্যাক্ট। -- কি শুভেন্দু তাই তো ? -- পুলিশের সবাই জানে, সুতরাং এই আইনটাকে আমরা স্ট্রং করবো। এ্যাকসিডেন্ট কেস এখনও আমি দেখেছি অনেকে ভাবে এ্যাকসিডেন্ট করে মেরে দিই। সুতরাং এটা মাডার কেস হবেনা কেই কেউ এটাকে ইউজও করে, মিস ইউজও করে। এটাকে করতে দেওয়া হবেনা। একটাও সেই এ্যাকসিডেন্ট, এই এ্যাকসিডেন্ট কেসটা — আর একটা হচ্ছে এটা আমি কিছুদিন টাইম নেবো স্যার। আমাকে আইনপত্র দেখে করতে হবে। আর একটা আমি যেটা ভাবি, আমি এখনও মনে করি, আমাদের অনেক প্রাইভেট স্কুল আছে দে আর ভেরী

গুড। প্রাইভেট কলেজ আছে, দে আর ভেরী গুড। প্রাইভেট ইউনিভার্সিটি স্যার দে আর ভেরী গুড। কিন্তু কেউ কেউ এত বেশী ডিমান্ড করে, এত বেশী চার্জ নেয়, এত বেশী কমপিটিশানে,এত বেশী ডোনেশান নেয়,কেউ যদি দিতে পারে আমার তার সম্বন্ধে কিছু বলার নেই, সে তার নিজস্ব অধিকারে মাছ খাবে, না ভাত খাবে, না দুধ খাবে, তাদের ব্যাপার। কোথাও একটা কন্ট্রোল থাকা উচিত। সে অটোনমিকে ইন্টারফেয়ার না করে, কারোর অধিকারে হস্তক্ষেপ না করে, আমার মনে হয় - আমি একদিন বসব, আমার বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর সাথে - যারা সেবা দেয়, শিক্ষা দেয়, ভালো মানুষ তৈরী করে, আমি তাদেরই বলব যে আপনারা প্ল্যানিংটা আমায় করে দিন, আমি আপনাদের ওয়েলকাম করছি। আমি এই মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক হয়ে গেলে, মিটিংটা ডাকব। যেহেতু মাধ্যমিক চলছে, উচ্চ মাধ্যমিক শুরু হবে, সি বি এস সি চলছে, আই সি এস সি শুরু হবে, সি বি এস সি শুরু হবে, পরীক্ষার মরশুম এটা। পরীক্ষার মরশুমের পরে আমি এডুকেশান মিনিস্টারকে রিকোয়েস্ট করবো, আমি একটু বসে ওদের সঙ্গে ইন্টারএ্যাকশান করে একটা পলিসি করতে চাই, যাতে তাদেরও অসুবিধা না হয়,মানুষেরও অসুবিধা না হয়। আমাদের ভবিষ্যতরা তো আমাদের গর্ব। আসুন না, তাদের আমরা ভাল শিক্ষা দিই। তারা ইংরাজীও শিখুক, বাংলাও শিখুক, তারা হিন্দীও শিখুক, নেপালীও শিখুক, তারা অলচিকিও দেখুক, তারা ক্ষুকও দেখুক, তারা কামতাপুরীও দেখুক। ল্যাঙ্গুয়েজ - আমি কমিটি করে দিয়েছি বলে বলছি, তারা বের করবে।

কি করে ল্যাঙ্গুয়েজটা বার করা যায় সেটা তারা দেখুক। রাজবংশী আছে, কিন্তু লিপিটা তৈরী করতে হবে। অলচিকিটা তৈরী করতে অনেক সময় লেগেছে, এখনো সিলেবাসটা তৈরী করতে হচ্ছে। উর্দু আমাদের অলরেডি হয়ে গেছে। যেখানে টেন পারসেন্ট উর্দু স্পীকিং আছে, সেখানে উর্দু একাডেমী হয়েছে, উর্দু সেকেন্ড ল্যাঙ্গুয়েজ হয়েছে। গুরমুখী হয়েছে, নেপালী হয়েছে, হিন্দী হয়েছে - এই রকম অলরেডি অনেক হয়ে গেছে। আপনারা তো তখন কিছুই করেননি। বাদ বাকি লোকাল ল্যাঙ্গুয়েজকে, রিজিওনাল ল্যাঙ্গুয়েজকে ট্রিপিকাল টাইপ অফ লোকাল ল্যাঙ্গুয়েজকে গুরুত্ব দিয়ে, আমরা এই ব্যাপারটা নিয়ে একদিন কথা বলব ও বসব। এই জায়গাগুলো যদি আমরা ঠিকমত করে নিতে পারি, তাহলে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য এটা খুব ভালো হবে। আর ভালো ভালো ছেলেমেয়েরা আরও ভালো করে তৈরী হবে। স্যার, এই হাউস জনগণের হাউস - ' গর্ভর্ণমেন্ট অফ দি পিপল, বাই দি পিপল, ফর দি পিপল'। মা-মাটি-মানুষের সরকার আজকে মা-মাটি মানুষকে প্রণাম জানিয়ে, সেলাম জানিয়ে সমগ্র জনগণের সেবার উদ্দেশ্যে এই ঐতিহাসিক বিলটি উৎসর্গ করছি। এই বিধানসভা থেকে আমরা একটা ছোট কাজ করলাম, এর মাধ্যমে যদি কিছুটা সাহায্য আমরা সাধারণ মানুষকে করতে পারি তাহলে আমরা কৃতজ্ঞ হব। সর্বশেষে আমি বলব - **" আমার মাথা নত করে দাও হে তোমার চরণ ধূলা**

সকল অহঙ্কারই আমার ডুবাও চোখের জলে"।

আরেকটি শায়েরি দিয়ে বলি - **"খুদি কো কর বুলন্দ ইতনা, কেহর তকদির সে পহেলে,**

খুদা বন্দে সে খুদ পুছে বতা তেরি রজা কেয়া হায়"।

আমরা কি চাই, তা আমাদের কথাতেই প্রমাণ করব, আমি সবাইকে আহ্বান করব, এই বিল যেটা পরিষদীয় মন্ত্রী লে করেছেন, সেটাকে ইনঅ্যানিমাসলি পাশ করে আপনারা এই হাউস থেকে একটা নর্জির সৃষ্টি করুন। যা দেখে সারা ভারতবর্ষ আরেকটা পথ গ্রহণ করবে। ধন্যবাদ বাংলা, বাংলার মাটিতে আমি গর্বিত, সামনেই ইন্টারন্যাশনাল উইমেন্স ডে আসছে, তাই আমার এই বিলটি আমি আমার মা-মাটি ও আমার মা-বোনেদের চরণে অর্পণ করলাম। ভালো থাকুন।

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রীকে, আমি এর সঙ্গে শুধু সংযোজন করব, আমাদের বিধানসভার অনেক মাননীয় সদস্য এখানে বসে রয়েছেন, তাঁরা প্রাইভেট ট্রিটমেন্ট/ করান এবং তাদের যে বিল আসে, তা দেখে আমি স্তম্ভিত হয়ে গিয়েছি। তাদের বিল কখনো ছ 'লাখ, কখনো আট লাখ,কখনো দশ লাখ হয়। এই বিলগুলো আমাকে অনেক সময় বিভিন্ন ডাক্তারবাবুদের প্যানেল তৈরী করে স্কুটিনি করতে হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী এই বিলটি আনার আগে তার নজরেও এটা এসেছে। মাননীয়া মুখ্যমন্ত্রী এবং সরকারকে এর জন্য আমি ধন্যবাদ জানাই।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই ঐতিহাসিক বিল যা আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় তথা স্বাস্থ্যমন্ত্রী এনেছেন সেই ব্যাপারে আমি শুধু আপনাদের কাছে আবেদন করি আপনারা এই বিলকে সমর্থন করুন। আপনারা অনেকেই বলেছেন যে এই বিলটি ঠিক সময়ে এসেছে। এই সময়টাই প্রকৃত সময় বলে আমরা মনে করি। বে-সরকারী স্বাস্থ্য ব্যবস্থায় যে অ-ব্যবস্থা চলছে, সাধারণ মানুষের জীবন যেভাবে দুর্বিষহ হয়ে উঠেছে, সেই অনুভব থেকেই মমতা বন্দোপাধ্যায় এই ধরণের একটি বিলকে আমাদের সকলের সামনে। হাজির করেছেন। আমি বক্তব্যকে দীর্ঘায়িত না করে সকলকে অনুরোধ করব, মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী হিসাবে মমতা বন্দোপাধ্যায় বিস্তৃতভাবে এই বিল সম্পর্কে জানিয়েছেন, সাধারণ মানুষের ব্যাথা সম্পর্কে জানিয়েছেন এবং জনস্বার্থে সবাইকে এক হওয়ার আবেদন জানিয়েছেন। এই মহতী সভা থেকে আমরা সকলে মিলে এমন দৃষ্টান্ত স্থাপন করি যা এই রাজ্যের মানুষ এবং যারা এই রাজ্যে চিকিৎসা পেতে আসেন তাদের সকলকেই সাহায্য করতে পারি, তাদের সকলের স্বার্থ রক্ষা করতে পারি। ধন্যবাদ।

[4:10 – 4.20 p.m.]

Mr. Speaker : Now the question before the House that the amendment to the motion for reference of the Bill to the Select Committee by Shri Tanmoy Bhattacharya. As many as are of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "No".

Noes have it, Noes have it.

Mr. Speaker : Now the question before the House that the amendment to the motion for reference of the Bill to the Select Committee by Shri Asit Mitra. As many as are of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "No".

Noes have it, Noes have it.

Mr. Speaker : The question before the House is that the amendment to the motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon. As many as are of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "No".

Noes have it, Noes have it.

The question before the House is that the West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Bill, 2017 be taken into consideration. As many as are of that opinion, please say "Aye', as

many as are of the contrary opinion, please say "No". Ayes have it. Ayes have it.

Mr. Speaker : There is no amendment to Clauses 2 to 6. So, I put Clauses 2 to 6 do stand part of the Bill. As many of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "No". Ayes have it. Ayes have it.

There are two amendments to Clause 7, amendment No.5 by Shri Nepal Mahata and amendment No.6 by Dr. Sujan Chakraborty. First I call upon Shri Nepal Mahata to move his amendment.

Shri Nepal Mahata : Sir, I beg to move that in Clause 7, in sub-clause (3), in item no. 6), in line 7, after the word "time", the words "if the service recipients has the capacity to bear all the expenditure" be inserted. স্যার অ্যাক্সিডেন্ট হলে যেগুলো ভেতরে ঢুকে যাবে, বার হবার পরে সুদে-মূলে সেটা তো হসপিটাল আদায় করে নিচ্ছে। আমরা চাইছি, যার ক্যাপাসিটি নেই সজন্য এটা থেকে মুক্তি পাই।

Dr. Partha Chatterjee : I do not accept.

Mr. Speaker : The question before the House is that the amendment (Amendment No.5) moved by Shri Nepal Mahata. As many as are of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "No". Noes have it. Noes. have it.

Now, I call upon Dr. Sujan Chakraborty to move his. amendment (Amendment No.6).

Dr. Sujan Chakraborty : Sir, I beg to move that in Clause 7, in sub-clause (3), after item no. J)the following new item be inserted:

(j) (i) that no person shall be denied, under any circumstances, including inability to pay the requisite fee or charges such emergency life-saving medical treatment and critical care by the clinical establishments as may be prescribed."

Dr. Partha Chatterjee : I do not accept.

Mr. Speaker : The question before the House is that the amendment (Amendment No.6) moved by Dr. Sujan Chakraborty. As many as are of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "No". Noes have it. Noes have it.

Now, I put clause 7 do stand part of the Bill. As many as are of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "No". Ayes have it. Ayes have it.

Clauses 8 to 35

Mr. Speaker : There is no amendment to clauses 8 to 35. So, I put clauses 8 to 35 do stand part of the Bill. As many as are of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "No". Ayes have it. Ayes have it.

Clause 36

Mr. Speaker : There are three amendments to Clause 36, Amendment No. 7 by Shri Nepal Mahata and Amendment Nos. 8 and 9 by Dr. Sujan Chakraborty.

Shri Nepal Mahata : Mr. Speaker, Sir, I beg to move that in Clause 36, in sub clause (2) in lines 2 to 4, the words "or any officer who has held the office Chief Secretary ..... Government of India" be omitted.

স্যার, কমিশনের হেড যদি এঁরা বসে যায়, তাহলে কোথায় সিটিং জাজ আর কোথায় চিফ সেক্রেটারি। এর পরে কোর্টে ঝামেলা হ'তে পারে। আমরা চাইছি যে, হেড অফ দ্য ডিপার্টমেন্ট বা হেড অফ দ্য কমিশান হয়। সিটিং জাজ বা রিটায়ার্ড জাজ থাক। সেক্রেটারি, চিফ সেক্রেটারি-গুলো বাদ যাক।

Dr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, নেপাল মাহাতো আনীত সংশোধনী-এত কাটাছেড়া করার কোন দরকার নেই, এই বিলটি যথেষ্ট ভালো, সমস্ত দিকই দেওয়া আছে। সুতরাং এটাকে গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : Now I call upon Dr. Sujan Chakraborty to move his amendments (amendment nos. 8 & 9).

Dr. Sujan Chakraborty : Mr. Speaker, Sir, I beg to move the following amendments to Clause 36.

Amendment No. 8 - in lines 3 and 4 of item no. (a), in sub clause (2), the words "or any officer who has held equivalent post in the Government of India" be omitted.

Amendment No. 9 - in the last line of the proviso to item no. (a) of sub clause (2), for the words "may pursue his professional work", the words and figures "shall be within the age of 65 years and shall not hold any other office" be substituted.

পার্থবাবু, ভেবে দেখবেন, ফুল টাইম না করে, এটা পার্ট টাইম করাটা বোধ হয় বিপদজনক হবে। গ্রহণ করা ভালো।

Dr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সুজনবাবু আনীত প্রস্তাবটি গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : Now the question before the House is that the amendment no. 7 moved by Shri Nepal Mahata. . As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Noes have it. Noes have it.

Now the question before the House is that the amendment nos. 8 & 9. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Noes have it. Noes have it.

Now I put Clause 36 do stand part of the Bill to vote. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

CLAUSE 37

Mr. Speaker : There is one amendment (amendment no. 10) to Clause 37. The amendment is in order and I call upon Dr. Sujan Chakraborty to move his amendment.

Dr. Sujan Chakraborty : Mr. Speaker, Sir, I beg to move that in Clause 37, in sub clause (1), in line 2, for the words "during the pleasure of the State Government", the words "for three years" be substituted.

এটা ইনডেফিনিট করে দেওয়াটা বেঠিক হবে। তিন বছরের টার্ম দেওয়া ভালো বলে মনে হয়। গ্রহণ করা উচিৎ।

Dr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সুজেনবাবুর আনীত প্রস্তাবটা গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : Now the question before the House is that the amendment (no. 10) moved by Dr. Sujan Chakraborty. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Noes have it. Noes have it.

Now I put Clause 37 do stand part of the Bill to vote. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

CLAUSE 38

Mr. Speaker: There are two amendments (amendment nos. 11 & 12) to Clause 38. The amendments are in order and I call upon Dr. Sujan Chakraborty to move his amendments.

Dr. Sujan Chakraborty : Mr. Speaker, Sir, I beg to move the following amendments to Clause 38:

Amendment no. 11 - item nos. (i) and (ii) of sub clause (1) be omitted.

পার্থবাবু খেয়াল করবেন, যদি না হয় তাহলে স্বাস্থ্যভবনের কাজটা রেগুলেটারি অথোরিটিতে চলে যাচ্ছে। স্বাস্থ্যভবন ঠুটো জগন্নাথ হয়ে যাবে।

Amendment no. 12 - in the last line of item no. (iv), in sub clause (1), after the words "clinical establishments", the words "considering the CGHS and other WBHS rate charts as benchmark" be inserted.

আমার ধারণা, পজিটিভ সাজেশান সরকারের পক্ষে গ্রহণ করা ভালো।

Dr. Partha Chatterjee: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বার বার বলছি যে, বিলটি যথেষ্ট এগঝস্টেড ভাবে দেখা আছে। আগামীদিনে যদি আমাদের অভিজ্ঞতা দিয়ে দেখা যায় কোথাও কোন সংশোধন দরকার, তখন সেটা দেখা যাবে। তাই এই মুহূর্তে এইটি গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker: Now the question before the House is that the amendment nos. 11 & 12 moved by Dr. Sujan Chakraborty. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Noes have it. Noes have it.

Now I put Clause 38 do stand part of the Bill to vote. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

[4:20 – 4.30 p.m.]

Clause -39

Mr. Speaker: There is One Amendment (Amendment No. 13) to Clause 39. Now I call upon Dr. Sujan Chakraborty to move his Amendment.

ডঃ সুজন চক্রবর্তী : আরে রাত জেগে পড়াশোনা করতে হয় ভাই। যা করেছি সরকারের পক্ষে ভালো হত। সরকার না মানলে আমার তো কিছু করার নেই। আমার বলার তাই আমি বলছি Mr. Speaker, Sir, I beg to move that in Clause 39, in sub clause (1), in line 2, after the word "once", the words "in a" be inserted. এটাকে যদি গ্রহন না করেন তাহলে বুঝতে হবে grammatically wrong করছেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি এটা গ্রহণ করতে পারলাম না।

Mr. Speaker: The question before the House is that Amendment No. 13 by Dr. Sujan Chakraborty. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Noes have it. Noes have it.

Now I put Clause 39 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clauses - 40-45

Mr. Speaker: There is no Amendment to Clauses 40-45. So I put Clauses 40-45 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause 46

Mr. Speaker: There is one Amendment (Amendment No. 14) to Clause 46. Now I call upon Dr. Sujan Chakraborty to move his amendment.

ডঃ সুজন চক্রবর্তী : যা দিয়েছিলাম সব পার্থবাবুর সুবিধার জন্য দিয়েছিলাম। না গ্রহণ করলে আমার কিছু করার নেই Mr. Speaker, Sir, I beg to move that in Clause 46, in line 2, the words "an Adjudicating Authority or" be omitted. এই সবগুলো পরে করতে হবে। পরে সব করতে হবে এটা বুঝে রাখুন।

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি তো আগেই বললাম, এটা যথেষ্ট এগজস্টেড বিল। এর মধ্যে সন্দেহ প্রকাশ করার দরকার নেই। কাটা-ছেঁড়া করার দরকার নেই। তাই এটা গ্রহণ করতে পারছিনা।

Mr. Speaker: The question before the House is that Amendment No. 14 by Dr. Sujan Chakraborty. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Noes have it. Noes have it.

Now I put Clause 46 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause -47

Mr. Speaker: There is no Amendment to Clauses 47. So I put Clauses 47 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause 48

Mr. Speaker: There is one Amendment (Amendment No. 15) to Clause 48. Now I call upon Shri Nepal Mahata to move his amendment.

শ্রী নেপাল মাহাত : Mr. Speaker, Sir, I beg to move that in Clause 48, in sub clause (1), in item no. (a), in line 1, the words "and loans" be omitted. স্যার, এই কমিশনের ফান্ড রেজিঙে, কমিশনের কোন সোর্স অফ ইনকাম নেই। লোন কেন নেবে? এই 'লোন' ওয়ার্ড-টা আমি বাদ দিতে বলছি। এই 'লোন' ওয়ার্ড-টা থাকবেনা। এটা টেকনিক্যালি ডিফেক্ট হয়েছে বলে আমি মনে করছি।

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি নেপাল মাহাতকে বলি, দু'জনে মিলে যতগুলো দিচ্ছেন কোন মানেই হচ্ছেনা। যাইহোক, এটাকে আমি গ্রহণ করতে পারছিনা।

Mr. Speaker: The question before the House is that Amendment No. 15 by Shri Nepal Mahata. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Noes have it. Noes have it.

Now I put Clause 48 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clauses-49-58

Mr. Speaker: There is no Amendment to Clauses 49-48. So I put Clauses 49-58 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause-59

Mr. Speaker: There is one Amendment (Amendment No. 16) to Clause 59. Now I call upon Dr. Sujan Chakraborty to move his amendment.

ডঃ সুজন চক্রবর্তী : এতগুলো বললাম মাননীয় মন্ত্রী না বুঝে সব না করে দিচ্ছেন তো, আমি নিজেও বিরক্ত হচ্ছি। ভবিষ্যতে হয়তো না দিলেও চলবে Mr. Speaker, Sir, I beg to move that in Clause 59, in sub clause 2, in line 1, after the words "fourteen days", the words "in a session or in successive Sessions" be inserted. স্যার আপনি মাইন্ড অ্যাপ্লাই করলে দেখবেন লেজিসলেটিভ এ্যাক্টেলেও এই কথাটা যোগ করাটা জরুরী। মন্ত্রী মহাশয় না বুঝে সব না বলছেন কিনা আমি জানিনা।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এমন বোদ্ধা বিধায়ক আছেন আমি জানতাম না। সবকটাতেই না করবেন, মানুষের বিরুদ্ধে কথা বলতে বলতে অভ্যেস হয়ে দাঁড়িয়েছে। করবেনটা কি? এটাও গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : Now, the question before the House is that the Amendment No.16 moved by Shri Sujan Chakraborty. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Noes' have it, 'Noes' have it.

Now I put Clause-59 does stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it, 'Ayes' have it.

Clauses - 60 to 62

Mr. Speaker : There is no amendment to Clauses 60 to 62. Now, I put Clauses 60 to 62 do stand part of the Bill. As many as are of that opinion will

please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it, 'Ayes' have it.

Clause - 1

Mr. Speaker : There is one amendment to clause-1 by Dr. Sujan Chakraborty. Now, I call upon Dr. Sujan Chakraborty to move his amendment (No.4).

Dr. Sujan Chakraborty : Sir, I beg to move that in Clause-1, in sub-clause 4, in item no.(a), in line 2 and 3, the words "State Government", "or local Self Government or any local authority" be omitted.

ডঃ পার্থ চ্যাটার্জী : এটা গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : Now the question before the House is that the Amendment No.4 moved by Dr. Sujan Chakraborty. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Noes' have it, 'Noes' have it.

Now I put Clause-1 does stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it, 'Ayes' have it.

The Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to The Enacting Formula, The Preamble and the Title of the Bill. So, I put the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Now, the Hon'ble Minister-in-Charge, Department of Parliamentary Affairs, may please move the Motion for passing of the Bill.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill, as settled in the Assembly, be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it, 'Ayes' have it. The Bill is passed. The Bill is passed.

The West Bengal School Service Commission (Amendment) Bill, 2017
The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2017

The West Bengal Schools (Control of Expenditure) (Amendment) Bill,

2017

Dr. Partha Chatterjee : Sir, I beg to introduce the West Bengal School Service Commission (Amendment) Bill, 2017.

(Secretary then read the Title of the Bill)

Dr. Partha Chatterjee : Sir, I beg to introduce the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2017.

(Secretary then read the Title of the Bill)

[4:30 – 4.40 p.m.]

The West Bengal Schools (Control of Expenditure) (Amendment) Bill, 2017

Dr. Partha Chatterjee : Sir, I beg to introduce the West Bengal Schools (Control of Expenditure) (Amendment) Bill, 2017.

(Secretary then read the title of the Bill)

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Schools (Control of Expenditure) (Amendment) Bill, 2017 be taken into consideration.

Mr. Speaker: Hon'ble Members, as the Departments of the three Bills are the same, discussion and consideration of the motions will be taken together.

Hon'ble Members, since the above introduced three bills are of the same Department and similar in nature, discussion and consideration of the motion will be taken together.

শ্রী মিল্টন রশিদ : মাননীয় স্পীকার স্যার, আজকে The West Bengal School Service Commission (Amendment) Bill, 2017, The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2017 and The West Bengal Schools (Control of Expenditure) (Amendment) Bill,2017 বিল উত্থাপন করা হয়েছে। এই তিনটি বিলের মূল উদ্দেশ্য প্রায় একই।-সরকারের উদ্দেশ্য এই বিলের মধ্যে যতটুকু বুঝলাম, এই তিনটি বিল টিচার, নন-টিচিং স্টাফ ইনক্লুডিং লাইব্রেরীয়ান তাদের নিয়োগ। এই বিলের অবজেক্ট,উদ্দেশ্যটা মহৎ লেখা দেখে যেটা বুঝলাম। দি এনসিওর হেলদি এডুকেশনাল এনভায়র্নমেন্ট ইন দ্যা স্টেট। পশ্চিমবঙ্গের শিক্ষাকে আরো হেলদি করতে হবে, তার জন্য এই তিনটি বিল আনা হয়েছে। পশ্চিমবঙ্গে শিক্ষাকে আরো হেলদি করার জন্য টিচারদের কে কে নিয়োগ করবেন, নন-টিচিং স্টাফকে কে নিয়োগ করবেন,লাইব্রেরীয়ানকে কে অ্যাপয়েন্টমেন্ট দেবেন সেই নিয়ে এই বিল আনা হয়েছে। দেখুন, পশ্চিমবঙ্গের বেশিরভাগ স্কুলে এখন ম্যানেজিং কমিটি নেই। পশ্চিমবঙ্গের বেশিরভাগ স্কুলে সরকারী প্রতিনিধি দিয়ে স্কুলগুলোকে চালানো হচ্ছে এবং পশ্চিমবঙ্গে দি ওয়েস্ট বেঙ্গল স্কুল সার্ভিস কমিশন আছে। তাহলে ওখানে ম্যানেজিং কমিটি নেই, স্কুলের মাথায় যাঁরা বসে আছেন তাঁরা কিন্তু সরকারী দলের বিভিন্ন পদাধিকারী আমরা লক্ষ্য করে দেখি। তাঁরা মনোনীত, তাঁরা চাকরীটা দেবেননা স্কুল সার্ভিস কমিশন চাকরীটা দেবে এই নিয়ে টানা হিঁচড়া আছে এই বিলটাতে।

গভর্নমেন্ট চাইছেন যে Appointments shall be made by the Managing Committee, by whatever name called, or by the adhoc committee, or by the administrator, if any (where there is no managing committee), of that school, the words appoitments to the posts of the Teachers and non-teaching staff in school shall be made by the Board or the adhoc committee or the administrator of the Board shall be substituted. সরকারের লোক বসে আছে বাংলার প্রত্যেকটা স্কুলে। সরকারের লোক বসে আছে এই ম্যানেজিং কমিটিতে এবং স্কুল সার্ভিস কমিশনে। আবার সরকারকে এই তিনখানা বিল আনতে হল কেন? যাঁরা ম্যানেজিং কমিটিতে আছেন বা স্কুল সার্ভিস কমিশনে আছেন, তাঁরাই তো টিচিং, নন টিচিং স্টাফদেরকে নিয়োগ করছিলেন। এই বিলটাতে আরও দেখলাম যে ট্রান্সফার — একটা টিচার আর একটা স্কুলে প্রয়োজনের খাতিরে এক স্কুল থেকে আর একটা স্কুলে যাবে। মিউচুয়াল ট্রান্সফার হচ্ছিল, সব ঠিকঠাক ছিল। হঠাৎ করে দেখছি এই বিলটা এনে যে ম্যানেজিং কমিটিকে বিশ্বাস করা হচ্ছে না এবং স্কুল সার্ভিস কমিশনকে বিশ্বাস করা হচ্ছে না। আপনাদের সরকারের লোক স্কুলে বসে আছে। আপনাদের সরকারের লোক স্কুল সার্ভিস কমিশনে বসে আছে। তারপরেও এই সরকারকে এত দায়িত্ব কেন পালন করতে হবে যে এখান থেকে সেন্ট্রালাইজ করে টিচার নিয়োগ করা, ননটিচিং স্টাফ নিয়োগ করা এবং কোন টিচার কোথায় যাবে, সেটাকেও ঠিক করতে হবে। আমার তো মনে হচ্ছে এই বিল আজকে পাশ হচ্ছে, আগামী কাল থেকে পশ্চিমবঙ্গে প্রত্যেকটা টিচার, প্রত্যেকটা ননটিচিং স্টাফ সরকারী দলের অন্তর্ভুক্ত হবেন এবং সরকারী খাতায় নাম লেখাবেন। কেন? সরকারী খাতায় নামটা না লেখালে এই সরকার তাঁর ট্রান্সফারটা রুখে দেবে। কারণ এই সরকার এই বিলটাতে বলছে ট্রান্সফার করবে যখন সরকার মনে করবে থিংক অ্যান্ড ফিট অ্যান্ড প্রপার। তাই এই বিলটা এনেছেন। আপনার সরকার পরিচালনার ক্ষেত্রে আপনি বলছেন যে পশ্চিমবঙ্গে শিক্ষাকে আরও ভাল করতে হবে। কিন্তু আমার মনে হচ্ছে এই বিলটাতে পশ্চিমবঙ্গে শিক্ষাকে আরও কলুষিত করা হবে। পশ্চিমবঙ্গে শিক্ষাকে আরও সরকারমুখী করা হবে এবং শিক্ষা কলুষিত হবে এবং পশ্চিমবঙ্গের গণতন্ত্রকে দলতন্ত্রে পরিণত করার জন্য এই বিল আনা হয়েছে। ধন্যবাদ। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী কালীপদ মন্ডল: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষা মন্ত্রী আজকে শিক্ষা সংক্রান্ত তিনটি বিল এনেছেন বিল নম্বর ইলেভেন অফ ২০১৭, দি ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশান অ্যামেন্ডমেন্ট বিল। দ্বিতীয় বিল - দি বিল নম্বর টুয়েলভ অফ ২০১৭, দি ওয়েস্ট বেঙ্গল স্কুল সার্ভিস কমিশন অ্যামেণ্ডমেন্ড বিল। আর তিন নম্বর হচ্ছে বিল নম্বর ১৩, ২০১৭, দি ওয়েস্ট বেঙ্গল স্কুলস কন্ট্রোল অফ এক্সপেনডিচার অ্যামেন্ডমেন্ট বিল,২০১৭, আমি তাকে পূর্ণ সমর্থন করে অতি কম সময়ে আমার কিছু কথা ব্যক্ত করছি। বিল নম্বর ইলেভেনে যেটা বলা হয়েছে যে আগে আমরা স্কুলে দেখতাম ম্যানেজিং কমিটি পরিচালনা করত, স্কুলে ম্যানেজিং কমিটি শিক্ষক নিয়োগ করত এবং স্কুলের ননটিচিং স্টাফ, সব কিছুর নিয়োগকর্তা ছিলেন ম্যানেজিং কমিটি। পরবর্তী পর্যায়ে আমরা দেখেছি যে সেই জায়গায় স্কুল সার্ভিস কমিশন গঠন হয়েছে এবং সার্ভিস কমিশনের রেকমেন্ডেশানের ভিত্তিতে ম্যানেজিং কমিটিগুলি অ্যাপোয়েন্টমেন্ট দিয়ে থাকে। আমার পূর্ববর্তী বক্তা বলছিলেন যে কথা যে কোন জায়গায় ম্যানেজিং কমিটি নেই। ওটাকে অ্যাডহক কমিটিও বলতে পারেন আপনারা। আপনার নিয়মের মধ্যেই বলা আছে। আইদার ম্যানেজিং কমিটি অর অ্যাডহক কমিটি, তা যাইহোক প্রত্যেক স্কুলেই একটা অ্যাডহক কমিটি হলেও আছে। তাদের ক্ষমতা হস্তান্তর হচ্ছে। অসুবিধাটা হত কি এই ম্যানেজিং কমিটিরা নিজেদের ইচ্ছামতো, খেয়ালখুশি মতো ডিলেড করতেন।

[4:40 – 4.50 p.m.]

এই ম্যানেজিং কমিটি তাদের খামখেয়ালিপনার মতন চলত এবং আমরা এই ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অতীত ইতিহাস জানি। অতীত ইতিহাস আমরা শুনেছি। সেই ক্ষমতাটা হস্তান্তরিত হচ্ছে বোর্ডের হাতে এবং এটা বাস্তব ঘটনা বোর্ডকেও কিন্তু নিশ্চিন্ত রাখা হয়নি। উইলফুলি বোর্ড যদি ডিলেড করে ইচ্ছাকৃতভাবে বোর্ড যদি তাদের নিয়োগ করতে দেরি করে তাহলে স্কুল ডিপার্টমেন্ট দায়িত্ব নিয়ে এই শিক্ষক নিয়োগ পর্ব, ননটিচিং স্টাফ নিয়োগ পর্ব সমাধান করবে। এটা বাস্তব ঘটনা এই যে ম্যানেজিং কমিটির হাতে ক্ষমতা ছিল এতদিন পর্যন্ত এই প্রয়োজনে বিল আনা একটা জিনিস বলছে pupil - teacher রেসিও। আমরা যেমন প্রাইমারি সেকশনে জানি ৩০:১ টিচার, সেকেন্ডারিতে জানি ৪০:১ টিচার এই যে মেনটেন করা। 900 pupil থাকবে তবে অ্যাসিসটেন্ট হেড মিসট্রেস বা হেড মাস্টার পাওয়া যাবে। এই নিয়োগের ক্ষেত্রে অনেক সময় ম্যানেজিং কমিটি তারা সহযোগিতা করত না যার ফলে এক্সেস অপয়েন্টমেন্ট যে গুলি ম্যাচিং করতে গিয়ে অনেক স্কুলে এক্সেস টিচার আছে সেই এক্সেস টিচারদের সরানো যেত না। এই এক্সেস টিচারদের সরাবার পদ্ধতিকে সরলীকরণের জন্য এই পদ্ধতি গ্রহণ করা হয়েছে। এটা বাস্তব ঘটনা, অনেক স্কুল আছে পশ্চিমবাংলায় যেখানে ছাত্রসংখ্যা নেই, টিচার বেশি। আবার অনেক স্কুল আছে যেখানে ছাত্র আছে টিচার নেই। এই বাস্তব অভিজ্ঞতা থেকে অভিজ্ঞতা নিয়েই কিন্তু এই বিল গুলি কার্যকরী করার ভূমিকা গ্রহণ করা হয়েছে। আমরা যদি সমতা আনতে পারি তাহলে টিচার ক্রাইসিস যেটা অনেকটা মিট আপ হতে পারে। হেলদি কোয়ালিটি এডুকেশন যেটা বলা হচ্ছে এবং শিক্ষার পরিবেশটা স্বাস্থ্যকর করার জন্য যেটা ভাবা হচ্ছে তাহলে সেটার ক্ষেত্রে অনেক বেশি বেশি করে উপযোগী হবে বলে আমরা মনে করি। এটা বাস্তব ঘটনা, কোলকাতার বুকে অনেক স্কুল আছে যেখানে শিক্ষক বেশি ছাত্র কম। কোলকাতার বুকে ঢাকুরিয়া শ্রী রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠ ফাইভ টু টেন ছাত্র সংখ্যা ৫৫, টিচার সংখ্যা ১৪ সেখানে। আমি নিজের কেন্দ্রে জানি উচবেড়িয়া বয়েজ স্কুল শ্যামপুর হাওড়া ৮ জন টিচার, ৩০ জন স্টুডেন্ট। বামপন্থী বন্ধুদের আমলে এই স্কুল গজিয়ে উঠেছিল। কমরেডদের শিক্ষাকতার নামে তাদেরকে পলিটিক্সে কাজে লাগানো। সেই স্কুল এখনও কনটিনিউ করে যাচ্ছে। আমি ২০০১ সাল থেকে স্কুল এডুকেশন কমিটিতে আছি। বারবার আবেদন করেছি কিন্তু কোন কার্যকরী ভূমিকা হয়নি। এই এক্সেস টিচারকে আমরা পাশের স্কুলের সঙ্গে ট্যাগ করতে পারি। সেই বাস্তবতাকে সামনে রেখে আমাদের সরকার এগোবার চেষ্টা করছে। যেমন সরকারী সাহায্যপ্রাপ্ত স্কুল আছে, সরকার প্রসিত স্কুল আছে। শিক্ষক এবং শিক্ষা কর্মীদের বদলির বিষয়টি কিন্তু শিক্ষা দপ্তর নিজের হাতে রাখছে। এটা বাস্তব ঘটনা বোর্ড যদি অনিয়ম করে, বোর্ডের যদি অনীহা থাকে সেক্ষেত্রেও কিন্তু টিচার অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে ডিপার্টমেন্ট নিজের ক্ষমতাবলে সেই জায়গায় সমস্যার সমাধান করতে পারে। বিল ১২, আমরা দেখছি একটা সংযোজন করা হয়েছে ১০ সি অর্থাৎ সেকশন ১০ বি জনস্বার্থে এবং প্রশাসনিক প্রয়োজনে স্টেট গভর্ণমেন্ট guide line ইস্যু করতে পারে এবং যেটা শিক্ষক এবং সহকারী প্রধান শিক্ষিকা প্রধান শিক্ষক এবং প্রধান শিক্ষিকা আছেন। এটা বাস্তব ঘটনা আমরা জানি যে, ৯০০ ছাত্র - ছাত্রী যদি কম থাকে, সেখানে এ্যাসিস্টেন্ট হেড মিস্ট্রেস বা হেড মাস্টার থাকতে পারে না। অনেক স্কুলের ছাত্র সংখ্যা ফল করতে পারে। সেই ফল করার পরে সেখানে কিন্তু। বাস্তবভাবে একটা এক্সেস এক্সপেনডিচার হয়, সেই এক্সেস এক্সপেনডিচারকে রুখবার জন্য এবং এক্সেস টিচারকে স্থানান্তরিত করবার জন্য সেই ক্ষমতা কিন্তু আজকে গ্রহণ করা হয়েছে। আমাদের শিক্ষাকর্মী এবং অশিক্ষককর্মচারী আছে অপর জায়গায় এটা স্থানান্তরিত করবার জন্য

আমরা চেষ্টা করছি। এটা বাস্তব ঘটনা। আমরা যেটা পত্র - পত্রিকায় দেখি, আজকে যতই আমরা কোয়ালিটি এডুকেশানের কথা বলি, কোয়ালিটি এডুকেশান দিতে গেলে কিন্তু শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন থাকা দরকার। শিক্ষক দরকার, ছাত্র - শিক্ষকদের সমন্বয় দরকার। এটা তো বাস্তব ঘটনা - আমরা দেখছি রাজ্যপালের কাছ থেকে সমাবর্তন উৎসবে সাম্মানিক নিতে অস্বীকার করছে - প্রতিবাদ করছে। কোয়ালিটি এডুকেশান ! আমরা কি কোয়ালিটি এডুকেশান বলছি - যে ছাত্র - ছাত্রীদের হাতে চুরির অপরাধে মেরে ফেলা হচ্ছে কোয়ালিটি এডুকেশান ! আমরা দেখছি প্রিন্সিপালকে ছাত্র- ছাত্রীরা থুতু দিচ্ছে - কোয়ালিটি এডুকেশান ! আমরা দেখছি যে ছাত্র সংসদের নির্বাচনের নাম করে রক্তক্ষয়ী সংগ্রাম করছে - কোয়ালিটি এডুকেশান ! সার্বিকভাবে এই বিলে এই ট্রান্সফার সম্বন্ধেই কয়েকটি কথা বলা আছে যেটা সরলীকরণ হতে পারে। এক্সেস টিচার এ্যাপয়েনমেন্ট হতে পারে, তাই এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি নমস্কার।

শ্রী অপূর্ব সরকার : আমার একটা পয়েন্ট অফ অডার আছে স্যার। হাউসের যে কোরাম থাকার কথা - হাউস চলছে কিন্তু কোরাম নেই বলে মনে হচ্ছে আমার। আপনি দেখুন স্যার হাউস চলবে কিনা। কোরাম ছাড়া তো হাউস চলতে পারে না। আপনি দেখুন স্যার।

মিঃ ডেপুটি স্পীকার : ঠিক আছে।

শ্রী সেখ আমজাদ হোসেন : স্যার মাননীয় শিক্ষামন্ত্রী যে তিনটি বিল নিয়ে এসছেন - দি ওয়েস্ট বেঙ্গল স্কুল সার্ভিস কমিশন (এ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৭, দি ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশান (এ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৭ এবং দি ওয়েস্ট বেঙ্গল স্কুলস (কন্ট্রোল অফ এক্সপেনডিচার) (এ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৭। স্যার এই যে তিনটি বিল উনি এনেছেন - এই তিনটি বিল আনার কয়েকদিন আগে এই হাউসে স্যার মাননীয় মন্ত্রী কলেজ ইউনির্ভাসিটির যে প্রশাসন, তাকে নিয়ন্ত্রণের নামে কার্যত দলিয় দখলদারীর জন্য সরকারের শীলমোহর লাগিয়েছেন একটা বিলের মধ্য দিয়ে। এবার আজকে যেটা ধরেছেন স্যার যে, সেকেন্ডারী হাইস্কুলের যে শিক্ষক, শিক্ষাকর্মী - তাদের নিয়ে। একই ভয় দেখাচ্ছেন একই ভাষাতে স্যার, আর ছদ্মবেশটাও একইরকম। তিনটে বিলে যে কথাটা বলেছেন - ভাল ভাল কথা বলেছেন। এস.ও.আর-এতে তিনি বলেছেন - ইন অর্ডার in order to rationalize Pupil-Teacher-Ratio in the Institutions for maintaining quality education with a view to enabling the State Government to take appropriate action as it may think fit and proper to ensure healthy educational environment in the State. স্কুল বাধ্য থাকবে, এর থেকে ভাল কথা আর কিছু হয় না, ম্যানেজিং কমিটি, এ্যাডহক কমিটি - তারা বাদ। বোর্ডের হাতে দেওয়া হবে - এসব ভাল ভাল কথা বলেছেন। এই ভাল - ভাল কথার ছদ্মবেশে তিনি আসলে স্যার এই দখলদারী চাইছেন। এই বিল আনার আগে শিক্ষামন্ত্রী হিসাবে এই হাউসকে বলা দরকার ছিল যে, এই হাউসেই আইন সংশোধন করে স্কুলগুলোর যে ম্যানেজিং কমিটি সেটা দখল করেছিলেন। অভিভাবক প্রতিনিধি যে নির্বাচিত হত স্কুলগুলিতে— তার ক্ষমতা কেড়ে নিলেন। কেড়ে নিয়ে নমিনী করে পাঠাচ্ছেন - পাঠিয়ে দখল করলেন ম্যানেজিং কমিটি। কিন্তু তারপরে কি অবস্থা হল স্কুলগুলোর ? আপনাদের স্থানীয় নেতা থেকে আরম্ভ করে রাজ্যস্তরের এম.এল.এ, এম.পি পর্যন্ত স্কুলগুলোকে ঘিরে যে বাড়তি আগ্রহ তৈরী করেছেন তাতে সিন্ডিকেট গড়ে উঠেছে কিনা - এটা বলবেন। এই উত্তর জানতে চাইছি এই কারণে আপনাদের আগের সরকারের আমালেই স্কুলের টাকা জমি ব্যবহারের জন্য উলুবেড়িয়া সহ — ক'দিন আগে সবই দেখেছে স্যার, বর্ধমানের আউশগ্রামে স্কুলের মাস্টারমশাই, দিদিমণিরা থানায় অভিযোগ জানাতে যাচ্ছে কিন্তু থানা থেকে

লাঞ্ছিত করে ফেরত পাঠানো হচ্ছে। স্কুলের জমিকে কেন্দ্র করে তৃণমূলের গোষ্ঠী কোন্দলের জেরে ছাত্র - ছাত্রী, মাস্টার দিদিমণি মারা খাচ্ছে।

[4:50 – 5.00 p.m.]

এত ভয়ঙ্কর ভয়ঙ্কর ঘটনা ঘটছে। প্রধান শিক্ষককে মার খেতে হচ্ছে। খবর নিয়ে যা জানতে পারছি যে এগুলো যা হচ্ছে সব সিন্ডিকেট করছে স্যার। একই শাসক দলের দখলদারি, আবার অঞ্চলস্তর ছাড়িয়ে সরাসরি বাইপাসের ধারে আপনাদের রাজ্য কেন্দ্রে আনতে চাইছেন এবার। আগের সংশোধনে আপনারা যা করেছিলেন ওই ম্যানেজিং কমিটির অভিভাবক প্রতিনিধি নির্বাচন তুলে দিয়ে। আমরা দেখেছি আমাদের হুগলী জেলার উত্তরপাড়াতে একজন বিধায়ক ছিলেন। তিনি একাই ১২ টি স্কুলের ম্যানেজিং কমিটির প্রেসিডেন্ট স্যার। তাঁর কন্যার এতই যোগ্যতা একাই ৬ টা স্কুলের প্রেসিডেন্ট হয়ে গেলেন স্যার। একজন তো কাউনসিলার যিনি মাধ্যমিক পাশ করেননি, তিনি হয়ে গেলেন একটা হাইস্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি। এই বিলে স্যার ম্যানেজিং কমিটির হাত থেকে আবার বোর্ডের হাতে যাবে বলছেন ক্ষমতা। আমি বলছি স্যার এই কারণে ম্যানেজিং কমিটির ক্ষমতাকে নস্যাত করে যে বোর্ডের হাতে এই বিলের মাধ্যমে শিক্ষক, শিক্ষাকর্মী নিয়োগের ক্ষমতা তুলে দেওয়ার কথা বলেছেন প্রথমবার ক্ষমতায় এসে সেই বোর্ডের নির্বাচিত কমিটি আপনারাই ভেঙ্গে দিয়েছেন। যে নিবার্চনে আপনারা আপনাদের দিদির ছবি পর্যন্ত ব্যবহার করে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন, সেই নির্বাচনে পর্যুদস্ত হলেন আপনারা। মাননীয় শিক্ষা মন্ত্রী বলবেন এই ৬ বছরে বোর্ডে একজন স্থায়ী সদস্য নিয়োগ করা গেল না কেন? নিজেদের উপর আস্থা আপনাদের এতই কম যে যাবতীয় নিয়মকে বুড়ো আঙ্গুল দেখিয়ে অনৈতিক ভাবে বছরের পর বছর একজন ব্যক্তিকে প্রশাসক বানিয়ে বোর্ড চালাচ্ছেন। আমরা সবাই জানি। সেই শ্রদ্ধেয় অধ্যাপক মানুষটি প্রশাসক হিসেবে নিযুক্ত হওয়ার আগে তৃণমূল শিক্ষা শেলের নেতা ছিলেন। হাউসে নাম বলছি। না। জানতে চাইলে বলেদেব। আমি একথা বলছি এই কারণে তারমানে বকলমে বোর্ডের হাতে নিয়ন্ত্রণ আনার নামে আপনারা যাবতীয় নিয়োগের নিয়ন্ত্রণ আনতে চাইছেন আপনাদের দলের হাতে। যাতে প্রাথমিকে নিয়োগের মতো ১০ লক্ষ, ১২ লক্ষে সেটিং হয়ে যাওয়া যাবতীয় দুর্নীতিকে আইনি বৈধতা দিতে আপনাদের অসুবিধা না হয়। ভয়ঙ্কর অবস্থা হয়েছে এই প্রাইমারি শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে। হুগলী জেলায় ১৮৯২ জন শিক্ষক নিয়োগ হয়েছে। তার মধ্যে মাত্র ৭০০ জন ট্রেন্ড শিক্ষক। ৮০০ জন শিক্ষক আসছেন মেদিনীপুর জেলা থেকে। যে হুগলী জেলা থেকে মাধ্যমিক, উচ্চমাধ্যমিকে এক থেকে পাঁচের মধ্যে ছাত্র-ছাত্রীরা র‍্যাঙ্ক করছে, তাদের যোগ্যতা কোথায় চলে গেল? টেটের পরীক্ষার মধ্যে দিয়ে যখন টিচার রিক্রুট হচ্ছে।

তখন মেদিনীপুর থেকে ৮০০ ছেলেকে ধরেএনে হুগলী জেলায় রিক্রুট করছেন আপনারা। কোন যুক্তিতে আপনারা ম্যানেজিং কমিটিকে কার্যত কর্তৃত্বহীন করে শিক্ষা প্রতিষ্ঠানের সাধিকার ও গণতান্ত্রিক পরিবেশকে জলাঞ্জলি দিচ্ছেন এটা বলবেন। আপনারা যে তিনটে বিল এনেছেন, এই তিনটে বিলের উদ্দেশ্য একই। এস.ও.আর দেখলে সেটা বোঝা যাচ্ছে। একদম A,B কপি পেস্ট করে তিনটে বিলে বসানো আছে। আপনাদের উদ্দেশ্য পরিষ্কার। শিক্ষায় নজিরবিহীন দলতন্ত্র বিশৃঙ্খলার সরকারি সিলমোহর লাগাতে চাইছেন আপনারা। এর আগে কলেজ, ইউনিভার্সিটির শিক্ষকদের জন্য আনা বিলে ছত্রে ছত্রে হুমকি দিয়েছিলেন, ভয় দেখিয়েছিলেন। এই বিলেও তার ব্যতিক্রম ঘটল না। বোর্ডের হাতে শিক্ষক, শিক্ষাকর্মী নিয়োগের দায়িত্ব সরিয়ে এনে তাদের বদলির হুমকি দিয়েছেন এই বিলের মাধ্যমে। মাননীয় শিক্ষা মন্ত্রী, মাঝে মাঝে আপনি আপনার কর্পোরেট অভিজ্ঞতার কথা বলেন এখানে সেখানে। আপনার তো এটা অজানা নয় দেশের সর্বোচ্চ আদালতের বিধান অনুযায়ী কোনো অবস্থাতেই আপনি চাকুরিরত কোনো

শিক্ষক বা শিক্ষাকর্মী বা অন্য কোনো কর্মচারীর চাকুরির শর্তাবলী বদল করতে পারেন না। আপনি এই বিলের মাধ্যমে এক সাথে দুটো অংশকে ভয় দেখাতে চেয়েছেন। একদিকে এই প্রজন্মের শিরদাঁড়া সোজা রেখে মাথা উঁচু করে চলতে শেখা আমার বয়েসী যুবক যুবতীদের, যাদের অধিকাংশই এই স্কুল শিক্ষকতা চাকুরির জন্য মাথাকুঁড়ে মরছে আর অন্য দিকে আপনি ভয় দেখাচ্ছেন চাকুরিরত শিক্ষক, অশিক্ষক কর্মীদের।

এক স্থান থেকে আর এক স্থানে বদলি করার নামে আসলে সব স্তরে শিক্ষক আন্দোলনের পরিধি যত বাড়ছে, আপনাদের কৃতকর্মের বিরুদ্ধে সুস্থ চেতনা সম্পন্ন শিক্ষক শিক্ষাকর্মীরা তত বেশী মুখ খুলছে, আর আপনাদেরও ভয় ঠিক ততটাই বাড়ছে। তাই আপনাদের এই ভয় ঢাকতে বিধানসভাতে এই বিল এনে পাল্টা ভয় দেখানোর কৌশল নিয়েছেন আপনারা। এই বিলে একটা মারাত্মক বিষয় ঘটল। ওনারা বলতে বলতে বলছেন, অ্যাসিস্ট্যান্ট হেডমাস্টার, সেটাও রিক্রুট করবেন। এটাও জানেন না যে স্কুলের সহকারি প্রধান শিক্ষক বা শিক্ষিকা স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ হন না। তাই তাদেরকেও বদলির ভয় দেখাতে ছাড়ছেন না। তাদেরকেও এই বিলের মধ্যে ঢোকাচ্ছেন। শিক্ষক, শিক্ষাকর্মী তো বটেই, রাজ্যের গণতন্ত্র প্রিয় মানুষ আপনাদের এই শিক্ষা-স্বার্থ বিরোধী অগণতান্ত্রিক কালা বিল মেনে নেবে না। তাই আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করব, এই কালা বিলকে উনি ফিরিয়ে নিন। শুধু এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০১৭ এর বিল নং ১১, বিল নং ১২ এবং বিল নং ১৩, এই তিনটে বিল একসঙ্গে প্রায় একই বক্তব্যকে কেন্দ্র করে উত্থাপিত হয়েছে, তাই এই তিনটে বিলের আলোচনা আমি একসঙ্গে করার চেষ্টা করছি অতি সংক্ষেপে।

আমার আগেই আমার মাননীয় বিধায়ক মহাশয় কিছু কথা বললেন, শিক্ষা জগতের কিছু কালিমার কথা বললেন। সেই কালিমার কথা সত্য না অসত্য সেই বিচারে আমি এই মুহূর্তে যাচ্ছি না। কারণ আজকের বিষয়বস্তুটা নির্দিষ্ট যে, যে অ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে, সেই অ্যামেন্ডমেন্ট বিলের পক্ষে না বিপক্ষে আমি। আমি মনে করি যে মূল বিল, সেই মূল বিলের খসড়া কিন্তু অনেক আগেই, যখন নাকি শিক্ষায় কালিমা ছিল না, ছিল শুধু লালিমা। সেই লালিমার যুগের শিক্ষার বিল, তার একটা খন্ডাংশের পরিবর্তন মাত্র এই অ্যামেন্ডমেন্ট বিলে, বাকি সবটাই রেখে দেওয়া হয়েছে। সেই জায়গায় আমি আমার আলোচনাকে কেন্দ্রিভূত করতে চাইছি। অত্যন্ত সঙ্গত ভাবেই আমরা সবাই জানি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা যেমন, কলেজের শিক্ষা যেমন, তেমনি বিদ্যালয়ের শিক্ষাও শিক্ষা বৃত্তের পরিধি বাড়িয়েছে, শিক্ষা-বৃত্তের মধ্যে অনেকেই অন্তর্ভুক্ত হচ্ছে। শিক্ষার চেতনার আকৃতি যেমন বাড়ছে, তেমনি তার প্রকৃতিও বাড়ছে, পিপাসাও তেমনি বাড়ছে। তারই সঙ্গে সঙ্গতি রেখে কোথাও কোথাও গজিয়ে উঠছে নতুন নতুন স্কুল। কোথাও কোথাও অত্যন্ত খ্যাতনামা স্কুল ছাত্রসংখ্যার স্বল্পতার জন্য প্রায় ক্ষীণতায় পর্যবসিত হচ্ছে। সেই জায়গায় দাঁড়িয়ে এই যে নিয়ামক সংস্থা, ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন - মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে, এবং হায়ার সেকেন্ডারি কাউন্সিল - উচ্চ মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে নিয়ন্ত্রণের ভূমিকা পালন করেন। তাদের শক্তিশালী করার জন্য কিছু কিছু ক্ষমতা ছোট ছোট বৃত্তের পরিধির মধ্যে যাঁরা অবস্থান করেন, যারা ক্ষমতাকে সীমাবদ্ধ করে রেখেছেন, এবং রাখার জন্য ঘরের ছাদ ডিঙ্গিয়ে বাইরের মুক্ত শিক্ষার আকাশটা দেখা যাচ্ছে না সংকুচিত শিক্ষার শিকলে বাঁধা তারা সেইজন্য বোর্ড শিক্ষার প্রসারের জন্য, শিক্ষায় যদি কোন কালিমা থেকে থাকে, সেই কালিমা অপসারণের জন্য কি ভাবছে এই বিলে অত্যন্ত সঙ্গত ভাবে তাই বলা আছে। এই বিলটি আমরা পুঙ্খানুপুঙ্খ ভাবে পাঠ করি তাহলে দেখতে পাব। যে কোন পরিবর্তন করতে গেলে তিনটে প্রক্রিয়া কাজ করে।

[5:00 – 5.10 p.m.]

সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্তদের পরিবর্তনের অধিকার দেওয়া। এক, প্রথম পরিবর্তন প্রক্রিয়ার প্রথম ধাপ যেটা কাজ করে— সেটা হচ্ছে কিছুটা দেখা, তার পরে সেই অধিকারকে প্রতিষ্ঠিত করার জন্য সুষ্ঠুভাবে চালনার জন্য ক্ষমতাকে প্রয়োগ করা এবং ক্ষমতাকে প্রয়োগ করা চালিয়েই প্রয়োজনীয় আর্থিক সংগঠিত ব্যবস্থা করা। এই তিনটি মূল লক্ষ্যকে কাজে রেখে অর্থাৎ প্রয়োজন নির্ধারণ, প্রয়োজন সাধন প্রক্রিয়া এবং সেই পথে গমনের জন্যে প্রয়োজনীয় ব্যয় অনুমোদন এই তিনটি তর্কাতীত ভাবে এই বিলের মধ্যে প্রতিষ্ঠিত। প্রথম বিলে যেটা আছে ২০১৭'র যে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন অ্যামেন্ডমেন্ট বিল ২০১৭তে, তাতে শুধুমাত্র একটি জায়গায় আছে, 'টু অ্যাপয়েন্ট টীচারস অর এনি নন টীচিং স্টাফ ইনক্লুডিং লাইব্রেরিয়ান ইন দি ইনস্টিটিউশন অ্যাজ পার প্রভিশন অফ দি ওয়েস্ট বেঙ্গল স্কুল সার্ভিস কমিশন অ্যাকট, ১৯৯৭। তাতে কিন্তু পরিষ্কার করে '৯৭এ অনুদানে যা লেখা আছে সেখানে যে পাওয়ারগুলো দেওয়া আছে বোর্ডকে সেই পাওয়াগুলো পুঙ্খানুপুঙ্খা রেখে শুধুমাত্র বোর্ডের অ্যাপয়েন্টেমেন্ট দেওয়ার যে টুকু ক্ষমতা সেই ক্ষমতার সঙ্গে কিছু যোগ করা হয়েছে, সেই যোগটুকু হচ্ছে শুধু এইটুকু যে Sub-Section (2) West Bengal Board of Secondery Education ১৯৬৩, ক্লজ নাম্বার টেনের এক-এ দি ফলোয়িং ক্লজেজ। সেই ফলোয়িং ক্লজের মধ্যে আছে যে ক্লজ দিয়ে সেটা হচ্ছে যে অ্যাপয়েন্টমেন্ট স্কুল কমিটি দিত সেই অ্যাপয়েন্টমেন্ট স্কুল কমিটি না দিয়ে বোর্ড থেকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এই হাউসের অবগতির জন্য আমি জানাচ্ছি, সকলে, জানেন তবুও আমি বলছি, যদি বিদ্যালয়ের স্বাধিকার ক্ষুণ্ণ হয়ে ছিল সেখানেই যেখানে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অ্যাপয়েন্টমেন্ট দিতে পার সেই বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির কাছ থেকে অ্যাপয়েন্টিং অথরিটি কেড়ে নিয়ে স্কুল সার্ভিস কমিশনের নির্দেশমত অ্যাপয়েন্টমেন্ট দিতে হবে এই বাধ্যবাধকতার শিকলে স্কুলকে বাঁধা হয়েছিল? তখন কি বিদ্যালয়ের স্বাধিকারটা ছিল, না, ছিল না ? সেই বিদ্যালয়ের সেই স্বাধিকার যদি ক্ষুন্ন হয়ে থাকে, তা থেকে বাঁচাবার জন্য আমরা এখনও কিছু কিছু আইন করছি। যেখানে এই বোর্ডের যে ক্ষমতা সেই ক্ষমতার অপপ্রয়োগ না হয়। ঠিক সেই কারণে এই তিনটি বিল আনা হয়েছে এবং এই বিলের মধ্যে অত্যন্ত সংগতভাবে যে কথাটি স্পষ্ট করা হয়েছে যে বিদ্যালয়ের, যেটা কালীপদ বাবু বলছিলেন, বিদ্যালয়ের যে ছাত্র সংখ্যা, কোন বিদ্যালয়ের অনেক ছাত্র, কোন বিদ্যালয়ের ছাত্র সংখ্যা কম। সেই দুটো বিদ্যালয়ের সমতা আনার জন্য এখন আমরা সেই বিখ্যাত কবিতা চেরাপুঞ্জির থেকে এক ফালি মেঘ ধার দিতে পার গোবি সাহারার বুকে স্মরণ করছি স্যার, আমরা যদি সেই জায়গায়। উদ্বৃত্ত শিক্ষক যেখানে আছে, সেই বিদ্যালয়ের শিক্ষক যেখানে শিক্ষক প্রয়োজন সেখানে বদলি করে দিতে পারি এবং এই পরিদর্শন প্রক্রিয়াটুকু বোর্ডই ভাল জানেন বলেই তাদের সাধ্য সেই হয় (বোর্ডই ভালো চালাতে পারেন)। এই ব্যাপারে বোর্ডের হাতে ক্ষমতা ন্যস্ত করা হয় তাহলে নিঃসন্দেহে কোনরকম শিক্ষার বিঘ্নকারী কান্ড ঘটবে না। আমি বিশ্বাস করি শিক্ষা এমন একটি প্রক্রিয়া যে প্রক্রিয়ার মধ্যে থেকে শুধু শিক্ষককে চাকরি দেওয়ার জন্য বিদ্যালয় সৃষ্টি হয় নি, বিদ্যালয়ের স্বাধিকার বলতে আমরা যা বুঝি সেটা হচ্ছে আমি বিদ্যালয়ে পড়াব, আমি বিদ্যালয়ের ছেলেদের পাঠ দেব, যদি আমার সেই পড়ানোর, পাঠনের অধিকার কেউ কেড়ে নেয়, ছাত্রদের পঠনে - অধিকার কেউ কেড়ে নেয় তাহলে বিদ্যালয়ের স্বাধিকার বিচ্যুতি ঘটে। বিদ্যালয়ের স্বাধিকার বিচ্যুতি ঘটেছে। তখনই যখন একটা সময়ে, সেই ৩৪বছরের কালো যুগে আমাদের পড়াতে হত লুকিয়ে, লুকিয়ে ছেলেদের, কোনোরকমে ইংরাজী পড়াতাম, ধরা পড়ার ভয়ে পড়াচ্ছি, বলা যেত না ছেলেদের ইংরাজী শিখিয়ে এসেছি। কিন্তু বলবার চেষ্টা করেছি। প্রতিবাদও করেছি লাগাতার আন্দোলনে।

আমাদের তাদের পরীক্ষা নেওয়া যেত না,তারা কতটা শিখেছে, আমরা কতটা শেখাচ্ছি তা নিরূপণ করবার জন্য। তখন কিন্তু বিদ্যালয়ের স্বাধিকার ক্ষুন্ন হয়েছে। বিদ্যালয়ের সমস্ত ক্ষমতা অপহৃত হয়েছে। বিদ্যালয় শিক্ষকদের অধিকারকে ক্ষুন্ন করা হয়েছে। বিদ্যালয়ের অধিকার শুধুমাত্র কাকে অ্যাপয়েন্টমেন্ট দিলাম তা তো নয়,বিদ্যালয়ের শিক্ষকের অধিকার শুধুমাত্র কতটা বেতন পেলাম তা তো নয়, বিদ্যালয়ের শিক্ষকদের অধিকার আমি কতটা পড়ালাম, আমার কতটা নিবার্চনের স্বাধীনতা আছে পড়ানোর বিষয়ে, সেই স্বাধীনতাতে কোনক্রমে হস্তক্ষেপ করা হয় নি। বা বিদ্যালয়ের স্বাধিকার ক্ষুন্ন হচ্ছে এইকথা বলা নিঃসন্দেহে যুক্তি সঙ্গত নয়, ন্যায়সঙ্গত নয় বলেই আমি মনে করি। আমি মনে করি এই প্রক্রিয়ার মধ্য দিয়ে যদি এমন কিছু থাকে যেটা স্বাস্থ্যবিলে আলোচনার সময়ে বলা হচ্ছিল যে এই এই কথা অনেক জায়গায় ছিল, কেন সেটা আবার নতুন করে বলা হচ্ছে, আবার কখনো কখনো অ্যামেন্ডমেন্ট নিয়ে বলা হচ্ছে, তার উত্তরে মাননীয়া মুখ্যমন্ত্রী সুন্দরভাবে বলেছেন যে আমরা চলতে চলতে দেখব, যদি মনে হয় কিছু কিছু বাধার সৃষ্টি হচ্ছে, আমরা হোঁচট খাচ্ছি তখন —অ্যামেন্ডমেন্ট দিয়ে আমরা সেই বাধাগুলি দূরীকরণের চেষ্টা করব। কিন্তু এমনি করে মূল বিল যা ছিল, সেই মূল বিলের চিত্র এবং চরিত্র বজায় রেখে— যে অ্যামেন্ডমেন্টগুলিতে হোঁচট খাচ্ছি, বারবার শিক্ষা ব্যহত হচ্ছে, শিক্ষাজগতের মধ্যে বৈষম্য আসছে, সেগুলি দূরীকরণের জন্য - ঐহ অ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে। যে সমস্ত ধারা সেই ধারার amendment চাইছি। বিলটিকে সাহায্য করছে না বরং বিঘ্ন কররে সেই বিলটির। যারা এই অ্যামেন্ডমেন্টের বিলের বিরোধিতা করছেন,পরে কিন্তু পরোক্ষভাবে বা প্রত্যক্ষভাবে মূল বিল, যে বিল আমরা রচনা করিনি বা এই সরকারও রচনা করেনি, সেই বিলের বিরুদ্ধেও বলছেন। সেই বিলের যে ক্ষমতা ছিল,সেই ক্ষমতা কখনোই খর্ব করা হয় নি। বোর্ডের যে ক্ষমতা ছিল, সেই ক্ষমতা রাখা হয়েছে। বিদ্যালয় কমিটির ক্ষমতা যে থেকে থেকে ক্ষীয়মাণ হয়ে আসছিল, সেই ক্ষীয়মাণের প্রবাহ হয়তো এখন পরিলক্ষিত হচ্ছে কোন কোন জায়গায়। আর নতুন করে বলা হচ্ছে যে, স্পনসর্ড কমিটিতে কারা কারা ছিল, কারা না থাকলেও নিঃসন্দেহে সেগুলির দরকার, গণতান্ত্রিক আবহাওয়ার মধ্যে আসুন। কিন্তু এখন পরীক্ষণের সময়। সবে তো আমরা এসেছি। নতুন ব্যবস্থার মধ্য দিয়ে যাচ্ছি। সেই জায়গার মধ্য দিয়ে যারা আছে, সেই বোর্ডের মেম্বার তাদের সংস্থা আছে, তাদের সদস্য আছে। তাদের নির্বাচনের মাধ্যমে তাদের সিদ্ধান্তের মাধ্যমে একটি বিদ্যালয়ের বা বিদ্যালয় বিভাগ এর শিক্ষা পরিচালিত হচ্ছে, স্কুল সার্ভিস কমিশনই হোক, বোর্ডই হোক, কাউন্সিলই হোক,তাদের স্বাধিকার বজায় রাখা হচ্ছে। তাতে হয়ত আমাদের কিছু কিছু কৃত্য কমে যাচ্ছে, আমরা হয়ত কিছু কিছু রেহাই পাচ্ছি,কিন্তু শিক্ষা জগতে আলোক আসছে। শিক্ষাজগতে তমসা দূরীকৃত হচ্ছে। তাই আমি এই সদনের যারা এখনও আছেন, শুনছেন সকলের কাছে অনুরোধ করব, কোন রাজনীতি নয়, শিক্ষার স্বার্থে যদি আমরা প্রসার চাই, শিক্ষার যদি আমরা কোয়ালিটি চাই, তাহলে নিঃসন্দেহে এই বিলকে সমর্থন করুন। বোর্ডের হাতে পূর্ণ ক্ষমতা দিন, এবং আমরা সেই ক্ষমতার প্রসার আমাদের ছাত্ররা ভোগ করুক। শিক্ষাজগত ভোগ করুক। নমস্কার।

ড: সুখবিলাস বর্মা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তিনটি বিল এসেছে। এই তিনটি বিলের অ্যামেন্ডমেন্ট ওয়েস্ট বেঙ্গল স্কুল সার্ভিস কমিশন অ্যাকটের সামান্য অ্যামেন্ডমেন্ট, ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারী এডুকেশানের সামান্য অ্যামেন্ডমেন্ট আর ওয়েস্ট বেঙ্গল স্কুল কনট্রোল অব একসপেন্ডিচার অ্যাকটের অ্যামেন্ডমেন্ট।তিনটি বিলের অ্যামেন্ডমেন্টের অর্থ এক। মূল সুর এক। সেটা আমার পূর্ববর্তী বক্তা ব্রজবাবু বলেছেন, কালিপদ বাবু বলেছেন, আমজাদ সাহেব বলেছেন। উদ্দেশ্য কি? উদ্দেশ্য হল— স্কুলগুলিতে যে ম্যানেজিং কমিটি আছে, তাদের হাত থেকে অ্যাপয়েন্টমেন্টের ক্ষমতা কেড়ে নিয়ে বোর্ডের কাছে সেই অ্যাপয়েন্টমেন্টের ক্ষমতা দেওয়া হল।

এই বিলের মাধ্যমে আরও বলা হয়েছে যে স্কুল সার্ভিশ কমিশনের রেকমেন্ডেশনের বাইরে কোন অ্যাপয়েন্টমেন্ট হবে না। আর একটা কথা বলা হয়েছে, যদি এই ধরণের কোন অ্যাপয়েন্টমেন্ট হয়,সেটা ভন্ডুল হবে।

[5:10 – 5.20 p.m.]

এই হচ্ছে সুর। স্যার, আজকে এর আগে যে বিলটি পাশ হ'ল, যাকে আমরা ঐতিহাসিক বলি, অনৈতিহাসিক - যাই বলি না কেন ক্লিনিক্যাল এষ্টাব্লিষ্টমেন্ট বিল - তাতে বক্তব্য রাখতে গিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী বার বার বলেছেন যে, পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ক্ষেত্রে কি অরাজকতা চলছে। কত অনিয়ম চলছে - তিনি বার বার উল্লেখ করেছেন। একটার পর একটা উল্লেখ করেছেন। আজকে এই বিলের সময় ঠিক একইভাবে সরকার পক্ষ থেকে কালিপদবাবু এই অনিয়মগুলোর কথা বার বার করে উল্লেখ করেছেন যে, ঐ অরাজকতা চলছে শিক্ষার ক্ষেত্রেও। মাননীয় আমজাদ আলিও একই কথা বলেছেন। ব্রজবাবু এটাকে একটু কভার দিয়ে বলার চেষ্টা করেছেন, কিন্তু সুর এক — অরাজকতা চলছে। কি অরাজকতা? এই অরাজকতা হয়েছে অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে, এই অরাজকতা হচ্ছে ট্রান্সফারের ক্ষেত্রে, এই অরাজকতা হচ্ছে শিক্ষক এবং ছাত্রের অনুপাত। সেই অনুপাত হিসেবে যেখানে যত শিক্ষক থাকা দরকার, সেটা থাকছে না, সেটা নেই। অর্থাৎ শিক্ষার ক্ষেত্রে যে অরাজকতা, যেটার কথা আমরা বার বার বলেছি, কিন্তু সরকার পক্ষ থেকে অস্বীকার করা হয়েছে। আজকে তিনটি বিল নিয়ে আসতে গিয়ে সরকার পক্ষকে সেটা স্বীকার করতে হয়েছে। কোনো উপায় নেই। এই অরাজকতা চলছে, এই অনিয়ম চলছে। অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছে ম্যানেজিং কমিটি। কিন্তু সেই ম্যানেজিং কমিটিগুলো নিশ্চয়ই কোথাও কোথাও অন্যায় করছে। স্যার, এটা আজকে সবারই জানা যে ম্যানেজিং কমিটির ইলেকশনের সময় কি লড়াই চলেছে তৃণমূল কংগ্রেসের তরফ থেকে কোথাও নমিনেশন সাবমিট করতে দেওয়া হয়নি, কোথাও তাড়িয়ে দেওয়া ইত্যাদি করে ম্যানেজিং কমিটি দখল করেছে। কিন্তু সেই ম্যানেজিং কমিটিকে আজকে এই সরকার থেকে অস্বীকার করতে হচ্ছে যে, ম্যানেজিং কমিটির মেন কাজ যেটা - অ্যাপয়েন্টমেন্ট দেওয়া, তাতে তারা ফেল করেছে, তাতে তারা নিয়ম রক্ষা করতে পারেনি। কাজেই তাদের ওপর থেকে বিশ্বাসটা তুলে নেওয়া ছাড়া সরকারের কোনো উপায় নেই। ফলে সেই বিশ্বাসের অভাবে আজকে ঐ ম্যানেজিং কমিটি থেকে পাওয়ার এলো বোর্ডে। আশা করি ভালো হবে, দেখা যাক। প্রাইমারি শিক্ষক বা শিক্ষিকাদের অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে কয়েকদিন আগে এখানে সেন্ট্রাল থেকে অর্থাৎ বোর্ড থেকে যে অরাজকতা হ'ল, আগামি দিনে এই বোর্ডও একই জিনিস করবে কিনা আমরা জানিনা। কিন্তু অবশ্যই আশা করবো, যে অনিয়ম, অরাজকতা ছিল সেটা দূর করার জন্য মাননীয় মন্ত্রী নিশ্চয়ই লক্ষ্য রাখবেন। ট্রান্সফারের ক্ষেত্রে, স্যার আমি দেখেছি এই ট্রান্সফার নিয়ে বহু অনিয়ম, বিশাল গ্রিভ্যান্স্। আমি আমার এলাকার বেশ কয়েকটি কেস্ নিয়ে কথা বলেছিলাম ডিপার্টমেন্টের সঙ্গে। কখনো বলছে স্পেশ্যাল কেস্ না'হলে হবেনা, স্পেশ্যাল কেস্ ইত্যাদি যাই হোক না কেন, এখন ট্রান্সফার সব বন্ধ। খুব কঠিন অবস্থার মধ্যে শিক্ষক-শিক্ষিকারা আছেন। এক জায়গায় স্ত্রী, অন্য জায়গায় স্বামী। দু'জনের মধ্যে কনজুগ্যাল প্রবলেম হয়ে গেছে। এরকম অবস্থাও আছে। সেগুলোকে দূর করার জন্য আপনি চেষ্টা নিয়েছেন - ধন্যবাদ আপনাকে। কিন্তু আপনাকে অনুরোধ করবো যে, এটার ইমপ্লিমেন্টেশন যেন স্যার ঠিকমত হয়। এটার ইমপ্লিমেন্টেশন যদি ঠিকমত না হয়, শুধু আইন করে কিন্তু কিছু হবেনা। এর ইমপ্লিমেন্টেশনটা যদি ঠিকমত হয়, আমি স্বাগত জানাবো। কেননা বহু শিক্ষক-শিক্ষিকার মধ্যে এই অসুবিধাটা আছে এবং সেই অসুবিধা দূর করা দরকার। সেটা শিক্ষার স্বার্থেও। কেননা এক জায়গায় স্ত্রী, এক জায়গায় স্বামী - কারোরই মন বসছেনা, শিক্ষার কাজে কারোরই মন নেই।

কাজেই এটা দূর হোক এবং এই যে তিনটি বিলের মাধ্যমে যে সমস্যাগুলো ছিল, এখনো আছে — সেগুলোর সমাধান যদি হয় প্রপার ইমপ্লিমেন্টেশনের মাধ্যমে, তাহলে আমি অবশ্যই স্বাগত জানাবো। এই বলে আমার বক্তব্য শেষ করলাম, ধন্যবাদ স্যার।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় 01196 Bill No. 11, Bill No. 12, Bill No. 13, West Bengal Board of Secondary Education, West Bengal School Service Commission, West Bengal Schools(Control of Expenditure) এই তিনটে বিল নিয়ে এসেছেন। তিনটে বিলই প্রায় একই রকমই ফলে একসঙ্গে আমরা সংক্ষেপে, খুব সংক্ষেপে কারণ যা আলোচনা হয়েছে একই কথা আমাদের বারবার এসে যাবে। আমরা জানি শিক্ষা আমাদের আলো দেয়। শিক্ষা আনে চেতনা। তো আমরা গত তিন দশক ধরে দেখছি যে, শিক্ষা আমাদের আর আলো দিচ্ছেনা। আলো কমে যাচ্ছে, অন্ধকার হয়ে যাচ্ছে শিক্ষার জায়গাটা। শিক্ষার জায়গাটায় রাজনীতিকরণ হয়ে যাচ্ছে। শিক্ষার ক্ষেত্রটা রাজনীতির ক্ষেত্র হয়ে যাচ্ছে। শিক্ষকরা রাজনীতির সৈনিক হয়ে যাচ্ছে এবং সমস্ত শিক্ষা ব্যবস্থাটা কুক্ষিগত হয়ে যাচ্ছিল সেই সময় যারা ক্ষমতায় ছিল। এমনি একটা অবস্থার মধ্যে আমাদের এই বাংলা বিদ্যাসাগরের বাংলা, আমাদের এই বাংলা রবীন্দ্রনাথের বাংলা, আমাদের এই বাংলা নজরুলের বাংলা সেই বাংলাকে ভুলিয়ে দিতে চাইছিল। রবীন্দ্রনাথকে ভুলিয়ে দিতে চাইছে, ইংরাজীকে ভুলিয়ে দিতে চাইছে, বিদ্যাসাগরকে ভুলিয়ে দিতে চাইছে এমনি একটা শিক্ষা ব্যবস্থা দীর্ঘ ৩০-৩৫ বছর ধরে পশ্চিম বাংলায় চলতে চলতে শিক্ষা ব্যবস্থাটা পঙ্গুত্বে পরিণত হয়েছিল। সেই পঙ্গত্ব থেকে উদ্ধার করার জন্য আমাদের মাননীয় মন্ত্রী যে বিভিন্ন রকম প্রচেষ্টা গ্রহণ করেছেন এটা তারই আর একটি পদক্ষেপ। তার আগে তিনি কন্যাশ্রী প্রকল্প গ্রহন করেছেন কারণ সেই সময় গভর্নমেন্ট স্কুলগুলোতে ছাত্রছাত্রীরা আসতো না। প্রাইভেট স্কুলগুলোতে চলে যাচ্ছে। ছেলেরা কেউ স্কুলে আসেনা পড়াশুনা হয়না। সবাই কাঁধে ব্যাগ নিয়ে মিছিল করতে যায় ফলে ক্লাসে সেইজন্য ছাত্ররা থাকেনা। সেইজন্য স্কুলে ছাত্রছাত্রী আসা কমে গেল। তাই নতুন সরকার, পরিবর্তনের সরকার আসার পর স্কুলগুলোতে যাতে ছাত্রছাত্রী আসে তার জন্য অনেক রকমের ব্যবস্থা তারা গ্রহণ করেছে। খাদ্যের ব্যবস্থা করেছেন, পোশাকের ব্যবস্থা করেছেন, জুতো দেওয়ার ব্যবস্থা করেছেন, কন্যাশ্রীর ব্যবস্থা করেছেন, সবুজসাথী দেওয়ার ব্যবস্থা করেছেন, সাইকেল দেওয়ার ব্যবস্থা করেছেন, স্কুলগুলোতে ভালো করে বিল্ডিং তৈরী করে দেওয়ার ব্যবস্থা করেছেন, বেঞ্চ-টেবিল দেওয়ার ব্যবস্থা করেছেন এবং শিক্ষার পরিবেশ সুন্দরভাবে তৈরী করার ব্যবস্থা করেছেন। এর ফলে আস্তে আস্তে ছাত্রছাত্রী বাড়ছে। বাড়ছে কিনা আপনারা দেখবেন। প্রতিটা জায়গায় কিন্তু ছাত্রছাত্রী বাড়ছে। কিন্তু আমরা দেখেছি গত তিন দশকে ছাত্র কমে যাচ্ছে আর প্রাইভেট স্কুল বেড়ে যাচ্ছে। ইংরাজী মিডিয়াম স্কুল বেড়ে যাচ্ছে। অথচ ইংরাজী তুলে দেওয়া হচ্ছে এইরকম একটা পরিবেশ পরিস্থিতি তৈরী হয়েছিল। আমরা দেখেছি যে স্কুলে ছাত্র নেই সেই স্কুলে ১০জন টিচার। আর যে স্কুলে ছাত্র আছে। সেখানে ৫জন টিচার। কেন? ঐ স্কুলটা অর্গানাইজ করে যারা তারা এ্যান্টি পার্টি। সেই সময় যা পার্টি ছিল তারা এ্যান্টি পার্টি। অতএব ওখানে টিচার দেওয়া যাবেনা। সেইজন্য সেখানে কম টিচার দেওয়া হত। তাই যেখানে ছাত্র বেশি সেখানে টিচার কম। আর যেখানে ছাত্র কম সেখানে টিচার বেশি। এমনি একটা অব্যবস্থার মধ্যে শিক্ষা ব্যবস্থাটা একটা পঙ্গুত্বে পরিণত হয়েছে। তো সেইখান থেকে বাঁচার জন্যে মাননীয় মন্ত্রী মহাশয় যে তিনটি বিল এনেছেন সেজন্য তাঁকে ধন্যবাদ জানাই। আমরা জানি যে বিদ্যালয়গুলোয় হয় ম্যানেজিং কমিটি, না হলে এ্যাডমিনিস্ট্রেটর, না হলে এ্যাডহক কমিটি কিছু একটা ছিল। এস.এস.সির কাছ থেকে যখন রেকমেন্ডেশন নিয়ে এ্যাপয়েন্টমেন্ট নিতে যেত বহুক্ষেত্রে তাদেরকে ফিরিয়ে দেওয়া হত। তারা কোন দিকের লোক, কোন রাজনীতি করে এবং

তাদেরকে হ্যারাসমেন্ট করা হত। এর ফলে তাকে রাস্তায় রাস্তায় অনেক দিন ঘুরতে হত। শেষ পর্যন্ত কোর্টের দ্বারস্থ হতে হত। রেকমেন্ডেশন পাওয়ার পরেও শেষ পর্যন্ত সে এ্যাপয়েন্টমেন্ট পেত না।

[5:20 – 5.30 p.m.]

যারফলে, এইধরণের হয়রানি বন্ধ করার জন্যে। এবং ছাত্রছাত্রীরা যাতে শিক্ষক পেতে পারে সেই এই ক্ষমতাটা বোর্ডের কাছে নিয়ে নেওয়া হচ্ছে। এটা কেন্দ্রীকরণ নয়, বিকেন্দ্রীকরণ করাই হচ্ছে। কিন্তু এখন যদি এই ব্যবস্থাটা না করা হয়, তাহলে এইভাবে যদি কমিটিগুলো recommendation না মানে তাহলে যে শিক্ষার অভাব সেই অভাব থেকে যাবে। স্কুলে যে শিক্ষার অভাব সেই শিক্ষার অভাবগুলো পূরণ করতে গেলে তাহলে SSC-এর recommendation-টা মেনে নিতে হবে। সেই কমিটি অনেক ক্ষেত্রে recommendation-টা মানছেন না। সেই কারণে ক্ষমতাটা নিয়ে নিতে হচ্ছে বোর্ডকে। আবার বোর্ড appointment দেবেন। সমস্ত ক্ষেত্রে teacher, assistant teacher, এবং অন্যান্য শিক্ষাকর্মী যাঁরা আছেন লাইব্রেরীয়ান সহ সবাইকে তাঁরা appointment দেবেন। এটা করলে সমস্ত স্কুলগুলোতে যাতে teacher নিয়োগ হয়, সেই ব্যবস্থা করছেন। কিন্তু আমাদের বিরোধী বন্ধুরা একটু অন্যভাবে ব্যাখ্যা করছিলেন। যেটা আপনারা আপনাদের আমলে করেছেন। কুক্ষিগত করেছেন। রাজনীতিকরণ করেছেন শিক্ষাকে। আপনারা উল্টে বলছেন যে, এই সরকার রাজনীতিকরণ করছে। যদি সমস্ত জায়গায় আমাদের কমিটি বসে থাকে সব স্কুলগুলোতে তাহলে কেন - কার কাছ থেকে আমরা সরিয়ে নিচ্ছি ? তাহলে তাদের কাছ থেকেই তো ক্ষমতা সরিয়ে নিচ্ছি। তাহলে তো এরকম নয়, তারা যে কাজ করতে পারবে না সে আমার লোক কিংবা আপনাদের লোক যেই হোক না কেন তাকে কাজে থাকতে দেওয়া হবে না। এটাই বলতে চেয়েছেন আমাদের শিক্ষামন্ত্রী। তাকে কাজ করতে দেওয়া হবে না। তাহলে কি আমাদের সঠিক কাজ হচ্ছে না ? যাঁরা যাঁরা আছেন সব জায়গায় সব স্কুলে আমাদের লোক নেই। অনেক জায়গায় কমিটি এখনও আছে। অনেক জায়গায় এ্যাডহক কমিটি আছে। অনেক জায়গাতেই পুরোনো কমিটি এখনও চালিয়ে যাচ্ছে। ফলে, এই যে, department-এর recommendation মানছে না এইটা অত্যন্ত খারাপ কথা। Department-এর recommendation মেনে টিচিং এবং নন-টিচিং স্টাফ recruitment করতে হবে দ্রুত। সেইজন্য West Bengal Board of Secondary Education এইটা গ্রহণ করছেন এই বিলের মাধ্যমে। এবং এটা ছাত্রছাত্রী শিক্ষা এবং শিক্ষকের কল্যাণের উদ্দেশ্যে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এবং রাজনীতি মুক্ত শিক্ষা ব্যবস্থা করার জন্যই এই প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। যদি কোনোভাবে বোর্ড এই কাজ না করতে পারে তাহলে appointment-এর দায়িত্ব state government নেবে। তাতে অসুবিধা কি আছে ? Appointment-তো দিতেই হবে। Appointment তো বন্ধ করে রাখা যাবে না। তাই এই recruitment-এর ক্ষেত্রে PSC-র guide line মেনে এইভাবেই আগামীদিনে আমাদের appointment চলবে। এই কথা এখানে বলা হয়েছে। ছাত্রশিক্ষক ratio অনুসারে আপনারা জানেন যে, high school-এর ক্ষেত্রে ৪০ জন পিছু একজন করে শিক্ষক। প্রাইমারির ক্ষেত্রে ৩০ জন পিছু একজন করে শিক্ষক। কিন্তু আমরা দেখতে পাচ্ছি সেরকম নয়, অনেক ক্ষেত্রে ১০০ জন ছেলে তাতে একজন শিক্ষক। অনেক ক্ষেত্রে ১০ জন ছেলে সেখানে একজন শিক্ষক। এরকম একটা অবস্থা হয়ে যাচ্ছে সারা পশ্চিমবাংলায়। এটাকে তো ঠিক করতে হবে। এটা ঠিকঠিক করবে - কে ? পশ্চিমবাংলার সরকারের যাঁরা মূল দায়িত্বে আছেন মূল জায়গাটায় যারা আছে West Bengal Board of Secondary Education যাঁরা শিক্ষা নিয়ে পর্যালোচনা করেন, শিক্ষা নিয়ে কাজ করেন, শিক্ষা

দপ্তর নিয়ে সারা পশ্চিমবাংলায় কাজ করেন, তাঁরা এই দায়িত্বটা নিলে সঠিক ভাবে বিকেন্দ্রীকরণ করা সম্ভব যে, ৪০ জন পিছু একজন করে টিচার নিয়োগ প্রতিটি স্কুলে সমভাবে বণ্টন করা হবে। এইটা একটা বিলের মাধ্যমে বলা হয়েছে। এবং সেটা করলে সঠিক হবে বলে আমরা মনে করি। এবং শিক্ষা ব্যবস্থা সঠিক হবে। এবং শিক্ষা আরো এগিয়ে যাবে। শিক্ষার আলো ফিরে আছে অন্ধকার থেকে। এবং আপনারা জানেন যে, low strength অনুযায়ী Assistant Head Master থাকে ৯০০। কম হলে Assistant Head Master থাকতে পারে না। ৯০০র বেশি ছাত্রছাত্রী থাকলে তবে Assistant Head Master হতে পারে। যদি সেখানে ২০০ ছেলেমেয়ে থাকে ৯০০ ছিল একসময় এখন ছেলে কমে গেছে তাহলে কি সেই Assistant Head Master থাকবে ? তাকে Assistant Head Master রেখে সেই মাইনেটা দিতে হবে। সেইটা সরকার বলছে না, ওকে অন্য জায়গায় দিয়ে দেওয়া হবে। যেখানে ৯০০-র বেশি ছেলে আছে যেখানে Assistant Head Master প্রয়োজন তাকে সেইখানে নিয়োগ করে আমাদের যে আর্থিক দায় তা থেকে আমরা মুক্ত হব। মিছিমিছি আমরা অর্থ বরাদ্দ করব না। এই তিনটে বিষয়ের উপরে এই তিনটি বিল আনা হয়েছে। এবং আমার মনে হয়, শিক্ষার কল্যাণে শিক্ষার উন্নতিতে শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার সংক্ষিপ্ত নিবেদন শেষ করছি। নমস্কার।

শ্রী সেখ ইব্রাহিম আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী এই পবিত্র সদনে। যে শিক্ষা সংশোধনী বিল এনেছেন, The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2017, The West Bengal School Service Commission(Amendment) Bill,2017, The West Bengal Schools(Control of Expenditure) (Amendment) Bill,2017; শিক্ষায় প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত আপনাদের দলীয় দখলদারীর এক নজির বিহীন ঘটনাক্রমের সাক্ষী আমরা গত ৬ বছর। এতদিন যা করেছেন, আপনার দলের নেতা মন্ত্রী বিধায়ক সাংসদগণ পেশী শক্তির জোরে, এবার সেই অপকর্মের আইনী বৈধতাদানের জন্য আপনারা এই তিনটি বিল এনেছেন। এর আগে আপনি কলেজ বিশ্ববিদ্যালয়ে প্রতিদিন ঘটে চলা আপনাদেরই আশ্রিত অপকর্মকে আইনী বৈধতা দিতে পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় ও কলেজ প্রশাসন ও নিয়ন্ত্রণ বিল ২০১৭ এনেছেন। এবং ফাঁকা হাউসে বিনা বাধায় কোন আলোচনা ছাড়াই পাস করিয়ে নিয়েছেন। এবার আমরা সাক্ষী হচ্ছি দ্বিতীয় পর্যায়ের। যার মধ্যে পড়ছে প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুলগুলো। আমরা অবাক হয়ে যাই আপনাদের সরকার তথা আপনার পার্টির ঐ উদ্যোগকে দেখে কারণ,শুধু শিক্ষা তো নয়, গ্রাম বাংলার পঞ্চায়েত থেকে প্রশাসনের সর্বোচ্চ স্তর পর্যন্ত আপনারা গণতান্ত্রিক অধিকারের ছিটেফোঁটাও আপনারা রাখতে দেননি। এমন কি শিক্ষাক্ষেত্রেও আপনাদের একই আক্রমণ,সরকারি সিলমোহর লাগিয়ে দেওয়ার প্রচেষ্টা আপনারা শুরু করেছেন। আপনারা বন্ধু বিধায়ক যাঁরা আছেন, আপনারা বুকে হাত দিয়ে বলুন তো আপনাদের কোন গণতান্ত্রিক অধিকার আছে? এই যে আপনাদের কোর কমিটির মিটিং হল, সেইখানে শুনলাম কাউকে কাউকে দাঁড় করিয়ে তিরস্কার করা হয়েছে। এটা তো স্কুলের বিল, আপনারা এই বিলের ভিতরের জায়গাগুলো ভুল করে যদি বলে ফেলেন তাহলে স্কুলের ছাত্রছাত্রীদের মত আপনাদের কাউকে নীল ডাউন হতে হবেনা, এই গ্যারান্টি দিতে পারেন ? মাননীয় শিক্ষামন্ত্রী আপাতত দৃষ্টিতে এটা তিনটি বিল হলেও আপনাদের উদ্দেশ্য একটাই, তা হল শিক্ষা প্রশাসনের যাবতীয় গণতান্ত্রিক রীতিনীতি স্বাধিকার বিসর্জন দেওয়া। আপনারা আইন করে স্কুলগুলোর ম্যানেজিং কমিটি দখল করেছেন। আপনাদের কাউন্সিলার, প্রধান, এম এল এ, এম পি, মন্ত্রীরা এই আইনের সুযোগ নিয়ে এখন রাজ্যের প্রতিটি মাধ্যমিক উচ্চ মাধ্যমিক স্কুলের পরিচালন কমিটির মাথায় বসে আছেন। এবারে এই বিল এলে তাদেরকেও ঠুটো জগন্নাথ বানিয়ে শিক্ষক শিক্ষার্থী নিয়োগ সংক্রান্ত যাবতীয়

ক্ষমতা সরকারের হাতে কুক্ষিগত করতে চাইছেন। নিয়োগের কর্তৃত্ব ও দায়িত্ব ছিল ম্যানেজিং কমিটির হাতে, শুধু এস এস সি বোর্ড সুপারিশ করতো, কি এমন হলো, এত ভয় পেয়ে গেলেন মাননীয় শিক্ষামন্ত্রী, কেন ম্যানেজিং কমিটির হাত থেকে কেড়ে নেওয়া হল দয়া করে বলবেন কি মাননীয় শিক্ষামন্ত্রী ? কার হাতে দিচ্ছেন এই ক্ষমতা ? মধ্যশিক্ষা পর্ষদ ? যে মধ্যশিক্ষা পর্ষদ সরাসরি দখল নেওয়ার জন্য আপনারা আগেরবার ক্ষমতায় এসে তার নির্বাচিত কমিটি ভেঙ্গে দিলেন, লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। আমাদের সকলকে এটা বলতে হয় বাইরে গিয়ে, কিছু মনে করোনা ভাই। আমাদের মধ্যশিক্ষা পর্ষদের কোন সভাপতি নয় - কি, আপনারা অন্য কিছু বলবেন ? সাহস আছে বুকের মধ্যে ? আপনার মন্ত্রীকে জিজ্ঞাসা করুন, কেন বোর্ডে গত ৫ বছর কোন স্থায়ী সভাপতি নেই ? কেন, যাবতীয় নিয়মকে অগ্রাহ্য করে মাসের পর মাস, বছরের পর বছর প্রশাসকের আপনারা সময় বাড়াচ্ছেন, বলবেন, মাননীয় শিক্ষামন্ত্রী ? আসলে আপনারা এখন একান্ত অনুগতদের এই ধরণের স্বায়ত্তশাসন সংস্থার মাথায় বসিয়ে যাবতীয় নিয়ন্ত্রণের কাজ করতে চান। তাই আপনাদের বলি, এই ভবন থেকে, বিকাশ ভবন থেকে যখন শিক্ষামন্ত্রী বেরোন, পরক্ষণেই আমরা দেখি সুকুমার রায়ের মতন হযবরলর মতন মহা সচিবে পরিণত হয়ে যান।

[5:30 – 5.20 p.m.]

তখনই এই বিলের উদ্দেশ্য আমাদের বুঝতে অসুবিধা হয়না। আসলে আপনারা প্রাইমারী শিক্ষক নিয়োগের মত, আগামী দিনে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক স্কুলের শিক্ষক নিয়োগের আগাম শর্টিঙ করে নিতে চান আপনাদের দলীয় দপ্তর থেকে। তার শীলমোহর দিতেই আপনারা এই তিনটি বিলের সংশোধনী এনেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে বলতে চাই, আপনারা ভালো করে জানেন, শিক্ষার স্বার্থের সঙ্গে যুক্ত শিক্ষক-শিক্ষাকর্মী বা কোন সুস্থ চেতনার মানুষই আপনাদের এই কালা কানুনকে সমর্থন করবেন না। তাই ভয় দেখানোর বন্দোবস্ত আপনারা পাকা করেছেন। ভাত দেওয়ার জো নেই কিল মারবার গোঁসাই,এদিকে সরকারী শিক্ষক, শিক্ষাকর্মীরা ডি.এ পাচ্ছেন না। ষষ্ঠ বেতন কমিশনের প্রাপ্য তাঁরা আজকে পাচ্ছেন না। আপনাদের নিজেদের ভয় ঢাকতে ট্রান্সফারের ভয় দেখাচ্ছেন শিক্ষকদের। যেমন বিনা বাধায় এই হাউসে কলেজ বিশ্ববিদ্যালয় বিল পাশ করিয়ে আপনারা কলেজ শিক্ষকদের ট্রান্সফারের ভয় দেখিয়েছেন। এই তিনটে বিলের যে সংশোধনী আপনারা এনেছেন সেখানেও স্কুলের শিক্ষক ও শিক্ষাকর্মীদের একইভাবে, একই ভাষায় আপনারা খেয়াল খুশীমত বদলির হুমকি দিয়েছেন। মাননীয়া শিক্ষামন্ত্রী আপনি খোয়াব দেখতে পারেন। আমরা মনে করি এই হাউসের সংখ্যাধিক্যের জোরে আপনি এই বিল পাশ করাতে পারেন, কিন্তু এই রাজ্যের শিক্ষক সমাজ খুবই সচেতন,তাঁরা এই বিলকে মেনে নেবেন না। তাঁরা এই বিলের প্রতিবাদে রাজপথে নেমে সোচ্চার হবে। তাই আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে বলব, এই বিলটা পাশ করাবার আগে আপনারা আরও কিছুদিন সময় নিন, ভাবুন ও সংশোধনী আনুন। এই বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে তিনটি বিলের সংশোধনী আনা। হয়েছে সেই সম্পর্কে অনেকে অনেক কথা বললেন। আমি আজকে এই সভায় মাননীয় বিধায়করা আমাকে যে চিঠি দিয়েছেন সেটা আনতে পারছি না, তাহলে দেখাতে পারতাম মাননীয় বিধায়করা কতজনকে ট্রান্সফারের জন্য সুপারিশ করেছেন। এই ব্যাপারে আমি কাউকে দোষ দিইনা। যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় ছিল, তখন তারা বিধায়কদের সঙ্গে কথা বলে কিছু করতো বলে আমার মনে হয়না। আমার যে অভিজ্ঞতা বামফ্রন্টের সময় ছিল বা বিরোধী দলনেতা হিসাবে হয়েছে। যেখান থেকেই এটা হত তার মানবিক দিকটার একটু অভাব ছিল।

একজন মহিলা থাকে কাঁচড়াপাড়ায়, তাকে পাঠিয়ে দেওয়া হল কাকদ্বীপে। আর তার স্বামী চাকরি করে হয়ত নদীয়াতে। এখন সে বিবাহ করল। বিবাহ করার পর তার বাচ্চা হল। এবারে দুটো জায়গায় সে থাকবে। কি কিরে থাকবে ? সুখবিলাসবাবু সেই প্রশ্নটাই এখানে তুলেছিলেন। আমি খুব খুশি হয়েছি যে উনি কিন্তু স্বীকার করেছেন যে আমিও পাঠিয়েছি। এখানে অনেকেই যারা আছেন, তাঁরাও অনেকে পাঠিয়েছেন। পাঠানোটা উচিত, আর এই কারণেই উচিত যে, ট্রান্সফারটা শুধু মাত্র যে তার প্রয়োজনে নয়, ট্রান্সফারটার প্রয়োজন হচ্ছে— এই যে ইমব্যালান্স আছে। স্কুলগুলোতে, ছাত্র অনেক, মাস্টার কম, আবার মাস্টার অনেক তো ছাত্র শূন্য প্রায়। নেপালবাবু একটাও কথা বলেন নি। নেপালবাবু হয়ত বলছিলেন যে র‍্যাশালাইজেশন করুন। এই যে র‍্যাশালাইজেশন করতে গেলে এত কথা আসবে কেন ? নেপালবাবু এত কথা কেন বললেন বুঝতে পারছি না। আগে ছিল শুধু মিউচুয়াল ট্রান্সফার। অর্থাৎ তুমি যদি জায়গা পাও, তুমি যদি অপূর্ব সরকারের জায়গায় যেতে চাও, তাহলে অপূর্ব সরকারকে কলকাতায় আসতে হবে পার্থ চ্যাটার্জীর জায়গায়, তাহলে হবে। সেটা হয়ত আগেকার দিনে সরকারের প্রবল তাপ ছিল। তারা ডেকে ডেকে কমরেডদের হয়ত বলেও দিতে পারত, জানি না। কারোর প্রতি আমার অশ্রদ্ধা করবার কোন প্রয়োজন নেই। কিন্তু সেটুকুই ছিল। আমি আইন আনার আগেই কিন্তু তুলে দিয়েছিলাম। বলেছিলাম, বিশেষ করে যারা মহিলা, তারা যেন তাদের একলিস্ট তাদের যদি জায়গা না হয়, সেই জেলায় সেই কাছের বাড়ির সামনে যদি জায়গা না হয়, তাহলে পরের জেলাতেও যেতে। কিন্তু এই অমানসিক যে ট্রান্সফার, মিউচুয়াল,এইটুকুই থাকবে আর স্পেশ্যাল কোন কিছু থাকবে না, এটা হতে পারে না। আপনাদের ভয়টার কারণ আমি জানি। কেননা, অভিজ্ঞতায় বলে যে আপনাদের ট্রান্সফারটা পানিশেবল হত। ট্রান্সফার নট অলওয়েজ পানিশেবেল। এই ধারণাটা ভুল। বিজ্ঞান যে রকম সৃষ্টি করে, সে রকম ধ্বংসও করে। তেমনি ট্রান্সফারটা যদি প্রকৃত অর্থে ব্যবহার করা যায়, সেই আহা, বিশ্বাস যদি অর্জন করা যায়, তাহলে এই ভয় পাওয়ার কোন কারণ নেই। আমরা কি বলেছি ? আমরা বলেছি স্পেশ্যাল ঘটনা, ধরুন একজনের ক্যানসার হয়েছে, সে এসে কাঁদছে। আপনার কাছাকাছি কিছু করবার নেই। আমি তাও জোর করে করে দিই। আসলে ট্রান্সফারটা ধরে নিয়েছে অ্যাজ এ ম্যাটার অফ ফ্যাক্টস, যে রকম কপোরেট হাউসে থাকে, তোমাকে আমি শাস্তি দিলাম। একটু আগে দেবরঞ্জন বলছিলেন যে, ফাঁকা থাকা সত্ত্বেও আমাদের দিত, তার কারণ আমরা ওই দলভুক্ত ছিলাম না বলে। আমি আশ্বস্ত করতে চাই হাউসকে আমাদের শিক্ষা দপ্তর, আমরা বা আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় সেই পথে হাঁটছেন না, হাঁটবেনও না। আমরা দেখব, তার প্রয়োজনীয়তা আছে কিনা। আমরা এই ট্রান্সফারটা করি তখনই, যখন দেখি একই জেলায় প্রচুর শিক্ষক আছে, কিন্তু ছাত্র কম আছে। আমি লিস্ট দিতে পারি। এক্ষুনি লিস্ট পড়ে দিতে পারি। লজ্জা পাবেন বলে আর পড়ছি না। প্রাইমারীতে তো আরও খারাপ অবস্থা। মাস্টার আছে, ছাত্র নেই। সিঙ্গেল টিচার স্কুল। এগুলো কি আমাদের করা ? আমরা সাড়ে ছ' বছরে এটা করলাম, এইগুলো পেয়েছি, লিগ্যাসি, পেয়েছি। কোথায় গোবর লাগাচ্ছে স্কুলে, অথচ মাস্টারমশাইরা আছেন। আমরা এর একটা সমন্বয় করতে চাই, একটা বিন্যাস করতে চাই। যেখানে দরকার সেখানে দেব, যেখানে দরকার নেই সেখান থেকে তুলে নেব। এটা হচ্ছে এক ধরণের ট্রান্সফার আর পাবলিক ইন্টারেস্ট। এই দুটোর মধ্যে যদি কিছু না পড়ে, যে একজন হয়ত কমে যেতে পারে একটা স্কুল থেকে একজন শিক্ষক বা শিক্ষিকা, সেটার কারণগুলোর ক্ষেত্রে আমরা বলেছি গভর্নমেন্ট পাবলিক ইন্টারেস্ট যদি হয়, তাহলে আমরা করে দেব।

[5:40 – 5.50 p.m.]

কিন্তু আমি আশ্বস্ত করতে চাই, এমন কোনও কাজ হবে না যা বছরের পর বছর, বছরের পর বছর সংগঠনের কাজ চালিয়ে যাব আর মাস্টার-টাও থাকব — এটা হবে না। শিক্ষকদের

তাঁদের শিক্ষকতাটাই প্রধান কাজ। কিন্তু পত্রিকা বিক্রি করা এবং পার্টি চালনা করাটা তাঁদের কাজ না। আমরা সেই কারণেই, মানবিক মুখ নিয়েই এই ট্রান্সফার নীতিটা নিয়েছি। এইবার দ্বিতীয়টায় আসি— নিয়োগ। আমাদের অভিজ্ঞতা হচ্ছে, ম্যানেজিং কমিটিতে দেখেছি যে, ম্যানেজিং কমিটি অনেক ক্ষেত্রেই শিক্ষকের বিরুদ্ধে এক তরফা ভাবে সিদ্ধান্ত গ্রহণ করে। সেখানে শিক্ষকদের সেফ ডিফেন্স দেওয়ার কোন জায়গা নেই। ডিসিপ্লিনারি অথোরিটি বলে কিছু নেই, তারাই ডিসিপ্লিনারি অথোরিটি কেননা, তারা এ্যাপোয়েন্টিং অথোরিটি বলে। আমরা প্রাইমারি বোর্ডে দেখেছি যে, এ্যাপোয়েন্টিং অথোরিটি হচ্ছে, প্রাইমারি বোর্ড। কিন্তু মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে দেখেছি, বোর্ড করে না, ওটা ম্যানেজিং কমিটি করে। সেই ক্ষেত্রে পাড়ার পাঁচু থেকে শুরু করে সবাই একটা না একটা মামা-ভাগ্নে করে সি-ডি-তে ঢুকে যাচ্ছে। মাস্টারদের আটকাচ্ছে। যাদেরকে সিলেক্ট করা হ'ল, তাদেরকে ঢুকতে দিচ্ছে না। এ প্রবহমানকাল ধরে চলছে। এখনও যে দু'-একটা হয় নি, তা না। এখনও দু'-একটা হয়েছে, আমাকে হস্তক্ষেপ করতে হয়েছে। এই দিকে তাকিয়েই আমরা বলছি, ইমপ্লয়ি যারা, এ্যাপোয়েন্টিং অথোরিটি তারাই ডিসিপ্লিনারি অথোরিটি হবে, শুধু ম্যানেজিং কমিটি তাদের কাছে রেফারেন্স দেবে। এক তরফা ভাবে কারও চাকরি খেতে পারবে না। এটার মধ্যে আপনার, আমার কি ফারাকটা আছে? এ কেন্দ্রীভূত নয়। আমি আমার অর্থ — সরকার চালাই বলে বলতে পারি যে, মানুষের অর্থ যেন সেটা ঠিক মত ব্যবহার করা যায়। কিন্তু শিক্ষকদের গলাটা কেটে দেবেন, কেননা, আপনি ম্যানেজিং কমিটির প্রধান। তাই আপনার গলাটা আমি কেটে দিলাম। এটা কোন সভ্য সমাজে চলতে পারে না। তার একটা পদ্ধতি থাকা দরকার। সেই কারণেই যে এ্যাপোয়েন্টিং অথোরিটি এবং ডিসিপ্লিনারি অথোরিটি উইল বি দ্য সেম। যদি না করা যায় তাহলে এই বিবাদ চলবেই চলবে। এবং যখন আপনারা আসবেন, তখন খবরটা পাব না। যখন আমরা আসব, তখন সুজনবাবুরা চেঁচাবেন। এই জিনিস ঘটবেই। সুতরাং, এর একটা পার্মানেন্ট সলিউশানের দিকে আমাদের এই বিল। এই বিলের কোন উদ্দেশ্য নেই। ...(নয়েজ)... আমি এটা বলছি। আপনারা যদি কোন প্রবলেম নিয়ে আসেন, নিশ্চয় শুনব। আমি বলি, এটাও তো যুক্ত তালিকার মত যুক্ত দায়িত্ব। এটা শুধু আমাদের একার দায়িত্ব নয়। শিক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা এখানে যতজন প্রতিনিধি আছি, তাদের সকলেরই যৌথ দায়িত্ব। সুতরাং, সেই যৌথ দায়িত্বে যদি দেখেন, আপনাদের চোখের সামনে যদি মনে হয় যে, কোন দুর্বলতা আছে, নিশ্চয় বলবেন। আমি নিশ্চয় চেষ্টা করব, সেটা কাটাবার ডিপার্টমেন্টকে নিয়ে। আমি তো এই আইন আনার আগেই করতে আরম্ভ করেছি। হাজার হাজার কেস যাচ্ছে। সুজনবাবুর বন্ধুরা যাচ্ছে। ভট্টাচার্য্য সাহেব রোজই যায়। একই জেলায় থাকে। সুযোগ হয়েছে, রোজই। বাড়ির পাশে থাকে। আগে আমার বাড়ির পাশে সামনে থাকত, এখন সুজনবাবুর বাড়ির ...(নয়েজ)... তুমি এখন ওখান থেকে চলে গেছ। তাহলে আলাদা। এখন আমাকে পৌরসভায় হারানোর পর বা হারিয়ে দেওয়ার পর, উনি নিজের বাড়িটা বিক্রি করে দিয়ে পঞ্চসায়রে চলে গেছেন। মানে অনেকটা কান্তি-দার বাড়ির সামনে থাকার জন্য। আমার পরিচিত লোক তাঁরা। যাইহোক, নাম-টা যদি বাদও দিয়ে দেন অধ্যক্ষ সাহেব কিছু বলব না। কেননা, যেটা জানি সেটা বলছি।

এটা অত্যন্ত সময়োপযোগী বিল। শিক্ষার স্বার্থে, শিক্ষক-শিক্ষিকাদের স্বার্থে এই সংশধনীটি এনেছি। আমি কোন বিতর্ক চাইনা। এই বিলের পরে যদি কোন বিতর্কিত সিদ্ধান্ত আমরা নিই সরাসরি আসবেন নিশ্চয় সমাধান সূত্র বার করব। এই বলে সকলকে আমি আবেদন জানাই এই বিলের সংশোধনী তিনটি আপনারা গ্রহণ করুন এবং শিক্ষা ক্ষেত্রে যে প্রতিবন্ধকতা তৈরী হয়েছে শিক্ষকদের, শিক্ষিকাদের তাদেরকে উদ্ধার করুন।

Mr. Speaker : The question before the House is the motion of Dr. Partha Chatterjee that the West Bengal School Service Commission (Amendment) Bill, 2017 be taken into consideration. As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes)

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Clause 2 to 4

Mr. Speaker : There is no amendment to Clauses 2 to 4. So I put Clauses 2 to 4 do stand part of the Bill.

The Question before the House is that Clauses 2 to 4 do stand part of the bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes)

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to clause 1, the Enacting Formula, the Preamble and the title of the Bill. So, I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill to Vote.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Now I call upon the Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs to move the Motion for passing of the Bill.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal School Service Commission (Amendment) Bill, 2017 as settled in the Assembly be passed.

Mr. Speaker: The question before the House is that the Bill as settled in the Assembly be passed.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

The Bill is passed. The bill is passed.

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2017

Mr. Speaker : The question before the House is the motion of Dr. Partha Chatterjee that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2017 be taken into consideration. As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes)

Ayes have it, Ayes have it. The motion is adopted.

Clause 2

Mr. Speaker : There is no amendment to Clause 2. So I put Clause 2 do stand part of the Bill.

The Question before the House is that Clause 2 do stand part of the bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes)

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill to Vote.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Now I call upon the Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs to move the Motion for passing of the Bill.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2017 as settled in the Assembly be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill as settled in the Assembly be passed.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

The Bill is passed. The bill is passed.

The West Bengal Schools (Control of Expenditure) (Amendment) Bill, 2017

Mr. Speaker : The question before the House is the motion of Dr. Partha Chatterjee that the West Bengal Schools (Control of Expenditure) (Amendment) Bill, 2017 be taken into consideration. As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes)

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Clause 2

Mr. Speaker : There is no amendment to Clause 2. So I put Clause 2 do stand part of the Bill.

The Question before the House is that Clause 2 stand part of the bill. As many as are of that opinion, will please say "Aye". 'As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes)

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to clause 1. the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill to Vote.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Now I call upon the Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs to move the Motion for passing of the Bill.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Schools (Control of Expenditure) (Amendment) Bill, 2017 as settled in the Assembly be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill as settled in the Assembly be passed.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

The Bill is passed. The bill is passed.

ADJOURNMENT

The House was then adjourned at 5.50 p.m. till 11.00 a.m. on Monday, the 6th March, 2017, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 6th March, 2017 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 23 Ministers-in Charge, 10 Ministers of State and 201 Members.

Starred Questions

(to which oral answers were given)

[11:00 – 11.10 a.m.]

রাজ্যে আলু চাষের পরিমাণ

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *১০১) **শ্রী নগেন্দ্রনাথ রায়** ঃ কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারী, ২০১৬ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ে রবি মরশুমে রাজ্যে কত হেক্টর জমিতে আলু চাষ করা হয়েছে; এবং

(খ) উক্ত জমিতে কত পরিমাণ আলু উৎপাদন হবে বলে আশা করা যায়?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি প্রশ্নকর্তা মাননীয় বিধায়ককে জানাই আমাদের আলুর হিসেবটা হয় সাধারণত যে নিয়মে, সেই নিয়মটা হচ্ছে এরকম ফসলের হিসাব কৃষিবর্ষ হিসাবে করা হয়। কোন বছরের পয়লা জুলাই থেকে পরবর্তী বছরের তিরিশে জুন পর্যন্ত হচ্ছে সময়। এটা জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত নয়।

(ক) ২০১৫-১৬ কৃষি বর্ষে রাজ্যে মোট ৪,৯২,৪০৪ হেক্টর জমিতে আলুর চাষ হয় এবং ২০১৬-১৭ কৃষি বর্ষে রাজ্যে মোট সম্ভাব্য আলু চাষের এলাকা ৪,১৫,০০০ হেক্টর (প্রাথমিক তথ্য, চূড়ান্ত নয়)।

(খ) ২০১৫-১৬ কৃষি বর্ষে মোট উৎপাদিত আলুর পরিমাণ ৯৭,২৬,২৯২ মেট্রিক টন এবং ২০১৬-১৭ কৃষি বর্ষে সম্ভাব্য মোট উৎপাদনের পরিমাণ ১,১০,০০,০০০ মেট্রিক টন (প্রাথমিক তথ্য, চূড়ান্ত নয়)।

শ্রী নগেন্দ্রনাথ রায় : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, কয়েকটি জেলায় ধ্বসা রোগে আলুর ক্ষতি হয়েছে। এদের কি কোন ক্ষতিপূরণ দেওয়ার পরিকল্পনা আছে?

শ্রী পূর্ণেন্দু বসু : সরকারী যে ক্ষতিপূরণ দেওয়ার নিয়ম তাতে আলু চাষের ক্ষেত্রে যে ধ্বসা রোগ হয় সেখানে প্রথম বিবেচ্য বিষয় বিমাকৃত আছে কিনা, তাহলে সেই বিমার মাধ্যমে দেওয়া হয়। তাছাড়াও বিভিন্ন ধরনের প্রাকৃতিক কারণে বা পোকামাকড়ের আক্রমণে যদি গাছ ঠিকমত না হয়, নষ্ট হয়ে যায় তাহলে সেক্ষেত্রেও দেওয়ার ব্যবস্থা আছে। আমাদের কাছে আবেদন আসলে সেই অনুযায়ী সরকারী জায়গা থেকে যে নীতি নির্ধারিত আছে, সেই জায়গায় আমরা ক্ষতিপূরণের ব্যবস্থা করি।

শ্রী নগেন্দ্রনাথ রায় : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন কত হেক্টর জমিতে আলু চাষের ক্ষতি হয়েছে?

শ্রী পূর্ণেন্দু বসু : এরকম কোন হিসেব আমাদের কাছে এখনও আসেনি। হিসেব আসলে আপনাকে আমি দিয়ে দেব।

শ্রী সমর হাজরা : স্যার, অতিরিক্ত প্রশ্ন- আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি। চাষযোগ্য জমির পরিমাণের উনি একটা তথ্য দিয়েছেন। পশ্চিমবাংলার লোকসংখ্যা অনুযায়ী কৃষি জমির পরিমাণ মাথাপিছু এখন কত দাঁড়িয়েছে, আপনি বলতে পারবেন?

শ্রী পূর্ণেন্দ বসু : আপনাকে বলি অন্য প্রসঙ্গে না যাওয়াই ভাল। যে প্রসঙ্গে আপনি আছেন, মানে যে প্রশ্ন আছে সেই প্রসঙ্গে প্রশ্ন করলে তার উত্তর দিতে পারি। আর যদি আপনি এই প্রশ্ন আমাকে পাঠান। তাহলে অবশ্যই তার উত্তর রেডি আছে,দেবো। কিন্তু এটা সাধারণ নিয়ম নয় প্রসাঙ্গন্তরে যাওয়া।

মিঃ স্পীকার : আপনি আলু সংক্রান্ত প্রশ্ন করুন। আজকে আলু সংক্রান্ত প্রশ্ন করেছেন, সেটা করুন ঠিকভাবে। আপনি নোটিশ দেবেন, উনি উত্তর দেবেন বলেছেন তো।

শ্রী উদয়ন গুহ : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। এবার উত্তরবঙ্গের ৭ টি জেলায় কুয়াশা কম হওয়ার কারণে কোন ধসা রোগ হয় নি। স্বাভাবিকভাবেই আলুর এবার বাম্পার ফসল ফলেছে উত্তরবঙ্গের জেলাগুলোতে। এই সময়ে কৃষক জমি থেকে যে ফসল বিক্রি করছেন, ফসলের ন্যায্য মূল্য পাওয়ার ক্ষেত্রে আপনার দপ্তরের কি চিন্তাভাবনা আছে সেটা যদি জানান বাধিত হব।

শ্রী পূর্ণেন্দ বসু : আমি প্রথমেই মাননীয় বিধায়ককে জানাই, শুধু উত্তরবঙ্গ নয় দক্ষিণবঙ্গেও আলুর চাষ এবার খুবই ভাল হয়েছে এবং এটা অনেকটা ভাবনা এইভাবে এসেছিল যে ধসা রোগে নষ্ট হচ্ছে। আমাদের কাছে এই তথ্য আছে যে প্রথম পর্যায়ে অল্প কিছু নষ্ট হলেও সেখানে আবার দ্বিতীয়বার বীজ লাগিয়ে গাছ করা হয়েছে এবং তাতে আলুর পরিমাণ আমি আগে বলেছি উৎপাদনের পরিমাণ বলা যেতে পারে আমাদের রাজ্যে যা লাগে তার দ্বিগুণ উৎপাদন হয়েছে। কৃষি দপ্তরের হাতে এই রকম কোন ক্ষমতা নেই যে ক্ষমতা অনুযায়ী কৃষি দপ্তর আলুর ন্যূনতম মূল্য নির্ধারণ করে। ন্যূনতম মূল্য নির্ধারণের ক্ষমতা কেন্দ্রীয় সরকারের, সাধারন শস্যের ক্ষেত্রে যেগুলো হয়ে থাকে। আর আলু বাজারের নিয়মে চলে । সেই ক্ষেত্রে যদি অত্যধিক চাপ চাষীদের উপর পড়ে সেইক্ষেত্রে সরকার কখনও কখনও বিশেষ ব্যবস্থা নেয় অত্যাবশ্যক পণ্য আইন অনুযায়ী বা অন্যান্য কিছুর ক্ষেত্রে। আমরা চেষ্টা করছি যাতে কৃষক আলুর দাম বেশি পায়, তার জন্য সর্বত্রই আমাদের কৃষি বিপণন বিভাগ এই কাজে দায়িত্ববদ্ধ, তাঁরা এই কাজ করছেন।

শ্রী প্রদীপ কুমার সাহা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য। এর আগে আমরা দেখেছি বামফ্রন্ট সরকারের আমলে এই রকম আলুর দর পড়ে গেলে কৃষকের কাছ থেকেও আলু কেনার একটা ব্যবস্থা হয়েছিল। আমি জানতে চাই, সরকার কি এই রকম কোন ব্যবস্থা গ্রহণ করবে এবার ?

শ্রী পূর্ণেন্দু বসু : এখনও পর্যন্ত সরকার এই বিষয়ে কোন সিদ্ধান্ত নেয় নি। গতবার নিয়েছিল আপনারা জানেন, আই.সি.ডি.এস. বা মিড ডে মিল - এই সব ক্ষেত্রে আলু কেনা হয়েছিল। এবারও আলোচনা চলছে, তবে যে ধরনের যত শোরগোল উঠেছে বাস্তব অবস্থাটা পুরোপুরি তার কাছাকাছি নয়। সমস্যা অবশ্যই কিছু আছে ,আমি এই কথা বলবো না যে সমস্যা নেই। সাথে

সাথে আমি এটা বলারও চেষ্টা করবো, আমাদের বুঝতে হবে, প্রশ্ন কর্তা যারা তাদেরও বুঝতে হবে যে ফসল আমাদের রাজ্যে যা দরকার তার দ্বিগুণেরও বেশি যদি উৎপাদন হয় তাহলে বাজারের নিয়ম অনুযায়ী তার দাম কম পাওয়ার কথা। দ্বিতীয় বিষয় যেটা সেটা হচ্ছে, ফসলের বৈচিত্রকরণ ছাড়া পশ্চিমবঙ্গের কৃষিকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব নয়। কাজেই কৃষি দপ্তর থেকে আমরা উদ্যোগ নিচ্ছি, আপনাদের সকলের সহযোগিতা চাই যাতে যে জমিতে আলুর চাষ হচ্ছে তার পরিমাণ বজায় রেখে যাতে আমরা আলুর পরিবর্তে অন্য কোন সব্জির জায়গায় যেতে পারি সেই উদ্যোগও আমাদের নিতে হবে।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, আলুর চাষ এবং তার দাম ইত্যাদি নিয়ে খুব একটা জটিলতা হচ্ছে, আমরা সবাই টের পাচ্ছি সংরক্ষণ সহ। মন্ত্রী মহাশয় যেটা বলছেন ভবিষ্যতে কি পরিকল্পনা করা যাবে, ঠিকই সেই পরিকল্পনা করা উতিৎ। কিন্তু আমার নির্দিষ্ট কথাটা হচ্ছে এই, পর পর কয়েক বছর বিশেষ করে এই বছরে আলুর উৎপাদন বেড়েছে। চাষী একেবারে বিপদে পড়েছে, দাম পাচ্ছে না। অথচ সাধারণ মানুষ সেও বিপদে পড়েছে, দাম কার্যত তার নাগলের বাইরে থাকছে কয়েকদিন পর। এই মুহূর্তে একটু কম আছে, কয়েকদিন পরে নাগালের বাইরে থাকছে। আপনি সহ সবাই বার বার বলেছেন ফোড়ে এবং ইত্যাদি, ইত্যাদি। তাহলে সেই বিবেচনায় সংরক্ষণ, দাম এবং কৃষকদের বাঁচানো- এই মনোভাব থেকে নবান্নের তরফে আজকে যে সভাটা ডাকা হয়েছিল, সেই সভাটি কি হচ্ছে ? যদি না হয়, যদি বাতিল হয়ে থাকে তাহলে কেন বাতিল করা হল ? এই রকম গুরুত্বপূর্ণ একটা বিষয় গুরুত্ব দিয়ে সরকার মিটিং ডাকলো,সেই সরকারের মিটিংটাকে বাতিল করা হল কেন ? এটা কি কৃষকের পক্ষে যাচ্ছে না মানুষের পক্ষে যাচ্ছে - আপনি দয়া করে যদি উত্তর দেন।

[11:10 – 11.20 a.m.]

শ্রী পূর্ণেন্দু বসু : স্যার, আমি মাননীয় বিধায়ক সুজন চক্রবর্তীকে বলব যে এই মিটিংটার চেয়ার করেন মাননীয়া মুখ্যমন্ত্রী। তিনি তাঁর সি.এম.ও থেকে মিটিং ডাকেন। মিটিং ডাকা হয়েছিল এবং মিটিংটা ক্যান্সেল করা হয়েছে। নির্দিষ্ট বিশেষ কিছু কারণ থাকতে পারে তারজন্য। কিন্তু তা বলে আমরা বসে নেই। আমরা চেষ্টা করছি আলু সংক্রান্ত যে সমস্যাগুলো, সেগুলো সমাধানের আমরা চেষ্টা করতে পারি। আপনারা ইতিমধ্যেই দেখেছেন যে কৃষি বিপণন মন্ত্রী এর আগেও চেষ্টা করেছেন কোল্ড স্টোরেজগুলোতে যে ধরনের দুর্নীতি আছে, সেটা কি করে মোকাবিলা করা যায়, আলুতে রঙ লাগানোর যে চেষ্টা, সেটা কি করে বন্ধ করা যায়, এই উদ্যোগগুলো আমাদের আছে। এটা বোঝার কোন এই রকম জায়গা নেই যে সরকার হঠাৎ করে কৃষক বিরোধী হয়ে গেছে, তাই মিটিংটা ক্যান্সেল করা হয়েছে। আমরা অবিলম্বেই মিটিং করছি এবং করব। কৃষি বিপণন মন্ত্রীর সাথে আমার কয়েক দফায় কথা হয়েছে। আমরা যৌথভাবেই দায়িত্ব নিয়ে দেখব যাতে চাষীরা মাঠ থেকে যে দাম পাচ্ছেন, তার থেকে বেশি পান, লড়াই অনেক দিন ধরেই আছে, আগের আমলেও ছিল। কোল্ড স্টোরেজের মালিকরা, কোল্ড স্টোরেজ প্রায় সবটাই প্রাইভেট আপনি জানেন। তার ফলে কোল্ড স্টোরেজে যে পদ্ধতিতে, যে প্রক্রিয়ায় আলু রাখা যায়, আপনাদের সময়কার আলু কেলেংকারীর কথা নিশ্চয় মনে আছে আপনাদের। এই বিষয়গুলো খুব জরুরী। এই কারণেই আপনাকে বলছি যে ৩৪ বছরে যেটা আপনারা সমাধান করতে পারেননি, ছয় বছরে সেটা সমাধানের দাবি তোলা, এটা কখনই যুক্তিযুক্ত নয়।

শ্রী রোহিত শর্মা : Hon'ble Speaker Sir, through you, I would like to know from the Hon'ble MIC that in my constituency there is a place, called Sonada where there was a potato seed farm and have been 300 acres of land. But now

that potato seed farm is closed down for the last 15 years. I would like to know from the Hon'ble MIC whether the Government has any plan to revive the potato seed farm or not.

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় বিধায়ককে জানাই যে ২০১১ সালের পর আমাদের রাজ্য থেকে চেষ্টা করা হয়েছে, আমি দায়িত্ব পাওয়ার পর আমি নিজে গেছি সোনাদায়। আপনারা জানেন কিনা বলতে পারব না। সোনাদায় গিয়ে সেই ফার্ম দেখে এসেছি। এখনও সেখানে সাধারণভাবে কিছু আলুবীজ সংরক্ষিত করার ব্যবস্থা আছে, অল্প কিছু কাজ সেখানে হয়। একেবারে বন্ধ হয়ে গেছে, এই কথাটা ঠিক নয়। দ্বিতীয় বিষয় হচ্ছে যে ওখানে আলুর বীজের ক্ষেত্রে একটা রোগ হয়েছিল বহু বছর আগে এবং সেই রোগের কারণেই আলু বীজ তৈরি করাটা ওখানে বন্ধ করা আছে। আমরা ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের সাথে এবং আলু রিসার্চ সেন্টার সিমলার সাথে যোগাযোগ করে, তাদের বিজ্ঞানীরা এসেছিলেন। রাজ্য সরকারের পক্ষ থেকে আমাদের আধিকারিকেরা ছিলেন, বিজ্ঞানীরা ছিলেন, তাঁরা সোনাদা পরিদর্শন করেছেন। পরিদর্শন করে সেখানে থেকে মাটির যে স্যাম্পেল নিয়েছেন, তাতে এখনও পর্যন্ত সেই মাটির চরিত্রের গুণগত পরিবর্তন হয়নি। আমরা ওয়েট করছি আরও পরীক্ষা করার পরে যাতে এটা চালু করা যায়, এটা চালু করলে আমাদের সকলের জন্যেই ভাল।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যম দিয়ে আমার বিভাগীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাসা যে এর আগে আমরা জানি ৩৪ বছরে বাম সরকার কিভাবে সমস্ত আলু চাষীদের নির্যাতিত করেছে এবং কিভাবে বিভিন্ন চাষীদেরকে তিলে তিলে মেরেছেন। আমাদের মা মাটি মানুষের সরকার এবং মমতা ব্যানার্জীর অনুপ্রেরণায় সারা বাংলায় যে সবুজ বিপ্লব শুরু হয়েছে, তাতে আমার বিভাগীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাসা যে আমরা শুনছি আলু সরকার থেকে কেনা হবে। সেই আলু কবে নাগাদ কেনা হবে? আর বামপন্থীরা তো ৩৪ বছরে বাংলাটাকে শ্মশান করে দিয়েছে।

শ্রী পূর্ণেন্দু বসু : আমি আপনাদের বলব আলুর দাম , আলুর বাজার এই সংক্রান্ত প্রশ্ন করবেন কৃষি বিপণন মন্ত্রীর কাছে, এতে আমার কিছু করার নেই। উৎপাদন সম্পর্কে যে কোন প্রশ্ন আমাকে করলে আমি উত্তর দিতে পারি। তবে সাধারণভাবে আমি বলব কাল পর্যন্ত আমার কাছে যে খবর তাতে সাড়ে চার টাকা করে চাষি দাম পাচ্ছে এটা এখন পশ্চিমবঙ্গের চিত্র, তবে আগামী দিনে বেশি হবে।

শ্রী অসিত মিত্র : স্যার আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন করছি তার আগে মাননীয় মন্ত্রীমহোদয় এইমাত্র বললেন যে সাড়ে চার টাকা কেজি দরে আলু বিক্রি হচ্ছে বাজারে, এটা বোধহয় ঠিক নয়। আমার মনে হয় একটু খোঁজ নিয়ে দেখবেন।আমার প্রশ্ন যেটা সেটা হল আমি যে জেলায় বাস করি এবং মাননীয় কৃষি বিপণন মন্ত্রী যে জায়গায় আছেন ব্যাপক আলু চাষ হয় আমাদের ওখানে। এর তো দুটো পথ আছে, একটা পথ হচ্ছে আলু বিক্রি করার ব্যবস্থা করা। যদি আলু বিক্রি করার ব্যবস্থা হয়। আপনারা বলছেন উৎপাদন বেশি হয়েছে ঠিকই। আবহাওয়া ভাল ছিল, উৎপাদন বেশি হয়েছে। ১০ লক্ষ মেট্রিক টন বেশি উৎপাদন হয়েছে। এর দুটো পথ আছে, একটা পথ হচ্ছে আলুটা আপাতত রাখার জন্য মাননীয় কৃষি বিপণন মন্ত্রী আছেন প্রশ্নটা কিন্তু আপনার। আলুকে সংরক্ষণ করতে হবে, আলুটা ডিস্ট্রেস সেল করতে দিতে পারি না। আমি যদি বলি কৃষিমন্ত্রী আপনার দায়িত্ব ডিস্ট্রেস সেল যাতে না হয় , প্রোডাকশন বাড়াচ্ছে ঠিক আছে কিন্তু আলুটা রাখার জন্য বারবার আলোচনা হয়েছে যে কোল্ডস্টোরেজের সংখ্যা বাড়াব। এই কোল্ডস্টোরেজের সংখ্যাটা যদি আমরা বাড়াতে

পারতাম - ওরা দায়ী, আপনারা কতখানি দায়ী আমি এসব আলোচনা করছি না। যদি রাখতে পারতাম তাহলে ভাল হত। আর একটা পথ হচ্ছে আলুকে অন্য জায়গায় বিক্রি করা। আপনি কি এই রকম কোন পরিকল্পনার কথা ভাবছেন ?

শ্রী পূর্ণেন্দু বসু : আমি মাননীয় অভিজ্ঞ বিধায়ক তাঁকে বলব যেটা পশ্চিমবঙ্গের আলুর কোল্ডস্টোরেজ সবটাই প্রাইভেট ,নিশ্চয়ই আপনার জানা আছে সাড়ে চারশোর মতন আছে। কোল্ডস্টোরেজ মালিকদের সঙ্গে ইতিমধ্যেই কথা হয়েছে এটাও কৃষি বিপণন মন্ত্রীর দায়িত্বে পরে। আলোচনা হয়েছে যাতে তারা আরো কোল্ডস্টোরেজ বাড়ায়। আমাদের সমস্যা যেখানে আছে এটা ১০ লক্ষ মেট্রিক টন বেড়েছে এটা শুধু নয় । আমাদের লাগে হচ্ছে ৫ লক্ষ টন প্রতি মাসে। সর্বোচ্চ ৬০ লক্ষ টন আলু আমাদের কনজিউম হয়। তারফলে এইবার যেটা হয়েছে তার ডবল। এই আলু রাখার জায়গা পশ্চিমবঙ্গে নেই। স্বাভাবিকভাবে আমরা চেষ্টা করেছি যথা সময়ের অনেক আগে থেকেই চাপ দিয়ে যাতে কোল্ডস্টোরেজ খালি করা যায়। কোল্ডস্টোরেজ গুলি খালি হয়েছে এইবার কোল্ডস্টোরেজে আলু রাখার যে ব্যবস্থা আছে। সেই ব্যবস্থায় কিছু কিছু সমস্যা তৈরি হয়েছে। এটা কৃষি বিপণন দপ্তর দেখছে খুব দ্রুত এই সমস্যার সমাধান হবে।

শ্রী সেখ আমজাদ হোসেন : ধন্যবাদ স্যার। স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, উৎপাদন বেশি হয়েছে, উৎপাদন বেশি হয়েছে উনি যেমন এখানে বলছেন। হাউসের বাইরে অনেকে নিদান দিচ্ছে আলু ছেড়ে রসুন চাষ করুন। হুগলিতে আলু ছেড়ে রসুন চাষ হবে। স্যার যেটা বলার সরকারের হাতে ১০% সিড আছে এখানে মন্ত্রীও আছেন। কোল্ডস্টোরেজ।বামফ্রন্ট সরকার এটা করে থাকত বরাবর। এই ১০% সিড কৃষকদের কাছ থেকে সহায়কমূল্য তুলে, দাম কিনে সেই আলু স্টোর করত। সরকারের এই পরিকল্পনা আছে কি না কৃষককে যদি বাঁচাতে হয় সরকারকে এই সিদ্ধান্ত নিতে হবে ওই ১০% সিড রিজার্ভ গভর্ণমেন্টের জন্য স্টোরগুলিতে সেই পরিমাণ আলু আপনি কৃষি দপ্তরের মন্ত্রী কৃষককে বাঁচানোর দায়িত্ব আপনার।

[11:20 – 11.30 a.m.]

কৃষকের কাছ থেকে এই আলু কিনে আপনি স্টোরে লোড করবেন কি না সেটা বলুন?

শ্রী পূর্ণেন্দু বসু : আমি আমজাদ বাবুকে বলব আপনার পান্ডুয়া বা আশপাশ অঞ্চলে, প্রচুর আলু হয়। এখন বিষয়টা হচ্ছে যে আলু চাষ করে একেবারে দেউলিয়া হয়ে গিয়েছেন বলে এইরকম কোনো রিপোর্ট আমার কাছে নেই। আমি তো বললাম আপনার ওখানে তিন টাকা কোথাও সাড়ে চার টাকাও আমি দেখে এসেছি। আপনি যে প্রশ্নটা করছেন সেই প্রশ্নটা দেখুন আমাদের সকলের দায়িত্ব, এটা শুধু কৃষি মন্ত্রীর দায়িত্ব না, এটা গোটা সরকারের দায়িত্ব এবং আপনাদেরও দায়িত্ব যাতে কৃষক ভালো অবস্থায় আসতে পারে। কাজেই আমি আপনাদের কাছে। যেটা অনুরোধ করতে চাই সেটা হচ্ছে গত বছর আপনাদের বাম প্রতিনিধিরা আমার সঙ্গে দুবার বসেছিলেন। আপনি এখনও কোনো চিঠি দেননি বা আপনি কোনো অ্যাপয়েন্টমেন্ট করেননি। যদি করেন তাহলে আমি অবশ্যই বসব। যাঁরাই আমাদের সঙ্গে বসতে চান আমরা বসতে রাজি আছি। আপনাদের কৃষক সংগঠনগুলোকে বলুন তারা যেন আসে কথা বলতে। আমি মিটিং ডাকব কি না সেটা আমার ব্যাপার। আপনাদের আগ্রহ থাকলে আপনারা চিঠি দেবেন, মিটিং-এ বসতে চান এটা জানাবেন। সেই আগ্রহ প্রকাশ করুন।

মিঃ স্পীকার : স্টার প্রশ্ন ১২ এবং ১৩ দুটো পার্থ বাবুর। পার্থ বাবু একটু পরে আসছেন একটু আগে খবর পাঠিয়েছেন। একটু পরেই উনি আসছেন। উনি এলেই এই প্রশ্ন দুটো নেবো।

রাজ্যের কৃষক বাজারের সংখ্যা

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫২) **শ্রী অসিত মজুমদার** ঃ কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জুন, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ে রাজ্যে কতগুলি কৃষক বাজার তৈরি হয়েছে; এবং

(খ) চুঁচুড়া বিধানসভা কেন্দ্রে কৃষক বাজার চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রী তপন দাশগুপ্ত : ক) ১ লা জুন, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ে। রাজ্যে ১৬৬ টি কৃষক বাজার তৈরির কাজ সম্পূর্ণ হয়েছিল ও ২০ টি কৃষক বাজার তৈরির কাজ। চালু ছিল।

খ) না।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন হুগলী জেলায় মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের যে স্বপ্নের বাজার 'সুফল বাংলা', এই 'সুফল বাংলা' 'সুফল বাংলার হুগলী জেলায় কটা কাউন্টার হয়েছে বলতে পারবেন কি?

শ্রী তপন দাশগুপ্ত : 'সুফল বাংলার' দুটো কাউন্টার হয়েছে। একটা চুঁচুড়াতে আপনার বিধানসভায়, আর একটা উত্তরপাড়াতে হয়েছে।

শ্রী অসিত মজুমদার : মাননীয় মন্ত্রীর কাছে আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন এই 'সুফল বাংলা' গুলো মানুষের জন্য যে করা হয়েছিল, প্রতিদিন আমার চুঁচুড়া এবং উত্তরপাড়ায় কত মানুষ এখানে আসছেন ও কত টাকা আমরা প্রতিদিন এখান থেকে সেল করতে পারছি?

শ্রী তপন দাশগুপ্ত : চুঁচুড়াতে সেল হচ্ছে ৪২ হাজার টাকা পার ডে এবং উত্তরপাড়াতে ২১ হাজার টাকা পার ডে।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য দেশের এবং রাজ্যের অর্থনৈতিক উন্নতি ডিপেন্ড করে শিল্প এবং কৃষির উপর। মাননীয় শিল্প মন্ত্রী ইতিমধ্যে নোটবন্দীর কারণে ৫০০ কোটি টাকা যারা বাইরে কাজ করতে যেত তাদের জন্য ফান্ড ক্রিয়েট করেছেন।

ইতিমধ্যে আলু চাষী যারা ক্ষতিগ্রস্থ হয়েছে, তাদের জন্য আপনি কোন ফান্ড ক্রিয়েট করবেন কিনা এবং কি পদক্ষেপ নিচ্ছেন, এই হাউসে আপনাকে বলতেই হবে, কেননা আলু চাষীরা আজ বিপর্যস্ত, তাদের চোখের জল পড়ছে। বাংলার কৃষকদের স্বার্থে আপনাকে বলতেই হবে।

শ্রী তপন দাশগুপ্ত : আপাতত এই ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা নেই। মাননীয় কৃষি মন্ত্রী এবং আমরা বসে খুব তাড়াতাড়ি এই ব্যাপারে সিদ্ধান্ত নেব। আপনারা জানেন যে, এই বছরে আলুর ফলন হবে প্রায় ১ কোটি ১০ লক্ষ মেট্রিক টনের মতো। এটা আইডিয়া করা হচ্ছে। সরকারের সব দিকেই লক্ষ্য আছে। এই দিকটা আমরা এবং কৃষি দপ্তর যৌথ ভাবে লক্ষ্য রেখেছি।

শ্রী ভূপেন্দ্রনাথ হালদার : ওল্ড মালদা ব্লকে যে স্বপ্নের বাজার কিষাণ মান্ডি করার কথা, সেটার কাজ কবে নাগাদ শেষ হয়েছে এবং তার বর্তমান অবস্থাটা কি যদি দয়া করে মাননীয় মন্ত্রী জানান।

শ্রী তপন দাশগুপ্ত : এটা এখনও পর্যন্ত অসম্পূর্ণ আছে, কাজ চলছে, আশা করছি। এপ্রিলের মধ্যে এটা ওপেনিং করা হবে। আপনারা জানেন যে এখনও পর্যন্ত সারা বাংলায়। কিষাণ মান্ডি ৩৬ টা হয়েছে। আমাদের যে শেপ নেওয়া হয়েছে, সেটা হচ্ছে, কিষাণ মান্ডির মধ্যে কৃষক, যারা কাঁচা মাল বিক্রি করতে আসবে তাদের খাওয়ার জায়গার অ্যারেঞ্জমেন্ট করা, তার জন্য ২২ টা স্টল আছে, ছাতা, সিড থেকে শুরু করে চাষের ইন্সট্রুমেন্ট থাকবে, ব্যাংকও করা হচ্ছে, ATM, যাতে কৃষকরা এখান থেকে সব সুযোগ-সুবিধা পায়। এখনও পর্যন্ত ১৪৯ টা কিষাণ মান্ডিতে প্যাডি প্রকিওরমেন্ট চলছে। বাদবাকি ৩৬ টা কিষাণ মান্ডিতে ইতিমধ্যে ৭ দিন করে বাজার চলছে, ১৪ টা ৩ দিন চলছে, ৪ দিন চলছে ১২ টাতে। এই ভাবে আমরা শুরু করেছি আশা রাখছি খুব তাড়াতাড়ি এইগুলোকে একটা শেপে নিয়ে আসব।

শ্রী বিশ্বজিৎ কুন্ডু : 'সুফল বাংলা' মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রকল্প। এই সুফল বাংলা করতে গেলে কতটা জায়গা লাগে এবং এখানে যে দোকানগুলো বসবে সেখানে এলাকার বেকার যুবকরা সুযোগ পাবে না কি দপ্তরের লোকেরা এসে দোকানদারি করবে, এই বিষয়ে মাননীয় মন্ত্রী বলবেন কি ?

শ্রী তপন দাশগুপ্ত : প্রথমেই আমি জানাই যে, কিষাণ মান্ডিগুলো, ফার্মার্স প্রডিউসার এজেন্সি যেগুলো আছে তাদের মাধ্যমে এই সুফল বাংলার যে পরিকল্পনা আছে সেটা চালাচ্ছি, স্টলগুলোতে। আগেও আমার বক্তবে আমি বলেছি, আমি সব বিধায়কদের আহ্বান জানিয়েছি - এটা মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রজেক্ট, আপনারা আপনাদের বিধানসভাতে - যেখানে মিউনিসিপ্যালিটি আছে সেখানে মিউনিসিপ্যালিটি জায়গা দেবে, টোটাল অ্যারেঞ্জমেন্ট টা আমরা করব। একটা কিষাণ মান্ডি, একটা সুফল বাংলা তৈরি করতে ১০ থেকে ১১ লক্ষ টাকা খরচ লাগে। এবং, ফার্মার্স প্রডিউসর অগানাইজেশন যেগুলো আছে তাদের মাধ্যমে ফসল কিনে এনে সুফল বাংলাতে বিক্রি করা হচ্ছে এবং এর জন্য ৮০০ থেকে ৯০০ স্কোয়ার ফুট জায়গা লাগছে। খুব পরিষ্কার করে বলি, এই সুফল বাংলাতে আপনারা যেমন সমস্ত রকম সবজী পাবেন। আলু চাষীদের কথা বলছেন? গত বছর সুফল বাংলার আমরা মাধ্যমে প্রায় ৪০ হাজার মেট্রিক টন আলু বিক্রি করেছি এবং তারা তাদের ন্যায্য দামও পেয়েছে। এই সুফল বাংলাতে আলু সবজী থেকে শুরু করে তুলাইপাঞ্জি চাল থেকে শুরু করে গোবিন্দভোগ চাল, যেগুলো সুগন্ধি চাল, ভেড়ার মাংস, কোয়েল, মুরগীর ডিম, মাংস থাকবে, তেল থেকে শুরু করে সেক্ষ হেল্প গ্রুপ থেকে আমরা এখানে চিড়ে ভাজা থেকে মুড়ি ভাজা সবটাই রাখছি।

[11:30 – 11.40 a.m.]

মানে এটা একটা ভাল প্রোজেক্ট। আমি সব বিধায়ককে আহ্বান জানাব রেসপেক্টেড স্পীকার সাহেবের মাধ্যমে যে আপনারা আপনাদের এলাকায় একটা করে সুফল বাংলা করুন।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় স্পীকার মহোদয় আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন এই যে, কৃষক বাজারের যে কনসেপ্ট বা কিষাণ মান্ডির যে কনসেপ্ট আমরা পেয়েছি - সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যে উদ্দেশ্য নিয়ে এই কৃষক বাজার তৈরি হয়েছে, সেখানে চাষীরা আসবে, তারা ন্যায্য মূলে তাদের উৎপাদিত ফসল বিক্রি করবে, মার্কেটে সেগুলো যাবে। এই যে বাজারগুলো তৈরি হয়েছে, এখনও সমস্ত বাজারগুলো চালু করা যায়নি। ঠিক একইভাবে যে কিষাণমান্ডি আছে, সেখানে ধান কেনা হচ্ছে, মাঝে মাঝে অনেক জায়গায় সেই গোডাউনে সাইকেলও রাখা হয়। আমি স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বিভিন্ন প্রোপোজালও দিয়েছি - মাননীয় মন্ত্রী যে কথা বলেছেন কিষাণ বাজারকে সামনে রেখে ছোট - ছোট ব্যবসায়ীদেরকে

সেখানে এনগেজ করে একটা পরিকল্পিতভাবে বাজার করবে - এই যে পরিকল্পনা, সেই পরিকল্পনা অনুযায়ী আমার এলাকায় যে বাজার আছে কান্দি বিধানসভা কেন্দ্রের মধ্যে, কান্দি মহকুমায় - যে প্রস্তাব আপনাকে দিয়েছিলাম এবং আপনি সেটার অনুমোদনও দিয়েছিলেন মৌখিকভাবে পাঠিয়েছিলেন আমি যতদূর জানি। সেটা এখন কোন পর্যায়ে আছে এবং কবে নাগাদ শুরু হবে জানাবেন।

শ্রী তপন দাশগুপ্ত : রেসপেক্টেড স্পীকার সাহেবের মাধ্যমে মাননীয় বিধায়ক অপূর্ব সরকারের প্রশ্নের উত্তরে জানাই যে, আপনার সঙ্গে এই ব্যাপারে আমার অনেক কথাও হয়েছে আগে এবং আপনি আমার ডিপার্টমেন্টেও এসেছিলেন। আমি আশা রাখছি, আপনি বলার পর এটার ব্যাপারে আমি খোঁজখবর নিয়েছিলাম এবং আর.এম.সি-র সেক্রেটারীর সাথে কথাও হয়েছে, অ্যাসিস্ট্যান্ট ডায়রেকটরের সাথেও কথা হয়েছে। আমি আশা রাখছি এপ্রিল মাসে আপনার ঐ কিষাণ মান্ডি আমি স্টার্ট করে দিতে পারব ফুল ফেজে।

শ্রী জগদীশ চন্দ্র বর্মা বসুনিয়া : মাননীয় স্পীকার সাহেবের মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জানাই যে,আমার বিধানসভায় দুটি কৃষি মান্ডি অলরেডি মাস ছয়েক হল উদ্বোধন হয়ে গেছে - একটা দিনহাটা আর একটা সিতাইতে। সেখানে শুধু ধান কেনা হচ্ছে, আমি বারে বারে রেগুলেটরী মার্কেট কমিটিতে যাঁরা দায়িত্বে আছেন তাঁদেরকে বলছি যে, দোকান- ঘরগুলো যেগুলো আছে সেগুলো কিভাবে দেওয়া হবে,কাদের দেওয়া হবে - এটা তাড়াতাড়ি যদি করা যায় তাহলে সেই জায়গায় মার্কেটটাকে সিফট্ করলে ব্যবসায়ীরা উপকৃত হবে এবং চাষীরা তাদের উৎপাদিত ফসল বিক্রী করলে তারা লাভবান হবে। সেটা দয়া করে জানাবেন।

শ্রী তপন দাশগুপ্ত : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, এই দুটো আমাদের কাছে খবর আছে ওখানে এখনও পর্যন্ত প্যাডি প্রোক্রিওরমেন্টের কাজ চলছে। পাশে আপনাদের যে বাজার রয়েছে সেটা নিয়ে আর.এম.সি-র সেক্রেটারীর সাথে কথা হয়েছে। আমরা খুব তাড়াতাড়ি এটাকে সিফ্ট করাচ্ছি এবং এলাকার যারা কৃষক পরিবারের বেকার সন্তান আছেন, যারা ওখানে ব্যবসা করতে যায়, তাদেরকে বি.ডি.ও -র মাধ্যমে আমরা ঐ স্টলগুলো বিতরণ করব।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, এই যে এখানে বামফ্রন্টের বিধায়কগণ বসে আছেন - ৯৩৫ একর জমি অনিচ্ছুক কৃষকদের কাছ থেকে জোর করে কেড়ে নিয়েছিলেন। কিন্তু আমাদের মা মাটি মানুষের সরকার -মমতা ব্যানার্জী বলেছিলেন যে - অনিচ্ছুক কৃষকদের জমি আমরা ফেরৎ দেব। সুপ্রিম কোর্টের রায়ে সেই জমি ফেরৎ পেয়েছে। আমার প্রশ্ন সেই জমিতে এখন চাষ হচ্ছে কিনা, আর যদি হয়ে থাকে সেখানে আলু চাষ কতটা হয়েছে এবং কত মেট্রিক টন চাষ হয়েছে।

শ্রী তপন দাশগুপ্ত : আপনি নোটিশ দিলে আমি উত্তর দিয়ে দেব।

শ্রী খগেন মুর্মু : স্যার আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে – উনি জানেন যে, এখানে আমাদের রাজ্যে ইতিমধ্যেই বিশেষকরে আলু চাষ এমন বৃদ্ধি পেয়েছে - যেটা মাননীয় কৃষি মন্ত্রীও বললেন যে এই বছরে, এই মরশুমে প্রায় ১৩ লক্ষ মেট্রিক টন অতিরিক্ত আলু চাষ হয়েছে এবং তার ফলে বাজারে আলু ফোড়েদের কাছে বিক্রি হচ্ছে ২০০টাকা থেকে ২৫০ টাকায়।

ফলে আলু চাষীদের আলু চাষ করতে যা খরচ সেই খরচটা উঠে আসছে।। এর আগে আমরা দেখেছি যে পূর্ববর্তী সরকার তারা আলু চাষীরা আলুর দাম না পাওয়ার কারণে তাদের পাঞ্জাব

সহ অন্যান্য রাজ্যেও আলু সেখানে পাঠানো হত। আমরা এখানে দেখেছি আলু সংরক্ষণের জন্যও ব্যবস্থা ছিল। সেই ক্ষেত্রে দেখা যাচ্ছে যে আমি একটা স্পেসিফিক বলতে পারি যে সামসি আর, এম.সি মালদা জেলার, সেখানে আলুর বস্ত দেওয়া হচ্ছে সেই বস্ত ৫টাকার জায়গায় ৫০টাকায় বিক্রি হচ্ছে বাইরে। ফলে সেখানে আলু চাষীরা আলু সংরক্ষণ করারও সুযোগ পাচ্ছে না। আপনি এই ক্ষেত্রে আলু চাষীদের আলুর দাম সাত টাকা কে জি, এটা কি আপনি নির্দিষ্ট করবেন এবং আলু চাষীদের আলু সংরক্ষণের ব্যবস্থা করবেন ? দরকার হলে অন্য রাজ্যেও আলু যাতে পাঠানো যায়। সেই ব্যবস্থা করবেন কিনা ?

শ্রী তপন দাশগুপ্ত : মাননীয় স্পীকার স্যার, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি যে এটা সরকার চিন্তা ভাবনা করছেন। আর আপনারা দেখেছেন যে আমরা অ্যামেন্ডমেন্টটা এনেছিলাম এখানে। সেই অ্যামেন্ডমেন্টে আপনারা দেখেছেন যে সিংগল উইনডো। আমরা চাইছি যে আলু চাষী যারা আছে, আগে যেমন আর .এম.সি গুলোতে বিভিন্ন ভাবে লাইসেন্স দেওয়া হত, বিভিন্ন জায়গায় ফি জমা দেওয়া হত এবার সিংগল উইনডোর মাধ্যমে এরা পাঞ্জাব কেন কাশ্মীরেও পাঠাতে পারবে, শ্রীলংকাতেও পাঠাতে পারবে। এটা আপনারা জানেন যে এটা নিউ অ্যামেন্ডমেন্টে সরকারের সিদ্ধান্ত।

শ্রী নবীন চন্দ্র বাউড়ি: মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে মা মাটি মানুষের সরকারের মাল্টিপারপাস কোল্ড স্টোরেজ করার কোন পরিকল্পনা আছে কি ?

শ্রী তপন দাশগুপ্ত : আপাতত সরকারের কোন পরিকল্পনা নেই।

জাতীয় সড়ক সম্প্রসারণে চাষের জমি নষ্ট

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৭) **শ্রী রুনু দত্ত ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২নং জাতীয় সড়ক সম্প্রসারণের ফলে অন্ডাল ব্লক এলাকায় একাধিক নয়ানজুলি (জোড়) নষ্ট হওয়ার ফলে ৫০০-৬০০ একর চাষযোগ্য জমি চাষের অনুপযোগী হয়ে পড়েছে; এবং

(খ) সত্যি হলে, চাষীদের জমি চাষযোগ্য করার বিষয়ে সরকার কি কোন পদক্ষেপ গ্রহণ করেছে?

শ্রী পূর্ণেন্দু বসু : (ক) হাঁ, এটা সত্যি যে ২নং জাতীয় সড়ক সম্প্রসারণের ফলে অন্ডাল ব্লকের কাজোরা গ্রাম পঞ্চায়েত এলাকার জাতীয় সড়কের পাশের নয়ানজুলি টি মাটি ও ছাই পড়ার ফলে আংশিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। এর ফলে ঐ এলাকার ৫০০-৬০০ নয়, ২৫-৩০একর জমিতে বর্ষাকালে জল নিকাশী ব্যবস্থা ঠিক না থাকায় আমন ধান ক্ষতিগ্রস্থ হয়েছে।

(খ) বিষয়টি পঞ্চায়েতের পক্ষ থেকে ব্লক ভূমি ও ভূমি সংস্কারক আধিকারিক (বি এল এল আর ও) ও সমস্টি উন্নয়ন আধিকারিক, অন্ডাল ব্লক মহাশয়কে জানানো হয়েছে এবং এম জি এন আর ই জি এ প্রকল্পের মাধ্যমে নয়ানজুলি (জোড়)সংস্কারের কাজ করা হবে।

শ্রী রুণু দত্ত : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, প্রায় দু বছর, বিগত দু বছর ধরে এন. এইচ (টু) এর কাজ চলছে এবং এখনও মনে হয় যে প্রায় এক বছর খানেক চলবে। আর পাঁচশোই হোক আর পঁচিশ একরই হোক চাষীরা ক্ষতিগ্রস্থ হচ্ছে। আমি কি আশা করতে

পারি ক্ষতিগ্রসহ চাষীদের নয়। বিকল্প কাজ, আর না হলে ক্ষতিপূরণ, আমি মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাইছি।

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় বিধায়ক আপনি যে প্রশ্ন করেছেন তার উত্তরে বলি যে ওখানে কাজ করছে, আপনি জানেন, ন্যাশনাল হাই ওয়ে ওটা ন্যাশনাল হাই ওয়ের কাজ। কেন্দ্রীয় সরকারই কাজ। করছে। কেন্দ্রীয় সরকার সেই কাজের জন্য জমি অধিগ্রহণের যে প্রক্রিয়া সেই প্রক্রিয়াতে জমি অধিগৃহীত হয়েছে এবং তার মধ্যে কৃষকের চাষের জমি পড়ে নি। নয়ানজুলিটা বন্ধ হওয়ার কারণে তাদের কিছু অসুবিধা হয়েছে। কৃষকরা তাদের অসুবিধার কথা যথানিয়মে জানালে আমাদের এই ধরনের ক্ষেত্রে যে আমরা যে ভূমিকা পালন করতে পারি, আমরা সরকারের পক্ষ থেকে, কৃষি দপ্তরের পক্ষ থেকে সেই ভূমিকা পালন করব।

[11:40 – 11.50 a.m.]

শ্রী রুনু দত্ত : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন- অন্ডাল ব্লক এলাকায় প্রচুর জমি আছে। যেহেতু ওই এলাকায় ক্যানাল নেই, তাই জলের খুব অভাব। মাটির তলায় কয়লা আছে। কিন্তু জল অনেক গভীরে আছে। এরফলে জলের খুব অসুবিধা হয় কিন্তু ওখানে অ্যাবনডন খাদ অনেক আছে, যাকে পিট বলা হয়। প্রচুর জল সেখানে আছে। মাননীয় কৃষিমন্ত্রী যদি কাছাকাছি জমি প্রায় এক প্লটে দেড়শো, দুশো বিঘা জমি আছে। সেখানে ওই খাদ থেকে যদি জল দেওয়া হয়, তাহলে সেখানকার কৃষকরা উপকৃত হবে এবং ১২ মাস চাষ হবে।

শ্রী পূর্ণেন্দু বসু : আমি বিধায়ক মহাশয়কে আশ্বস্ত করতে চাই যে এই সমস্যার সমাধানে। আমাদের ক্ষুদ্রসেচ দপ্তরের সাথে আমি অবশ্যই কথা বলব এবং বিভিন্ন স্কিমের সহায়তায় এবং এই কাজ যদি আমরা ওখানে করতে পারি তাহলে আমি নিজেও খুশি হব, আপনাকে ধন্যবাদ আপনার এই প্রশ্নটা রাখার জন্য।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমার মাননীয় মন্ত্রীর কাছে কৃষকদের একটা জটিল সমস্যার কথা তুলে ধরতে চাই প্রশ্ন আকারে। আমাদের রাজ্যের যারা গমচাষী তাদের মাথায় হাত পড়েছে। এক ধরনের ভাইরাস রোগে গম আক্রান্ত হয়েছে।কোন ফলন হচ্ছে না, কোন বীজ হচ্ছে না, গ্রাসরুটেই মরে যাচ্ছে। এবং ওই বর্ডার এলাকায় দেখলাম সরকারী পক্ষ থেকে গম কেটে দেওয়া হচ্ছে। এই অবস্থায় তারা যদি ক্ষতিপূরণ না পায়, তাহলে মানুষ আরও ক্ষতিগ্রস্থ হবে। আপনি যদি এই বিষয়ে জেনে থাকেন, তাহলে এই ব্যাপারে কি ব্যবস্থা হচ্ছে এই যে ভাইরাল ডিজিজ যদি হয়, তাহলে আগামী দিনে অবস্থা আরও খারাপ হবে। এটা ঠেকানোর জন্য কোন ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা জানাবেন কি?

শ্রী পূর্ণেন্দু বসু : এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সমস্যা। আমরা এই সমস্যা জানার সাথে সাথে উদ্যোগ গ্রহণ করি। কেন্দ্রীয় সরকারের কৃষি দপ্তরের আধিকারিকরা এসেছিলেন। আমাদের আধিকারিকদের সাথে একসাথে তারা মুর্শিদাবাদ, নদীয়া যে দুটি জেলায় প্রধানতঃ এই হুইট ব্লাস্ট হয়েছে, সেখানে তারা পরিদর্শন করেন এবং আমরা একেবারে জরুরীকালীন ভিত্তিতে এই বিষয়টা নির্দিষ্ট করি যে, এটা যদি থাকতে দেওয়া হয় ওই জমিতে তাহলে এটা গোটা দেশের পক্ষে ভীষণ ক্ষতিকারক জায়গা হয়ে দাঁড়াবে। আন্তর্জাতিক ক্ষেত্রে ব্রাজিলে একবার হয়েছিল এবং আমরা ধারণা করছি যে বাংলাদেশ থেকে এই ধরনের বীজ এসেছে। আমরা প্রথম সিদ্ধান্ত যেটা গ্রহণ করেছি সেটা হল যে, যে যে ক্ষেতে এটা হয়েছে মুর্শিদাবাদ এবং নদীয়াতে এগুলি আমরা সমস্ত জায়গায় একেবারে যুদ্ধকালীন পরিস্থিতিতে পুড়িয়ে দেব। অর্থাৎ যার কোন অবশিষ্ট আর থাকবে না। সেই কাজ শুরু হয়ে গেছে। দুই জেলার ডি এম সহ কৃষি আধিকারিকরা এই

কাজ করছেন। আর দ্বিতীয় হচ্ছে ইতিমধ্যে আমরা এই সিদ্ধান্ত নিয়েছি একইসাথে যে, এই ক্ষতিগ্রস্থ কৃষক যারা এই গম চাষ করেছিলেন তাদের প্রত্যেককে আমরা যথাযথ ক্ষতিপূরণ দেব এবং সেক্ষেত্রে আমরা কেন্দ্রীয় সরকারের কাছেও দাবি জানিয়েছি যে এটা ওই সাধারণ ডিজাসটার ম্যানজেমেন্ট তার যে নর্মস, সেই নর্মস অনুযায়ী ৩৩ ভাগ ক্ষতি হলে একর পিছু, অল্প কিছু টাকা না দিয়ে সম্ভাব্য গড় ফলন ধরে আমরা এখানে কেন্দ্রীয় সরকারের যে ন্যূনতম সহায়ক মূল্য, গমের সেই ন্যূনতম সহায়ক মূল্য, সেটাই হবে ক্ষতিপূরণের ভিত্তি। যার যে রকম জমি নষ্ট হয়েছে সেইভাবেই তাদের পূর্ণাঙ্গ ক্ষতিপূরণ দেব।ইতিমধ্যেই আমরা তার প্রাথমিক, টাকার যে ব্যবস্থা সেটা আমরা করে ফেলেছি। ক্ষতিপূরণের রেটটা হচ্ছে কেন্দ্রীয় সরকার যে মিনিমাম সাপোর্ট প্রাইজ করেছে, এটা হচ্ছে ক্ষতিপূরণের রেট হবে ১৬,০০০এর মত কিছু একটা টাকা হবে।

শ্রী মনোজ চক্রবর্তী : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন-আপনি বলেছেন যে গমটা পুরোপুরি শেষ করে দেবেন,আপনার কাছে কি এই রকম কোন নির্দিষ্ট তথ্য আছে যে এই গমের বীজটা কোথা থেকে আমদানী হয়েছিল, বা কোথা থেকে এই বীজটা কারা কারা কিনেছিল। এই তথ্য কি আপনার কাছে আছে?

শ্রী পূর্ণেন্দু বসু : এক্ষেত্রে সরকার যেভাবে কাজ করে, সেই কাজ শুরু হয়েছে। অর্থাৎ অনুসন্ধান শুরু হয়েছে যে তারা কোথা থেকে এই বীজ এনেছেন ? একটা সাধারণ খবর আছে যেটা আমি বলেছি - তার তথ্যগত ভিত্তি এখনো পর্যন্ত স্পষ্ট নয় যে, কিছু চাষী বাংলাদেশ থেকে এই বীজ এনেছিলেন। আমরা এই অনুসন্ধান চালাচ্ছি, সেই অনুযায়ী যে তথ্য বেরিয়ে আসবে, সেই অনুযায়ী আমরা পদক্ষেপ নেবো।

বাংলা ফসল-বিমা যোজনা

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩) **শ্রী অসিত মজুমদার** ঃ কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১৬ সালের খারিফ মরসুমে কতজন কৃষককে বাংলা ফসল-বিমা যোজনায় সাহায্য করা হয়েছে; এবং

(খ) তন্মধ্যে, হুগলী জেলায় উক্ত যোজনায় সাহায্যপ্রাপ্ত কৃষকের সংখ্যা কত?

শ্রী পূর্ণেন্দু বসু : পশ্চিমবঙ্গ বিধানসভার মাননীয় বিধায়ক শ্রী অসিত মজুমদার কর্তৃক বিধানসভায় উত্থাপিত প্রশ্ন সংখ্যা ৫৩-এর উত্তর নিম্নে দাখিল করা হ'ল।

(ক) ২০১৬ স্যালের খরিফ মরশুমে মোট ৩২,৪১,৪৪৯ জন কৃষক বাংলা ফসল-বীমা যোজনায় এসেছেন। সাহায্য প্রাপ্ত কৃষকের সংখ্যা এখনও হিসাব করা হয়নি। ফলন হারের ভিত্তিতে এই হিসাব করা হয়। চূড়ান্ত ফলন হার সবে জমা পড়েছে। ক্ষতিপূরণের হিসাব চলছে।

(খ) হুগলী জেলায় খরিফ মরশুমে মোট ২,১৫,১৪০ জন কৃষক বাংলা ফসল-বীমা যোজনায় এসেছেন।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ফসল বীমা যোজনায় কৃষকরা কি ধরণের সাহায্য পেতে পারে ?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে, ফসল বীমা যোজনা, কেন্দ্রীয় সরকার যে ফসল বীমা যোজনা করেছে - প্রধানমন্ত্রী ফসল

বীমা যোজনা - আমরা আমাদের রাজ্যের ক্ষেত্রে সেটাকে পরিবর্তন করে 'বাংলা ফসল বীমা যোজনা' করেছি। এটা আমাদের রাজ্যেই একমাত্র আছে গোটা দেশের মধ্যে। এখানে বীমার যে প্রিমিয়াম চাষীর দেওয়ার কথা, সেটা রাজ্য সরকার দেয়। এটা ভারতবর্ষের আর কোথাও নেই। আমাদের রাজ্যে বীমাকৃত চাষীর সংখ্যা ভীষণ কম ছিল। গত এক বছর ধরে আমরা চেষ্টা করছি যাতে বীমাকৃত চাষীর সংখ্যা বাড়াতে পারি। এই বছর বেশ খানিকটা বেড়েছে এবং আমরা ব্যাপক প্রচারের মাধ্যমে চাষীদের কাছে এটা নিয়ে যাচ্ছি যে, তারা কীষাণ ক্রেডিট কার্ড দেখালেই যাতে ফসল বীমা করতে পারেন এবং এর জন্য নির্দিষ্ট নিয়ম আছে। কৃষি দপ্তরের যে কোনো শাখায় গেলেই পূর্ণাঙ্গ ফর্ম পাবেন - কি কি করতে হয়, কি কি শর্ত আছে, কত টাকা পেতে পারেন, এই সবকিছু সেখানে স্পষ্ট। করে বলা আছে।

শ্রী আবু তাহের খান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই যে ভাইরাসে গমগুলো নষ্ট হয়ে গেলো - এটা কি বীমার আওতায় আসবে ? তারা কি আলাদা টাকা পেতে পারে এবং সেই সঙ্গে এই যে ভাইরাসে আক্রান্ত গম মাঠে নষ্ট করে দেওয়া হ'ল - আমরা যেটা জানতে পারছি বিশেষজ্ঞদের কাছে যে, তিন-চার বছর এখানে আর ফসল আবাদ করতে পারবেনা। সেক্ষেত্রে চাষীদের বিকল্প ব্যবস্থা কি করবে আপনার দপ্তর ?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই, এক্ষেত্রে কৃষি দপ্তর যে কাজ করে থাকে সেটা হচ্ছে, বিকল্প পরামর্শ দেয় চাষীদের কাছে। বিজ্ঞাপনের মাধ্যমে এবং গ্রামে গ্রামে গিয়ে। এটা মনে করার কোনো কারণ নেই যে, পুড়িয়ে দেওয়া হ'ল, তার মানে সামনের মরশুমে কোনো চাষ হবে না। সেক্ষেত্রে আমাদের সাধারণ যে নীতি, যে বিকল্প চাষ যাই হোক না কেন, সেই চাষের যে বীজ, সেই বীজ বিনা পয়সায় দেওয়া হবে এবং তার প্রথম যে সারটা প্রয়োগ করতে হয়, সেটাও তারা বিনা পয়সায় পাবে। ইনস্যুরেন্সের নিয়ম অনুযায়ী তাঁরা পাবেন। এটা আমার কোনো আলাদা নিয়ম নেই।।

ড: মানস রঞ্জন ভুইয়্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীকে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করছি। এটা ঠিকই পশ্চিমবঙ্গের ফসল বীমা অন্যান্য রাজ্যের চাইতে অনেক ভালোভাবে সরকার দেখে। কিন্তু যে সমস্যা দেখা দিয়েছে, নিশ্চয়ই আপনার কাছে দপ্তরের রিপোর্ট আছে, আগে ফসল ড্যামেজ হ'লে যে এলাকা ভিত্তিক, মৌজা ভিত্তিক রিপোর্টটা হ'ত, অর্থ দপ্তরের ব্যুরো অফ স্ট্যাটিসটিক্স অ্যান্ড এগ্রিকালচার ডিপার্টমেন্ট জয়েন্টলি এটা দেখে ব্যাঙ্কের কাছে রিপোর্ট পাঠাবে, ব্যাঙ্ক অ্যাকসেপ্ট করে আপনার কাছে পাঠাবে, আপনি অ্যাপ্রুভাল দেবেন। মুশকিলটা হ'ল, পশ্চিমবঙ্গে কো-অপারেটিভ ব্যাঙ্কগুলো বাদ দিলে ন্যাশনালাইজড্ কমার্সিয়াল ব্যাঙ্কগুলো আপনাদের এই রিপোর্টকে গ্রহণ করার ক্ষেত্রে এক বছর লাগিয়ে দেয়, ছ'মাস লাগিয়ে দেয়, ন'মাস লাগিয়ে দেয়। ফলে কৃষকরা তাদের ক্ষতিগ্রস্থ ফসলের বীমাটা পাচ্ছেনা। এটা আপনার কাছে নিশ্চয়ই রিপোর্ট আছে। এই ব্যাপারে এই ন্যাশনালাইজড্ কমার্শিয়াল ব্যাঙ্কগুলোকে ধরার কি ব্যবস্থা আপনি করছেন, সেটা যদি জানান।

[11:50 a.m – 12.00 Noon]

শ্রী পূর্ণেন্দু বসু : স্যার, মাননীয় বিধায়ক যে সাধারণ একটা চিত্র তুলে ধরলেন সেই বিষয়ে আমি বলবো যে, বর্তমান সরকার এর আগের বছরেই যে ভয়াবহ বন্যা হয়েছিল ১২টি জেলায়, দেড় থেকে দু মাসের মধ্যে ২৬ লক্ষ চাষীকে চেকের মাধ্যমে ক্ষতিপূরণ দিয়েছে, এটা পশ্চিমবঙ্গের ইতিহাসে কোন দিন হয় নি। এইটার মধ্যে দিয়ে আমরা বোঝাতে চেয়েছি আমরা

যেটা করতে পেরেছিলাম সেটা হচ্ছে SLDC-র সাথে বসে সেখানে তাদের আমরা বাধ্য করেছি যে ব্যাংকগুলোকে বলতে ধরুন এই ২৬ লক্ষ চেক তৈরি করা তার জন্যই কত সময় লাগে একটু ভাবলেই আপনারা বুঝতে পারবেন এবং সেগুলো তার পরে প্যাকেট করে দেওয়া। আমাদের দপ্তরের আধিকারিকরা প্রায় ২৪ঘন্টা খেটে সারা রাত ধরে কাজ করে এই কাজ করেছিলেন। তাতে আমরা প্রায় ১,২৫০ কোটি টাকা এটা চাষীদের দিতে পেরেছি। আমি দায়িত্ব গ্রহণের পর আলুর ক্ষেত্রে যাদের বকেয়া ছিল আপনি খোঁজ নিয়ে দেখবেন যে তাঁদের সেই বকেয়া তাঁরা পেয়েছেন। গত ৪ বছরের মধ্যে পশ্চিমবঙ্গে আমরা দেড় হাজার কোটি টাকার উপরে কৃষকদের ক্ষতিপূরণ দিয়েছি। এটাও একটা রেকর্ড। আমি আপনাকে বলতে চাই যে সমস্যাগুলো আছে, আমরা তাকে চিহ্নিত করার সাথে সাথেই ব্যাংকের সাথে কথা বলে কিছু কিছু এখনও যে সমস্যা নেই আমি বলবো না, কিন্তু আমরা সেই ক্ষেত্রে এই দৃষ্টিভঙ্গিতে কাজ করি যে, গরীব চাষী তাকে বঞ্চিত করা যাবে না। যত তাড়াতাড়ি সম্ভব তার ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে। এটা আমরা করার চেষ্টা করছি। আপনার যদি নির্দিষ্ট কোন সমস্যা থাকে প্লিজ আমাকে জানাবেন।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রীর আরও প্রশ্ন আছে, এটা নিয়ে নিই। শ্রী দেবেশ মন্ডল, অ্যাবসেন্ট।

* ১৭

শ্রী দেবেশ মন্ডল : (Not Called)

মিঃ স্পীকার : উইলসন চম্পামারি, এই ডিপার্টমেন্টের কোন দিনই প্রশ্ন হয় নি। শ্রী চম্পামারি কোথায় ?

* ১৮

শ্রী উইলসন চম্পামারি : (Not Called)

রাজ্যে চালু সমবায়ের সংখ্যা

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** ঃ সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়। অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট কতগুলি সমবায় চালু রয়েছে; এবং

(খ) তন্মধ্যে, ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে কতগুলি সমবায়ের বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগ জমা পড়েছে?

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় বিধায়ক শ্রী বংকিম চন্দ্র হাজরা মহাশয়, তিনি প্রশ্ন করেছেন রাজ্যে মোট কতগুলি সমবায় চালু রয়েছে। আপনার মাধ্যমে তার উত্তর দিচ্ছি, রাজ্যে মোট ২২,২১৫টি সমবায় চালু রয়েছে। খ) প্রশ্নের উত্তরে জানাই ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে মোট ১৩৩টি সমবায় সমিতির বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগ জমা পড়েছে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন উনি বলেছেন যে, ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে ১৩৩টি সমবায় সমিতির বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগ জমা পড়েছে। ওনার কাছে আমি জানতে চাই এই ১৩৩টি সমবায়ের মধ্যে কতগুলি সমবায়ের বিরুদ্ধে সরকারী পক্ষের তদন্ত করা হয়েছে এবং কতগুলো সমবায় সমিতির বিরুদ্ধে FIR করা হয়েছে, দয়াকরে জানাবেন কি ?

শ্রী অরূপ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, ইতিমধ্যেই ১৩৩টির মধ্যে ৬৭টি FIR করা হয়েছে এবং পানিশমেন্ট হয়েছে ৫টিতে, আর সাবজুডিস্ আছে ২৪টি।

বোর্ড সাসপেন্ড করা হয়েছে ১৪টিতে। এমপ্লয়ী সাসপেন্ডেড এ্যান্ড ডিসমিশড ৮টিতে। সো-কজ নোটিশ ইস্যুড ৯টিতে। এনকোয়ারী ইন্সপেকশান বিইং কন্ডাকটেড ৬টিতে এবং টোটাল ৬৭টিতে FIR লজ করা হয়েছে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ করবো। এটাই বাস্তব সত্য যে, আমাদের সরকার দায়িত্ব পাওয়ার পরে এই সমবায় সমিতিগুলো অন্যান্য আগের সরকারের তুলনায় কিছুটা সচল হয়েছে। আমি আপনার মাধ্যমে জানতে চাইছি যে, রাজ্য সরকার আর্থিক অনিয়ম রুখতে কি কি পদক্ষেপ করছে দয়া করে জানাবেন কি ?

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, দীর্ঘ ৩৪ বছরে বামপন্থী সরকারের আমলে এই কো অপারেশান ডিপার্টমেন্টকে, কো-অপারেটিভগুলোকে তারা লুঠ করে শেষ করে দিয়েছে যারফলে, বেশিরভাগ ক্ষেত্রে তদন্ত হয়নি। আমরা আসার পরে, এগুলোর তদন্ত শুরু হয় এবং বর্তমানে আমরা একটা তদন্ত কমিটি গড়ার পরিকল্পনা করেছি' যাতে দুর্নীতিগুলো বন্ধ করা যায়।

শ্রী দেবেন্দ্র নাথ রায় : মাননীয় স্পীকারের মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, সমবায় সমিতি যেগুলো আছে, তারমধ্যে কর্মচারীর সংখ্যা কত ? সেই সমবায় সমিতির কর্মচারীরা অ্যাড হক পেত। দীর্ঘদিন ধরে অ্যাড হক বন্ধ এবং এই সমবায় সমিতির কর্মচারীদের বয়সের সময়সীমা কত ?

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, এই সমবায় সমিতিগুলোর যে অ্যাড হক তার বেতন এগুলো ঠিক করে সমবায় সমিতি বোর্ড। এবং আপনি অনেকগুলো প্রশ্ন করেছেন একসঙ্গে। এর কর্মচারীর সংখ্যা কত ? এই মুহূর্তে আমাকে নোটিশ দিয়ে জানাবেন, আমি নিশ্চই আপনার প্রশ্নের উত্তর দেব।

শ্রী কালীপদ মন্ডল : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে যে, নোটবন্দীতে সমবায়গুলো দারুণভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। এবং ক্ষতিগ্রস্থ সমবায়গুলির পাশে দাঁড়াবার জন্য আমাদের সরকার ১০০ কোটি টাকা বাজেটে বরাদ্দ করেছেন। এর পরিকাঠামো কিরূপ ? কিভাবে সমবায়গুলোকে বিন্যস্ত করা হবে - দেওয়া হবে ?

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, নোটবন্দীর কারণে ভয়ঙ্করভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে আমাদের এই সমবায় দপ্তর সমবায় ব্যাংকগুলো এবং সমবায় সমিতিগুলো। তার কারণ হচ্ছে, প্রথমেই বিগত ১৪ই নভেম্বর কেন্দ্রীয় সরকারের নির্দেশে রিজার্ভ ব্যাংক একটি নির্দেশ জারি করে যে, সমবায় সমিতি বা সমবায় ব্যাংকগুলো কোনোরকম পুরোনো নোট লেনদেন করতে পারবে না। তার ফলে, সমস্ত ক্ষেত্রে এমনকি গ্রামীণ অর্থনীতির ক্ষেত্রে ভয়ঙ্কর একটা আঘাত আসে এবং এই সমবায় সমিতির উপর নির্ভর করেই গ্রামের কৃষকরা এখান থেকে ঋণ নেন এবং ঋণ নিয়ে চাষ করেন যারফলে চাষটা প্রচন্ডভাবে মার খেয়েছে। এবং রাজ্য সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর উদার মানসিকতা এবং চাষীদের জন্য তিনি সবসময় নানাভাবে ভাবেন। এই কারণে আমাদের রাজ্য সরকার ১০০ কোটি টাকা বরাদ্দ করেছে। এটা সঠিকভাবে খরচের পরিকল্পনা আমরা করছি। আমাদের আলোচনার মধ্য দিয়ে আমরা গঠনমূলকভাবে কৃষিক্ষেত্রে উন্নতির জন্য চাষীদের স্বার্থে কিভাবে ব্যবহার করা যায়। সেইমতো আমরা পরিকল্পনা করবো।

[12:00 – 12.10 p.m]

শ্রী মোস্তাক আলম : মাননীয় মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জানাচ্ছি,ওনার মনিটরিং এর জন্য, ১৩৩টি সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়েছে। হয় ডাইরেক্টার কিংবা ম্যানেজার এদের কোরাপশানের জন্য তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে, খুব ভাল দিক, ভাল কথা, পজিটিভ দিক। আমি শুধু মাননীয় মন্ত্রীর কাছ থেকে জানতে চাই, যারা চাষীরা ক্ষতিগ্রস্থ হল, ফাইনান্সিয়ালি, তাদের ব্যাপারে আপনার দপ্তর কি পদক্ষেপ নিলেন ? যারা দুর্নীতির সাথে যুক্ত হলো, থ্যাঙ্কস জানাচ্ছি যে তাদের বিরুদ্ধে অ্যাকশান নিয়েছেন। কিন্তু যে চাষীরা টাকা রাখত সমবায়ের মাধ্যমে তারা যারা ক্ষতিগ্রস্থ হলো, তাদের ব্যাপারে আপনার দপ্তরের কি পদক্ষেপ এটা জানালে উপকৃত হবো।

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে জানাই, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে যে চাষীদের জন্য এই সরকার যথেষ্ট সহানুভূতিশীল। এবং প্রথম থেকেই ২০১১সাল থেকেই মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর নির্দেশে আমাদের বিভিন্ন দপ্তর এবং বিশেষ করে সমবায় দপ্তর তাঁরা কৃষিক্ষেত্রে যাতে শস্য ঋণ বৃদ্ধি করা যায়,যাতে কৃষি ঋণ সহজেই চাষীদেরকে পৌঁছে দেওয়া যায় এবং অত্যন্ত অল্প সুদে এই সমবায় সমিতিগুলো ঋণ দেয়,আমাদের ৭ পারসেন্ট সুদে ঋণ দেওয়া হয়,তারপরে সুদ যখন আসলটা মিটিয়ে দেন, তখন ৩ পারসেন্ট তাদেরকে ফেরৎ দিয়ে দেওয়া হয়, অর্থাৎ ৪ পারসেন্ট ইন্টারেস্টে আমরা টাকা দিই। সুতরাং আমরা চাষীরা যারা ক্ষতিগ্রস্থ চাষী তাদের কথা নিশ্চয় সহানুভূতির সঙ্গে চিন্তা-ভাবনা করবো। ধন্যবাদ।

মিঃ স্পীকার : কোয়েশ্চেন আওয়ার ইজ ওভার। মানস বাবু কি বলবেন বলছেন বলুন।

শ্রী মানস মুখার্জী : স্যার, ধন্যবাদ আপনি সময় দিয়েছেন। আমি প্রশ্ন করছি না। ১৩ নম্বর যে প্রশ্নটি আজকে ছিল, এটা আমার প্রশ্ন নয়, এটা রাজ্যের গণতান্ত্রিক ধর্ম নিরপেক্ষ মানুষের উদ্বেগের প্রশ্ন। এই প্রশ্নটা মন্ত্রী মহাশয়...

মিঃ স্পীকার : পার্থবাবু আসুন,পার্থবাবুকে আমি অপারচুনেটি দেবো,আপনি একটু বসুন, পার্থবাবু আছেন বিধানসভাতেই। উনি হয়ত আসবেন, আসলে পরেই আপনি প্রসঙ্গ উত্থাপন করবেন, আমি ওনাকে বলতে বলব। বসুন।

Starred Questions

(to which answers were laid on the 'Table')

হিঙ্গলগঞ্জে কৃষি জমিকে দোফসলী করার উদ্যোগ

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫) **শ্রী দেবেশ মন্ডল** ঃ কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবন অঞ্চলের হিঙ্গলগঞ্জ ব্লকে কৃষি জমিকে দোফসলী করার কোন বিশেষ উদ্যোগ সরকারের আছে কিনা ; এবং

(খ) বিগত আর্থিক বছরগুলিতে কৃষি বিমা প্রাপক চাষীর সংখ্যা কত ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

(ক) সুন্দরবন অঞ্চলের হিঙ্গলগঞ্জ ব্লকের কৃষি জমি লবণাক্ত। সাধারণত সেখানে একটি ফসল আমন ধানের চাষ হয়। এই জমিকে দোফসলী করবার জন্য এলাকা ভিত্তিক অন্য ফসলের চাষ করবার উদ্যোগ নেওয়া হয়েছে। সূর্যমুখী, রবি ভুট্টা, রবি শাকসব্জি, লঙ্কা এবং খেসারী ডাল চাষ করবার উদ্যোগ নেওয়া হয়েছে।

(খ) কৃষি বীমা প্রাপক চাষীর সংখ্যা জেলাস্তরে হিসাব করা হয়। উত্তর ২৪ পরগনা জেলায় ২০১৬ সালে খরিফ মরশুমে ১,৯০,৯৮৪ জন এবং রবি মরশুমে ৩৭,৬৩১ জন কৃষক বীমার আওতায় এসেছেন।

উন্নয়ন পর্ষদ বাবদ বরাদ্দকৃত অর্থ

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০) **শ্রী উইলসন চম্প্রামারী** ঃ আদিবাসী উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তপশিলী উপজাতিভুক্ত মানুষদের বিভিন্ন শ্রেণির জন্য যে উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছে, সে বাবদ বর্তমান অর্থবর্ষে কত টাকা বরাদ্দ করা হয়েছে ; এবং

(খ) মেছ (বোরো) শ্রেণির জন্য পৃথক উন্নয়ন পর্ষদ গঠনের কোন পরিকল্পনা সরকারের আছে কি না ?

আদিবাসী উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

(ক) মোট ১০৯.৪৪০৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) না।

LEAVE OFF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Biswanath Parial desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

To

The Hon'ble Speaker,

West Bengal Legislative Assembly,

Kolkata-700001.

Respected Sir,

I beg to inform you that I will remain outstation from 04.03.2017 to 12.03.2017 in connection with my medical treatment.

As such, I shall not be able to attend the ongoing session after 03.03.2017.

I, therefore, request to consider the situation and allow me the leave for the absence.

With regards,

Yours faithfully,
Sd/- Biswanath Parial

I now ask whether Shri Biswanath Parial has the permission of the Assembly asked for by him.

(pause) There is no dissentient voice. I declare that Shri Biswanath Parial has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 4th March, 2017 till the last sitting of the Current Session of the Assembly.

Presentation of Committee Reports

Presentation of the First, the Second, the Third and the Fourth Reports of the Standing Committee on Finance and Planning (2016-2017)

The Chairman (Shri Jatu Lahiri) : Mr. Speaker, Sir, I beg to present:

(A) The First Report of the Standing Committee on Finance and Planning (2016-2017) on Pre Voting Budget Scrutiny of the Demand for Grant reliant to Planning, Statistics and Programme Monitoring Department for the year 2017-18;

(B) The Second Report of the Standing Committee on Finance and Planning (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Paschimanchal Unnayan Affairs Department for the year 2017-2018;

(C) The Third Report of the Standing Committee on Finance and Planning (2016-2017) on Pre Voting Budget Scrutiny of the Demand for Grant relating to North Bengal Development Department for the year 2017-2018; and

(D) The Fourth Report of the Standing Committee on Finance and Planning (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Finance Department for the year 2017-2018

(মেনশান)

শ্রী সুজিত চক্রবর্তী : ধন্যবাদ স্যার। আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং ক্যাবিনেটের সমস্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে, আমাদের বাঁকুড়া জেলার বিশ্ববরেণ্য শিল্পী যামিনী রায় এবং রামকিঙ্কর বেজ। আমরা দেখলাম ২০১১ সালে সরকার পরিবর্তনের পরে বিভিন্ন মেট্রো স্টেশন থেকে শুরু করে খেলার মাঠ, সমস্ত জায়গার নাম পরিবর্তন করে বিভিন্ন শিল্পী, সাহিত্যিক, লেখক এনাদের নামে নামকরণ করা হল। আমি বিধানসভায় এতদিন আসার পরে বিভিন্ন জায়গা ঘুরে লক্ষ্য করলাম যে রামকিঙ্কর বেজ, যামিনী

রায়ের কোনো চিত্র আমাদের এই বিধানসভার ভবনে বা লবিতে কোথাও নেই। আগামী ১১ই এপ্রিল যামিনী রায়ের জন্মদিন। যাতে ওনার একটি প্রতিকৃতি এবং রামকিঙ্কর বেজের একটি প্রতিকৃতি বিধানসভার ভবনের মধ্যে রাখা হয় এরজন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি তো নেই এখানে। আমি আপনার মাধ্যমেই বিষয়টি তাঁর কাছে রাখতে চাই। স্যার, তার আগে আমি বলি, রামকিঙ্কর বেজ, যামিনী রায় সম্পর্কে মাননীয় সদস্য এখানে যে কথা বললেন, আমি এটা সম্পূর্ণ সমর্থন করি এবং তাঁর মত আরো যাঁরা আছেন আপনি এই বিষয়ে দৃষ্টিভঙ্গি গ্রহণ করে তাঁদের ছবি টাঙানোর ব্যবস্থা করুন।

স্যার, ২০০২-০৩ সালে কিছু ছেলেকে স্কুলে চাকরি দেওয়া হয়েছিল যাদের মেধাগত যোগ্যতা ঠিকই ছিল। এক হাজারের মত চুক্তিভিত্তিক শিক্ষক এম এ, এম এস সি, এম কম এবং তাদের বি এডও ছিল। তাদের পুনরায় নিয়োগ করা হয়েছিল। দীর্ঘ প্রায় তেরো বছর যাবৎ অন্যান্য সমস্ত স্কেল বেড়েছে, যেমন যারা হাই স্কুলের টিচার ছিলেন, হেড মাস্টার মশাই, তাদের সতেরো হাজার মাইনে ছিল, তিপান্ন হাজার হয়েছে। অন্যদের সাত হাজার থেকে সাতাশ, চল্লিশ হয়েছে। কিন্তু এই চুক্তিভিত্তিক শিক্ষকদের ২০০০ থেকে ২০১১-১২ সাল পর্যন্ত ছিল ৮,১০০ টাকা। এখন সেটা ৮,১০০ টাকা থেকে হয়েছে ৮,৫০০ টাকা। আমি আপনার কাছে অনুরোধ করবো, এই যে এক হাজার জন চুক্তিভিত্তিক শিক্ষক এদের সমস্ত যোগ্যতা আছে, তাদের যাতে মাইনের পরিমাণ বাড়ানো হয় এবং তাদের প্রতি যাতে সুবিচার করা হয় সেজন্য আপনার মাধ্যমে অনুপস্থিত মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শেখ শাহনওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র কেতুগ্রাম, ওখানে কানরা রাধাকুন্ডু মহাবিদ্যালয় আছে, শহর থেকে ৪০ কিলোমিটার দূরে। আমার ওই কলেজে সায়েন্স বিভাগ ও কমার্স বিভাগ নেই। ওই কলেজে যাতে সায়েন্স বিভাগ ও কমার্স বিভাগ খোলা হয় সেই বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ স্যার। রাজ্যের আইন শৃংখলা যেভাবে ভেঙে পড়েছে তা নিয়ে আমরা খুবই চিন্তিত। স্যার, রাজ্যে নারী পাচার, শিশু পাচার, মহিলাদের ওপরে যেভাবে অ্যাসিড হামলা চলছে এটা সত্যি খুব উদ্বেগজনক। শিশু পাচার ২০১৫ তথ্য অনুসারে আসামে ১৪,০৯৪, ওয়েস্ট বেঙ্গলে ১২,০৫৫। ২০১৫ তথ্য বলছে, নারী নির্যাতন ভারতবর্ষে ৫৩.৯%, পশ্চিমবাংলায় আছে ৭৩.৪%, ন্যাশানাল ক্রাইম ব্রাঞ্চের রিপোর্ট ২০১১ থকে ২০১৬ পর্যন্ত। ১৫১ জন মহিলা ....

...(এইসময় মাইক বন্ধ হয়ে যায়।)...

মিঃ স্পীকার : আপনি মেনশান কেসে মেনশান করুন, স্পেসিফিক কিছু জিজ্ঞাসা করুন। এভাবে বলা যায় না। এইভাবে জেনারেল বলা যায় না মেনশান কেসে। আপনি জেনারেল বলতে পারেন না। আপনি স্পেসিফিক নির্দিষ্ট করে একটা মেনশান করুন। আপনি জেনারেল বলতে আরম্ভ করলেন। এই নারী নির্যাতন সম্পর্কে কেন্দ্র ও রাজ্যের যে পার্সেন্টেজের কথা বলেছেন, সেটা এইভাবে মেনশান কেসে দেওয়া যায় না, এটা জেনারেল ডিসকাসানে বলবেন।

শ্রী প্রদীপ কুমার সাহা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের মন্ত্রীমহোদয়ের কাছে আমার পূর্বস্থলী উত্তর বিধানসভা কেন্দ্রের অধীন পূর্বস্থলী ২ নং পঞ্চায়েত

সমিতি এলাকার গ্রাম সড়ক যোজনায় যে রাস্তাগুলো নির্মিতি হয়েছিল সেই রাস্তাগুলো এখন চলাচলের পক্ষে অত্যন্ত অসুবিধাজনক অবস্থায় আছে। যেমন বিশ্বরম্ভা থেকে কমলনগর এই রাস্তাটা অত্যন্ত খারাপ। কালেখাঁতলা মোড় থেকে মেড়তলা, দফরপোতা থেকে লক্ষ্মীপুর ঘোষপাড়া, বড়গাছি মোড় থেকে হালদিপাড়া, দাস্তিপাড়া মোড় থেকে সাতপোতা, জামালপুর মোড় থেকে নাকাদহ হয়ে শ্রীরামপুর ন' মাথা। এই রাস্তাগুলো চলাচলের ক্ষেত্রে দারুণভাবে অসুবিধা হচ্ছে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা ওখানে পি ডব্লু ডি ডিপার্টমেন্টকে বললে বলে কে করবে তা তারা জানে না। তাই স্বাভাবিকভাবে আমি মাননীয় মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এটা দেখা হয়।

মিঃ স্পীকার : ঠিক আছে, এটা মাননীয় মন্ত্রীকে জানাবেন।

[12:10 – 1.30 p.m (including recess)]

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জনদরদী মা-মাটি-মানুষ সরকারের মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় মাননীয় অর্থমন্ত্রী এবারের বাজেটে অঙ্গনওয়াড়ী কর্মী, আশা কর্মী ও সহায়িকাদের মাসিক ভাতা বৃদ্ধির যে প্রস্তাব রেখেছেন তার জন্য তাকে ধন্যবাদ জানাই। আমাদের বর্ধমান জেলায় অঙ্গনওয়াড়ী কর্মী ও আশা কর্মীদের শূন্যপদগুলো পূরণের জন্য। মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

জিরো আওয়ার

(নয়েজ)

মিঃ স্পীকার : প্লিজ, সুজন বাবুকে বলতে দিন।

ডঃ সুজন চক্রবর্তী : এমনিতেই নারী নির্যাতন স্পেসিফিক ইস্যু। মাননীয় সদস্য স্পেসিফিক সংখ্যা বলেছেন মেনশানে, তাতে আটকায় বলে আমার মনে হয়না। আমি এই বিষয়টা আপনার কাছে বলে রাখলাম।

মিঃ স্পীকার : আই টোটালি ডিস-এগ্রি উইথ ইউ। আমাদের বিধানসভার নিয়ম অনুযায়ী মেনশান মানে একটা স্পেসিফিক বিষয় নিয়ে বলতে হবে। আমি সবাইকেই বলতে অ্যালাউ করি। উনি তো জেনারেল সাবজেকটের উপরে বলতে শুরু করলেন। আপনি আপনার জিরো আওয়ার বলুন।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, মিড ডে মিলের সঙ্গে আধার কার্ডকে লিঙ্ক করতে হবে কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তটা চূড়ান্তভাবে অ-মানবিক, আন-এথিকাল এবং অবশ্যই শিক্ষা স্বার্থ বিরোধী। স্যার, কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তর বিরোধিতা আমাদের করতেই হবে এবং আমাদের সবাই মিলেই এর বিরোধিতা করতে হবে। এই রকম বেশ কিছু ইস্যু আছে, যেখানে আমাদের সকলে মিলে বিরোধিতা করা উচিত। এটা কখনো হয়না স্যার। একই ক্লাসে, একই বেঞ্চিতে পাশাপাশি দু'জন ছাত্র-ছাত্রী আছে, তার মধ্যে একজনের আধার কার্ড আছে বলে সে খেতে পাবে, আরেকজনের আধার কার্ড নেই বলে সে খেতে পাবেনা, এর থেকে বড় ইন হিউম্যান ঘটনা ঘটতে পারেনা। কেন্দ্রীয় সরকার কি করছেন, কেন করছেন, আমরা জানি না, এটাই কেন্দ্রীয় সরকারের নেচার টাইপ। এটা কখনো হয়, পাঁচ বছর বয়সের কোনো ছেলে অথবা মেয়ে তার ফিঙ্গার প্রিন্ট, সেটা কি আন-চেঞ্জড থাকে, না চেঞ্জড হয়ে যায়। সেটা তো চেঞ্জ হয়েই যায়। মুখের ছবির আদালও চেঞ্জ হয়ে যায়। এর উপরে ভিত্তি করে আধার কার্ড কখনো হয় নাকি,

সেটা তো বদলে যাবে। এটা একটা অ-বৈজ্ঞানিক মনোভাব স্যার। এটা হতে পারে। একজনের নাম একাধিক জায়গাতে রয়েছে, তাতে কিছু পিলফারেজ হচ্ছে, সেটা দেখার জন্য অনেক পদ্ধতি আছে। সেটা বলা হোক তাতে কিছু আপত্তি নেই। কিন্ত আধার কার্ড যুক্ত করে দেওয়ার মধ্যে দিয়ে শিক্ষা স্বার্থর বিরোধিতা করা হচ্ছে। আমি আপনার মারফৎ সরকারকে বলব, এই প্রসঙ্গে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আমাদের লড়াই হোক। তাতে যদি সরকার মনে করে আমরা সবাই এক সাথে সর্বদলীয় ভাবে কেন্দ্রের বিরুদ্ধে লড়াইতে সামিল হতে পারি বা সামিল হওয়া উচিত, সেই উদ্যোগ রাজ্য সরকার গ্রহণ করুক।

মিঃ স্পীকার : মাননীয়া মুখ্যমন্ত্রী এই ব্যাপারে উদ্বেগ প্রকাশ করেছেন এবং তিনি ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের কাছে এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। আপনি আজকে যে প্রসঙ্গের অবতারণা করলেন সেই ব্যাপারে পরিষদীয় মন্ত্রী নিশ্চয় সেটা বিবেচনা করবেন।

(At this stage the House was adjourned till 1.30 p.m)

[1:30 – 1.40 p.m]

শ্রী সুজন চক্রবর্তী : স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশান আছে। আমি আপনাকে একটু আগে বলেছিলাম,আমার মনে হয় বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ মাননীয়া মুখ্যমন্ত্রী উনি নিজে এই হাউসে আলোচনা করার সময় বলেও ছিলেন, যে ইচ্ছার বিরুদ্ধে, ভাঙ্গরে মানুষের ইচ্ছার বিরুদ্ধে কোন পদক্ষেপ নেওয়া হবে না বা ওখানে শন্তিপূর্ণ থাকুক সেটা আমরা চাই। কিন্তু গতকাল যে ফুরফুরাশরিফ যাওয়ার সময় পথে ওখানকার একটি মানুষকে গ্রেফতার করার পর আবার এলাকাটা গরম হয়েছে। আমরা দেখতে পাচ্ছি, মাননীয়া মুখ্যমন্ত্রী যে ভাবে বলছেন, সরকার সেই ভাবে পদক্ষেপ করুক। ভাঙ্গরের মানুষের বিরুদ্ধে যুদ্ধ চাপিয়ে দেওয়াটা ঠিক হচ্ছে না। এইটা যদি বার্তা দেওয়া যায় সেই কথাটা আপনার মারফত সরকারকে জানাতে চাই। এটা খুবই গুরুত্বপূর্ণ,নিশ্চয় আপনি গ্রহণ করবেন।

...(নয়েজ).....

(এই সময় কয়েকজন সদস্য কিছু বলবার জন্য উঠে দাঁড়ান)

মিঃ স্পীকার : প্লিজ একটা তো হল, এবার আপনারা একটু বসুন। না, না, না, বসুন বসুন। আমি একটা কথা বলি stray incident কোথায় কি হচ্ছে, সেটা নিয়ে আমাদের যে রাজ্য সরকারের প্রশাসন রয়েছে তারা দেখবেন এবং নিশ্চয় তারা দেখবেন। Stray incident করে একটা একটা যদি.সবাই বলেন, যে আমার এলাকায় অমুক লোকের অমুক হয়েছে - কেউ গাড়ি থেকে পড়ে গেছে। এই ভাবে হবে না।...(নয়েজ)..... কালকে আপনি মেনশান দেবেন, আমি আপনাকে অ্যালাউ করবো।

GOVERNMENT BUSINESS

FINANCIAL

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANT

DEMAND NO.43

Mr. Speaker : There are three cut motions to Demand No. 43. All the cut motions are in order.

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rupee 1.

Shri Anisur Rahaman Shri Shyamali Pradhan

Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs. 100/-

শ্রী খগেন মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী ৪৩ নম্বর দাবির যে বিবৃতি এখানে দিয়েছেন, তাতে যে বিষয়টা আমি বলতে চাইছি,যে গোটা রাজ্যে যে ভাবে বিদ্যুতের দাম দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে, ২০১১ থেকে পাঁচ বছরে আমরা দেখেছি সেখানে বিদ্যুতের দাম বেড়েছে ১২ বার এবং ২০১৬এর পরে নতুন সরকার যে তৈরি হয়েছে তাতে আমরা দেখেছি এখানে বিদ্যুতের দাম দুই বার বাড়ানো হয়েছে। তারপরে আমি যে দেখতে পাচ্ছি তাতে, আবার শুনছি যে আবার এর মধ্যে তৃতীয়বার বৃদ্ধি করার চেষ্টা হচ্ছে। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, যেখানে বিদ্যুতের দাম ২০১০-১১তে সেই সময়তে ছিল ১০০ ইউনিটে ১৮০টাকা। আর আজকে সেখানে হচ্ছে ১০০ ইউনিটে বিদ্যুৎ গ্রাহককে দিতে হচ্ছে ৭৫০ টাকা। এই যে বিদ্যুতের দাম বাড়ছে, আজকে উনি বলছেন, আমাদের সাবস্টেশন বাড়ছে, বিদ্যুতের পরিষেবা এখানে দেওয়া হচ্ছে, সমস্ত মানুষের কাছে পরিষেবা দেওয়া হচ্ছে। এখানে নানান ভাবে তিনি বলেছেন, বিদ্যুতের আজকে যে বিভিন্ন রকমের পরিষবা দেওয়ার ক্ষেত্রে তার যে প্রচেষ্টা, এটা বাড়ছে তার উৎপাদন ইত্যাদি সমস্ত কিছু বাড়ানো হচ্ছে।

অন্যদিকে এখানে সাধারণ মানুষ যাঁরা, আজকে যাঁরা বিদ্যুৎ ব্যবহার করছেন, তাদের জন্য দেখতে পাচ্ছি ২০১৬-১৭ -র বাজেট বিবৃতিতে সেখানে এই বিষয়ে তিনি কিছুই উল্লেখ করেন নি। তিনি সেখানে একবারও বলেননি যে এই বিষয়ে রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় বিদ্যুতের দাম বৃদ্ধি করতে আমাদের বাধ্য হতে হচ্ছে। এই বিষয়টা উল্লেখ করলে ভাল হত স্যার। মাননীয় মন্ত্রীর কাছে আমার বলার, তিনি এখানে বলেছেন, গোটা রাজ্যে লোডশেডিং কমে গেছে। আমরা গ্রামে থাকি আমাদের গ্রামীণ এলাকার যারা সাধারণ মানুষ, যারা মজুর, তারাও আজকে বিদ্যুৎ ব্যবহার করছে। এক সময় দেখেছি, বিদ্যুৎ এক সময় মানুষের নাগালের অনেক বাইরে ছিল। আর ই ডি সি -র মাধ্যমে তৎকালীন বামফ্রন্ট সরকার বিদ্যুতের চাহিদা পূরণ করবার চেষ্টা করেছিলেন। যাঁরা বি পি এল বসবাস করেন, তাদের জন্য বিনা পয়সায় বিদ্যুতের পরিষেবা দেওয়া হত। আমি আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করছি, তথাকথিত মা-মাটি-মানুষের সরকার বলছেন তারা মানুষের জন্য কাজ করছেন, সেই সমস্ত গরীব মানুষ, যাঁরা বি পি এল -এ জীবন যাপন করেন, সেই সমস্ত মানুষদের বিনা পয়সায় বিদ্যুৎ দেওয়ার সুযোগ তুলে দেওয়া হয়েছে, তাদের বঞ্চিত করা হয়েছে। অর্থাৎ যারা সাধারণ মানুষ, যাঁরা গরীব মানুষ, যাঁরা খেটে খাওয়া মানুষ - সেই সমস্ত মানুষদের জন্য আজকের এই সরকার আমাদের ২০১১ থেকে ২০১৬ এবং ২০১৬ থেকে এখন যেভাবে পরিকল্পনা গ্রহণ করেছেন, সেটা সেই সমস্ত মানুষের জন্য নয়, আমি সেই জন্য বলতে চাইছি, ঠিকই আছে, আমাদের দরকার বলেই তো চাহিদা বাড়ছে। আমাদের সব জায়গাতে বিদ্যুতের পরিষেবা পৌঁছানোর জন্য চেষ্টা হচ্ছে। কেন্দ্রীয় সরকার করছেন এবং রাজ্য সরকারও তার সঙ্গে সহযোগিতা করছেন। আমরা এক সময় দেখেছিলাম কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্যে যে সময় ১৬ টি জেলা ছিল, তার মধ্যে ১০ টি জেলাতে দিয়েছেন, কিন্তু বাকী জেলাগুলিতে রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যে পরিষেবা দেওয়া হয়েছিল সেই সময় আমাদের ৬ টি জেলাতে কোন রকম সহযোগিতা করা হয় নি। সেখানে যে কেন্দ্রীয় অ্যাসিসট্যান্স দেওয়া হয় নি, তৎকালীন বামফ্রন্ট সরকার রাজ্য সরকারের পক্ষ থেকে, রাজ্য সরকারের তহবিল থেকে কেন্দ্রীয় সরকারের যে শেয়ার, সেটা না দেওয়ার কারণে বাকী যে ছ'টি জেলাকে বাদ

দেওয়া ছিল, সেখানেও দেওয়া হয়েছিল। রাজ্য সরকার এত উন্নয়নের কথা বলছেন সেই সমস্ত মানুষদের জন্য, আজকে সেখানে ভর্তুকিতে বিদ্যুৎ দেওয়া যাবে কিনা? বিদ্যুতে ভর্তুকি দেওয়ার ক্ষেত্রে কি অসুবিধা আছে ? আমি আশ্চর্য হচ্ছি, ভর্তুকির মাধ্যমে এই সমস্ত গরীব মানুষ, সাধারণ মানুষ, খেটে খাওয়া মানুষের কাছে বিদ্যুতের পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে রাজ্য সরকারের কোথায় অসুবিধা আছে ? আমি সেই কারণে মাননীয় মন্ত্রীকে আপনার মাধ্যমে বলতে চাই, উনি বলবেন কি আজকে এই সমস্ত মানুষগুলোর জন্য যে সুবিধাগুলো ছিল রাজ্য সরকারের, যে সমস্ত পরিকল্পনাগুলো ছিল, আজকে সেই পরিকল্পনাগুলো তুলে দেওয়া হচ্ছে। আজকে সাধারণ মানুষগুলোকে বঞ্চিত করা হচ্ছে। একদিকে বলা হচ্ছে পরিষেবা দিচ্ছে, একদিকে বলা হচ্ছে আমরা অনেক উন্নয়ন করেছি, অন্যদিকে দেখা যাচ্ছে সাধারণ মানুষের উন্নয়ন নাই। আজকে কলকারখানার ক্ষেত্রে বলছি, সেখানে নতুন কলকারখানার ক্ষেত্রে বিদ্যুতের কোন রকম সুযোগ নেই। নতুন কল কারখানা করবার ক্ষেত্রে রাজ্য সরকারের কি পরিকল্পনা আছে ? আমরা দেখছি, বিদ্যুতের যে সাব ডিভিসানগুলো, বিদ্যুতের কেন্দ্রগুলো, এখানে তিনি বলছেন দুটো কেন্দ্রে বিদ্যুৎ দরকার হচ্ছে না বলে বন্ধ করে দিচ্ছে। ফলে রাজ্য সরকারের যেখানে আমাদের আরও উদ্যোগ নেওয়ার দরকার ছিল, সেই সমস্ত মানুষের কাছে পৌঁছানোর জন্য যে যে কর্মসূচী বা যে যে উদ্যোগ নেওয়া উচিত ছিল, সেগুলো তিনি গ্রহণ করছেন না।

[1:40 – 1.50 p.m]

স্যার,আপনার মাধ্যমে আমি সেই জন্য বলতে চাই, মাননীয় মন্ত্রীর কাছে আমি এটাই বলব যে, তিনি যখন উত্তর দেবেন তখন নির্দিষ্ট ভাবে বলবেন যে, আমাদের রাজ্যের সমস্ত গরিব মানুষের জন্য যে পরিষেবা, সমস্ত বাড়িতে বিদ্যুৎ পৌঁছানোর ক্ষেত্রে - এখনও পর্যন্ত আমি দেখেছি, আমার বিধানসভা কেন্দ্র হবিবপুরে আমাদের অনেক আদিবাসী পরিবারে এখনও পর্যন্ত বিদ্যুৎ পৌঁছয়নি, তাহলে সেখানে বিদ্যুৎ পৌঁছানোর জন্য কি উদ্যোগ নিচ্ছেন? সমস্ত মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছানো এবং ঐ সমস্তই খেটে খাওয়া মেহনতি গরিব মানুষগুলিকে কি বিনা পয়সায় বিদ্যুৎ দেবেন? এই ব্যবস্থাটা করবেন কি? ....(এই সময় লালবাতি জ্বলে ওঠে)....আর যে সমস্ত বিদ্যুতের নতুন কেন্দ্রগুলি সেগুলি খোলার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে, মাননীয় মন্ত্রীর পক্ষ থেকে উদ্যোগ থাকবে কি? এই জিজ্ঞাস্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে করতে চাই, স্যার। আমি আমার কথা বাড়াতে চাইছি না। আমি চাইব, বিদ্যুৎ মন্ত্রী যে বিবৃতি দিয়েছেন, এই ক্ষেত্রে দেখা যাচ্ছে, গল্পের গরু গাছে ওঠার মত তিনি গল্প বানিয়েছেন। আমি সেই জন্যই, এ বাজেট সমর্থন করতে পারছি না। মাননীয় মন্ত্রীকে বলব।...(এই সময় মাইক অফ্ হয়ে যায়।)...

Shri Bankim Chandra Hazra : অনারেবল স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ২০১৭-১৮ সালের জন্য ৪৩ নম্বর দাবীর ব্যয়বরাদ্দের যে অনুমোদন জন্য এই সদনে পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে, বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমি দু'-চারটি কথা এখানে উপস্থাপিত করছি। ইতিমধ্যে আমাদের মাননীয় বিধায়ক। খগেন মুর্মুসাহেব বললেন নাকি পশ্চিমবাংলায় এখনও লোডশেডিং চলছে। স্যার, আমি আপনাকে বলতে চাই, যাঁরা আজকে এ কথাটা বলছেন, তাঁদের কথাটা নিশ্চয় মনে আছে। বিগত দিনে আমাদের সরকার আসার আগে গোটা বাংলা জুড়ে মানুষের যে স্লোগান ছিল, লোডশেডিং-এর সরকার আর নেই দরকার এবং সেই তাকেই সমর্থন করে বাংলার মানুষ সেইদিনকার পরিবর্তন এনেছিল। এখন কিন্তু এই লোডশেডিং-এর শব্দটি, লোডশেডিং-এর বিষয়টা বোধ হয় আর নতুন করে দেখা নেই। এখন আমাদের সরকারের আমলে আজকে বিদ্যুৎ যথেষ্ট পরিমাণে সঞ্চয় হয়েছে। বিদ্যুৎ ব্যাঙ্ক তৈরি

হয়েছে এবং সেই বিদ্যুৎ ব্যাঙ্ক থেকে আমাদের অন্য রাজ্যে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আজকের যারা বলছেন, বামপন্থী বন্ধুরা যারা বলছেন যে, আজকে দারিদ্রসীমার নীচে বসবাসকারী মানুষের জন্য আমাদের বর্তমান সরকারের নাকি কোন পরিকল্পনা নেই। কিন্তু একটা কথা আপনাদের কাছে প্রশ্ন করি, যে আপনাদের পূর্বতন বামফ্রন্ট সরকারের আমলে আপনারা একটা মানুষের বাড়িতে আপনাদের খুটি পুঁততে গেলে সেখানে তিন হাজার টাকা করে দিতে হ'ত। শুধু তাই নয় আপনারা যাঁরা গ্রাহক তাদেরও খুঁটি পুঁততে গেলে অতিরিক্ত টাকা দিতে হ'ত। কিন্তু আজকে দায়িত্ব নিয়ে বলতে পারি, মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পর দারিদ্রেরসীমার নীচে বসবাসকারী মানুষের জন্য এককালীন ৩৭৯ টাকা দিয়ে দু'শো ওয়াট পর্যন্ত তারা বিদ্যুৎ পেতে পারবে। তাদের খুঁটি পোঁতার জন্য কোন টাকা দিতে হবে না। আজকে আপনারা এ কথাও বলছেন, আমার তো ভাবতে অবাক লাগে, আজকে এই জায়গায় দাঁড়িয়ে আপনাদেরকে বলতে চাই, আমাদের মা-মাটি-মানুষের সরকারের নেতৃ মমতা বন্দ্যোপাধ্যায় ক্ষমতায় আসীন হওয়ার পর তিনি সেইদিন বলেছিলেন-তমশো মা জ্যোতির্গময়, অন্ধকার দূর হোক, সবার ঘরে আলো আসুক। এই স্লোগানকে সামনে রেখে তিনি একটা প্রকল্পের নাম দিয়েছিলেন, সবার ঘরের আলো। এবং সেই সবার ঘরের আলো প্রকল্পে স্যার, আপনি নিশ্চয় জানেন যে, আমাদের ১২টি জেলার মধ্যে ৯ টি জেলায় ইতিমধ্যেই তার কাজ শেষ হয়েছে। জেলাগুলি হ'ল, বাঁকুড়া, জলপাইগুড়ি, আলিপুরদোয়ার, উত্তরদিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদহ, বীরভূম, বাঁকুড়া, পূর্বমেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর।

পুরুলিয়া, মুর্শিদাবাদ এবং দক্ষিণ ২৪ পরগণা এই তিনটি জেলায়, আমাদের মাননীয় মন্ত্রী শ্রদ্ধেয় শোভনদেব চট্টোপাধ্যায়ের আন্তরিক প্রচেষ্টায়, নিরন্তর কর্ম প্রচেষ্টার মধ্যে দিয়ে আগামী ৩১শে মার্চের মধ্যে এই তিনটি জেলার সমস্ত ঘরে বিদ্যুৎ পৌঁছবার তিনি পরিকল্পনা গ্রহণ করেছেন এবং ২০১৬ সালের ডিসেম্বরের মধ্যে, ইতিমধ্যে ১৫.৮৮ লাখ মানুষকে বিদ্যুৎ সংযোজন দেওয়ার কাজ তিনি সম্পন্ন করেছেন।

স্যার, আপনাকে অত্যন্ত দায়িত্ব নিয়ে বলতে পারি, ইতিমধ্যে ৫,৫২৫টি গ্রামে ২০১৬ সালের নভেম্বর সময়কালে ২৪,৮৮৫ জনকে বি.পি.এল তালিকাভুক্ত, ২ লক্ষ ৫৪ হাজার এ.পি.এল তালিকাভুক্তকে বিদ্যুৎ সংযোজনের কাজ শেষ হয়েছে। আপনি নিশ্চয় জানেন স্যার, একটা রাজ্যের জি.ডি.পি-র অগ্রগতির ওপর সেই দেশের সাফল্য কতটা এসেছে না এসেছে তা আমরা জানতে পারি। আমরা দায়িত্ব নিয়ে বলতে পারি যে ২০১০-১১ সালে তদানিন্তন সরকারের যেখানে বাজেট ছিল ৫২০ কোটি টাকা সেখানে ২০১৭-১৮ সালে বাজেট প্রায় চার গুণের বেশি বৃদ্ধি পেয়েছে ; ২,৮১৮ কোটি ২২ লক্ষ ২৩ হাজার টাকা। এর দ্বারাই প্রমাণিত হয় একটা দেশের কতটা অগ্রগতি হয়েছে কী হয়নি। স্যার, আরো দায়িত্ব নিয়ে বলতে পারি, ২০১১ সালের মার্চ মাস পর্যন্ত পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানী লিমিটেডের মোট গ্রাহক সংখ্যা ছিল ৮৫ লক্ষ। আর, ২০১৭ সালের জানুয়ারীতে সেই পরিসংখ্যান গিয়ে পৌঁছেছে ১৭২ লক্ষ। এই মেয়াদের মধ্যে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানী লিমিটেড ৩,৯৪৪ সার্কিট কিলোমিটার ৩৩ কে.ভি লাইন, ৭৮,৩৩৯ সার্কিট কিলোমিটার একক কে.ভি লাইন, ২ লক্ষ ২৩ হাজার ১৮৫ সার্কিট কিলোমিটার লো টেনশন লাইন ইতিমধ্যে বসিয়েছে। ১২৩টি নতুন কে.ভি সাব-ষ্টেশন ৯৪ হাজার ৪০টি ডি.টি. আর নেটওয়ার্কে যুক্ত করা হয়েছে। স্যার, যারা আজকে এই কথাগুলো বলছেন, খগেনবাবু, সুজনবাবুরা এখানে নেই, আমাদের সুন্দরবনের মানুষ কোনদিন কল্পনা করতে পারেনি, আমরা। আজকে ৬৯-তম বছর অতিক্রম করে ৭০-তম স্বাধীনতা উদ্‌যাপন করতে যাব, সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের মা-মাটি-মানুষের সরকারের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায়,

এর আগে যিনি আমাদের মন্ত্রী ছিলেন, মনীশ গুপ্ত মহাশয়, আমাদের বর্তমান মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় নিরন্তর প্রচেষ্টায় আজকে আপনারা জেনে আনন্দিত হবেন যে গোসাবাতে গ্রীড লাইনের মধ্যে দিয়ে বিদ্যুৎ গেছে। সুন্দরবনের শেষ প্রান্ত পবিত্র গঙ্গাসাগর। গঙ্গাসাগরের মানুষ কোনদিন কল্পনা করতে পারেনি সেই গঙ্গাসাগরে গ্রীড পাওয়ারের মধ্যে দিয়ে, মুড়ি গঙ্গা নদীর ওপর দিয়ে পাওয়ার যাবে। আজকে গঙ্গাসাগরের। মানুষ ২৪ ঘন্টা বিদ্যুৎ পাচ্ছে। এটা কম সাফল্য নয় স্যার ! শুধু তাই নয়, আপনি জানেন আমাদের ভারতবর্ষের সবচেয়ে বৃহত্তম মেলা হচ্ছে 'কুম্ভমেলা'। তার পরের বড় মেলা হচ্ছে 'গঙ্গাসাগর মেলা' মকর সংক্রান্তিতে বসে। আজকে ২৪ ঘন্টা বিদ্যুৎ দিয়ে সেই জায়গায় গঙ্গাসাগর মেলা চলছে। আগে সেখানে। জেনারেটরের মাধ্যমে মেলা চলত। তখন তো বামফ্রন্ট সরকারের বন্ধুরা এই কথাটা ভাবেনি যে সাগর একটি বৃহত্তম পবিত্র তীর্থস্থান। সে কথা ভাবেননি। স্যার, আপনাকে আরো বলতে চাই যে, ইতিমধ্যে আমাদের সুন্দরবন এলাকার পাথরপ্রতিমা, গোসাবা, নামখানা - এই তিনটি ব্লকে বিদ্যুৎ সংযোগের জন্য ১৪টি বিদ্যুৎহীন গ্রামে এবং ৫৯টি আংশিক বিদ্যুৎ সংযোগ-যুক্ত গ্রামে বিদ্যুৎ সংযোগের কাজ হাতে নেওয়া হয়েছে।

[1:50 – 2.00 p.m]

শুধু তাই নয়, স্যার মৌশুনি দ্বীপ- একটি বিচ্ছিন্ন। দ্বীপ, আমার বিধানসভার এলাকার। সেই মৌসুনি দ্বীপের মানুষ ২০১৭ সালের ৩১ শে ডিসেম্বরের মধ্যে বিদ্যুৎ পাবে। এটা কি কম সাফল্যের পরিচয়? স্যার গ্রামীণ বিদ্যুৎ সংযোজনের কাজের গতি বাড়াতে নিরন্তর নজরদারি রাখা হচ্ছে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন নিগম পর্ষদ পরিষেবা প্রদানে বহুমুখী ভূমিকা নিয়েছে। যেমন কোথাও বৈদ্যুতিক গোলযোগ, যান্ত্রিক ত্রুটি প্রভৃতি ঘটলে ভ্রাম্যমান গাড়ি পৌঁছে যাচ্ছে বাড়িতে বাড়িতে। এই পরিকল্পনায় আধুনিক কল সেন্টারকেও যুক্ত করেছে। এই ভ্রাম্যমান গাড়ি গ্রামাঞ্চলে সকাল ৬ টা থেকে রাত্রি দশটা পর্যন্ত এবং শহরাঞ্চলে ২৪ ঘন্টা কাজ করছে। বিদ্যুৎ বিল সংগ্রহের জন্য বৈদ্যুতিন কিয়স্ক মোবাইল ফোন চালু করা হয়েছে যাতে মানুষ কোনভাবে অসুবিধের মধ্যে না পড়ে। তাছাড়া স্যার, বিদ্যুতের থেকে আমাদের যে অচিরাচরিত দপ্তর একটি রয়েছে মাননীয় মন্ত্রীর অধীনে, সেই পশ্চিমবঙ্গ সরকার সৌর শক্তিকে কাজে লাগিয়ে বিভিন্ন বিদ্যালয়ের ছাদে গ্রিড সংযুক্ত সৌর বিদ্যুৎ প্রকল্প স্থাপন করার একটি করে পরিকল্পনা গ্রহণ করেছেন। আগে এই লেফট ফ্রন্ট সরকারের বন্ধুরা সুন্দরবন এলাকায় স্যার সৌর বিদ্যুৎ পৌঁছে দেওয়ার নাম করে - তৎকালীন যিনি ডাইরেক্টর ছিলেন তাঁরা আমাদের সাগর, নামখানা, কাকদ্বীপ, পাথর প্রতিমা, গোসাবাকে সৌর দ্বীপ হিসাবে পুরস্কার গ্রহণ করেছে। কিন্তু সেই সৌর বিদ্যুৎ প্রায় ষোলো হাজারের মত পরিবার যারা চার ঘন্টার বেশি বিদ্যুৎ পায়নি সৌর শক্তির থেকে। তাই আজকে আমাদের এই সরকার এই সৌর শক্তিকে কাজে লাগিয়ে প্রথম দফায় ১৮৭ টি বিদ্যালয়ে ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন সৌর বিদ্যুৎ প্রকল্প। স্থাপন করেছেন। পরবর্তী পর্যায়ে ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ প্রকল্প ৪০০ টি স্কুলে। স্থাপন করার পরিকল্পনা নেওয়া হয়েছে যেটা ২০১৭ র মার্চের মধ্যে সম্পূর্ণ হবে। ২০১৬ ১৭ সালে এই অচিরাচরিত শক্তিকে কাজে লাগিয়ে প্রায় এক হাজারটি বিদ্যালয়ে স্থাপন করা হবে। স্যার এটাও একটি অ্যাচিভমেন্ট। তাছাড়াও আপনি জানেন ইতিমধ্যে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আলোকশ্রী প্রকল্প চালু করেছেন। আলোকশ্রী প্রকল্পের মধ্য দিয়ে যাতে পশ্চিমবঙ্গ সরকারের প্রযুক্তিকে কাজে লাগিয়ে সোলার প্ল্যান্ট সব সরকারী, স্থানীয় সব স্বশাসিত সংস্থার ছাদে গ্রীড সংযুক্ত সোলার প্ল্যান্ট বসানোর লক্ষে এই আলোকশ্রী প্রকল্প গ্রহণ করেছেন। মাননীয় মন্ত্রী এই দপ্তরের জন্য দু হাজার ষোলো - সতেরো বর্ষে ১১৫.৫০ কোটি টাকা তিনি বরাদ্দ করেছেন। সেইজন্য

মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন, এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ।

শ্রীমতী জাহানারা খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর ২০১৭-১৮ ৪৩ নং দাবির ভিত্তিতে উনি যে বাজেট পেশ করেছেন যেটা আমরা অর্থমন্ত্রীর বাজেটে দেখলাম ১৫৯০ কোটি টাকা ধরেছেন কিন্তু মন্ত্রী সাহেবের বাজেটে বইয়ে দেখলাম ২৮১৮ কোটি ২২ লক্ষ ২৩ হাজার টাকা ধরেছেন। ঐ দুটোর মধ্যে তফাৎ আমি ঠিক বুঝতে পারলাম না। এখন প্ল্যান না, নন-প্ল্যান দুটো নিয়ে ধরেছেন ঠিক বুঝতে পারলাম না। এর বিরুদ্ধে বাজেটে আমাদের যে কথা সেই কথা আমরা বলছি এবং আমাদের যে কাট মোশন দিয়েছেন তাকে সমর্থন করছি। আমি একটা কথা বলতে চাইছি,বিদ্যুতের প্রতি আমার খুব ক্ষোভ আছে কারণ ২৯৪টি বিধানসভায় কোন বিধায়ক বিদ্যুৎ উন্নয়নের টাকা দেয় নি। একমাত্র আমাকে দিতে হয়েছে গত টার্মে ৪২ লক্ষ টাকা। কিন্তু সেই কাজ এখনও পর্যন্ত সমাপ্ত হয় নি। কিছুদিন আগে আমি মন্ত্রীর কাছে বলছিলাম এর আগেও আমি মনীশ গুপ্ত সাহেবকে দু-তিনবার বলার পর উনি উদ্যোগী হয়েছিলেন। কিন্তু সেই কাজ এখনও চলছে। তাহলে সরকার কত স্পীডে কাজ করছে এটা থেকে আপনি বুঝুন। অন্যান্য জায়গায় যেমন বিদ্যুৎ মেলা হচ্ছে ভাল কথা। গ্রাহকরা যত কিছু জিনিস জানতে পারবে, মানুষ অবৈধ্য কাজ থেকে বিরত হবে। আমি মূলতঃ যেখানে থাকি ই.সি.এল. এলাকা। মানুষ ফ্রিতে বিদ্যুৎ পায়। এখন ই.সি.এল. - এর অবস্থা খারাপ হওয়ার ফলে বহু জায়গায় ই.সি.এল. লাইন কেটে দিয়েছে। মানুষ ব্যবহার যারা একবার করে তারা চায় সেই বিদ্যুৎটা নিতে। অনেক সময় মানুষ অবৈধভাবে বিদ্যুৎ নেওয়ার ফলে ফাইন দিতে হয়, অনেক টাকা তাদের লেগে যায়। অনেক মানুষকে বুঝিয়ে আমরা কোটেশান দিয়েছি। মানুষ টাকা জমা দিয়েছে কিন্তু এখনও পর্যন্ত তারা কোন বিদ্যুৎ সংযোগ পায় নি। আমার বিধানসভা এলাকায় গতবার ৪২ লক্ষ টাকা দিয়েছি। এবার আমি বলবো অনেক জায়গায় বিদ্যুতায়নের কাজ বাকি আছে। যেমন - পৌরসভা এলাকা পরিহারপুর, বাকশিমুলিয়া, ও কৈথী, সাতগ্রাম, নিঘা, বোগড়া, জবা, হুবডুবি, মামুদপুর - এরমধ্যে অনেক এলাকা আছে আদিবাসী এলাকা। আমি মন্ত্রী সাহেবকে বলবো আপনি একটু খোঁজ খবর নিয়ে এই যে সবার ঘরে আলোর জন্য বলছেন, তাহলে যারা বিরোধী আছে তাদের ঘরটা অন্ধকার রেখে আলোর কথা বলছেন। আমি এইটুকু বলতে চাই, এই সরকার বলছে আমরা কোন বিদ্যুতের দাম বাড়াই নি কিন্তু এই সরকার আসার পর গতবার ১২ বার দাম বাড়িয়েছেন এবং এবার আসার পর ২বার দাম বাড়িয়েছেন মোট ১৪ বার। আমরা দেখতে পাচ্ছি, এর আগে আমার বন্ধু বললেন বামফ্রন্ট সরকারের সময় কিছুই ছিল না। তখন নাকি লোডশেডিংয়ের সরকার ছিল।

আমি বামপন্থীদের কথা যারা বললেন তাদেরকে একবার মনে করিয়ে দিই,১৯৫৫ সালে রাজ্যে বিদ্যুৎ পর্ষদ গঠনের সময় সংস্থাপিত ক্ষমতা ছিল মাত্র সাড়ে ৪ মেগাওয়াট। বিদ্যুতের চাহিদা ক্রমশঃ বৃদ্ধির ফলে বিদ্যুৎ ঘাটতি দূর করে রাজ্যে পর্যাপ্ত বিদ্যুৎ পাওয়ার লক্ষ্যে -এ ১৯৫৯ সালে গঠিত হয় সচদেব কমিটির সুপারিশ ছিল ব্যান্ডেল, আজিমগঞ্জ ও কাটোয়া বিদ্যুৎ কেন্দ্র গড়ার। রাজ্যের তৎকালীন কংগ্রেস সরকার শুধুমাত্র ব্যান্ডেল তাপ বিদ্যুৎ গড়েই তাদের দায়িত্ব শেষ করেছিল। ১৯৭২ সালে তখন ৮-১০ ঘন্টা লোডশেডিং চলছিল। ভয়াবহ লোডশেডিংয়ের উত্তরাধিকার নিয়ে ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার আসে তখন আমাদের মালিকানাধীন বিদ্যুতের মোট সংস্থাপিত ক্ষমতা ছিল ৮৮৭ মেগাওয়াট কিন্তু তখন ৮০০ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাচ্ছিল। তারমধ্যে ২০০ মেগাওয়াট দিতে হত ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাইকে। বামফ্রন্ট আসার পর টিটাগড়ে সি.ই.এস.সি. এবং নতুন বিদ্যুৎ কেন্দ্র এবং সাদার্ন জেনারেটিং

স্টেশনে নতুন ইউনিট গড়ার ব্যবস্থা করেন। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে ৫টি গ্যাস টার্বাইন এবং ব্যান্ডেলে ৫ম ইউনিট, কোলাঘাটে ৬টি, বক্রেশ্বরে ৫টি, সাঁওতালডিহিতে ৪টি, সাগরদিঘিতে ২টি,ডি.পি.এল.-এ ২টি এবং রাম্মাম ও তিস্তা ক্যানেল জলবিদ্যুৎ কেন্দ্র,পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে ভারতবর্ষের বৃহত্তম ৯০০ মেগাওয়াট পাম্পের স্টোরেজ বিদ্যুৎ প্রকল্প বামফ্রন্ট সরকারের সময়ে নির্মিত হয়েছিল। এই সময়ে সমস্ত ইউনিটগুলির মোট সংস্থাপিত ক্ষমতা ছিল ৫৪০০ মেগাওয়াট। ২০১১ সালে বামফ্রন্ট ক্ষমতা থেকে চলে যাওয়ার সময় সংস্থাতিপ ক্ষমতা দাঁড়িয়েছিল প্রায় ৬২০০ মেগাওয়াট। বামফ্রন্ট সরকারই এই রাজ্যে ঘাটতি রাজ্য থেকে বিদ্যুৎ উদ্বৃত্ত রাজ্যে পরিণত করে লোডশেডিংয়ের অভিশাপ থেকে পশ্চিমবঙ্গকে দূর করেছিল। ২০০০ সাল থেকে পশ্চিমবঙ্গে উদ্বৃত্ত বিদ্যুৎ বছরের পর বছর ভারতের বিভিন্ন রাজ্যে রপ্তানী করা হয়েছে। ২০০৬ সালের প্রথম দিকে কাটোয়ায় নতুন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের কাজ শুরু হয়েছিল। সেখানে ৫০০ একর জমিও নেওয়া হয়েছিল এবং এই সরকার আসার পরে সেখানে কাজ বন্ধ হয়ে যায়। আমরা বলতে চাইছি, যেভাবে বিদ্যুতের দাম বাড়ছে - আমরা দেখেছি বামফ্রন্ট সরকার থাকার সময়ে সি.ই.এস.সি.বলাগড়ে একটা প্রাইভেট কোম্পানী তারা বিদ্যুৎ উৎপাদন করে বিদ্যুৎ দিচ্ছিল এবং তার দাম অনেক ছিল এবং তখন বামফ্রন্ট সরকার বলাগড়ের সেই তাপবিদ্যুৎ কেন্দ্র বন্ধ করে দিয়েছিল।

কিন্তু আমরা দেখছি ২০১১সালে CESC এলাকায় বিদ্যুতের দাম যেভাবে ছিল এখন তার অনেক গুণ বেড়েছে, এখন হচ্ছে ৭টাকা ১৯পয়সা এবংCESC বিদ্যুতের মালিকানা থেকে অনেক লাভ করে হলদিয়াতে একটা তাপবিদ্যুৎ প্রকল্প কোম্পানী নতুন করে খুলেছে। সেখানকার সেই বিদ্যুৎ কিনতে বাধ্য করছে। অথচ রাজ্য সরকার - এখন দামহচ্ছে অনেক কম। কপোরেট স্বার্থ দেখার ফলে গ্রাহকদের বিদ্যুৎ কিনতে বাধ্য করা হচ্ছে। অনেকে ভুলে গেছেন যে বলাগড়ের ঘটনা, তখন বামফ্রন্ট সরকার যেভাবে উদ্যোগী নিয়ে সেখানকার বিদ্যুৎ বন্ধ করে দিয়েছিল। হলদিয়ার থেকে বেশি দামে বিদ্যুৎ কেনার জন্য CESC টিটাগড় বিদ্যুৎ উৎপাদন বন্ধ করে রেখেছে জুন মাস থেকে। আর সাদার্ণ জেনারেটিং স্টেশন প্রায় বন্ধ সত্ত্বেও সরকার এই ব্যাপারে নিশ্চুপ, কোন কথা বলছেন না। এই ভাবে যদি চলতে থাকে তাহলে আমার মনে হয় বিদ্যুতের দাম যদি বেসরকারী হস্তে দিয়ে দেওয়া যায় তাহলে দিনের পর দিন দাম বাড়তে থাকবে। গরীব মানুষের বিদ্যুতের যে প্রয়োজনীয়তা, গরীব মানুষকে বেশি দাম দিতে হবে। আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন রাজ্যের যে দাম -অন্ধ্রপ্রদেশ ৪টাকা ৭৩পয়সা, বিহারে তিন টাকা আঠাশ পয়সা, ছত্তিশগড়ে ২টা ৮৬পয়সা, গুজরাটে ৪টাকা ৬২পয়সা, হরিয়ানা ৪টাকা ৩৭পয়সা, কর্নাটকে ৪টাকা ২২পয়সা, কেরালা ২টাকা ৮১পয়সা, মহারাষ্ট্র ৫টা ২৪পয়সা, পাঞ্জাবে ৪টাকা ২৪, তামিলনাড়ু ২টাকা ৫৫, উত্তরপ্রদেশে ৪টাকা ৩৫, পশ্চিমবঙ্গে ৫টাকা ৪০। গরীব মানুষ যারা বিদ্যুৎ পায়, ২৫ইউনিট পর্যন্ত ব্যবহারী গরীব মানুষের ইউনিট প্রতি বিদ্যুৎ দামেও যেখানে গরীব মানুষের লাইফ লাইন বলা হয়, সেখানেও শীর্ষ স্থান হচ্ছে পশ্চিমবঙ্গ।হরিয়ানা ২টাকা ৭০, মহারাষ্ট্র ৩টাকা ৩৬, তামিলনাড় ৩টাকা, উত্তরপ্রদেশ ২টাকা, আর পশ্চিমবঙ্গে CESC এলাকায় ইউনিট পিছু দাম হচ্ছে ৩টাকা ৭৮পয়সা। এই বন্টন কোম্পানীগুলো যেভাবে লাভ করছে, সেটার ব্যাপারে যদি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী উদ্যোগী না হন তাহলে আমার মনে হয়, গরীব মানুষের কাছে এবং সবার ঘরে আলো দেবার যে কথা বলছেন, তার থেকে বঞ্চিত হবেন। একটা জিনিস আমি দেখলাম, লিখেছেন, গত বারের বাজেটেও দেখেছি যে আর আই ডি এফ প্রকল্পে ৯টি জেলার কাজ কিছু অসমাপ্ত আছে। তার মধ্যে বর্ধমান জেলাও ছিল। কিন্তু এবারের বাজেটে যে জেলাগুলো বাকি ছিল, সেই কাজ সম্পূর্ণ হয়েছে কিনা সেটা আমি দেখতে পেলাম না। এই বারে লিখেছেন যে ঝাড়গ্রাম আর আসানসোলে দুটি দশ মেগাওয়াটের সৌর প্রকল্প হবে। শুনে খুশি হলাম, যত তাড়াতাড়ি হয় ততই ভাল এবং

বিদ্যুৎ মন্ত্রীর কাছে আমি আবেদন করব আমার এলাকাতে যেখানে যেখানে বিদ্যুৎ নেই, সেখানে তাড়াতাড়ি যাতে বিদ্যুতায়ন হয়, সেই ব্যাপারে আপনি যদি উদ্যোগ নেন, সচেষ্ট হন তাহলে ভাল হয়। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শ্যামল মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২০১৭-১৮ আর্থিক বছরে ৪৩ নম্বর দাবির সমর্থনে আমাদের মাননীয় মন্ত্রী বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তির উৎস্য বিভাগ পশ্চিমবঙ্গ সরকার, শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ২৮১৮কোটি ২২লক্ষ ২৩ হাজার টাকার যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, এটাকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য পেশ করছি। বামফ্রন্ট এবং কংগ্রেসের যারা নেতৃত্ব দেন, অসিতদা সব কোথায় গেল? দেখতে পাচ্ছি না তো। সি পি এমের লোকগুলো কোথায় গেল? লিডারগুলো কোথায় গেল? কেউ নেই। এটা হওয়ার কারণ আছে। ওরা যৌথভাবে একটা ঢোল তৈরি করেছিল। সেই ঢোলটা ফেটে গেছে ফাটা ঢোল ওদের। বাজেটের প্রথম পর্যায়ে ওরা অ্যাবসেন্ট হয়েছে। অ্যাবসেন্ট হয়ে খেই হারিয়ে ফেলেছে। সি পি এম এবং কংগ্রেস - ওরা সম্পূর্ণ দিশেহারা এবং হতাশাগ্রস্ত। বর্তমানে সরকারের বিদ্যুতের আলো ওদের চোখে পড়ছে না। ওরা অন্ধকার দেখছে। আর চোখেতে যে তুলসী পাতা দেয়, তুলসী পাতা দিয়ে দেখছে, ঝাপসা। ওরা বিদ্যুতের আলো দেখতে পাচ্ছে না।বিগত পাঁচ বছর এবং এখন যে নতুন বছর চলছে এই সরকারের, সমস্ত পশ্চিমবাংলায় যেভাবে বিদ্যুতের উন্নয়ন ঘটেছে, স্বাধীনতার পরে এই রকম উন্নয়ন কোন দিন পশ্চিমবাংলায় ঘটেনি, কোন দিন ঘটেনি।

.....(হইচই).....

চিৎকার করে কোন লাভ নেই, চিৎকার করে কোন লাভ নেই। কেন্দ্রীয় সরকার রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনায় যে টাকা দিয়েছিল সেই টাকার একটি কণাও রাজ্য সরকার খরচ করতে পারিনি আর আমাদের সরকার যখন ক্ষমতায় এল ২০১১ সালে ৩৭ হাজার ৯৫০টা গ্রামে প্রত্যেকটা জায়গাতে প্রত্যেকটা কোনাতে বিদ্যুতের কাজ শুরু হয়ে গেল। এই বিদ্যুতের অভাবে প্রায় ছোট, বড়, মাঝারি ৪০ হাজার শিল্প বামফ্রন্টের আমলে বন্ধ হয়ে গিয়েছিল। তাতে উৎপাদন ব্যাহত হয়েছিল, বিদ্যুতের উন্নয়ন ঘটেছিল আপনাদের আমলে ? দফায় দফায় লোডশেডিং, দফায় দফায় লোডশেডিং। ২৪ ঘন্টার মধ্যে ১৮-১৯ ঘন্টা লোডশেডিং হত। ছেলে, মেয়েরা লেখাপড়া করতে পারত না। বাড়িতে অসুস্থ বাবা, মা, ঠাকুরমা, ঠাকুরদা তারা ভাল করে স্বস্তিতে একটু ঘুমাতে পারত না। বিভিন্ন সরকারী হাসপাতালে ভাল ভাবে চিকিৎসা পরিষেবা ব্যাহত হত। আগামী ২০১৮ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে আমাদের সরকার প্রতিশ্রুতিবদ্ধ মা-মাটি-মানুষ -এর সরকারের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং বর্তমান মন্ত্রী উনি খুব দক্ষ মানুষ গত পাঁচ বছরে তিনি চিফহুইপ ছিলেন হাউজে, এখন বিদ্যুৎমন্ত্রী হয়েছেন। আগামী ২০১৮ সালের আগেই ৩৭ হাজার ৯৫০টি গ্রামের প্রত্যেকটা বাড়িতে, গলিতে, কোনায় কোনায় বিদ্যুৎ আলো পৌছে। যাবে।.....(হইচই).....কোন দাম বাড়েনি। মানুষের প্রয়োজনের তাগিদে ক্ষুদ্র, মাঝারি শিল্পের উন্নয়নের ক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়াল, কমার্সিয়াল বিভিন্ন ক্ষেত্রে বিদ্যুতের যে ব্যবহার হচ্ছে সেই ব্যবহারের পরিপ্রেক্ষিতে আজকে সারা বাংলাতে বিদ্যুতের অভূতপূর্ব উন্নতি সাধিত হয়েছে। আপনাদের আমলে হয়নি কেন ? .....(হইচই)..... চিৎকার করলে হবে, চিৎকার করার কোন জায়গা নেই। .....(হইচই)..... বাজেট অধিবেশনের প্রথম পর্যায়ে চলে গিয়ে আপনারা আবার বলছেন আবার ডাকিলেই খাইব। দ্বিতীয় দফায় যেই অধিবেশন হচ্ছে। আবার সি.পি.আই.এম এবং কংগ্রেস ভাই ভাই হয়ে গেল। বলছে ঠিক আছে যা করেছি। ভুল করেছি এইবারে আমরা বাজেটে অংশগ্রহণ করব। তাই লিডার-রা নেই আজকে। আমাদের সুন্দরবনের বিভিন্ন অঞ্চলে, বিভিন্ন প্রত্যন্ত গ্রামে যেখানে সৌরবিদ্যুৎ,

সৌর শক্তিশালী বিদ্যুৎ প্রতিটি বিদ্যালয়ে - মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক, বিভিন্ন কলেজে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে এই সরকার। এটা কি প্রশংসার দাবি রাখে না ?(এই সময় বিরোধী সি.পি. আই.এম দলের মাননীয় বিধায়ক আলি ইমরান রামজ কিছু বলতে থাকেন) ইমরান চিৎকার করে কোন লাভ নেই। ৩৪ বছর অনেক কিছু করেছে, কি করেছ তোমরা ? তাহলে অন্ধকারে ছিল কেন, জবাব দাও একটার পর একটা তোমাদের সময়ে শুধু লোডশেডিং -এর বন্যা,কোন খাল সংস্কার হত না, নদী সংস্কার হত না, বিদ্যুৎ -এর উন্নয়ন ঘটানো হত না। আজকে বিশেষ করে আমাদের এই সুখা মরসুমে, খারিফ মরসুমে বিদ্যুতের সাহায্যে মিডিয়াম ডিপ-টিউব ওয়েল চালিয়ে হাজার হাজার একর বিঘা জমিতে চাষ হচ্ছে। এটা কি এই সরকারের দৃষ্টান্ত নয় ? সরকার প্রশংসার দাবি করতে পারে না ? আগামী ২০২০ সালের মধ্যে প্রতিটা গ্রামে গ্রামে টাইম কলের জল পৌছে যাবে। চারটে - পাঁচটা ইউনিট করে মৌজা নিয়ে একটা করে ট্যাঙ্ক তৈরি হচ্ছে। সেখানেও বিদ্যুতের প্রয়োজন। সেখানেও আমাদের শোভনদার দরকার। সেই সমস্ত ইউনিট চালানোর জন্য যথেষ্ট সম্ভব বিদ্যুতের ব্যবস্থা হয়েছে। সেই বিদ্যুতের সাহায্যে যখন ট্যাঙ্ক মিডিয়াম ডিপ টিউব ওয়েল চালানো হবে তার সাহায্যে প্রতিটি বাড়িতে বাড়িতে পানীয় জলের ব্যবস্থা শুরু হয়ে যাবে। স্বাধীনতার পর প্রথম এই সরকার যার মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী একজন মহিলা মুখ্যমন্ত্রী হিসাবে যেভাবে বাংলার বিভিন্ন দপ্তর নিয়ে কাজ করে যাচ্ছেন এবং সুযোগ্য সৈনিক হিসাবে আমাদের মাননীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় তিনি জেলার বিভিন্ন প্রান্তে বিদ্যুতের উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছেন। যখন উনি সাধারণ ভাবে বিধায়ক ছিলেন আমার পরিষ্কার মনে পড়ে ১৯৯১ সাল, ১৯৯৬ সাল বিরোধী পক্ষের বিধায়ক ছিলেন।

[2:10 – 2.20 p.m]

অনেক কষ্ট করে অবিভক্ত বারুইপুর বিধানসভা ক্ষেত্রে বিভিন্ন জায়গায় প্রত্যন্ত গ্রামীণ এলাকায় বিদ্যুতের আলো পৌঁছে দেওয়ার জন্য চেষ্টা করেছিলেন কিন্তু বামফ্রন্ট সেটা হতে দেয় নি। আজকে তিনি মন্ত্রী হওয়ার পরে মমতা ব্যানার্জীর ঐকান্তিক প্রচেষ্টায় তা বাস্তবে। রূপ পাচ্ছে। ওদের মুখোশটা আজকে ভাল করে খুলে দেওয়ার দরকার আছে। ওদের দুর্নীতি, অত্যাচার, সন্ত্রাস,আইন ভঙ্গ, রক্তক্ষয়ী বিপ্লব, জমি নিয়ে রক্তক্ষয়ী যুদ্ধ, কৃষকের পেটে লাথি - কোনটা ওরা আজকে করতে বাকি রাখেনি। আগামী ৪০ বছরে বামফ্রন্ট বা কংগ্রেস পশ্চিমবাংলার এই মুখ্যমন্ত্রীত্বের দাবিদার হতে পারবে না, পারবে না, পারবে না - পরিষ্কার করে বলতে চাই। ৫২টা দপ্তরের মধ্যে বিদ্যুৎ একটা অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। এই দপ্তরের মাধ্যমে আমদের বাংলার যে আলোশ্রী প্রকল্প ' এবং বিভিন্ন যে গুরুত্বপূর্ণ প্রকল্পের মাধ্যমে গরীব মানুষ সুবিধা পাচ্ছে - আজকে আপনারা গ্রামে যাননি, দেখেননি ১৯টা জেলার মধ্যে কোলকাতা বাদ দিয়ে ৩৭৯৫০টির প্রত্যেকটা গ্রামে আজকে বিদ্যুতের ব্যবস্থা হয়েছে। আপনারা দেখতে পাচ্ছেন না - আগের মত আর লোডশেডিং আছে, লোডশেডিংয়ের কোন গল্পই এখন নেই। এখন মানুষ স্বচ্ছন্দভাবে মসৃণ কালো মোলায়েম - পিচের রাস্তা, চকচকে - ঝকঝকে বিদ্যুতের আলোর পরিষেবা আজকে সমস্ত দিক থেকে পৌঁছে যাচ্ছে। ওদের পরিষদীয় নেতারা আজকে এই হলে নেই, আজকে তাদের সংখ্যাধিক্য কম, আগামি দিনে ওদের সংখ্যা আরও কমবে।এটা আমি পরিষ্কার করে বলতে চাই। আমি এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আগামি দিনে বিদ্যুতে আরও যে অভূতপূর্ব উন্নয়ন আসছে তাকে সাধুবাদ জানিয়ে কংগ্রেস এবং সি.পি.এমের অভিযোগকে সম্পূর্ণভাবে নস্যাৎ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে পবিত্র সদনে ২০১৭-'১৮ সালের ৪৩ নম্বর দাবির ব্যয়বরাদ্দ যে মাননীয় বিদ্যুৎ এবং অচিরাচরিত শক্তির ভারপ্রাপ্ত মন্ত্রী,

অভিজ্ঞ মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় - যিনি দাবি করেছেন সংসদে ২হাজার ৮শত ১৮ কোটি ২২ লক্ষ ২৩ হাজার টাকার ব্যয়বরাদ্দের জন্য তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানের তীব্র বিরোধিতা করে এই অল্প পরিসর সময়ের মধ্যে গুটিকয়েক প্রতিবেদন উপস্থাপিত করছি। স্যার আমি একটি বিষয় বিশেষভাবে উপলব্ধি করতে চাই যে আজকের এই মা মাটি মানুষের সরকার আজকে যে জায়গায় আসীন হয়েছে, এটা কি যে বিরোধীরা বিরোধিতা করছেন, করবেন, তাঁদের ধর্ম তাঁরা পালন করুন। তাতে আমাদের কিছু বলার নেই। কিন্তু স্যার একটা বিষয় দেখতে হবে যে, এই সরকার এতো সুন্দর গতিতে কাজকর্ম করতে পারছেন কি করে, প্রত্যেকটি দপ্তর একটা উল্লেখযোগ্য জায়গায় পৌঁছে যাচ্ছে কি করে। তার একটিই মাত্র কারণ - এখানে যে ফিলজফি, যেটা দর্শন যে বাংলাকে যদি ভাল না বাসা যায়, সংবেদনশীল মানসিকতা যদি না থাকে, অপরের উপকার করবার চিন্তা-ভাবনা যদি না থাকে সার্বজননীন সত্তা যদি সেখানে না এসে থাকে - এটা যদি না এসে থাকে তাহলে কখনই এতো বছরের বিপর্যস্ত বাংলা নতুন করে নতুন আঙ্গিকে নতুন দিশা নিয়ে উঠতে পারত না। সেটা সম্ভব হয়েছে মা মাটি মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর এই সুন্দর দর্শনের জন্য। আর সেই দর্শনকে সামনে রেখে মাননীয় মন্ত্রীগণ তার দপ্তর ভিত্তিক চিন্তা - ভাবনা, তার অভিজ্ঞতা, চিন্তা - ভাবনার মিশ্রণ ঘটিয়ে আজকে বাংলার উন্নয়ন প্রত্যেকটি দপ্তরে - দপ্তরে আজকে একটা সুন্দর জায়গাতে পৌঁছে গেছে। এই যে সর্বজনীন একটা চিন্তা - ভাবনা, যেটা প্রত্যেকটি মুহূর্তে একটা সর্বজনীন চিন্তা - ভাবনা, এটা ব্যক্তিগত কোন রাজনীতির বিষয় নয়।

যে কারণের জন্য আজকে অ্যাডমিনিস্ট্রেটিভ মিটিং এর মধ্যে দিয়ে বাংলার প্রত্যেকটি জায়গায় পৌঁছে গিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী ট্যাগটা তৈরি করতে পেরেছেন। সেখানে আজকে আমরা দেখতে পাচ্ছি কন্যাশ্রী, শিক্ষাশ্রী, যুবশ্রী থেকে আরম্ভ করে সবুজসাথী, খাদ্যসাথী সহ যত রকমের সুযোগ এসে গিয়েছে। একটা সংবেদনশীল বার্তা পৌঁছে। দেওয়ার চেষ্টা করেছে, তা সুন্দর ভাবে পরিলক্ষিত হচ্ছে বলে আজকে এখানেও আমরা উন্নয়নের একটা জোয়ার দেখতে পেয়েছি। আমি স্যার, প্রাসঙ্গিক বিষয় গুলো নিয়ে, বিদ্যুৎ দপ্তরের, এখানেও একটি মুল শ্লোগান করে দেওয়া হয়েছে 'সবার ঘরে আলো'। এই যে সবার ঘরে আলো, অন্ধকারকে দূরিভূত করে সবার ঘরে আলোকে পৌঁছে দেওয়ার জন্য মাননীয় মন্ত্রী উদ্যোগ গ্রহণ করেছেন তা ছত্রে ছত্রে যে ভাবে তিনি তুলে ধরতে পেরেছেন তাকে আমরা স্বাগত জানাই। প্রাথমিক ভাবে আমরা যেটা দেখতে চাই বিরোধীরা যা বলে বলুক, আমার কিছু যায়। আসে না। মানুষ কোনটাকে ভালো বলে বেছে নিয়েছে সেটাই আমাদের দেখার বিষয়বস্তু। আমরা প্রাথমিক ভাবে দেখতে পাচ্ছি ২০১১ সালে যখন বামফ্রন্ট সরকার এখানে দায়িত্ব পালন করছিলেন সেই সময় আমাদের মোট গ্রাহক সংখ্যা ছিল ৮৫ লক্ষ। আজকে ২০১৭ সালের জানুয়ারি মাস পর্যন্ত ১ কোটি ৭২ লক্ষ গ্রাহক সংখ্যা পরিবর্ধিত হয়েছে। এটার দ্বারা বিরোধী পক্ষ বুঝে নিতে পারেন কোন দিকে এগোচ্ছে আজকে আমাদের এই গতি প্রকৃতি। আমরা দেখতে পাচ্ছি ২০১১ সালে ৫৫ শতাংশ যেখানে বিদ্যুৎ সংযোগ ছিল, এখন ৯৯.০৮ পার্সেন্টে আমরা আসীন হয়েছি। এর দ্বারা প্রমানিত হয় বিদ্যুৎ উন্নয়নের গতিকে কোন দিকে নিয়ে যেতে পেরেছি। যে বিষয় গুলোর উপর সবচেয়ে বেশি গুরুত্ব আরোপ করেছে, সেখানে দেখেছি আজকে সুপার ক্রিটিক্যাল তাপ বিদ্যুৎ কেন্দ্র সাগরদীঘিতে। এটা একটা অভিনব প্রয়াস। এই জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করা হয়েছে যাতে কম কয়লা ব্যবহার করা হয়, ধোঁয়া কম নিসৃত হয়। এটা একটা গুরুত্বপূর্ণ দিক। পুরনো যেসমস্ত যন্ত্রপাতি ছিল সেটাকে পরিবর্তন করে আধুনিকিকরণের দিকে গুরুত্ব আরোপ করা হয়েছে। চারিদিকে গ্রিড পাওয়ারের বিদ্যুৎ ছড়িয়ে পড়েছে। তার সঙ্গে সঙ্গে সোলার বিদ্যুৎ পৌঁছে দেওয়ার জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। আমরা পশ্চিমবঙ্গকে একটা পাওয়ার হ্যাব হিসেবে গড়ে

তুলতে পেরেছি। পুরুলিয়া পাম্পস্টোরেজ প্রকল্পে ৯০০ মেগাওয়ার্ট তৈরি হয়। আমরা বিদ্যুৎকে শুধু রাজ্যে নয়, রাজ্যের বাইরে এবং বাংলাদেশ থেকে আরম্ভ করে নেপাল ইত্যাদি জায়গায় পাঠিয়ে দেওয়া সম্ভব। হয়েছে। এটা একটা পরিকল্পনা। ন্যাশনাল ইলেকট্রিশিটি ফান্ড-এর মধ্যে দিয়ে পর্যটন কেন্দ্র বোলপুর এবং নবদ্বীপে কেবল লাইনের মাধ্যমে বিদ্যুতের সংযোজন করা হয়েছে। এই কাজে আমরা এগিয়ে যেতে পেরেছি এটা অভিনবত্বের দাবি করে। আজকে সেচ বন্ধু, এটা ভারতবর্ষের মধ্যে একটা নতুনত্বের অধিকারী আমরা হতে পেরেছি। পশ্চিমবঙ্গ প্রথম রাজ্য হিসেবে চিহ্নিত হয়েছে, যেখানে প্রকল্প ব্যয় ৪ হাজার ২৪০.৯০ কোটি টাকা অনুমোদন করা হয়েছে। এটা অভিনব। এর মধ্যে দিয়ে বিদ্যুতের পরিকাঠামো উন্নয়ন সংগঠিত করার চেষ্টা করা হয়েছে। আমরা সুন্দরবনের প্রত্যন্ত এলাকার বিধায়ক হিসেবে আনন্দিত ও গর্বিত। হচ্ছি এই কারণে যে মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী কতটা আন্তরিক। বামফ্রন্ট সরকার শুধু সোলার দেবে দেবে বলে চলে গিয়েছে। সুন্দরবন দ্বীপ বেষ্টিত এলাকা, যে এলাকার মানুষ স্বপ্ন দেখত, সেই স্বপ্ন আজকে বাস্তব হয়েছে। আজকে মা-মাটি-মানুষের সরকার সুন্দরবনের প্রত্যন্ত এলাকায় গ্রিড পাওয়ার বিদ্যুৎ পৌঁছে দিয়েছে। এটা কল্পনা করতে পারেন? আজকে বঙ্কিম বাবু বলছিলেন সাগরদ্বীপের মতো জায়গাতে যেখানে বিরাট মেলা হয়ে থাকে, সেখানে বিদ্যুৎ পৌঁছে গিয়েছে গ্রিড পাওয়ারে। আমাদের পাথরপ্রতিমার মতো জায়গায় যেখানে। দ্বীপের পর দ্বীপ, এক জায়গা থেকে অন্য জায়গায় যেতে গেলে অনেক সময় চলে যেত।

[2:20 – 2.30 p.m]

ঘনশ্যাম নগর থেকে কে.প্লট বঙ্গোপসাগরের কুল পর্যন্ত বিদ্যুতের আলো চলে যাবে এক মাসের মধ্যে টাওয়ারের মাধ্যমে। পরবর্তীকালে টাওয়ার তৈরী করার জন্য কোথায় কে. প্লট থেকে আরম্ভ করে সুধন নগর থেকে আরম্ভ করে, ব্রজবল্লভপুর, ছোট গদখালি, পাথর প্রতিমা থেকে আরম্ভ করে সব জায়গায় এই গ্রীড পাওয়ারের টাওয়ারগুলো তৈরী হয়ে গেছে, বিদ্যুৎ পাচ্ছে মানুষ। গ্রামাঞ্চলের মানুষ হিসাবে এর চেয়ে কি আশা করতে পারি। মা-মাটি-মানুষের সরকার এই উদ্যোগ গ্রহণ করে মানুষের আশীবাদ পেয়েছে। আপনারা বারবার বারবার লোডশেডিং লোডশেডিং বলতে চাইছেন। এই সরকার আসার পর এখন আর লোডশেডিং নেই। সরকারের একটা পরিকল্পনা আছে কি ভাবে আগামীদিনে লেডশেডিং চেক করা যায়। যে ফিডারের মাধ্যমে দূরবর্তী এলাকায় বিদ্যুৎ দিতে হয়, সেসব জায়গায় লোডশেডিংয়ের সম্ভাবনা থাকে বলেই সেখানে সাবস্টেশন তৈরী করা হচ্ছে। শহরাঞ্চলে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার জন্য আই.পি.ডি.এস. এর মাধ্যমে একটা সুযোগ করে দেওয়া হয়েছে। কৃষি ভিত্তিক এলাকাগুলিতে ব্যাপক ভাবে পাম্প সেটে বিদ্যুৎ সংযোগের কারণে চাষবাস বৃদ্ধি পেয়েছে। ৪০৭.৩৩ কোটি টাকা ব্যয় করে ৩৯,৫৪৩ টি পাম্প সেটকে বিদ্যুৎ সংযোগ করে দেওয়া হয়েছে। আপনাদের সময় কি করেছেন? কিছুই করতে পারেননি। ই-পেমেন্টের উপর গুরুত্ব দেওয়া হয়েছে, এটাকে সরলীকরণ করা হয়েছে যাতে সহজেই গ্রাহকরা সেই টাকা পৌঁছে দিতে পারে। সেখানে বিদ্যুৎ সহযোগী মোবাইল অ্যাপ এর ব্যবস্থা করা হয়েছে। মূল জায়গা, যেখান থেকে বিদ্যুৎ আসছে, সেখানে ২০ থেকে ২৫ শতাংশ বিদ্যুৎ ব্যয়িত হয়ে যাচ্ছে। একে সংরক্ষণ করবার জন্য কনজারভেসন বিল্ডিং এর ব্যবস্থা করা হয়েছে। জনচেতনা বাড়াবার চেষ্টা হচ্ছে। সরকারের অভিমুখ, জোর করে জমি নেওয়া হবে না। এই জায়গায় যদি আমরা জনমত তৈরি করে রাখতে পারি, একটা জায়গায় বিধায়ক যদি সমস্যা সমাধানের জন্য কাজ করতে পারেন তাহলে অনেকটা কাজ সহজ হয়। আজকে বামপন্থী বিধায়করা মিটার কানেকশনের ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ করতে পারছেন না, হুকিং এ উৎসাহ দিচ্ছেন, কিন্তু নিজে দাঁড়িয়ে থেকে এই সমস্যা সমাধানের চেষ্টা করেননি। মাননীয় মন্ত্রী এই

বিষয়ে প্রত্যেক বিধায়ককে চিঠি দিয়ে জানিয়েছেন, আপনারা এই সমস্যা সমাধানের জন্য এগিয়ে আসুন। সমাধানের চেষ্টা করবেন। না, শুধু ভিতর থেকে উস্কে দিয়ে মানুষকে অন্য পথে পরিচালিত করবেন, এর দ্বারা কোনদিন উন্নয়ন সংগঠিত হয়নি, আগামী দিনেও হবে না। আলোকশ্রী প্রকল্পের মাধ্যমে একটা অভিনবত্বের দাবী উপস্থাপন করা হয়েছে। আজকে ওয়েবরেডার মাধ্যমে, গ্রীড কানেকটেড করে, গ্রামাঞ্চলে স্কুলে, স্কুলে, কলেজে, হাসপাতালগুলোতে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। আজকে ৪০০ হয়েছে, আগামী বছর এক হাজারের উপর স্কুলে বিদ্যুৎ দেওয়া হবে। সরকারের এই কাজকে আমরা স্বাগত জানাব। আই.পি.ডি.এস. এর মাধ্যমে বিদ্যুৎ বিকাশ। পরিকল্পনা, সোলার প্যানেল ব্যাঙ্ক প্রকল্প, নতুন সৌর প্রকল্প থেকে আরম্ভ করে যা হচ্ছে। তাকে স্বাগত জানাব। আর একটি প্রকল্প বায়োবিদ্যুৎ নিয়ে ভাবনা-চিন্তা চলছে। যদিও গ্রীড পাওয়ারের মধ্যে দিয়ে আমরা স্বাবলম্বী হতে চলেছি, আবার ওয়েবরের মধ্যে দিয়ে। সোলারটাকে গুরুত্বপূর্ণ করার চেষ্টা হচ্ছে। আজকে দেখতে পাচ্ছি বায়ু বিদ্যুৎটাকে কি ভাবে কাজে লাগানো যায়, ১০০ মিটার উঁচু পর্যন্ত এই বায়ু বিদ্যুৎটাকে কি করে ধরা যায়, তার জন্য আজকে বিভিন্ন রকম অবজারভেশন হচ্ছে। সেজন্য ফ্রেজারগঞ্জ এবং গঙ্গাসাগরে বায়ু দন্ড বা উইন্ড মাস তৈরী করা হচ্ছে। এটা একটা অভিনব চিন্তা-ভাবনা। সরকারের অভিমুখ একটা। কিছু করতে হবে, করে দেখাতে হবে, সেই মানসিকতা আমরা দেখতে পাচ্ছি। আজকে বর্জ্য পদার্থ থেকে কি ভাবে বিদ্যুৎ উৎপাদন করা যায় সেটা দেখতে পাচ্ছি। আজকে জামান। প্রযুক্তির মাধ্যমে হাওড়া মিউনিসিপ্যাল কপোরেশনে একটা উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আজকে মা-মাটি-মানুষের সরকারের প্রত্যেক দপ্তরে বিশেষ করে বিদ্যুৎ দপ্তরে যে গতি আনা হয়েছে, যে অভিমুখ তৈরি হয়েছে বাংলার বুকে, তাকে পূর্ণাঙ্গ ভাবে সমর্থন করে, বিরোধীদের কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুত মন্ত্রী শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় বিদ্যুত দপ্তরের যে বাজেট পেশ করেছেন,তাঁর যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, আমি তার বিরুদ্ধে আনা আমাদের দলের বিরোধীদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি এবং এই বাজেটের বিরোধিতা করছি কোন কোন জায়গায়। আমি প্রথমেই মাননীয় বিদ্যুত মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয়কে জিজ্ঞাসা করব যে, আপনি আমাকে বলুন তো যে আপনি টোটাল বাজেট মুভ করেছেন ২ হাজার ৮শো ১৮কোটি টাকার মত। আপনি নন প্ল্যানে রেখেছেন ৭১৩.২২ আর প্ল্যানে রেখেছেন ১ হাজার ৫শো ৯০, ১৫৯০কোটি টাকার মত। এটা হবে ২৩০৩। আমি বলছি বাকি যে টাকাটা প্রায় ৬০০কোটি টাকার মত, ৫শো কত কোটি টাকা এটা কোথা থেকে আসবে। আমি প্রথমে একটা বেসিক কোশ্চেন করছি আপনাকে। যে আপনি হিসাব দিলেন প্রথমেই, সেই প্রথম হিসাবের সঙ্গে পরবর্তী পর্যায়ের হিসাব কিন্তু মিলছে না। আমরা এক টাকার কাট মোশন দিয়েছি,এতো ৫০০কোটি টাকার কাট। মোশন দেওয়া উচিত ছিল। আমি প্রথমেই একটা কথা বলি, অনেকে অনেক কথা বলছিলেন যে, না, কংগ্রেস তো কিছু করে নি, টরে নি। এইরকম কথা বার্তা বলছিলেন। আমি তাদের শুধু একটা কথাই বলব। যে তারা এক সময়ে কংগ্রেসে ছিলেন, জানেনও, জেনেও বলতে ভুলে টুলে যান। আমি আপনাদের কাছে। বলছি যে আপনারা বলুন, আমি ১৯৫০সালের কথা বলছি, ১৯৫০সালে ভারতবর্ষে মোট, আজকের দিনে হিসাবে,যত গ্রাম, প্রায় ৬লক্ষ গ্রাম আছে। তার মধ্যে বিরোধী দলের হিসাব অনুযায়ী, স্যার, এটা শোনার জন্য অনুরোধ করছি। বিরোধী দলের হিসাব অনুযায়ী মাত্র ১৮হাজার গ্রামে বিদ্যুত দিতে বাকি আছে। মাত্র ১৮হাজার গ্রামে বিদ্যুত দিতে বাকি আছে এবং আমি আপনাদের কাছে বলছি, যাঁরা চিৎকার করে বলছিলেন, এটা কংগ্রেসের ব্যাপার নয়, এটা আপনাদের ব্যাপার। ঠিক আছে কংগ্রেসের ব্যাপার নয়। এটা তৃণমূল কংগ্রেসের ব্যাপার। বর্তমান সরকারের ব্যাপার। মাননীয়

সমীর বাবু বললেন সোলার পাওয়ারের কথা। ইত্যাদি, ইত্যাদি। আমি সময় পেলে সেই কথায় যাব। কিন্তু আমি আপনাদের কাছে বলছি, আপনারা বলছেন যে ১৮হাজার গ্রামে বিদ্যুত দিতে বাকি আছে। গোটা ভারতবর্ষে, বাংলায় নয়, একটা প্রভিন্সে নয়, পাঞ্জাবে নয়, গুজরাটে নয়, কেরালায় নয়, সারা ভারতবর্ষে মাত্র ১৮হাজার গ্রামে বিদ্যুত দিতে বাকি আছে। স্যার, আমি আপনাকে বলছি, আজকে আমরা কিভাবে এটা করেছি। আজকে আমাদের কত লক্ষ আছে ? ৫লক্ষ ৮০ হাজার গ্রামে আমরা বিদ্যুত দিতে পেরেছি। স্যার, ১৯৮০ সাল পর্যন্ত দু লক্ষ। গ্রামে অ্যাবসলিউট কংগ্রেস গভর্ণমেন্ট দু লক্ষ গ্রাম এবং এক কোটি পাম্প মেশিন যেখান থেকে জল তোলা হয়, সেই এক কোটি পাম্পের কানেকশন দিয়েছিল, বিদ্যুতের কানেকশন। কাউকে কোনরকম অবাঞ্ছিতভাবে আক্রমণ করা নয়, শোভন দাকে আক্রমণ করা নয়, আমি বলছি .....

[2:30 – 2.40 p.m]

আমি বলছি যে এটা হচ্ছে আমাদের হিসাব, আপনাদের এখানে অনেকে বিদ্যুতের একসপার্ট যাঁরা আছেন, তাঁরা জানবেন যে এটা তখন কংগ্রেস করেছিল। পরবর্তী পর্যায়ে আমি আপনাদের কাছে বলছি যে এখন এমন অবস্থা হয়েছে যে আমরা দেখছি যে ২০১১ সালে তাঁরা তখন এগোচ্ছেন, আমরা দেখেছি অন্ধ্রে সব থেকে বেশী বিদ্যুতের জোগান ছিল ৯২.২ ভিলেজেস। বাংলায় ছিল ৫৪.৫ ।আজকে বাংলায় কত জায়গায় বিদ্যুৎ আছে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই এবং আমি বলছি এটাও যদি সত্যি হয়, তাহলে আমি আপনাদের কাছে বলব যে, রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা, যেটা ২০০৫ সালে শুরু হয়েছিল। এটা রাজীব গান্ধী নিজে করেন নি। তাঁর নামে হয়েছিল। রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনায় বি পি এল তালিকার সঙ্গে যাদের নাম আছে,তাদের সেখানে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার দায়িত্ব। আপনি তখন বিদ্যুৎ মন্ত্রী ছিলেন না, বিদ্যুৎমন্ত্রী অন্য একজন ছিলেন। আপনার ওখানেই বসতেন। আমি তাঁকেও এইকথা বলেছিলাম যে এখানে বি পি এল তালিকায় যাঁরা ছিলেন এবং ব্যাকওয়ার্ড ডিস্ট্রিকট বাংলায় ১১ টাকা ব্যাকওয়ার্ড ডিস্ট্রিকট আছে। এই ১১টা ব্যাকওয়ার্ড ডিস্ট্রিকটে সেখানে বিদ্যুৎ পৌছে দেওয়া হয়েছিল। আমি নিজেও জানি, একটা জায়গায় দুটো বাড়ী আছে বি পি এল তালিকায়, পাঁচটা পোস্ট গেছে। ইট ওয়াজ দ্য অর্ডার অফ দি দেন ইউ পি এ গভর্নমেন্ট। যে যেখানে কম দু একজন থাকবে, সেখানেও বিদ্যুতের খুঁটিটা যেন যায়। এখনও হয়ত কিছু কিছু জায়গা বাকি আছে, তার জন্য আমরা আছি। তার জন্য আমরা কাজ করার কথা বলি। আমি আপনাদের কাছে এই কথা বলব যে, এই অবস্থার মধ্য দিয়ে আপনারা বলছেন যে বাংলায় আমরা কিছু করিনি। যা করেছেন আপনারাই করেছেন। আমি তাঁদের কাছে শুধু এইটুকুই বলব যে এই কাজগুলি কিন্তু ১৯৫০ সালের পর থেকে আস্তে আস্তে এগোতে এগোতে আমরা এখানে এসে পৌছেছি এবং তার জন্য যদি রাজ্য সরকার বর্তমান রাজ্য সরকার ৬ বছরের মধ্যে কিছু কাজ করে থাকেন তাহলে তাদের ধন্যবাদ দেব,কিন্তু দেওয়ার আগে একটা কথা বলব যে দিদেন কংগ্রেস সরকার এবং পারলে রাজীব গান্ধীর ছবিটায় একটা মালা দিয়ে তারপর শ্যামলবাবু যদি বলেন, তাহলে বোধহয় ভালো হবে। আর একটা কথা আপনাদের কাছে বলব যে এখন কি হচ্ছে। আমি আপনাদের কাছে বলছি যে, আপনারা বলছেন বিদ্যুৎ দিচ্ছেন, সব কিছু হচ্ছে, কিন্তু হতে গিয়েও আপনাদের কয়েকটা জায়গার ব্যাপারে বলুন। সাঁওতালডিহির কি অবস্থা দেখুন। বর্তমানে তো সাঁওতালডিহি বন্ধ হবার মুখে। এমন অবস্থা তৈরি হচ্ছে আপনি তো জানেন যে আপনাদের কাছে একটা কোর্টের রায় এসেছে। পূর্বাঞ্চলের দূষণ পর্ষদ থেকে কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্রের তিনটি ইউনিট বন্ধ করে দিতে বলেছে। আমি যেটা কাগজে দেখেছি সৌর বিদ্যুতে যোগ দিতে চিঠি কেন্দ্রের, এটা যেমন বলছি, ঠিক তেমনি আপনারা যেটা রেনোভেশানের কথা বলছেন, সেই ব্যাপারে আপনাদের আমি কি বলছি- তাঁরা বলছেন যে এত বেশী করে দূষণ হচ্ছে, তাতে পূর্বাঞ্চলীয় দূষণ রক্ষা পর্ষদ থেকে একটা রায় বেরিয়েছে।

এটাতে আপনাদের বিরুদ্ধে আমি বলছি না যে, এটা আপনাদের জন্য হয়েছে। আমি বলছি যে এটার ফলে তিনটি ইউনিটকে রেনোভেশন করতে বলেছে। আমি জানি না তার কতদুর কি হয়েছে। কোন জায়গায় গিয়ে এটা দাঁড়িয়েছে। কি করবেন আপনারা?

আল্টিমেটলি কি সব কিছু বন্ধ হয়ে যাবে ? তারপর আমি আপনাদের কাছে আরেকটি কথা বলব। সেটা হ'ল যে, আপনারা বলছেন, আপনারা অল্টার্নেটিভ বিদ্যুৎ করছেন। নন্ কনভেনশনাল এনার্জির কথা বলছেন। আমি আপনাদের কাছে বলছি, নন্ কনভেনশনাল এনার্জির ব্যাপারে বললেই বলবেন ওরা কিছু করেনি, এরা কিছু করেনি ইত্যাদি ইত্যাদি। নন্ কনভেনশনাল এনার্জি তো আজকে ভীষণভাবে প্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে এবং আমাদের রাজ্য, আমরা কোন কোন জায়গা থেকে নন্কনভেনশনাল এনার্জি পেতে পারি ? আমরা সমুদ্রের ধার থেকে পেতে পারি, আমরা বড় নদীর ধার থেকে পেতে পারি। আমি অস্ট্রেলিয়ার সঙ্গে তুলনা করছি না, পৃথিবীর অন্যান্য দেশের সঙ্গে তুলনা করছি না। আমি আপনাদের কাছে বলছি যেখানে উইন্ড থেকে মানে বাতাস থেকে নন্কনভেনশনাল এনার্জি তৈরি হয়। আবার নন্কনভেনশনাল এনার্জি হাইড্রোলিক পাওয়ার থেকেও হ'তে পারে। সোলার থেকেও হ'তে পারে। সব থেকে আপনারা যেটা এগিয়েছেন, একটু হ'লেও যেটা এগিয়েছেন, সেটা হ'ল সোলার পাওয়ার তৈরি করার চেষ্টা করছেন। এই সোলার পাওয়ার তৈরি করতে গেলে তার জন্য যে মেকানিজম দরকার সেই মেকানিজম কিন্তু টোটালি আপনারা হয় খুঁজে পাচ্ছেন না, নয় তৈরি করতে পারছেন না - যে কোনো কারণেই হোক, হচ্ছে। এর আগের যিনি মন্ত্রী ছিলেন তিনি বলেছিলেন, আমি স্কুলগুলোতে সোলার এনার্জি দিয়ে আলো জ্বালাবার ব্যবস্থা করবো, তাদের চাহিদা মেটাবার ব্যবস্থা করবো।' এক-একটা ব্লকে কিম্বা এক-একটা অ্যাসেম্বলি কনষ্টিটুয়েন্সিতে বলেছিলেন, আপনারা দুটো করে নাম দিন। হয়েছে সেই জায়গাতে। আমি আপনাদের কাছে বলছি যে, এখন যে অবস্থা হয়েছে, তাতে সোলার এনার্জি কি বাড়ছে না ক্রমশঃ কমছে ? সোলার এনার্জি বাড়ছে। তাই যদি হয়, তাহলে কত মেগাওয়াট বাড়ছে ? আমরা তো একটা পরিমাণে যাবো। কিন্তু আমি যতদূর জানি, মহারাষ্ট্র বা গুজরাটের মত স্টেট আমাদের থেকে নন কনভেনশনাল এনার্জিতে ওরা অনেক বেশি এগিয়ে। এটা কি করে সম্ভব হচ্ছে ? এটা কেন হচ্ছে ? কেননা, আমরা পারছিনা যেতে সেই জায়গায়। ফলে আমি ধারাবাহিকতার পেছনে আপনাদের যে ছোটা, সেই ছোটাকে আপনারা গ্রহণ করছেন এবং এটার বিরুদ্ধেই আমার কথা বলা। সৌর বিদ্যুতে জোর দিতে আপনাদের কাছে কেন্দ্র চিঠি দিয়েছে, তারা টাকা দিচ্ছে। কেন্দ্র চিঠি দিচ্ছে আপনাদের যে, সোলার এনার্জি আপনারা তৈরি করুন। কিন্তু আপনারা সোলার এনার্জি তৈরি করতে কতটা ইনিশিয়েটিভ নিয়েছেন, তার কোনো লক্ষণ এখনো পর্যন্ত - আপনি এক বছর এসেছেন, তার লক্ষণ কিন্তু খুব বেশি করে পাওয়া যায়নি। আমি আপনাদের কাছে বলছি যে, অপ্রচলিত শক্তি মন্ত্রক চাইছে ২০১৯ সালের মধ্যে দেশের বন্টন সংস্থাগুলির গ্রীডে সৌর অপ্রচলিত শক্তির মিশ্রনের জন্য ১৭ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা করতে বলছে। আর ২০১৭-১৮ সালের অর্থবর্ষের যে লক্ষ্যমাত্রা ধরা হয়েছে সেটা হ'ল ১৪.২৫%। আমি আপনাদের কাছে এটুকু বলব, এটা ছাড়া কিন্তু আমাদের কাছে কোনো পথ নেই। এটা ছাড়া শুধুমাত্র বাংলার নয়, সারা ভারতবর্ষের বাঁচার কোথাও কোনো রাস্তা নেই যদি নন্কনভেনশনাল এনার্জির দিকে আমরা না যাই। আমি স্যার আপনার অনুমতি নিয়ে আরো দু-একটি কথা মাননীয় মন্ত্রীকে বলতে চাই। সেটা হচ্ছে যে, আপনারা আরেকটি কাজ করছেন, এটা করা ঠিক হচ্ছে কিনা আমি জানিনা। বিদ্যুৎ দপ্তরের বিজ্ঞাপন ব্যবহার করে আয় বৃদ্ধিতে সায় দিয়েছেন। এটা কি সত্যি হচ্ছে ? আমি জানিনা। বিদ্যুৎ দপ্তরের বিজ্ঞাপন ব্যবহার করে আয় বৃদ্ধিতে সায় দিচ্ছেন, আমি এটাও জানিনা। পরের কথা স্যার আমি আপনাদের সামনে বলছি।

[2:40 – 2.50 p.m]

এবারে সব থেকে দুঃখের কথা আমাকে কেন বলতে হবে ? মাননীয় রাজ্যপালের যে ভাষণ, তার জবাবী ভাষণে মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি নিজেও স্বীকার করেছেন - লো ভোল্টেজ। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে লো ভোল্টেজ হচ্ছে। আমি এতদিন পর্যন্ত বিধানসভায় আছি ..... (গোলমাল) ..... কি বলছেন ? কি বলছেন ? মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন লো ভোল্টেজ হচ্ছে। সত্যটা সত্য, বাস্তবটা বাস্তব। স্যার, আমি আপনাদের কাছে এই কথা বলবো মাননীয় বিদ্যুৎমন্ত্রী আপনি তো জানেন লো-ভোল্টেজ তার সাথে আর একটা জিনিস জড়িয়ে আছে, সেটা হলো ট্রান্সমিশন লস্। আমরা যে যে বিষয়গুলোর উপর জোর দিই তার মধ্যে ট্রান্সমিশন লস্ আমাদের রাজ্যে এত বেশী কেন ? ট্রান্সমিশন লস্ আমাদের রাজ্যে এত বেশী কেন, তার প্রধান কারণ হচ্ছে আমরা পুরনো তার ব্যবহার করছি। আমরা বিদ্যুতের উৎপাদন বাড়াচ্ছি, কিন্তু বিদ্যুতটা এখান থেকে ১০ কিমি দূরে যাবে, তার যাওয়ার যে তারটা সেই তারটা যদি অত্যন্ত দুর্বল এবং পুরনো তার হয় তার মধ্যে দিয়ে সেই চলাচল শক্তিটা সমানভাবে পৌঁছবে না। ট্রান্সমিশন লস্ হবেই। ...(হইচই)... আমি যেটা বলছি এটা কিন্তু চিৎকার চেঁচামেচি করে বন্ধ করা যাবে না। শোভনদাকে দিয়ে কাজ করিয়ে বন্ধ করতে হবে। অন্য কোন ভাবে যাবে না। সুতরাং কাজ যদি না করতে পারেন, আপনার ইঞ্জিনিয়াররা যদি কাজ না করতে পারেন আর আপনার দপ্তরকে যদি টাকা না দেন, ওই টাকা না দিয়ে ওই হিসাব দেন তাহলে যা চলছে তার থেকে আরও বেশি চলবে, তাকে বন্ধ করার ক্ষমতা এই সরকারের কোন দিন হবে না। আমি আপনাদের কাছে আর একটি কথা বলতে চাই সেটা হলো যে, লো ভোল্টেজের ব্যাপারে আপনারা কি পরিকল্পনা করেছেন সেটা বলবেন। আর একটা আমার শেষ কথা আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে অন্ধ্রে এগ্রিকালচার, মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করছি অন্ধ্র বিনা পয়সায় বিদ্যুৎ দিচ্ছে চাষীদের। অন্যান্য রাজ্যও বিনা পয়সায় বিদ্যুৎ দিচ্ছে চাষীদের। আমি বক্তৃতা করার আগে প্রতিমা রজক আমার হাতে একটা কাগজ ধরিয়ে দিয়ে গেল, ওর ওখানে বিদ্যুতের জন্য একটা জায়গাতে অনেক টাকা বাকি পড়ে আছে, এবং তার মধ্যে আপনাদের ইন্টারেস্টের টাকা অনেক বেশি। ওরা বলছে আমরা আসলটা দিচ্ছি, ইন্টারেস্টের টাকা দিতে পারছি না। আজ আপনাদের কাছে আবেদন জানাই পশ্চিমবাংলায় অনেক করছেন, অনেক ক্লাবকে টাকা দিচ্ছেন, কৃষকের বিদ্যুতে ভরতুকি দিয়ে কৃষকদের যাতে টাকা দিতে না হয় অন্ধ্র যদি পারে, আপনারা সেই কাজ করুন। এই আবেদন আমি আপনাদের কাছে রাখছি। এই কাজটা করার জন্য আমি আপনাদের কাছে অনুরোধ করবো। এ্যাট দা সেম টাইম ...(হইচই)... কিষাণ ক্রেডিট কার্ডে বিদ্যুতের কথা নয়, আমি যা বলছি, আমি আপনাদের কাছে বলছি এই বিদ্যুতকে ফ্রী করতে হবে, তার ব্যবস্থা করুন। এবং শেষ কথা স্যার, ভাঙড় নিয়ে অনেক কথা হয়েছে। আপনিও বলেছেন, আমি আপনার স্টেটমেন্ট পড়ছিলাম, আপনি বলেছেন আমরা সিপিআই এমের মতো করবো না, নিজেদের কথায় চলবো। অত্যাচার নয়, অবিচার নয়, দুজন ছেলেকে এই সরকার খুন করেছে, আর যেন খুন না হয়। পাওয়ার গ্রিড বন্ধ করে আপনারা কাজ করুন। এই কথা বলে এই বিদ্যুত বিলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে ৪৩ নম্বর দাবি Power and Non-conventional Energy Sources Department-এর যে বাজেট পেশ করা হয়েছে, আমি এবং সেই বাজেটের আলোচনায় যাঁরা অংশগ্রহণ করেছেন, শ্রী খগেন মুর্মু, শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা, শ্রীমতী জাহানারা খান, শ্রী শ্যামল মন্ডল, শ্রী সমীর কুমার জানা, শ্রী অসিত মিত্র প্রত্যেককেই ধন্যবাদ জানাচ্ছি যে, তাঁরা যথাসম্ভব চেষ্টা করেছেন, বিদ্যুৎ সম্পর্কে আলোচনা করার জন্য। বিদ্যুৎ এমন একটি দপ্তর যে দপ্তরকে নিয়ে আমার মনে হয় কোনো রাজনীতির

জায়গা খুব একটা নেই। এই আলোচনাতে যাঁরা সমালোচনা করেছেন তাদেরও ধন্যবাদ দিচ্ছি, যাঁরা পক্ষে বলেছেন তাঁদেরও ধন্যবাদ দিচ্ছি কারণ, বিধানসভা এমন একটি জায়গা যেখানে আমরা এ কথা বলতে পারি না বলতে চাইও না যে, আমরা সর্বজ্ঞ। পৃথিবীর, সবকিছু আমরা জানি। বিরোধী দলকে তখনই প্রয়োজন হয়, যখন তারা একটা constructive criticism করে এবং সঙ্গে সঙ্গে suggestion দেয় যে, এই কাজকর্মে রাজ্যের উন্নতি হবে কারণ, এখানে সদনে যারা আমরা আছি, তারা প্রত্যেকটি মানুষ we are committed to the people of West Bengal. বাংলার মানুষের কাছে আমরা দায়বদ্ধ যে, আমরা এই রাজ্যের মানুষের কল্যাণ করতে চাই এবং যেখানে যেখানে ত্রুটি হবে, most welcome প্রত্যেকটি মেম্বারের কাছে, সেই সমালোচনা আমরা welcome করি এবং ধৈর্য্য ধরে সেই welcome নিয়ে সেই কথাগুলো শুনে পরবর্তীকালে যে ধাপে আমরা যাবো যে পথে আমরা হাঁটবো আমরা নিশ্চয় we will correct ourselves for better society for better living. আমরা নিশ্চয়ই সেই পথে যাবো।

একটা কথা আমি মনে করিয়ে দিতে চাই যে, এই সরকার প্রতিষ্ঠা হওয়ার পর ২০১১ সালে সবচেয়ে বড়ো কথা সরকারের একটা vision থাকে। সে কোনদিকে এগোবে। আর একটা mission থাকে তার মূল বক্তব্যটা কি। আমাদের সরকার মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে তার একটা সম্পূর্ণ পরিকল্পনা আছে। তার একটা দৃষ্টিভঙ্গী আছে, দৃষ্টিকোণ আছে। কোন পথে আমরা এগোবো সেই দৃষ্টিভঙ্গী তাঁর আছে। তার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় তিনটে তাঁর স্বপ্নের পরিকল্পনা ঘোষণা করেছিলেন। প্রথমটা ছিল, সবার ঘরে আলো। 24 x 7 power to all. এই পরিকল্পনা নিয়ে তিনি যাত্রা শুরু করেছিলেন। কখন যাত্রা শুরু করেছিলেন ? যখন আমাদের রাজ্যে বিদ্যুৎ পৌঁছেছিল মাত্র ৫৫ ভাগ। অসিত মিত্র এক্ষুনি বলেছেন বোধহয়, ৫৪ দশমিক কত পারসেন্ট গ্রামে বিদ্যুৎ গিয়েছিল। একটা কথা মনে রাখতে হবে। আমি উল্টোদিকে অনেকদিন ছিলাম। ১৯৯১ সাল থেকে আমি ছিলাম এখানে। তখন একটা প্রবণতা ছিল যে, গ্রামে একটা পোল ঢুকিয়ে দিয়ে বলা হত গ্রামীণ বিদ্যুৎ হয়ে গেছে। মমতা বন্দ্যোপাধ্যায় কিন্তু সম্পূর্ণ অন্য দৃষ্টিভঙ্গী নিয়ে চলেন। এই ভাবের ঘরে চুরি করে, অথবা নিজেকে ঠকিয়ে এই রাজনীতিতে বিশ্বাস করেন না। তিনি বলেছেন, গ্রামে বিদ্যুৎ মানে গ্রামের প্রত্যেকটি মানুষকে বিদ্যুৎ দেওয়া। যাঁরা আগ্রহী যাঁরা নিতে চান তাদের প্রত্যেকটি মানুষকে বিদ্যুৎ দেওয়া। আমরা সেই ক্ষেত্রে আজকে আমার বাজেট বক্তৃতার শুরুতে আপনারা দেখেওছেন যে, তিনটে যে তিনি ঘোষণা করেছিলেন, একটা সেচবন্ধু, একটা আলোশ্রী এবং একটা সবার ঘরে আলো। আমরা সেই সবার ঘরে আলো যে প্রকল্প তাতে একটা জায়গায় পৌঁছেছি। আমি তার আগে একটি কথা আপনাদের বলতে চাই, সেটা হল যে, বর্তমানে যে সরকারে কাজ করছি আমরা এর আগে বিদ্যুতের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে অর্থ বরাদ্দ করতেন, সেটা কি মোডে পেতাম আমরা ? যেমন ধরুন রাজীব গান্ধীর কথা এক্ষুনি অসিত মিত্র বলেছেন। যে রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা তাতে গ্রান্ট আসতো ৯০%, ১০% স্টেট লোন দিত। রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা সেটা হল 10th Plan. 11th Plan-এও একই গ্রান্ট আসতো ৯০%, স্টেট থেকে দেওয়া হত ১০%। রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনায় 12th Plan-এও একই ব্যাপার ছিল, ৯০% এবং ১০%।

[2:50 – 3.00 p.m]

দুর্ভাগ্যের কথা যে আজকে আমাদের মুখ্যমন্ত্রী তীব্র প্রতিবাদ করছেন বিভিন্ন বিষয়ে কেন্দ্রীয় সরকারের এই ধরণের প্রকল্প যা মানুষকে স্পর্শ করছে, দরিদ্র মানুষকে স্পর্শ করছে, সমাজের সব থেকে পিছিয়ে পড়া মানুষকে স্পর্শ করছে, সেই পরিকল্পনাগুলোতে কিভাবে অর্থ কমিয়ে দিলেন। আপনাদের জানা উচিত যে আমরা আজকে কোন পরিস্থিতিতে দাঁড়িয়ে এই বিদ্যুত দপ্তর

অথবা অন্যান্য দপ্তরগুলো চালাচ্ছি। আজকে বি আর জি এফ, এই বি আর জি এফ - ব্যাকওয়ার্ড রিজিওন গ্রান্ট ফান্ড যেটা ছিল, তাতে শুধু হানড্রেড পারসেন্ট সেন্ট্রাল গ্রান্ট ছিল। কিন্তু বর্তমানে যারা কেন্দ্রীয় সরকার চালাচ্ছেন, এই সরকার আসার পর, আপনারা দেখেছেন, নতুন যে স্কিম, নতুন যে প্রকল্প, সেই প্রকল্পের নাম হল ডি ডি ইউ জে ডি জে ওয়াই, দীন দয়াল উপাধ্যায় গ্রামীণ বিদ্যুৎ যোজনা, তাতে সম্পূর্ণ জিনিসটাই পাল্টে গেল - তাতে সিক্সটি পারসেন্ট দেবে কেন্দ্রীয় সরকার, একেবারে ড্রাস্টিকালি, হানড্রেড থেকে এবং নাইন্টি থেকে চলে গেল সিক্সটি পারসেন্টে। টোয়েন্টি ফাইভ স্টেট কন্ট্রিবিউট করবে, আর ইউলিটি যারা চালাচ্ছেন দপ্তর, তারা দেবেন ফিফটিন পারসেন্ট। আর একটি স্কিম,আই বি জি এ, সেন্ট্রাল ফান্ডিং,এদের দেখা যাচ্ছে, একইভাবে বিদ্যুৎ এর মতন অতি প্রয়োজনীয় যা সভ্যতাকে এগিয়ে নিয়ে যায়, যা মানুষের জীবন ও জীবিকাকে এগিয়ে নিয়ে যায়, সেই দপ্তরের ক্ষেত্রেও একইভাবে দেখা যাচ্ছে স্যার, গ্রান্ট সিক্সটি পারসেন্ট করে দেওয়া হল, এবং টোয়েন্টি ফাইভ পারসেন্ট স্টেট কন্ট্রিবিউশান এবং ইউলিটি দেবে ফিফটিন পারসেন্ট। আমরা এসত্ত্বেও আপনাদের কথা দিচ্ছি, যে আমাদের দপ্তর যে ভাবে কাজ করছেন, কেন্দ্রীয় সরকার বলেছেন ২০১৮সালের মধ্যে গ্রামীণ বিদ্যুতায়নের কাজ শেষ করতে হবে। আমি আপনাদেরকে এ্যাসিওর করছি যে ২০১৭র মধ্যেই আমরা গ্রামীণ বিদ্যুতায়নের কাজ, ভিলেজ ইলেকট্রিফিকেশান বলতে যা বোঝায়, আগের মত একটা খুঁটি পুঁতে নয়, প্রতিটি মানুষ যারা আবেদনকারী, প্রত্যেকটি মানুষের ঘরে আমরা বিদ্যুৎ পৌঁছে দিতে পারব, আমি আপনাদের কাছে বলব, আপনারা আমাদের বইতে দেখেছেন যে ১৪টি বিদ্যুৎবিহীন গ্রাম ছিল। এই মুহূর্তে এখানে দাঁড়িয়ে বলছি, তার মধ্যে ১০টির কাজ প্রায় পরিসমাপ্তির মুখে। ইনফ্রাস্ট্রাকচার কমপ্লিট হয়ে গেছে। ৪টির কাজ বাকি আছে। কোন জায়গায়। যেখানে আপনারা ভেবেছিলেন, বামফ্রন্টের লোকেরা ভেবেছিল, যে কোনদিনই ঐ দ্বীপগুলো, সুন্দরবনের দ্বীপগুলোতে বিদ্যুৎ দেওয়া যাবে না। সেখানে সোলার পাওয়ার দিয়েছিলেন, কিছুদিন পর সেই সব সোলার পাওয়ার নষ্ট হয়ে গেছে, মেনটেনান্স-এর অভাবে, যে কোনো কারণেই হোক। আমরাও ঠিক করেছি, মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন যে কোলকাতার মানুষ যে কোয়ালিটির আলো পায়,প্রত্যন্ত পুরুলিয়া গ্রামের শেষ প্রান্তে যে মানুষটি থাকবে বা পাহাড়ের শেষ প্রান্তে যে মানুষটি থাকবে সেই মানুষটিকে পর্য্যন্ত ইক্যুয়াল অথাৎ সম পরিমাণ কোয়ালিটি পাওয়ার পৌঁছে দিতে হবে। সেই পরিমাণ বিদ্যুৎ পৌঁছে দিতে হবে। সেই কোয়ালিটির বিদ্যুৎ পৌঁছে দিতে হবে। অসিত মিত্রকে বলি, আমি আপনার সমস্ত প্রশ্নের উত্তর। পরে দিচ্ছি। এখন পর্যন্ত আমরা ৯৯.০৮ পারসেন্ট গ্রামীণ বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছি। তারপরে যেটা ডেভলপমেন্ট হয়েছে যে ফিফটি নাইন বা ৫৯টি আংশিক যে বিদ্যুতায়নের কাজ বাকি ছিল, ৫৯টি গ্রামে, সেখানেও আমরা অলরেডি প্রায় ৪০টি গ্রামের কাজ পরিসমাপ্ত করতে পেরেছি। সামান্য কিছু কাজ বাকি আছে। এতদসত্ত্বেও বলতে চাই আপনাদের কাছে গ্রামীণ বিদ্যুতের কথা যেটা কিনা কেন্দ্রের সরকার ২০১৮র কথা বলেছেন, ২০১৭র মধ্যেই আমাদের দপ্তর সম্পূর্ণ করে দেবে বলে আমি আপনাদের কাছে বলেছি। আমি একটা কথা কাটমোশানে দেখছিলাম অসিত মিত্রের যে আপনি বলেছেন, নীতির কথা বলেছেন। বন্টনের নীতি, উৎপাদনের নীতির কথা বলেছেন। আমি সেই ব্যাপারে একটা কথা বলতে চাই আপনাকে, যে নীতি বলতে কি বোঝায়, আমার বিদ্যুৎ-এর উৎপাদন বাড়াতে হবে। আমি কতটা বাড়িয়েছি, আপনাকে বলি। বন্টনের কথা এতক্ষণ বললাম আপনাকে, কি পরিমাণ বিদ্যুৎ কোন জায়গায় পৌঁছেছে বিদ্যুৎ বন্টনের ক্ষেত্রে। নীতি মানে তো আক্ষরিক অর্থে কিছু লেখা কথা নয়।

নীতি মানে সেটাই যা আমি প্রয়োগ করে মানুষকে দেখাতে পারব। নীতি কোনো ইওটোপিয়ানস ওয়ার্ড নয়, নীতিকে বলি হোয়াট ইজ প্র্যাকটিক্যাল, আমি কতটা মানুষের কাছে

পৌঁছাতে পারব সেটাই আমার নীতি। সেই নীতির ভিত্তিতে আপনাদের আমি বলি, একটু আগে জাহানারা দেবী বলছিলেন ২০১১ পর্যন্ত আমাদের রাজ্যে কত বিদ্যুতের উৎপাদন ছিল, ৫৫২৫ মেগাওয়াট। এটা আপনি যে সময় উল্লেখ করছিলেন সেই '৫৫ সালে কত সেটা উল্লেখ করছিলেন। ঠিক তখন থেকে সমস্ত উৎপাদন ধরে আমার রাজ্যে এক্সক্লুডিং সেন্ট্রাল অ্যাসিস্টেন্স যেটা আমরা ডি ভি সি অথবা এন টি পি সি থেকে পাই, সেটা বাদ দিয়ে তখন ছিল ৫৫২৫ মেগাওয়াট। আমরা মাত্র পাঁচ বছরে সেই উৎপাদনকে নিয়ে গিয়েছি ৮১১৪ মেগাওয়াট। আমার কাছে তথ্য রয়েছে। কেন্দ্রীয় সরকারের থেকে এটা বেরিয়েছে। আমরা দেখছিলাম যে ভারতবর্ষের প্রায় প্রত্যেকটি রাজ্যের তুলনায় আমাদের রাজ্যের উৎপাদন যেটা স্টেটের উৎপাদন, সেন্ট্রাল অ্যাসিস্টেন্স ছাড়া, তাতে যে দুটি রাজ্য প্রথম - মহারাষ্ট্র এবং আমরা, প্রায় কাছাকাছি এবং আমাদের স্টেটের নিজস্ব উৎপাদন, আর সমস্ত রাজ্যে কেউ অন্ধ্রের কথা বলছেন, কেউ কর্ণাটকের কথা বলছেন, আর সমস্ত রাজ্য আমাদের রাজ্যের থেকে অনেক পিছনে আছে। যেখানে মাত্র পাঁচ বছরে আমরা সেই জায়গা অতিক্রম করতে পেরেছি। আমাদের কনজিউমার কি পরিমাণ বেড়েছে আমাদের অন্যান্য বক্তারা বলেছেন। ২০১১ সালের মে মাসে ছিল ৮৫.৬৫ লক্ষ অর্থাৎ ৮৫ লক্ষ ৬৫ হাজার মাত্র পাঁচ বছরে। আপনারা ভাগ করুন না রেসিও, প্রোপোরসান। এই দীর্ঘ সময়ে যে '৫৫সালের কথা বলছেন, নাকি আরো স্বাধীনতার আগের কথা বলছেন জানি না। এই দীর্ঘ সময়ে যদি '৫২ সাল থেকেও ধরি, প্রায় ৫৯ বছরে আপনারা পৌঁছেছেন ৮৫.৬৫ লক্ষ। মাত্র পাঁচ বছরে আমরা সেই বিদ্যুৎকে পৌঁছে দিয়েছি কোথায় - ১ কোটি ৭২ লক্ষ ৩৬ হাজার মানুষের কাছে। এর কোনো তুলনা আছে ভারতবর্ষে ? ভারতবর্ষের কোনো রাজ্যে এই গতিতে এত কাজ হয়েছে, একটা রাজ্যের নাম যদি কেউ করতে পারেন তাহলে আমি এক্ষুনি এখানে বসে পড়ব। এর থেকে দ্রুত গতিতে কোনো রাজ্য সরকার বিদ্যুৎ দিতে পেরেছেন তার গ্রামের মানুষকে ? একটু আগেই আমি বলেছি, ৯৯.০৮ পারসেন্ট পৌঁছে গেছে, ২০১৭-এর মধ্যে বাকি বিদ্যুৎ আমরা পৌঁছে দিতে পারব। এখানে শিল্পের কথাও কেউ কেউ বলেছেন। আমরা এটা ভুলে যেতে চাই না, আমাদের রাজ্যের প্রায় সব কটি বড় শিল্প বন্ধ হয়েছে বামফ্রন্টের আমলে। সেটা গেষ্টকিন উইলিয়ামস বলুন, হিন্দ মোটর বলুন, জেশপ বলুন, যতগুলো বড় বড় কলকারখানা সব বন্ধ হয়ে গেছে বামফ্রন্টের আমলে। লোড শেডিংয়ের সরকার, আর নেই দরকার - একই কথা বার বার বললে ব্যথা পাবেন ওনারা। তখন মানুষের খুব দুর্দশা ছিল। বিদ্যুৎ একটা মূল বিষয়। শিল্পের একটা মূল বিষয় হল বিদ্যুৎ। বিদ্যুৎ ছাড়া শিল্প হবে না। আমি একটা কথা বলি আপনাদের কাছে, আপনাদের একটা কথা জেনে নেওয়া দরকার যে ইন্ডাস্ট্রিয়াল কনজিউমার আমাদের রাজ্যে কতটা বেড়েছে এই মাত্র পাঁচ বছরে। কমার্শিয়াল কনজিউমার বেড়েছে কত - ২০১১তে ছিল ৮ লক্ষ ৮৮ হাজার ৮৯। ২০১৭-র জানুয়ারিতে হয়েছে ১৪ লক্ষ ৭৬ হাজার ৫০৩। সবচেয়ে ইমপর্টান্ট হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল কনজিউমার, সেটা বেড়েছে আমাদের রাজ্যে প্রায় ১৯,৩৩৩। ১৯,৩৩৩ টি ইন্ডাস্ট্রিয়াল কানেকশান আমরা মাত্র পাঁচ বছরে দিয়েছি। একটা কথা মনে রাখবেন, এখানে। কেউ বলতে পারেন, আর একটা জি কে ডব্লু কেন হয়নি, আর একটা হিন্দ মোটর কেন হয়নি। আমি শুধু নয়, আমার রাজ্যের সরকার বলুন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শুধু নয়, সারা ভারতবর্ষের অভিমুখ এখন কোন দিকে, সারা ভারতবর্ষের অভিমুখ হচ্ছে মিডিয়াম এ্যন্ড স্মল ইন্ডাস্ট্রি। কেন।

[3:00 – 3.10 p.m]

মিডিয়াম এন্ড স্মল ইন্ডাস্ট্রি এইজন্য এমপ্লয়মেন্ট জেনারেশানটা এখন হেভি ইন্ডাস্ট্রিতে কম হয়। যেহেতু এখানে উন্নত প্রযুক্তি ব্যবহৃত হয়, সেইজন্য সেখানে মানুষ কম লাগে। মিডিয়াম এন্ড স্মল ইন্ডাস্ট্রির ব্যাপারে আজকে কেন্দ্রের প্রধানমন্ত্রীকেও বলতে হচ্ছে, মমতা বন্দোপাধ্যায় তাই

প্রথম থেকেই মাঝারি এবং ছোট শিল্পের উপরে গুরুত্ব দিচ্ছে, সেই ক্ষেত্রে আমাদের ভারতবর্ষের অনেক রাজ্যকে আমরা ছাড়িয়ে গিয়েছি। একটু আগে লো ভোল্টেজের কথা একজন বলছিলেন, অসিত বাবু আপনি আজকে যা ভাবেন, তার অনেক আগেই মমতা বন্দোপাধ্যায় ভেবেছেন। আপনি দেখেছেন, কয়েকদিন আগে একটা বিলও এসে গেল, একটা বিলের সঙ্গে ট্রান্সপারেন্সির কথা যুক্ত হয়েছে। তাঁর সাহস আছে তাই তিনি রাজ্যপালের বক্তৃতাতেও লো ভোল্টেজের কথা বলেছেন। কোন সরকারের সাহস আছে বলবার যে আমার এটা দুর্বলতা। ভারতবর্ষের একটা মুখ্যমন্ত্রীর নাম বলুন, যে তিনি তাঁর নিজের দুর্বলতার কথা প্রকাশ্যে বলবেন। আমাদের ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এই লো ভোল্টেজটা কত দ্রুততার সঙ্গে মোকাবিলা করতে পারবে তার জন্য লো ভোল্টেজ মিটিগেশান প্ল্যান্ট আমরা অলরেডি করে ফেলেছি।

মিঃ স্পীকার : With the consent of the House time extended for ten minutes.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আমি আপনাদের বলি মমতা বন্দোপাধ্যায়ের স্বচ্ছতা কোন জায়গায়, আমরা আমাদের দুর্বলতার কথা বলেছি। কিন্তু এটা আমাদের পরিস্থিতির চাপ, যে দ্রুততার সঙ্গে তার নিয়ে যাওয়া যায় গ্রামের শেষ প্রান্ত পর্য্যন্ত, সেই দ্রুততার সঙ্গে কিন্ত সাব-স্টেশান তৈরি করা যায় না। যত মেগাওয়াট আমি করব, তার উপর নির্ভর করে একটা সাব-স্টেশান করতে কত সময় লাগবে। মোটামুটি একটা সাব-স্টেশান করতে দু-থেকে আড়াই বছর সময় লাগে। তা সত্ত্বেও আমি আপনাদের বলি বিগত পাঁচ বছরের মধ্যে আমরা ১১৯টা নতুন ৩৩/১১ কেভি সাব-স্টেশান তৈরি করেছি। আর যেগুলোকে হাই-ভোল্টেজ সাব-স্টেশান বলা হয় সেটা আমরা করতে পেরেছি ১৭টি। আমাদের আরও অনেক তৈরি করতে হবে, আমাদের টার্গেট আছে এই পশ্চিমবাংলায় ১৭৫টি সাব স্টেশান তৈরি করার। আমার বলতে কষ্ট হয়, বামফ্রন্টের আমলে একটা সময় ছিল যখন লাইটের তলায় কেরোসিন তেলের আলো জ্বালিয়ে বই পড়তে হত। এমন কথাও প্রচলিত ছিল, বিড়ির আলো জ্বললে যতটা আলো হয়, তার থেকেও নাকি কম জোর ছিল লাইটের আলো। সেই অবস্থা আজকে আর নেই। সেই জায়গা থেকে অনেক উন্নত জায়গায় আমরা নিয়ে গিয়েছি। স্যার, এরপরে কয়েকটি বিষয় উত্থাপন করা হয়েছে আমি তার উত্তর দেব। আমাদের এই কর্মকান্ডকে দেখে সারা ভারতবর্ষের মানুষ স্বীকৃতি দিয়েছেন আমাদের। আমরা চাই বাংলায় সত্যিকারের পাওয়ার হাব তৈরি করতে। আমরা বাংলাদেশকে বিদ্যুৎ দিচ্ছি এবং আগামী দিনেও দিতে চাই। আমরা নেপাল, ভূটান সহ নর্থ ইস্টের ছোট ছোট রাজ্যগুলোকে বিদ্যুৎ দিতে চাই। Already we are surplus in power. আমাদের যা প্রয়োজন তার থেকে আমরা এখন অনেক বেশি বিদ্যুৎ উৎপাদন করছি। ২০১১ সালে আমাদের রাজ্যের পিক ডিমান্ড ছিল্ ৪,০৪১ মেগাওয়াট। আর জানুয়ারি, ২০১৭ সালে আমাদের রাজ্যের পিক ডিমান্ড হচ্ছে ৬,২৩১ মেগাওয়াট।

আমি আপনাদের বলছি,আমরা সেই peak demand meet করি এবং যে কথা শুরুতে ঘোষণা করেছিলেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে, power bank, তার মাধ্যমেই আমরা পশ্চিমবাংলায় আজকে এমন একটা পর্যায়ে পৌঁছাতে চাইছি এবং আগামী দুই-তিন বছরের মধ্যেই প্রায় আড়াই হাজার মেগাওয়ার্ড বিদ্যুতের উৎপাদন বাড়বে। তার মধ্যে অনেকগুলি বিষয় আছে, সেই সময় নেই বলে আমার মনে হচ্ছে। কিন্তু দু'টো জিনিস আমি না বলে পারছি না,একটা হচ্ছে এই যে আমাদের রাজ্যে মমতা বন্দ্যোপাধ্যায় একটি বিদ্যুৎ সহযোগী Apps উদ্বোধন করেছিলেন, আপনাদের মনে আছে। এর মাধ্যমে,এর জন্যে আমরা স্কর্ট Order of merit পুরস্কার পেয়েছে আমার দপ্তর। ভারতবর্ষের ১০০টা এই ধরনের প্রতিষ্ঠানকে বেছে নেওয়া হয়েছিল,কারা পাবে - পশ্চিমবাংলায় আমার DCLঅর্থাৎ ডিস্ট্রিবিউশান কোম্পানি লিমিটেড - এই সম্মান পেয়েছেন।

একই সঙ্গে ডি.সি.এল.যারা বন্টন করে তাদের সঙ্গে আপনাদের কালেকশান সব থেকে বেশি। তারা independent power producer association তারাও আমাদের এই WBSEDCL কে ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ ডিস্ট্রিবিউশান বলে তাকে পুরস্কৃত করেছে। আমি দুটো কথা বলব, অত্যন্ত প্রয়োজন আপনাদের কাছে। আমরা NTPCর কাছ থেকে বিদ্যুৎ নিই। এন.টি.পি.সি. লাগাতার দশ দিন তাদের বিদ্যুৎ উৎপাদন বন্ধ ছিল। বাংলার কোন গ্রামে, কোন জায়গায় এক মিনিটের জন্য load shedding হয়নি। আমাদের যা বিদ্যুৎ আছে, তাই দিয়ে আমরা ম্যানেজ করেছি। কয়েকদিন আগে কলকাতা শহরে, হঠাৎ দেখা গেল হাসপাতাল থেকে আমার কাছে ফোন হল, "শোভনদা,আমাদের হাসপাতালে বিদ্যুৎ নেই।" কি ব্যাপার - Calcutta Electric Supply তাদের বিদ্যুৎ দিতে পারেনি, হঠাৎ তাদের plant বসে গেছে। আমার দপ্তর কোন জায়গায়ে পৌঁছে গিয়েছে ভাবতেই পারবেন না। এই বীভৎস অবস্থায় পাতাল রেলে ট্রেন আটকে আছে, হাসপাতালে operation বন্ধ হয়ে পড়ে আছে, মাত্র ১১ মিনিটের মধ্যে আমার দপ্তর, আবার কলকাতাকে সচল করে দিয়েছে,বিদ্যুতের ক্ষেত্রে কোন অসুবিধা হয়নি। আমরা সেই জায়গায় পৌঁছে গিয়েছি। আজকের প্রয়োজনটাকে meet করব এবং আগামী দিনে, আমাদের যেটা প্রয়োজন আছে, সেটা আমরা করে দিতে পারব। স্যার, খুব তাড়াতাড়ি দুই-একটি কথা বলে শেষ করব। solar বিদ্যুতের ক্ষেত্রে, আমাদের রাজ্যের আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী অত্যন্ত concerned about the pollution. অত্যন্ত concerned about the pollution! কেন ? এটা সারা ভারতবর্ষের সমস্যা নয়, এটা সারা বিশ্বের সমস্যা। সারা বিশ্বের সমস্যা তাই তিনি এর উপরে জোর দিয়েছেন। আমাদের রাজ্যে যাতে দ্রুত, আমরা সেই জায়গায় পৌঁছাতে পারি। বামফ্রন্ট যখন চলে যায়, তখন দুই মেগাওয়াট ছিল সৌর বিদ্যুৎ। এই মুহূর্তে আমাদের ২২.৫ মেগাওয়াট সৌর বিদ্যুৎ করছি। কিন্তু তার সঙ্গে সঙ্গে এত বড় জায়গায় আমাদের জাহানারা'দি বলছিলেন, আমরা সাঁওতালডিহি, মেজিয়া, শালবনী, ঝাড়গ্রাম, আসানসোল এবং সাগরদিঘিতে প্রত্যেক জায়গায় দশ মেগাওয়াট করে আমরা solar powerএর plant বসাব এবং canal bank দশ মেগাওয়াট করে মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় উদ্বোধন করেছেন। আরও কুড়ি মেগাওয়াট canal top আমরা উদ্বোধন করতে চলেছি আগামীদিনে। আমার মনে হয়,যে সমস্ত প্রশ্নের উত্তর দরকার ছিল,আমি সেগুলো দিয়েছি - তবুও আমি একবার দেখে নিচ্ছি। স্যার, হয়ে এসেছে। এছাড়াও solar powerএর উপরে আমরা ৫০০ মেগাওয়াট সোলার পার্ক এর কথা বলেছি, solar dom তৈরি হয়েছে আমাদের, কাজ শুরু হয়ে গেছে আমাদের। আমরা সোলারকে অত্যন্ত গুরুত্ব দিচ্ছি, কারণ একটা কথা জেনে রাখবেন পশ্চিমবঙ্গে wind energyএর ক্ষেত্রে, যতটুকু তথ্য আমরা সংগ্রহ করেছি, এটা খুব একটা ভাল অবস্থায় নেই। অর্থাৎ wind energy এর আগে আমাদের হয়েছে, টু মেগাওয়াট তৈরি করি আমরা। কিন্তু windএর ক্ষেত্রে যতটুকু consistentlyর windএর pressure লাগে, সেই windএর জায়গা এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গে তেমন ভাবে কিছু নেই। .....(নয়েজ)..... বলে দিচ্ছি,স্যার, এই অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, স্টেটে পয়সা নিয়ে ব্যাপার - এটা নিয়ে আমাদের tariff-এর ব্যাপার নয়। আমি এটা বলে দিই। প্রথমত, দাম নির্ধারণের ক্ষমতা রাজ্য সরকারের নেই। যাঁরা চিৎকার করছেন, তাঁদেরকে এটা জেনেই চিৎকার করতে হবে, এটা করে Electricity Regulatory Commission, তারা ঠিক করে দেয়।

[3:10 – 3.20 p.m]

তারা ঠিক করে দেয়। কোন পর্যায়ে আছি আমরা, একটু বুঝে নিন। না বুঝলে কি করে হবে মশাই ?বিধানসভায় জিতে এসেছেন, বুঝতে চাইবেন না ? এমনি বলবেন যে এটা আমরা

জানি না। শুনে নিন একটুখানি। এই সময়ের মধ্যে ২০১১ সালে কয়লার দাম কত ছিল ? ১ হাজার ৯৩০ টাকা। সেই কয়লার দাম বেড়ে কত হয়েছে - জানুয়ারী ২০১৭ - তে ২ হাজার ৮৪৬ টাকা। ভেরিয়েশান কত ? - ৪৯.৮%। তেলের দাম, কয়লা, যা বিদ্যুত উৎপাদনের ক্ষেত্রে main ingredient, তার দাম কত বেড়েছে - ৩৮ হাজার ৩৬৮ কিলোলিটার ছিল, সেটা বেড়ে হয়েছে ৩৯ হাজার ৮৮৫ পার কিলোলিটার। railway freight ছিল কত - ৩৬১, হয়েছে - ৬০৫। clean energy cess- যেটা ৫০ টাকা ছিল, সেটা হয়েছে ৪০০ টাকা। এই মোট ধরলে যেটা variation হয়, automatically আপনাদের বুঝতে হবে তো, এর জন্য আমার কথা অপেক্ষা করে না, আমি কত দাম বাড়াব না কমাব ? Electricity Regulatory Commission তারা এই component গুলোকে ধরে automatically আমাদের কাছে প্রেসার দিচ্ছে আপনারা বিদ্যুতের দাম বাড়ান, বিদ্যুতের দাম বাড়ান। আমি কতবার চেয়ারম্যানকে ফিরিয়ে দিয়েছি যে আমার পক্ষে এই আলোচনা করা সম্ভব নয়। আপনি ফতোয়া নিয়ে আসবেন, আর আপনি বলবেন আমি quasi judicial authority, আমি আপনাকে যা বলব মানতে হবে। আমরা মানতে পারব না। আমরা বাড়াতে দিচ্ছি না। even after that, আমি আপনাকে বলে দিই আমরা এখন কোন্ জায়গায় আছি।

মিঃ স্পীকার : সভায় উপস্থিত সকল সদস্যদের অনুমতিসাপেক্ষে সময় ৫ মিনিট বাড়িয়ে দেওয়া হল।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : ২০০৮-০৯ থেকে ২০১১-১২ পর্যন্ত বিদ্যুতের দাম কত বেড়েছিল? - ২৬৯.২৮ পয়সা গড়ে। আমাদের সময় অর্থাৎ ২০১১-১২থেকে ২০১৬-১৭ পর্যন্ত - আমাদের সময় আপনারা বলছিলেন যে এতবার বেড়েছে, এতবার বেড়েছে, কতবার সেটা প্রশ্ন নয়, কত লোড অন্ দ্য পিউপিল, সেটা হচ্ছে বড় প্রশ্ন - সেক্ষেত্রে আমাদের সময় বেড়েছে ২০১১-১২ থেকে ২০১৬-১৭ পর্যন্ত বেড়েছে ১০৭.৫৫ পয়সা। কোথায় আছি আমরা ? কোথায় আপনারা ছিলেন ? আপনারা বাড়িয়েছেন তো অনেক বেশি অল্প সময়ের মধ্যে। আর এই সময়ের মধ্যে আমরা তো নতুন। এছাড়াও মমতা বন্দোপাধ্যায় প্রায় ৮০০ কোটি টাকার সাবসিডি দিচ্ছেন। ৩ লক্ষেরও বেশি agricultural connection দেওয়া হয়ে গেছে। পারিবারিক কানেকশান, এগ্রিকালচারাল কানেকশান-এই কথাগুলো কেউ বলবেন না। আজকে তাই আমি বলব, সার্বিকভাবে আমাদের এই বাজেট জনগণের বাজেট। আরেকটা কথা অসিত মিত্র বলেছেন এবং জাহানারা বিবিও বলেছেন। এর উত্তর দিয়ে আমি শেষ করব। সেটা হল এই যে, plan fund এবং স্টেটের যেটা net plan fund-এর কথা বলেছেন, এটা আপনাদের বুঝতে হবে। Demand for Grant যেটা হয়, এটা হচ্ছে gross expenditure হয়। এটাকে gross expenditure বলে। এটা এর সঙ্গে এই ১৫শ' ৯০ -এর সঙ্গে ৬২০ কোটি টাকা যেটা অ্যাড করা হয়েছে, এটা হচ্ছে This is the formula for making a plan budget। আমি আপনাদেরকে দেখিয়ে দিচ্ছি। এটা আছে rural development Government of India- এবারের বাজেট ২০১৭-১৮, একটু লক্ষ্য করলে দেখবেন গ্রসে আছে ১.লক্ষ ৭০ হাজার ৪৪১.৮৮ কোটি টাকা। কিন্তু নেট যখন হিসাব হচ্ছে, তার থেকে কত বাদ চলে যাচ্ছে ? - ৬৪ হাজার ৯৯৪ কোটি টাকা বাদ হয়ে যাচ্ছে। এটা হচ্ছে accounting system, budget preparatory system। কত হয়ে গেল ? ১ লক্ষ ৫ হাজার ৪৪৭. ৮৮ কোটি টাকা কারণ এখানে কোন কারচুপির ব্যাপার নেই। যা অর্থনীতির কথা, যে সিস্টেমে বাজেট তৈরি করা হয়, সেই সিস্টেমেই বাজেট তৈরি করা হয়েছে। এর মধ্যে কোন ভুল নেই। তাই আমি বলব, আমি যতটুকু সময় পেয়েছি, তার মধ্যে যতটা বলা সম্ভব, আমি আপনাদের কাছে বলেছি। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে আমি মনে করি যে, আমাদের

সমস্ত বন্ধুরা মিলেই এই কাটমোশন যেগুলো দিয়েছেন, আমি তো বলেই দিলাম, আপনাদের প্রত্যেকটি প্রশ্নের উত্তর দিয়েছি, দয়া করে এই কাটমোশনগুলো তুলে নিন।

এই কাটমোশান-গুলি তুলে নিন এবং সর্বসম্মতভাবে হবে। একটা স্কুল একদিন বন্ধ থাকতে পারবে কিন্তু একটা জায়গায় এক ঘন্টা বিদ্যুৎ বন্ধ থাকতে পারবে না। এই প্রয়োজনীয়তার কথা ভেবে সর্বসম্মতভাবে এই বাজেট পাশ করুন। এই আবেদন রেখে আমি শেষ করছি, ধন্যবাদ।

Mr. Speaker : Now, I put to vote all the cut motions moved.

As many as are of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "No".

Noes have it, Noes have it.

The cut motions are lost.

Mr. Speaker : Now, I put to vote the main demand that a sum of Rs.2818,22,23,000/- be granted for expenditure under Demand No. 43, Major Heads : "2045-Other Taxes and Duties on Commodities and Services, 2575-Other Special Areas Programmes, 2801 - Power, 2810-Non-conventional sources of Energy, 3451-Secretariat-Economic Services, 4801-Capital Outlay on Power Projects and 6801-Loans for Power Projects" during the year 2017-2018. As many as are of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "NO"

Ayes have it. Ayes have it.

Demand No. 43 is passed. Demand No. 43 is passed.

Report of Business Advisory Committee

Mr. Speaker : Hon'ble Members, I beg to present the 16 Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the business for 7th and 8th March, 2017 as follows:

7.3.2017, Tuesday : (i) Demand No.75

Large Industries and Enterprises Department } - 2 hours

(ii) Demand No.40 Panchayat & Rural Development Department } - $2\frac{1}{2}$ hours

(iii) Demand No. 45

Public Health Engineering Department

Demand Nos. 40 and 45 will be discussed together but voting will be done separately.

(iv) Demand No. 25

Public Works Department - 1 hour

8.3.2017	(i) The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2017 (Introduction, Consideration and passing)	
	(ii) The Kolkata Improvement (Repealing) Bill, 2017 (Introduction, consideration and passing)	- 1 hour
	(iii) The Kolkata Metropolitan Water and Sanitation Authority (Repealing) Bill, 2017 (Introduction, Consideration and passing)	

Shri Sobhandeb Chattopadhyay : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ষোলোতম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think, the Motion is adopted. The Motion is adopted. এইটা আমরা আগেই নিয়ে নিচ্ছি। ফুড-টা আমরা পরে নেবে।

Discussion on Demand No. 53

Mr. Speaker : There is one cut motion of Shri Asit Mitra. The cut motion is in order and taken as moved.

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the demand be reduced to Re. 1/-.

Shri Akhruzzaman : মাননীয় স্পীকার স্যার, ২০১৭-১৮ আর্থিক বর্ষের জন্য বাজেটে ৫৩ নম্বর দাবির অধীনে ব্যয়-বরাদ্দের মঞ্জুরী সম্পর্কে পরিবহণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শুভেন্দু অধিকারি যে বাজেট পেশ করেছেন, সেই ব্যাপারে কিছু কথা এই হাউসে বলতে চাই। স্যার, আমি এই বাজেট বরাদ্দে দেখছিলাম, ২০১৫-১৬ আর্থিক বর্ষ, ২০১৬-১৭ এবং এই বছর ২০১৭-১৮ তাতে যেটা দেখলাম যে, প্রতি বছরই প্রায় একশো কোটির ওপরে এই বাজেট বৃদ্ধি করা হয়েছে। এ বছরও সেটা তার ব্যতিক্রম নয়। এ বছরে ১৩৪১ কোটি সত্তর লক্ষ দশ হাজার টাকা এই বাজেটে বরাদ্দ করা হয়েছে। কিন্তু স্যার, একটা কথা এই হাউসে বলতে চাই যে, একটা দেশকে, একটা রাজ্যকে ডেভলপিং স্টেট অর কান্ট্রি হিসাবে বিবেচনা করা হয়, তার জন্য কতগুলো মানদণ্ড আছে। তার মধ্যে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট একটা। কোনো স্টেট কতটা ডেভেলপড সেটা ট্রান্সপোর্টের ওপর, তার মাপকাঠির ওপর নির্ভর করে। তাই আমি সদনে অবগতির জন্য স্যার, ২০১৫ সালে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার একটা তথ্য এই সদনে তুলে ধরতে চাইছি। আমাদের পশ্চিমবঙ্গের যে অবস্থা তাতে আমরা কোন জায়গায় দাঁড়িয়ে আছি?

[3:20 – 3.30 p.m]

সারা ভারতবর্ষে ২৮টি রাজ্য। স্যার শুনে আশ্চর্য হবেন যে ভারতবর্ষের এই ২৮টি রাজ্যের মধ্যে ভেহিক্লসে আমাদের পশ্চিমবঙ্গের স্থান ২৭তম। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ভেহিক্লসের যে রিপোর্ট রয়েছে তাতে কী বলছে ? বলছে, ১ হাজার মানুষ প্রতি যে ভেহিক্লস আছে, "We all know that our country India is a fast developing country and vehicles owners are increasing rapidly". তাহলে স্যার, ভারতবর্ষের ২৮টি রাজ্যের মধ্যে আমাদের রাজ্য ২৭-তম। ১ হাজার মানুষ প্রতি আমাদের রাজ্যে ভেহিক্লসের সংখ্যা ২০১৫ সালে ছিল ৪৪। ১ হাজার জনসংখ্যার ভিত্তিতে আমাদের রাজ্যের জনসংখ্যার ভিত্তিতে ৪৪। অর্থাৎ আমাদের ওনার্স হচ্ছে ৪৪ জন ভেহিক্লস ওনার্স। আর, গোয়া প্রথম। ৪৮০। পাঞ্জাব আছে। এই করতে করতে নেমে আমরা শেষের দিক থেকে সেকেন্ড। বিহার ২৮। তার ওপরের রাজ্য আমরা। ২৭। তাহলে আমরা বুঝতে পারছি যে আমাদের পরিবহণ দপ্তর কোন জায়গায় দাঁড়িয়ে আছে। মাননীয় মন্ত্রী এখানে তাঁর বাজেটে আমাদের কাছে যে তথ্য পেশ করেছেন তাতে তিনি বলছেন বিগত ৬ বছর ধরে এই পশ্চিমবাংলার বুকে ওনারা ১৮০০ নতুন বাস নামানোর পরিকল্পনা করেছেন। তার মধ্যে ৮৭৪টি স্যার JNNURM-র অন্তর্ভুক্ত। স্যার, একটা রাজ্যের অগ্রগতি দুটো জিনিসের ওপর নির্ভর করে। পরিবহন, অর্থাৎ মাল পরিবহন এবং প্যাসেঞ্জার পরিবহন। এই দুটো জিনিসের ওপরও আমাদের রাজ্যের ডেভেলপমেন্ট নির্ভর করে। পরিবহন পণ্য এবং প্যাসেঞ্জার পণ্য। প্যাসেঞ্জার পণ্যের কথা তো আপনাকে বললাম, ৬ বছরে এই পরিবহন দপ্তর ১৮০০ নতুন বাস নামানোর ব্যবস্থা করেছেন। মাননীয় পরিবহন মন্ত্রী আছেন, আমি ওনাকে বলব ভারতবর্ষের মধ্যে আমরা ২৭-তম ভিহিক্লস ওনার্স রাজ্যের জায়গায় আছি। ২৮টি রাজ্যের মধ্যে আমরা ২৭ তম স্থানে আছি। কিন্তু দেশের অন্যান্য রাজ্যের দিকে আমরা যদি লক্ষ্য করি তাহলে আমরা কোন জায়গায় দাঁড়িয়ে আছি ? এখানে মাননীয় মন্ত্রী একটা জায়গায় বলেছেন, ওনার বাজেট বইয়ের একটা জায়গায় আমি দেখছিলাম, উনি এই পরিষেবাকে আরও উন্নত করার জন্য আর.টি.ও. এবং এ.আর.টি.ও. ২১টি নতুন ৬ বছরের মধ্যে স্থাপনের ব্যবস্থা করেছেন। উনি বলেছেন। কিন্তু আজকে আমাদের রাজ্যের পরিবহণ ব্যবস্থা পুরো ভেঙে পড়েছে। পরিবহণ দপ্তর নিজে চলছে না রাজ্যের হোম ডিপার্টমেন্ট চালাচ্ছে, পুলিশ দপ্তর চালাচ্ছে স্যার তা আমরা বুঝে উঠতে পারছিনা। আজকে আপনি যদি একটু লক্ষ্য করেন দেখবেন ওভারলোডিং কোন জায়গায় দাঁড়িয়েছে। উনি বলেছেন ২১টি এ.আর.টি.ও. স্থাপন করার চেষ্টা করেছে বিগত ৬ বছর ধরে এই সরকার। কিন্তু আজকে রাজ্যে ওভারলোডিং এমন মাত্রায় গেছে যে ৬ চাকার লরি যদি দেখেন স্যার তার পরিবহণ ক্ষমতা কত ? আমরা যতদূর জানি ৯ টন পর্যন্ত। ১০ চাকার গাড়ি ১৫-১৬ টন, ১২ চাকার গাড়ি ২২-২৩ টন। সেখানে ৬ চাকার গাড়ি ৩০ টন, ১০ চাকার গাড়ি ৫০ টন এবং ১২ চাকার গাড়ি ৬০ থেকে ৬৫ টন বহন করছে। এতে হচ্ছে কী ? এতে নানা সমস্যার সৃষ্টি হচ্ছে। তাছাড়া আমরা জানি পার টন ওভারলোডিঙের জন্য আমাদের সরকার দু'হাজার টাকা ফাইনের ব্যবস্থা করেছে। মাননীয় পরিবহণ মন্ত্রী দাঁড়িয়ে বলবেন যে ওভারলোডিঙের ক্ষেত্রে আমরা কত টাকা ফাইন বাবদ পেয়েছি? দু'হাজার টাকা করে পার টন ফাইনের ব্যবস্থা হয়েছে। হ্যাঁ, হয়েছে স্যার। স্যার, আমি যখন N.H. 5 দিয়ে যাই দেখি শ'য়ে শ'য়ে লরি দাঁড়িয়ে থাকে। পুলিশ তোলা তোলে। লরির ড্রাইভারকে জিজ্ঞাসা করে দেখুন। ভাই কী খবর ? বলে, আর, বলবেন না স্যার আমার ওভারলোডিং হয়েছে, পুলিশের সঙ্গে দাম-দর চলছে, বলছে পার টন এক হাজার টাকা করে আমাদের দিতে হবে তাহলে গাড়ি ছাড়বো। পুলিশ এইভাবে ওভারলোডিং গাড়িগুলোকে ধরছে। অথচ মোটর ভেহিক্লসের অফিসার যাঁরা আছেন তাঁদের দেখা মেলেনা স্যার। লরির মালিক-রা দু'তিনদিন লাইনে দাঁড়িয়ে থেকে ১০ হাজার, ২০ হাজার টাকায় পুলিশের সঙ্গে অ্যাডজাস্ট করছেন, গাড়িগুলো ছাড়ানোর ব্যবস্থা করছেন।

অথচ আপনি দেখবেন, over loading case -এই যে motor vehicles inspector-গুলো আছে, কতগুলো over loading case হয়েছে স্যার? তারা কাগজ পড়বে, দশটা বিশটার বেশি তারা case দেখায় না। অথচ প্রতিদিন over loading গাড়িগুলোতে পুলিশ এবং কিছু কিছু motor vehicles আধিকারিকরা বকলমে তোলা তুলছে। এত টাকা কোথায় যাচ্ছে স্যার? এটা দেখতে হবে স্যার, সেই তোলার টাকাগুলো পুলিশ অফিসারদের পকেটে ঢুকছে না অন্য জায়গায় ঢুকছে। আমি সেদিন একটা এলাকা দিয়ে আসছিলাম, দেখলাম রাস্তা জ্যাম লরিতে। আমি ডেভিডদাকে জিজ্ঞেস করলাম কি খবর? ডেভিডদা বললেন তুমি কি জান না? আমার এলাকায় বালি খাদান আছে। বালির লরি ওভার লোডেড হচ্ছে। এখানে তোলা তোলা হচ্ছে। ওভার লোডিংয়ের নাম করে প্রশাসন থেকে শুরু করে, রাজনৈতিক দাদাদের তোলা তোলা হচ্ছে। পুলিশ এবং ট্রাক মালিকদের সংঙ্গে একটা বোঝাপড়া চলছে কত টাকা লেনদেন হবে। রাজ্য সরকার এই জায়গায় দাঁড়িয়ে আছে। এটা দেখার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো। এই জায়গাটায় আপনি লক্ষ্য দেবেন। আরেকটা স্যার আমি আপনাকে বলতে চাইছিলাম পরিবহণ নিগমের ব্যাপারে মন্ত্রী মহাশয় বলেছেন। উনি মেদিনীপুর থেকে মুর্শিদাবাদ খুব ঘন ঘন যান। মুর্শিদাবাদের বহরমপুরে একটি বাস ডিপো আছে। বিভিন্ন জায়গার বাস ডিপোকে উন্নত করার জন্য বহু অর্থ ব্যয় করেছেন। কিন্তু তিনি বহরমপুর এত ঘন ঘন যান, বহরমপুর বাস ডিপোর ব্যাপারে ওনার কোনো লক্ষ্য নেই। উনি বহরমপুর বাস ডিপোর ব্যাপারে যদি একটু ধ্যান দেন তাহলে ভাল হয়। তাছাড়া যে বাসগুলোর কথা বলছেন, প্রাইভেট যে বাসগুলো আছে - একটা বাস কি পরিমাণ earning করে? আজকে বাসগুলো কি অবস্থায় চলছে সেটা পরিবহণ মন্ত্রী তার বক্তৃতায় বলবেন। আজকে ভর্তুকি দিয়ে চালাতে হচ্ছে না কি অবস্থায় চালাতে হচ্ছে? আমরা দেখছিলাম পরিবহন মন্ত্রী তার বইয়ে খুব গর্বের সংঙ্গে লিখেছেন বাংলার বুকে পরিবহন দপ্তর কত কোটি টাকা ইনকাম করেছে। তার মধ্যে দেখলাম আমাদের পরিবহন দপ্তরের যে ল্যান্ডগুলো রয়েছে সেই land-গুলো কোথাও লিজ দিয়েছেন, কোথাও বিক্রি করে করেছেন, আজকে দপ্তর কোন জায়গায় ? তার নিজের জায়গাকে লিজ দিয়ে, বিক্রি করে আজকে পরিবহন দপ্তরকে চালাতে হচ্ছে। এই জায়গায় আজকে বাংলা দাঁড়িয়ে আছে। মন্ত্রী e-Governance-এর কথা বলেছেন, ভাল কথা। কলকাতা মহানগরীর বুকে e-Governance হবে আর বাংলার অন্য জেলাগুলো কেন বঞ্চিত থাকবে? আজকে e-Governance-এর ক্ষেত্রে সারা রাজ্যে road tax permit fees যাতে অনলাইনে করা হয় সেটা আমি মন্ত্রীর কাছে প্রস্তাব রাখছি। আপনি বলেছিলেন শুধু কলকাতায় e-Governance-এর ব্যবস্থা রাখবেন। আর সারা বাংলার অন্য জেলাগুলো বঞ্চিত হবে? সেটা কিন্তু আপনি লক্ষ্য রাখবেন। এবং insurance -এর ক্ষেত্রে যারা valid insurance দিচ্ছে valid input-গুলো যাতে computer-এ লোড থাকে, কোথাও থাকে না সেক্ষেত্রে গাড়িগুলো যখন accident হয়, তখন insurance করতে গিয়ে সেই দপ্তর বলে আমার insurance এখানে লোড করা নেই। আজকে এই জায়গায় দাঁড়িয়ে আমাদের পশ্চিমবঙ্গের পরিবহণ দপ্তর। অ্যাক্সিডেন্টের ক্ষেত্রে মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন safe drive save life। আজকে বড় করে বলছেন পশ্চিমবঙ্গে accident কমাতে হবে। আজকে অ্যাক্সিডেন্ট কমানোর জন্য কি পরিষেবা রয়েছে? আজকে যদি accident-এর ক্ষেত্রে দেখেন safe drive save life, আজকে এখানকার মোটর ভেইক্যালস অফিসাররা, এখানে যারা বেআইনিভাবে গাড়ি চালাচ্ছে, ড্রাইভারদের দিকে তাদের কোনোরকম লক্ষ্য নেই। সারা ভারতবর্ষের নিরিখে রোড accident-এর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অষ্টম স্থান অধিকার করেছে। (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী স্বর্ণকমল সাহা : মাননীয় স্পীকার স্যার, আজ পরিবহণ দপ্তরের মাননীয় মন্ত্রী শুভেন্দু অধিকারী ডিমান্ড নাম্বার ৫৩-র অধীনে ১৩৪১ কোটি ৭০ লক্ষ ১০ হাজার টাকার যে বাজেট বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য এই পবিত্র সদনে রাখছি। স্যার, আমি দীর্ঘদিন যাত্রী পরিবহণ ক্ষেত্রে কাজ করে এসেছি,

[3:30 – 3.40 p.m]

তাই পরিবহণের বিষয়ে কিছুটা আমার জানা আছে। ২০১১-এর আগে ৩৪ বছর বামফ্রন্ট রাজ্যে ক্ষমতায় থাকার সময় এই পরিবহণ দপ্তর নিয়ে যেভাবে ওরা পরিচালনা করেছেন, পরিবহণ দপ্তর যেভাবে অবহেলার শিকার হয়েছে, এই দপ্তরে যাত্রী পরিষেবা যেভাবে অবহেলিত হয়েছে সেটা আমরা দীর্ঘদিন থেকে দেখে এসেছি। আজকে আমার আগে যিনি বক্তব্য রাখলেন তিনি বললেন, সারা দেশে ২৭-তম স্থানে আমাদের পরিবহণ ব্যবস্থা আছে। এর পেছনে যে কারণগুলো আছে, ২৭ তম স্থান কি না আমার জানা নেই, তবে ৩৪ বছর ২০১১ সালের আগে পশ্চিমবঙ্গের পরিবহণ ব্যবস্থাকে যে বেহাল অবস্থা করে তুলেছিল তার দায় আজকে আমাদের বিরোধী পক্ষে যাঁরা বসে আছেন, তারা কি বলবেন জানি না। বিগত ৩৪ বছরে বামফ্রন্টের আমলে সঠিক কোনো পরিকল্পনা ছিল না পরিবহণ দপ্তর নিয়ে। অত্যন্ত অগোছালোভাবে এই দপ্তর পরিচালিত হত। এই দপ্তরের নিয়ন্ত্রণে যে কটি নিগম ছিল সেই নিগমগুলো তৈরি হয়েছিল যে উদ্দেশ্য নিয়ে, সেই উদ্দেশ্য ছিল যাত্রী পরিষেবার ক্ষেত্রে আরও ভালভাবে কাজ করা, যাত্রী পরিষেবা উন্নতমানের করে তোলা। সেই ব্যাপারে কোনো উৎসাহ বামফ্রন্ট জমানায় আমরা দেখতে পাই নি। এরা শুধু এই নিগমগুলোকে ব্যবহার করেছে তাদের ক্যাডার বাহিনীকে চাকরির কাজে লাগিয়েছে এই নিগমগুলোকে। ফলে এই নিগমগুলো যে উদ্দেশ্যে গঠিত হয়েছিল সেই উদ্দেশ্য সফল হতে পারে নি। এই নিগমগুলো অতিরিক্ত কর্মচারীর বেতন ভার বহন করতে গিয়ে ধুঁকছিল। প্রয়োজন নেই অথচ এই নিগমগুলোতে ক্যাডার বাহিনীকে প্রবেশ করানো হত চাকরি দিয়ে। এরা কোনো কাজ করতো না। নিগমগুলোর যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য যার ফলে ব্যর্থ হত। আমার মনে হয়, এই নিগমগুলো যে কারণে তৈরি করা হয়েছিল সেগুলো ব্যর্থ হওয়ার ফলে রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে পরিবহণ সমস্যা দেখা দিয়েছিল। যে সমস্ত বাসগুলো চলত যাত্রী বহনের জন্য সেই বাসগুলো বিভিন্নভাবে অব্যবহৃতভাবে গ্যারেজগুলোতে পড়ে থাকত। ছোটখাটো ডিফেক্ট, মেরামতির কাজ নজরদারির অভাবে গ্যারেজে পড়ে থাকত। বাসের সংখ্যা কমতে থাকত এবং সারা রাজ্যে সরকারি বাসের যে রুটগুলো ছিল সেই রুটগুলো অবলুপ্তি ঘটতে শুরু করলো। বহু রুট আর রইল না রাজ্যে। রাজ্যের মানুষ যাত্রী পরিষেবার ক্ষেত্রে দুর্ভোগের শিকার হতে লাগলো। এইদিকে এদের কোনো নজর ছিল না, উৎসাহ ছিল না। এরা শুধুমাত্র রাজনীতির দিকে নজর দিয়েছিল। যে বাসগুলো সঠিক রক্ষণাবেক্ষণের অভাবে ছোটখাটো ডিফেক্টে চলতে পারত, একটু রিপেয়ার করলে সেগুলোকে রিপেয়ার না করে এগুলো কনডেম করে দেওয়া হল এবং কনডেম ডিক্লিয়ার করার পর এই বাসগুলোকে অকশানে বিক্রি করে দেওয়া হত। এটার মধ্যে কিছুটা দূর্নীতির গন্ধ পেলেও আমি সেই অভিযোগ আনছি না। তদারকির গাফিলতির অভিযোগ আমি আনছি। আর এই নিগমগুলোতে হিসাব করে দেখা গেছে একটা বাস চালাতে গিয়ে ১৩ থেকে ১৪ জন কর্মী নিয়োগ করা হয়েছে। এটা কোন হিসাবে এত কর্মী নিয়োগের ফলে একটা বাসের ক্ষেত্রে বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত বাধ্য হত। এই ক্ষতিগ্রস্ত তার দায় আজকে যাদের তারা কি বলবে আমি জানি না। তবে আমাদের রাজ্যে ২০১১ সালে মা-মাটি-মানুষ ক্ষমতায় আসার পর এই পরিবহন ক্ষেত্রে যে অবস্থার সৃষ্টি হয়েছিল, পরিবহন ব্যবস্থা প্রায় কোমা স্টেজে চলে গিয়েছিল।

এর কোন কাজ রাজ্যের মানুষ যাত্রী পরিবহণের ক্ষেত্রে দেখতে পেত না। আর যে গুটি-কয়েক বাস রাস্তায় চলত, আমাদের লজ্জা হত রাজ্যবাসী হিসাবে। বিভিন্নভাবে আমরা দেখেছি বাসগুলো থেকে প্রচুর ধোঁয়া সৃষ্টি করে পরিবেশ দূষিত করত, দৃশ্য দূষিত হত। বাসগুলো আমাদের সরকারের বাস, রাজ্যবাসী হিসাবে এটা বলতে আমাদের লজ্জা করত, এই অবস্থার সৃষ্টি করেছিল। ক্ষমতায় আসার পর আমাদের রাজ্যের মাননীয় মন্ত্রী, তিনি পরিবহণ ক্ষেত্রে নজর দিয়েছেন, তিনি কিছু পরিকল্পনা নিয়েছেন। যে পরিকল্পনার মাধ্যমে রাজ্যের এই পরিবহণ পরিষেবার ক্ষেত্রটি বিভিন্নভাবে - জলযান, সড়কযান, বায়ুযান - এক্ষেত্রে তিনি নজর দিয়ে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন। প্রথমেই তিনি প্রশাসনিক সংস্কারে গেছেন। প্রশাসনিক সংস্কার, তারপরে তিনি যেটা এনেছেন আঞ্চলিক পরিবহণ অফিসগুলো ই-বাহন, ই-সারথী,স্মার্ট কার্ড প্রবর্তনের মাধ্যমে স্বচ্ছ পরিষেবা প্রদান করছেন। পরিবহণ নিগমগুলোর পরিচালনার দক্ষতার উন্নয়ন, বেসরকারি ক্ষেত্রে উৎসাহ প্রদানের মাধ্যমে পরিবহণ ব্যবস্থার উন্নয়ন ঘটানো – এ জাতীয় নানাবিধ তিনি পরিকল্পনা নিয়েছেন। সেফ ড্রাইভ, সেভ লাইফ প্রচারের মাধ্যমে রাজ্য সরকারের সংশ্লিষ্ট বিভাগগুলোর মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে পথ দূর্ঘটনা হ্রাস করেছেন। সরকারি পরিবহণ নিগমগুলোর সংযুক্তিকরণ, কোলকাতা কেন্দ্রিক সরকারি পরিবহণ নিগমগুলো CSTC, CTC এবং WBSTC - এগুলোকে এক ছাতার তলায় এনে সংযুক্তিকরণের মাধ্যমে একটা অভিন্ন সাধারণ বোর্ড গঠন করেছেন। তার ফলে এই নিয়মগুলো একটি অভিন্ন লোগো, বাণিজ্যিক নাম ব্যবহার করে পশ্চিমবঙ্গ পরিবহণ নিগম হিসাবে লোগো ব্যবহার করে উন্নত সরকারি পরিবহণ পরিষেবার জন্য তাদের ডিপো এবং ট্রার্মিনাসগুলো ভাগাভাগি করে ব্যবহার করতে শুরু করেছে। এতে আমাদের আর্থিক ব্যয় অনেকটা লাঘব করা গেছে। সরকারি পরিবহণ নিগমগুলোর বাস সংখ্যা এবং অর্থনৈতিক দক্ষতা বৃদ্ধি করা হয়েছে। রাজ্য সরকার বাস পরিষেবার ক্ষেত্রে উন্নতির নিরবিচ্ছিন্ন প্রচেষ্টা হিসাবে নতুন বাস কেনার ক্ষেত্রে লক্ষ্যণীয় পদক্ষেপ গ্রহণ করেছে। গত ছয় বছরে রাজ্য সরকারের পরিবহণ নিগমগুলোর আর্থিক সহযোগিতায় এবং JNNURM-এর অন্তর্গত ৮৭৪টি বাস সহ ১৮০০টি নতুন বাস রাস্তায় নামিয়েছে। এর মধ্যে ২০১৬-১৭ আর্থিক বছরে ২৫৫টি এবং পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সহযোগিতায় ২০টি গ্রীন বাস দুর্গাপুর - আসানসোল অঞ্চলে চালু করা হয়েছে। বাস সংখ্যা বৃদ্ধির ফলে বাসরুটের সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। যে সংখ্যা প্রায় শেষ হয়ে এসেছিল, আমাদের জেলার বিভিন্ন সদস্যরা নানা সময়ে বলেছেন যে বাসগুলো চলছিল, সেই রুটগুলো বন্ধ হয়ে যাওয়ার ফলে এলাকার মানুষ দুর্ভোগের শিকার হচ্ছে। এই বাস বৃদ্ধির দ্বারা সেই রুটগুলোকে পুনরায় চালু করা গেছে। যেখানে এতদিন বাস চলত না,রুট ছিল না, সেখানেও নতুন নতুন রুট চালু করা গেছে এই বাসের সংখ্যা বৃদ্ধির ফলে। ২০১৭-১৮সালে বেশ কিছু নতুন বাস রুট চালু করার মাধ্যমে রাজ্যের বাস পরিষেবা বহুলাংশে বৃদ্ধি এবং তাদের পরিস্থিতি উন্নতিকরণের অর্থপ্রদান পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ১৭-১৮ আর্থিক বছরে এই খাতে ১৮৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। আমি মনে করি আন্তজাতিক এবং আন্তঃরাজ্য সম্পর্কের উন্নতি সাধনে একটা ঐতিহাসিক বৈপ্লবিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাংলাদেশ, ভুটান, ভারত, নেপাল যান পরিবহণ চুক্তি প্রোটোকলের আধারে পরিবহণ দপ্তরে ভারত এবং বাংলাদেশের মধ্যে যান চলাচল উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে।

[3:40 – 3.50 p.m]

প্রতিবেশি রাজ্যগুলির সঙ্গেও সম্পাদিত চুক্তির প্রয়োজনীয় পরিবর্তন এবং সংশোধনের মাধ্যমে রাজ্য সম্পর্ক আরও উন্নতি সাধন করেছে। ২০১৭-১৮ আর্থিক বছরে পরিকল্পনায় বরাদ্দ ৫৭৭ কোটি ৬৪ লক্ষ ৯৭ হাজার টাকা এবং পরিকল্পনা বহির্ভূত খাতে ৭৬৪ কোটি ৫ লক্ষ

১৩ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। মোট আমাদের যে বরাদ্দ করা হয়েছে সেই বরাদ্দের পরিমাণ তেরশো একচল্লিশ কোটি সত্তর লক্ষ দশ হাজার টাকা। আমি সকলের কাছে আবেদন করব আমাদের পরিবহণ ব্যবস্থা উন্নয়নকল্পে সকলে সমর্থন জানিয়ে এবং আমাদের মাননীয় মন্ত্রী শুভেন্দু অধিকারী যে উদ্যোগ নিয়েছেন সেই উদ্যোগকে সফল হওয়ার ব্যাপারে সহযোগিতার হাত বাড়াবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

শ্রী অশোক কুমার দিন্দা : মাননীয় স্পীকার স্যার ৫৩ নম্বর দাবিতে ভারপ্রাপ্ত পরিবহণ মন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারী মহাশয় যে বাজেট প্লেস করেছেন আগামী আর্থিক বছরে সেই বাজেটের উপরে অনেকেই চর্চা শুরু করেছেন, বুঝতে শুরু করেছেন। আমি শুধু কয়েকটা দিক, কয়েকটা জিনিস ওনার দৃষ্টি আকর্ষণ করছি এই মহতি সদনের কাছে। কোলকাতার ট্রাম খুবই ঐতিহ্যশালী। সারা পৃথিবীতে এই ট্রাম পরিবহণ ব্যবস্থাকে রাখার জন্য তার মধ্যে কোলকাতা অন্যতম। আমরা মনে করি কোলকাতা এই ঐতিহ্যবাহী যে ট্রাম কোম্পানি রয়েছে সেই ট্রামকে অন্তত রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। পক্ষান্তরে আমি দেখতে পাচ্ছি ট্রামের যে ভ্যালুয়েবল জায়গাগুলি রয়েছে, পরিবহণের যে সমস্ত জায়গাগুলি রয়েছে সেগুলি ধীরে ধীরে হস্তান্তর করে দেওয়া হয়েছে, লিজ দেওয়া হয়েছে। সেইগুলিতে অন্যান্য বড় বড় সংস্থার বিল্ডিং উঠছে, কি ব্যাপার ঠিক বুঝতে পারছি না। এত সরকারি জায়গা কেন, কার উদ্দেশ্যে দেওয়া হচ্ছে। তা মানুষের জানার প্রয়োজন আছে, সকলের জানা উচিত। এত দামি, ভ্যালুয়েবল ল্যান্ড রয়েছে, এত দিনের পুরনো জায়গা, এত দিনের ঐতিহ্যবাহী জায়গা, দামি ভ্যালুয়েবল ল্যান্ড সেগুলি আস্তে আস্তে হস্তান্তর হয়ে যাচ্ছে। সেগুলি নিয়ে বিশদভাবে আমাদের হাউজে বলা প্রয়োজন বলে মনে করছি। আমাদের জানার দরকার এবং বলা উচিত এই একটা দিক রয়েছে। আমার মনে পড়ে ১৯৪৬ সালে যখন দাঙ্গা হয়েছিল তখন ট্রাম কোম্পানির ওয়ার্কারসরাই প্রথম দাঙ্গার জন্য মহাত্মা গান্ধীর কাছে গিয়েছিল। কোলকাতার বুকে সেই দাঙ্গা রোখার জন্য সেদিন ট্রাম কোম্পানির ওয়ার্কারসরাই প্রথম মিছিল বার করেছিল তার নেতৃত্ব দিয়েছিলেন মহম্মদ ইসমাইল। সুতরাং অনেক স্মৃতিবিজড়িত এই জায়গা, অনেক স্মৃতিবিজড়িত এই ট্রাম কোম্পানি। তার এই সমস্ত ভ্যালুয়েবল জায়গাগুলি হস্তান্তরিত হয়ে যাচ্ছে সেই ব্যাপারে এই মহতি সভায় আমি দৃষ্টি আকর্ষণ করছি যে কীভাবে রক্ষা করা যায়। মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রীরও দৃষ্টি আকর্ষণ করছি। আমি সমালোচনা, আলোচনার জন্য করছি না। বাজেট করেছেন, বাজেট আলোচনা হয়ে যাবে, পাশ হয়ে যাবে এটা কোনো বিষয় নয়। বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি এই কারণেই এই হেরিটেজ, এই ঐতিহ্যবাহী জায়গাটাকে রক্ষা করুন, সম্পদগুলি রক্ষা করুন। পুরনো এত ভ্যালুয়েবল ল্যান্ডগুলিকে রক্ষা করুন, এই জায়গাটাতে আমি বারবার দৃষ্টি আকর্ষণের চেষ্টা করছি। আমার এক বন্ধু কিছুক্ষণ আগে বলেছেন যে পরিবহণের উপরে যেভাবে পুলিশের অত্যাচার বাড়ছে, তারা শান্তি শৃঙ্খলা রক্ষা করার থেকে ট্রাকগুলি থেকে ওভারলোডিংয়ের নাম করে যেভাবে, যে কায়দায় অর্থগ্রহণ করে হয়রানি দিচ্ছে সেটা কী করে সরলীকরণ করা যায় তার জন্য আমি পরিবহণ মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি যাতে একটা সিস্টেম চালু করার কথা ভাবুন।

পুলিশি হেনস্থা থেকে আজকে পরিবহণ ব্যবস্থাটাকে বাঁচানোর জন্য বলছি। লক্ষ করবেন তারা কোথাও প্রেসার সৃষ্টি করছেন, চাপ সৃষ্টি করছেন, টাকা - পয়সা দিয়ে একটা রফা করে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। আর একটা জিনিস আমার জায়গাতে তমলুকের ব্যাপারে মন্ত্রীকে বলেছিলাম যে তমলুক শহর থেকে অন্তত একটা বাস কোলকাতায় আসার জন্য। একটা সরকারি বাস চালু করার জন্য বলেছিলাম। উনি বলেছিলেন - দেখছি, আশাকরি উনি সেইটার ব্যাপারে নিশ্চিত উদ্যোগ নেবেন। আরও একটা কথা বলেছিলাম যে, আমার তমলুক থেকে মেচেদা

স্টেশান ওটা প্রবেশ পথ ওখান থেকে রাত্রি ৯টা পর্যন্ত বাস থাকে না। তমলুক থেকে মেচেদা যেতে গেলে কোনো বাস পাওয়া যায় না। রেলের সাথে সংযোগ নেই আর কোনো বাসের। সেই ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে অন্তত ১০টার পর কোলকাতা থেকে গেলে আমাদের কোনো বাস থাকেনা সেই ব্যাপারে ওনাকে আর একবার উদ্যোগ নেওয়ার জন্য ওনার কাছে আমি আর একবার বলছি। উনি দেখবেন। উদ্যোগ নেবেন। আর একটা বিষয় হচ্ছে আমাদের একটা সেন্ট্রাল বাস স্ট্যান্ড আছে। আমাদের তমলুক রেল স্টেশনের কাছে সেন্ট্রাল বাস স্ট্যান্ড বহু বছর ধরে রয়ে গিয়েছে ঠিকমত চালু। করা যায়নি। আপনি বলেছিলেন অ্যাপ্রোচ রোডের প্রবলেম আছে। এই ব্যাপারে যতদূর সম্ভব একটু উদ্যোগ গ্রহণ করে যাতে অন্তত সেন্ট্রাল বাস স্ট্যান্ডটাকে একটু চালু করা যায়, বাস্তবে রূপ দেওয়া যায় সেটা দেখবেন কারণ এটা হয়ে আছে, চালু হচ্ছে না। এইটা যাতে চালু হয় তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে উদ্যোগ নেওয়ার আনুরোধ করছি, আপনি উদ্যোগ গ্রহণ করবেন। আমি যেটা বলি সেটা টু দি পয়েন্ট বলি। আমি শুধু মাননীয় মন্ত্রী মহোদয়কে একটা কথা বলি আপনার এই পরিবহণের ব্যাপারে আপনি যাই করুন আপনি একটা ছত্রছায়ায় নিয়ে এসেছেন যে কোলকাতা ট্রামওয়েজ কর্পোরেশনকে - কোলকাতা ট্রামের নামে অন্তত একটা পরিবহণ নিগমের লোগো ব্যবহার করেছেন। পরিবহণ নিগম করেছেন পশ্চিমবঙ্গ পরিবহণ নিগম। কোলকাতা ট্রামের এই নামটাকে রক্ষা করবার জন্য কীভাবে সেটা রক্ষিত হয় তার জন্য আপনি চিন্তা-ভাবনা করবেন। কোলকাতা ট্রামওয়েজের এটাকে তুলে দেওয়ার চেষ্টা করবেন না। এটা রক্ষা করার জন্য চিন্তাভাবনা করুন। এইটুকু আপিল আপনার কাছে রেখে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী বিশ্বজিৎ কুন্ডু : মাননীয় স্পীকারের মাধ্যমে আমাদের পরিবহণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শুভেন্দু অধিকারী যে ৫৩ নম্বর ব্যয়-বরাদ্দের যে দাবি পেশ করেছেন ১৩৪১ কোটি ৭০ লক্ষ ১০ হাজার টাকা - তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা আমি বলছি। বিগত দিনে যে সরকার আমাদের ২০১১ সালে ছিল আমাদের পশ্চিমবঙ্গে, সেই সরকারের আমলে আমাদের পশ্চিমবঙ্গের পরিবহণ ব্যবস্থা পুরো ধ্বংস হয়ে গিয়েছিল। তার কারণ আমাদের এখানে ১৯৪৮ সালে বিধান চন্দ্র রায় পরিবহণ দপ্তরের উন্নতির জন্য তিনি কোলকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশান গড়েছিলেন। কিন্তু বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা, দক্ষিণবঙ্গ ভূতল পরিবহণ, দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা - এইভাবে একগাদা নিগম তৈরি করে পার্টির ছেলেদের সেখানে কর্মের ব্যবস্থা করেছেন সেখানে কোনোরকমভাবে উন্নতি তারা করেনি। যারজন্য বাসের সংখ্যা বৃদ্ধি হয়নি। আপনারা সকলেই জানেন যে বিগত দিনে যে সরকার ছিল, সেই সরকারের আমলে ৯৫-৯৬% বাস ছিল বেসরকারির হাতে। সরকারের বাস আমাদের সাধারণত চোখেই পড়ত না। সরকারের যে বাসগুলি ছিল, সেগুলো খুব নিম্নমানের ছিল। তার কারণ সেই সময় রাস্তাঘাটের অবস্থা খুবই নিম্নমানের ছিল। ফলে কিছুদূর যাওয়ার পরে সরকারি বাসগুলির চাকা পাঞ্চার হয়ে যেত। এরফলে মানুষ ঠিকভাবে পরিষেবা পেত না। তাই ২০১১ সালে এই সরকার আসার পর প্রথমে দৃষ্টি দিয়েছে বাসের সংখ্যা বৃদ্ধি করতে হবে।

[3:50 – 4.00 p.m.]

সেই দিকে তাকিয়ে প্রায় ১৮০০ নতুন বাস রুট দিয়েছেন এবং ২০১৬-২০১৭ সালের মধ্যে তিনি ২৫৫ টি নতুন বাস কেনার উদ্যোগ নিয়েছেন ও ২০ টি গ্রিন বাস চালু হয়েছে আমাদের আসানসোল দুর্গাপুরে। বাসের রুটের সংখ্যা বিগত সরকারের সময় ৪৯০ ছিল, সেটি বেড়ে এখন ৭০০ টি নতুন রুট হয়েছে। এর ফলে মানুষ আগের থেকে অনেক বেশি সরকারি বাস চোখে দেখছে ও পরিষেবা পাচ্ছে, সেটা আপনারা সকলে উপলব্ধি করতে পারছেন। আমরা যারা

সরকারি বাস ব্যবহার করি বুঝতে পারছি। ভূতল নিগমের ক্ষেত্রে আমরা দেখেছি লঞ্চ ঘাটগুলি আধুনিকীকরণ করার চেষ্টা করছেন। কালনা বিধানসভায় নৃসিংহপুর অঞ্চলে রো-রো সার্ভিস চালু করেছেন। কালনা ফেরিঘাটে নিত্য যাতায়াতের জন্য অর্থ বরাদ্দ করেছেন, সেখানে আমাদের জেটি তৈরি হচ্ছে। পর্যটন কেন্দ্রের উন্নতির জন্যে এই সরকার আরও অনেক বেশি কাজ করছে। বেলুড় থেকে নবদ্বীপ পর্যন্ত লঞ্চের মাধ্যমে ট্যুরিজমের উন্নতির চেষ্টা করছেন। তিনি বলেছেন নবদ্বীপ থেকে কালনা এবং কালনা থেকে দীঘা পর্যন্ত এ.সি. বাস চালু করবেন। এই এ.সি. বাস বিগত দিনে আমরা কখনও চোখে দেখিনি। বাইরের রাজ্যে দেখেছি। এই সরকার আসার পর এ.সি. বাস আমাদের এখানে শুরু হয়েছে। এবং তার পরিষেবা আমরা পাচ্ছি। তাই আপনাদের কাছে একটাই কথা এই যে বাজেট তিনি নিয়ে এসেছেনে এবং বজেটে যে অর্থ বরাদ্দ হয়েছে সেটাকে আমরা সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। তার পাশাপাশি যে সমস্ত ব্রিজ তিনি করেছেন, সেই ব্রিজগুলি খুবই প্রয়োজনীয়। রাস্তাঘাটের উন্নতির জন্য আমাদের সরকার চেষ্টা করছে। যার জন্য আমাদের এই সরকারি বাসের পরিষেবা আগের থেকে অনেক বেশি বৃদ্ধি পেয়েছে। মুর্শিদাবাদ থেকে শুরু করে বেলুড় থেকে শুরু করে বিভিন্ন জায়গায় পর্যটনের উন্নতির জন্য তিনি বাস দিয়েছেন। এছাড়া সেফ ড্রাইভ সেভ লাইফ প্রকল্পের সুফল আমরা পেয়েছি। আগে যে দুর্ঘটনা হত সেটা এখন অনেক কমেছে। নিরাপত্তার ক্ষেত্রে বিভিন্ন রকম সতর্কতা সরকার নিয়েছে। যার জন্য দুর্ঘটনা আগের থেকে অনেক দূর হয়েছে। বিভিন্ন ক্ষেত্রে সরলীকরণ করা হয়েছে। ড্রাইভিং লাইসেন্স থেকে শুরু করে বিভিন্ন রকম লাইসেন্সের ক্ষেত্রে সরলীকরণ হয়েছে। এর ফলে মানুষের অনেক সুবিধা হয়েছে। এছাড়া মাননীয় মন্ত্রীর কাছে আর একটা অনুরোধ করব টোটো গাড়ি এবং মোটরভ্যান যেভাবে বৃদ্ধি পেয়েছে এবং গরিব মানুষরা এগুলো কিনছে। এগুলো আইনের সহায়তায় কিছু করা যায় কি না এই বিষয়ে যদি আমাদের জানান তাহলে সুবিধা হয়। এই কথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুজিত চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পরিবহণ মন্ত্রী ৫৩ নং দাবীর অধীনে যে বাজেট পেশ করেছেন তার উপর আমি কিছু আলোচনা করছি। প্রথমত আমরা দেখতে পাচ্ছি বর্তমানে বেসরকারি বাসের ক্ষেত্রে ঢালাও পারমিট এবং রুটের পারমিশন দেওয়া হচ্ছে। সেই তুলনায় স্টেট বাসের সংখ্যা অনেক কম। আরও দেখতে পাচ্ছি, গতিধারা প্রকল্পে বিভিন্ন ধরনের রুট করে তাদের দেওয়া হচ্ছে এবং তাদের যেভাবে পারমিট দেওয়া হচ্ছে তার কোনো রুটের ব্যবস্থা থাকছে না, যে কোনো রুটেই চলছে। সেই কারণে দেখা যাচ্ছে বেসরকারি যে সমস্ত বাসে রুট করা আছে তারা সরকারি বাসের তুলনায় অনেক বেশি রাস্তা কভার করছে, ফলে কিছু কিছু ক্ষেত্রে সরকারি বাস মার খাচ্ছে। সরকারি বাস কিছু লিজে দেওয়া হচ্ছে, অবশ্যই কনট্রাক্টের ভিত্তিতে, সেইগুলো প্রাইভেটের মতোই চলছে। এটা কি সরকারি বাসকে প্রাইভেটাইজেশনের দিকে নিয়ে যাওয়ার পরিকল্পনা চলছে ? এটা জানতে চাই মাননীয় মন্ত্রীর কাছে থেকে। ২ (১) ধারাতে বলেছেন সি.এস.টি.সি., এস.বি.এস.টি.সি., সি.টি.সি. এই তিনটেকে একসঙ্গে এক ছাতার তলায় আনা হচ্ছে। এই সদনে অনেকে আলোচনাও করেছেন। মাননীয় মন্ত্রী আগে যুব নেতা ছিলেন, আমরাও যুব নেতা ছিলাম, আমাদের সময়ের দাবী ছিল কর্মসংস্থান বাড়াতে হবে। এই এক ছাতার তলায় আনার পর কি কর্মসংস্থান বাড়বে, না কি কর্মসংস্থান অবলুপ্ত করার একটা চক্রান্ত রাজ্য সরকারের চলছে, এটা জানতে চাই। বিভিন্ন ধরনের প্রকল্প আপনি বলেছেন। বলেছেন রাস্তাঘাট,পরিবহণ ব্যবস্থার অনেক উন্নতি করা হবে। পরিবহণ শ্রমিক যাঁরা আছেন, বর্তমানে দেখা যাচ্ছে তাঁরা সময় মতো বেতন পাচ্ছেন না, পেনশন পাচ্ছেন না। হয়ত দু মাস, তিন মাস পরে বেতন পাচ্ছেন। সেই কারণে আমি মনে করি, আজকে আপনি যে দাবী পেশ করেছেন ৫৩ নং এ, সেখানে যারা রাজ্য সরকারের শ্রমিক আছে তাদের বেতন পরিকাঠামো

সম্পর্কে একটু আলোচনা করার প্রয়োজন আছে, তাদের পেনশন কিভাবে দেওয়া হবে সেই সম্পর্কেও আলোচনা করার দরকার আছে। যাঁরা রিটায়ার করে যাচ্ছে, তাঁর পরবর্তী যে সমস্ত শ্রমিকদের নিয়োগ করা হচ্ছে তাঁরা রাজ্য সরকারের বেতন পরিকাঠামোর মতো বেতন পান না।। আমরা বাসে যাতায়াত করি, তাঁদের কাছে শুনি ন্যূনতম ৬ হাজার টাকা এবং সর্বাধিক ৮ হাজার টাকা কনট্রাক্টে কাজ করছেন। বর্তমানে একজন শ্রমিকের পক্ষে ৬ হাজার, ৮ হাজার টাকায় সংসার প্রতিপালন করা কষ্টকর। সেইজন্য সুপ্রিম কোর্টের যে রায়, 'সম কাজে সম বেতন', এই আইন যদি মাননীয় মন্ত্রী প্রয়োগ করেন তাহলে হয়ত এই শ্রমিকদের বেতন পরিকাঠামোর আর একটু উন্নতি হবে। ২ এর ১২ ছত্রে মাননীয় মন্ত্রী রাজস্ব সংগ্রহের কথা বলেছেন। আমি স্বীকার করছি, পরিবহণ দপ্তরে যে ধরনের রাজস্ব সংগ্রহ করা হয়, তা অন্যান্য দপ্তরের থেকে অনেক বেশি। পরিবহণ দপ্তরে যেসব সরকারি আধিকারিকরা আছেন, তাঁরা রাত দিন জেগে রাজস্ব আদায় করছেন, বিভিন্ন ওভারলোড গাড়ি, বেআইনি গাড়ি ধরার জন্য কাজ করছেন। সাথে সাথে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, পুলিশের কাছ থেকে ক্ষমতা আর একটু ছেঁটে দিতে হবে। পুলিশ কিন্তু পরিবহণ ব্যবস্থাটাকে নিয়ে অনেক ধরনের দুর্নীতি করছে। অনেক ওভারলোড গাড়ি ধরে বেআইনি ভাবে ১০ হাজার, ১৫ হাজার টাকা নিয়ে নিচ্ছে, কিন্তু সেই টাকা সরকারি খাতে জমা পড়ছে না, পুলিশের পকেটেই চলে যাচ্ছে। RTO ডিপার্টমেন্টকে আরও বেশি ক্ষমতা দিয়ে পুলিশের ক্ষমতাকে খর্ব করতে হবে, যাতে রাজ্য সরকারের কোষাগারে আরও আয় আসে তার চেষ্টা করবেন। লং রুটে যেসমস্ত স্টেট বাস আছে - আমরা তাতে যাতায়াত করি, বাঁকুড়া-কলকাতা বলুন কি দুর্গাপুর-কলকাতা বলুন, এসব লং রুটের বাসে লক্ষ্য করি প্রতিবন্ধী বা সাংবাদিক, তাঁদের টিকিটের কোনো ব্যবস্থা নেই।

[4:00 – 4.10 p.m.]

সাংবাদিকদের ফ্রি আছে আর তাদের অ্যাডভান্স টিকিটও দেওয়া হয় না। প্রতিবন্ধীদেরও ফ্রি আছে কিন্তু অ্যাডভান্স টিকিটের ব্যবস্থা নেই। তার ফলে কি হয় ? তারা যখন বাসে উঠছে তাদের কিন্তু বলে দেওয়া হচ্ছে যে আপনি বসে পড়ুন। যদি সীট থাকে ভাল আর সীট না থাকলে তাহলে কিন্তু তারা সীটিং অ্যারেঞ্জমেন্টের মধ্যে আসতে পারবে না। ফলে একটার পর একটা বাসকে ছেড়ে দিতে হয়। ফলে তাদেরকে বেশি করে প্রাইভেট বাসেই যাতায়াত করতে হয়। সেই কারণে আমি বলব যে এই টিকিটের বিষয়টা দেখবেন যাতে অ্যাডভান্স টিকিট যাতে ফ্রি সিস্টেম আছে - সাংবাদিক বা প্রতিবন্ধী তাদের অ্যাডভান্স টিকিট দেওয়া যায় কিনা ? এই সমস্ত যে সমস্ত বিষয়গুলো বললাম এর সাথে সাথে আমি একটা কথা বলব সেটা হচ্ছে যে বিভিন্ন জায়গায় সেন্ট্রাল বাস স্ট্যান্ড আছে এবং ছোট ছোট মফস্বলে সেই সব জায়গায় বাস স্ট্যান্ড যাতে পরিবহণ দপ্তরের মাধ্যমে তৈরি হয় তার একটা পরিকল্পনা গ্রহণ করবেন। পরিশেষে বলি, কিছু প্রাইভেট বাস আছে রাত্রি সাড়ে সাতটা, আটটার পরে দেখা যাচ্ছে যে প্রাইভেট বাসগুলো তাদের যে টাইম ধরুন, একটা বাস আছে আটটায়, তার পরে আছে সাড়ে আটটায়, তার পরে নটায়। দেখা যাচ্ছে যে আটটার বাসটা যাচ্ছে কিন্তু সাড়ে আটটার বাসটা অফ হয়ে যাচ্ছে। অফ হয়ে গিয়ে নটার সময়ে বাসটা আবার যাতে বেশি করে প্যাসেঞ্জার পাওয়া যায় তার জন্য তারা এই ধরনের একটা ম্যাল প্র্যাকটিশ চালাচ্ছে। এই বিষয়টা আপনি দেখবেন যাতে ডিপার্টমেন্টালি হস্তক্ষেপ করে আটকানো যায়। এই কথা বলে সদনের প্রত্যেককে অভিনন্দন এবং নমস্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ সৌরভ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আজকে এই অ্যাসেম্বলি। হাউসে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং মাননীয় পরিবহণ মন্ত্রী

শ্রী শুভেন্দু অধিকারী মহোদয়কে আমি আমার অন্তরের অন্তঃস্থল থেকে অনেক কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানাই। স্টেট প্ল্যানে ২৭৩২.৮৪ কোটি যে বাজেট রাজ্য পরিবহণ মন্ত্রক পেশ করেছেন আমি এই বাজেটে পরিবহণ দপ্তরকে নিজের পায়ে দাঁড় করানোর জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং মাননীয় পরিবহণ মন্ত্রীর এই দৃঢ় পদক্ষেপকে আমি সমর্থন করছি এবং আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি। এই অধিবেশনেই একদিকে যেমন ঐতিহাসিক স্বাস্থ্য বিল দেশের মানুষকে পথ দেখিয়েছে, এক দিকে যখন মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ডি-মনিটাইজেশনের বিরুদ্ধে আন্দোলন দেশের মানুষকে পথ দেখিয়েছে, আমার মনে হয় এই পরিবহণের সিদ্ধান্ত আগামী দিনে আমাদের রাজ্য দেশকে পরিবহণে নতুন পথ দেখাবে। আমার একটা দিনের কথা মনে পড়ে, মিঃ স্পীকার স্যার, আমি তখন কলেজে ছাত্র আন্দোলন করি, আমি হঠাৎ দেখলাম, আমার কিছু কাকু, জ্যেঠুরা সেই সময়ে তারা দেখতাম রাস্তায় বাস দাঁড় করিয়ে প্যাসেঞ্জার নামিয়ে বনধ করতেন। হাতে তাদের লাল পতাকা থাকত। তারা বলতেন ইনকিলাব জিন্দাবাদ। তখন আমি ভাবতাম ইনকিলাব জিন্দাবাদ স্লোগানটা দিলে আর পতাকাটা দেখালে বোধহয় বাসটা থেমে যায়। কিন্তু পরবর্তীকালে আমি দেখলাম রাজ্যটাই থেমে গিয়েছিল।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে দায়িত্বে থাকার সময়ে আমি দেখেছি, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে একের পর এক অবৈধ নিয়োগ। কখনো টায়ার বিক্রি করে দিচ্ছেন সি পি এম পার্টির নেতারা। কখনো তেল বিক্রি করে দিচ্ছেন সি পি এম পার্টির নেতারা। বামফ্রন্টের নেতারা। কখনো চাকরি বিক্রি করে দিচ্ছেন। এমন কি পেনশনও বিক্রি করে দিতেন। আমার পেনশন আর একজন পাবে, ওর পেনশন আর একজন পাবে। পেনশন বিক্রি করা হত। একদিনে দু হাজার নিয়োগ করা হয়েছিল। যাদের কোনো নথি ছিল না, একসময় বলা হত কংগ্রেস নাকি সিগারেট দেখালে চাকরি দিত। আর সি পি এম পার্টির লোকেরা বাসের টিকিটের পিছনে লিখে চাকরি দিত এন বি এস টি সি তে। সেই এন বি এস টি সি আজকে কোথায় দাঁড়িয়েছে। সেই রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা (গোলমাল) আপনাদের বহু বিধায়ক এখনও বাসে যাতায়াত করেন। আজকে সেই পরিবহণ ব্যবস্থা কোথায় এসে দাঁড়িয়েছে। নতুন বাস ঝাঁ চকচকে বাস যে বাস আমাদের রাজ্যের মানুষ কোনদিন চোখে দেখেনি, আমরা কোনদিন চোখে দেখিনি এত সুন্দর বাস, ঝাঁ চকচকে ডিসপ্লে দিল্লিতে যে বাস চলে না, আমাদের কোলকাতা থেকে কুচবিহারের আলিপুরদুয়ার পর্যন্ত সেই বাস চলে, তমলুক পর্যন্ত সেই বাস চলে। সারা ভারতে এই ধরনের কোয়ালিটির বাস নেই। আজকে পরিবহণ ব্যবস্থাকে কে সর্বনাশ করেছিল। মার্কসবাদী কমিউনিস্ট পার্টি তাদের নেতা, তিনি আজকে প্রয়াত, আমি তাঁকে শ্রদ্ধা জানিয়েই বলছি বনধ ডাকত সি পি এম পার্টি, আর পরিবহণ মন্ত্রী তিনি বলতেন বাসের চাকা ঘুরছে না, ঘুরবে না, গাড়ির চাকা ঘুরছে না ঘুরবে না। পরিবহণ মন্ত্রী বলতেন। আর আজকে ওয়ার্ক কালচার কি! বামফ্রন্ট বনধ ডাকে, কংগ্রেস বনধ ডাকে, আর একশো শতাংশ বাস আমাদের পরিবহণ মন্ত্রী দাঁড়িয়ে থেকে চালান, এটাই হচ্ছে পশ্চিমবঙ্গের পরিবর্তন। এটাকে লক্ষ্য করতে হবে। এটাই দেশকে আগামী দিনে পথ দেখাবে। অদ্ভুত ব্যাপার, একটা বাস ভাঙচুর হলে কার সম্পত্তি যায়। বামফ্রন্টের আমলে ৬০০ বাস নামাত। বলত আমরা ৬০০ বাস নামিয়েছি। আর রাস্তায় চলত কত বাস- ৪০ টা বাস। আর আজকে বেসরকারি পরিবহণের ক্ষেত্রে দেখুন এখানে স্বর্ণদা বসে আছেন, বেসরকারি পরিবহণের লোকেরা বলছে সরকারি পরিবহণের জন্য আমাদের বে-সরকারি বাস বন্ধ করে দিতে হবে কারণ এত সুন্দর বাস সি.এন.জি-র বাস, ভলভো বাস, ছোট ছোট দার্জিলিং-এর বাস, জি পি এসের ভালো বাস সিট সুন্দর, গতিও ভালো এবং এত সুন্দর অ্যারেঞ্জেমেন্ট যেখানে মহিলাদের বসার জায়গা আছে, প্রতিবন্ধীদের জন্য আছে, শিশুদের জন্য আছে। আজকে সি পি এম পার্টির লোকদের জন্যও সিট রাখব, চিন্তা নেই। শুনে নিন আগে আপনারা। আপনাদের তো ন্যাবা হয়েছে। তাই

আপনাদের একটা করে সার্টিফিকেট দেব, আর বিনা পয়সায় চড়তে দেব। ন্যাবা হয়েছে তো আপনাদের। আপনারা তো কিছুই দেখতে পারেন না। কোনো উন্নয়ন তো আপনারা দেখতে পারেন না। আর আপনাদের যে বিধায়করা বাসে চড়েন তারাই আমাদের ফোন করে বলেন বাসের কোয়ালিটি ভালো, আরও একটা বাস বাড়ান। আমি যখন চেয়ারম্যান ছিলাম, আপনাদের এখানের বিধায়করা আমাকে ফোন করে বলতেন বাসের কোয়ালিটি ভালো, সি পি এমের আমলে এই বাসে আমরা চড়িনি। তৃণমূল কংগ্রেসের আমলে এই বাসে চড়ছি। মমতা বন্দোপাধ্যায় আমাদের এলাকায় বাস দিয়েছেন। আজকে কানেকটিভিটি ১০০% বেড়েছে। ৩৮,০০০ গ্রাম, চারশো ব্লক প্রত্যেকটি জায়গায়, দেড়শো শহরে বাস পৌঁছে গেছে। সেখানে পরিবহণ পৌঁছে গেছে। আপনারা যা করতে পারেন নি। লজ্জা লাগে আপনাদের ! শুনুন বাড়িতে নোট করে নিয়ে যান, পরিবারের লোকদের শোনাবেন। দেখবেন হাততালি দেবে। রাষ্ট্রীয় পরিবহণ থেকে আজকে আমরা আমাদের এই জলপথের দায়িত্ব নিয়ে আজকে ঘাটগুলিকে সংস্কার করে পরিবহণ মন্ত্রক চালাচ্ছে। মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীকে অনুরোধ করব মুর্শিদাবাদ পর্যন্ত গেছে। উত্তরবঙ্গ পর্যন্ত আসুক। আমরা চাই এই জলপথ উত্তরবঙ্গ পর্যন্ত পৌঁছে যাক হলদিয়া থেকে মুর্শিদাবাদ যেমন হয়েছে,মুর্শিদাবাদ থেকে আমরা এই পরিবহণ কুচবিহার পর্যন্ত নিয়ে যাই যেখানে এই জলপথ আছে। আমরা চাই যে জলে পণ্য পরিবহণ হোক। আমরা চাই মানুষ যাতায়াত করুক এবং ট্যুরিজম বৃদ্ধি পাক। আমাদের পশ্চিমবঙ্গের ট্যুরিজমকে একটা বিশেষ জায়গায় মুখ্যমন্ত্রী নিয়ে গেছেন।

[4:10 – 4.20 p.m.]

আজকে সেই জায়গা থেকে আমরা উঠে এসেছি। বেলাগাম দুর্নীতি, বেলাগাম চুরি। সেই চুরি বন্ধ হয়েছে, দুর্নীতি বন্ধ হয়েছে। এই চুরি এবং দুর্নীতি বন্ধ হওয়ার ফলে মানুষের মনে নতুন একটা আশার সঞ্চার হয়েছে। এবছর ২৭৫টি বাস আমরা রাস্তায় দেখতে পাচ্ছি। ২০টি সি.এন.জি.-র বাস দেখতে পাচ্ছি। সুন্দরবনে অ্যাম্বুলেন্স পরিষেবা শুরু হয়েছে - ওয়াটার অ্যাম্বুলেন্স। আজকে ভাবা যায় না। বামফ্রন্টের আমলে তো অ্যাম্বুলেন্স গ্রামের মানুষের কাছে পৌঁছাতোই না। সাইকেল আর রিক্সা করে মানুষ হসপিটালে আসত। আজকে সুন্দরবনে ওয়াটার অ্যাম্বুলেন্স করে আমরা পেশেন্টকে হসপিটালে পৌঁছে দিতে পারি। লজ্জা লাগে, এরা বসে আছে, আর আমাদের এই কথায় ইন্টারাপ্ট করার চেষ্টা করছে। ঝাঁ চকচকে বাস, নতুন বাস এবং পরিবহণের স্বচ্ছতা। আজকে বর্ডার লাইনে মোটর ভেহিকেল অ্যাক্ট অনুযায়ী বামফ্রন্টের আমলে আসাম, উড়িষ্যা বর্ডার দুর্নীতির আখড়া ছিল। সেখান থেকে কোটি কোটি টাকা আসত পার্টির তহবিলে। গাড়ির থেকে টাকা নিত, পুলিশ। আজকে কারও ক্ষমতা নেই মমতা বন্দোপাধ্যায়ের আমলে, এই সরকারের আমলে কোথাও দুর্নীতি করার। এম.ভি.আই.তে দুর্নীতি হয় না। আজকে কোনো জায়গায় লাইসেন্সের জন্য মানুষের কাছে টাকা নেওয়া হয় না, সব অন লাইন হয়ে গেছে। রেজিস্ট্রেশনের জন্য টাকা নেওয়া হয় না। সব অনলাইন হয়ে গেছে। এমনকি যে ছোট ছোট গাড়ি স্কুলের বাচ্চাদের নিয়ে যায়, আপনারা নিয়ন্ত্রণ করতে পারেননি, আমাদের সরকার নিয়ন্ত্রণ করেছে। আজকে অ্যাকসিডেন্ট হয় না - সেফ ড্রাইভ, সেভ লাইফ - পশ্চিমবঙ্গ এক নম্বরে আছে ভারতবর্ষের। যেখানে অ্যাকসিডেন্ট কমে গেছে, মানুষের মৃত্যু কমে গেছে। আজকে ভাবুন তো, দুটো বাস আপনারা ভাঙলেন কোচবিহারে। লজ্জা লাগেনা আপনাদের ? বাসগুলো আমাদের সরকার মানুষের টাকায় কিনে মানুষকে দিয়েছে, বাসগুলো আপনারা ভেঙ্গে দিলেন। এর আগেও বন্ধের সময় বাস ভেঙ্গেছেন। কিন্তু সেই বাসের ক্ষতিপূরণ আপনাদের সরকার দেয়নি। পেনশনের টাকা দেয়নি। হাইকোর্টে বার বার আমাদের যেতে হয়। হাইকোর্টের জাজরা বলেন যে, আপনারা

চাকরি করেছেন, পেনশনের টাকা দিতে পারেন না ? পেনশনের টাকা পাবে কিভাবে ? যে লোকটাকে পরিবহণে চাকরি দিয়েছেন, তার তো সার্টিফিকেট, ডেট অফ বার্থ কোনোটাই জমা দেননি। চাকরির নামে চাকরি দিয়েছেন, হাজার হাজার লোক পেনশনের জন্য হাইকোর্টে ঘুরে বেড়াচ্ছে। এই চাকরিগুলো আমাদের সময়ে হয়নি। চাকরিগুলো হয়েছে ২০০০ সালে, ২০০২ সালে, ৯৮ সালে, ৯৬ সালে, ২০০৬ সালে, ২০১০ সালে। পার্মানেন্ট করে দিয়ে গেলেন। যাদের পার্মানেন্ট করেছেন, তাদের নিয়েও আইন-আদালত হচ্ছে। শুধুমাত্র পাটিবাজি ছাড়া পরিবহণে কিছু করেননি। সেই পরিবহণ আজকে কোথায় দাঁড়িয়েছে পশ্চিমবঙ্গে ? ভাবুন তো। একদিকে ই-রিক্সা চালু হয়ে গেল। কতো সিস্টেমেটিক। একদিকে সি.এন.জি.-র বাস চালু হচ্ছে। এত সুন্দরভাবে পরিবেশের সাথে খাপ খাওয়ানো। একদিকে আজকে যে কন্ট্রাকটররা, যে গাড়ির চালকরা গাড়ি চালাচ্ছে সব স্কিল্ড। প্রত্যেকটি জায়গায় বাস পৌঁছে গেছে, আমাদের রাজ্যের বাইরেও সব জায়গায় পৌঁছে গেছে পরিবহণের। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে আমি বাংলার মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাতে চাই। আমার মনে হয় আমার বন্ধুদের আমার কথা পছন্দ হচ্ছেনা, কারণ কি জানেন ? বামফ্রন্টের আমলের বাসগুলোকে দেখলে নভেম্বর বিপ্লবের কথা মনে পড়তো। আর আমাদের বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের বাসগুলোকে দেখলে কি মনে হয় জানেন ? মনে হয় বিশ্বকবি রবীন্দ্রনাথের বাংলা সত্যি, মনে হয় কাজী নজরুল ইসলামের বাংলা সত্যি, মনে হয় মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে যে বাংলা আজকে মানুষকে পথ দেখাচ্ছে। আগামি দিনে ভারতবর্ষ বলবে - "হোয়াট বেঙ্গল থিংস্ টুডে, ইন্ডিয়া উইল থিং টুমরো।" এই স্লোগানটা নিয়ে ভারতবর্ষের মানুষ রাস্তায় হাঁটবে, ভারতবর্ষের মানুষ পরিবহণের দিকে তাকাবে। একদিকে ট্রেনে প্রত্যেকদিন ভাড়া বাড়ছে, পণ্যের ভাড়া বাড়ছে।

অথচ ট্রেনে উঠলে আপনি দেখবেন ট্রেনে আর যাতায়াত করা যায় না এত খারাপ অবস্থা। দিলীপবাবু নেই, দিলীপবাবুকে থাকলে বলতাম বলুন রেলমন্ত্রীকে আমরা এত সুন্দর বাস দিচ্ছি অথচ আপনারা ট্রেনের কোচ বাড়াতে পারছেন না, সুন্দর দিতে পারছেন না। কিন্তু বাস এতো সুন্দর ব্যবস্থা হয়েছে পশ্চিমবঙ্গে। তাই পরিবহণ মন্ত্রীকে অনেক অনেক ধন্যবাদ, অনেক কিছু বলার ছিল, সময়টা সংক্ষিপ্ত। অনেক ধন্যবাদ জানাই এবং শেষে একটা কথা বলব, এক মিনিটের জন্য বলব যে, আমাদের রাজ্যে থেকে GTA পাহাড়ে তারা বেআইনিভাবে লাইসেন্স দিচ্ছে, অনুমোদন দিচ্ছে। এটা বন্ধ হওয়া উচিত। রাজ্য সরকারের অনুমোদন নেই, লাইসেন্স নেই, সেই গাড়ী পাহাড়ে চলছে, কোনো দুর্ঘটনা হলে ইনসিওরেন্স কে দেবে ? আজকে আমাদের সবগুলো বাসে ইনসিওরেন্স হয়েছে, সবগুলো বাস রুট পার্মিট পেয়েছে, এবং ক্ষতি হলে পরে টাকা পাচ্ছে। কুচবিহারের দুটো বাসকে NBSTC-র ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। আপনারা বনধের দিন ভেঙ্গে দিয়েছিলেন। কিন্তু GTA-তে যেটা অবৈধভাবে চলছে সেটা বন্ধ হওয়া উচিত। আমি এই মর্মে বলে সবাইকে অভিনন্দন জানিয়ে এবং নতুন ভলভো বাস আরও আমাদের রাজ্যে আসুক, আরও প্রত্যন্ত এলাকায় আমরা বাস পৌঁছে দিই এই আবেদন আমি পরিবহণ মন্ত্রীর কাছে রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, ৫৩ নম্বর দাবীর অধীনে ব্যয় বরাদ্দ মঞ্জুরি সম্পর্কে ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারী মহাশয় পশ্চিমবঙ্গ সরকার কতৃর্ক প্রদত্ত ২০১৭-১৮ সালের যে বাজেট ভাষণ প্লেস্ করেছেন আমি সেই বিষয়ে কয়েকটি কথা বলছি। আমি প্রথমেই ধন্যবাদ দিই মাননীয় মন্ত্রীকে উনি আজকে আমাদেরকে খাবার এবং ব্যাগ দেওয়ার জন্য। বিরিয়ানী দিয়েছেন, ব্যাগ দিয়েছেন, তার জন্য ধন্যবাদ দিই। কিন্তু বাজেটের জন্য ধন্যবাদ দিতে পারবো কি না বলতে পারছি না কারণ পরিবহণ ব্যবস্থা হয়েছে এমনই আমরা বার বার বলি-আপনারা

বার বার বলছেন ৩৪ বছর ৩৪ বছর, কিন্তু ৩৪ বছর পর তো ৬ বছর হতে চললো, এবারতো আপনাদেরকে কথাটা বাদ দিতে হবে কারণ এবারতো আপনাদের উন্নয়নের পালা, আপনারা যদি উন্নয়নটা করেন আমরা অবশ্যই বলবো যে আপনারা উন্নয়ন করছেন। আমার আগের বক্তা বলছিলেন, আমি জানি না উনি কতটা উন্নয়ন করতে পেরেছেন, কারণ উনিও NBSTC-র চেয়ারম্যান ছিলেন। কেন ওনাকে সরিয়ে দেওয়া হলো। তাহলে কি উনি কোন উন্নয়ন করতে পারেন নি। অথচ উনি এখন এত বলছেন উন্নয়নের জন্য, কয়েক দিনের মধ্যেই উনি সরে চলে গেলেন। উনি বলবেন সেটা। দ্বিতীয়ত, আমরা দেখতে পাচ্ছি যে কলকাতা কেন্দ্রীক সরকারি পরিবহণ নিগমগুলি CSTC, WBSTC, CTC সবগুলিকে আপনি এক করেছেন। আমি বলব কলকাতার ঐতিহ্য হচ্ছে ট্রাম। আমরা কখনই চাইবো না যে সেই ট্রামগুলি বন্ধ হয়ে যাক। আমি যতটুকু শুনেছি ১৮৮৬ সালে এই ট্রাম ব্যবস্থা শুরু হয়েছিল এবং সেই সময় চলত ৭০০ মতো। এখন সেটা দাঁড়িয়েছে ৪০ থেকে ৫০টা। কেন এত কমে গেল ? আপনারা বার বার বলছেন যে, আপনারা উন্নয়ন করছেন, আপনারা উন্নয়ন করছেন। তাহলে ৭০০ থেকে ৪০, এতটা কমে যাওয়ার কারণ কি আপনারা বলবেন। আমি আরও একটা কথা বলবো এই যে ট্রামডিপোগুলো ছিল, কিছু দিন আগে আমরা শুনছিলাম টালিগঞ্জ, বালিগঞ্জ, খিদিরপুর, গ্যালিব এই যে ডিপোগুলো ছিল, সেগুলোকে বিক্রি করলেন। আমরা দেখেছি টালিগঞ্জ ডিপোর ২৪৭ কাঠা জায়গা, কালিঘাটে ১৫ কাঠা জায়গা, খিদিরপুরে ২০ কাঠা, গ্যালিপে ১৫ কাঠা জায়গা। টালিগঞ্জে যে ২৪৭ কাঠা জায়গা ছিল, সেটা বিক্রি করলেন। আমি যতটুকু শুনেছি ১৮১ কোটি টাকায়। বাকিগুলো মিলে ২০৩ কোটি টাকার মতো হচ্ছে। এই যে ডিপোর জায়গাগুলো বিক্রি করলেন এই টাকাগুলো কোথায় গেল ? এই টাকা দিয়ে আপনি কি উন্নয়ন করলেন? কই আমরাতো বাজেট বইতে দেখতে পেলাম না। আপনি যে জায়গাগুলো বিক্রি করলেন, সেই জায়গাগুলো বিক্রি না করে সেখানে কোনো উন্নয়ন করতে পারতেন, কোনো শিল্প করতে পারতেন, কোন বাসের ডিপো করতে পারতেন সেখানে। এগুলো আপনি করলেন না, অথচ সে সব টাকার হদিশ আমরা জানতে পারলাম না। আপনি বার বার বলছেন যে, অনেক নতুন বাস নামিয়েছেন রাস্তায়। আমার আগের মেম্বাররা বললেন। আমরাতো জানি আপনাদের আমলে বাস আপনারা শুরু করেছেন কারণ, আমি যখন প্রথম মেম্বার হয়ে আসি এখানে, তখন NBSTC-র চেয়ারম্যান ছিলেন রবীন্দ্রনাথ বাবু। আমি তাঁকে বলেছিলাম, উনি আমাদের কান্দি সাবডিভিশনে বাস চালু করেছিলেন।

[4:20 – 4.30 p.m.]

মাননীয় স্পীকার সাহেব আছেন, আপনি জানেন, আমি বার বার বলেছি কারণ আমিও বাসে যাতায়াত করি। যখন সৌরভবাবু ছিলেন, ওনাকেও বলেছিলাম যে, আমাদের এলাকায় বাসটা ভালো দেওয়া হোক কারণ আমি একজন বিধায়ক আমি সেই বাসে যাতায়াত করি, তাতে আমার বলতে কোনও লজ্জা নেই। কারণ আমি সরকারি পক্ষের MLA নই, শাসক দলে নেই, তাই আমার গাড়ি নেই নিজস্ব কোনো। আমি কোনো তোলা তুলতে পারি না তাই গাড়িও পাই না। আমি সরকারি MLA তাই সরকারি বাসে যাতায়াত করি। সে যত কষ্টই হোক না কেন। তারপরে আমাদের কোনো রেলের যোগাযোগ নেই কারণ আমাদের ওখানে মুর্শিদাবাদ জেলা জানেন, আমাদের যদি রেলে আসতে হয়, বহরমপুর, এদিকে বর্ধমান, এদিকে বোলপুর, সাঁইথিয়া, তা নাহলে আমাদের বড় পুরসাঘাট। আমার অনেকটা দূরে যাতায়াত করতে হয় তাই আমাকে সরকারি বাসের উপর নির্ভর করতে হয়। আমি মাননীয় স্পীকার সাহেবকে বলব, আমার যত কষ্টই হোক মাননীয় মন্ত্রীকেও বলব, আমরা যে বাসে যাতায়াত করি আপনি শুধু একবার সেখানে গিয়ে দেখবেন। আপনাকে চাপতেও বলব না যে সেই বাসগুলোর কি অবস্থা

আছে। আপনি আমাকে বলেছিলেন, মাননীয় মন্ত্রীর কাছে পরিচয়ও করে দিয়েছিলেন। আমি চিঠি দিয়েছিলাম। ১৬.১১.২০১৬তে। মাননীয় মন্ত্রীকে আমি পাঠিয়েছিলাম ফ্যাক্স করে। এখনও কিন্তু আমার এলাকায় নতুন বাস দেওয়া হয়নি। আপনি দেখে নেবেন ব্যাপারটা আমি যদি অসত্য কথা বলি এখানে। কারণ আমি জানি ভালো করে, আমি যেটা বলি সেটা প্রমাণ সমেতই বলি। আমি কখনও অসত্য ভাষণ এই বিধানসভায় অন্ততপক্ষে দিই না। আপনি দেখে নেবেন সেটা। আপনি ভালো করে জানেন। আমি মাননীয় মন্ত্রীকে বলব ১৬.১১.২০১৬ তারিখে ফ্যাক্স করে আপনার অফিসে পাঠিয়েছিলাম আমাদের কান্দী সাব ডিভিশনে যে বাসগুলো চলে NBSTC-র সেগুলোর কালেকশান কিন্তু খুবই ভালো। আপনি দেখে নেবেন। সেই বাসগুলো এমন অবস্থা প্রত্যেকটা দিন মাঝ রাস্তায় খারাপ হচ্ছে, নতুন বাস সেখানে এখনও পৌঁছায়নি। কান্দী সাব ডিভিশানে চারটি বাস চলছে, কান্দী থেকে দুটো, আমার এলাকা থেকে একটা, খড়গ্রাম থেকে জয়পুর আপনি যদি বাসগুলে ভালো দেন তাহলে কিন্তু আপনার এই রুটটা ভালো চলবে আপনার কালেকশান ভালো হত। সরকারের লাভ হবে, আমার লাভ কিছু হবে না। যেহেতু আমি বিধানসভার একজন সদস্য সরকারের লাভ হলে, এই রাজ্যের ভালো হলে আমারও ভালো লাগবে। তাই বলব, বাসগুলো যদি একটু নতুন দেন তাহলে খুব ভালো চলবে। কারণ আমাদের এলাকার মানুষ গোটা রাজ্যের যেখানে যেখানে আমি বলব রেলের কোনো যোগাযোগ ব্যবস্থা নেই প্রত্যেকটায় আপনি যেহেতু পরিবহণ মন্ত্রী আছেন, আপনি চাইছেন উন্নয়ন করতে, আপনি করে দেখান যেখানে যেখানে রেলের ব্যবস্থা নেই প্রত্যেক জায়গায় যাতে আপনার সরকারি বাস পৌঁছে যায়। তার জন্য আমি বলব। আমাদের একজন সদস্যা বলছিলেন, মালদার সাবিনা ইয়াসমিন ওনারও মোথাবাড়ি এলাকায় উনিও একটা বাসের আবদার করেছেন আপনার কাছে সেখানেও যাতে পাওয়া যায় সেটা আপনি দেখবেন।

আপনি বার বার বলছিলেন, আমরা accident-এর ব্যাপারে বলছি, আমাদের রাজ্যে রোড accident প্রতি মিনিটে একটা। সিরিয়াস দুর্ঘটনা ঘটছে। ঘণ্টায় একটা করে কিন্তু ঘটছে এবং আমরা ১৬ জন মৃত দেখতে পাচ্ছি। তারমধ্যে ২৫% two wheeler মোটর সাইকেলে বেশিরভাগ। সেগুলো কি করে মারা যাচ্ছে ? বেশিরভাগ হয় মদ খেয়ে মারা যাচ্ছে, তা নাহলে হেলমেট পরছে না। অথচ দিদি বলছেন যে, Safe drive Save life. আমরাও চাইছি, যে মানুষ বাঁচুক। আমরা চাইবো না কখনও মরে যাক। কিন্তু এই যে মদ খেয়ে গাড়ি চালাচ্ছে। তারা আপনারা কিন্তু সেটা দেখতে পাচ্ছেন না। আপনারা তার কোনো ব্যবস্থা নিচ্ছেন ? মদ খেয়ে মানুষ মারা গেলে সেখানে টাকা দেওয়া হচ্ছে। অথচ রোডের উপর যখন কেউ মারা যাচ্ছে তাদের কিন্তু সরকারিভাবে কিছু সাহায্য করা হচ্ছে না। এই ব্যাপারটা যদি আপনি দেখেন। রোডে যারা accident-এ যারা মারা যাচ্ছে, তাদের সরকারিভাবে যদি কিছু দেওয়া যায়, সরকারি সাহায্য দেওয়া যায় আমার মনে হয় খুব ভালো হবে। আমরা দেখতে পাচ্ছি, রাস্তায় কীভাবে over load চলছে। আপনি জানেন মুর্শিদাবাদ জেলার দায়িত্বে আছেন। আমার মুর্শিদাবাদ জেলার কান্দী সাব ডিভিশনে কীভাবে বালি ওঠে। কারণ আমি সেই এলাকার বিধায়ক বড়ঞা ব্লক সেখানে ময়ূরাক্ষি নদী অনেক বালির ঘাট আছে। প্রতিদিন বালি চুরি হচ্ছে, বালি নিয়ে যাচ্ছে। কিন্তু যেভাবে over load চলছে বার বার পুলিশ প্রশাসনকে বলা হচ্ছে, তারা কিন্তু ব্যবস্থা নিচ্ছেন না। কারণ মাননীয়া মুখ্যমন্ত্রীর পুলিশ দু'হাত বাড়াচ্ছে, তারা টাকা পেয়ে যাচ্ছে। আমি বার বার করে বলব যে, পুলিশ যদি এইভাবে কমিশন নেয়, তাহলে কি করে আপনার এই over load কমাবেন। এই over load-এর জন্য আমাদের রাস্তার ক্ষতি হচ্ছে। গাড়িরও ক্ষতি হচ্ছে, accident হচ্ছে সব দিকে ক্ষতি হচ্ছে। আপনি যদি এই ব্যাপারটা দেখেন। যাতে over load করে যারা নিয়ে যাচ্ছে তাদের শাস্তি হোক। সেই শাস্তির ব্যবস্থা কিন্তু আপনি করতে পারছেন

না। আমরা দেখতে পাচ্ছি, লোছিমন আমাদের এলাকায় গ্রাম বাংলায় অনেক লোছিমন চলে। এই লোছিমনের জায়গায় আপনি ই-রিক্সা নিয়ে আসতে পারেন কারণ গতিধারা প্রকল্প চালু করেছেন রাজ্যে। এই গতিধারা প্রকল্পের মধ্যে ই-রিক্সা যদি আনা যায় তাহলে কিন্তু আমার মনে হয়, কারণ গ্রাম বাংলায় সবারতো আর ড্রাইভিং লাইসেন্স নেই। সবাই গাড়িও কিনতে পারবে না। তাই তাদের যদি ই-রিক্সা দেওয়া যায় এই গতিধারার মাধ্যমে তাহলে আগামীদিনে খুব ভালো হবে। আমি চাইবো যাঁরা গ্রামবাংলার বেকার যুবক আছেন যারা চাকরি পাচ্ছেন না সেখানে তাঁরা কর্মসংস্থান পাবেন এবং রাজ্যের বেকারত্ব দূর হবে।

আমার আর একটা কথা বলার আছে। কিছুক্ষণ আগে একজন মেম্বার বলছিলেন সরকারিভাবে আমরা এত বাস চালাচ্ছি যে বেসরকারি বাসগুলো বন্ধ হয়ে যাচ্ছে। কিন্তু মাননীয় মন্ত্রীকে আমি বলব, কিছুদিন আগে আমি শুনছিলাম যে বাসগুলো চলছে, যদিও আমাদের ওদিকে এন বি এস টি সি-র বাসগুলো বেশি চলে সেই বাসগুলো কেন এজেন্টদের দেওয়া হচ্ছে? কেন আপনারা সরকারিভাবে সেই বাসগুলো চালাতে পারছেন না ? প্রত্যেকটি বাস এজেন্টদের দেওয়া হচ্ছে। তারা নিজেদের মতো করে চালাচ্ছে। যে ভাড়া আপনি চাইছেন তার থেকে তারা দ্বিগুণ ভাড়া নিয়ে নিচ্ছে পাবলিকের কাছ থেকে। এতে পাবলিকের হ্যারাসমেন্ট হচ্ছে। তাহলে কেন আপনারা সরকারিভাবে না চালিয়ে সেগুলো এজেন্টদের দিচ্ছেন এই ব্যাপারটা বলবেন। আরও একটা কথা আমি বলব, টোটো যেভাবে চলছে, এদের জন্য আপনি কি আইন নিয়ে আসছেন ? কিভাবে এগুলো চলবে ? এমনভাবে এইগুলো বেড়ে গেছে খুব অসুবিধা হচ্ছে। এগুলো যাতে ভালোভাবে চলে সেটাও আপনি দেখবেন। পরিশেষে আপনাকে আরও একটি কথা বলব, সরকারী যে বাসগুলো চলছে এদের অনেক কর্মচারী আছে। সবাই কিন্তু পেনশানের সঙ্গে যুক্ত নয়। আমি জানি, ২০০২ সালে বামফ্রন্ট সরকার একটা প্রকল্প চালু করেছিল যে সরকারি কর্মচারীদের কিছু একটা টাকা দেওয়া হবে, পেনশান নয় কিন্তু। এ জি বেঙ্গল থেকে তারা কোনো পেনশান পাবেন না। কিন্তু সেই সময় কর্মচারীরা অনেক অবরোধ করেছিল, অনেক প্রতিবাদ করেছিল। যারজন্য ২০১০ সালে আবার একটা সরকারিভাবে বিধানসভা থেকে একটা বিল পাশ হয়েছিল যে সরকারিভাবে পেনশান এ জি বেঙ্গল থেকে দেওয়া হবে। তখন যারা অ্যাপ্লাই করেছিল তারাই পেনশান পাচ্ছে। আর যারা প্রতিবাদ করেছিল, যারা অ্যাপ্লাই করেনি তারা এখনও পর্যন্ত পেনশান পাচ্ছে না। যারা এখনও পর্যন্ত পেনশান পাচ্ছে না, অথচ দীর্ঘদিন ধরে চাকরি করে যাচ্ছেন, তাদের সংখ্যাটা মোটামুটি ৭০ শতাংশের ওপরে হবে, এই যে ৭০ শতাংশের ওপরে কর্মচারী এখনো পর্যন্ত পেনশান পাচ্ছেন না এই পেনশান তাঁরা কিভাবে পাবেন, এদের প্রতি আপনি যদি একটু দয়া দেখান, যদি ব্যবস্থা করেন তাহলে আগামীদিনে আমার মনে হয় খুব ভালো হবে। এইটুকু কথা বলে আমাদের পক্ষ থেকে যে কাট মোশান আনা হয়েছে তাকে সমর্থন করে আমি সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শুভেন্দু অধিকারী : শ্রদ্ধাভাজন অধ্যক্ষ মহাশয়, আপনাকে যথাযথ সম্মান জানিয়ে আজকে এই মহতী সদনে ৫৩ নং দাবির অধীনে ব্যয়-বরাদ্দ সর্বসম্মতিক্রমে মঞ্জুর করার জন্য সম্মানীয় এবং সম্মানীয়া সদস্য ও সদস্যাবৃন্দকে অনুরোধ জানাবো। আমি প্রথমেই কৃতজ্ঞচিত্তে ধন্যবাদ এবং প্রণাম জানাবো মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। তাঁর বদান্যতায় এবং মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রের ব্যবস্থাপনায় ২০১৭-১৮ বর্ষে পরিবহণ বাজেটে ১০ শতাংশ বরাদ্দ বৃদ্ধি করেছেন তার জন্য আমি অর্থমন্ত্রী ও মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাবো। আপনারা জানেন যে পরিবহন দপ্তর মানেই - আমি বিরোধী পক্ষের সম্মানীয় ও সম্মানীয়া সদস্য ও সদস্যাদের কথা শুনছিলাম। তাদের কথার মধ্যে যা এল তাতে নিগমগুলির বাস ওভার

লোডিংয়ের নামে পুলিশের টাকা তোলা আর পরিবহণ ব্যবস্থা পশ্চিমবাংলায় নেই বললেই চলে। প্রথমেই আখরুজ্জামান সাহেবের কাছে আমি জানতে চাইব যে কোথা থেকে আনলেন তিনি তথ্যটি। ওই তথ্যটি যদি আমাকে দেন তাহলে আমি যথাযথ উত্তর আপনাকে দিয়ে দেব। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ৩১.৩.১৫-তে লাস্ট বইটা বেরিয়েছে। তাতে পশ্চিমবঙ্গের স্থান আমি এক নম্বরে গেছি বলব না, ১২-তে ছিল। আপনাদের সময় মানে সি পি এমের সময়, এখন তো আপনারা একসঙ্গে আছেন, সেইসময় এই রাজ্য পরিবহণে ১৪ ছিল। অর্থাৎ তৃণমূল কংগ্রেসের সময় রাজ্যের পরিবহণ ব্যবস্থা এগিয়েছে। পরিবহণ ব্যবস্থা মানে শুধু বাস নয়, আজকে যদি বাজেটের ৫৬ নং বইটি বা আক্ষরিক অর্থে আপনারা ব্যবহারিক দিক থেকে দেখেন, মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রকৃত উদ্যোগে পরিবহণ ব্যবস্থা হলে, জলে, আকাশপথেও তার স্থান করে নিয়েছে। কমরেডরা ভাবতে পারছেন যে পশ্চিমবঙ্গ সরকার হেলিকপ্টার সার্ভিস চালু করেছে। কমরেডরা কোনোদিন ৩৪ বছরে ভাবতেও পারেননি।

[4:30 – 4.40 p.m.]

দীঘা যান, রামপুরহাট যান, শান্তিনিকেতন যান, বালুরঘাট যান, হেলিকাপ্টার সার্ভিস চালু হয়েছে — গঙ্গাসাগরে কিছু দিন আগে মকর সংক্রান্তির দিন হৃদরোগে আক্রান্ত হওয়া ব্যক্তিকে সাগর থেকে হেলিকাপ্টার করে কোলকাতা নিয়ে আসা হয়েছে। বাগডোগরাতে সন্ধ্যাবেলা বিমান নামতে পারে কমরেডরা কোনোদিন ভাবেনি। তিন দশক পেরিয়ে চার দশকের কাছাকাছি রাজত্ব করেছেন ৩৪ বছর। এই বাগডোগরাতে নাইট ল্যান্ডিং স্টার্ট হয়েছে, এরও পুরো কৃতিত্ব মমতা বন্দ্যোপাধ্যায়ের এবং এখানে মন্ত্রী আছেন গৌতম দেব মহোদয়, তাঁর প্রত্যক্ষ সহযোগিতায় অতিরিক্ত জমি, পরিবহণ দপ্তরের অর্থে, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের ব্যবস্থাপনায়, আমরা এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়াকে দিয়েছি। আপনারা জানেন বালুরঘাট, মালদা, কোচবিহারে তিনটি এয়ারপোর্ট, রাজ্য সরকারের হাতে এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া - মাননীয়া মুখ্যমন্ত্রীর শিলিগুড়ির সভাতে তাঁর হাতে তুলে দিয়েছে এবং কোচবিহার এয়ারপোর্ট রেডি। মালদা, বালুরঘাটের জন্য ব্যবস্থাপনা আমরা উদ্যোগ গ্রহণ করেছি। শুধুমাত্র আকাশপথে নয়, জলপথের যদি কথা বলা যায়, তাহলে দেখবেন যে বিস্তীর্ণ পশ্চিমবাংলায় নদীমাতৃক এলাকাতে জেটিঘাট রক্ষণাবেক্ষণ করা, পরিবহণ দপ্তরের নিয়ন্ত্রণে আনা এবং কোথাও কোথাও রো-রো-সার্ভিসের বিষয়ের মধ্যে দিয়ে আমরা জলপথকে একেবারে সরকারের নিয়ন্ত্রণে এনে নিরাপত্তাযুক্ত বিকল্প ব্যবস্থা দিয়েছি, কারণ আমাদের রাজ্যের পরিবহণের গতি বাড়াতে গেলে রাস্তাঘাটের উন্নয়নটা সবচেয়ে বড় দরকার। এর সঙ্গে পি ডাবলিউ ডি রিলেটেড। এর সঙ্গে এন এইচ রিলেটেড। আজকে পশ্চিমবাংলায় গত ৬ বছর ধরে আপনারা অনেক সমালোচনা করে গেলেন, রাস্তাঘাটের যে ব্যাপক উন্নয়ন হয়েছে, যার ফলে আজকে দ্রুততার সঙ্গে এ প্রান্ত থেকে ও প্রান্তে চলে যাচ্ছেন, এটা সম্ভব হয়েছে তৃণমূল কংগ্রেস সরকারের সময়ে। আর আমরা বলি, যে কথা আমি বলতে গিয়ে, রাস্তার কথা বললাম, সেটা হচ্ছে বিকল্প পণ্যযাত্রী এবং পরিজন সহ, আমাদের মেডিকেল ফেসিলিটি। বিকল্প পথ হচ্ছে, জলপথ। আমরা ২০১৬ সালে বিপুল সংখ্যাধিক্যে মানুষের আশীর্বাদ দোয়া নিয়ে ক্ষমতায় আসার পরে আমাদের রাজ্য সরকার পশ্চিমবঙ্গ সরকারের পরিবহণ দপ্তরের জলপথ বিভাগকে ৬৮টি জেটিঘাট তুলে দিয়েছে হলদিয়া নন্দীগ্রাম থেকে আমাদের ফারাক্কার কাছে সূতীর আহীরন পর্যন্ত এই বিস্তীর্ণ এলাকা - আমাদের হাতে এই জেটি এবং ঘাট তুলে দেওয়া হয়েছে। এই কয়েক মাসের মধ্যে আমরা এই ৬৮টি জেটি এবং ঘাটের আমাদের বিপর্যয় মোকাবিলা দপ্তর আমাদের দমকল দপ্তর, আমাদের পুলিশ দপ্তরকে নিয়ে এবং যা যা নিরাপত্তার জন্য করার আমরা সেক্ষেত্রে ১০ লক্ষ টাকা করে

বরাদ্দ করেছি। যে কথা সম্মানীয় সদস্য বিশ্বজিৎ কুন্ডু তাঁর এলাকায় একটা ঘটনা কয়েকমাস আগে ঘটেছিল, আপনারা জানেন, তিনি উল্লেখ করেছেন। আমরা ইতিমধ্যে ১২টা জলযান নতুন করে নামিয়েছি। এবং বিশেষভাবে সুন্দরবন, হিঙ্গলগঞ্জ, সন্দেশখালি, সাগর, পাথরপ্রতিমা যেই এলাকার মানুষের বেশিরভাগ জলপথের উপর নির্ভর করেন সেই এলাকাকে আমরা অগ্রাধিকার দিয়ে এই অর্থবর্ষে '১৭-'১৮তে আমরা আরো ২৪টি কাঠের এবং স্টিলের জলযান নামানোর জন্য বরাত দিয়েছি, তৈরির প্রক্রিয়া চলছে। এর বাইরে গুরুত্বপূর্ণ জেটিগুলিতে এল সি ডি জেটি তৈরি করে রো-রো সার্ভিসের মধ্যে দিয়ে গাড়ি পাড়াপাড় করে আমাদের বিকল্প পথ হিসাবে জলপথকে সঠিকভাবে ব্যবহার করার উদ্যোগ আমাদের দপ্তরের পক্ষ থেকে নেওয়া হয়েছে। কমরেডরা যাঁরা আছেন, একটু ভাল করে শুনুন। আপনারা অনেকে বলছিলেন, একজন তো বললেন, সব নাকি প্রাইভেটাইজেশান হয়ে যাচ্ছে। এই নিগমগুলি মাজার হয়ে গেলে কর্মচারীরা যাবে কোথায় ? আপনারা নিশ্চয় জানেন, রাজ্যপালের ভাষণের ধন্যবাদজ্ঞাপক বক্তব্যে মাননীয়া মুখ্যমন্ত্রী ৯০টি কর্পোরেশানকে ৪৪টিতে নামিয়ে আনার কথা বলেছেন।

এর আগে পরিবহণ দপ্তরের কোলকাতা কেন্দ্রিক যে তিনটি কর্পোরেশান আছে তাদের একত্রিত করে WBTDC তৈরি করার কথা বলা হয়েছে। এই ক্ষেত্রে সেদিনই মাননীয়া মুখ্যমন্ত্রী যে কথা বলেছিলেন, আমি আবার সেই কথাকে রিপিট করছি, কোনো কর্মচারীর চাকরি এই ক্ষেত্রে যাবে না, দায়িত্ব নিয়ে এই কথা রাজ্য সরকার অনেক আগেই ঘোষণা করেছে। আর সুজিত বাবু আপনি কোন বাসে চেপেছেন আমি জানি না, কে আপনাকে বলেছে ছয় হাজার টাকা বেতন পান, তিন মাস বেতন পান না, আমি জানিনা। যদি স্পেসিফিক তথ্য আপনি আমাকে দেন, গাড়ির নাম্বার, রুট ইত্যাদি দিয়ে আমাকে জানান, তাহলে আমি তদন্ত করে তার উত্তর আপনাকে দিয়ে দেব। মনে রাখা দরকার, আমি দশ মাস হল এই পরিবহণ দপ্তরের দায়িত্ব নিয়েছি। আগে এই কন্ট্রাকচুয়াল কর্মীদের বেতন ছিল সাড়ে আট হাজার টাকা, আমরা সেটা বাড়িয়ে সাড়ে এগারো হাজার টাকা করে দিয়েছি এবং সেটা চালুও হয়ে গিয়েছে। আপনাদের আরও জেনে রাখা ভালো মাসের ১লা তারিখে নিগমের প্রত্যেকটি কর্মচারী - সে পার্মানেন্ট হোক বা কন্ট্রাকচুয়াল হোক - বেতন পেয়ে যাচ্ছেন। তিন মাস অন্তর বেতন হয় না, আপনারা সমালোচনার জন্য এই কথা বলতে পারেন, কিন্তু বাস্তবে এর কোন ভিত্তি নেই। কমরেডরা আরও শুনে রাখুন, বামফ্রন্ট আমলে উৎসব ভাতা বা ইনসেনটিভ যেটা দেওয়া হত, ২০০৯ সালে সেটা বন্ধ করে দেওয়া হয়েছিল। এই ব্যাপারে আমি মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম, এবারে ২০১৬ সালে উৎসব ভাতা বা উৎসাহ ভাতা পুনরায় চালু করেছি। এটা আপনাদের জেনে রাখা দরকার আছে। আপনারা কি করে গেছেন ? আপনারা পরিবহণ দপ্তরে একটা ভয়াবহ অবস্থা তৈরি করে গেছেন, সেটা ডঃ সৌরভ চক্রবর্তী বলেছেন। একটা বাসের পিছনে এগারো জন কর্মচারী ছিল। আপনারা ধ্বংস করে দিয়ে গিয়েছিলেন নিগমগুলিকে। তখন সরকারি বাসে কেউ চাপত না। ২০১১ সাল থেকে অদ্যাবধি আমাদের সরকারের সময়ে আমরা ১৮০০ নতুন বাস নামিয়েছি। যেখানে আপনাদের সময়কালে ১৪০০ বাস ছিল, সেটা আজকে ৩২০০-র কাছাকাছি চলে গেছে। তাই আপনাদের কাজের সঙ্গে দয়া করে তৃণমূল কংগ্রেস সরকারের কাজের তুলনা করবেন না। আপনারা গঠনমূলক প্রস্তাব দিন শুনবো। মাননীয়া সদস্যা প্রতিমা রজক কিছু ভালো প্রস্তাব দিয়েছেন, নিশ্চয় সেটা আমরা দেখব। বিরোধী দলের এম.এল.এ বা শাসক দলের এম.এল.এ নিয়ে ভেদাভেদ আমরা করিনা। আমার কাছে পঞ্চাশের বেশি বিধায়কের প্রস্তাব ছিল, বিভিন্ন রুট, বাস স্ট্যান্ড নির্মাণ, হাইমাস্ত আলো, কোথাও বিউটিফিকেশান, কোথাও ফুটপাথ, কোথাও জেটি, এগুলো আমরা অগ্রাধিকারের ভিত্তিতে করেছি এবং তাতে অনেক বিরোধী দলের বিধায়কদের প্রস্তাবও আছে। আখরুজ্জামান সাহেব এবং অশোক দিন্দা সাহেব বলছিলেন,

আপনারা জমি বিক্রি করে টাকা নাকি এখানে খরচ করছেন। আপনাদের জেনে রাখা দরকার যে জমিগুলো অব্যবহৃত অবস্থায় পড়ে আছে সেগুলো মনিটাইজেশান করে মূল মালিকানা পরিবহণ দপ্তর ও রাজ্য সরকারের হাতে রেখে লং টার্মে এইগুলো লীজ দেওয়া হয়েছে যাতে সঠিকভাবে এই জমিগুলো ব্যবহার করা হয় এবং নিগমগুলোকে যাতে রক্ষা করা যায়। এই অর্থের সঙ্গে নিগম বা পরিবহণ দপ্তরের অর্থের কোনো সম্পর্ক নেই। ২০১০-১১ সালে যখন নন্দীগ্রাম-সিঙ্গুর-নেতাই গণহত্যার বিরাট লম্বা লাইন তৈরি করে আপনারা রাজ্য ছেড়ে পালাচ্ছেন, সেই শেষ অর্থ- বছরে পরিবহণ দপ্তর থেকে অর্থ দপ্তরকে রেভিনিউ কালেকশান দিয়েছিলেন ৯১৭ কোটি ১২ লক্ষ টাকা। আমরা ২০১৫-১৬ সালে অর্থ দপ্তরকে দিয়েছি ১৭৬৫ কোটি ৬৭ লক্ষ টাকা। ৩১শে জানুয়ারি পর্যন্ত আপনারা সকলেই জানেন, ভারতবর্ষের প্রধানমন্ত্রী ডিমনিটাইজেশানের নামে যে অর্থনৈতিক জরুরি অবস্থা ভারতবর্ষের মানুষের উপরে চাপিয়ে দিয়েছিলেন তার মধ্যে পরিবহণ শিল্প ও পরিবহণ ব্যবসা অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়েছে। সেই সময়ে নিগমগুলিতে টিকিট কেটে মানুষ পয়সা পর্যন্ত দিতে পারেননি। সেই সময়গুলোতে আমাদের গাড়ির মালিকদের রেজিস্ট্রেশান, ফিটনেস, ইনসিওরেন্স বা অন্যান্য অর্থ ডিপোজিট যা দিতে হয় সেই ডিপোজিট তাঁরা দিতে পারেননি, একটা কঠিন অবস্থার মধ্যে দিয়ে তাঁরা গেছেন।

[4:40 – 4.50 p.m.]

এবং revenue collection 25 শতাংশ এই অর্থবর্ষে এবং সব দপ্তরের সাথে সাথে পরিবহণ দপ্তরের উপরে এফেক্ট এসেছে। তবুও আমরা ৩১ শে জানুযায়ি ২০১৭ পর্যন্ত এখনও অবধি ১৫০২৭ কোটি টাকা আমরা revenue রাজস্ব পরিবহণ দপ্তর থেকে দিতে পেরেছি এবং ৩১শে March-এর পরে আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, ২০১৬-১৭ বর্ষে রাজস্ব আমরা দিয়েছিলাম, demonetizationএর পরেও, আমরা আরও বেশি অর্থ রাজস্ব আদায় করে পরিবহণ দপ্তর একটি সফল দপ্তর আমরা আবার প্রমাণ করতে পারব। Demonetization-এর জন্য আমরা সেই সময় কালে CA-এর fitness বা অন্যান্য registration-এর সময় বাড়িয়েছিলাম। এমনকি বহু জায়গা থেকে। দাবি করার পরে আমরা ড্রাফ্ট-এর মাধ্যমে সেই টাকা জমা দেওয়ার জন্য, registration fee জমা দেওয়ার জন্য আমরা ব্যবস্থা করেছিলাম। আপনারা জানেন,পুরো পরিবহণ দপ্তরের স্বচ্ছতা আনার প্রশ্নে আমরা অনেকগুলি উদ্যোগ নিয়েছি এবং কলকাতা, বৃহত্তর কলকাতা অলিপুরসহ - আমরা এখানে e-Bahan চালু করে দিয়েছি। অর্থাৎ CA registration-এর ইত্যাদির টাকা, আপনি on line-এ দিয়ে দিতে পারবেন। আমি আপনার কাছে আজকে ঘোষণা করছি, একজন সদস্য বলছিলেন এটা শুধু কলকাতায় কেনা হবে ? এটা শুধু কলকাতায় নয়। গোটা রাজ্যে পর্যায়ক্রমে পুরো ব্যবস্থাটাকে e-Bahan কর্মসূচির অন্তর্গত করার জন্য আমাদের কাজ চলছে। আমরা কিছুদিনের মধ্যেই এই ব্যবস্থা নিতে পারব। ট্রাম নিয়ে আপনারা বলেছেন, tram-এর ঐতিহ্য নিয়ে আমরা একমত। কিন্তু যে সমস্ত tram route-গুলিতে অর্থনৈতিকভাবে ব্যাপক লোকসান হচ্ছে, যে সমস্ত tram route-গুলি থাকার জন্য কলকাতার যানজট আরও বেশি করে বৃদ্ধি পাচ্ছে, সেক্ষেত্রে আমাদের এই বিষয়টি পুনমূল্যায়ন করতে হচ্ছে। মাননীয় সদস্যদেরকে আমি আশ্বস্ত করতে চাই, ট্রামের যে ঐতিহ্য পরিবহণ দপ্তর পশ্চিমবঙ্গ সরকার, এই ঐতিহ্য বয়ে নিয়ে যাবে। ৮৫টি ট্রাম এখনও আমাদের চলছে এবং আমাদের সময়কালে একটি air conditioned tram and museum tram আমরা বানিয়েছি। ভবিষ্যতে আমাদের যে সমস্ত বৃহত্তর কলকাতার যে সমস্ত নতুন নতুন green city তৈরি করছেন মাননীয় পৌর নগরোন্নয়ন মন্ত্রী সেই সব জায়গায় আধুনিক মানের ভাল ট্রামের ব্যবস্থা পর্যটকদের জন্য বা যারা week-end-এ পরিবার নিয়ে একটু

ছুটি কাটাতে চায় - সেই ধরনের পরিকল্পনাও আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পরিবহণ দপ্তরের WBTC-র অন্তর্গত, tram company আমরা এই উদ্যোগ গ্রহণ করেছি। আপনারা জানেন, ডঃ সৌরভ চক্রবর্তীকে আমি ধন্যবাদ জানাব, যে তিনি খুব ভাল করে একটা বিষয় বলেছেন, যে বিগত দিনে ইনক্লাব জিন্দাবাদ,ভেঙ্গে দাও - গুঁড়িয়ে দাও,জ্বালিয়ে দাও - পুড়িয়ে দাও এবং এই জ্বালিয়ে দাও - পুড়িয়ে দাও প্রথম ছিল এই সরকারি বাস। আর এখনও তো সিপিএমের সঙ্গে মুর্শিদাবাদে signboard-এ কংগ্রেসও যুক্ত হয়েছে। ফরাক্কাতে কিছুদিন আগে .....(নয়েজ)..... ফরাক্কাতে গুলি চালানোর একটা ঘটনা ঘটেছিল - লাইন করে NBSTC-র বাসগুলোকে এরা পুড়িয়ে দিল। আমি আপনাদের কাছে দায়িত্ব নিতে বলি, মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমি কৃতজ্ঞতা জানাব এবং ধন্যবাদ জানাব যে, তিনি এবার বাজেট অধিবেশনের প্রথম পর্যায়ে সরকারি সম্পত্তির ভাঙচুর করলে তার অর্থ আদায় করা - যাঁরা ভাঙবেন তাদের উপরে আঁনার জন্য একটা বিল এনেছেন। এটা অত্যন্ত ধন্যবাদের। দশ মাসে আমি আমার মন্ত্রীত্বর সময়কালে দুটো বন্ধ আপনাদের আমরা দেখেছি এবং এই দুটো বন্ধ গোটা রাজ্যে অচল রাখার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী আমাকে নির্দেশ দিয়েছিলেন, আমি আমার দপ্তরের আধিকারিকদের সাথে করে নিয়ে, প্রধান সচিব সহ,পুলিশের সহযোগিতা নিয়ে, insurance কোম্পানির সহযোগিতা নিয়ে - দুটো বন্ধ সরকারি, বেসরকারি - পরিবহণ সচল রেখে আমরা প্রমাণ করে দিয়েছি, পশ্চিমবাংলায় আর কোনো দিন বন্ধ হবে না, এই বনধ অতীত হয়ে গেছে। এটা আমরা প্রমাণ করে দিয়েছি। সাথে সাথে আজকে এই আইনের মধ্যে দিয়ে আগামীদিনের সরকারি বাস বা সম্পত্তি ভাঙচুর করলে তাদের বিরুদ্ধে ক্ষতিপূরণ আদায়ের যে ব্যবস্থা মাননীয়া মুখ্যমন্ত্রীর সরকার করেছে,এটা আমাদের কাছে যথেষ্ট আনন্দের। আমি আপনাদের কাছে একটা কথাই শুধু বলতে চাই, যে আমরা এই accident আটকানোর জন্য দক্ষ driver-দের licence দেওয়ার জন্য এবং certificate of ফিটনেস সহ, আমাদের গাড়িগুলি তার প্রকৃতপক্ষে রাস্তায় চলাচলের উপযুক্ত কিনা এটার জন্য আমরা অনেকগুলো উদ্যোগ গ্রহণ করেছি।

এটার জন্য আমরা অনেকগুলো উদ্যোগ গ্রহণ করেছি। ২০১৬ -র ৮ ই জুলাই মাননীয়া মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে নজরুল মঞ্চে 'সেফ ড্রাইভ সেভ লাইফ' লঞ্চ করা হয়েছিল। এই সমগ্র কর্মসূচীর প্রধান নিয়ন্ত্রক ছিল পরিবহণ দপ্তর এবং আমাদের সহযোগী হিসাবে পুলিশ প্রধান ভূমিকায় ছিল, এর বাইরেও পি ডব্লু ডি, পৌর নগর উন্নয়ন দপ্তর, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, আমাদের শিক্ষা দপ্তর, স্বাস্থ্য দপ্তর, পি ডব্লু ডি পূর্ত দপ্তর আমাদের সহযোগী দপ্তর হিসাবে তারা কাজ করছে এবং সেই কাজ চলছে। আপনারা শুনলে খুশী হবেন যে আমরা গোটা রাজ্যে সি এফ এবং ড্রাইভিং লাইসেন্স মনিটরিং করার জন্য সি সি টি ভি ব্যবস্থা চালু করেছি। অর্থাৎ এটা ঘটনা, এটা সত্য যে বিগত দিনে আমরা দেখেছি, যে টায়ার নিয়ে এসে লাগিয়ে আমাদের সি এফ ফিটনেস করে নিয়ে চলে যাওয়া হয়, সেই টায়ার পরক্ষণেই পাল্টে দেওয়া হয়। তার ভাড়া দেওয়ার জন্য কোথাও কোথাও লোক থাকে। আমাদের এই সি সি টি ভি -র নিয়ন্ত্রণে সার্ফিকেট অফ ফিটনেস হলে একবারে যে ধরনের যন্ত্রাংশসম্বলিত গাড়ি রাস্তায় নামার উপযুক্ত, সেই গাড়ি ফিটনেস পাবে। সাথে সাথে যে দক্ষ ড্রাইভার না হলে আপনারা জানেন, ভারতবর্ষে প্রতি বছর দেড় লক্ষ মানুষ রোড অ্যাক্সিডেন্টে মারা যায়। এর মধ্যে সার্ভে রিপোর্ট বলছে নাইন্টি পারসেন্ট হচ্ছে হিউম্যান এরর অর্থাৎ মানুষের ভুলের জন্য। তার অধিকাংশটাই হচ্ছে ড্রাইভারদের জন্য এই জিনিস ঘটছে। এটা সমীক্ষাতে চিহ্নিত হয়েছে। তাই দক্ষ ড্রাইভার, উপযুক্ত ড্রাইভার তৈরি করা দরকার। আমরা রাজ্যের সমস্ত ড্রাইভিং স্কুলকে নিয়ে সায়েন্স সিটিতে সিম্পোজিয়াম করেছি পুলিশের উপস্থিতিতে এবং সেখানে আমরা ড্রাইভিং লাইসেন্স স্কুল তৈরি করার জন্য যে যে তাদের ক্রাইটেরিয়া থাকা দরকার, সেগুলো রাখার জন্য আমরা নির্দেশ দিয়েছি।

মিঃ স্পীকার : সভায় উপস্থিত সকল সদস্যদের অনুমতিসাপেক্ষে সময় ১০ মিনিট বাড়িয়ে দেওয়া হল।

শ্রী শুভেন্দু অধিকারী : ড্রাইভিং লাইসেন্স স্কুলের ব্যাপারে বলি, আমরা খড়গপুর আই আই টি-র সহযোগিতা নিয়ে একবারে আধুনিক সিলেবাস তৈরি করেছি। ১ লা এপ্রিল থেকে এই সিলেবাস চালু হবে এবং ইংরাজী, বাংলা, হিন্দী আপাতত এই তিনটি ভাষা এবং প্রয়োজনভিত্তিক নেপালী, সাঁওতালী ও উর্দু এই ভাষাতেও সিলেবাস আমরা দেব। সেই সিলেবাসের মধ্যে দিয়ে উপযুক্ত ড্রাইভার তৈরি করতে হবে এবং বাড়িতে বসে ড্রাইভিং লাইসেন্স আর কেউ পাবেন না। পুরো ড্রাইভিং লাইসেন্সের যে প্রক্রিয়া, এটাকে সি সি টি ভি মনিটরিংয়ে রাখা হবে এর জন্য যে চিপটি আমাদের সি সি টি ভি -তে তাঁরা তুলে আনবেন, সেটাও প্রিজার্ভ করে রাখা হবে যাতে পরবর্তীকালে অ্যাক্সিডেন্ট হলে বা ভয়াবহ দুর্ঘটনা ঘটলে সেই ড্রাইভার দক্ষ ছিলেন কিনা, তিনি আমাদের নির্দ্ধারিত নিয়ম মেনে তাঁকে ড্রাইভিং লাইসেন্স দেওয়া হয়েছে কিনা, সেটা আমরা দেখব। যারা ড্রাইভিং লাইসেন্স দিয়েছেন, মোটর ভেহিকেলসের ইন্সপেক্টররা সার্টিফাই করেছেন, তাদেরও অ্যাকাউন্টিবিলিটিকে এর মধ্যে আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই ধরনের নানা ব্যবস্থা নেওয়া হয়েছে। ৫৩ কোটি আমরা বিভিন্ন জেলা, পুলিশ এবং কমিশনারকে দিয়েছি। তার মধ্যে ট্র্যাফিক সিগন্যাল আছে, স্পিডো মিটার আছে, আমাদের স্পিড লেজার গান আছে। বহু জায়গায় পুলিশ দেখবেন এখন সেই স্পিড লেজার গান দিয়ে স্পীডকে মনিটরিং করছেন। নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর ক্ষেত্রে ব্রিদিং অ্যানালাইজার আমরা ব্যাপক পরিমাণে পুলিশকে দিচ্ছি। যাতে আমাদের ট্র্যাফিক ব্যবস্থাটাকে আমরা আরও সুন্দর করতে পারি। 'সেফ ড্রাইভ এবং সেভ লাইফ'-এর যে স্লোগান, এই স্লোগানকে আমরা কার্যকর করতে পারি। আমি মাননীয় সদস্য, সদস্যাদের বলব আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এই 'সেফ ড্রাইভ এবং সেভ লাইফ'-এর লঞ্চিং করতে গিয়ে বলেছিলেন, শুধু মাত্র আইন দিয়ে হবে না, জনসচেতনতা বৃদ্ধি করা দরকার আছে। সেই জন্য শিক্ষা দপ্তর সিলেবাসে নিয়েছে। যুব কল্যাণ দপ্তর যুব দিবসে 'সেফ ড্রাইভ এবং সেভ লাইফ'- পালন করেছে।

[4:50 – 5.00 p.m.]

পৌরসভা, পঞ্চায়েতগুলি মানুষের মধ্যে জনসচেতনা বৃদ্ধি করে কমোন সিভিক সেন্সকে জাগ্রত করার মধ্য দিয়ে এই আইনকে কার্যকর করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গত কয়েকদিন আগে ঐতিহাসিক স্বাস্থ্য বিলের শেষার্ধে মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি দু'টি বিষয় নিয়ে উদ্বেগ প্রকাশ করেছিলেন। তার মধ্যে একটি বিষয় ছিল রাস-ড্রাইভিং, বিশেষ করে আমাদের মোটর বাইকে আর আমাদের রেসিং এবং অ্যাক্সিডেন্ট-এর সংখ্যা কিছু বৃদ্ধি পাওয়ার ক্ষেত্রে তাঁর যে মানবিক একটা চিন্তা তাঁর যে মানবিক মুখ আমরা সেদিন দেখেছি এবং সঠিকভাবে এই হাউসকে আমি বলতে চাই, তিনি সেইদিন আমাকে নির্দিষ্ট করে বলেছিলেন যে, এটা সেন্ট্রাল অ্যাক্ট। হ্যাঁ, Central Act -এর driving exceeding speed above specified limit. এটা Rule 21(9), কেন্দ্রীয় সরকারের আইনের মধ্যে এটা পড়ে। তার বাইরেও ট্যাক্স-টা রাজ্য সরকারের এবং স্টেটের ট্রাফিকের ক্ষেত্রে রাজ্য সরকারের বা তার পুলিশের ভূমিকা আছে। এবং আমরা ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট পুলিশের সঙ্গে লিয়াজোঁ করে কাজ করি। আমরা ইতিমধ্যে আইনজ্ঞ, আইন দপ্তর, পুলিশের সঙ্গে কথা বলে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর যে উদ্বেগ বা নির্দেশ আইনে কার্যকর করা যায় কিনা আমরা সেটা গুরুত্ব সহকারে উদ্যোগ গ্রহণ করেছি। এবং এর মধ্য দিয়ে যে বাইক-রেসিং তার মধ্য দিয়ে যেভাবে মূল্যবান প্রাণগুলো চলে যাচ্ছে, সেই সংখ্যাকে যাতে নিয়ন্ত্রিত করা যায় তার উদ্যোগ গ্রহণ করা হবে। টোটো, অটো ইত্যাদি নিয়ে আপনারা বলেছেন।

টোটো নিয়ে আপনারা জানেন, ইতিমধ্যে বহরমপুরে মাননীয়া মুখ্যমন্ত্রী প্রশাসনিক জনসভাতে পশ্চিমবাংলায় ই-রিক্সা প্রজেক্ট চালু করা হয়েছে। আপনাদের সকলের সমর্থনে ই-রিক্সার ভাড়া এবং তার যে রেজিস্ট্রেশান সেটাও এই হাউস অনুমোদন করেছে অটোর মতো সেম রেখেছি রেজিস্ট্রেশান ফি। সেটাও আপনারা অনুমোদিন করেছেন। অর্থাৎ, ই-রিক্সার মধ্য দিয়ে আমরা টোটোর যে বিকল্প - কারণ আপনারা জানেন অধিকাংশ টোটোই তারা লোকাল কিছু মাল-পত্র নিয়ে অ্যাসেম্বিলিং করে নামাচ্ছে যেটা কখনই রেজিস্ট্রেশানের ক্ষেত্রে সিএমডিআরও অনুযায়ী বৈধ নয়। এর ফলে এই টোটোগুলিকে রেজিস্ট্রেশান দেওয়া যাচ্ছে রেজিস্ট্রেশান না দেওয়ার ফলে ইনসিওরেন্স কভারেজ হচ্ছে না। তার ফলে রুট-কে নিয়ন্ত্রণ করা বা দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিপূরণ দেওয়া, সে সুযোগ পাওয়া যাচ্ছে না। তাই আমরা ই-রিক্সার প্রচলন করেছি। ই-রিক্সা ইতিমধ্যে রাজ্যে টোটোর পরিবর্তে সাড়ে চার হাজার ই-রিক্সা রেজিস্ট্রেশান হয়েছে। আগামী দশ তারিখে উত্তর চব্বিশ পরগণার বারাসাতে ১ হাজার টোটোর পরিবর্তে ১ হাজার ই-রিক্সা নামানোর বৃহৎ মেলা আমাদের দপ্তরের পক্ষ থেকে অর্গানাইজ করা হচ্ছে। আমরা এইভাবে পুরো ট্রান্সপোর্ট সিস্টেম-কে নিয়ন্ত্রিত করতে চাই। এই ধরনের টোটো বা ই-রিক্সা জাতীয় সড়ক বা রাজ্যের প্রধান সড়ক দিয়ে যাতায়াত করতে পারবে না। ভেতরের ছোট কানেকটিভ রুট দিয়ে যাতায়াত করবে। এই ধরনের পরিকল্পনাও আমরা গ্রহণ করেছি। আমাদের পরিবহণ দপ্তর হচ্ছে লাইফ-লাইন। বলতে গেলে অনেক বিষয় রয়েছে। আমি শুধু মাননীয় সদস্য-সদস্যাদের আশ্বস্ত করব যে, smart ট্রান্সপোর্টের দিকে আমরা এগোচ্ছি। জলে-স্থলে-অন্তরীক্ষে - তিনটেতেই আমাদের একদম কমপ্যাক্ট প্যাকেট রয়েছে। শুধু তাই নয়, আর.টি.ও, এ.আর. টি.ও. অফিসগুলোকে আমরা ইতিমধ্যে অর্থদপ্তরকে ধন্যবাদ জানাব। ডিডিও-র অধিকার আমরা পেয়েছি। ইতিমধ্যে আমরা ট্রান্সপোর্ট ডাইরেক্টরেট গঠন করে পুরো বিষয়টাকে আরও বেশি স্বচ্ছ এবং পেশাদারিত্ব আনার উদ্যোগ নিয়েছি। ওভারলোডিং নিয়ে আপনারা বলেছেন। এটা সত্যিকারের একটা বড় সমস্যা। যে সদস্যরা বলছিলেন যে, পুলিশ টাকা চাইছে, আমি তাঁদেরকে বলব, এলাকার ট্রাকের মালিকদের আপনারা ডেকে বলুন, ওভারলোডিং না নিতে। ওভারলোডিং যদি না নেন কেউ যদি ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট বা অন্য কোনো সরকারি লোকের দ্বারা ক্ষতিগ্রস্ত হন, অপমানিত হন, বঞ্চিত হন, লাঞ্ছিত হন তার জন্য রাজ্য সরকার আছে, পরিবহণ দপ্তর আছে। আমরা ব্যবস্থা নেব। আমাদের পরিবহণ দপ্তরের এত মোটর ভেহিকেলস ইন্সপেক্টার বা চেকপোস্ট নেই যাতে পুরো রাজ্যের ওভারলোডিং ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করি। আমরা যে এগোয়নি তা নয়, আমরা এগিয়েছি। আমি ইতিমধ্যে ছ'টি নতুন চেকপোস্ট চালু করার উদ্যোগ নিয়েছি। আমি আপনাদের কাছে কথা দিতে পারি যে, আগামী এক বছরের মধ্যে আমরা ওভারলোডিং-কে একেবারে জিরোতে-নামিয়ে আনার ব্যবস্থা নেব।

এর জন্য ইতিমধ্যে আমরা অনেকটা পথ অগ্রসর হতে পেরেছি।

আমাদের গত অর্থবর্ষে ২৫৫টি সরকারি বাস নেমেছে। আর, রাজ্য দুষণ নিয়ন্ত্রণ পর্ষদের অর্থে আরও ২০টি সি.এন.জি. বাস, মোট ২৭৫টি নেমেছে। বিগত বাম আমলে ১৩২ কোটি টাকা সরকারের গ্রান্ট থেকে নিয়ে আপনারা বাস নামিয়েছেন। কিন্তু আপনারা শুনলে খুশী হবেন, আমরা আমাদের প্লান হেড থেকে বাসগুলো নামিয়েছি। আপনাদের বাসে রেজিস্ট্রেশন থাকতো না, ইনসিওরেন্সের সুযোগ ছিলনা, জি.পি.আর.এস. ছিল না। আমাদের নামানো বাসগুলোতে প্যানিক বোতাম আছে, জি.পি.আর.এস. আছে, সি.সি.টি.ভি. আছে, সবগুলো বাস রেজিস্ট্রেশন করা হয়েছে এবং এর ফলে ইনসিওরেন্স কভারেজ হয়েছে। দুর্ঘটনায় পড়লে তারা ক্ষতিপূরণ পাবেন সেই ব্যবস্থা হয়েছে। বিগত বাম আমলে কোনো সরকারি বাসে এই ব্যবস্থা ছিল না যেটা

আমরা করেছি। আগামী এক মাসের মধ্যে কোলকাতাতে এই প্রথম আমরা ১০টা এ.সি. মিনিবাস নামাতে চলেছি। একেবারে বেহালা-জোকা থেকে আনবো সেন্ট্রাল কোলকাতাতে। আবার, এয়ারপোর্ট থেকে আনবো সেন্ট্রাল কোলকাতাতে। দুটো বড় রুটে আমরা ১০টা এ.সি. মিনিবাস চালানোর সিদ্ধান্ত গ্রহণ করেছি। আমরা কিছুদিনের মধ্যেই রাজারহাট-নিউ টাউনে বাইক-ট্যাক্সি শুরু করতে চলেছি। আগামীদিনের ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের আরও অনেক অনেক পরিকল্পনা আছে। এই পরিকল্পনাগুলোতে আপনাদের অংশগ্রহণ, আপনাদের সাজেশন, আপনাদের প্রত্যেকের সহযোগিতা আমি পরিবহণ দপ্তরের পক্ষ থেকে ঐকান্তিকভাবে প্রার্থনা করবো।

আমাকে অতিরিক্ত সময় দেওয়ার জন্য মাননীয় অধ্যক্ষ মহোদয়কে ধন্যবাদ জানিয়ে আমি মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে ২০১৭-১৮ আর্থিক বর্ষের জন্য বাজেটে ৫৩ নম্বর দাবির অধীন ১৩৪১ কোটি ৭০ লক্ষ ১০ হাজার টাকার ব্যয়-বরাদ্দের অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে আপনাদের কাছে অনুরোধ জানাবো এবং বিরোধী পক্ষের কাট-মোশান প্রত্যাহার করবার জন্য আবেদন করব। ধন্যবাদ।।

Mr. Speaker : Now, I put to vote the cut motion moved. As many as are of that opinion, please say "Aye', as many as are of the contrary opinion, please say "No".

Noes have it, Noes have it.

The cut motion is lost.

Mr. Speaker : Now I put to vote the main demand that a sum of Rs.1341,70,10,000/- be granted for expenditure under Demand No. 53, Major Heads: "2041- Taxes on Vehicles, 2070-Other Services, 2235-Social Security and Welfare, 2250-Other Social Services, 2251-Secretariat-Social Services, 3051-Ports and Lighthouses, 3053-Civil Aviation, 3055-Road Transport, 3056-Inland Water Transport, 3075-Other Transport Services, 3451-Secretariat-Economic Services, 5053-Capital Outlay on Civil Aviation, 5055-Capital Outlay on Road Transport, 5056-Capital Outlay on Inland Water Transport, 5075-Capital outlay on Other Transport Services, 7055-Loans for Road Transport, 7056-Loans for Inland Water Transport and 7075-Loans for Other Transport Services" during the year 2017-18

As many as, are of that opinion, please say "Aye", as many as are of the contrary opinion, please say "No".

Ayes have it, Ayes have it."

Demand No. 53 is passed. Demand No. 53 is passed.

Discussion on Demand No. 21

Mr. Speaker : There are two cut motions to Demand No. 21. The cut motions are in order and taken as moved.

Shri Asit Mitra : Mr. Speaker Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1/-

Shri Anisur Rahaman : Mr. Speaker Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

শ্রী সুদীপ কুমার মুখার্জী : মাননীয় স্পীকার স্যার, খাদ্য ও সরবরাহ দপ্তরের মন্ত্রী মহাশয় ২০১৭-১৮ আর্থিক বছরের ব্যয়-বরাদ্দের ২১ নম্বর দাবির অধীনে যা পেশ করেছেন তার কিছু সংশোধনী এবং কাট-মোশান আনা হয়েছে সে সম্বন্ধে আমি কিছু বলছি।

মাননীয় স্পীকার স্যার, এই বাজেটে মাননীয় মন্ত্রী বলেছেন যে রাজ্য সরকার 'খাদ্য সাথী' খাদ্য প্রকল্পে ৭ কোটি ৯৬ লক্ষ মানুষকে খাদ্য সুরক্ষার আওতায় এনেছে। আবার জাতীয় খাদ্য সুরক্ষা আইন সারা রাজ্যে চালু হয়েছে। জাতীয় খাদ্য সুরক্ষায় ৬ কোটি ১ লক্ষ মানুষকে আনা হয়েছে। আবার বলছেন, ৭৫ লক্ষ মানুষকে রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা ১-র আওতায় আনা হয়েছে। এছাড়া, খাদ্য সুরক্ষা যোজনা দু'য়ের আওতায় ১ কোটি ২০ লক্ষ মানুষকে এনেছেন।

[5:00 – 5.10 p.m.]

জঙ্গল মহলের ৪ টি জেলার ২৩ টি ব্লক, একটি পুরসভা, বীরভূম জেলার ৭ টি ব্লক, সিঙ্গুরের অনিচ্ছুক কৃষক, আয়লা ক্ষতিগ্রস্ত, বন্ধ চা বাগানের শ্রমিকদের পরিবার, পার্বত্য অঞ্চলের বাসিন্দা ৪৭ লক্ষ ৮৯ হাজার ১৪৭ জন মানুষ, এছাড়া ৬৩ হাজার ৭৯ জন আদিম জনজাতিভুক্ত মানুষ, ষোলোশো দুই গৃহহীন পরিবার, ১৩৯ টি টোটো পরিবার, ২৭২ টি চা বাগানের ৯ লক্ষ ৩৮ হাজার শ্রমিক পরিবার এবং দার্জিলিং জেলার ৩ টি মহকুমার সমস্ত পরিবার রাজ্য সরকারের অন্তোদয় যোজনার মাধ্যমে খাদ্য পাচ্ছেন। মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইব উনি যে পরিসংখ্যান তুলে ধরেছেন, যে উপভোক্তার সংখ্যাটা বলেছেন, তা রাজ্যের জনসংখ্যার সংগে সঠিক কি? যে সংখ্যাটি দিয়েছেন রাজ্যের জনসংখ্যার সংগে তা সঠিক নয়, সেটা যেন তার ভাষণে উনি বলেন। এই সদন আরও জানতে চায়, খাদ্যশস্য বিতরণের যে কর্মসুচী চলছে তার মধ্যে কেন্দ্রীয় সরকারের অংশগ্রহণ কতটা আর রাজ্য সরকারের অংশগ্রহণ কতটা? এবং আর্থিক বিনিয়োগের পরিমাণ দুই সরকারের কতটা? আবার বলছেন গণবন্টন ব্যবস্থার মাধ্যমে রাজ্যের ৮৭ শতাংশ মানুষকে খাদ্যশস্য দেওয়া হচ্ছে। এদিকে যা পরিসংখ্যান দিচ্ছেন তাতে যা জনসংখ্যা তার থেকে অনেক বেশি মানুষের পরিসংখ্যান উনি দিচ্ছেন। রাজ্যের খাদ্য সুরক্ষা, কেন্দ্রের খাদ্য সুরক্ষার আইনে আনা হয়েছে, ওটা জানানো হোক। ২০১৬-১৭ খরিফ মরসুমে ২২৮ টি কেন্দ্রীয় ধান ক্রয় কেন্দ্র, ১২৮৪ টি কৃষি সমবায় খামারকে ধান কেনার দায়িত্ব দেওয়া হয়েছে। এবছর ২০১৭-১৮ ধান ক্রয় কেন্দ্র কতগুলি থাকবে তার কোনো পরিসংখ্যান এই বাজেটে নেই। আপনি বলছেন ২০১৬-১৭ খরিফ মরসুমে ৩৮ লক্ষ ৫৯ হাজার মেট্রিক টন ধান সংগ্রহ হয়েছিল। এবছর ২৪ শে ফেব্রুয়ারি অবধি ৭ লক্ষ ৫২ হাজার মেট্রিক টন ধান কেনা হয়েছে। এবছর সরকারের ধান কেনার কোনো লক্ষ্যমাত্রা নির্ধারিত করেছেন কি? উনি বলছেন অভাবী বিক্রি বন্ধ হয়েছে। আমি আপনার অবগতির জন্য জানাই কিছুদিন আগে আপনি আমার জেলায় গিয়েছিলেন। রাস্তায় নিশ্চয়ই যেতে যেতে দেখতে পেয়েছেন ধান কেনার জন্য বিভিন্ন কেন্দ্র খুলে রাখা আছে, ব্যক্তিগত দোকান। গ্রামে গ্রামে ঘুরে ফড়ে দালালরা ধান কিনছে। আপনি সরকারি জায়গায় বা সমবায়ে ধান বিক্রি করার জন্য কেন্দ্র খুলেছেন। চাষিরা গেলে তাদেরকে টালবাহনা করা হচ্ছে ধান নেওয়ার ক্ষেত্রে। যারা বিক্রি করছে তারা NEET বা TGS-এর মাধ্যমে টাকা পৌঁছে দেবার কথা বলেছেন। কিন্তু আপনি খবর নিয়ে দেখবেন চাষিরা টাকা না পেয়ে বারে বারে ঘুরে আসছেন। টাকার জন্য ধর্না দিচ্ছেন। আপনার এলাকায় বা অন্যান্য এলাকায় বা আমার এলাকায়ও বিধায়কদের কাছে যাচ্ছেন, জনপ্রতিনিধিদের কাছে যাচ্ছেন টাকার জন্য। আমি বাংলার

চাষিদের পক্ষ থেকে এবং একজন কৃষক পরিবারের সন্তান হিসাবে আপনার কাছে আবেদন রাখছি, সরকারের কাছে আবেদন রাখছি- ধানের সহায়ক মূল্য দুশো টাকা করে এই আর্থিক বছরে বৃদ্ধি করার আবেদন জানাই। চাষিরা বাড়ি থেকে গাড়িতে করে সরকারি ধান, গম কেন্দ্রে বা সমবায়গুলিতে নিয়ে আসছেন সেই আর্থিক বহনটা সরকার যাতে করে। সারা দেশে জাতীয় খাদ্য সুরক্ষায় পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য সাথী প্রকল্পে ত্রুটিমুক্তি ডিজিটাল রেশন কার্ড কত দিনের মধ্যে সরকার সমস্ত গ্রাহকের কাছে পৌঁছে দেবে তার কথা কিন্তু এই বাজেটে উল্লেখ নেই। রাজ্যের মুখ্যমন্ত্রী এই নির্বাচনের আগে সারা রাজ্যে ঘুরে বলেছিলেন, প্রতিশ্রুতি দিয়েছিলেন, কেন্দ্রের যতই প্রতিবন্ধকতা আসুক উনি রাজ্যের একশো শতাংশ মানুষকে দু টাকা কেজি দরে খাদ্যশস্য চাল, গম, নিত্য প্রয়োজনীয় জিনিস সরবরাহ করবেন। রাজ্যের মানুষ সেই প্রতিশ্রুতি থেকে বঞ্চিত হচ্ছেন। আমরা কি এই সদনে যে সদস্যরা আছি তারা কি ভাবব সেটা নির্বাচনী চমক ছিল? জনগণও কি সেটা ভাববে?

আর একটা যাতে ২ টাকা কে.জি. দরে আমাদের রাজ্যের সমস্ত মানুষ নির্বাচনের আগে ২ টাকা কে.জি. দরে চাল, গম পাচ্ছিল সেই প্রচেষ্টাকে সাধুবাদ জানাই। রাজ্যের ১০০% উপভোক্তা যাতে ২ টাকা কেজি দরে চাল,গম পায় তার আবেদন আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে রাখছি। নিশ্চয় রাজ্যের আর্থিক অবস্থা খারাপ নয়। যখন রাজ্য সরকার খেলা,মেলা এবং ক্লাবগুলিকে শত শত কোটি যেভাবে ওড়ানো হচ্ছে তখন রাজ্যের মানুষকে সেটা দিতে পারলে অনেক ভাল হত। ১৩ নম্বর পাতায় বাজেটে বলেছেন খাদ্য মজুত ভাণ্ডারের যে পরিমাণ ৫ লক্ষ ৯৯ হাজার ৩ হাজার ৩০০ মেট্রিক টন এই রকম কিছু একটা লিখেছেন সেটা বিশদে ঠিক বুঝতে পারছি না কিন্তু তারমধ্যে কতটা সরকারি মজুতাগার এবং কতটা ব্যক্তিগত মালিকানাধীন ভাড়া নেওয়া হয়েছে সরকার থেকে তার কোনো উল্লেখ নেই বা মিলের কাছে যে ধান রাখা হচ্ছে তার কোনো উল্লেখ কিন্তু এখানে নেই। কেরোসিন তেল সম্পর্কে আপনি বলেছেন কেন্দ্রীয় সরকার প্রতি বছর কেরোসিনের বরাদ্দ কমাচ্ছে। আমরা এই কেন্দ্রীয় সরকারের জনবিরোধী কাজের নিন্দা করি কিন্তু তার সঙ্গে এটা আপনাকে জানাতে চাই, রাজ্য সরকার ও আমরা যারা জেলার মানুষ আছি তাদের সঙ্গে কেরসিন তেল নিয়ে বিমাতৃসুলভ আচরণ করছেন। আপনি নিজে কলকাতার বাসিন্দা হলেও জেলার জনপ্রতিনিধি। কোলকাতায় যেখানে জনপ্রতি ১১০০ মি.লি. কেরোসিন তেল পায়, আমার পুরুলিয়া জেলা, গরীব জেলা সেখানে প্রতি জন রেশন কার্ড হোল্ডাররা প্রতি মাসে ৫৪০ মি.লি. কেরোসিন তেল পায়। কলকাতার মানুষের চেয়ে এখানের মানুষের - কেরোসিন তেলের প্রয়োজনটা অনেক বেশি। এটা কি মনে করতে পারি না, যারা বাংলাদেশে কেরোসিন তেল পাচার করছে তাদের হাত শক্ত করার জন্য এটা করা হচ্ছে। খাদ্য দপ্তর ঈদ,দূর্গাপুজা ইত্যাদি ফেস্টিভাল কোটায় যে মালগুলি দেন যেমন ময়দা, ডাল, ছোলা সহ অন্যান্য সামগ্রী তা বাজারের থেকে অনেক বেশি দাম এবং মানও অনেক কম। সেই সম্বন্ধে খাদ্য মন্ত্রীর কাছে জানতে চাইব, তিনি বিশদে জানাবেন। আরও জানাই, রেশন দোকানের মাধ্যমে যে নন-পি.ডি.আইটেম যেমন দেশলাই, সাবান,সর্ষের তেল, বিস্কুট ও অন্যান্য জিনিস বাজারে থেকে উঁচু দামে নিম্ন মানের পাওয়া যায় এবং রেশন ডিলাররা উপভোক্তাদের জোর করে এই নিম্ন মানের মাল নিতে বাধ্য করেন, সেটা কেন হয় এটা মাননীয় মন্ত্রীর কাছে জানাতে চাইব।

জানতে চাইব এটা, আমার পুরুলিয়া জেলার ডিস্ট্রিবিউটারদের মুর্শিদাবাদ থেকে, আবার মুর্শিদাবাদ জেলার ডিস্ট্রিবিউটারদের বীরভূম থেকে কেন রেশনের চাল তোলার ব্যবস্থা করা হচ্ছে ? এতে ডিস্ট্রিবিউটারদের আর্থিক লাভ পাইয়ে দেওয়ার ব্যবস্থা তাতে কার স্বার্থ জড়িত আছে। পুরুলিয়া থেকে বীরভূম অনেক কাছে। যদি পুরুলিয়ার ডিস্ট্রিবিউটাররা বীরভূমে মাল

নিত তাতে ডিসটেন্সটা অনেক কম পড়ত এবং মুর্শিদাবাদের ডিস্ট্রিবিউটাররা যদি মুর্শিদাবাদে মাল নিত, চালটা তুলত তাতে খরচ অনেক কম পড়ত। এই ডিস্ট্রিবিউটারদের সুবিধা পাইয়ে দেওয়া কার স্বার্থে তা মন্ত্রীর কাছে জানার আবেদন রাখছি। আরও একটা কথা বলতে চাই, আগের যে সিস্টেমটা ছিল টেন্ডার করে ট্রান্সপোর্টিংয়ের ব্যবস্থাটা ছিল সেই ব্যবস্থটা কেন চালু নেই ? এই যে ব্যক্তিগতভাবে দালাল, ফোড়েদের সুবিধা পাইয়ে দেওয়া, ডিস্ট্রিবিউটারদের সুবিধা পাইয়ে দেওয়া এই জিনিস কেন ? আমি এই বাজেটে যে কাট মোশান এনেছি, সংশোধনী এবং আমি যেটা মাননীয় মন্ত্রীর কাছে বলেছি তার নিশ্চয় উত্তর পাব, আমাকে বলতে দেওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সেখ শাহনাওয়াজ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে ২০১৭-১৮ সালের আর্থিক বছরের ২১ নম্বর দাবির অধীনে মাননীয় খাদ্য মন্ত্রী পেশ করেছেন তার সমর্থনে যে দাবি পেশ করেছেন সেই ৭৫৩৪ কোটি ৯০ লক্ষ ২১ হাজার টাকা বরাদ্দ করেছেন, সেটাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি।

[5:10 – 5.20 p.m.]

সব থেকে বড় প্রকল্প পশ্চিমবাংলার মধ্যে যে খাদ্যসাথী প্রকল্প, সেই খাদ্যসাথী প্রকল্পের সারা বাংলায় ৭ কোটি ৯৬ লক্ষ মানুষ খাদ্যসুরক্ষা আওতায় আনার যে বিশাল প্রক্রিয়া, এই প্রক্রিয়া খাদ্যমন্ত্রী ত্বরান্বিত করার জন্য যে পরিশ্রম করে যাচ্ছেন এবং সেই পরিশ্রমের সঙ্গে সঙ্গে আমাদের জাতীয় খাদ্য সুরক্ষা আইনে ৬ কোটি ১ লক্ষ মানুষ,তারা জাতীয় সুরক্ষা আইনে পাচ্ছেন। সঙ্গে সঙ্গে আমাদের রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা এক নম্বরে, ৭৫ লক্ষ মানুষ তারাও ওই সম পরিমাণে দু'টাকা কেজি দরে চাল পাচ্ছেন এবং অন্যান্য রেশন সামগ্রী পাচ্ছেন। এছাড়া ১ কোটি ২০ লক্ষ মানুষ, যারা মাসিক ২টাকা কেজি করে চাল পাচ্ছেন এবং সমহারে তারা অর্ধেক মূল্যে রেশন দ্রব্য পাচ্ছেন, এই জিনিস বিশাল কর্মকাণ্ড, সেই কর্মকাণ্ডকে সফল করার জন্য আমি ধন্যবাদ জানাই মাননীয় খাদ্যমন্ত্রীকে। এই কর্মকাণ্ডে সারা ভারতবর্ষের মধ্যে অন্য কোনো রাজ্যে এই ভাবে ৬ কোটি ১ লক্ষ বাদে বাকি লোকগুলোকে যে রেশন দ্রব্য দেওয়া হচ্ছে, সেই ভর্তুকি রাজ্য সরকার দিচ্ছেন এবং খাদ্যমন্ত্রী সমস্ত ব্যবস্থাপনা করছেন, তারজন্য ওনাকে ধন্যবাদ জানাই। জঙ্গলমহলের চারটি জেলা - বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর এবং বীরভূমের সাতটি ব্লক এবং একটি পুরসভা, সেই এলাকার মানুষ, সিঙ্গুর, আয়লা বিধ্বস্ত এলাকা, রুগ্ন বন্ধ চা বাগানের শ্রমিকদের এবং পার্বত্য এলাকার বাসিন্দাদের মোট ৪৭ লক্ষ ৮৯ হাজার মানুষকে তিনি ২০১১ সাল থেকে সুবিধা দিয়ে যাচ্ছেন। ৬৩ হাজার আদিম জনজাতিকে এবং ১৬০২ জন গৃহহীন পরিবারকে তাছাড়া টোটো পরিবার - ১৩৯ জনকে, তাদেরকেও বিনামূল্যে তিনি খাদ্য সরবরাহ করে যাচ্ছেন। ২৭২টি চা বাগানের ৯ লক্ষ ৩৮ হাজার শ্রমিককে তিনি অন্ত্যোদয় যোজনার মতো খাদ্য সরবরাহ করে যাচ্ছেন। সারা বাংলার ৮৭% মানুষকে গণবন্টন ব্যবস্থার মধ্যে নিয়ে আসা এবং তাদের খাদ্য বন্টন করা যে কি কঠিন কাজ, সেই কঠিন কাজ তিনি সম্পূর্ণ করার চেষ্টা করে যাচ্ছেন। ধান সংগ্রহ - যেটা আমাদের ২০১৬-১৭ খারিফ মরসুমে, সেই ধান সংগ্রহ তিনি করেছেন এবং আমরা জানি ধান উৎপাদনকারী ব্লকগুলোতে তিনি ধান্য ক্রয় কেন্দ্র ৩২৮টি কেন্দ্রীয় ধান্য ক্রয় কেন্দ্র চালু করেছেন। এছাড়া সমবায়ের মাধ্যমে ১২৮৪টি কৃষি সমবায়ের মাধ্যমে ধান ক্রয় করা হচ্ছে। এইভাবে ২০১৬-১৭ মরসুমে ই-প্রোকিওরমেন্ট সফটওয়্যার চালু হয়েছে। গত মরসুমেও ৩৮.৫৯ টন তিনি সংগ্রহ করেছেন। এর জন্য ১৮ লক্ষ কৃষক উপকৃত হয়েছিল। এই বছরও ফেব্রুয়ারী পর্যন্ত প্রায় ৩.২২ লক্ষ কৃষক উপকৃত হয়েছে এবং প্রায় দশ লক্ষ টন ধান কেনা হয়েছে। আমরা জানি এই ধান কেনার ব্যাপারে মিলের সঙ্গে নানান আলোচনা করেছেন। ধান কেনার জন্য প্রথম

থেকেই তিনি জেলা পর্যায়ে এবং বিভিন্ন পর্যায়ে আমাদের নিয়ে, সরকারি অফিসারদের নিয়ে মিটিং করেছেন। বারবার এই ধান কেনার পদ্ধতি, কিভাবে, কোন পদ্ধতিতে ধান কেনা যায় এবং মানুষের কাছে কিভাবে পৌঁছানো যায়, সেজন্য সমবায় সমিতি থেকে আরম্ভ করে, সেই সমবায় সমিতি ছাড়াও যাতে অন্য কোনোভাবে কেনা যায়, তার ব্যবস্থাও তিনি করছেন। আমরা জানি স্বাস্থ্য পরিবার কল্যাণ দপ্তর চার হাজার শিশু এবং মায়েদের প্রত্যেককে পাঁচ কেজি করে চাল, আড়াই কেজি করে গম এবং এক কেজি করে ডাল বিনামূল্যে তিনি বিতরণ করছেন। খাদ্যশস্য সংগ্রহ, চিনি, কেরোসিন তেল ইত্যাদি যাবতীয় জিনিস তিনি সুষ্ঠভাবে বিতরণ করছেন এবং বিতরণ করার জন্য সারা পশ্চিমবাংলায় প্রায় ১৮হাজার সংশোধিত রেশন এলাকায় ডিলার রয়েছে এবং বিধিবদ্ধ এলাকাতেও ২২০০ রেশন ডিলার রয়েছে, ৫০০ ডিস্ট্রিবিউটার রয়েছে, এই বিরাট কাজ তিনি সম্পন্ন করছেন। ডিজিটাল রেশন কার্ড, যেটা নিয়ে বিরোধীরা বারবার বলত যে কতদিনে রেশন কার্ড হবে, ওদের সমালোচনা করার অভ্যাস, কারণ কোনো জিনিস ওরা করতে পারে না।

কারণ কোনো জিনিস ওরা করতে পারে না কিন্তু করতে গেলে বাধা দেওয়া এর উদ্দেশ্য। যখন প্রথমে আমাদের কৃষকমান্ডি তৈরি করা হয়েছিল তখন বলেছিল কবে কৃষকমান্ডি হবে? তৈরি হওয়ার পর বলল কবে চালু হবে, কবে দেওয়া হবে? আমরা দেখছি যে আজকে ৭.৯৬ কোটি মানুষকে ডিজিটাল রেশন কার্ড দেওয়া হয়েছে। তার মধ্যে ৬.৭৬ কোটি মানুষ দুই টাকা কেজি দরে চাল পাচ্ছে। এই রূপায়ণের জন্য গতবারে সরকার ৫,০২০ কোটি টাকা বরাদ্দ করেছিল। এই সমস্ত উপভোক্তাদের নামের তালিকা দপ্তরের ওয়েব সাইটে দেওয়া আছে যে কোনো সময়ে দেখতে পাওয়া যাবে। রেশন দপ্তর নতুন পদ্ধতি চালু করতে চাইছে। দোকানে e-pos মেশিন বসানো হবে। এই মেশিনে ডিজিটাল কার্ড থেকে সমস্ত রকম তথ্য দেখতে পাওয়া যাবে এবং খাদ্য সাপ্লাই থেকে শুরু করে রসিদ প্রদান সমস্ত বিষয় অনলাইন সাভারে পাঠাতে পারবে। এই নতুন ব্যবস্থা যাতে সরকারের আরও স্বচ্ছতা প্রমাণ হবে। কম্পিউটারের মাধ্যমে সমস্ত রকম কাজ চলছে। যাঁরা এখনও ডিজিটাল রেশন কার্ড পাননি, যাদের গোলমাল হয়েছে তাঁরা নির্ধারিত ফর্মে দরখাস্ত করতে পারবে। পাঁচ রকম ফর্ম আছে, সেই ফর্মগুলিতে তাঁরা রেশন অফিসে, ব্লক অফিসে দরখাস্ত করতে পারবে সেই ব্যবস্থা করা আছে। ২০১৬-১৭ সালে খারিফ মরশুমে ৩২৮টি ধান বিক্রয় কেন্দ্র চালু হয়েছে। সরকার ১৪৭০ টাকা যেটা মিনিমাম রেট সেই রেটের সঙ্গে রাজ্য সরকার নিজে ২০ টাকা উৎসাহ ভাতা দিয়েছে। সেখানে ধান সংরক্ষণ কেন্দ্রর trained clinic সিভিক ভলেনটিয়ার রয়েছে, সেখানে পার্চেজ অফিসার রয়েছেন,সেখানে ধানের মান পরীক্ষার যন্ত্র রয়েছে, সেখানে ময়েশ্চার মিটার রয়েছে, ওজন যন্ত্র রয়েছে। সময়ে সময়ে ধান কেনা হচ্ছে এবং সঙ্গে সঙ্গে চাষিদের নাম নথিভুক্ত করা হচ্ছে। এই নথিভুক্তকরণের ব্যবস্থা আগে কোনো দিন ছিল না। বর্তমান সরকার এই চাষিদের নাম নথিভুক্তকরণের সঙ্গে সঙ্গে সরাসরি তাদের অর্থ প্রদানের জন্য ব্যবস্থাও করছে। আগে APL, BPL কত চাল, কত গম আসত জানা যেত না। এর জন্য বিরাট আন্দোলন হয়েছিল বাংলায় এবং সেই আন্দোলনে অনেক ডিলারদের ঘেরাও করা হয়েছে। অনেক মানুষ মারা গিয়েছিলেন। অনেক সাধারণ মানুষ মারা গিয়েছিল। তারা বিচার পর্যন্ত পায়নি এই খাদ্যের দাবিতে। APL মালগুলি বেচে দেওয়া হত আর এখন একটা স্বচ্ছতা হয়েছে আমাদের খাদ্য দপ্তরে। আমাদের খাদ্য দপ্তর থেকে যে অ্যালটমেন্ট হচ্ছে সেই অ্যালটমেন্ট যে দপ্তরে যাচ্ছে, জেলা সাবডিভিশন কনট্রোলার তার সমস্ত কিছু তৈরি করছেন। চালান তৈরি করার পর ডিস্ট্রিবিউটার সে চালানের টাকা জমা দিচ্ছেন। কত মাল যাচ্ছে প্রত্যেকটা ডিলারের কাছে তা নথিভুক্ত থাকছে। কোনো মাল চুরি করার কোনো পরিসর নেই, স্বচ্ছতা পুরোপুরি বজায় রয়েছে। অথচ এমন একদিন ছিল যেখানে সারা বাংলায় মানুষ কত চাল আসত, কত ডাল আসত কিছুই জানতে পারত না। আজকে বিরোধীরা বিরোধিতা করার জন্যই

বলছেন কিন্তু তাঁরা জানেন এই যে ব্যবস্থা এখন যা রয়েছে সমস্ত মানুষের কাছে বিশদভাবে প্রচার করা হচ্ছে, বিভিন্ন সময়ে প্রচার করা হচ্ছে। স্বাধীনতা দিবসে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তাঁর প্রিয় খাদ্যসাথী, যেটা প্রত্যেকটা মানুষকে অনাহারে মরতে হবে না। যেমন বিগত দিনে মারা গিয়েছিল আমলাশোলে। বামফ্রন্টের আমলে যেমন জঙ্গলমহলের মানুষ পিঁপড়ের ডিম খেয়ে, জীবিকা নির্বাহ করত। আজকে সারা বাংলায় কোনো মানুষ এই স্বচ্ছ রেশন দপ্তর ও খাদ্য দপ্তর কাজ চলানোর জন্য কোনো মানুষ অনাহারে মরে না। সেইজন্য সরকার সেইভাবে ব্যবস্থা, করছে, গোডাউন তৈরি করেছে। বামফ্রন্টের আমলে মাত্র ৪০ হাজার টন, ৬০ হাজার টন গোডাউনের ব্যবস্থা ছিল। আমাদের সরকার এই খাদ্যমন্ত্রী আসার পর থেকে ৫ কোটি ৯৯ লক্ষ মেট্রিক টন ব্যবস্থা করেছেন। যে কোনো সময়ে খাদ্য স্টক করা যাবে। মানুষের পরিষেবা পৌছানোর জন্য মা-মাটি-মানুষের সরকার, আমাদের খাদ্যমন্ত্রী তিনি সব দিক দিয়ে চিন্তাভাবনা করে রেশন ব্যবস্থা করেছেন এবং পরিষেবা মানুষের কাছে পৌঁছে দিচ্ছেন।

[5:20 – 5.30 p.m.]

তার জন্য তিনি যে বাজেট বরাদ্দ রেখেছেন, সেই বাজেট বরাদ্দকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে বিরোধীদের বিরোধিতা করার জন্য যে কাটমোশান এনেছেন, সেই কাটমোশানের বিরোধিতা করে আমি আমার ব্যক্তব্যকে শেষ করলাম।

শ্রী সেখ আমজাদ হোসেন : স্যার সময় খুব কম, তাই সরাসরি বিষয়ের মধ্যে আসছি। কাটমোশানকে সমর্থন করে। স্যার মাননীয় মন্ত্রী মহোদয় রেখেছেন স্যার - শুরু করলেন কেন্দ্রীয় সরকার দিয়ে এবং শেষও করলেন কেন্দ্রীয় সরকার দিয়ে। কেন্দ্রীয় সরকারের যা কিছু ভাল সেটা আপনার কারখানায় এনে নাম বদলে ভাল বলে দিলেন নিজে। যেমন রেশন দোকানটা হচ্ছে কেন্দ্রীয় খাদ্য সুরক্ষা যোজনায় - আর আপনি করে দিচ্ছেন বলে দিলেন। আর শেষ করছেন কেরোসিন তেল দিয়ে - সেটা কম আসছে বলে কেন্দ্র দিচ্ছে না। তাই ভারি মজার বাজেট হয়েছে। এই বাজেট বইয়ে উনি বলছেন যে ৭.৯৬ কোটি মানুষকে - ৭ কোটি ৯৬ লক্ষ মানুষকে রাজ্য খাদ্য সুরক্ষা যোজনায় আনা গিয়েছে - বলেছেন উনি প্রথম পাতায় দু নম্বরে। তারপরে যেটা আর বলছেন না শাহনাওয়াজ ভাই বলতে গিয়ে - এনেছেন উনি তারপরে যুক্তও করেছেন উনি - জাতীয় খাদ্য সুরক্ষা আইন অনুযায়ী। জাতীয় খাদ্য সুরক্ষা আইন অনুযায়ী স্যার ৬ কোটি ১ লক্ষ লোক তারা এই আওতার অধীনে এসেছেন। রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা - মাননীয় মন্ত্রী উনি মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় করেছেন। আর.কে.এস ওয়ান যেটা। তাতে ৭৫ লক্ষ লোক। এই ৬ কোটি ৮ লক্ষ আর ৭৫.লক্ষ - ৬ কোটি ৭৬ লক্ষ মানুষকে উনি ২ টাকা কেজি দরে চাল দিচ্ছেন। আর.কে.এস টু - যেটাতে ১ কোটি ২০ লক্ষ মানুষের কথা বলেছেন, তাদেরকে কিন্তু আপনি ২ টাকা কেজিতে চাল দিচ্ছেন না। ২০১১ সালের সেনসাস অনুযায়ী পশ্চিমবাংলার মোট জনসংখ্যা ৯ কোটি ১২ লক্ষ৭৬ হাজার ১১৫ জন। অর্থাৎ আপনি বলেছেন না মাইলফলক করেছেন আপনি। আপনার এই মাইল ফলকের প্রকল্পে প্রায় আড়াই কোটি মানুষকে বাদ রাখলেন আপনি। আড়াই কোটি মানুষকে বঞ্চিত করলেন। আর মাইলফলক আপনি কিছু রাখছেন না। ২০০৮-'০৯ সাল - শাহনাওয়াজ ভাই ঠিকই বলছিলেন যে তখন বি.পি.এল. আর এ.পি.এল.-এর রেশন কার্ড। বি.পি.এল. রেশন কার্ডধারী ২কোটি ৬৪ লক্ষ, সেই গরীব মানুষকে দু টাকা কেজি দরে চাল বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় দিতেন তখন। তখন কেন্দ্রীয় খাদ্য সুরক্ষা যোজনা চালুই হয়নি। কেন্দ্রীয় সরকারের কোন অনুদান তার কোন গল্পই নেই। সবটাই রাজ্য সরকারের ছিল। বরং আপনি যা করলেন ২ কোটি ৬৪ লক্ষকে দিত বামফ্রন্ট সরকার সেইটা আপনি কত দিচ্ছেন ৭৫ লক্ষ। ৬ কোটি ১ লক্ষটা আপনার নয়। এইটা আপনি জাগলারী করেছেন এখানে। ২০১৩

সালে দেশের সংসদে জাতীয় খাদ্য সুরক্ষা আইন গৃহীত হওয়ার পর থেকে দেশের সব রাজ্যের মতো আমাদের রাজ্য কেন্দ্রীয় সরকারের খাদ্য সুরক্ষা প্রকল্পের আওতাধীন হয়েছে। আর উনি - উনি মানে দিল্লিতে উনি। উনি বলছেন আমার - কেন্দ্রীয় খাদ্য সুরক্ষা যোজনা। আর এখানে উনি। উনি মানে আপনি যার অনুপ্রেরণায় করছেন। ইনি বলছেন আমার কারখানায় নাম বদলে খাদ্য সাথী করে দিয়েছি - আমি। উনি বলছেন আমি দিচ্ছি, আর আপনি বলছেন আপনি দিচ্ছেন। আসল গল্পটা কি স্যার ? মহামান্য সুপ্রিম কোর্ট বলেছিল ৩৫ কেজি করে খাদ্যশস্য দেওয়ার কথা। এমন অভাগার দেশ আমাদের স্যার সুপ্রিম কোর্ট বলছে মানুষ খেতে পাচ্ছে না ৩৫ কেজি করে খাদ্যশস্য দাও। আর দেশের পার্লামেন্টে বিল পাস হল ১০ কেজি কমে গিয়ে ২৫ কেজি হয়ে গেল। ওটা উনি করলেন। আর ইনি আবার ২৫ কেজিটাকে সবাইকে চারিয়ে দিয়ে ভোট নিয়ে ভোটে জিততে হবে ২৫ কেজি টাকে উনি আনলেন কোথায় ? ২ কেজিতে। ২ কেজিতে আনলেন। বামফ্রন্ট সরকার যেটা দিত স্যার সেইসময় সমস্ত বি.পি.এল. কার্ডে তারা মাসে কার্ড পিছু ৪ কেজি করে চাল পেত। আর এখন পি.এইচ .এইচ, এস.পি.এইচ.এইচ - এইটাতে আপনি চাল দিচ্ছেন মাসে কার্ড পিছু ২ কেজি। বামফ্রন্টের আমলে ৪ কেজি - নামিয়ে আনলেন ২ কেজি। অন্ত্যোদয়টাকে ছেড়ে দিন। অন্ত্যোদয়টাকেও কমিয়েছেন। বামফ্রন্টের আমলে ছিল ২৫ কেজি পরিবারভিত্তিক। এখন সেটাকে কাট করে এনেছেন ২০ কেজিতে।

সপ্তাহে সাড়ে সাতশো গ্রাম করে দেন। আর.কে.এস. ২ এবং আর.কে.এস. ১, আর.কে.এস. ১-এ আপনি দু কেজি করে চাল দিচ্ছেন। আর.কে.এস. ২ মানে তৎকালীন বামফ্রন্ট সরকারের বি.পি.এল.-এর বাইরে যা ছিল, ২ কোটি ৬৪ লক্ষের বাইরে সবটাই এ.পি.এল.। তাদেরকে ৯ টাকা কেজি দরে চাল এবং ৬ টাকা কেজি দরে গম দেওয়া হত। আর আপনি আর.কে.এস. ২ তে যে চাল দিচ্ছেন সেটাও কমিয়েছেন এবং বেঁধে দিয়েছেন। ১৩ টাকা কেজি কিনতে হবে, সেটা মাসে এক কেজি। অর্থাৎ সপ্তাহে আড়াইশো গ্রাম করে আজকের ডেটে তারা পাচ্ছে। আর গম তো বন্ধ। আর.কে.এস. ১ এবং আর.কে.এস. ২ তে গম নেই এখন। গম বন্ধ হয়ে গিয়েছে। আচ্ছা আপনি বলুন মাননীয় মন্ত্রী বর্ধমান জেলায় গম দিচ্ছেন, আবার হুগলী জেলায় কেন আটা দিচ্ছেন? জঙ্গলমহলের মানুষকে কেন আটা দিচ্ছেন? কেন্দ্রীয় সরকার তো আপনাকে গম দেয়, আপনার তো গম দেওয়ার কথা। বাজারে কথা চালু আছে, বলবেন আপনি। সত্যি আমারও গায়ে লেগেছে। এই হাউসের আমিও একজন সদস্য। কি সব ফ্লাওয়ার অ্যাসোসিয়েশন তাদের যেখানে যেখানে এসব আছে সেখানে গম দিয়ে অন্য জেলায় আটা দিয়ে দিচ্ছেন। এই সমস্ত করেছেন আপনি। এই রেশন ব্যবস্থার নামে খাদ্যসাথী যেটা বলছেন জাগলারি করে, মানুষকে দেওয়ার কথা ছিল ৩৫ কেজি, পার্লামেন্টে সেটা হল ২৫ কেজি। শুধু ভোট লুঠ করার জন্য, মানুষের ভোট পাওয়ার জন্য গরিব মানুষকে বঞ্চিত করে সবাইকে ভাগ করে দিতে গিয়ে যা এই আইনের উদ্দেশ্য ছিল, সেই উদ্দেশ্যকে চরিতার্থ হতে দেওয়া হল না শুধু রাজনৈতিক স্বার্থকে চরিতার্থ করার জন্য। এই অল্প জিনিস যে দিচ্ছেন এইটা করতে গিয়ে আপনাকে আবার এই জেলা ওই জেলা থেকে ধার করতে হচ্ছে। আপনি ধার করেছেন। আপনি বীরভূমে রেশন দেওয়ার জন্য বর্ধমান থেকে ধার করেছেন, এফ.সি.আই. থেকে ধার করেছেন। কেন ধার করতে হল আপনাকে? সে কথা আপনি বলেছেন। এরপরে আসি ধান ক্রয়ের ব্যাপারে। আপনি আপনার বাজেট বইয়ে হিসেব দিয়েছেন ২৪ ফেব্রুয়ারি থেকে। কেন? এই মহতি সদনে মাননীয়া মুখ্যমন্ত্রী যেদিন হাজির ছিলেন আমরা বলেছিলাম। ডিমনিটাইজেশনের জন্য কৃষক ভুগছে। স্বর্ণমাসুরী ধান উঠল যখন তখন ৬০ কেজি এক বস্তা স্বর্ণমাসুরী ধান কৃষক ৮০০ টাকায় বিক্রি করছে। ডিমনিটাইজেশনের সুযোগকে কাজে লাগিয়ে ফোড়ে, ফাটকা ব্যবসায়ীরা এই বাজারকে ফেলে দিল। আমরা সরকারকে বললাম এখুনি ধান কিনতে নামুন, নাহলে চাষিরা মরবে, আলু চাষ করবে, বরো চাষ করবে। ডিস্ট্রেস

সেল আটকান। আপনি নামলেন না। নামলেন, কিন্তু কি কি নিয়ম করলেন? আধার, ভোটার কার্ড, জমির কাগজ, ব্যাঙ্কের বই - এত কিছু নিয়ম করলেন। যখন চাষির হাতে ধান ছিল - আর আজকে যখন গরিব কৃষকদের হাত থেকে ধান চলে গিয়েছে ফোড়ে আর ফাটকা ব্যবসায়ীদের হাতে, তখন বলছেন আর কোনো নিয়ম নেই, শুধু ব্যাঙ্কের বই আনলেই ধান কিনে নেব। ফোড়ে আর ফাটকা ব্যবসায়ীরা হাসতে হাসতে বলছে খেতি সেই ভাত খেলি তবু এত লোক হাসালি। ফোড়ে আর ফাটকা ব্যবসায়ীদের জন্য এই সরকার চলছে। অভাবি বিক্রিকে আটকাতে পারলেন না, গরিব কৃষকদের হাতে পয়সা দিতে পারলেন না। আর এইরকম করতে গিয়ে - আজকে মাননীয় মন্ত্রী দেরিতে এলেন। যা শুনতে পাচ্ছি এই বিষয় নিয়ে খাদ্য দপ্তরের প্রধান সচিব না কি সরে গিয়েছেন। আপনি দয়া করে বলবেন কে কার পক্ষে ছিল? তাঁকে কৃষকের জন্য সরতে হল না ফাটকা ও ফোড়েদের পক্ষে ছিলেন বলে সরতে হল? আপনি অনুগ্রহ করে এটা জানাবেন। এই কয়েকটি কথা বলে কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় উপাধক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক মহাশয় খাদ্য ও সরবরাহ দপ্তরের ২০১৭-১৮ আর্থিক বছরের ব্যয়-বরাদ্দ মঞ্জুরি সম্পর্কে ২১ নং দাবির অধীনে যে বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। বিরোধী পক্ষের আমজাদ ভাই বললেন। মন দিয়ে শুনলাম। চাল, ডাল, গম এখনকার খাদ্য মন্ত্রী সুষ্ঠুভাবে মানুষের কাছে পৌঁছে দিচ্ছেন।

[5:30 – 5.40 p.m.]

সেই সময় দেখেছি লোহাচুর কান্ড। জাহাজে লোহা যাচ্ছে সেটাও খেয়ে ফেলেছে। সেবারে তদন্ত কমিশন বসিয়েছিল। মাননীয় মন্ত্রীর কাছে। জানতে চাইব, সেই তদন্ত কমিশনের শেষ পর্যায়ে কি পরিণাম হ'ল। বিগত সরকারের আমলে পশ্চিমবঙ্গে ২০০৬ থেকে ২০১১ সাল পর্যন্ত মোট ধান সংগ্রহের পরিমাণ ছিল ৯৬ লক্ষ মেট্রিক টন। আর বর্তমানে মা-মাটি-মানুষের সরকার, মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় এবং উৎসাহে বর্তমান খাদ্যমন্ত্রী মাননীয় শ্রী জ্যোতিপ্রিয় মল্লিকের আমলে এই ৬ বছরে ৩৯ লক্ষ ২৯ হাজার ৯৯৭ জন কৃষক সরাসরি রেজিস্ট্রেশন করে বিভিন্ন কেন্দ্রে ধান বিক্রি করেছে, যার পরিমাণ ১৫৭.৬৬ লক্ষ মেট্রিক টন। তাহলে পার্থক্যটা বুঝুন। আপনারা বলছেন খাদ্যমন্ত্রী সমস্তটাই ছলনা করেছেন এই বাজেট বক্তৃতায়। আমি ১০ বছর বিরোধী সদস্য ছিলাম, সেইসময় দেখেছি জঙ্গলমহলের মানুষ পিঁপড়ের ডিম খেয়ে দিন কাটাত, অনাহারে মারা যেত। বিরোধী দলনেতার সঙ্গে আমিও গিয়েছিলাম সেখানে, মানুষের দুরবস্থা নিজের চোখে দেখেছি। আমলাশোলের কথা বোধহয় ভুলেই গেছেন আপনারা। জঙ্গল-মহল তো বটেই, পিছিয়ে পড়া চারটি জেলায়, ২৩ টি ব্লকে এবং সিঙ্গরের অনিচ্ছুক কৃষক পরিবার, আয়লায় দক্ষিণ ২৪ পরগণার ক্ষতিগ্রস্থ পরিবারগুলো, রুগ্ন বন্ধ চা বাগানের শ্রমিক এবং পার্বত্য অঞ্চলের বাসিন্দাদের জন্য রাজ্য সরকারের তরফ থেকে চালু করা বিশেষ কর্মসূচীর যে সুবিধা এই সরকার দিয়েছে, সেটা আপনারা কল্পনাও করতে পারবেন । জনজাতিভুক্ত মানুষ, টোটো সম্প্রদায়ের মানুষের কথা কি মনে পড়ে আপনাদের ? আপনাদের আমলেও টোটো সম্প্রদায় ছিল, সেই হিসাব আপনারা রাখতেন না। জনজাতি সম্প্রদায়ের মানুষদের চিনতেন না। প্রত্যেকটা ধান উৎপাদনকারী অঞ্চলে মোট ৩২৮ টা সি.পি.সি. গঠিত হয়েছে বর্তমান মা-মাটি-মানুষের সরকারের আমলে। ১২৮৪ টা কৃষি সমবায় সংস্থাকে ধান কেনার দায়িত্ব দেওয়া হয়েছে, যা বিগত ৩৪ বছরে আপনারা ভাবতেও পারেননি। বামফ্রন্টের আমলে লোহা খেয়ে দূর্নীতির পাহাড়ে বসে থাকা খাদ্য দপ্তর আমরা দেখেছি। সেইসময় অনাহারে মানুষের মৃত্যু আমরা দেখেছি।

কিন্তু ২০১১সালে বাংলার পরিবর্তনের ডাকে বাংলার সব ধর্মের মানুষের আশীর্বাদ, দোয়া, শুভেচ্ছায় পশ্চিমবাংলায় মা মাটি মানুষের সরকার শপথ নেওয়ার পরে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আজকে জঙ্গলমহল সহ, পার্বত্য এলাকা সহ, দক্ষিণ ২৪পরগণার আয়লা বিধ্বস্ত এলাকা সহ আজকে পশ্চিমবাংলার মানুষ হাসছে। তারা আজকে আশ্রয় পাচ্ছে, খাদ্য পাচ্ছে, শিক্ষা পাচ্ছে, স্বাস্থ্য পাচ্ছে। ৩৪ বছরের শাসন ব্যবস্থায় আপনারা এগুলো ভাবেনও নি। ধান কেনা একটা রেকর্ড সংখ্যক ধান কেনা পশ্চিমবাংলায় বিগত পাঁচ বছরে মা মাটি মানুষের সরকার প্রমাণ করেছে যে সরাসরি আজকে কৃষকদের কাছ থেকে সি পি সির মাধ্যমে তারা ধান কিনছে। আমি এইটুকু বলতে পারি নদীয়া জেলাতেও আজকে ধান কেনার ক্ষেত্রে চাষিরা যে ন্যায্য দাম পাচ্ছে এবং সারা বাংলায় এই টারগেট যেটা মা মাটি মানুষের সরকারের খাদ্য দপ্তর গ্রহণ করেছে তা সিডিউল টাইসের ভেতরেই পৌঁছবে সেটা আগামী দিন বুঝতে পারবেন যে মানুষ, যে চাষীরা পিছিয়ে ছিল তারা এগিয়ে এসে বিভিন্ন কেন্দ্রের ন্যায্য দাম দিয়ে ফড়েদের বাতিল করে তারা সরাসরি তারা ধান বিক্রি করতে পারছে। নিশ্চিতভাবে পশ্চিমবাংলার মা মাটি মানুষের সরকার এবং মাননীয় মন্ত্রী শ্রী জ্যোতিপ্রিয় মল্লিককে ধন্যবাদ জানাই এবং এটাও ধন্যবাদ জানাই যে বিগত ৩৪ বছরে ডিলাররা দুর্নীতি করেছে, ডিস্ট্রিবিউটাররা দুর্নীতি করেছে কোনো মন্ত্রীকে আশেপাশে দেখা যায় নি। সব আন্ডার গ্রাউন্ড ব্যবস্থা ছিল। কিন্তু মাননীয় মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক গতকালও মানুষের সংবাদ পেয়ে তিনি ডিলারের ঘরে গিয়ে সেই দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন। আপনারা বুকে হাত দিয়ে বলতে পারবেন যে বিগত ৩৪ বছরের শাসন ব্যবস্থায় লোহা পর্যন্ত খেয়ে নিয়েছেন। সেই লোহাচুর কেলেংকারী। তখন ডঃ পার্থ চট্টোপাধ্যায় বিরোধী দলনেতা ছিলেন। আপনাদের ওই নরেন বাবু না নরেন ভঞ্জ সেই বাবু পুরো লোহাই খেয়ে ফেলেছিলেন জাহাজসমেত। সেটার একটা কমিশন হয়েছিল। মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাসা করব সেই লোহাচুরের কমিশনে কি ব্যবস্থা হল ? এদের কথা শুনে লাভ নেই। বাংলার মানুষ ১১সালে বুঝিয়ে দিয়েছে। আরও এক বছর বাদে পঞ্চায়েত নিবার্চন তাতে যে কটা এখানে আছে আগামী দিনে সবটাই ফর্সা হয়ে যাবে। স্যার, সুন্দর পরিবেশে আজকে ই-টেন্ডারিং-এর মাধ্যমে এবং প্রোকিওরমেন্ট ই-টেন্ডারিং আজকে আপনারা স্বপ্নেও ভাবতে পারবেন না বিভিন্ন জেলায়, বিভিন্ন ব্লকে মা মাটি মানুষের সরকার ব্যবস্থা নিয়েছে। তাই পশ্চিমবাংলার খাদ্য দপ্তর, তার আধিকারিকরা একটা পরিবার হিসাবে সমন্বয় রেখে সরাসরি কৃষকদের স্বার্থকে সম্মান দিয়ে, কৃষকরা যাতে মেরুদণ্ড খাড়া করে বাঁচতে পারে সার্বিক দৃষ্টিকোণ থেকে পশ্চিমবাংলার খাদ্য দপ্তর সু-ব্যবস্থা গ্রহণ করেছে। আজকে দ্রুততার সঙ্গে ডিজিটাল রেশন কার্ড যেভাবে মানুষের কাছে পৌঁছে দিয়েছে এবং যারা পায় নি। পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী এবং খাদ্য দপ্তর সুন্দরভাবে আজকে খাদ্যমন্ত্রী ২৯৪ জন বিধায়ককে এক, দুই, তিন, চার, পাঁচ, ছয়, সাত বিভিন্ন কর্মসূচীতে কোন কোন ফর্ম ফিল আপ করা হবে, আপনাদের বিরোধীদেরও সেই ফর্ম দেওয়া হয়েছে। আপনারা কোনো মানুষকে বঞ্চিত করতে পারবেন না। রাজ্য সরকার, মা মাটি মানুষের সরকারের দায়বদ্ধতা আছে। তাই খাদ্য দপ্তর যে ৬ বছর আজকে পশ্চিমবাংলায় দুর্নীতিকে রুখে অত্যন্ত গণতান্ত্রিক পদ্ধতিতে, শান্তিপূর্ণভাবে বণ্টন ব্যবস্থাকে পরিচালনা করছেন নিশ্চিতভাবে আগামীদিনে একটা সুন্দর পরিবেশের ভেতর দিয়ে মানুষকে সঙ্গে নিয়ে খাদ্য দপ্তর যে ৬ বছর চলছে আগামী দিনেও মানুষ সঙ্গে থেকে আরও সুন্দরভাবে খাদ্য দপ্তর পরিস্কার পরিচ্ছন্নতা নিয়ে কৃষক ভাইদের সঙ্গে নিয়ে আজকে পশ্চিমবাংলায় আমরা সুন্দর পরিবেশে বসবাস করব এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে বিরোধীদের আনা কাট মোশনকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[5:40 – 5.50 p.m.]

শ্রী প্রদীপ কুমার সাহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,আজকে যে বাজেট খাদ্য দপ্তরের, এই বাজেটের আলোচনা করতে গিয়ে কিছু কথা আমার মনে হয়েছে, সেটা হল যে বরাদ্দ এখানে রেখেছেন সেটা দেখলাম ও পাশাপাশি কথাবার্তা এবং আমার নিজের অভিজ্ঞতার কথা বলতে গিয়ে প্রথমেই বলতে হয় রাজ্যের আজকে জ্বলন্ত সমস্যা কোনটা। আপনি যদি যান রাস্তা দিয়ে, যদি কোনো লাইন দেখেন, আপনি জেনে রাখুন নিশ্চিতভাবে সেই লাইন হচ্ছে ফুড সাপ্লাই দপ্তরের সামনে মানুষের লাইন। মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য আর কতবার রেশন কার্ডের জন্য আপনি লোককে লাইনে দাঁড় করাবেন। প্রত্যেকবার মানুষ শুধু লাইনে দাঁড়াচ্ছেন কেন- তাঁকে একটা রেশন কার্ড পেতে হবে। এই রেশন কার্ড পাওয়ার জন্য লাইনে দাঁড়াচ্ছেন। গ্রামবাংলার অভিজ্ঞতাটা কি? গ্রামবাংলায় আপনারা পঞ্চায়েত সমিতিগুলিকে দখল করেছেন, কায়েম করেছেন, কিন্তু আপনারা গ্রামবাংলার সমস্ত মানুষের মনটাকে এখনও দখল করতে পারেন নি। তাই স্বাভাবিকভাবে আপনারা যে কাজটা এখনও করছেন, সেটা হচ্ছে এই, যে রেশন কার্ডগুলি দেওয়া হচ্ছে, আপনাদের সমস্ত কর্মীরা হাতে হাতে নিয়ে বলছে যে এর জন্য একটা নতুন সিন্ডিকেট বাহিনী তৈরি করা হয়েছে, এই রেশন কার্ড দেওয়া হবে। তার জন্য কিছু দিতে হবে। আবার পাশাপাশি এই কাজটাও হচ্ছে আমাদের দলে নাম লেখাতে হবে এবং এই রকম একটা ব্যবস্থা আপনারা গ্রামবাংলায় কায়েম করেছেন। রেশন কার্ড যে পায় নি, সে গিয়ে যখন দাঁড়াচ্ছে, তখন তাকে বলা হচ্ছে আপনার তো রেশন কার্ড আছে, গেছে! কিন্তু সে রেশন কার্ড পাচ্ছে না কারণ তার পরিচিতিটা গ্রামবাংলায় আছে, সে অন্য রাজনৈতিক দলের কর্মী। তাই স্বাভাবিকভাবে এই রেশন কার্ড নিয়ে মানুষকে লাইনে দাঁড় করানো হচ্ছে, সেক্ষেত্রে ব্যাপক সমস্যা তৈরি করানো হচ্ছে। পাশাপাশি একটা কথা বলছি এই যে সোশিও ইকনমি সার্ভে কেন্দ্রীয় সরকারের স্কিম, যে সার্ভের বলে আজকে এই ডিজিটাল রেশন কার্ড দেওয়া হচ্ছে, যে এই রেশন কার্ড দিতে গিয়ে একটু গ্রামবাংলায় দয়া করে যাবেন এবং আপনি দেখবেন চোখের সামনে যে দু টাকা কেজি দরের চালের - রেশন কার্ড নিয়ে যাচ্ছে আর কে এস ওয়াই (টু) হচ্ছে একজন গরীব মানুষের, আর একজন হচ্ছে আর কে এস ওয়াই (১) একজন স্কুলের টিচার, তিনি কিন্তু দুটাকা কেজি দরে চাল তুলছেন। আর একজন গরীব মানুষ সেটা সে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখছে - ভাবছে আমার ১৩ টাকা কেজি দরের চাল। আপনারা বড় বড় কথা বলছেন। আপনারা বলছেন আপনারা দারুণ খাদ্যসাথী প্রকল্প করেছেন। গোটা দেশে তিন টাকায় যখন, তখন আমরা দু টাকা কেজি দরে দিচ্ছি। আপনারা বলুন তো এই যে ন্যাশানাল ফুড সিকিউরিটি স্কিম আছে, এই স্কিমে আপনারা কত টাকা ভর্তুকি দিয়েছেন- সেটা হচ্ছে ৩৭৪ কোটি টাকা। আর আপনারা জেনে রাখুন বামফ্রন্ট সরকার-কারোর সাহায্য না নিয়ে ২ কোটি ৬৪ লক্ষ লোককে তারা চাল দেওয়ার ব্যবস্থা করেছিল। তারা তখন কত ভর্তুকি দিয়েছিল? ৪৪২ কোটি টাকা দিয়েছিল। এখানে আলোচনা হচ্ছে ৩৪ বছর আগে কি ছিল, আর এখন কি অবস্থা হয়েছে। এই যে কথায় কথায় ৩৪ বছর বলেন, দেখবেন তার আগে গ্রামবাংলায় রাস্তা ছিল না। সেখানে একটু একটু করে এগিয়েছে। তাই ৩৪ বছরের তুলনা দেওয়া নয়, এগোচ্ছে দেশটা, এগোচ্ছে বাংলা, মানুষকে সঠিক জায়গাটা পৌঁছে দিন, বিষয়টা এই জায়গায় নিয়ে যান। আপনারা যে কথা বলছেন বা বলার চেষ্টা করছেন, একেবারেই তো সত্য কথা বলছেন না। এ পি এল রা কত করে বামফ্রন্টের আমলে চাল কিনতো - ন টাকা কেজি ছিল চালের দাম, আর ৬ টাকা কেজি ছিল গমের দাম। আপনারা যে চাল দিচ্ছেন তাও সবাইকে নয়, যাদের দিচ্ছেন তা ১৩ টাকা কেজি দরে চাল এবং গম দিচ্ছেন ৯ টাকা কেজি দরে। তাহলে আপনারা বামফ্রন্টের কাছে তো একটু হেরে গেলেন তো! তাই না! তো হারবেন না আপনারা। আপনারা সমস্ত প্যাকেজিং সিস্টেমে করেছেন, আপনাদের মূল লক্ষ্য হচ্ছে যে,

যা কাজ করব, তার থেকে বেশি প্রচার করব। তারজন্য মিডিয়ায় ব্যবস্থা করেছেন। তারজন্য বাজেটে টাকা ধরেছেন এবং সেই টাকা দিয়ে বিজ্ঞাপন দেবেন। অথচ গরীব মানুষকে একটু চিনি দেওয়ার ব্যবস্থা করবেন না। আর কেন্দ্রীয় সরকারকে বলছেন কেরোসিন তেল দিচ্ছে না। আপনারা যাদেরকে, ওই যে ১ কোটি ২৭ লক্ষ মানুষকে রেশনের আওতার বাইরে রাখলেন, তাদের কি অবস্থা হবে।

তাদের কি অবস্থা হবে ? আমি স্বাভাবিকভাবেই আপনাদের কাছে আরেকটা কথা বলতে চাই, ধান ক্রয়ের ব্যাপারে সুন্দর সুন্দর কথা বলেছেন, ধান কিনছেন। আচ্ছা, এই যে ধান কিনছেন, থার্ড মার্চ পর্যন্ত আপনারা ১১ লক্ষ ৮ হাজার মেট্রিক টন ধান ক্রয় করেছেন। মুখ্যমন্ত্রী দার্জিলিং থেকে ফিরে এলেন। দার্জিলিং থেকে ফিরে এসে দেখছেন - একটু তদন্ত করলেন, করে দেখলেন ধান তো কেনাই হয়নি। কি বাজে অবস্থা রাজ্যের। সঙ্গে সঙ্গে উনি ২০/০২ - নতুন একটা অর্ডার দিয়ে দিলেন। বললেন কি ? না, চাষির থেকে ডিরেক্ট পারচেজিং করতে হবে। বুঝে নিন, এতদিন চাষি মাল দিতে যাচ্ছে, আপনি কি ব্যবস্থা করলেন ? এটা আনতে হবে, ওটা আনতে হবে - চাষি যাচ্ছেই না। আর ফোড়েরা ৮০০ টাকায়, ৯০০ টাকায় ধান কিনে নিল। আর এখন ডিরেক্ট পারচেজিং। সেই ফোড়েগুলো এখন মাল বেচতে যাচ্ছে, ডিরেক্ট পারচেজিং স্কিমে আপনি একাজ করছেন। আপনারা সেল্ফহেল্প গ্রুপের কথা বলছেন। ২০০৮ সালে সেল্ফহেল্প গ্রুপের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট ধান কেনা শুরু করেছিল, যা ভারতবর্ষে রেকর্ড তৈরি করেছিল। আপনারা জানেন যে, ২০১০-১১ সালে ধানের সহায়ক মূল্য ছিল ১ হাজার ৫০ টাকা। সরকার নিয়ে আসার জন্য বোনাস দিত ৫০ টাকা। আপনারা আজকে দিচ্ছেন ২০ টাকা। তাই স্বাভাবিকভাবেই এই যে আপনারা তথ্যের জাগলারি করছেন, আপনারা মানুষকে ভুল বোঝাচ্ছেন। আমি শেষ করবো শুধু এই কথা বলে যে, দয়া করে যে গরীব মানুষগুলো আজকে রেশন কার্ড পায়নি, তাদের জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন করব, আপনি যে ফর্মে সংশোধন করার ব্যবস্থা করছেন, দয়া করে অর্ডার দিন - গরীব মানুষ যারা ১৩ টাকা পেয়েছেন, তাদের অন্তত তদন্তপূর্বক ২ টাকা কেজি চালের আওতায় আনা হোক, আর যে বড়ো লোকটি ১৩ টাকা কেজি দরে চাল নিচ্ছে, সেটা বাতিল করা হোক। এই দাবি রেখে আমি বিরোধীদের আনা কাটমোশনের পক্ষে কথা বলে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

শ্রী মানস মজুমদার : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, খাদ্য দপ্তরের ২১ নম্বর দাবির মুখ্য খাত সমূহের ওপর ভিত্তি করে যে ৭ হাজার ৫৩৪ কোটি ৯০ লক্ষ ২১ হাজার কোটি টাকার যে বাজেট পেশ করা হয়েছে, সেই বাজেটের সমর্থনে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য পেশ করছি। আমি প্রথমেই আমাদের মন্ত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের অনুপ্রেরণায় যে বাজেট পেশ করেছেন, সেই বাজেট যে সাধারণ মানুষের বাজেট, তার প্রতিটি পাতায় পাতায় সেটা বার বার প্রমাণ হয়েছে। শুধু এই বছর নয়, এর আগের বছরের যে বাজেট ছিল, সেই বাজেটকে যদি আমরা একটু মনোযোগ সহকারে লক্ষ্য করি, তাহলে আমরা দেখতে পাব যে, সেখানে শুধু মানুষের কথা বলা হয়েছিল। মানুষের সমস্যা উপলব্ধি করে বাজেট পেশ করা হয়েছিল। ফলে ২০১৬ সালের যে নির্বাচন, সেই নির্বাচনে বিরোধীদের সবরকম অপপ্রচারকে উপেক্ষা করে সাধারণ মানুষ মা-মাটি-মানুষের সরকারকে সমর্থন করেছেন। আমি একটু পিছনের দিকে যাই এই বাজেটের ওপর পুরোপুরি বক্তব্য পেশ করার আগে। ২০০৯, ২০১০ সাল - বামফ্রন্ট সরকার যে বাজেট পেশ করেছিলেন, সেই বাজেটে আমরা দেখতে পেয়েছি, চাল উৎপাদন ২০০৮-০৯ বর্ষে ছিল ১৪৭.১৯ লক্ষ মেট্রিক টনের থেকে বৃদ্ধি পেয়ে ২০০৯-১০ সালে ১৫৫.৩৩ লক্ষ মেট্রিক টন অভ্যন্তরীণ প্রয়োজন যেখানে

১৩৭.৬২ লক্ষ মেট্রিক টন। এটা বামফ্রন্টের যে বাজেট বই, সেই বইতে ছিল। ঐ একই বছরে ডাল, তৈল বীজ, গম যা উৎপাদন হয়েছিল, সব মিলিয়ে খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি পেয়ে যেখানে গিয়েছিল - ১৭০.১৯ লক্ষ মেট্রিক টন। ঐ বাজেটের বইতেই বলা হয়েছে যে, রাজ্যের স্বনির্ভরতার ক্ষেত্রে যেটা প্রয়োজন ছিল - ১৭০.৮০ লক্ষ মেট্রিক টন, সেই লক্ষ্যমাত্রা পার করতে পারেনি, কাছাকাছি কোনোভাবে গেছে। এই বামফ্রন্টের ২০০৯ সাল, ২০১০ সালের যে বাজেট, সেই বাজেটই প্রমাণ করে যে বামফ্রন্ট খাদ্যে কখনও স্বনির্ভর হতে পারেনি।

[5:50 – 6.00 p.m.]

বড় বড় বুলি তারা বাজেটের বইয়ে বিভিন্ন সময়ে রেখে গেছে। পরবর্তী সময়ে আমরা যদি আমরা আর একটু পিছনের দিকে যাই, আমরা দেখেছি একটা সময়ে এই পশ্চিমবঙ্গে আমলাসোলের কথা আমরা সবাই জানি। ২০০৪ সালে আমলাসোল বীরপাই থানা যেটা মাওবাদী জনযুদ্ধ গোষ্ঠী বামফ্রন্টের যে অনুন্নয়ন সেই অনুন্নয়নকে হাতিয়ার করে দখল করে নিয়েছিল, সেখানকার মানুষের যে খাদ্যের অভাব দরজায় দরজায় খাদ্য সরবরাহ দপ্তর তাদের রেশনিং যে সিস্টেম সেই সিস্টেম এতই দুর্বল ছিল যে যারা একবেলা পেটভরে খেতে পেত না, তাদের দরজায় দরজায় খাদ্য পৌঁছে দিতে পারে নি। সেই সময় আমরা দেখেছি বেলপাহাড়ি, আমলাসোল এই সব জায়গায় প্রচুর মানুষ সাত দিনে তিন বেলা খেতে পেত না, দুবেলাও পেত না, কোনোমতে হয়তো দিনে একবেলা খেতে পেত। দুবেলা অনাহার অর্ধাহারে থাকতে হতো। অনাহার সেই সময় প্রচুর মানুষের প্রাণহানি ঘটিয়েছে। এই সময়ে আমরা দেখেছি যে, পুরুলিয়ার আর একটা জায়গা যেটা এনায়েতপুর, যেটা ছিল হার্মাদদের ঘাঁটি। যেখানে যে লোকাল কমিটি, সেই লোকাল কমিটির অফিস থেকে মানুষ যাতে তাদের কথা বলতে না পারে তাদেরকে দাবিয়ে রাখা হতো বন্দুকের নলের উপর ভিত্তি করে। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা যদি আর একটু উত্তরবঙ্গের দিকে যাই সেখানে ২০০৬ সালে ১০০ জনের বেশি মানুষ অনাহারে প্রাণ হারিয়ে ছিলেন। এটা হল বামফ্রন্টের ওই সময়কার, যারা ভাবতেন যে আমাদের সরকারের যে খাদ্য সরবরাহ দপ্তর সেই দপ্তরের যাঁরা সমালোচনা করেন তাঁদের ইতিহাসটা বলার জন্য একটু পিছনের দিকে গেলাম। এর পরে আমাদের বর্তমান যে সরকার সেই সময়ে আমরা যে সমস্ত এলাকার কথা আমরা একটু আগে বললাম বামফ্রন্টের যে বাজেট সেই বাজেটের কথা বলতে গিয়ে। আমাদের জঙ্গলমহলের যে চারটি জেলা সেই বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর মোট ২৩টি ব্লকের এবং একটি পুরসভা এবং বীরভূমের ৭টি ব্লক, সিঙ্গুরের অনিচ্ছুক কৃষক, আয়লা ক্ষতিগ্রস্থ পরিবার, রুগ্ন ও বন্ধ চা বাগানের শ্রমিক সব মিলিয়ে আমরা দেখছি যে ৪৭ লক্ষ ৮৯ হাজার ১৪৭ জন মানুষ, যাদেরকে রাজ্য সরকারের যে সমস্ত সুবিধা সেই সমস্ত সুবিধা আমাদের খাদ্য দপ্তর তাদের দরজায় দরজায় পৌঁছে দিয়েছে। আমরা দেখেছি ২০১১ সাল থেকে রাজ্য সরকার ৬৩ হাজার ৬৯ জন আদিম জনজাতির মানুষ এবং ১৬০২টি গৃহহীন পরিবার এবং ১৩৯টি টোটো পরিবার যেটা আমার পূর্ববর্তী বক্তা বলছিলেন যে এই টোটো পরিবারের নাম বামফ্রন্টের পাতায় কোনো দিন ছিল কি না আমাদের কাছে সন্দেহের বিষয়। এবং ২৭২টি চা বাগানের ৯ লক্ষ ৩৮ হাজার শ্রমিক যারা দার্জিলিং এবং এর তিনটি মহকুমার এই সমস্ত মানুষ যাদেরকে অন্ত্যোদয় অন্নযোজনায় আমাদের সরকার আমাদের মন্ত্রী তাদেরকে খাদ্যশষ্য তাদের বাড়িতে বাড়িতে পৌঁছে দিতেন। আমরা দেখেছি ২০১৬ সালে সুপ্রিম কোর্টের তত্ত্বাবধানে স্পেশাল কমিশনার ফুড সীড সিকিউরিটি Harsa Wagle-র, তিনি রাজ্য সরকারকে একটা রিপোর্ট দিয়েছিলেন যে পশ্চিমবঙ্গের গণবন্টন ব্যবস্থা ২০১১ সালের আগে অনেক খারাপ ছিল। কিন্তু বর্তমান যে সরকার তার যে গণবন্টন ব্যবস্থা সেটা আগের থেকে অনেক ভালো। সেই জায়গায় দাঁড়িয়ে

বিভিন্ন কমিশন তার যে সুপারিশ তাদের যে রিপোর্ট সেই রিপোর্টই প্রমাণ করে আমাদের মা মাটি মানুষের সরকার সেই সরকারের খাদ্য দপ্তর কতটা শক্তিশালী কতটা সাধারণ মানুষের জায়গায় দাঁড়িয়ে আছে। আমরা যদি আরও একটু সামনের দিকে ২০১১ সালের পরে আমাদের মন্ত্রী খাদ্যসাথী প্রকল্পে ৭ কোটি ৯৬ লক্ষ মানুষকে জাতীয় খাদ্য সুরক্ষার আওতায় নিয়ে এসেছেন। সেখানে ৬ কোটি ১ লক্ষ মানুষকে জাতীয় খাদ্য সুরক্ষায় এবং রাজ্য খাদ্য সুরক্ষায় ৭৫ লক্ষ মানুষ এবং খাদ্য সুরক্ষা- ২তে ১ কোটি ২০ লক্ষ মানুষ, তাদেরকে আমাদের সরকার খাদ্য পৌঁছে দিচ্ছে এই দপ্তরের মাধ্যমে। আমাদের সরকারের ধান সংগ্রহের যে ব্যবস্থা যেটা পূর্ববর্তী বক্তারা বলেছেন তাঁদের বক্তব্যে, যে আমাদের পূর্বের যে সরকার সেই সরকারকে আমরা বারবার দেখেছি যে পশ্চিমবঙ্গে ধান উৎপাদনে সব সময় একটা প্রথম শ্রেণির রাজ্য। কিন্তু ধান উৎপাদন হওয়ার পরে সেই ধানকে সংগ্রহ করা আমাদের পূর্বতন যে সরকার ছিল বামফ্রন্ট সরকার যাদের বক্তারা এখানে বক্তব্য রেখেছেন এবং সহযোগীরা এখানে বসে আছেন, কংগ্রেসি বন্ধুরা এখানে বসে আছেন। সেই সরকারের কোনো পরিকল্পনা ছিল না যে ধান কীভাবে সংগ্রহ করতে হবে এবং ধান যদি আমি সংগ্রহ করতে না পারি তাহলে আমি খাদ্যে কীভাবে স্বনির্ভর হওয়ার কথা বলব, মানুষের যে রেশনিং সিস্টেম 2 সেই রেশনিং সিস্টেমকে ঠিক রাখবো সেই সিস্টেম, কখনই ঠিক থাকবে না। সেই সিস্টেমকে ঠিক রাখতে হলে আমাদেরকে ধানটা সংগ্রহ করতে হবে।

আমরা দেখেছি ২০১৬ সাল পর্যন্ত এই বছর আমাদের যে ২৮টি ধান ক্রয় কেন্দ্র যেখান থেকে সরাসরি ধান কেনা হচ্ছে চাষিদের কাছ থেকে এবং সেই জায়গায় ১৬-১৭ যে বর্ষ সেই ১৬-১৭ বর্ষে আমরা দেখেছি যে ৩৮.৫৯ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহ করেছেন এর আগের বছর আমাদের সরকার। এবং সেখানে ১৮ লক্ষ কৃষক সরাসরি উপকৃত হয়েছে। সেই কৃষক পরিবারগুলো। ১৬-১৭ বর্ষে এখনও পর্যন্ত আমরা দেখতে পেয়েছি যে ২৪শে ফেব্রুয়ারী পর্যন্ত ৭.৫২ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহ হয়েছে এবং ৩ লক্ষ ২২ হাজার কৃষক পরিবার উপকৃত হয়েছে। যে কথা পূর্ববর্তী বক্তা বলছিলেন, বামফ্রন্ট সরকারের ধান সংগ্রহের যে জায়গা ২০০৬ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত মাত্র ৯৬ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহ করতে পেরেছিল বামফ্রন্ট সরকার। সেই জায়গায় আমাদের এই পাঁচ বছরে আমরা ১৫৭.৬৮ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহ করতে পেরেছি প্রায় ডবলের কাছাকাছি। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ এবং রেশনিং সিস্টেম আমাদের রেশনিং সেস্টেম যে অনেক বেশি শক্তিশালী এই ধান সংগ্রহই সেটা প্রমাণের জন্য যথেষ্ট। আমরা দেখেছি ২০১৬ সাল পর্যন্ত প্রায় ৯১ লক্ষ ভুয়ো রেশন কার্ড যে কথা কংগ্রেসের বন্ধুরা বসে আছেন আমরা যখন একসঙ্গে আন্দোলন করতাম তখন কংগ্রেসের বন্ধুরা সিনিয়ার নেতৃত্ব আমাদের শেখাতেন যে, বামফ্রন্ট সরকারের যে রেশনিং সিসটেম, রেশনিং সিস্টেম একটি ঘুঘুর বাসা। সেই ঘুঘুর বাসা যে তৈরি হয়েছিল সেখানে ৯১ লক্ষ ভুয়ো রেশন কার্ড বাতিল করেছেন আমাদের মন্ত্রী আমাদের সরকার এটা তার অন্যতম প্রমাণ।

আমরা আরও বলতে পারি, আমাদের সরকারের খাদ্য দপ্তরের যে বিভিন্ন কর্মকাণ্ড আছে সেই জায়গায় আমরা দেখেছি খাদ্য সরবরাহ দপ্তরের সংশোধিত যে রেশনিং এলাকা সেই এলাকায় ১৮০০০ রেশন ডিলার এবং বিধিবদ্ধ এলাকায় ২২০০০ রেশন ডিলার এবং ৫০০ জন ডিস্ট্রিবিউটার এগুলো আমাদের মন্ত্রী আমাদের সরকারের চিন্তাভাবনা। আমরা ধান সংগ্রহের জন্য আমাদের যে মজুত ভাণ্ডার আমার বাড়ি হুগলি জেলায় আমরা হুগলি জেলার বাসিন্দা আমাদের ১১০টি রাইস মিলের মধ্যে আরামবাগ মহকুমায় বেশিরভাগ রাইস মিল।

আমরা দেখেছি পূর্বের সরকারের সময় মাত্র দুটি মজুত ভান্ডার ছিল আরামবাগে। ৮৪০ মেট্রিক টনের এবং খানাকুলে ৭৯০ মেট্রিক টনের। বামফ্রন্ট সরকার সেই সময় কোনো মজুত

ভান্ডার তৈরি করতে পারেনি। কিন্তু আমাদের সরকার এই বছর গোঘাটের চকহরিতে ১০০০০ মেট্রিক টন এবং মেথুলে ১০০০ মেট্রিক টনের মজুত ভাণ্ডার তৈরি করেছে। এটা আমাদের সরকারের যে সাফল্য তা প্রমান করে। সবশেষে আমি বলতে চাই যে, আমাদের সরকারের যে জনসচেতনতামূলক কর্মকাণ্ড সেই কর্মকাণ্ডে আমাদের সরকার যে সঠিক জায়গায় আছে বিশিষ্ট অর্থনীতিবিদ জ ট্রেজ ২০১৬ সালের ১৮ই জুন বলেছেন যে, পশ্চিমবঙ্গের যে গণবণ্টন ব্যবস্থা সেই গণবণ্টন ব্যবস্থা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের থেকে অনেক ভালো। এই জায়গায় দাঁড়িয়ে ...(এই সময় মাইক অফ হয়ে যায়।)...

শ্রীমতী শাওনি সিংহ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমাদের খাদ্য দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয় যে বাজেট পেশ করেছেন তাকে মানসিকভাবে সমর্থন না করে আমি কিছু বক্তব্য রাখতে The poetry I grant you leave in the kingdom of hunger, the full moon is looked like a half-becked loaf. ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়, পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি। ঠিক তাই খাদ্য ও সরবরাহ দপ্তরের কাজকর্ম অত্যন্ত গুরুত্বপূর্ণ। যখন UPA Government ছিল, সারা ভারতবর্ষের প্রতিটা প্রান্তরে খাদ্য পৌঁছিয়ে দেওয়ার জন্য তারা খাদ্য সুরক্ষা বিল নিয়ে আসে। তার দৌলতে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে আমাদেরও এই বাংলায় খাদ্য সুরক্ষা বিল কার্যকরী হয়। আমরা অবাক হয়ে গেলাম, আমরা অবাক হয়ে গেলাম যে, বর্তমান সরকার পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের জনগণের বিশ্বজনীন খাদ্য সুরক্ষা ব্যবস্থা খাদ্য সাথী প্রকল্পে নাম নির্বাচন করলেন। এবং আরও বেশি আমরা অবাক হলাম তাদের সম্পূর্ণ কৃতিত্বটা তারা নিজেদের উপর নিয়ে আসলেন। এ হচ্ছে কি জানেন, গ্রাম বাংলায় ডিম ভাজা হয়, কোলকাতায় এসে তার নাম হয় অমলেট। ঠিক সেইরকমই দাঁড়ালো। করল কেন্দ্রীয় সরকার খাদ্য সুরক্ষা আপনারা নাম দিলেন খাদ্য সাথী নিজেরাই বাহবা কুড়োলেন। অবাক কাণ্ডের ব্যাপার !

[6:00 – 6.10 p.m.]

এই প্রকল্পের অধীনে ৭ কোটি ৯ লক্ষ রাজ্যবাসীকে সুলভমূল্যে খাদ্যশষ্য ও ডিজিটাল রেশন কার্ড দেওয়া হচ্ছে। এ রাজ্যে যেহেতু খাদ্য সুরক্ষা চালু হয়েছে, ইতিমধ্যেই ৬ কোটি ৭৫ লক্ষ রেশন কার্ড গ্রাহকের মধ্যে ২টাকা কেজি দরে চাল অর্থাৎ খাদ্য সুরক্ষার আওতায় রয়েছে। ৬ কোটি ১ লক্ষ রাজ্যবাসী। তার মানে, তাঁদের যে চাল দেওয়া হবে তাঁর দায়িত্ব কিন্তু কেন্দ্রীয় সরকারের আপনাদের না। চালাকি করে বাজেটে রাজ্য কত মানুষকে ২টাকা কেজি দরে চাল দেবে সেটা কিন্তু আপনি বললেন না। সমীক্ষায় দেখা যাচ্ছে যে, যে চাল খাদ্য সুরক্ষার আওতায় আসল, কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছিল, ৩টাকা কেজি দরে চাল, ২টাকা কেজি দরে গম, একেবারে যে কিছু দেননি সেটা বলব না তাহলে নিন্দা করা হয়ে যাবে বেশি। আপনারা দিচ্ছেন ২ টাকা কেজি দরে চাল মানে কেজি পিছু ১ টাকা আপনারা দিচ্ছেন, ১টাকা দিয়ে যদি এত নাম করেন, তাহলে বাকি দিন কাজ করলে কিসে নাম করবেন নিজেদের, সেটা আপনারাই ভাল করে জানেন। আমার পূর্ববর্তী বক্তা তিনি বলছিলেন, লাইনের কথা, মনে আছে নিশ্চয়, ২০১৬র ৮ই নভেম্বর। বর্তমান কেন্দ্রীয় সরকার সারা ভারতবর্ষের সারা বাংলার মানুষকে ব্যাঙ্কের সামনে দাঁড় করিয়ে দিয়েছিলেন, তাঁরা দাঁড় করিয়ে দিয়েছিলেন টাকা তোলার জন্য লাইনে। আপনারাও তাই করছেন। রেশনে নাম তোলার ক্ষেত্রে বাংলার মানুষকে বার বার লাইন দিতে হচ্ছে। ২০১৫ সালের আগস্ট মাসে শুরু হয়েছে, রাজ্যবাসীর ফর্ম ফিল আপের পর্ব। এক দফা সাদা ও সবুজ রং-এর আবেদনপত্র পূরণ করার জন্য আপনারা লাইন করিয়েছেন। ২০১৬ সালের জানুয়ারী মাসে এটাকে খাদ্যসাথী হিসাবে নাম। দিলেন, তখনই ৯ কোটি রেশন গ্রাহকের মধ্যে পায় ৩ কোটির উপর

রাজ্যবাসী বাদ চলে যায় রেশনের আওতা থেকে। সামনে ভোট,বিধানসভায় যুক্ত হবে,নবান্ন থেকে আপনারা ঘোষণা করে দিলেন যে না, আবার নবান্ন থেকে বললেন, পুরনো ডিজিটালের সমস্ত কার্ডের গ্রাহককে ২ টাকা কেজি দরে চাল দেওয়া হবে। ছাপা হল আবার ফর্ম, আবার বাংলার মানুষকে আপনারা লাইনে দাঁড় করালেন, শুধু ভোট পাবার জন্য। তখন বাছ বিচার করলেন না। যেই ভোট আপনাদের হয়ে গেল,তখনই আপনারা সেই আবেদনপত্রের নিষ্পত্তি করে, কারা রেশন পাবে, তার তালিকা তৈরি করলেন, তাতে প্রায় দেড় কোটির উপরের মানুষ ছাঁটাই হয়ে গেল। আবার শুরু করেছেন ১৩টাকা করে চাল কেনার কার্ড, মানুষ আবার লাইনে দাঁড়াচ্ছে। বিমুদ্রাকরণের জন্য লাইনে দাঁড়িয়ে সারা ভারতবর্ষে ১১৫জন মানুষ মারা গিয়েছিল, বাংলায় কোচবিহারেও সেই ঘটনা ঘটেছে। আর আজকে আপনি রেশনের দোকানের সামনে দাঁড় করিয়ে গত ১৭ই ফেব্রুয়ারী, ২০১৭, সোনারপুরে ডিজিটাল রেশন কার্ড-এর ফর্ম জমা দেওয়াকে কেন্দ্র করে উত্তাল হয়ে উঠেছিল সোনারপুর ব্লক। ক্ষুব্ধ জনতা পুলিশকে ঘিরে প্রতিবাদ জানিয়েছিল, পুলিশ লাঠি চার্জ করেছিল, তিন জন মানুষ আহত হয়েছিল। আপনার এই লাইনে দাঁড়িয়ে গত ২০ ফেব্রুয়ারী, ২০১৭ উলুবেড়িয়ার দুই নম্বর বিডিও অফিসের সামনে রেশন তোলার লাইনে দাঁড়িয়ে অজ্ঞান হয়ে পড়ল, করাতবেড়িয়া গ্রামের মল্লিকপাড়ার যুবক রেকিম মোল্লা। সংজ্ঞাহীন অবস্থায় যখন তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হল, তখন ডাক্তার ঘোষণা করলেন তিনি মারা গেছেন। কোনো আর্থিক সাহায্য করেছেন তাঁদের ? বহু আর্থিক সাহায্য করছেন। করেছেন সেই আর্থিক সাহায্য ? আজ বলতে পারেন তাঁর পরিবারের নাম রেশন কার্ডে উঠেছে কিনা ? তাঁর পরিবার এখনও মাল পায় কিনা ? আমরা কিন্তু জানিনা, মন্ত্রী মহাশয় দয়া করে উত্তর দেবেন, হাত দেখাবেন না, এটাই বাস্তব। খবরের কাগজে বেরিয়েছে। আশাকরি সকাল হলে খবরের কাগজটা আপনি পড়েন। বর্তমানে ধান কেনার নামে চলছে রাহাজানি। ধানচাষি সমবায়ে আর ধান দিতে চাইছে না, কেন জানেন। এক নম্বর - প্রথম কারণ সরকারের দেওয়া চেক বাউন্স হয়ে যাচ্ছে যার ফলে মানুষ বিশ্বাস করতে পারছে না। ৬০ কেজি ধান সরকারি সহায়ক মূল্য হওয়া উচিত ৮৮০টাকা, সেখানে তারা পাচ্ছে ৮১৮ থেকে ৮২৩ টাকা। ধলটা কুড়ো সমস্ত কিছু বাদ দেবার পর, চাষি আজকে আর ইন্টারেস্ট পাচ্ছেনা, সমবায়কে ধান দিতে। আঙুল ফুলে কলাগাছ হচ্ছে রাইস মিলগুলো।

সরকার ঘোষণা করেছিল ধান বেচা হলে ৭২ ঘণ্টার মধ্যে টাকা দেওয়া হবে। সত্যি কি দিয়েছে ? ৭২ দিন পরেও যে টাকা পাবে এমন কোনো আশ্বাস কিন্তু পাওয়া যাচ্ছে না। কৃষক আগেই আগ্রহ হারিয়েছে। এখন আবার শুনছি সমবায়গুলো নাকি ধান নিতে আগ্রহ হারাচ্ছে। এই বাংলায় সবচেয়ে বেশি যে জেলায় ধান উৎপন্ন হয় তার নাম হচ্ছে বর্ধমান জেলা। সেখানে ৬৭টি সমবায় রয়েছে। যারমধ্যে কেবলমাত্র ২২টি সমবায় ধান কিনতে রাজি হয়েছে। অন্য সমবায় ধান কিনতে রাজি হয়নি। যারফলে আজকে বর্ধমানে যেখানে আপনাদের টার্গেট ছিল ৫ লক্ষ মেট্রিক টন ধান, সেখানে আপনারা ধান জোগাড় করেছেন ৫ হাজার মেট্রিক টন। তাহলে এই যে আপনি বড় বড় কথা বলছেন, টার্গেট আপনি ফুলফিল করবেন কি করে আমার জানা নেই। কারণ বিগত দিনে আপনাদের যে টার্গেট ছিল সেই টার্গেট কিন্তু ফুলফিল করতে পারেননি। ২০১৪-১৫তে খারিফ মরসুমে রাজ্যে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল ৩৫ লক্ষ মেট্রিক টন। সংগ্রহ করেছেন ৩০.৩৭ লক্ষ মেট্রিক টন। ২০১৫-১৬ লক্ষ্য ছিল ৪৪ লক্ষ ১৫ হাজার মেট্রিক টন। বছরের শেষে ধার্য হয়েছিল ৩৮লক্ষ ৫৭ হাজার মেট্রিক টন। পারবেন কি আপনি নিজেই জানেন ভালো মন্ত্রীমশাই ? বাংলার ধানচাষিরা আজকে গভীর সংকটের মধ্যে পড়েছে। তারা আত্মহত্যার পথ বেছে নিচ্ছে। আজকে সবচেয়ে বড় দুঃখ লাগে যে বাজনা আপনারা ধান কেনার জন্য বাজাচ্ছেন, অথচ যখন ধান উৎপন্ন হল সেই বাজনা কিন্তু সরকারের পক্ষ থেকে ছিল না যার-

ফলে ধানচাষিরা বাধ্য হয়েছিল দালাল শ্রেণির মহাজনদের কাছে মাত্র ৬০০ টাকা কুইন্টালে ধান বিক্রি করতে। টাকায় যে কথা বলা যায় বাস্তবের সঙ্গে তার মিল থাকে না এটাই হচ্ছে আমাদের দুঃখ। সবচেয়ে দুর্ভাগ্যের বিষয় হল, এই হাউসে বিরোধী পক্ষের যেসব এম এল এরা বসে আছেন, আপনারা বলুন, আপনাদের এলাকায় কোথায় ধান বিক্রি করা হচ্ছে, কত ধান কেনা হচ্ছে, কোন্ চাষি ধান নিচ্ছে। তার কোনো তথ্য আমাদের কাছে নেই। এটা আমাদের দুঃখ। এটা আমাদের অত্যন্ত খারাপ লাগে। দু লক্ষের বেশি মানুষের প্রতিনিধিত্ব করি আমরা অথচ সম্পূর্ণটাই আমরা অন্ধকারে থাকি। যেহেতু লাল বাতি জ্বলে গেছে, আমি আমার বক্তব্য দীর্ঘায়িত করব না। শুধু মন্ত্রী মহোদয়কে বলব, নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন বলেছিলেন যদি গণবণ্টন ব্যবস্থাকে শক্তিশালী করতে চাও তাহলে দেখবে সেই রাষ্ট্রের অনাহার, দুর্ভিক্ষ কমে যায়। আপনি গণবণ্টন ব্যবস্থাকে শক্ত হাতে ধরুন। দালাল শ্রেণির হাত থেকে এই বাংলাকে রক্ষা করুন। শুধু ঐকান্তিক একটাই কামনা বাংলার মানুষ যেন দুধেভাতে ভালোভাবে থাকে। এটাই আমাদের প্রার্থনা। আমাদের পক্ষ থেকে যে কাট মোশান দেওয়া হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০১৭-১৮ আর্থিক বছরের ব্যয়-বরাদ্দ মঞ্জুরি সম্পর্কে খাদ্য ও সরবরাহ দপ্তরের ২১ নং দাবির সমর্থনে বাজেট ভাষণে বলতে উঠে আমি সর্বপ্রথমেই এই হাউসে থেকে যাঁকে প্রণাম জানাই মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে, ৭৫৩৪,৯০,২১,০০০ (সাত হাজার পাঁচশত চৌত্রিশ কোটি নব্বই লক্ষ একুশ হাজার) টাকা এই দপ্তরে মঞ্জুর করার জন্য। এটা ঐতিহাসিক। এখন বাজেটে আমি কি বলব সেটা মন দিয়ে শুনতে হবে। আপনারা এটা নিয়ে অনেকে বলেছেন। আপনারা অনেকে বলেছেন, আমি নিয়ে সাতজন। এর আগে ছয়জন বলেছেন। ছয়জনের ভাষণ আমি খুব পূর্ণাঙ্গভাবে শুনলাম। খুব সুন্দরভাবে শুনলাম। আমি অভিনন্দন জানাই যাঁরা আমার সমালোচনা করেছেন, আমাকে বলেছেন বিভিন্ন বিষয় নিয়ে। কিন্তু প্রথমেই তাঁদের একটা বিষয় জানা উচিত ছিল। এখন ওয়েবসাইট বেরিয়ে গেছে। খাদ্য দপ্তরের একটা ওয়েবসাইট www.wbpds.gov.in। এর মধ্যে ঢুকলে সমস্ত তথ্য পেয়ে যাবেন। জ্যোতিপ্রিয় মল্লিকের কি তথ্য, আপনি কি জানতে চেয়েছেন সব তথ্য পেয়ে যাবেন। যেগুলো বললেন তার অধিকাংশগুলোই আমার গোচরে এল না, তথ্য এল না। আমজাদ ভাই যা বললেন তার পরিপ্রেক্ষিতে বলি, ৬ কোটি ১ লক্ষ ৮৪ হাজার লোক, এই তথ্যটা ওনার কাছে ছিল না, জেনে রেখে দিন।

[6:10 – 6.20 p.m.]

সেকেন্ড হচ্ছে, আপনারা কি জানেন গ্রামের পঁচাত্তর পারসেন্ট মানুষ খাবার পাবে, আর পঁচিশ পারসেন্ট মানুষ খাবার পাবেনা। এটা কে করে গিয়েছিলেন জানেন, আগের মনমোহন সিং-এর সরকার করে গিয়েছেন, আর ইমপ্লিমেন্ট করেছেন নরেন্দ্র মোদী সরকার। শহরের পঞ্চাশ পারসেন্ট মানুষ খাবার পাবে, আর পঞ্চাশ পারসেন্ট মানুষ খাবার পাবেনা। এটা কে বলেছেন - এটা প্রথমে বলেছেন মনমোহন সিং -এর সরকার, আর পরে বলেছেন নরেন্দ্র মোদীর সরকার। কিন্ত মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় বললেন, আমার রাজত্বে পঁচাত্তর এবং পঞ্চাশ আমি মানিনা, আমার রাজত্বে একশো শতাংশ মানুষ খাবার পাবে। এটা দায়িত্ব নিয়ে বলছি আপনাদের কাছে এটা আপনারা শুনে রেখে দিন। আমি আপনাদেরকে ছোট্ট করে বলি, প্রতিহিংসার রাজনীতি তৃণমূল কংগ্রেস করেনা, মা-মাটি মানুষের সরকার করেনা। আমজাদ বাবু এবং প্রদীপ বাবু বলে গেলেন, একটা তথ্য লিখে নিন, কি ভয়ঙ্কর কাণ্ড আপনারা বিগত চৌত্রিশ বছরে করে গেছেন। ECSC - অত্যাবশ্যকীয় পণ্য নিগম, একটি

কর্পোরেশান, এটাকে ডুবিয়ে দিয়ে গেছেন আপনারা। আজকে ফরোয়ার্ড ব্লকের নেতারা হাউসে উপস্থিত নেই, থাকলে তাঁরা মাথা হেঁট করে হাউস থেকে বেরিয়ে যেতেন। ৫১০ কোটি ৫০ লক্ষ টাকার লোহা কেলেঙ্কারি হয়েছে,তার মধ্যে আমরা উদ্ধার করতে পেরেছি। ২৯৭ কোটি ০৩ লক্ষ টাকা। এখনো পর্যন্ত আমরা ২১৩ কোটি ৪৭ লক্ষ টাকা উদ্ধার করতে পারিনি। সেই টাকা কোথায় গেছে তার হিসাব জানিনা। হিসাবটা আপনাদেরকেই বলতে হবে। লোহাচুর আপনারা খেয়ে নিয়েছেন। আরও ভয়ঙ্কর তথ্য শুনুন, ট্রেড - জামা-কাপড়, বস্ত্র কিনব বলে অ্যাডভান্স হয়েছে প্রথমে আপনাদের সময়েই এবং ১৭টি সংস্থাকে ৩২ কোটি টাকা লোন দেওয়া হয়েছিল, উদ্ধার করা যায়নি। এই ব্যাপারে সি.আই.ডি. এনকোয়ারি এখনও চলছে। এই লোকগুলোকে কি করা উচিত ছিল ? আমরা প্রতিহিংসার রাজনীতি করিনা, এই লোকগুলোকে কোমড়ে দড়ি বেঁধে টানতে টানতে নিয়ে যাওয়া উচিত ছিল আমাদের। কিন্তু আমরা তা করিনি। এখানে মুর্শিদাবাদের একজন সহকর্মী রাইস মিল নিয়ে বললেন। রাইস মিলের তথ্য শুনবেন, আমি এই রাইস মিলের ব্যাপারে একটা ছোট্ট তথ্য আপনাদেরকে দিই। অনেকে এখানে রাইস মিলের জন্য চোখের জল ফেললেন, বললেন রাইস মিলগুলো সব লসে রান করছে। একশো কেজি যদি ধান রাইস মিলে দিই তাহলে সে আমাকে ৬৮ কেজি চাল দেবে। এই ব্যাপারে উচ্চ ন্যায় আদালতে মামলা চলছে বলে সেই নিয়ে আমি কোনো বিতর্ক করব না। রাইস মিল থেকে কি কি বেরোয় শুনবেন - ৬৮ কেজি চাল বেরোবে, রাইস ব্র্যান পাঁচ কেজি পাওয়া যায়, ব্রোকেন রাইস পাঁচ কেজি পাওয়া যায়, Husk সতেরো পারসেন্ট পাওয়া যায়, রিফ্লেকশান দুই কেজি পাওয়া যায়, ফিশ বিট পাওয়া যায় তিন কেজি। এছাড়া তারা পায় মান্ডি লেবার চার্জ। আমরা কিষাণ মান্ডি করেছি, তারা মান্ডি লেবার চার্জ ১২ টাকা পাবেন। আমি কিন্তু এগুলো স্রেফ কুইন্টালের হিসাব বলছি। ট্রান্সপোর্ট চার্জ হিসাবে পঁচিশ কিলোমিটারের জন্য ১৮.৩৩ পয়সা পাবে। আবার পঁচিশ কিলোমিটার থেকে নব্বই কিলোমিটার গেলে পার কুইন্টালের উপরে ০.৫০ পয়সা পাবেন পার কিলোমিটারে। গানি ব্যাগ ১০৪ টাকা ৬৯ পয়সা। পাবেন। মিলিং চার্জ আগে ২০ টাকা ছিল, মাননীয়া মুখ্যমন্ত্রী ১০ টাকা বাড়িয়ে ৩০ টাকা করেছেন। গানি ব্যাগ ফর প্যাডি, ৬০ কেজির জন্য পাবে ৩৪.১৩ পয়সা। বুঝে নিলেন ব্যাপারটা। রাইস মিল নিয়ে আপনারা দালালি করবেন না, আর রাইস মিল নিয়ে কথা বলবেন না। ওরা কত টাকা ইনকাম করে বুঝলেন তো। রাইস মিল নিয়ে আপনারা চোখের জল ফেলছিলেন, আমি রাইস মিলের প্রফিটটা আপনাদেরকে বলে দিয়ে গেলাম।

আসুন বেশিক্ষণ নেব না,এখন শেষ সময়। আপনাদের সময় কোনো কৃষকের তথ্য আছে ? আমাকে কেউ দেখাতে পারবেন ? ৩৪ বছরে কোন কৃষকের আপনারা ডাটাবেস তৈরি করেছেন ? ধরুন আপনার হুগলীর পান্ডুয়া, পান্ডুয়ার একটি গ্রামে কৃষক তার ধান বিক্রি করে চলে গেছে। কত কুইন্টাল বিক্রি করেছে এবং কত পয়সা নিয়ে গেছে। সেই কৃষকের নাম, ফোন নাম্বার, কৃষকের কত বিঘে জমি আছে। আমি আপনাকে ডাটা দিয়ে দেব, আপনি আসুন। আমি আপনাকে ডাটা দিয়ে দেব। যতগুলো কৃষকের কাছ থেকে ধান নিয়েছি,তার ডাটা আপনি পেয়ে যাবেন। আপনারা ইনকোয়ারি করুন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রথম পরিকল্পনা - ভারতবর্ষে মমতা বন্দ্যোপাধ্যায় এক্সজ্যাম্পল। এন ই এফ টি অনেকে জানেনই না,আমাকে একজন জিজ্ঞাসা করছেন জ্যোতিবাবু এনইএফটিতে কেন আপনি টাকা দিচ্ছেন? এনইএফটি কি জানেন না। আসল কথা বইটা পড়েননি। National Electronic Funds Transfer এর মতো স্বচ্ছতা আর কোথাও নেই। এই ভাবে কৃষককে আমরা টাকা দিয়েছি। আজকের দিনে দাঁড়িয়ে আপনি তো বলছিলেন,বইটা তো দশ দিন আগে প্রিন্ট হয়েছে, তারপরে পাঠিয়েছি। আজকের দিনে দাঁড়িয়ে ১২ লক্ষ ৫৮ হাজার মেট্রিকটন প্যাডি আমরা procurement করেছি। আমরা

আমাদের টার্গেটে পৌঁছাব। ৩০ শে সেপ্টেম্বর ২০১৭-এর মধ্যে ৫২ লক্ষ মেট্রিকটন প্যাডিতে পৌঁছাব। জেনে রেখে দিন। অনেকে বলছিলেন না খাদ্যসাথী। ভারতবর্ষের কোনো রাজ্য প্রচলন করতে পারেনি,জাতীয় খাদ্য সুরক্ষা চালু করেছে, কিন্তু নিজের খাদ্য সুরক্ষা যোজনায় কেউ চালু করতে পারেনি। বাংলার মুখ্যমন্ত্রী চালু করেছেন। শুনুন,আপনি বলেছেন - আপনার কথায় উত্তর দিইনি।.....(নয়েজ)..... আপনার শুনতে হবে, শুনতে হবে,বামফ্রন্টের দুর্নীতিগুলো শুনতে হবে। বামফ্রন্ট যা করে গেছে, যা প্রশ্ন করেছেন তার উত্তরগুলো শুনতে হবে। কথাগুলো শুনুন। যেকথাগুলো আপনাদের বলছিলাম,গোডাউন কত ছিল জানেন ? লজ্জা হয় - ৩৪ বছরে ৬২ হাজার মেট্রিকটন, শুনে রেখে দিন। আর ২০১৬-১৭র ফেব্রুয়ারীতে ৫ লক্ষ ৯৯ হাজার মেট্রিকটন গোডাউন তৈরি করেছি। ৩ লক্ষ ১৯ হাজার মেট্রিকটন উপর গোডাউন তৈরি হবে। ৩৪ বছর কি দয়া করে,কৃপা করে - যদি প্রতি বছর ২০ হাজার করে করতেন, তাহলে ৬ লক্ষ ৪০ হাজার মেট্রিকটন গোডাউন তৈরি করতে পারতেন। ব্যস্ত ছিলেন রেশন কার্ড নিয়ে। কত রেশন কার্ড ধরা পড়েছে জানেন ? ১ কোটি ৩১ লক্ষ রেশন কার্ড বাংলায় ধরা পড়েছে,লজ্জা হওয়া উচিত আপনাদের।রেশন দোকানগুলোর আপনাদের কনট্রোল করত কমরেডরা। রেশন দোকান কনট্রোল করত কমরেডরা। আপনি বি.পি.এল. নিয়ে বড়াই করলেন না,আপনি বি.পি.এল.-এর কথা বললেন না - আজকে কংগ্রেসের লিডাররা বসে আছে,কংগ্রেসের নেতৃবৃন্দরা বসে আছে। আমরাও কংগ্রেস করেছিলাম। সেই সময় বিপিএল তালিকাভুক্ত যাদের হয়েছিল, কংগ্রেসের লোকেদের বাড়ির লোকেদের নাম বাদ দিয়ে দেওয়া হয়েছিল। শুধু সিপিএম, ফরওয়ার্ডব্লক, সিপিআই - যারা করে তাদের নাম নথিভুক্ত করা হয়েছিল। এতে লজ্জা পাওয়া উচিত। এই কথা বলার আগে লজ্জা পাওয়া উচিত ছিল আপনাদের। বড় বড় কথা বলছেন। কেরসিন, শুনুন আমি মনোজবাবুকে বলব,অপূর্ববাবুরা বসে আছে - আমরা যখন ক্ষমতায় এসেছিলাম কেরোসিন তেলের কোটা ছিল ৮০ হাজার ২৬২। আপনাদের সরকার এই কেরোসিনের তেলের কোটাটা ২০০০ কেটে দিয়ে চলে গেছে। তারপর নরেন্দ্র মোদীর সরকার এসে,বাকি কেটে দিয়েছেন। আজকে কেরোসিন তেলের অবস্থাটা কি জানেন ? ভবিষ্যতে এই কেরোসিনের তেলের কোটা থাকবে কিনা জানি না,এই নিয়ে উচ্চতর আদালতে একটা মামলা হয়েছে ২৮শে এপ্রিল এবং এখনও পর্যন্ত স্টে অর্ডার হয়ে আছে। এই স্টে অর্ডার ধরে রাখত পারব কিনা জানি না,ভবিষ্যতে কেরোসিন তেলের কোটাটা থাকবে কিনা জানি না। এটা বলতে পারব না। কিন্তু দ্বিধাহীন কণ্ঠে বলতে পারি, ধান কেনার স্বচ্ছতা ভারতবর্ষের বাংলার মতো স্বচ্ছতা কোথাও নেই। এটা জেনে রেখে দেবেন।

[6:20 – 6.24 p.m.]

এক কেজি ধানও কিনি নি। শুনুন, আপনাদের আমলে ছত্তিশগড় থেকে চাল আসত। আপনাদের আমলে আমলাশোল থেকে চাল আসত। আপনারা নিতেন সেই চাল। আর পশ্চিমবঙ্গে আমরা ক্ষমতায় আসার পর থেকে এক কেজি চালও আমরা বাইরের রাজ্য থেকে নিই না। এটা আমাদের গর্ব, এটা আমাদের দড় বলতে পারেন। আপনারা ভাষণে সব অসত্য কথাগুলো বলে গেলেন। প্রকৃত সত্যটা বললেন না। আমি আজ বিশেষ বক্তব্য রাখব না। আমি আপনাদের প্রত্যেককে বলব, ধান কেনা নিয়ে পলিটিক্স করবেন না। এর মধ্যে কৃষক নির্ভর, তাই ধান কেনা নিয়ে করবেন না। আর রেশন কার্ড নিয়ে বারবার বলেছি, এই হাউসে আবার বলে যাচ্ছি, এই রেশন কার্ড একটা কন্টিনিউয়েশান প্রসেস, কন্টিনিউ চলবে। আজকে একটা লোক মারা গেল, তার যেমন রেশন কার্ড বাতিল হল, তেমনি একটা শিশু জন্মগ্রহণ করবে, তার রেশন কার্ড হবে। তাই রেশন কার্ড নিয়ে বলার কোনো জায়গা নেই। যখন খুশী মনে করবেন রেশন কার্ড করতে

পারবেন। এর জন্য ৭ কোটি ৯৬ লক্ষ মানুষ খাবার পাচ্ছে। আরও ৪০-৫০লক্ষ লোক ঢুকবে, অন্তর্ভুক্ত হবে। আমরা সবাইকে খাবার দেব। আপনাদের মতো আমলাশোল তৈরি করব না। আমলাশোল তৈরি হবে না।। এভাবে আমলাশোল তৈরি হতে দেব না। দেব না, দেব না, দেব না, এটা আমাদের শপথ। সবাই খাবে, যে চাইবে। যে এই রাজত্বে খাবার চাইবে, সে খাবার পাবে। এটা হল বাংলার মুখ্যমন্ত্রীর রাজত্ব, এটা জেনে রেখে দেবেন। আমি আর অন্য কোনো ভাষণে না গিয়ে মাননীয় অধ্যক্ষ মহোদয়কে বলব, আমাকে হাউসে সুযোগ দেওয়ার জন্য আপনাকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই। যে সমস্ত সদস্যরা বলেছেন, আমি আবার আপনাদের বলি কৃষকদের ধান বিক্রি নিয়ে কোনো ঘৃণ্য রাজনীতি আপনারা করবেন না, এটা অনুরোধ। এটা আপনাদের অনুরোধ করলাম। কৃষকদের ধান বিক্রি করতে দিন। আর মানুষ যদি দু' টাকা চাল পেতে চায়, মানুষ যদি স্বচ্ছ, আমি স্বচ্ছ, আমি জ্যোতিপ্রিয় মল্লিক, আমি দু' টাকা চাল পেতে চাই না, আমার যদি প্রয়োজন হয় আমি ন' টাকা কেজি গম নেব, তেরো টাকা কেজি চাল নেব, আমি স্বচ্ছ, এটা মনে রাখবেন। এটাই হল বাংলার মুখ্যমন্ত্রীর তাৎপর্য, তাঁর রাজত্ব। তাই দ্বিধাহীন কণ্ঠে আজকে এই ২১ নং দাবির সমর্থনে যে ৭৫৩৪,৯০,২১,০০০(সাত হাজার পাঁচশত চৌত্রিশ কোটি নব্বই লক্ষ একুশ হাজার) টাকা মঞ্জুর করার আবেদন জানালাম মাননীয় অধ্যক্ষকে। তাঁর সাথে আপনাদের প্রত্যেককে আমি আবার বলি, আবার মনে করিয়ে দিই ধান বিক্রি, ধান কেনার ব্যাপারে কৃষকদের পাশে গিয়ে দাঁড়ান। হাউসে এইভাবে সমালোচনা করবেন না। কৃষকদের পাশে গিয়ে দাঁড়ান। আপনারা যে কাটমোশনগুলো দিয়েছেন, এইগুলো আপনারা উইথড্র করে নিন। এটাই আমি আজকে হাউসে বলতে চাইছি। ধন্যবাদ, অভিনন্দন।

.....(ইং).....

Mr. Speaker: I put to vote the Cut Motions moved. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Noes have it. Noes have it. The cut motions are lost.

Now I put to vote the main demand moved by Dr. Amit Mitra that a sum of Rs. 75, 34,90,21,000 be granted for expenditure under Demand No. 21, Major Heads: "2052-Secretariat -General Services, 2235-Social Security and Welfare, 2408-Food, Storage and Warehousing, 3456-Civil Supplies and 4408-Capital outlay on Food, Storage and Warehousing" during the year 2017-2018...voted As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it. The Demand No. 21 is passed. The Demand No. 21 is passed.

Adjournment

The House was then adjourned at 6.24 p.m. till 11.00 A.M. on Tuesday, the 7th March, 2017.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 7th March, 2017 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 26 Ministers-in-Charge, 13 Ministers of State and 210 Members.

[11:00 – 11:10 a.m.]

Starred Questions

(to which oral answers were given)

গঙ্গা নদীর দূষণ রোধে গৃহীত ব্যবস্থা

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *৫) **শ্রী অসিত মিত্র :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গঙ্গা নদীর দূষণ রোধে রাজ্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে?

Shri Sovan Chatterjee : মাননীয় বিধায়ক অসিত মিত্রের প্রশ্নের উত্তরে জানাই—

গঙ্গা জল দূষণ রোধে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিম্নলিখিত পদক্ষেপ নিয়েছে :

1) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ Ganga River Basin এ অবস্থিত বিভিন্ন স্থানে (41 stations on important rivers, 12 stations in lakes and canals and 49 ground water stations) জলের নমুনা সংগ্রহ এবং গুণগত মানের পরিমাপ করে থাকে।

2) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিয়মিতভাবে ফারাক্কা থেকে ডায়মন্ড হারবারের মধ্যে গঙ্গা নদীর ১০টি নির্দিষ্ট স্থানে National Protocol অনুযায়ী নিরীক্ষণ করে থাকে। জলের গুণমানের সকল তথ্য নিয়মিতভাবে পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হয়।

3) গঙ্গা জলদূষণের উৎস প্রধানতঃ দুইটি। ১. কারখানার অঞ্চলের বর্জ্যজাত এবং ২. পৌর অঞ্চলের বর্জ্যজাত। পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ গঙ্গা দূষণের ক্ষেত্রে শতকরা ৭৫ ভাগের বেশী দায়ী। এই বিষয়টি পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও রাজ্য পরিবেশ দপ্তরের তরফে রাজ্য সরকারের পৌর দপ্তরের নজরে আনা হয়েছে। পৌর দপ্তর এই সংক্রান্ত বিষয়ে বিস্তারিত পরিকল্পনা গ্রহণ করেছে।

4) কারখানার দূষণের বিষয়ে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ দায়িত্বপ্রাপ্ত। কারখানার দূষণের বিষয়ে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নিম্নলিখিত ব্যবস্থাদি করেছে। রাজ্যের Ganga River Basin এলাকায় ৩৪৬টি কারখানাকে Seriously Polluting Industries (SPI) হিসাবে চিহ্নিত করা হয়েছে। এইগুলি নিয়মিতভাবে পর্যবেক্ষণ

করা হয়। এছাড়াও সম্প্রতি NGT (National Green Tribunal)-এর আদেশ মোতাবেক ১৯৫টি Seriously Polluting Industries (SPI) কে বন্ধ করা হয়েছে।

এছাড়া, রাজ্যের বড় ৪৩টি Grossly Profitting Industries (GPI) নিয়মিতভাবে প্রতি মাসে পর্যবেক্ষণ করা হয়।

5) **CPCB**-র নির্দেশ অনুযায়ী পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ রাজ্যের Ganga Rive Basin -এ অবস্থিত ৪৩টি জলদূষণকারী কারখানাকে Online Effluent Quality Monitoring System-এ স্থাপন করার জন্য নির্দেশিকা জারি করেছ। এর মধ্যে ৩৯টি জলদূষণকারী কারখানা, Online Effluent Quality Monitoring System বসিয়েছে।

6) সম্প্রতি NGT-র আদেশ মোতাবেক রাজ্য স্তরে বিভিন্ন সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধিদের নিয়ে একটি State Level Committee (SLC) তৈরী হয়েছে। এই কমিটি গঙ্গা দূষণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে নিয়মিতভাবে নিরীক্ষণ করে।

Shri Asit Mitra : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, এটা ঠিক, আপনারা বলেন যে ছ'বছরে আমরা সব বাড়িয়েছি, উৎপাদন বেড়েছে, এটা বেড়েছে। আপনাদের পলিউশান-টা কি বেড়েছে আগের থেকে? আমি ওনাকে যে প্রশ্নটা করতে চাই যে, এটা নিয়ে Parliament-এ Question হয়েছিল। বনগাঁর দুজন এম.পি প্রশ্ন করেছিলেন — শ্রীমতী রত্না দে এবং সিপিএমের একজন সদস্য বদ্রুজা খাঁন। তাঁরা যে প্রশ্ন করেছিলেন তার উত্তরে মাননীয় মন্ত্রী জানিয়েছিলেন যে, ২০১৬-১৭ অর্থবর্ষে ২০১৬ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বাংলার জন্য বিপুল পরিমাণ অর্থ, ৩৩২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে পারি যে, ৩৩২ কোটি টাকা আপনারা পেয়ে কি কি পরিকল্পনা খাতে খরচ করেছেন?

শ্রীশোভন চ্যাটার্জী : মাননীয় সদস্য যে প্রশ্নের অবতারণা করেছেন নিশ্চয় সেইভাবে পালামেন্টে হয়তো এই প্রশ্নের অবতারণা হয়েছে এবং তার উত্তর দেওয়া হয়েছে। কিন্তু সে ব্যাপারে নির্দিষ্ট তথ্য এই মুহূর্তে আমার হাতের কাছে নেই। আমি খোঁজ নিয়ে জানাতে পারি।

শ্রীঅসিত মিত্র : আমি আপনাকে বলছি মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন যে এটা খুব রেলিভেন্ট কোশ্চেন। আমরা, গঙ্গা দূষণ নিয়ে আপনারাও চিন্তিত এবং সারা ভারতবর্ষের মানুষও এবং বিশেষ করে উত্তরপ্রদেশ থেকে বাংলা পর্যন্ত, বিশেষ করে ফারাক্কা থেকে ডায়মন্ড হারবার পর্যন্ত বা ফারাক্কা থেকে উলুবেড়িয়া পর্যন্ত। বলছে যে, স্নান করা যাবেনা, ইত্যাদি, ইত্যাদি। আমি একথা বলতে চাইনা।

আমি আরেকটা কথা আপনাকে জিজ্ঞাসা করবো। যদি প্রশ্নগুলো উত্তর দেওয়ার দিকে আরো নজর দেওয়া যায় তাহলে ভালো হবে। সেটা হল যে, কিছুদিন আগে কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের পক্ষ থেকে। আমাদের রাজ্যের ৪৪টি পুরসভা, স্যার গঙ্গা নদীতে বর্জ্য ফেলাতে ঐ ৪৪টা পুরসভা যদি ব্যবস্থা না নেয় তাহলে কিন্তু ক্ষতি হবে, মানে আরো দূষণ বাড়বে। এবং আমাদের ২২টি শিল্প সংস্থাকে আইডেন্টিফাই করেছিল তারা দূষিত জল ফেলছে। এর সঙ্গে সঙ্গে ঠাকুর বিসর্জন, ইত্যাদি, ইত্যাদি ব্যাপারগুলো জড়িয়ে আছে। আপনি ঠাকুর বিসর্জনের ব্যাপারে কোলকাতায় কিছু কিছু করেছেন। আমার বক্তব্য হচ্ছে এই যে পুরসভাগুলো, আপনি এক জায়গায় মেয়র হয়ে আছেন, আমি বলছি কোলকাতা পুরসভা-সহ অন্যান্য যে সমস্ত জায়গাগুলো এদের ব্যাপারে আপনারা কী ব্যবস্থা নিয়েছেন? অথবা, ২২টি যে কারখানা সেই কারখানাগুলোর পর আর নতুন কোন কারখানা তাদের বর্জ্য ফেলবে না।

মিঃ স্পীকার : লিখিত উত্তরে-ই তো রয়েছে এটা। লিখিত উত্তরে তো উনি দিয়েছেন এটা।

শ্রীশোভন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যেটা নিয়ে আসা উচিৎ ছিল সেটা নিয়ে প্রশ্নের অবতারণা মাননীয় সদস্য করেছেন। ধন্যবাদ। কিন্তু আমি যখন উত্তর দিই তা মন দিয়ে শোনার চেষ্টা করা উচিৎ। তবে যদি আমার মাইক্রোফোনে কোন ভুল থাকে তাহলে আমি আবার পড়ে দিতে পারি। যে প্রশ্নের অবতারণা করেছেন সেই প্রশ্নের উত্তর কিন্তু লেখার মধ্যেই আছে । আর যে কথা বললেন ঠিক রেলিভেন্টলি আসছে এটা বলা যায় কারণ জেনে রাখুন যে পালামেন্টে কোশ্চেন যখন করছেন, আমি নিজে খুব ছোট বয়স থেকে ৩২-৩৩ বছর কাজ করছি, একটা সময় এসেছিল গঙ্গা অ্যাকশান প্ল্যানের নামে। কেন্দ্রীয় সরকার দীর্ঘদিন ধরে কাজ করছে গঙ্গার ধারে, ফারাক্কা থেকে কোলকাতা পর্যন্ত। বহু জায়গায় দেখা গেছে কাজের ভিত্তি হয়েছে সমস্তটাই কেন্দ্রীয় সরকারের তদানীন্তন, আপনার সঙ্গে আমি একই জায়গায় অবস্থান করতাম, কিন্তু পশ্চিমবাংলার আরেকটা দলকে সামনে রেখে আপনারা নির্বাচনে এসেছিলেন ... (নয়েজ)... সামনে রেখে নির্বাচন করেছেন, বাস্তবটাকে অস্বীকার করছেন কেন? সেই বামফ্রন্ট সরকারের আমলে গঙ্গা দূষণের টাকা এসেছে, কাজ হয়েছে কিন্তু গঙ্গার জলে কোন এফেক্ট খুঁজে পাওয়া যায়নি। পরবর্তী ক্ষেত্রে যেটা নির্দিষ্ট ভাবে প্রশ্ন করছেন সেই প্রশ্নটি পরিবেশ দপ্তরের চেয়েও পৌর দপ্তরের হলে অনেক বেশী রেলিভেন্ট হত। তবুও যেহেতু সেখানে যুক্ত থাকা বিভিন্ন রকমের পৌর ব্যবস্থার মধ্যে সমস্ত পৌরসভার অ্যাফ্লুয়েন্ট, বিশেষ করে ড্রাই ওয়েদার ফ্লো এবং স্ট্রং ওয়েদার ফ্লো, ড্রাইওয়েদার ফ্লো হল মল থেকে শুরু করে সমস্তটা যেটা ডাইরেক্টলি ড্রেনেজ সিস্টেম দিয়ে গঙ্গায় ডিসচার্জ করা হয়। সেটাকে কন্ট্রোল করার জন্য ভাবা হয়েছে যে গঙ্গার জলের দূষণ রোধ করা প্রয়োজন। কেননা গঙ্গার জলে যে ধরনের turbidity থেকে শুরু করে অন্যান্য দূষণ আসে সেটাকে প্রিভেন্ট করবার জন্য সারা ভারতবর্ষ জুড়ে যখন ভাবা হয়েছে পশ্চিমবাংলাও তার বাইরে নয় এবং সেই পশ্চিমবাংলায় নির্দিষ্ট ভাবে প্রকল্প গ্রহণ করা হয়েছে। তার থেকে কোলকাতা পৌরসভা বাইরে নয়।

[11:10 – 11:20 a.m.]

আমার নিজের হাতে তৈরি করা। বহু জায়গায় ওনারা আন্দোলন করতেন নাগরিক কমিটি, বস্তি কমিটির নামে- কেন্দ্রীয় সরকারকে ১৮০০ কোটি টাকা দিতে হবে, কোন দিন নিয়ে আসতে পারেনি। আর দু হাজার সালে পৌর বোর্ড হাতে নেওয়ার সময় ২০ শে ডিসেম্বর আমরা এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কে ক্যালকাটা এনভায়রনমেন্ট ইমপ্রুভমেন্ট প্রোজেক্টের নামে অর্থাৎ কলকাতা পরিবেশ উন্নয়ন প্রকল্পের নামে প্রায় আঠারোশো কোটি টাকা নিয়ে আসি যাতে কিছু বস্তির উন্নয়ন, বিশেষ করে গঙ্গার ডাইরেক্টলি যে ড্রেনেজ সিস্টেম কলকাতায় ডিসচার্জ হচ্ছে, সেই ডিসচার্জটাকে কতটা কন্ট্রোল করা যায় তার জন্য ওয়ার্ড নাম্বার এক থেকে ছয় এবং পরবর্তীক্ষেত্রে আমি যুক্ত করি ৬৫, ৬৬, ৬৭ আর একশো এক থেকে একশো একচল্লিশ নং ওয়ার্ড পর্যন্ত। তার বিশাল প্রকল্প আমরা ইতিমধ্যে ফাস্ট ফেজে কমপ্লিট করেছি। তাতে আঠারোশো কোটিটা গিয়ে দাঁড়ায় প্রায় দু হাজার সাতশো কোটি টাকায়। আপনার ইনফরমেশানের জন্য বলি, কলকাতা পৌরসভায় দায়িত্ব নেওয়ার পর আমরা আবার তিনটে ফেজে — ফাস্ট ফেজে ৯৪০ কোটি টাকার কাজ প্রায় কমপ্লিশানের কাছে নিয়ে এসেছি। সেকেন্ড ফেজে পানীয় জল আর ড্রেনেজ নিয়ে প্রায় এক হাজার নয়শো কুড়ি কোটি টাকা আগামী দু বছরের মধ্যে কমপ্লিট করবার মতন জায়গায়

আমরা আছি। থার্ড ফেজে টোটাল টাকা নিয়ে তিন হাজার সাতশো কোটি টাকা একদিকে জঞ্জাল আর একদিকে ড্রেনেজের জন্য গঙ্গার দূষণ রোধে কাজ করা হচ্ছে। পাশাপাশি পৌরমন্ত্রী নিজে ইনিসিয়েটিভ নিয়ে যে শহর ইন্ডাস্ট্রির কথা বলছেন- ইন্ডাস্ট্রিয়াল টাউন হিসাবে হাওড়া যেখানে নিবদ্ধ ছিল, সেখানেও কিন্তু জাইকার সংগে কথাবার্তা বলে একটা পর্যায়ে আসছি। সেখানেও গঙ্গায় ডাইরেক্ট ডিসচার্জিং প্রসেসটা নিয়ে কি করা যায়। পাশাপাশি শুধু ৪৩, ৪৪ টা নয়, কাজ করতে করতে আমি একটু আগেই আপনাকে বললাম রেগুলারলি যেসমস্ত ইন্ডাস্ট্রিয়াল এফ্লুয়েন্ট গঙ্গায় ডিসচার্জ করা হচ্ছে তার ওপর পলিউশান বোর্ড একটা নোটিশ করে, তাকে রেকটিফাই করবার জন্য বলে। তার জন্য রাজ্যের যে যে নির্দিষ্ট দপ্তরকে কাজ করতে হবে তাদেরকে আইডেন্টিফাই করে। তাই আমার মনে হয় আপনার প্রশ্নটা অবতারণা করলে বুঝতে পারবেন পৌরদপ্তরের টাকা যেটা আসার কথা, যেটা পলিউশান বোর্ড বলে—আমি প্রশ্ন অ্যাভয়েড করি নি—প্রশ্নটার অবতারণার জায়গাটা আপনাকে বুঝিয়ে দিই, টাকা যদি ন্যাচারাল এনভায়রনমেন্ট করে তাহলে সেই টাকাটা কিন্তু পরিবেশ দপ্তরকে দেয় না। সেটা কনসার্ন ডিপার্টমেন্টকে দেয়। সেই ডিপার্টমেন্ট যেটা এক্সপ্লেন করে। এটা যদি জানতেন তাহলে মাননীয় সদস্যরা বলতেন না, আপনি যেটা বলছেন।

শ্রী সমর হাজরা : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরে গঙ্গা দূষণের বিস্তারিত ব্যাখ্যা করেছেন। আমার প্রশ্ন হচ্ছে গঙ্গার ফেরিঘাটগুলোতে ডিজেল চালিত ভেসেল যেগুলো চলছে বা লঞ্চ চলছে তার তেল গঙ্গায় পড়ে এত দূষণ হচ্ছে যে গঙ্গাস্নানের অনুপযুক্ত হয়ে পড়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি। উন্নত মানের যেসবগুলো আছে ডিজেল চালিত, ব্যাটারি চালিত লঞ্চ বা স্টিমার বা নৌকো—এই ধরনের কিছু যানবাহন চালানোর আপনার কোন পরিকল্পনা আছে জানাবেন?

শ্রী শোভন চ্যাটার্জী : প্রথম কথা, ফেরিঘাট ব্যবহার করলে মাননীয় স্পীকার মহোদয় আপনি বুঝবেন ফেরিঘাটের যেখানটায় ডিজেল চলে তার ফলে জলে যে প্রেসারটা আসে, সেটাতে একটা প্রপেলার ঘোরে। ডিজেলটা ডাইরেক্টলি গঙ্গার জলে কোথাও প্রেসার দেয় না। আর সেই ডিজেলে যদি কোথাও লিকেজ থাকে সেটা অন্য প্রশ্ন। কিন্তু ডিজেলে চলার জন্য সেটা ডাইরেক্টলি গঙ্গার জলে ডিসচার্জ হয় এ অভিজ্ঞতা কারো হয়ে থাকলে আমি তার সংগে একমত হতে পারি না। আর এটা ব্যাটারি চালিত হবে কি হবে না, আবার আপনাকে বলি আমি রেকমেন্ড করতে পারি যদি সত্যিকারের সায়েন্টিফিক্যালি ফিজিবল হয় কিন্তু কনসার্নড ডিপার্টমেন্টকে তার রেসপনসিবিলিটি নিতে হবে।

শ্রী অপূর্ব সরকার : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন গাঙ্গেয় উপত্যকায় ১৪ টি নদী পড়ে। গঙ্গাকে বাদ দিলে ১৩ টি নদী, দূষণ কবলিত এটা বলছে জাতীয় দূষণ পর্ষদ।

কেন্দ্রীয় সরকার এটা ঘোষণা করেছে। নদীগুলো কোনগুলো স্যার, বরাকর, চূর্ণী, দামোদর, দ্বারকেশ্বর, দ্বারকা, জলঙ্গী, কাশী, মহানন্দা, মাথাভাঙ্গা, ময়ূরাক্ষী, রূপনারায়ণ, শিলাবতী এবং বিদ্যাধরী। এই নদীগুলোকে কেন্দ্রীয় সরকার এবং জাতীয় দূষণ নিয়ন্ত্রন পর্ষদ দূষিত নদী বলে ঘোষণা করেছে। এই দূষিত নদীগুলি গঙ্গার যেমন নমামী গঙ্গে—এখন যে প্রকল্প চলছে আপনি যে কথা বললেন ঠিকই নমামী গঙ্গে প্রকল্প চলছে। এই দূষণগুলো যারা করছে, যারা এই দূষণ করছে—এই দূষণ রোধে আপনার দপ্তর কোন কোন দপ্তরকে বা আপনার দপ্তর নিজে উদ্যোগী হয়ে দূষণ কমানোর কি কি ব্যবস্থা করেছেন দয়া করে যদি বলেন।

শ্রী শোভন চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার মহাশয়, যে ডিটেলস উনি জানতে চাইছেন, আমি জানি সাপ্লিমেন্ট করবার সুযোগ আছে কিন্তু যখন যখন যে যে গঙ্গায় দূষণের সম্বন্ধে একটা সীমাহীন জায়গায় যায় বলে সরকারকে কোন কোন সময় কঠিন পদক্ষেপ নিতে হয় এবং সেই জায়গায় দাঁড়িয়ে কোন কোন জায়গা স্পেশিফিক যদি জানতে হয় তাহলে এটা দপ্তর থেকে খোঁজ নিয়ে পরবর্তী ক্ষেত্রে দেব কারণ এটা একটা রেকর্ডেড্ সংস্থা। গঙ্গার উপরে অনেকগুলি কথা বলা যায় যেমন বরাকর, মাতলা সব ইন্টাররিলেটেড। সেই জায়গায় দাঁড়িয়ে আমায় নিশ্চয় যদি সদস্যের মধ্যে পাঠাতে হয়, আমি সদস্যদের মধ্যেও পাঠিয়ে দেবো এবং কোন জায়গায় কি কি রেকমেন্ডেশান এসেছিল। আর দূষণ নিয়ন্ত্রণের পক্ষে কি কি রেকমেন্ডেশানগুলো কোথায় কোথায় প্রপোজাল দেওয়া হয়েছে।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা প্রশ্ন, আমার জিজ্ঞাস্যও বটে। তার কারণ বহরমপুরে আমি যখন কাউন্সিলার ছিলাম তখন গঙ্গা অ্যাকশন প্ল্যানে ভাগীরথী নদীর উপরে দুটি ইলেকট্রিক চুল্লি হয়েছিল। মন্ত্রী মহাশয় আপনার কাছে স্পেশিফিক প্রশ্ন যে,—এখন যেমন গঙ্গা অ্যাকশান প্ল্যান, তখন যেমন ভাগীরথী ছিল এখন ভাগীরথী আছে কি না এবং থাকলে আপনি কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন যদি বলেন।

শ্রী শোভন চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার মহোদয়, আমার সীমাবদ্ধতা সম্পর্কে হয়তো। উপলব্ধি করাতে পারছি না বা হয়তো আমি নিজে বোঝাতে পারছি না—দুটোর মধ্যে একটা হবে। ইলেকট্রিক চুল্লি, আজকে জানেন যে মাননীয়া মুখ্যমন্ত্রী কয়েকদিন আগে অত্যন্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন, সমস্ত জায়গায় শ্মশানগুলোকে মানে ক্রিমেটোরিয়ামগুলোকে প্রপারলি তৈরি করার। শ্মশান সাধারণতঃ গঙ্গার পাশে হয়ে থাকে বা এই রকম ধরনের নদীর পাশে বা বিভিন্নভাবে হয়। সেইখানে এই ইলেকট্রিফিকেশান করার জন্য কাঠের চুল্লির ব্যাপারে একটা নির্দিষ্ট করে পদক্ষেপ নেওয়ার জন্য ইতিমধ্যে সরকারের পক্ষ থেকে ভাবা হয়েছে । এই শ্মশান থাকার জন্য গঙ্গার পথের কোন পরিবর্তন হয় বলে এখনও সেই অভিজ্ঞতা আমার হয় নি। তাহলে আমায় খোঁজ নিতে হবে ভাগীরথী যেখান দিয়ে বয়ে যাচ্ছে, তার পাশে ইলেকট্রিক চুল্লি এই দুটো কি করে রিলেটেড হয় এটা আমার কাছে বোধগম্য হল না।

শ্রী মানস মুখার্জী : স্যার, আমি যদিও এই বিষয় সঙ্গে সম্পর্কিত নয় কিন্তু আমরা সকলে উদ্বিগ্ন। ইতিমধ্যে দেখেছেন দিল্লি সহ এবং দেশের বাইরেও বিভিন্ন শহর পরিবেশ দূষণের কারণে মানুষের জীবনযাত্রা ব্যাহত হচ্ছে এবং খুবই অসুস্থতার মধ্যে দিয়ে মানুষের দিন কাটছে। ইদানীংকালে কলকাতা। শহরের দূষণ নিয়ে বিশেষজ্ঞরা এবং বিভিন্ন ব্যক্তি ভয়ংকর আশঙ্কা প্রকাশ করছেন এই দূষণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে এবং কলকাতা সহ লাগোয়া এলাকার পরিবেশকে মানুষের মতন করে গড়ে তোলার ক্ষেত্রে কি কোনো পদক্ষেপ আপনার দপ্তর গ্রহণ করেছেন ?

শ্রী শোভন চট্টোপাধ্যায় : মানসবাবু আমি আবার বলছি কিন্তু আপনি জিজ্ঞাসা করছেন পরিবেশ । দপ্তর সামগ্রিক অবস্থাটার উপরে পরিবেশ দপ্তরের রেকমেন্ডেশান, ডায়রেকশানটা যেখানে আসে, সেখানে যে যে কনসার্নড ডিপার্টমেন্ট কাজ করছে সেই ডিপার্টমেন্ট কনসার্নডের উপরে কিন্তু অবজারভেশানটা—ন্যাশানাল গ্রীন ট্রাইবুনাল বলুন বা আমার পরিবেশ দপ্তর বলুন তারা ডিপার্টমেন্ট কনসার্নডকে সবসময় কনসাস করে থাকে।

[11:20 – 11:30 a.m.]

আপনারা বারবার জিজ্ঞাসা করছেন পদক্ষেপ কি নিয়েছেন। আমাদের রেকমেন্ডেশানটা হবার পর এভরিথিং কস্টস্ মানি, ন্যাচারালি সেই জায়গায় যে পৌরসভা, পঞ্চায়েত, জেলা

পরিষদ বা PWD বা PHE, যারা কাজ করে, তারা তখন অ্যাকর্ডিং টু দেয়ার ফান্ড বিভিন্ন ধরনের প্রকল্প গ্রহণ করে থাকে। এটা এক কথায় যদি বলে পলিউশান কন্ট্রোল বোর্ড বা এনভায়রনমেন্ট ডিপার্টমেন্ট কোনো পদক্ষেপ নিয়েছে কিনা, এটা এনভায়রনমেন্ট ডিপার্টমেন্ট, তারা প্রসেস করবার পর, তারা রেকমেন্ডেশান করবার পর বলে এই এই জায়গা আমরা এই এই সময়ে এই যোজনায় নিয়ে আসছি। তারাই কিন্তু নমামী গঙ্গা, তারাই গঙ্গা অ্যাকশান প্ল্যান, তারই অংশ ইন্টারন্যাশানাল ফান্ড, তারই অংশ JNNURM, তারই অংশ হয়তো আমরুদ— এই সমস্ত প্রকল্পের মধ্যে বিভিন্নভাবে আসে। সেই সেই প্রকল্পগুলো নেওয়া হয়েছে কিনা কনসার্নড ডিপার্টমেন্ট কন্টিনিউয়াসলি, গঙ্গা দূষণ রোধে, আমি একটা কথা বলি যে যৌথভাবে সমস্ত ডিপার্টমেন্ট নিয়ে সেই কাজগুলোর পরিকল্পনা পৌর দপ্তর, সেচ দপ্তর বা এরা কন্টিনিউয়াসলি গ্রহণ করছে।

বিপণন কেন্দ্র চালুকরণ

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯) **শ্রী কালীপদ মন্ডল :** স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) স্বনির্ভর গোষ্ঠীগুলির উৎপাদিত দ্রব্য বিক্রয়ের জন্য রাজ্যের প্রতিটি জেলায় বিপণন কেন্দ্র চালু করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, এই পরিকল্পনার রূপরেখা কীরূপ?

শ্রী সাধন পান্ডে : (ক) হ্যাঁ।

স্বনির্ভর গোষ্ঠী, ৪৮০টি আমাদের যে কেন্দ্র চলছে,এই জিনিসটা, এই মার্কেটগুলো,৪৮০টি আমাদের রাজ্যে চলছে। তার মধ্যে ৬১টি আমার দপ্তর ইমপ্লিমেন্ট করছে।

(খ) স্বনির্ভর গোষ্ঠীগুলির পারদর্শিতা বৃদ্ধি এবং তাদের তৈরি পণ্যসামগ্রী বিপণনের উদ্দেশ্যে স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগ আর আই ডি এফ এবং রাজ্য পরিকল্পনার অধীন ১৫টি জেলার ৬১টি ব্লকে 'কর্মতীর্থ' নামে প্রশিক্ষণ ও বিপণন কেন্দ্র গড়ে তোলার কর্মসূচী গ্রহণ করেছে। তার মধ্যে বর্ধমান জেলার ৩টি ব্লকে, জলপাইগুড়ি জেলার ১টি ব্লকে, উত্তর ২৪ পরগণা জেলার ৩টি ব্লকে, দক্ষিণ দিনাজপুর জেলার ১টি ব্লকে কর্মতীর্থের কাজ সমাপ্ত হয়েছে এবং দোকানগুলি স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের মধ্যে সরকারী নির্দেশিকা অনুযায়ী বিতরণ করা হয়েছে। আবার পশ্চিম মেদিনীপুরের ১টি ব্লকে এবং পুরুলিয়ার ৬টি ব্লকে কর্মতীর্থ গড়ে তোলার কাজ সমাপ্ত হয়েছে এবং দোকানগুলি বিতরণের কাজ চলছে। ১২টি জেলার ২৯টি ব্লকে কর্মতীর্থ গড়ে তোলার কাজ চলছে। ৫টি জেলার ১৬টি ব্লকে জমি চিহ্নিতকরণ করা হয়েছে এবং জমিগুলি এই দপ্তরের অধীনে এলেই কাজ শুরু হবে। একটি ক্ষেত্রে এখনও জমি চিহ্নিতকরণ করা যায়নি। এই হল সামগ্রিক উত্তর। আর একটা কথা বলে রাখি মাননীয়া মুখ্যমন্ত্রী বারবার চেয়েছেন যে আমাদের এস এইচ জি গ্রুপ, তারা যাতে কোলকাতায় তাদের প্রোডাক্টসগুলো বিক্রি করতে পারে, তার জন্য কোলকাতায় আমরা একটা মলের মতন করছি যেখানে গোটা বছর এস এইচ জির প্রোডাক্টসগুলোকে বিক্রি করা হবে। তারজন্য কে আই টির কাছ থেকে আমরা জায়গা নিচ্ছি।

মিঃ স্পীকার : সাধনবাবু, আপনি সাপ্লিমেন্টারী প্রশ্ন করতে দিন। সাপ্লিমেন্টারীর উত্তর যদি আপনি আগেই দিয়ে দেন, তাহলে তো সদস্যরা সাপ্লিমেন্টারী করার সুযোগ পাবেন না।

শ্রী কালীপদ মন্ডল : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন—এটা বাস্তব ঘটনা যে মা মাটি মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর স্বনির্ভর গোষ্ঠীগুলি যথেষ্ট উৎসাহিত হয়েছে এবং

অনুপ্রাণিত হয়েছে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে। আমার স্পেশিফিক প্রশ্ন আরো বেশি বেশি করে স্বনির্ভর গোষ্ঠীগুলির অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে আমাদের সরকার বর্তমানে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রী সাধন পান্ডে : স্বনির্ভর গোষ্ঠীগুলির যাতে অর্থনৈতিক ভাবে এবং সামগ্রিকভাবে উন্নতি হয় তাদের রোজগার বাড়াবার জন্য আমরা প্রথমে যে কাজটি করেছি সেটা হল সুদটা কমিয়ে দিয়েছি। ৫০ লক্ষ বা ৬০ লক্ষ স্বনির্ভর গোষ্ঠীগুলির যে মহিলারা আছেন তারা ব্যাংক থেকে লোন নিলে মাত্র ২% সুদে টাকা পাবে ব্যবসা করার জন্য। মাত্র ২% , ভারতবর্ষের কোথায়ও নেই। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এটা করেছেন , ২% সুদ আর বাদবাকি টাকাটা আমাদের ডিপার্টমেন্ট সাবসিডি দেয়। এর জন্য বাজেটরি প্রভিশান/ আছে। এটা ছাড়া আরো যারা ট্রেনিং চায় - এই যে কর্মতীর্থ আমরা যেটা বললাম , কর্মতীর্থের প্রথম একতলায় সেখানে দোকান হবে। সেই দোকানগুলিকে ডিসট্রিবিউট করবে District ম্যাজিস্ট্রেট, লটারি সিস্টেমে। দোতালায় হবে ট্রেনিং ক্যাম্প। যেখানে ট্রেনিং হবে কম্পিউটার থেকে সেলাই, এই ধরনের জিনিস হবে। তাতে গ্রামের মহিলারা আরো শিখবে এবং রোজগার করবে। রোজগার করানোর ব্যাপারটাই স্বনির্ভর গোষ্ঠীর সবচেয়ে বড় চিন্তা, এই জিনিসটাই তারা করছে।

শ্রী কালীপদ মন্ডল : স্যার আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন অনেক ক্ষেত্রে গ্রাম বাংলায় আমরা দেখতে পাচ্ছি ব্যাঙ্কগুলি অর্থনৈতিকভাবে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে তাদের সাহায্যের হাত না বাড়িয়ে দেওয়ার ফলে স্বনির্ভর গোষ্ঠীগুলি বিভিন্ন ভাবে সমস্যার সম্মুখীন হচ্ছে। এই সমস্যা দূরীভূত করার ক্ষেত্রে ব্যাঙ্কগুলির সঙ্গে আমাদের সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে ?

শ্রী সাধন পান্ডে : স্যার আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলতে চাই আমি তিনখানা SLBC মিটিং ব্যাঙ্কগুলির সঙ্গে করেছি যাতে তাদেরকে আমরা যেসব সাবসিডি দিই- স্বনির্ভর গোষ্ঠী মানে নিজের পায়ে দাঁড়াও। সেই পরিকল্পনায় আমরা ১ লক্ষ টাকায় ৩০ হাজার টাকা সাবসিডি দিই। এটা একটা বিরাট সংখ্যক যুবক-যুবতী তারা উপকৃত হচ্ছে ব্যবসা করবার জন্য। তারা ৩-৪-৫ লক্ষ টাকায় গাড়ি বার করছে, কম্পিউটার শপ করছে, দর্জির দোকান করছে। গ্রাম বাংলায় যত রকম ছোটখাট ব্যবসা এর জন্য আমরা সাবসিডি দিই। আমরা সাবসিডি দেওয়ার পর দেখি ব্যাঙ্কগুলি সবসময় সহযোগিতা করছে না। সেই জন্য ব্যাঙ্কগুলির স্টেট লেভেল কমিটি, SLBC মিটিং, আমাদের দপ্তরে দুইবার, তিনবার আমরা করেছি যাতে তারা এক্সপিডাইট করে। আমরা যে সাবসিডি অ্যামাউন্ট দিচ্ছি তার সঙ্গে প্রিন্সিপল্ অ্যামাউন্ট দিয়ে তারা যে ব্যবসা করতে চায় তাকে প্রথমেই মেরে না দেয়, ধরুন ৫ লক্ষ টাকা দিচ্ছে কিন্তু এমন অ্যাকাউন্টে ২ লক্ষ টাকা ছাড়ল। আমার সাবসিডি কিন্তু পৌঁছে গেছে। তাতে ওর বিজনেসটা অ্যাফেক্টেড হচ্ছে। এর জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী তাদের সঙ্গেও কথা বলছি যাতে বিজনেসের জন্য যে টাকা অ্যালটমেন্ট করবে সেটা যেন দেয়। অ্যাটিটিউড অফ ব্যাঙ্ক লোয়ার লেভেলে খুব খারাপ। তারা বলে এই বন্ধক দাও , ওই বন্ধক দাও কিন্তু আমাদের এক্ষেত্রে কিছু দেওয়ার কথা নেই। No collateral সিকিউরিটি।

শ্রী সুজিত চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমি প্রশ্ন করতে চাই সেটা হচ্ছে যে আগে বামফ্রন্টের আমলে ছিল বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প। পরবর্তী সময়ে নাম চেঞ্জ করে হয়েছে স্বামী বিবেকানন্দ কর্মসংস্থান প্রকল্প। এখানে বলা হচ্ছে যে ব্যক্তিগতভাবে যে কোন বেকার যুবক-যুবতী ৫ থেকে ১০ লক্ষ টাকা লোন পেতে পারে কিন্তু তার সাবসিডি দেওয়া হবে দেড় লক্ষ টাকা। যৌথভাবে কেউ ব্যবসা করলে তাকে ২৫ লক্ষ টাকা পর্যন্ত লোন দেওয়া হবে। কিন্তু আমরা লক্ষ্য করছি বর্তমানে সাবসিডিটা

যে অ্যামাউন্ট দেওয়া হচ্ছে তার সঙ্গে একটা সংখ্যা বেঁধে দেওয়া হচ্ছে। একটা ব্লকে হয়তো সাবসিডি দেওয়া হচ্ছে এক কোটি টাকা, সেখানে একটা সংখ্যা বেঁধে দেওয়া হচ্ছে ২৫০ জনকে এই সাবসিডিটা দিতে হবে।

[11:30 – 11:40 a.m.]

এই ক্ষেত্রে দেখা যাচ্ছে ওই সংখ্যাটা ধরতে গেলে ব্যবসা করার মত যে অর্থ প্রয়োজন, সেটা হচ্ছে না। তার জায়গায় দেখা যাচ্ছে ৫০ হাজার টাকা কেউ সাবসিডি পাচ্ছে, লোন পাচ্ছে হয়তো ২ লাখ টাকা। কিংবা ২৫ হাজার টাকা সাবসিডি পাচ্ছে, লোন পাচ্ছে ১ লক্ষ টাকা। এই বিষয়টা একটু পরিষ্কার করে দিলে ভালো হয় যে কেন এই সংখ্যাটা বেঁধে দেওয়া হচ্ছে?

শ্রী সাধন পান্ডে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি উনি বলেছেন ৫ লক্ষ টাকা থেকে ১০ লক্ষ টাকা, এটা ঠিক নয়। ১ লক্ষ টাকা থেকে ১০ লক্ষ টাকা আমরা এই স্কিমে লোন দেই এবং সাবসিডি দেই। হ্যাঁ, এটা ঠিক আমাদের বাজেটারি প্রভিশান গত বছর ২৬৫ কোটি টাকা দিয়েছে। ২৬৫ কোটি টাকা যদি ৩০ পার্সেন্ট হয়। সাবসিডি, তাহলে আপনি ইমাজিন করবেন ৫ পার্সেন্ট বাদ দিয়ে বাদবাকি টাকা কত টাকা হয়? প্রায় ১০০০ কোটি টাকা আমরা ৫ বছর, ৬ বছর ধরে প্রত্যেক বছর আমরা খরচ করছি, যাতে আমাদের ছেলেরা ব্যবসা করে। এগুলো এস.এইচ.জি. দপ্তর, আমাদের সেল্ফ হেল্প গ্রুপের সদস্য আছে প্রতিটি জেলায়। আপনারা কেউ যদি কোনো প্রব্লেম ফেস করেন তাহলে এস.এইচ.জি. মেম্বারকে বলবেন, যিনি ডি.এম. এর অফিসে বসে। আপনাদের কোনো সমস্যা থাকলে তাকে বলুন। আমাদের কমিটি আছে, কমিটি মিট করে। প্রত্যেকটা অ্যাপলিকেশান তারা সার্ভে করে। কিন্তু অনেক সময় ব্যাঙ্ক অনেক অ্যাপলিকেশান রিজেক্ট করে, আবার কিছু অ্যাপলিকেশান নেয়। তারপর আবার ব্যাঙ্কে যখন যায় ব্যাঙ্কও তখন কিছু রিজেক্ট করে। অতএব এগুলো চলছে। আমাদের বাজেটারি প্রভিশান অনুযায়ী তো আমরা টাকা দেব? আমাদের বাজেটারি প্রভিশন আমাদের সাবসিডি বাদ দিয়ে বাদবাকিটা প্রায় ১০০০ কোটি টাকা ইনভেস্টমেন্ট করছি। আপনার যদি কোনো অভিযোগ থাকে আপনি আমাকেও লিখে দিন, আমি নিশ্চয়ই দেখব।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে জানতে চাই স্বনির্ভর গোষ্ঠী এবং এই প্রকল্পে যেসমস্ত ভাই-বোনেরা যুক্ত আছে, ক্রমাগতই তাদের সংখ্যা বাড়ছে। মাননীয় মন্ত্রী টার্গেটের কথা বলেছেন যে কতগুলো দোকান করেছেন। তাতে কি এই টার্গেট ফুলফিল হবে, না কি উনি আরো দোকানের সংখ্যা বাড়াবেন?

শ্রী সাধন পান্ডে : স্যার, মাননীয়া সদস্যা যে প্রশ্নটা তুলেছেন দোকানের ব্যাপারটা হল 'কর্মতীর্থ'। 'কর্মতীর্থ' ৪৮০ টা আমাদের রাজ্যে হচ্ছে। বিভিন্ন দপ্তরের মধ্যে মুখ্যমন্ত্রী ছড়িয়ে দিয়েছেন। আমার দপ্তরে দিয়েছেন ৬১ টা। তাই ৬১ টা বিল্ডিং তৈরি হচ্ছে। সেই বিল্ডিং এর মধ্যে লিমিটেড দোকান থাকবে। আমরা যদি আরো কর্মতীর্থ বাড়াতে পারি, আমাদের সদস্যরা যদি বলেন তাদের জায়গায় কর্মতীর্থ হওয়া দরকার, মার্কেট প্লেসের কাছে যদি জমি পাওয়া যায়, জমি পাওয়াটা হল সমস্যা। অতএব আপনারা যদি সহযোগিতা করেন আমরা আরো বাড়াতে পারি।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে। একটি প্রশ্ন আপনি বলেছেন জেলাতে বিপণন কেন্দ্র চালু করার ব্যবস্থা হচ্ছে। স্বনির্ভর গোষ্ঠীর

মাধ্যমে যে দ্রব্য উৎপাদন হচ্ছে, আমরা জানি যে গ্রাম বাংলার মেয়েরা বেশিরভাগ স্বনির্ভর গোষ্ঠীর সঙ্গে যুক্ত। তারা তো সব সময় জেলাতে পৌঁছোতে পারে না। তাই প্রতিটা ব্লকে এইরকম বিপণন কেন্দ্র তৈরি করে সরকারিভাবে সেই দ্রব্য কেনার কোনো পরিকল্পনা আপনার আছে কি না?

শ্রী সাধন পান্ডে : সরকার আপাতত ৪৮০ টা চালু করেছে। এটা মুখ্যমন্ত্রীর চিন্তাধারা। উনি 'কর্মতীর্থ' নামটিও দিয়েছেন। আমার কথা হল যদি আমাদের সদস্যরা অ্যাপলিকেশান করে, তাদের অ্যাপলিকেশানটা আমরা দৃঢ়তার সঙ্গে চিন্তা করব, তাদের এলাকার সবকটি ব্লকে করার কথা চিন্তা করব। এমন একটা জায়গা দেবেন না বা চুজ করবেন না যেটা মার্কেট প্লেস থেকে দূরে। অতএব মার্কেট প্লেসের কাছে যদি জমি থাকে, কোনো ভেস্টেড জমি থাকে তাহলে বলবেন। আপনারা আমাকে চিঠি দিয়ে জানাবেন, আমি এই ব্যাপারে মুখ্যমন্ত্রীর দপ্তরের সঙ্গে কথা বলে ফাইনালাইজ করব।

সমকাজে সমবেতন ব্যবস্থা চালুকরণ

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮) **শ্রী মানস মুখার্জী** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সমকাজে সমবেতন ব্যবস্থা চালুকরণের ক্ষেত্রে রাজ্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে?

শ্রী মলয় ঘটক : এই ধরনের কোনো নির্দেশনামা শ্রম দপ্তর এখনও পর্যন্ত পায়নি।

শ্রী মানস মুখার্জী : মাননীয় মন্ত্রী জানেন যে, ২০১৬ সালের ২৬ শে অক্টোবর আমাদের দেশের শীর্ষ আদালত রায় দিয়েছেন—সম কাজে সম বেতন না দেওয়াটা প্রতারণা। কল্যাণকামী রাষ্ট্র হিসাবে সেই রায়ে বলা হয়েছে সম কাজে সম বেতন না দেওয়াটাই অযৌক্তিক, বেআইনি এবং সর্বোপরি প্রতারণা। দিল্লীতে যে সরকার আছে তাদের কাছে প্রত্যাশা করিনা যে তাঁরা সুপ্রিম কোর্টের এই নির্দেশ কার্যকরী করবেন। কিন্তু রাজ্যের যে সরকার, যে সরকার অনেক কাজ করেছে বলে নিজেরাই দাবী করেন—তাঁরা কার নির্দেশনামার অপেক্ষা করছেন জানিনা। শীর্ষ আদালতের নির্দেশ, সেই অনুযায়ী তো শ্রম দপ্তর, তাকে নির্দিষ্টভাবে সিদ্ধান্ত করতে হবে। সম কাজে সম বেতন দেওয়ার ক্ষেত্রে উনি জানেন কোন কারখানাতে আছে, কারখানাতে দুরকম বেতন আছে সরকারি দপ্তরেও আছে। এক্ষেত্রে নির্দিষ্ট সিদ্ধান্ত তো রাজ্যের শ্রম দপ্তরকেই গ্রহণ করতে হবে।-এতদিন করলেন না কেন ?

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে জানাই, আমার মনে হয় মহামান্য উচ্চ আদালতের রায়টা মাননীয় বিধায়ক দেখেননি বা পড়েননি। এই উচ্চ আদালতে স্টেট অফ পাঞ্জাব অ্যান্ড আদারস ভার্সেস জগজিৎ সিং অ্যান্ড আদারস, এই মামলাটা হয়েছিল, সিভিল অ্যাপিল নং ২১৩, ২০১৩। তার সঙ্গে ৫৩ টা আরও সিভিল অ্যাপিল যুক্ত হয়েছে। মহামান্য আদালতের বিচারপতি, যিনি বর্তমানে আমাদের দেশের প্রধান বিচারপতি অনারেব্‌ল জাস্টিস জগদীশ সিং খেহার, উনি যে রায়টা দিয়েছিলেন তার রেলিভেন্ট পোরসানটা পড়ে শোনাচ্ছি—"In view of the position expressd by us in the foregoing paragraph we have no hesitation in holding that all the concerned temporary employees in the present bunch of cases would be entitled to draw wages in the minimum of the pay scale at the lowest rate in the regular pay scale extended to regular employees holdig the post."

সুতরাং উনি, এই যে ৫৩ টা সিভিল অ্যাপিল হয়েছিল তাতে যারা যুক্ত, এই রায়টা তাদের জন্য দিয়েছিলেন নির্দিষ্ট ভাবে।

শ্রী মানস মুখার্জী : মাননীয় মন্ত্রী তাঁর পছন্দের অংশটুকু উত্থাপন করলেন। কিন্তু যেখানে উল্লেখ করা আছে সব ধরণের শ্রমিক কর্মচারী তাদের সম কাজে সম বেতন দিতে হবে, আমাদের রাজ্যেও বিভিন্ন ক্ষেত্রে এরকম আছে। যেমন সিভিক পুলিশ, সিভিক ভলান্টিয়ার, তারা ট্রাফিক নিয়ন্ত্রনের ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। কিন্তু অন্যান্য পুলিশ কর্মচারীরা যে বেতন পান তাঁদের সম বেতন তাঁরা পান না। এছাড়া কন্ট্রাকচ্যুয়াল, শ্রমিক আছে, বদলি শ্রমিক আছে, অস্থায়ী শ্রমিক আছে, তাঁরা বিভিন্ন ধরনের বেতন পান। যাঁরা আরবান এমপ্লয়মেন্টে কাজ করেন, সেই আরবান এমপ্লয়মেন্টের কর্মচারীরাও বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজ করেন। কেউ ডাটা অপারেটর, কেউ কম্পিউটারে এক্সপার্ট, বিভিন্ন ধরনের কাজ করেন। তাঁরাও সম কাজে সম বেতন পান না। কাজেই মন্ত্রী মহাশয় যেটা বললেন সেটাও যেমন ঠিক, আবার বিচারপতিরা তাঁদের রায়ে নির্দিষ্টভাবে উল্লেখ করেছেন যে, কল্যাণকামী রাষ্ট্রে সকলকে সম কাজে সম বেতন না দেওয়াটাই প্রতারণা।

[11:40 – 11:50 a.m.]

কাজেই আমি নির্দিষ্টভাবে ওঁকে অনুরোধ করব এড়িয়ে না গিয়ে সম কাজে সম বেতনের এই যে নির্দেশিকা যে কোনো কল্যাণকামী সরকারের একটা নির্দিষ্ট ভূমিকা এই ক্ষেত্রে থাকা উচিত যেহেতু , কল্যাণকামী সরকার আপনারা চালাচ্ছেন।

মিঃ স্পীকার : আপনি প্রশ্ন করুন। আপনি অনেক ডিটেলসে বলছেন। সুপ্রীম কোর্টের রায় বিশ্লেষণ করার জন্য বিধানসভা নয়। আপনি স্পেসিফিক্যালি প্রশ্ন করুন। আপনি তো সুপ্রীম কোর্টের রায়ই বলে যাচ্ছেন। রায়ের বিশ্লেষণ হচ্ছে। মাননীয় মন্ত্রী উত্তর দিন।

শ্রী মানস মুখার্জি : মাননীয় মন্ত্রী তো সুপ্রীম কোর্টের রায় পড়লেন। ভবিষ্যতে কি কোনো পদক্ষেপ গ্রহণ করবেন?

শ্রী মলয় ঘটক : স্যার , আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যর অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে সুপ্রীম কোর্টের উল্লেখ আমি করি নি। আপনি করেছিলেন। মহামান্য আদালত রায় দিয়েছেন রিলেভ্যান্ট পোরশন অব দি অর্ডার আমি আপনাকে পড়ে শুনিয়ে দিলাম। এবারে আপনি যে প্রশ্নটা করেছেন তার উত্তরে জানাই যে মা মাটি মানুষের সরকার ২০১১সালে প্রতিষ্ঠিত হয়েছে। তার আগে ৩৪ বছর আপনারা সরকার চালিয়েছিলেন এবং মিনিমাম ওয়েজেস—ন্যূনতম বেতন যা রাজ্যসরকার ঠিক করে, এই ৩৪ বছরের মধ্যে ২২ বছর আপনারা কোন রিভিশন করেন নি। ২২ বছর স্ট্যাটিক ছিল। এই সরকার আসার পরে মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে , তাঁর হস্তক্ষেপে ২০১১সালেই সেই মিনিমাম ওয়েজেস তিন গুণ বাড়িয়ে দেওয়া হয়েছে। এখনও পর্যন্ত জানেন যে প্রতি সময়ে, নির্দিষ্ট সময়ে এই মিনিমাম ওয়েজেস রিভিশন করা হয়। আপনাদের সময়ে ৬১টা ক্ষেত্রে মিনিমাম ওয়েজেস ছিল। এই সরকার আসার পরে আরও ২৯টা ক্ষেত্র এর সঙ্গে যুক্ত হয়েছে। বর্তমানে ৯০টি ক্ষেত্রে মিনিমাম ওয়েজেস বা ন্যূনতম বেতন রাজ্যসরকার নির্দিষ্ট করে দিয়েছে। কিছু কিছু ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারেরও মিনিমাম ওয়েজেস আছে। আমাদের সরকার সব সময়েই, আমাদের দপ্তর এই সমস্ত ক্ষেত্রে যাতে শ্রমিকরা মিনিমাম ওয়েজেস পায় সেদিকে নজর রাখেন এবং যেখানে সংগঠিত ক্ষেত্র আছে যেখানে কলকারখানার শ্রমিক সেখানেও যাতে তারা আইন অনুযায়ী তাদের মাইনে এবং অন্যান্য সুযোগ সুবিধা সেগুলো পায় এই ব্যাপারে আমরা প্রতিনিয়ত আলোচনা করি এবং কোথাও থেকে কোনো ট্রেড ইউনিয়ন

ইরেসপেকটিভ অফ এনি পলিটিক্যাল অ্যাফিলিয়েশন, আপনারা জানেন সমস্ত ট্রেড ইউনিয়ন যারাই চিঠি লেখেন, আমরা তাদের ডাকি। আমরা ত্রিপাক্ষিক আলোচনা করি। সব থেকে বড় হল যে এই সরকার আসার পরে চা এবং জুট ক্ষেত্রে আপনি জানেন যে ত্রিপাক্ষিক চুক্তি আমরা সই করেছি। একটা ক্ষেত্রে ২৯টা ইউনিয়ন, একটা ক্ষেত্রে ২৬টা ইউনিয়ন সেই চুক্তিতে সবাই সই করেছে।

Dr. Rohit Sharma : Sir, through you I would like to draw the attention of the Hon'ble MIC that he is also aware of the fact that Panighatta Tea Garden is closed down for the last 14 months and also would like to know whether this Government of Ma Mati Manush has any plan to revive this garden. If the management or if the owner is not willing to open the garden I request the Hon'ble MIC to cancel the lease of this garden and give it to someone else so that the workers get their salaries and wages in time.

Thank you, Sir.

Shri Moloy Ghatak : You know that the Government has already taken several steps regarding the workers of the tea gardens and all the Departments of our government are working hard to give facilities to the workers of the tea gardens. And regarding the laws of the tea gardens you know that all the Acts are the Central Acts. So, this government cannot do anything which are governed by the Central Government. The question you raised regarding the cancellation of the lease, the government already has cancelled the lease in case of 3 to 4 tea gardens. And all the cancellations are challenged in the High Court. Presently all the cases are pending before the High Court and those are subjudice. Thank you.

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন- তিনি বললেন যে সম কাজে সম বেতন যে চালু সেটা সুপ্রিম কোর্টের যে অর্ডার সেটা জেনারেলভাবে অ্যাপ্লিকেবল নয়, সেইজন্য করতে পারছেন না। সেইজন্য আমার স্পেসিফিক প্রশ্ন বিশেষ করে প্যারা টিচার বা মাধ্যমিক শিক্ষা কেন্দ্রের যারা টিচার, বহু গ্রুপ ডি তে আপনাদের এখানে ১০-১২ বছর ধরে কাজ করছে,কিন্তু তাদের বেতন অনেক কম। এবং তাদেরকে রেগুলার স্টাফের মতই কাজ করতে হচ্ছে। বা তার থেকেও বেশী করতে হয় এক্ষেত্রে আপনার কোন নজর আছে কিনা বা এদের মাইনে বাড়ানো যাবে কিনা এই ব্যাপারে লেবার ডিপার্টমেন্ট কিছু ভাবছে কি?

শ্রী মলয় ঘটক : স্যার, মাননীয় সদস্য আমাদের এই সদনের বহু পুরানো সদস্য। ওনার হয়ত জানা উচিত যে এই ধরনের ব্যাপার যেগুলি এডুকেশন ডিপার্টমেন্টের আন্ডারে বা অন্য জায়গায় যারা—কর্মরত, তাদের ব্যাপারটা আমাদের লেবার ডিপার্টমেন্টের আন্ডারে পড়ে না। আমরা জেনারেলি ট্রেড ইউনিয়ন যেখানে হয়, সেখানকার জায়গাগুলি দেখি। আর যেগুলি আপনি বললেন প্যারা টিচার, বা মাধ্যমিক শিক্ষা কেন্দ্রের টিচার, অলমোস্ট গভর্নমেন্টের এডুকেশন ডিপার্টমেন্ট তাঁরা এদেরকে এনগেজ করেন। সুতরাং মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এই ব্যাপারে প্রশ্ন করলে ভালো হয়।

সাসপাউ প্রকল্পে অন্তর্ভুক্ত শ্রমিক সংখ্যা

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪) **ডঃ সুজন চক্রবর্তী** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে 'সাসপাউ' প্রকল্পে কতজন শ্রমিক অন্তর্ভুক্ত হয়েছেন (জেলাওয়াড়ি তথ্যসহ)?

শ্রী মলয় ঘটক : মাননীয় সদস্য বিধায়ক ডঃ সুজন চক্রবর্তীর প্রশ্নের উত্তরে জানাই—

প্রারম্ভিক কাল থেকে ৩১শে জানুয়ারী, ২০১৭ পর্যন্ত SASPFUW প্রকল্পে মোট ৫৭,৯৫,৩৪২ জন শ্রমিক অন্তর্ভুক্ত হয়েছেন।

প্রারম্ভিক কাল থেকে ৩১শে জানুয়ারী, ২০১৭ পর্যন্ত এই প্রকল্পের জেলাভিত্তিক সাফল্যের সামগ্রিক খতিয়ান নীচের সারণীতে দেওয়া হল।

সারণী

ক্রমিক সংখ্যা	জেলার নাম	প্রকল্পে অন্তর্ভুক্ত শ্রমিকের সংখ্যা
১	জলপাইগুড়ি	৯৯৭৪৩
২	আলিপুরদুয়ার	৭৬৭৯৬
৩	কোচবিহার	১৬০৯৮০
৪	দার্জিলিং	৮৮৪২৫
৫	উত্তর দিনাজপুর	১৩৮৯৯৯
৬	দক্ষিণ দিনাজপুর	১৩২৬৪৬
৭	মালদা	৩৩৯৪৭৯
৮	মুর্শিদাবাদ	৪০৮৫১৬
৯	নদীয়া	৪৪৪৯৫০
১০	উত্তর ২৪ পরগনা	৫৮২৯০৫
১১	কোলকাতা	১৩৮৪৯৫
১২	দক্ষিণ ২৪ পরগনা	৫৩৮২২১
১৩	হাওড়া	৪১৬৯৬০
১৪	হুগলী	৩৭১১১১
১৫	বর্ধমান	৩৯৩৫৮৯
১৬	বীরভূম	১৬০৬৪৯

ক্রমিক সংখ্যা	জেলার নাম	প্রকল্পে অন্তর্ভুক্ত শ্রমিকের সংখ্যা
১৭	বাঁকুড়া	১৮২২৪৩
১৮	পুরুলিয়া	১৫২৯৭৫
১৯	পশ্চিম মেদিনীপুর	২৯৩৩৩৫
২০	পূর্ব মেদিনীপুর	৬৭৪৩২২
মোট		৫৭,৯৫,৩৪২

ডঃ সুজন চক্রবর্তী : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—সর্বত্র আমাদের রাজ্যের সব কটা জেলাতে সাসফাও এই প্রকল্পে অন্তর্ভুক্তিকরণের কাজ সম্ভবত হচ্ছে না। আপনি নিশ্চয় জানেন যে কোন কোন জেলায় চালু রয়েছে, কোন কোন জেলায় চালু নেই। যে জেলাগুলিতে চালু নেই, কেন এবং কোন আদেশের ভিত্তিতে সেই কাজ বন্ধ রয়েছে সেটা যদি আপনি আমাকে দয়া করে জানান ভালো হবে।

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে জানাই যে সাসপাউ প্রকল্পে ২০১১ পর্যন্ত নথিভুক্তকরণ "যা ছিল এখন সেই নথিভুক্তকরণ বেড়ে গিয়েছে এবং আমাদের রাজ্যে যদি সাড়ে নয় কোটি মানুষ ধরা যায়, তাহলে ইতিমধ্যেই আমাদের যে স্কিম আছে, নির্মার্ণ কর্মী, পরিবহণ কর্মী এবং সাসপাউ তাতে ৯০ লক্ষেরও বেশী ইতিমধ্যেই নথিভুক্তকরণ হয়ে গেছে। সাড়ে নয় কোটি মানুষের এক এক পরিবারে যদি চারজন করে থাকেন, তাহলে আড়াই কোটি দাঁড়ায়। অলমোস্ট চারজনের একজন ইতিমধ্যেই এর সদস্য হয়েছেন কোনো না কোনো প্রকল্পে। স্বাভাবিকভাবেই একটা স্যাচুরেশন পয়েন্টের দিকে এগিয়ে যাচ্ছে। আমার মনে হয় না যে এই ধরনের যাঁরা মানুষ আছেন, যাঁরা আমাদের এই প্রকল্পগুলিতে নাম লেখান তাঁদের সংখ্যা খুব একটা বেশী আছে।

[11:50 – 12:00 Noon]

ডঃ সুজন চক্রবর্তী : আপনি উত্তর দিয়েছেন, স্যাচুরেশন পয়েন্টে চলে গেছে, সেই কারণে এখন বন্ধ রয়েছে। তাহলে মানেটা প্রায় এইরকম দাঁড়ায় .....

শ্রী মলয় ঘটক : ভুল বুঝলেন, বন্ধ নেই।

ডঃ সুজন চক্রবর্তী : আমি আপনাকে জানাতে চাই, নির্দিষ্টভাবে যদি বলি, দক্ষিণ চব্বিশ পরগনা জেলা - যে জেলায় আমি থাকি, সেই জেলাতে এই কাজ বন্ধ। ব্লক ধরে ধরে আমি বলতে পারি, সময় নষ্ট হবে বলে বলছি না। আপনি দয়া করে যদি পরে দেখে আমাকে জানান, তাতে কোনো অসুবিধা নেই। আমার কোয়েশ্চেনটা এই রকম স্যার যে, চা-বাগান, জুট মিল—এই যাবতীয় যা বন্ধ রয়েছে, তাতে যাঁরা কাজ করতেন গরীব মানুষ, স্পেশিফিক্যালি তাঁদের জন্য প্যাকেজের আমরা কি বন্দোবস্ত করছি ? কেননা এই মানুষগুলো বিপদে আছে। সাস্‌পাওয়ের যে পারপাস, একই পারপাস থেকে হ'ল রেলিভ্যান্ট কোয়েশ্চেন এবং যদি আমরা এই বছরের বাজেটের ফিসকাল স্টেটমেন্ট কম্পোনেন্টটা দেখি, আপনি নিশ্চয়ই আমার সাথে সহমত হবেন, সব চাইতে কম বরাদ্দ যদি লেবার ডিপার্টমেন্টে হয়, হুইচ ইজ ০.০৪% অফ দি হোল্ বাজেট, আপনি এই বছরের বাজেটটা নিশ্চয়ই আমার চেয়ে অনেক বেশি করে দেখেছেন। তাহলে লেবার

এই কম্পোনেন্টের প্রতি দায়বদ্ধতা আমাদের আটকে যাচ্ছে কি শুধু পয়সার কারণে না অন্য কোনো কারণে ? আপনি যদি এই প্রসঙ্গটা আমাকে একটু ভালো করে জানান।

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই যে, উনি হয়তো জানেননা আগে যে এই অসংগঠিত শ্রমিকদের নথিভুক্তিকরণ করা হ'ত, সেটা এস.এল.ও. বলে কিছু অ্যাপয়েন্টি লোকজন ছিলেন, তাঁদের মাধ্যমে এইগুলোকে করা হ'ত। এখন এটা ওপেন টু অল হয়ে গেছে। ডাইরেক্টলি আপনি ওয়েবসাইটের মাধ্যমে নথিভুক্তকরণ করতে পারেন। সুতরাং বন্ধ হওয়া তো দূরের কথা, আপনাকে কারো কাছে যাওয়ারও দরকার নেই। যিনি চাইবেন, তিনি সরাসরি তাঁর নাম নথিভুক্তকরণ করে নিতে পারেন।

ডঃ সুজন চক্রবর্তী : ইটখোলার শ্রমিক তাহলে ওয়েবসাইট মারফৎ করবে !

শ্রী মলয় ঘটক : হ্যাঁ যাবেন। আজকাল তো আপনি জানেন যে অনেক সাইবার কাফে হয়েছে। আমাদের রাজ্য সরকার থেকেও সমস্ত জায়গাতে এজেন্সি দেওয়া হয়েছে যার মাধ্যমে এগুলো নথিভুক্তকরণ করা হয়। দ্বিতীয়তঃ হচ্ছে যে, আপনি যে বলছেন বরাদ্দ, আমি খালি অসংগঠিত শ্রমিকের ক্ষেত্রে বলছি, ২০০০ সালে এটা শুরু হয়েছিল। ২০০০ থেকে ২০১১ সাল পর্যন্ত আপনারা রাজ্য সরকারে ছিলেন। আপনারা অসংগঠিত শ্রমিকদের অনুদান দিয়েছিলেন ৯ কোটি টাকা। আর সাড়ে পাঁচ বছরে এই সরকার আসার পরে সেটা বেড়ে হয়েছে ৮৮১ কোটি টাকা। তো, কত পার্সেন্ট কমলো, না কত পার্সেন্ট বাড়লো - আপনি পার্সেন্টেজের কথা বলছেন। ৯ কোটি আর ৮৮১ কোটি। ১০০ গুণেরও বেশি এই অনুদান বেড়ে গেছে।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, সাসপাও নির্মাণ কর্মী ও পরিবহণ কর্মী সহ অন্যান্য কর্মীরা রেজিস্ট্রেশন করান। উনি বললেন যে, বিগত দিনে ৯ কোটি টাকা এবং বর্তমান সরকার একটা ব্যাপক অর্থ বরাদ্দ করেছে। আমি শুধু প্রশ্ন করতে চাই, সাসপাও স্কিমে নির্মাণ কর্মী ও পরিবহণ কর্মীরা আর্থিক সহায়তা কত পায় এবং তার রূপরেখাটা জানাবেন কি ?

শ্রী মলয় ঘটক : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই যে, বিভিন্ন স্কিমে বিভিন্ন রকম অনুদান দেওয়া হয়। আমি একটা একটা করে বলি। নির্মাণ কর্মী যারা রেজিস্ট্রেশন করেন, আমাদের আগেকার যে সরকার, সেই সরকারের সময় চিকিৎসার জন্য ৫ হাজার টাকা দেওয়া হ'ত, বর্তমানে এটা ১০ হাজার টাকা দেওয়া হয়। প্রতিবন্ধীদের জন্য ২৫ হাজার টাকা দেওয়া হ'ত, এখন ৫০ হাজার টাকা দেওয়া হয়। পেনশন আগে ৫০০ টাকা দেওয়া হ'ত, এখন ৭৫০ টাকা দেওয়া হয়। শ্রমিকদের স্বাভাবিক মৃত্যুর ক্ষেত্রে আগে ৩০ হাজার টাকা ছিল, এখন ৫০ হাজার টাকা। দুর্ঘটনাজনিত মৃত্যুতে আগে ১ লাখ ছিল এখন দেড় লাখ। এছাড়াও শিক্ষার যে অনুদান, তাতে একাদশ শ্রেণি পর্যন্ত পাঠরতদের জন্য ২ হাজার টাকা ছিল, এখন ৪ হাজার টাকা। দ্বাদশ শ্রেণির ক্ষেত্রে আগে কিছু ছিল না, এখন ৫ হাজার টাকা। স্নাতক স্তরে আগে ৩ হাজার ছিল, এখন ৬ হাজার টাকা। স্নাতকোত্তরে আগে ৪ হাজার ছিল, এখন ৮ হাজার টাকা। ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং পড়লে আগে ১৫ হাজার টাকা ছিল, এখন ৩০ হাজার টাকা। চিকিৎসা ক্ষেত্রে আগে ১০ হাজার ছিল এখন ২০ হাজার, অস্ত্র প্রচারের ক্ষেত্রে আগে ছিল ৩০ হাজার, এখন হয়েছে ৬০ হাজার, টি.বি. রোগীর ক্ষেত্রে আগে ছিল ৩ হাজার, এখন হয়েছে ৬ হাজার, শিশুর জন্য আগে ৩ হাজার ছিল, এখন ৬ হাজার, অনিচ্ছাকৃত গর্ভপাতের ক্ষেত্রে আগে ছিল ২ হাজার, এখন ৬ হাজার। অন্যান্য ক্ষেত্রে যেমন প্রতিবন্ধীদের ক্ষেত্রে পেনশন আগে ছিল ৫০০, এখন হয়েছে ৭৫০, যন্ত্রপাতি ক্রয়ের জন্য আগে

ছিল ১ হাজার ছিল, এখন হয়েছে ২ হাজার, নিজের কন্যার বিবাহে আগে ছিল ৫ হাজার, এখন হয়েছে ১০ হাজার। হিয়ারিং এইড-এর জন্য আগে ছিল না, এখন দেওয়া হয় ৫ হাজার, কন্যা সন্তান জন্মানোর ক্ষেত্রে আগে ছিল না, এখন ১০ হাজার দেওয়া হয়। অন্ত্যেষ্টি ক্রিয়ার সহায়তায় আগে ছিল ৩ হাজার, এখন ৩ হাজারই আছে। এছাড়াও পরিবহনের ক্ষেত্রে পেনশন আগে ছিল ৭৫০, এখন ১৫০০। পারিবারিক পেনশন মারা যাওয়ার পরে আগে ৩৭৫ পেত, এখন ৭৫০। দুর্ঘটনায় মৃত্যুতে আগে ছিল দেড় লক্ষ, এখন বেড়ে হয়েছে ২ লক্ষ, স্বাভাবিক মৃত্যুতে ছিল ৩০ হাজার, বেড়ে হয়েছে ৫০ হাজার, চিকিৎসা খাতে আগে ছিল ১০ হাজার, এখন হয়েছে ২০ হাজার। অস্ত্রপ্রচারে আগে ৬০ হাজার ছিল, এখন বেড়ে সেটা দেড় লক্ষ রাখা হয়েছে। এছাড়াও দুর্ঘটনার চিকিৎসার জন্য আগে কিছু নির্ধারিত ছিল না, এখন হয়েছে ১০ হাজার, সন্তানদের পড়াশোনায় আগের মতো একই ২৫ হাজার করে দেওয়া হয়।

মিঃ স্পীকার : আপনি যে তালিকাটা পড়ে দিলেন সেটা প্রিন্ট করে সব সদস্যদের সার্কুলেট করে দেবেন, সবার নলেজে আসবে।

শ্রী মলয় ঘটক : স্যার, আমার কাছে বই আছে, এই বই একটা করে সবাইকে দিয়ে দেব।

শ্রীমতী রমা বিশ্বাস : স্যার, আমার দ্বিতীয় প্রশ্নের উত্তর আমি পেয়েছি, কিন্তু সেস্ থেকে যে আয় হয় এবং শ্রমিক কল্যাণ খাতে যা খরচ হয় তা রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার উভয় ক্ষেত্রেই হয়। বিড়ি শ্রমিকদের প্রশ্নে সবটাই কেন্দ্রীয় সরকার করে। ফলে আমাদের যে চাহিদা সাবডিভিশন ভিত্তিতে একটা করে মেডিকেল ইউনিট থাকা দরকার, যারা চিঠিপত্র দেয়, বা আমাদের যে হসপিটালগুলো আছে সেখানে ডাক্তার বা অন্যান্য ওষুধের যে প্রশ্নটা এটা কি আগাম বার্ষিক পরিকল্পনার মধ্যে রয়েছে আপনার ?

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া সদস্যাকে জানাই যে বিড়ি শ্রমিকদের কেন্দ্রীয় সরকারের যে স্কীম আছে, সাথে সাথে রাজ্য সরকারেরও স্কীম আছে। হসপিটালের যে ব্যাপার সেটা কেন্দ্রীয় সরকারের স্কীমের মধ্যে আওতাভুক্ত। আপনি যদি নির্দিষ্টভাবে প্রশ্ন করেন, আমি আপনাকে জানিয়ে দেব। আর রাজ্য সরকার যে স্কীমগুলো পরিচালনা করেন যেমন বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়, যেমন বাড়ী করার জন্য টাকা দেওয়া হয় এবং অন্যান্য যে সমস্ত সুযোগ সুবিধাগুলো দেওয়া হয় সেগুলো আপনার যে এলাকা সেখানে যদি কোন অসুবিধা থাকে আপনি জানাবেন আমি দেখবো।

শ্রী সেখ আমজাদ হোসেন : স্যার, আপনি এটা জেনে থাকবেন, আমাদের হাউসের সবাই এটা জানেন, আমাদের পান্ডুয়াতে আরও বেশী আছে, মাননীয় মন্ত্রী আমার জেলার তপনবাবুও জানেন এই ঘটনাটা, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে প্রশ্ন স্যার, যে ইটভাটার শ্রমিকদের জীবনযাপন—স্যার, আমি যত রকমের শ্রমিকদের দেখেছি সব থেকে বেশী কষ্টে থাকে ইটভাটার শ্রমিক। এদের নিরাপত্তা কোথায় গিয়ে পৌঁছেচে, ইটভাটার মালিক তাদের চিমনীতে যে লোহার ঢাকনা দেওয়ার কথা তার বদলে এখন কম দামে ফাইবারের এসেছে। এই ফাইবারের ঢাকনা দেওয়াতে আমার পান্ডুয়াতে ইটভাটাতে জলন্ত বাচ্ছা গিয়ে পড়ে ফাইবারের এটা একেবারে গলে গেছে বাচ্ছাটা তার মধ্যে পড়ে গিয়ে একেবারে দলা হয়ে গেছে কয়েক মিনিটের মধ্যে। এখানে দাঁড়িয়ে ইটভাটার শ্রমিকদের যে জীবনযাত্রা, তাদের যে নিরাপত্তা সেই প্রশ্নে দাঁড়িয়ে আপনার সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছে সেটা আপনি বলুন ?

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনাকে একটু আগেই মাননীয় সদস্য কল্লোল খানের প্রশ্নের উত্তরে জানালাম যে এই ইটভাটার শ্রমিক মানে তারা নির্মাণ কর্মীর আওতায় পড়ে এবং পুরো চার্ট

আপনাকে পড়ে শোনালাম। আপনাদের সরকার যখন ছিল, যে অনুদান আপনারা দিতেন সেই অনুদান প্রত্যেকটি ক্ষেত্রে দ্বিগুণ করা হয়েছে, কোন কোন ক্ষেত্রে তিনগুণ করা হয়েছে।

[12:00 – 12:10 p.m.]

আবার যদি বলেন আমি আবারও পড়ে দিতে পারি। সেখানে চিকিৎসাক্ষেত্র, দুর্ঘটনা জনিতক্ষেত্র, সমস্ত ক্ষেত্রে টাকা দেওয়ার ব্যবস্থা করা আছে।

মিঃ স্পীকার : আপনার স্পেসিফিক কেসটা আপনি মাননীয় মন্ত্রীকে দেবেন। মাননীয় মন্ত্রী, আমি বলছি - উনি একটা স্পেসিফিক কেসের উল্লেখ করেছেন সেটা আপনাকে দিলে আপনি ব্যাপারটা একটু দেখবেন।

****

Starred Questions

(to which answers were laid on the 'Table')

এমপ্লয়মেন্ট ব্যাংকে নথিভুক্ত বেকারের সংখ্যা

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৫-১৬ আর্থিক বর্ষে এমপ্লয়মেন্ট ব্যাংকে ডাক্তার, ইঞ্জিনিয়ার, বি.ই., বি.টেক, ও এম.টেক. ডিগ্রিধারী নথিভুক্ত বেকারের সংখ্যা কত?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১৫-১৬ আর্থিক বর্ষে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নিম্নলিখিত ডিগ্রীর কর্মপ্রার্থীরা নাম নথিভুক্ত করেছেন। (নীচের সারণীতে দেওয়া হল)

সারণী

বিভাগ	ডিগ্রি	সংখ্যা	মোট
ইঞ্জিনিয়ার (পলিটেকনিক, বি.টেক., বি.ই.)	পলিটেকনিক	১৮০০	২৬৯০
	স্নাতক (ইঞ্জিনিয়ার)	৭৬৯	
	স্নাতক (তথ্য প্রযুক্তি)	১২১	
এম.টেক.	স্নাতকোত্তর (ইঞ্জিনিয়ার)	৭৬	১৪৭
	স্নাতকোত্তর (তথ্য প্রযুক্তি)	৭১	
ডাক্তার	স্নাতক	৩৬	৪২
	স্নাতকোত্তর	০৬	

মঙ্গলপুর জুটমিল চালু করার উদ্যোগ

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০) **শ্রী রুনু দত্ত** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলার রাণীগঞ্জে মঙ্গলপুর জুটমিল পুনরায় চালু করার বিষয়ে সরকার কোন উদ্যোগ গ্রহণ করেছে কি না?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মঙ্গলপুর জুটমিল বলে কোন পৃথক জুটমিলের অস্তিত্ব নেই। হুগলি জুটমিলের একটি শাখা মঙ্গলপুরে স্থাপিত হয় যাতে মাত্র ২জন কর্মচারী নিযুক্ত হয়েছিলেন। কিছু শিক্ষানবিশ যেখানে প্রশিক্ষণরত ছিলেন। উক্ত জুটমিলটি খোলার ব্যবস্থা শ্রম দপ্তরের উদ্যোগে পৃথক এবং যুগ্মভাবে অনেকগুলি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

রাজ্যে অগ্নিকাণ্ডের ঘটনা

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯১) **শ্রী সমীর কুমার পোদ্দার** : অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে; এবং

(খ) উক্ত ক্ষেত্রে মোট ক্ষয়ক্ষতির পরিমাণ কত?

অগ্নি নির্বাপন ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১লা জানুয়ারী, ২০১৬ থেকে ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে মোট ১০, ৪৭৬ (দশ হাজার চারশ ছিয়াত্তর) টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।

উক্ত ক্ষেত্রে আনুমানিক ৭২,৮৭,৭৪,৮৭৮ (বাহাত্তর কোটি সাতাশি লক্ষ চুয়াত্তর হাজার আটশ আটাত্তর) টাকা মূল্যের সম্পত্তির ক্ষয়ক্ষতি হয়েছে।

অসংগঠিত শ্রমিকদের কল্যাণ তহবিল

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮) **শ্রীমতী রমা বিশ্বাস** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অসংগঠিত শ্রমিকদের কল্যাণ তহবিলে রাজ্য সরকারের প্রদত্ত অর্থের পরিমাণ কত;

(খ) ঐরূপ তহবিলে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কোনো সাহায্য পাওয়া যায় কিনা; এবং

(গ) পাওয়া গিয়ে থাকলে, তার পরিমাণ কত?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ তারিখ পর্যন্ত অসংগঠিত শ্রমিকদের কল্যাণ তহবিল স্বরূপ SASPFUW প্রকল্পে রাজ্য সরকার ৫৮৫,২৯,১৭,০০০ টাকা প্রদান করেছেন এবং স্বাস্থ্য সুরক্ষা প্রকল্পে ১০৬,৬২,৪৮,২৩৪ টাকা প্রদান করেছেন।

(খ) এই প্রকল্পটি পুরোপুরি রাজ্য সরকারের। কেন্দ্রীয় সরকারের কোনো সাহায্যের প্রশ্ন ওঠে না।

(গ) প্রযোজ্য নয়।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Hon'ble Members, today I have received one Notice of Adjournment Motion jointly from Shri Nepal Mahata, Dr. Sujan Chakraborty, Shri Manoj Chakraborty, Shri Apurba Sarkar, Shri Asit Mitra, Shri Asish Marjit, Shri Kamalesh Chatterjee, Smt. Firoza Begam and Smt. Protima Rajak on the subject of alleged irregularities in the appointment of teachers through TET.

The subject-matter of the Motion is not such that may call for the adjournment of the business of the House. Members will get ample scope to raise the matter during discussion on the Demand relating to the Department concerned scheduled on 8th March, 2017. Members may also invite attention of the Minister concerned through Questions, Calling Attention, Mention etc.

1, therefore, withhold my consent to it.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

শ্রী নেপাল মাহাতো : অনারেবল স্পীকার স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছে। বিষয়টি হল—TET পরীক্ষার পর গন্ডগোল ও অনিয়মের অভিযোগ প্রকাশ্যে এসেছে। দুর্বল মেধা এমনকি উচ্চমাধ্যমিকে 50% নম্বর না পেয়েও নিয়োগপত্র পেয়েছে। Para-Teacher, এবং Exempted Category-তে নিয়োগের ক্ষেত্রে নিয়ম লঙ্ঘন করা হয়েছে। OBC/SC/ST সংরক্ষণ নীতিও সম্পূর্ণ ভাবে মানা হয়নি বলে অভিযোগ উঠেছে। শুধুমাত্র SMS-এর মাধ্যমে নিয়োগ হচ্ছে। কোন মেধা তালিকা বাইরে প্রকাশ করা হচ্ছেনা। বেকারদের কাছ থেকে লক্ষ লক্ষ টাকা নেওয়ারও অভিযোগ উঠেছে। এই ঘটনার উপযুক্ত তদন্তের দাবি করছি।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : অনারেবল মেম্বার্স প্লিজ বসুন। আমি আপনাকে বলতে allow করেছি। I allowed you. No, no this is not the way. আপনি জানেন তবুও আপনারা কেন এরকম করছেন।

...(গোলমাল)...

...(এই সময় কংগ্রেস পরিষদীয় দল এবং বামফ্রন্টের মাননীয় সদস্য-সদস্যাগণ সভাকক্ষ ত্যাগ করেন)...

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সমীর কুমার জানা যে বিষয়টি নিয়ে এখানে উত্থাপন করতে চেয়েছেন, এটি আমি আমাদের মধ্যে আলোচনা করবো। যদি সেচ দপ্তরের হয় তাহলে উনি করবেন আর যদি আমাদের দপ্তরের হয় আমি নিশ্চয়ই আপনাকে জানিয়ে দেবো।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received two notices of Calling Attention on the following subjects, namely :

	Subject		Name
i)	Urge for repairing of Naihati-Mougram Road in Ketugram Block-II	:	Shri Sekh Sahonawez
ii)	Progress of work of the proposed Bridge over Kaksari river at Pathar Pratima Block in South 24-Parganas district.	:	Shri Samir Kumar Jana

I have selected the notice of Shri Samir Kumar Jana on the subject of progress of work of the proposed bridge over Kaksari river at Patharpratima Block in South 24 Parganas district.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Subrata Mukherjee : Sir, the statement will be made on a subsequent day to be notified later on.

Presentation of Committee Reports

Presentation of the First and the Second Reports of the Standing Committee on Women & Child Development and Social Welfare and Disaster Management (2016-2017)

Smt. Nilima Nag : Sir, with your permission I beg to present :

(a) The First Report of the Standing Committee on Women & Child Development and Social Welfare and Disaster Management (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Disaster Management and Civil Defence Department for the year 2017-2018; and

(b) The Second Report of the Standing Committee on Women & Child Development and Social Welfare and Disaster Management (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Women & Child Development and Social Welfare Department for the year 2017-2018.

Presentation of the Third and Fourth Reports of the Standing Committee on Agriculture, Agricultural Marketing, Fisheries and Food Processing Industries & Horticulture (2016 2017)

The Chairman (Shri Amal Acharya) : Mr. Speaker, Sir, I beg to present:

(a) The Third Report of the Standing Committee on Agriculture, Agricultural Marketing, Fisheries and Food Processing Industries & Horticulture (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of Demand for Grant relating to the Fisheries Department for the year 2017-2018; and

(b) The Fourth Report of the Standing Committee on Agriculture, Agricultural Marketing, Fisheries and Food Processing Industries & Horticulture (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of Demand for Grant relating to the Food Processing Industries & Horticulture Department for the year 2017-2018.

Presentation of the First Report of the Standing Committee on Backward Classes Welfare (2016-2017)

The Chairman (Shri Hiten Barman) : Mr. Speaker, Sir, I beg to present the First Report of the Standing Committee on Backward Classes Welfare (2016-2017) on the Pre-Voting Budget Scrutiny of the Demands for Grant relating to Backward Classes Welfare Department and Tribal Development Department for the year 2017-2018.

MENTION

শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে জানাই যে, আগামীকাল হচ্ছে National Women's Day এবং সেই Women's Day-কে সম্বর্ধনা দিচ্ছেন আমাদের মুখ্যমন্ত্রী, TV-তে দেখছি, খুশিও হচ্ছি। কিন্তু একটা ব্যাপারে খুব চিন্তিত যে, এই রাজ্যে যেভাবে মহিলারা এ্যাসিড আক্রান্ত হচ্ছে এটা নিয়ে চিন্তার বিষয়। National Crime Report ২০১১তে ছিল ১৩ জন, ২০১২তে ২২ জন, ২০১৩তে ৮ জন, ২০১৪তে ৪১ জন, ২০১৫তে ৪১ জন, ২০১৬তে ২৬ জন এবং গত ফেব্রুয়ারী মাসে ট্রেনে দুই মহিলা এ্যাসিড আক্রান্ত হয়েছে। আপনারা জানেন, সুপ্রীম কোর্টের রায় অনুসারে, স্যার, এক সেকেন্ড আমাকে একটু বলতে দিন যে, সুপ্রীম কোর্টের রায় আছে যে, ১৮ বছরের নীচে কাউকে এ্যাসিড বিক্রি করা যাবে না এবং যাদেরকে এ্যাসিড বিক্রি করা হবে তাদের নাম address লিখে রাখতে হবে। রায় দিয়েছে যে, এ্যাসিড আক্রান্ত ব্যক্তি ৩ লক্ষ টাকা ক্ষতিপূরণ পাবে এবং সরকারি হাসপাতালে বিনা ব্যয়ে তার চিকিৎসা হবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, এই সেদিন যেটা ট্রেনে ঘটলো—তারা কেউ ক্ষতিপূরণ পাচ্ছে না। সুপ্রীম কোর্টের রায় আছে।

মিঃ স্পীকার : আপনি দৃষ্টি আকর্ষণ করুন। আপনি তো বলেছেন, আপনি মেনশান। করুন। শুনুন, মাননীয়া মুখ্যমন্ত্রী এই ব্যাপারে হাউসে already বিবৃতি দিয়ে গেছেন। আপনারা ছিলেন, যেদিন হেল্থ-র উপরে তিনি বলেছিলেন। আমি দেখেছি মাননীয়া মুখ্যমন্ত্রী এ্যাসিড আক্রান্তদের সম্বন্ধে এই ব্যাপারে একটা বিবৃতিও দিয়েছেন। সরকারের নজরে ব্যাপারটা আছে। সরকারের নজরে ব্যাপারটা আছে।

ডঃ সুজন চক্রবর্তী : (অনুপস্থিত)।

শ্রী সুজিত চক্রবর্তী : ধন্যবাদ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয়। সেচমন্ত্রীর কাছে একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হল, বড়জোড়া বিধানসভা এলাকায় বাঁধখানা থেকে ভৈরবডাঙা একটা রাস্তা এই রাস্তায় ২০০৭ সালে শালী নদীর উপরে একটা ব্রীজ ছিল সেটা ভেঙ্গে গিয়েছিল বন্যার কারণে।

[12:10 – 12:20 p.m.]

এখন সেই কারণে দুর্গাপুর টু সোনামুখীর যে শর্ট রুটের একটা যোগাযোগ ব্যবস্থা ছিল, সেই ব্যবস্থাটা নষ্ট হয়ে গেছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাব এবং আপনার দৃষ্টি আকর্ষণ করবো যে, এই ব্রীজটা যদি খুব শীঘ্র করা যায় তাহলে আবার পুনরায় ঐ যোগাযোগ ব্যবস্থাটা চালু হবে এবং ইন্টিরিয়ার গ্রামে যে সমস্ত মানুষ আছে তাদের যোগাযোগ ব্যবস্থাটা উন্নতি হবে।

শ্রী সেখ শাহনওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেতুগ্রাম এক নম্বর ব্লকের আরগুন থেকে মাসুন্দি পর্য্যন্ত একটা রাস্তা আছে, তার ডি পি আর তৈরী করে জেলা থেকে পাঠানো হয়েছে রাজ্যে। যাতে সত্বর এই রাস্তাটি অনুমোদন দেওয়া হয়, সেই বিষয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডঃ সুজন চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, এটা আমরা সবাই জানি যে — এটা সবার কাছে খুবই পরিতাপের বিষয়—স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া সম্প্রতি তারা একটা আদেশনামা জারী করেছে যেখানে ব্যাঙ্কের এলাকা বিভেদে মিনিমাম ডিপোজিটেড এ্যামাউন্ট নির্দিষ্ট করে দিয়েছে, এটা আমাদের সাধারণ রেওয়াজের পরিপন্থী। বরং জিরো ব্যালান্স এ্যাকাউন্ট করার মধ্যে দিয়ে প্রত্যেকটি মানুষ তার ব্যাঙ্কের ঋণ অনাদায়ী—সরকারের যেখানে লক্ষ্য এক এবং দুই প্রাইভেট ব্যাঙ্ক তারাই যখন জারিজুরিগুলি করছিল, সরকারি ব্যাঙ্কগুলি নয়, এস বি আই এর এই সিদ্ধান্তের মধ্যে দিয়ে প্রাইভেটের সেই পথকেই ফলো করা হচ্ছে এবং এতে বিশাল অঙ্কের মানুষকে বাড়তি অসুবিধার মুখোমুখি করে দেওয়া হচ্ছে। দ্বিতীয়তঃ আপনি টাকা যখন জমা দেবেন, অথবা টাকা যখন উইথড্র করবেন, তার উপরে নির্দিষ্ট পরিমাণে কার্যতঃ জরিমানা ব্যবস্থা রাখা হয়েছে। ফলে কার্যতঃ মানুষের পকেটের পয়সা ঘুর পথে, বেআইনীভাবে অন্যায় করে, চুষে নিয়ে, ব্যাঙ্কে ডিপোজিট করবার যে চেষ্টা হচ্ছে, এক অর্থে ব্যাঙ্ক ব্যবস্থাকে বেসরকারিকরণের পথে ঠেলে নিয়ে যাবার এটা একটা লক্ষণ। প্রাইভেট ব্যাঙ্ক করছিল, সরকারি ব্যাঙ্ক তার বিরুদ্ধে ছিল, সরকারি ব্যাঙ্ক তাতে সম্মত ছিল না, সরকারি ব্যাঙ্ককে একই জায়গায় নিয়ে এসে, প্রাইভেট এবং সরকারি বা একই জায়গায় দাঁড় করিয়ে তারপরে বলা হবে যে সরকারি ব্যাঙ্ক এর এই অনৈতিক কাজগুলোর সমান কিংবা তার সার্ভিস খারাপ, তাহলে চলো আমরা সবাই প্রাইভেটাইজেশানের দিকে যাই, এটাকে ইন্টারন্যাশানালি প্রাইভেটাইজেশান বানাবার যখন প্রচেষ্টা হচ্ছে, ব্যাঙ্কের ক্ষেত্রে সেই প্রচেষ্টার সামিলের বিরুদ্ধে আমাদের প্রতিবাদ করা উচিত। আমার নির্দিষ্ট কথা হবে, আমি উল্লেখ করতে চাই, আজকে এখানে আছেন, আমাদের বিধানসভার পক্ষ থেকেও কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট দপ্তরকে চিঠি দিয়ে আমাদের এখানে রেজলিউশান নিয়ে জানানো উচিত যে, এইভাবে কার্যতঃ দেশের ব্যাঙ্ক ব্যবস্থাকে ধ্বংস করার প্রচেষ্টা, এটায় আমরা সহমত হতে পারিনা, তার বিরুদ্ধে প্রতিবাদ জানানোর ক্ষেত্রে আপনি উদ্যোগ নিন, সেই কারণেই আজকে এটা উল্লেখ করতে চাই, এটা খুবই গুরুত্বপূর্ণ, বিশেষ করে আমাদের দেশের গরীব এবং প্রান্তিক মানুষের জন্যে।

মিঃ স্পীকার : ঠিক আছে, পি এ মিনিস্টার আসুক, তখনই আমরা ওনাকে জানাব এটা।

শ্রী নেপাল মাহাতো : অনারেবেল স্পীকার স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমার এরিয়ায় যে ইক্ষু চাষ হয়—আখ বলি আমরা—সেই চাষের যে বীজ, আমাদের সিরকাবাদ, আরসা পি এস, পুরুলিয়ায় যে গ্রাম পঞ্চায়েত আছে, এটা এমন বীজ যেটা বিনা জলে খুব ভালভাবে তৈরী হয় এবং প্রায় ৫০ বছর থেকে সেখানে সেই চাষ হচ্ছে। এবং সেটা বিখ্যাত ঐ গুড়ের জন্য। আজকে স্যার, সেই বীজগুলো সব নষ্ট হয়ে গেছে এবং বীজগুলো পরিবর্তনের দরকার আছে। এই পরিবর্তনটা শুধুমাত্র তামিলনাড়ু রাজ্য থেকেই এনে করা সম্ভব। এবং সেই ক্ষেত্রে রাজ্য সরকারের যে কৃষি বিভাগ, তার একটা ইন্টারফিয়ারেন্স, তার একটা সাহায্য লাগবে, কারণ তাকে দিয়েই সেই বীজটা আনতে হবে। আমি স্যার, দীর্ঘদিন থেকে এটা বিধানসভাতে আগেও মেনশান করেছিলাম, আমি চিঠিও ব্যক্তিগতভাবে দিয়েছিলাম এগ্রিকালচার মিনিস্টারকে। স্যার, আমি আপনার মাধ্যমে বলি, মাননীয় মন্ত্রী বসেও আছেন, আমাদের কৃষিমন্ত্রী, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, এই বিষয়টা একটু দেখলে ভাল হয় ওখানে প্রচুর চাষী আছে যারা উপকৃত হবে, এই ভাল বীজটা যেটা অন্য রাজ্য থেকে আনতে হবে,সেটা আপনি যদি একটু দেখেন, এবং আনার ব্যাপারে একটু সাহায্য করেন।

মিঃ স্পীকার : আজকে কৃষিমন্ত্রী এখানে উপস্থিত আছেন। মাননীয় সদস্য কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন। উনি শুনেছেন, তিনি যদি এই বিষয়ে উত্তর দেন।

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় সদস্য আপনি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছেন এবং আমাকে আগেই জানিয়েছিলেন। আপনি জানেন আমাদের যে সুগার কেন রিসার্চ ইনস্টিটিউশান আছে, তাদের মাধ্যমে যে সংবাদ আমি সংগ্রহ করতে পেরেছি, সেটা হল ওখানে চাষীদের মধ্যে নতুন ধরনের বীজ লাগানোর ব্যাপারে একটা মানসিক প্রতিবন্ধকতা আছে। আমি চেষ্টা করেছিলাম, আমি আবার চেষ্টা করব। আপনার সহযোগিতা নেবো এবং নতুন ধরনের বীজ ওখানে না দিলে পুরোনো বীজে আর ভালো হবে না। এই সমস্যাটা জেনুইন সমস্যা। আমি অবশ্যই আপনার পাশে দাঁড়িয়ে একসাথেই এটা করব।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি অনগ্রসর সম্প্রদায়ের কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মাল সম্প্রদায় মানে সাপুড়েদের জীবিকার ক্ষেত্রে তাদের সাপ খেলা দেখানো নিষিদ্ধ হয়েছে। সাপুড়েদের জীবিকা হচ্ছে সাপ ধরা। তাই আপনার মাধ্যমে অনগ্রসর শ্রেণির মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা, মেমারি অঞ্চলে মাল সম্প্রদায়ের আর্থিক উন্নয়নের জন্য সরকারী উদ্যোগে সাপের বিষ সংগ্রহ, বিক্রি এবং সর্প উদ্যানের পরিকল্পনা নিলে তাদের রোজগার এবং কারবারের রাস্তা খুলে যাবে এবং তাদের আর্থিক দুর্দশা কিছুটা লাঘব হবে।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, মুর্শিদাবাদ জেলার কান্দি সাবডিভিশান কৃষি প্রধান এলাকা। এই সাবডিভিশানে আমার বড়োয়া বিধানসভার অন্তর্গত পাঁচথুপি অঞ্চলে একটি বিদ্যুতের সাবস্টেশান আছে। এই সাবস্টেশানের আন্ডারে ১৪-১৫টি অঞ্চলে বিদ্যুৎ দেওয়া হয়। তার মধ্যে বাড়ির লাইন যেমন দেওয়া হয়, পাশাপাশি চাষীদের চাষ করার জন্যও কিন্তু লাইন দেওয়া হয়। আমাদের এই বিদ্যুতের আন্ডারের দু হাজার পার্মানেন্ট চাষীদের বিদ্যুৎ দেওয়া হয় এবং এক হাজার টেম্পোরারি কৃষকদের চাষ করার জন্য বিদ্যুৎ দেওয়া হয়। চাষীদের সংখ্যা হচ্ছে ১৬০০। সেই ১৬০০ চাষী ঠিকমত বিল না দেওয়ার জন্য সেখানে ১৬ কোটি টাকা বাকি পড়ে আছে। আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর কাছে আবেদন করতে চাই—বিল হচ্ছে ৬ কোটি টাকা, সেখানে ১০ কোটি টাকা সুদ বেড়েছে—এই ১০ কোটি টাকা যদি মকুব করা হয় তাহলে

তারা বাকি যে বিলটা পড়ে আছে, ৬ কোটি টাকা, সেটা তারা দিতে পারবে। তাই ১০ কোটি টাকার সুদ কৃষকদের স্বার্থে মকুব করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন করছি। ধন্যবাদ।

श्री मनोज तिग्गा : आपके माध्यम से मै माननीय P.W.D.Minister का ध्यान आकर्षण करना चाहता हूँ कि मेरे मदारीहाट विधान सभा क्षेत्र के अन्तर्गत बीरपाडा चौपाटी से लेकर लंकापाडा बाजार तक लम्बा 18 किलोमीटर रास्ता विगत दो वर्षों से एकदम बुरी तरह से खराब है बड़ा बडा गडढा है और 1991 साल में जब बाढ आया था तो बाढ के समय 5 बडा ब्रीज और 4 छोटा ब्रीज बुरी तरह से नष्ट हो चुका है लेकिन आज तक उसका न निर्माण किया गया ब्रीज का न ही कोई मरम्मत इसलिये मै आपके माध्यम से P.W.D Minister का ध्यान आकर्षण करना चाहता हूँ कि ये कब तक ठीक होगा ?

श्री सुकरा मुण्डा : ओनरेबल स्पीकर महोदय, मै शिक्षा मंत्री का ध्यान आकर्षण करने से पहले With the permission of you मै कुछ कहना चाहता हूँ कि मै विशेषकर डुअर्स तराई इलाके का बात करुगा वहाँ के जितने भी Colleges है वो North Bengal University के अन्तर्गत में आता है। पहले का जो सरकार था, जो Left का सरकार था वो हिन्दी भाषा को एकदम नष्ट कर दिया था। उस समय माध्यमिक में भी Question Paper अंग्रेजी में आता था या नेपाली में या बंगला में आता था जिसके बजह से हिन्दी भाषा भाषी Student को काफी मुश्किलात होती थी और माध्यमिक और उच्चमाध्यमिक में उसका फलाफल अच्छा नही हुआ करता था। जब से माँ-माटी मानुस की सरकार आयी है तब से हिन्दी भाषा में Question Paper मिलने लगा है H.S में भी और माध्यमिक में भी, जिसके बदौलत वहा के हिन्दी भाषा-भाषी Student अभी अच्छे Result कर रहे है उसका Result Excellent हो रहा है। मगर Higher Education में जहाँ डिग्री का सबाल है B.A, B.Sc, एवं B.Com में वो हिन्दी में परिक्षा नहीं दे पा रहे है। इसलिय अगर ये हिन्दी भाषा में डिग्री लेवल में यदि हिन्दी भाषा के Student को लिखने का permission पायेंगे तो वो लोग भी Excellent Result करेंगे तो मै मंत्री महोदय का ध्यान आकर्षण करना चाहूंगा कि डिग्री लेवल में भी हमारे डुअर्स तराई के हिन्दी भाषाभाषी Student के लिये हिन्दी भाषा मे परिक्षा लिखने का अनुमति प्रदान करेंगे सर। धन्यवाद।

[12:20 – 1:30 p.m.]

Dr. Rohit Sharma : Hon'ble Speaker, Sir, through you I would like to draw the attention of the Hon'ble Housing Minister. Sir, in the Darjeeling Hills under the scheme "Geetanjali", I would like to point out, rampant corruption in the distribution is going on. As because you know very well, Sir, that different Boards have been constituted. Wife gets house from the Development Board and the husband gets the house from the "Geetanjali" scheme. So, under the situation, the fund of the government is going to be drained. I would like to draw the attention of the Hon'ble Housing Minister at least to take confidence

of the concern MLA in selecting the beneficiaries. MLAs are not taken into account while the beneficiaries are selected.

Thank you.

শ্রী তাপস রায় : স্যার একটা অত্যন্ত দুঃখজনক ঘটনা এই পবিত্র সদনে জানানোর জন্য আপনার কাছে আমি সম্মতি চেয়েছিলাম, আপনি সম্মতি দিয়েছেন বলে আপনাকে আমি ধন্যবাদ জানাই। আজকে বাংলার অত্যন্ত জনপ্রিয় লোকসংগীত শিল্পী .....

মিঃ স্পীকার : এই ব্যাপারটা নিয়ে সুজনবাবুও উল্লেখ করতে চেয়েছিলেন, আমি ঘটনাটা শুনেছি। উনি মারা গেছেন এটা অত্যন্ত পরিতাপের বিষয়, সেই বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু আমাদের বিধানসভাতে অনেক বিখ্যাত মানুষ যাঁরা প্রয়াত হন তাঁদের obituary, আমরা করি।

শ্রী তাপস রায় : স্যার, ঘটনাটা এক্ষুনি ঘটেছে, তাই এটা আমি পয়েন্ট অফ ইনফর্মেশানে বলতে চাইছি, আপনি যদি এটা অ্যালাউ করেন তাহলে বলব, না হলে বলব না।।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য সুজন চক্রবর্তীও এই ব্যাপারটাই উল্লেখ করতে চেয়েছিলেন।

শ্রী তাপস রায় : স্যার, ঘটনাস্থলে রাজ্য সরকারের প্রতিনিধিও পৌঁছেছেন, আমরা যারা সংগীতপ্রেমী তারা সকলেই কালিকাপ্রসাদ ভট্টাচার্যের প্রয়াণে শোকস্তব্ধ।

(At this stage the House was adjourned till 1.30 p.m)

[1:30 – 1:40 p.m.]

Presentation of the First Report of the Standing Committee on Large Industries & Enterprises (2016-2017).

Shri Asok Bhattacharya : Mr. Speaker Sir, I beg to present the First Report of the Standing Committee on Large Industries & Enterprises (2016-2017) on the Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Large Industries & Enterprises Department for the year 2017-2018.

Discussion and Voting on Demands for Grants

Discussion on Demand No.75

Mr. Speaker : There are four cut motions to Demand No. 75. All the cut motions are in order and taken as moved.

Shri Anisur Rahaman	:	Sir, I beg to move that the
Dr. Sujan Chakraborty	:	amount of the demand be
Shri Runu Dutta	:	reduced by Rs.100/-.

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে Large Industries and Enterprises Departmentএর ডিমান্ড নাম্বার ৭৫ এ যে প্রস্তাবগুলো আছে -এই ডিমান্ড থেকে যে টাকাটা চাওয়া হয়েছে, সেই সম্পর্কে আমি কিছু বলতে চাই। স্যার, প্রথমে আমি একটা বিষয় আপনার নজরে নিয়ে আসছি। Large Industries and Enterprises এর নন-প্লান এবং প্লান মিলে আমাদের বাজেট বইএ যা আছে, তাতে দেখা যাচ্ছে ৮৮৪ কোটি ৬৩ লক্ষ ৩৬ হাজার টাকা। স্যার, তিন নম্বর বইটা যদি আমরা দেখি—যেখানে আমরা জানি সমস্ত স্কীম এবং আমি দেখে নিয়েছি সমস্ত মেজর হেড অফ অ্যাকাউন্টস তার মধ্যে করা আছে, তাতেও ৮৮৪ কোটি

৬৩ লক্ষ ৩৬ হাজার টাকা। যার প্লান হচ্ছে ৮২০ কোটি ৭৫ লক্ষ এবং নন-প্লান ৬৩ কোটি ৮৮ লক্ষ ৩৬ হাজার টাকা। তিন নম্বর বইএর ১৮৫ পৃষ্ঠায়। আর আছে ২৮ নম্বর বইএর ২৬৭ থেকে ৪২৩ যে পৃষ্ঠায়। পুরো মিলিয়ে দেখলে দেখা যাচ্ছে তিন নম্বর বইএর অঙ্কের রিফ্লেকশান এখানে আছে। কিন্তু মাননীয় মন্ত্রী মুভ করেছেন ৯৯১ কোটি ৬৩ লক্ষ ৩ হাজার টাকার জন্য। স্যার, আমি প্রথমেই মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, এইটা আমাকে মিলিয়ে দিন। আমরা জানি যা কিছু টাকা প্লান এবং নন-প্লানে আছে, তার বাইরে একটাও পয়সা থাকার কথা নয়। কেননা প্রতিটি পয়সা, প্রতিটি টাকা এই সদনে প্লেস করে তার অ্যাপ্রুভাল নিতে হবে। তাহলে সেই অ্যাপ্রুভালটা এখানে বাজেট বইতে যা আছে ৮৮৪ কোটি টাকার অথচ দেখানো হচ্ছে ৯৯১ কোটি টাকা। স্যার, এই সমস্যাটা বিশেষ করে নজরে এল - এবার যখন আমরা পাওয়ার ডিপার্টমেন্টের বাজেটটাকে স্কুটনি করতে গেলাম। সেখানে তো একই জিনিস ছিল। ২৩২৩ কোটি টাকা হচ্ছে প্লান এবং নন-প্লান মিলিয়ে, অথচ মুভ করা হয়েছে ২৮২৮ কোটি টাকা। স্যার, এইভাবে বেশি করে দেখিয়ে দেখানো হচ্ছে যে দেখ আমরা কত প্লান খরচ করছি, কত টাকা ধরছি ইত্যাদি ইত্যাদি।

স্যার, এটা আমি জানি না কতটা parliamentary বা unparliamentary হবে, এটা জালিয়াতি ছাড়া আর কিছু নয়। একটা বড় জালিয়াতি এই বাজেটের মধ্যে দিয়ে দেখানো হয়েছে। মানুষকে এবং সদনের কাছে কতকগুলো ভুল ফিগার দিয়ে এই হাউসকে এবং মানুষকে বিভ্রান্ত করা হচ্ছে। আমি প্রথমে অনুরোধ করব মাননীয় অর্থমন্ত্রীকে এই ৯৯১ কোটি টাকা "Large Industries and Enterprises" এই department -এ কোন্ কোন্ বাজেটে কত টাকা আছে, সেটা আপনি দয়া করে আমাকে দেখিয়ে দেবেন। নন-প্ল্যানের টাকা ছেড়ে দিন, মাইনেপত্র ইত্যাদির জন্য যায় প্ল্যানে এই বছরে যা ধরা আছে, তাতে প্রধান টাকা যেটা ধরা থাকে প্রতি বছরের মত, সেটা হল। incentive for নতুন industrial Units- ২৮৯ কোটি টাকা। ২৯৫ কোটি টাকা ছিল ২০১৭-১৮ - revised-এ, ২০১৫- ১৬ - তে এটা ছিল ৩১৩ কোটি ৭৫ লক্ষ টাকা। এটা actuals। ৩১৩ কোটি ৭৫ লক্ষ টাকা, এটা actuals। ২০১৪-১৫ -তে ছিল ২৮৬ কোটি টাকা, ২০১৩-১৪ -তে ২৪৩ কোটি টাকা। তাহলে আমরা যেটা দেখতে পাচ্ছি ৩১৩ কোটি টাকা ২০১৫-১৬ -তে, সেটা কমে গেল ২৯৫। এবার। আগামী বছরে সেটা আরও কমে গিয়ে হল ২৮৯ কোটি টাকা। প্ল্যানের ক্ষেত্রে কি হল স্যার ? এই ডিপার্টমেন্টের প্ল্যান ৩৯৩ কোটি হয়েছিল ২০১৩-১৪ -তে actual-এ, ২০১৪-১৫ -তে সেটা কমে গেল, ৩৯৩ থেকে ৩৪৬ হল। ২০১৫-১৬ -তে সেটা ৫৩৩ কোটি অর্থাৎ ২০১৫ ১৬ -তে বেড়ে গেল। এইবারে সেই টাকাটা ধরা আছে ৮২০ কোটি টাকা। এই ৮২০ কোটি আর ৬৪ কোটি নন-প্ল্যান মিলিয়ে হচ্ছে ৮৮৪ কোটি টাকা। অন্যান্য যে major plan head-এ আছে, সেটা হল স্যার আমরা দেখতে পাচ্ছি Grants to WBIDC (West Bengal Industrial Development Corporation) ১৮২ কোটি টাকা ধরা আছে। Industrial Park-এর জন্য ধরা আছে ১০০ কোটি টাকা। Kolkata Gas supply Corporation -এর জন্য ধরা আছে ৩০ কোটি ৯৭ লক্ষ টাকা। WBIDC Capital head -এ ধরা আছে ৭ কোটি ইত্যাদি ইত্যাদি। টাকাগুলো plan head -এ ধরা আছে। স্যার, আমরা এই পশ্চিমবঙ্গে গত কয়েক বছর থেকে Bengal Global Business Summit-এ কত টাকার proposal এসেছে, সেটা বারবার শুনতে পাচ্ছি। আমি তিন বছরের Economic Review-থেকে দেখেছি ২০১৫ -তে এটা ছিল ২ লক্ষ ৪৩ হাজার একশ' কোটি টাকা। ২০১৬ -তে ছিল ২ লক্ষ ৫০ হাজার ২৫৩ কোটি টাকা, ২০১৭-তে ছিল ২ লক্ষ ৩৫ হাজার ২৯০ কোটি টাকা। এই যে স্কীমগুলো আমরা শুধু বারবার শুনতে পাচ্ছি, এত টাকা, এত টাকা, এত টাকা, সেখান থেকে আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব ২০১৫-১৬ -তে কি হয়েছে, সেটা আমার জানা দরকার কারণ পরের বছরটা mature করবে, তারপর না হয় বলবেন উনি। ২০১৭ -তে কি হল,

সম্প্রতি হয়ে গেল। কিন্তু ২০১৪-১৫ -তে যেগুলো উল্লেখ করা আছে Economic Review -তে ২ লক্ষ ৪৩ হাজার ১০০ কোটি টাকা এবং সেগুলো থেকে এখানে দেখানো আছে যে, WBIIDC (West Bengal Industrial Infrustructure Development Corporation)-র ৬৯ টা unit হওয়ার কথা, proposal হচ্ছে ২ হাজার ৩৫৫ কোটি টাকা।

[1:40 – 1:50 p.m.]

ইন্ডাস্ট্রিয়াল এস্টেট পার্কস অফ ডব্লু.বি.আই.ডি.সি সেখানে আছে ৮৪ প্লাস ১৬ অর্থাৎ, একশো ইউনিটস প্রায় ৬৬-৬৭ কোটি টাকা। ইনসেন্টিভ স্কীমে আছে ১৫৭টা ইউনিট, ৮৫৭০ কোটি টাকা। এমনি করে ২ লক্ষ ৪৩ হাজার একশো কোটি টাকার একটা ব্রেক-আপ এখানে দেওয়া হয়েছে। যদিও তার সঙ্গে আর একটা ব্রেক-আপ দেওয়া আছে ৭.২ টেবিলে যে, শুধু ১৪-১৫ তে কি হয়েছে, সেটাও এখানে দেওয়া আছে। শুধু ১৪-১৫ তে প্রোপোজাল হচ্ছে ১০ হাজার ৪৫৮ কোটি টাকা, ১৪৮টি ইউনিট। আমি অনুরোধ করব, এই যে প্রোপোজাল-গুলো এসেছিল, সেই প্রোপোজাল-গুলোর মধ্য থেকে কতটা হয়ে গেছে এবং কত ইনভেস্টমেন্ট হয়েছে? তাতে কত এমপ্লয়মেন্ট হয়েছে, সেটা যদি আপনি দয়া করে জানান। কেননা, ১৪-১৫ সালে এটা শুরু হয়েছিল। সুতরাং, এতদিন, আমরা আশা করব যে, এগুলো সব কমপ্লিট হয়েছে। তার মধ্যে এ্যাকচুয়াল পজিশান-টা কি, কি হয়েছে এ্যাকচুয়ালি। পরের বছর কি হয়েছে, সে নিয়ে কথা বলতে যাচ্ছি না এখন। তার পরের বছরে বেঙ্গল সামিট কি হয়েছে তা নিয়েও কথা বলছি না। বিশেষ করে স্যার, ১৪-১৫ তে এই যে স্টেট প্ল্যান সেখানে একটা দেখতে পাচ্ছি permitted to hold সিলিং সারপ্লাস ল্যান্ড আণ্ডার সেকশান 14Y। সেকশান 14Y ল্যান্ড রিফর্মস এ্যাক্টে সিলিং সারপ্লাস ল্যান্ড হোল্ড করার পার্মিশান দিয়ে গভর্নমেন্ট চেষ্টা করেছেন শিক্ষা আসুক। সিলিং সারপ্লাস ল্যান্ড 14Y তে ভেস্টেড হওয়ার কথা, সেই ল্যান্ড অন্য কাউকে দেওয়ার কথা যারা ডিজার্ভিং। গভর্নমেন্টের অন্য কোনও পারপাসে ইউটিলাইজ করার কথা। সে সব না করে গভর্নমেন্ট এদেরকে পার্মিশান দিয়েছে to hold সিলিং surplus land যাতে হবে ষোলোটা ইউনিট। ৫৪ হাজার ১১৮ কোটি টাকার ইনভল্‌ভমেন্ট বলা হচ্ছে - ইনভেস্টমেন্টে। এই ষোলো ইউনিটের মধ্যে আমি রিকুয়েস্ট করব কতটা হয়েছে, এটা যদি জানান দয়া করে। এটার কি হয়েছে এ্যাকচুয়ালি? যেখানে গভর্নমেন্ট এতদূর এগিয়ে গিয়ে, তাদের হেল্পিং হ্যান্ড দেখিয়ে, তাদের এনকারেজ করল, তাতে ফল কি হল? স্যার, অন্য কয়েকটি কথা এখানে বলতে চাইব, সেটা হচ্ছে ১৫-১৬ সালে যে ইকোনমিক রিভিউ, তাতে বলা আছে, চাইনিজ বাস ম্যানুফ্যাকচারিং-নামটা দিয়েছে ঝংটং। এই যে ঝংটং কোম্পানি বা যে কোম্পানি হোক না কেন তাদের পনেরশো কোটি টাকা খরচ করে একটা ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি করার কথা। কি হয়েছে স্যার, যদি দয়া করে জানান। এখানে বলা হচ্ছে, ইন্টিগ্রেটেড ম্যানুফ্যাকচারিং ক্লাস্টার এবং সেই ক্লাসটারে এখানে বোধ হয় প্রায়োরিটি দেওয়া হয়েছে আমাদের রঘুনাথপুর ইন্ডাস্ট্রিয়াল পার্ক-কে। সেই রঘুনাথপুর ইন্ডাস্ট্রিয়াল পার্ক-কে বেস করে কতটা আমরা এগোলাম। ১৫-১৬ তে বলা ছিল, ডি.পি.আর প্রোপোজাল এ্যাট স্টেজ। ডি.পি.আর প্রোপোজাল স্টেজে আজকে তার অবস্থাটা কি, দয়া করে মন্ত্রীমশায় যদি জানান। ইন্ডাস্ট্রিয়াল পার্ক আমরা যেটা দেখতে পাচ্ছি, এখানে দশটা হওয়ার কথা। পুরনো পাঁচটা ছিল। নতুন পাঁচটা আসছে। কোথায় আছি আমরা? মাইনস এ্যান্ড মিনারেল এ্যাক্টিভিটিজ - এর বিষয়ে আমি বলব, ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের মাইনস এ্যান্ড মিনারেলস রুলস গত কিছুদিনে যে সব কাণ্ডকারখানা ঘটে যাচ্ছে পশ্চিমবঙ্গে তাতে বড়ই ইমপর্টেন্ট। আপনার স্যান্ড রেজিং, স্টোন কাটিং ইত্যাদি যে হচ্ছে এবং সেখানে যে বিশাল অব্যবস্থা চলছে যে অব্যবস্থার কথা মাননীয়া মুখ্যমন্ত্রী বার বার বলেছেন, সেখানে এই মাইনস এ্যান্ড মিনারেল

রুলস-এর ডেফিসিয়েন্সি নিয়ে এরা বেশ বেনিফিট পাচ্ছে এবং অরাজকতার সৃষ্টি করছে। সেই ব্যাপারে আমাদের ডিপার্টমেন্ট কি করেছেন, কতটা আমরা কি করতে পেরেছি। সেখানে আদৌ আমাদের কিছু নজর আছে কিনা।

স্যার, এছাড়া আমাদের একটা বড় অ্যাচিভমেন্ট হয়েছে। পাওয়ার সেক্টর এবং ইন্ডাস্ট্রি দুটো মিলে করেছে। সুপ্রিম কোর্টের অর্ডারে প্রাইভেট সেক্টরগুলোকে যে কোল্ড ফিল্ডগুলো দেওয়া হয়েছিল সেগুলো ক্যান্সেলেশনের পরে আমাদের পশ্চিমবঙ্গ বেনিফিটেড হয়েছে। এখানে আমাদের পাওয়ার ডেভেলপমেন্ট কপোরেশন এবং দেখছি একটা নতুন কোম্পানী হয়েছে 'বেঙ্গল-বীরভূম কোলফিল্ড লিমিটেড', সেটা আমাদের ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের সঙ্গে একসঙ্গে যৌথ প্রোগ্রাম করছে। এই ব্যাপারে আমরা কতটা এগোতে পেরেছি সেটা যদি দয়া করে স্যার বলেন।

কিন্তু আমার প্রধান কথা মাননীয় মন্ত্রী মহোদয়কে। স্যার আপনি দেখিয়ে দিন, ৮৮৪ আর ৯৯১ এর মধ্যে কোনটা ঠিক? ৯৯১ কোটি কী ভাবে এল? প্লান, নন-প্লান ছাড়া স্যার আমি আর কিছু জানিনা। আমি জানি সমস্ত কিছু এর মধ্যে আসবে। তাহলে বাকি টাকা-টা উনি যেটা মুভ করলেন কোথাকার? কোথা থেকে আসলো? এই সাবমিশন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীজ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, দাবী নম্বর ৭৫, ২০১৭-১৮ অর্থ বর্ষের ব্যয়-বরাদ্দ আলোচনা করতে গিয়ে আমি আশা করেছিলাম প্রথম বক্তা ডঃ সুখবিলাস বর্মা, যিনি অর্থ দপ্তরের সঙ্গে অনেকদিন ছিলেন ধন্যবাদ জানাবেন মাননীয় মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে কারণ তাঁরা সরকারী উদ্যোগ এবং শিল্প পুনর্গঠন, শিল্প এবং বাণিজ্য, বিক্ষিপ্তভাবে যে ডিপার্টমেন্টগুলো ছিল সেগুলোকে এক ছাতার তলায় নিয়ে এসে সুসংগঠিতভাবে বাণিজ্য এবং শিল্প বিভাগের সংযুক্তকরণ করেছেন ; সেটা তিনি প্রথমেই উল্লেখ করবেন। আমি ধন্যবাদ জানাচ্ছি মাননীয়া মুখ্যমন্ত্রীকে এবং মাননীয় অর্থমন্ত্রীকে যে এই শিল্প সম্ভবনাকে তরান্বিত করার জন্য সমস্ত বিভাগগুলোকে তিনি একীকরণ করেছেন। এটা একটা ঐতিহাসিক উদ্যোগ। এজন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি প্রত্যাশা করেছিলাম স্যার যে, শিল্পের সামগ্রিক পরিমণ্ডল বলতে গিয়ে এই সরকারের শিল্প-নীতি কী তার প্রতি তিনি আলোকপাত করার চেষ্টা করবেন। 'শিল্প-সাথী', শিল্পোন্নয়নের জন্য online এক-জানালা ব্যবস্থা, শিল্প সহায়ক নীতি, ই-ট্যাক্স, পণ্য পরিষেবা কর এবং কম্পোজিট স্কীম, যেগুলো শিল্পের বাতাবরণ তৈরী করে সেগুলোর ওপর আলোকপাতের প্রত্যাশা রেখেছিলাম স্যার। আমি ভেবেছিলাম নিশ্চয় গাণিতিক ত্রুটি বা আঙ্কিক নিয়মের যে প্রশ্ন তুলেছেন মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর উত্তর দেবেন। কিন্তু একটা রাজ্যের বা দেশের শিল্প সম্ভাবনা যে পরিমণ্ডলের ওপর নির্ভর করে সেই পরিমন্ডল যদি সহায়ক না হয় তাহলে শিল্প হতে পারেনা। আগে একটা রাজনৈতিক অস্থিরতা ছিল এবং উগ্র শ্রমিক সংগঠন-বাদ ছিল। স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় শিল্প করছেন আর বিরোধী নেতা লাল পতাকা তুলে দিয়ে বলছেন 'শ্রমিক ঐক্য জিন্দাবাদ'। অর্থাৎ, একটা শিল্পপতি বা মুষ্টিমেয় শিল্পপতি ভার্সেস গোটা শ্রমিক আন্দোলনকে ক্ষেপিয়ে যেভাবে শিল্প সম্ভাবনাকে নষ্ট করা হয়েছিল এবং একটা ক্ষীয়মাণ শিল্প সম্ভাবনা সৃষ্টি করা হয়েছিল। অপসৃত হয়ে গিয়েছিল কর্ম-সংস্কৃতি। একদিন তদানীন্তন মুখ্যমন্ত্রীকে তাই দুঃখ করে বলতে হয়েছিল 'কাকে নিয়ে কাজ করবো? চেয়ার-টেবিল?' ভুলে গেছি আমরা? সর্বোপরি স্যার, ভারসাম্যহীন যে শিল্পনীতি, সেই অন্ধকার জগৎ-কে কাটিয়ে আমরা নতুন আলোর বাতাবরণে এসেছি। স্যার, 'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ'—এই স্লোগানকে ভুল প্রমাণ করে "কৃষি-শিল্প উভয়-ই আমাদের ভিত্তি এবং উভয়-ই আমাদের ভবিষ্যৎ, পরস্পর পরস্পরের পরিপূরক"—এই

যে পরিবর্তন হয়ে গেল এটার গুরুত্ব কী কম ? স্যার, বাম-আমলের শেষ ৬ বছরে এবং শেষ বছরে জাতীয় হারের সঙ্গে রাজ্যের শিল্প বৃদ্ধির ব্যবধান ছিল ২.৮ শতাংশ।

[1:50 – 2:00 p.m.]

দু হাজার পাঁচে যে আমরা পিছিয়ে ছিলাম, আর একমাত্র ২০১১ সালে সেটা দাঁড়াল ১.৫ শতাংশ কারণ বিশ্বের বাজার মন্দা হতে শুরু করেছিল। এব্যাপারে আমি বামফ্রন্টকে দোষ দিচ্ছি না। কিন্তু তৃণমূলের রাজত্বে, মমতা বন্দ্যোপাধ্যায়ের রাজত্বে আজকে সেই কেন্দ্রীয় হার এবং রাজ্যের হার ১.৪৮ শতাংশ হয়েছে। মাথাপিছু আয় দুহাজার দশ - এগারোতে ছিল চার দশমিক নয় পাঁচ শতাংশ। দু হাজার চৌদ্দ এবং পনেরো সালে হয়েছে ৬.২ শতাংশ। স্যার, আমরা শিল্প বলতে বুঝি উৎপাদন শিল্প, নথিভুক্ত শিল্প। উৎপাদন শিল্পকে আমরা দুভাগে ভাগ করতে পারি। একটা নথিভুক্ত শিল্প আরেকটা অনথিভুক্ত শিল্প। স্বাভাবিকভাবে নথিভুক্ত শিল্প সাফল্যের চাবিকাঠিটা দেয় কিন্তু আমাদের রাজ্যে নথিভুক্তের চেয়ে অনথিভুক্ত শিল্প অনেকটাই এগিয়ে। এটা দেখতে গেলে কি হয়? আমি আপনাকে ফিগার দিচ্ছি। ওয়েট করুন, বা বা বলবেন না। অনথিভুক্ত শিল্পের অন্তর্গত ছোট ছোট সংস্থা যারা সম্মিলিতভাবে যত কর্মসংস্থান তৈরি করে, নথিভুক্ত শিল্পের বড় শিল্পগুলি স্যার তার ভগ্নাংশও করতে পারে না। স্যার, এটা শুধু আমাদের দেশের বা রাজ্যের ফিগার নয়। বিশ্বের যে অর্থনৈতিক বাজার, বিশ্বের যে শিল্পের বাজার আনঅর্গানাইজড সেক্টরে অনথিভুক্ত যে এমপ্লয়মেন্ট তার যদি আমরা স্ট্যাটেসটিক নিই তাহলে দেখতে পাব নর্থ আফ্রিকা আনঅর্গানাইজড সেক্টরে কাজ করে ৪৮ শতাংশ, ল্যাটিন আমেরিকা ৫১ শতাংশ, এশিয়া ৬৫ শতাংশ, সাউথ আফ্রিকা ৭২ শতাংশ। নীতি আয়োগ ২০১১-১২ রিপোর্ট অনুযায়ী ইন্ডিয়ায় কাজ করে ৯১.৯০ শতাংশ। এন.এস.ও. ২০১১-১২ রিপোর্ট অনুযায়ী টোটাল যে এমপ্লয়ি পারসেন্ট ৪৭.৪২ কোটি স্যার তার মধ্যে আনঅর্গানাইজড সেক্টরে কাজ করে ৩৯.১৪ কোটি। সুতরাং কেসটা ক্লিয়ার। আমাদের হেভি শিল্পের সংগে, আমাদের ভারী শিল্পের সংগে কর্মসংস্থানের প্রশ্ন। ছোট শিল্প, মাঝারি শিল্প অনেক বেশি প্রয়োজনীয় এবং সমাজে তারমধ্যে অনেক বেশি দরকার। নিশ্চয়ই দরকার আছে। আসছি স্যার, অসিতদা আসছি। এরপর বৃহৎ শিল্প। বৃহৎ শিল্পে কি হল? উনি গ্লোবাল সামিটের কথা বলেছিলেন। আপনি তো দীর্ঘদিনের এম.এল.এ. কি হত? আগের মুখ্যমন্ত্রী লন্ডন যেতেন, উনি এসে বানিয়ে দিতেন, ওরা শুনে নিত। পরের মুখে ঝাল খেত। আর এখন বিত্ত মন্ত্রী বাণিজ্যের দপ্তর বসান। পার্থক্য তো একই, ওখানেও খরচা হত, এখানেও খরচা হচ্ছে। কিন্তু একজন শিল্পপতি রাজ্যে এসে দেখে যাচ্ছে আমরা কি সুযোগ দিচ্ছি। স্যার, আমরা ওদের বোঝানোর চেষ্টা করছি সুটেবল জিওগ্রাফিক্যাল লোকেশান, আমরা ওদের বোঝানোর চেষ্টা করছি মিনারেল রিসোর্সে আমাদের রাজ্য reach. তোমরা মিনারেল সেক্টর ইন্ডাস্ট্রি কর। আমরা বোঝানোর চেষ্টা করছি আমাদের রাজ্য ওয়েল কনসার্নড। আমরা বোঝানোর চেষ্টা করছি। আমাদের রাজ্যে পাওয়ার availability, power surplus. অতএব বিদ্যুতের কোন সমস্যা নেই। আমরা চেষ্টা করছি টেকনিক্যাল ম্যান পাওয়ারে স্ট্রং আমরা। আমরা চেষ্টা করছি প্রাইভেট সেক্টরে পার্টনার শিল্পে নিয়ে আসতে চাই। আমরা চেষ্টা করছি আমাদের এক্সিটিং যে স্ট্রাকচার, ইন্ডাস্ট্রি স্ট্রাকচার সেটা খুব ভাল। আমরা চেষ্টা করছি glob potential এই রাজ্যে ভাল। আমরা চেষ্টা করছি। রাস্তাঘাট, বিদ্যুৎ, জল availability of water এই রাজ্যে শিল্পের অনুকূল। আমরা চেষ্টা করছি এই initiative এবং এটা শিল্পের পরিমণ্ডল। আপনি বলুন না infrastructure, আমরা চেষ্টা করছি। এখানকার ওয়ার্ক কালচার অনেক স্ট্রং।

আর কথায় কথায় হরতাল হতো, কথায় কথায় বনধ হতো। আপনি সব ভুলে গেলেন অসিত দা। আজকে যে পরিস্থিতি এবং পরিমন্ডল নতুন করে তৈরি হয়েছে। তার মাধ্যমে আমাদের দিতে

হবে, দিয়েছেন ? এর আগে আমরা যেটা বলতে চাইছিলাম স্যার, সুতরাং এই আলোচনার জন্য মূল দরকার - আমরা শিল্পের সম্ভাবনাকে উজ্জ্বল করতে পারছি কি না ? যেটা আলোচনার জন্য দরকার শিল্প বান্ধব পরিস্থিতি তৈরি করতে পারছি কি না ? যেটা আলোচনা করা দরকার শিল্পপতিকে আমরা আমাদের জায়গাটা দেখাতে পারছি কি না, মানুষকে দেখাতে পারছি কি না ? পরিবেশকে দেখাতে পারছি কি না ? আমাদের উৎসকে দেখাতে পারছি কিনা ? আমাদের সমাগ্রিক মূল্যবোধকে দেখাতে পারছি কিনা ? আমাদের ল অ্যান্ড অর্ডারকে দেখাতে পারছি কি না ? এগুলো হচ্ছে এসেনশিয়াল প্রি-কন্ডিশান একটা ইন্ড্রাস্ট্রিস সেক্টরের গ্রোথের জন্য। আজকে তাই আপনাদের কাছে বলি, নন-কনভেনশানাল এনার্জি আমাদের মত সম্ভাবনা ভারতবর্ষের কোন স্টেটে আছে ? আগে তো ছিল না, আমরা নন-কনভেনশানাল এনার্জি দিয়ে শিল্পপতিদের জন্য চেষ্টা করছি। রেজাল্ট কি হয়েছে ? উনি নিজে বললেন সুখবিলাস বাবু আজকে ফুড পার্ক ফেজ-২ বিদ্যাসাগর ইন্সটিটিউট। গোয়ালতোড়ে ফুড পার্ক। খড়গপুরে ইন্ড্রাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার, হলদিয়ায় এবং পানাগড়ে ফুয়েল এবং আয়রন ইন্ড্রাস্ট্রিতে সমৃদ্ধ হচ্ছে। রঘুনাথপুরে স্টিল অ্যালায়েড ইন্ড্রাস্ট্রি - এগুলো আস্তে আস্তে করে তৈরি হচ্ছে। স্যার, খনি এলাকায় বেআইনি কার্যকলাপে এক একটা খনি মাফিয়া তৈরি হয়েছিল। আজকে পশ্চিমবঙ্গে খনিজ উন্নয়ন ও বিপণন পর্ষদ - বীরভূমের পাঁচমারিতে কালো পাথর উত্তোলন, পুরুলিয়ার মালতিতে ফায়ারস ক্লে উত্তোলন, পুরুলিয়ার বড়পানজনিয়াতে গ্রানাইট উত্তোলন খনিজ শিল্পকে স্যার সমৃদ্ধ করছে। আমরা ইনভাইট করছি যে এত খনিজ সম্পদ যাতে বিজ্ঞানসম্মতভাবে সমৃদ্ধ হতে পারে। তাজপুরে আমরা নতুন হারবার করার চেষ্টা করছি, কই আপনারা তো করেন নি ? সুতরাং, যে সমস্ত ইন্ড্রাস্ট্রি ডুবে গিয়েছিল—সরস্বতী প্রেসের অবস্থা কি হয়েছিল তন্ময়বাবু ? আন্তর্জাতিক শ্রমিক ঐক্য জিন্দাবাদ। কোথায় গিয়েছিল সরস্বতী প্রেস ? আজকে এটা লাভের মুখ দেখেছে।

স্যার, জেশপ অ্যান্ড কোম্পানী লিমিটেড মুখ থুবড়ে পড়েছিল আপনাদের সময়। মুখ থুবড়ে পড়েছিল ডানলপ। একটার পর একটা ইন্ড্রাস্ট্রির মৃত্যুর মিছিল শুরু হয়ে গিয়েছিল স্যার বামফ্রন্টের শেষ জমানায়। ঘেরাও, মালিক হত্যা, এমন কি শ্রমিক হত্যা কিন্তু সেই আজকে জেশপ কোম্পানী লিমিটেড, আজকে ডানলপ ইন্ডিয়া লিমিটেড - একটার পর একটা আজকে ঘুরে দাঁড়াচ্ছে এবং আমরা প্রতিশ্রুতিবদ্ধ। স্যার, কই আপনারা তো ভাবেন নি সিটি গ্যাস ডিস্ট্রিবিউশার প্রকল্প - কল্পনা করেছিলেন সিটি গ্যাস ডিস্ট্রিবিউশান প্রকল্প হলে শহর এবং শহরতলিতে কত কটেজ ইন্ড্রাস্ট্রি, কত মিডিয়াম ইন্ড্রাস্ট্রি - গ্যাস ডিস্ট্রিবিউশনের অধীন আজ কাজ চলছে। আজকে মন্ত্রী সভা ইন্ড্রাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড এমপ্লয়মেন্ট ডেভালপমেন্টের যে স্ট্যান্ডিং কমিটি কতগুলি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত শিল্প সহায়ক নীতি হিসাবে নিয়েছে। মাননীয় চেয়ারম্যান স্যার, এই সভাকে যে বিষয়ে অবহিত করতে চাই, সুসংহত কর্মসংস্কৃতি সবচেয়ে প্রশাসনিক ব্যবস্থা আজকে সারা রাজ্যের শিল্প আবহাওয়াকে অনুকূল পরিস্থিতি তৈরি করেছে। তাই আজকে সারা বিশ্বের শিল্পপতিরা আসছে। আজকে দেখতে পাচ্ছেন না আমেরিকার মত ধনকুবের দেশ তার রাষ্ট্রপতিকে বাইরে নতুন আবাসন নীতি করতে হচ্ছে।

[2:00 – 2:10 p.m.]

নতুন অভিবাসন নীতি করতে হচ্ছে। এই রকম একটা পারস্পেকটিভে, এই রকম একটি বিশ্বের আবহে আমাদের রাজ্যে যে গ্রোথ হচ্ছে, আমরা তার নিন্দা করছি, আমরা তাকে সমর্থন করছি না, আমরা সমর্থন করছি না। না, না, সে ফেস করছে,বোঝার চেষ্টা করুন। যে কঠিন পরিস্থিতিতে - ভুল বোঝালে হবে না। যে কঠিন পরিস্থিতে আজকে আমেরিকা করার চেষ্টা করছে, কই আমরা তো তাড়াচ্ছি না, আমরা তো কেউ সরিয়ে দিচ্ছি না, ভারতবর্ষ তো তাড়িয়ে দিচ্ছে

না, রাজ্য তো কাউকে তাড়িয়ে দিচ্ছে না। সেটা তো বলবেন না। আপনারা ইন্ডাস্ট্রিয়ালিস্টদের যদি এত ভিক্ষুক ভাবেন, তাহলে ভুল ভাবছেন আপনারা। ইন্ডাস্ট্রিয়ালিস্টরা বেগার নয়। তারা খেতে পায় না, খেতে এল পশ্চিমবাংলায় সারা দেশ থেকে, এটা যারা ভাবে তারা মূর্খের রাজ্যে বাস করে। আজকে তাই আপনাদের কাছে বলছি এরা কি মূল্যায়ন করে বলুন তো স্যার? এরা কি মূল্যায়ন করে? বলছেন বিজ্ঞাপন দিচ্ছে। আগে কি হত? আগে রাজ্য সরকার যা করবে সি পি আই এমের পার্টি অফিসে খবর যেত। আর সেইটা নিয়ে তারা বলে বেড়াত। আমাদের মুখ্যমন্ত্রীর স্বচ্ছতার জন্য আজকে সমস্ত কর্মপ্রকল্প, যে সমস্ত রাষ্ট্রীয় উদ্যোগ, সেগুলোতে সহায়তা করার জন্য, সেগুলো সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য বিজ্ঞাপন দেন সংবাদপত্রের মাধ্যমে, টিভির মাধ্যমে, তাহলে কি সেটা অন্যায়? মানুষ যদি অবহিত না হন, মানুষ যদি সচেতন না হন, মানুষ যদি সরকারী শিল্প নীতি, কর্মসংস্কৃতি, শিল্প উদ্যোগের সম্পর্কে মানুষ যদি জানতে না পারে তাহলে কার স্বার্থে আইন,কার স্বার্থে সংস্কৃতির বিকাশ, কার স্বার্থে উদ্যোগ? কার স্বার্থে সরকারী টাকা খরচ? তাই আমাদের আরও বেশি শুধু দেশের মধ্যে নয়, দেশের বাইরেও আমরা যে যে সেক্টরে উন্নতি করেছি, সেগুলোকে নিয়ে যেতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমরা কি করছি? আমরা দেখছি, আমরা যে যে উদ্যোগ দিচ্ছি, আমরা যে যে ইনসেনটিভ দিচ্ছি, আমি কয়েকটি ইনসেনটিভের কথা উল্লেখ করছি, যেগুলোকে আমরা শিল্পক্ষেত্রে নতুন করে ইনসেনটিভ দিচ্ছি যাতে শিল্পপতিরা আগ্রহী হন। স্যার, আমরা দিচ্ছি আমাদের ভূমি, ল্যান্ড। ল্যান্ড আমাদের আগে ছিল? ইয়ারমার্ক করা ছিল শিল্পের জন্য ল্যান্ড? ল্যান্ড ব্যাংক ছিল এর আগে? এর আগে ল্যান্ড ব্যাংক ছিল? যে শিল্প করতে গেলে শিল্পপতিরা কোন জায়গায় গিয়ে ল্যান্ড পাবে, তার কিনারা পেত না। বিদ্যুৎ ইয়ারমার্ক করা ছিল? বিদ্যুতের ভর্তুকি ছিল? বিদ্যুতের ডিউটি ফ্রি ছিল? আপনারা অ্যাপ্লাই করে দেখুন, কাউকে দিয়ে দেখান। আজকে বিভিন্ন ধরনের যে ইনসেনটিভ দেওয়ার ব্যবস্থা হচ্ছে, ইতিপূর্বে অন্য সরকার এই ইনসেনটিভ দেয়নি। আমাদের বিত্তমন্ত্রী ডঃ অমিত মিত্র সঠিক ভাবেই - শিল্প আজকে প্রতিযোগিতার বিষয়। গুজরাট চেষ্টা করছে, মহারাষ্ট্র চেষ্টা করছে, কিন্তু বসে থাকলে হবে না। আজকে যে উদ্যোগ নাড়া দিয়েছে, এই নাড়াটা তো আগে ছিল না, কেউ জানত না। আজকে যে উদ্যোগ নেওয়া হয়েছে, সেটাই তো মূল কথা। আমার একটা সর্বশেষ প্রস্তাব আছে। স্যার, মাননীয় বিত্তমন্ত্রীকে অনুরোধ করছি মাননীয় স্পীকারকে অনুরোধ করতে ডঃ সুখবিলাসবাবুকে বিদ্যুৎ থেকে স্ট্যান্ডিং কমিটির শিল্পে দেওয়া হোক, উনি ঘুরে ঘুরে দেখে আসুন কত ইঞ্চি এগোল আর কত ইঞ্চি পিছালো। তাহলে ওনার সম্যক জ্ঞান হয়ে যাবে। এই কথা বলে উনি পণ্ডিত মানুষ, উনি বিদগ্ধ ব্যক্তি, উনি ঘুরে দেখে এলে আপনার চোখে আমরা দেখে নেব। ধন্যবাদ স্যার, ৭৫নম্বর বিলকে সমর্থন করে আমার নিবেদন শেষ করছি।

শ্রী সন্তোষ দেবরায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি ডঃ অমিত মিত্র ভারপ্রাপ্ত মন্ত্রী বৃহৎ শিল্প এবং উদ্যোগ বিভাগ কর্তৃক যে বাজেট পেশ করেছেন তার উপরে আলোচনা করতে গিয়ে প্রথমেই যেটা বলব তাহল তিনি অত্যন্ত পণ্ডিত মানুষ এই ব্যাপারে আমার পূর্ববর্তী বক্তা বলে গেছেন। আমিও তার সঙ্গে সহমত। কিন্তু বিষয়টা হচ্ছে রাজ্যের পরিস্থিতি এবং রাজ্যের শিল্প কোন জায়গায় দাঁড়িয়ে আছে। আজকে শিল্পক্ষেত্রে বিকাশের হার সবচেয়ে নিচে। গত সাত বছরের যে তথ্য সেই তথ্য যদি দেখা যায়। কারণটা কি বিনিয়োগের হার কম থাকা, কাঁচামালের দাম অত্যধিক বেড়ে যাওয়া, বিদ্যুতের দাম বৃদ্ধি, নোটবন্দি, অনুকূল পরিস্থিতি না থাকা। অথচ শিল্প বিকাশের হার অর্থনীতিতে জরুরি। শিল্প সম্মেলন হল শিল্প এখন পর্যন্ত অধরা রয়েছে। ফলে কর্মসংস্থান নেই, কর্মচ্যুতি বাড়ছে, পণ্যের চাহিদা কমছে। ধনী-দরিদ্রের আয়, সম্পদের বৈষম্য তীব্র থেকে তীব্রতর হচ্ছে। রাজ্যে বন্ধ কল-কারখানা খোলার কোনো

দিশা নেই। কাজেই তিনি যে বাজেট পেশ করেছেন। তার মধ্যে যে বিষয়গুলি থাকা উচিত ছিল সেগুলি কিন্তু আমার নজরে আসেনি। আমাদের কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের রাষ্ট্রায়ত্ত শিল্প সংস্থা সম্বন্ধে দৃষ্টিভঙ্গি আমি মনে করি তারা একই দৃষ্টিভঙ্গি নিয়ে, তারা একই অভিমুখ নিয়ে চলছে। আমাদের প্রয়াত প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরু বলেছিলেন রাষ্ট্রায়ত্ত সংস্থা দেশের স্বনির্ভর অর্থনীতির ক্ষেত্রে মন্দির। বর্তমান প্রধানমন্ত্রী বলছেন রাষ্ট্রায়ত্ত সংস্থার জন্ম হয় মৃত্যুর জন্য। উদার অর্থনীতি প্রয়োগের ক্ষেত্রে কেন্দ্র ও রাজ্য সরকার অভিন্ন নীতি নিয়ে চলছে। একদিকে কেন্দ্রীয় সরকার ৭৬টি রাষ্ট্রায়ত্ত সংস্থাকে strategic sell-এর অন্তর্ভুক্ত করছে যার মধ্যে ১৭টি বন্ধ করে দেওয়া হবে আর ২২টি ধাপে ধাপে বেসরকারীকরণ করা হবে। আমাদের রাজ্যের ক্ষেত্রে সরকার মার্জারের মাধ্যমে ৯০টি সংস্থাকে প্রায় অর্ধেকে নিয়ে আসার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কাজেই এইক্ষেত্রে যে পদগুলির অবলুপ্তি ঘটে যাবে সেই পদগুলিতে নতুন করে আর কোনো কর্মসংস্থানের সুযোগ থাকবে না। আমি যে অঞ্চলে বসবাস করি, যে অঞ্চল থেকে বিধায়ক হয়েছি সেখানে কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই সিদ্ধান্ত নিয়েছেন সেলের অন্তর্গত সালেম ভদ্রাবতি- দুর্গাপুর ডিস-ইনভেস্টমেন্ট করার সিদ্ধান্ত নিয়ে ইতিমধ্যে টেন্ডার নোটিশ জারি করেছেন এবং তার প্রক্রিয়া চলছে। অন্যদিকে আমাদের রাজ্য সরকারী সংস্থা দুর্গাপুরেই আছে ডি.পি.এল - এর কোকো ওভেন প্ল্যান্ট বন্ধ, ডি.সি.এল -এর শেয়ার কেন বিক্রি করা হচ্ছে আমরা জানি না। উভয় সংস্থা বাঁচাবার কোন উদ্যোগ রাজ্য সরকারের আছে কি না সেটা দেখা যাচ্ছে না। DPBS কেন্দ্রীয় সরকারী সংস্থা সেটাও বন্ধের পথে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপের আবেদন করে চিঠি দিয়েছিলাম। এই যে শিল্পগুলি রয়েছে এই শিল্পগুলি সম্পর্কে তাঁর হস্তক্ষেপ চেয়ে আবেদন করেছিলাম কারণ ইতিমধ্যে দুর্গাপুরে ছয়টি রাষ্ট্রায়ত্ত সংস্থা এবং ১৬টি বেসরকারী সংস্থা বন্ধ হয়ে গেছে। হিন্দুস্থান কেবল্, Sen & Ralle, হিন্দমটর, Burn Standard, RIC বন্ধ। দুটো অধিগ্রহণ তাঁরা করেছেন ডানলপ এবং জেসপ তার জন্য ধন্যবাদ জানাচ্ছি, বাকিগুলি যাতে অধিগ্রহণ করা হয় এই বিষয়ে প্রস্তাব রাখছি। আজকে এই শিল্প সম্পর্কে এই যে উদার অর্থনীতি এবং যে ধরনের চুক্তি আন্তর্জাতিক ক্ষেত্রে আমাদের ভারতবর্ষ যুক্ত হয়ে পড়েছে তার ফলে ফেরওয়েলে অত্যধিক বিদ্যুৎ মাসুলের জন্য আজকে অত্যন্ত কঠিন পরিস্থিতির মধ্যে সম্মুখীন হয়ে দাঁড়িয়েছে।

[2:10 – 2:20 p.m.]

অথচ দেশের উৎপাদনের ৩৫ শতাংশ এই রাজ্যে উৎপাদন হয়। কাজেই ভবিষ্যতের ক্ষেত্রেও রাজ্যের ক্ষেত্রে একটা অসুবিধার জায়গায় চলে যাবে এই ফেডারেল ইন্ডাস্ট্রী যেটা আছে। কেন্দ্র বি.আই.এফ.আর-এ তুলে দিয়েছে। রাজ্য নীরব। সম কাজে সম বেতন - সুপ্রিম কোর্টের রায়কে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার কেউই মান্যতা দিতে চাইছে না। মাননীয় মন্ত্রী মহাশয়ের প্রতিবেদনে এই বিষয়ে কোনরকম উল্লেখ নেই। যাঁরা বর্তমানে চাকুরীরত অবস্থায় রয়েছেন তাঁদের পি.এফ-এর সুদ .১৫ শতাংশ কমিয়ে দেওয়া হয়েছে। কারণ হচ্ছে শেয়ার বাজারে অর্থ বিনিয়োগের কারণে এই যে ০.১৫ যে সুদের হার প্রভিডেন্ট ফান্ডের - সেটা কমিয়ে দেওয়া হয়েছে। এবং রাজ্য সরকারী কর্মচারী যাঁরা এখানে অছেন বা বিভিন্ন জায়গায় রয়েছেন, তাঁরা কেন্দ্রীয় সরকার থেকে ৪৬ শতাংশ তাঁদের যে মাহিনা সেটা কম পাচ্ছেন। কাজেই এই যে সার্বিক একটা অবস্থা চলছে, এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে রাজ্যে শিল্পের ক্ষেত্রে যে অগ্রগতির বিষয়টা আছে, সেই অগ্রগতির থেকে অধোগতির দিকে রাজ্য চলছে। এখন এই বন্ধ শিল্প কল- কারখানা খোলার ব্যাপারে বিভিন্ন জায়গায় আন্দোলন হচ্ছে, লড়াই হচ্ছে এবং এই লড়াই- আন্দোলনকে দমন করার জন্য কেন্দ্র এবং রাজ্য বিভিন্ন আইন প্রণয়নের মধ্য দিয়ে শ্রমিক কর্মচারীদের

অর্জিত অধিকার কেড়ে নেওয়ার চেষ্টা করছে। অথচ ভারতীয় সংবিধানের যে মৌলিক অধিকার, তাতে যেটা বলা আছে - (a) to freedom of speech and expression; (b) to assemble peaceably and without arms; (c) to form associations or unions ইউনিয়নের যে জায়গাটা আছে, এই জায়গাটায় আজকে আক্রান্ত হচ্ছে সমস্ত দিক থেকে - নীতিগত দিক থেকে এবং প্রয়োগের দিক থেকে রাজ্যসরকারের দিক থেকে। আর.এল.ও ১৫১ নম্বর কনভেনশানে বলা আছে শ্রমিক কর্মচারীদের সংগঠন, আন্দোলন, সংগ্রাম করার অধিকার স্বীকৃত। ট্রেড ইউনিয়নের আইনে বলা আছে স্বাধীনভাবে নিজেদের পছন্দমতন ইউনিয়ন করতে পারে। অথচ আমরা যেটা দেখছি সেটা হচ্ছে এই যে স্বাধীনভাবে ইউনিয়ন করা দূরে থাকুক, ইউনিয়নের সদস্য - যারা সরকারের পক্ষে নেই, তাদের আমাদের দুর্গাপুর অঞ্চলে প্রায় ৪ হাজার শ্রমিককে উৎখাত করে দেওয়া হয়েছে কাজ থেকে কারণ তাঁরা সরকারের যে আদর্শ, যে নীতি - সেটা তাঁরা মেনে চলছেন না। তাঁরা চলছেন ভিন্ন আদর্শ নিয়ে, ভিন্ন চিন্তা-ভাবনা নিয়ে। কাজেই এই অপরাধে তাঁদের যে জীবিকা, সেই জীবিকার উপর আক্রমণ ইতিমধ্যে শুরু হয়ে গেছে। আমার যেটা বলার - ধরুন আজকে সেইলের যে বিষয়টা আছে এস.সি বাটনের বিষয়টা- এটা আমাদের মুখ্যমন্ত্রী - তাঁর যদি হস্তক্ষেপ থাকত, তাহলে এই বিষয়টা মাত্র ১১শত কোটি টাকা বিনিয়োগের মধ্য দিয়ে সেইলের যে এস.সি কারখানা আছে - রাষ্ট্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রায় ৫০০-র বেশি নানা ধরনের স্পেশাল স্টীল সেখান থেকে তৈরী হয় এবং এই স্পেশাল স্টিল প্রতিরক্ষার ক্ষেত্রে বলুন, গবেষণার ক্ষেত্রে বলুন, অটো সেক্টেরের ক্ষেত্রে বলুন, কেমিকেলের ক্ষেত্রে বলুন, ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে বলুন—এই সমস্ত ক্ষেত্রে দেশের একটা গুরুত্বপূর্ণ জায়গায় এবং গুরত্বপূর্ণ উৎপাদনের ক্ষেত্রস্থল। কাজেই এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে যদি আমরা এই কারখানাটিকে বাঁচাতে না পারি তাহলে আগামিদিনে যেটা হবে সেটা হচ্ছে। দুর্গাপুর ইস্পাত কারখানাও বন্ধের মুখে চলে যাবে। কাজেই স্যার আমরা যেটা বলার যে কেন্দ্রীয় সরকারের কাছে হস্তক্ষেপ করার দরকার আছে এবং রাজ্যের যে কাজগুলো আছে সেই কাজগুলোও করার প্রয়োজন রয়েছে। বিশেষকরে রাষ্ট্রায়ত্ত সংস্থার ক্ষেত্রে, বিশেষকরে প্রাইভেট সংস্থার ক্ষেত্রে যদি আজকে কর্মসংস্থানের অভিমুখটা নিয়ে চলতে হয় তাহলে প্রাইভেট সেক্টর বা রাষ্ট্রায়ত্ত সংস্থা - বিভিন্ন যেসমস্ত ইন্ডাস্ট্রীগুলো রয়েছে,সমস্ত ইন্ডাস্ট্রীগুলো আজকে ধুঁকছে। কাজেই সেই জায়গায় দাঁড়িয়ে আমার যেটা প্রস্তাব সেটা হচ্ছে এই যে প্রতিবেদন,এই প্রতিবেদনকে আমি সমর্থন করতে পারছি না এবং আমার প্রস্তাব মাননীয়া মুখ্যমন্ত্রী যদি বিভিন্ন ক্ষেত্রে হস্তক্ষেপ করেন - যে হস্তক্ষেপ তিনি আমাদের উপরে করছেন, সেই হস্তক্ষেপ না করে যদি কেন্দ্রের বিরুদ্ধে যদি হস্তক্ষেপ করেন, কেন্দ্রের কাছে যদি হস্তক্ষেপ করেন, তাহলে শুধু দুর্গাপুরের অর্থনীতি নয়, রাজ্যের অর্থনীতিও গতিশীল হবে এবং সেইক্ষেত্রে রাজ্য উপকৃত হবে। এই বলে ধন্যবাদ জানিয়ে আমি আমার কথা শেষ করছি।

শ্রীমতী মহুয়া মৈত্র : মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আজকে আমি আপনার মাধ্যমে বলতে চাই আমি এতক্ষণ চুপ করে বসে শুনছিলাম। আমার পূর্ববর্তী বক্তা সি.পি.এম. এর সন্তোষ বাবু বললেন। তাঁর কথা শুনে, মাঝে মাঝে ভাবি কোথায় বসে আছি, কোথায় শুনছি, কার কথা শুনছি! এ তো দেখছি বাঘ এসে আমাদের নিমন্ত্রণ করছে এসো ভাত খেয়ে যাও, সেই অবস্থায় দাঁড়িয়ে আছে। আমি আপনাদের একটা জিনিস বলতে চাই। তিনি এখানে দাঁড়িয়ে সবাইকে মনে করিয়ে দিলেন যে শ্রমিকদের এবং ট্রেড ইউনিয়ানিজম - (নয়েজ) শেষ করতে দিন। প্লিজ একটু সিভিলিটি মেইনটেইন করুন। আমি চেঁচাইনা আপনারা যখন কথা বলেন। একটু ভদ্রতা মেইনটেইন করুন, এই আবেদন আপনাদের কাছে রাখছি। আপনি প্রথমে বললেন যে শ্রমিকদের ট্রেড ইউনিয়ানিজম, আপনার খুব দুঃখ হচ্ছে পশ্চিমবাংলায় ট্রেড ইউনিয়ানিজম আমরা না কি হিট করছি, ধ্বংস করার চেষ্টা করছি। ৩৪ বছর কমিউনিস্ট রুল পশ্চিমবাংলায়

বাঙালিদের রক্তকে দূষিত করেছিল এই হিংস্র ট্রেড ইউনিয়ানিজম নিয়ে। সারা ভারতবর্ষের মানুষ পশ্চিমবাংলার কথা ভাবলেই ভাবত হিংস্র ট্রেড ইউনিয়ানিজম এর জন্য ওখানে কোনো কল-কারখানা করা যায় না, ওখানে কোনো ওয়ার্ক কালচার নেই, ওখানে স্ট্রাইক হয়, আমরা কাজ করতে পারি না। ভারতবর্ষের যত শিল্পপতি, যত ইনস্টিটিউশন আছে, তাদের মনে যা ইমপ্রেশান আছে এটা দূর করতে আমি বলব গত ৬ বছরের মধ্যে ৫ বছর লেগে গিয়েছে যে না এই হিংস্র রাজনীতি আর হচ্ছে না পশ্চিমবঙ্গে, এখানে ম্যানডেজ নষ্ট হচ্ছে না। আমরা স্ট্রাইককে সমর্থন করি না। আপনারা বলছেন রাইটস। আপনারা শুধু অধিকারই শিখিয়ে গিয়েছেন মানুষকে। মানুষকে রেসপনসিবিলিটি, তাদের দায়বদ্ধতা শেখাননি। আমাদের দেশের কনস্টিটিউশন, আমাদের সংবিধান রাইটস দিয়েছে, অবশ্যই অধিকার দিয়েছে। মৌলিক অধিকার যেরকম দিয়েছে, সেরকম শ্রমিকদের ট্রেডইউনিয়ানকে আমাদের কিন্তু রেসপনসিবিলিটি, দায়বদ্ধতাও দিয়েছে। সেইখানে দাঁড়িয়ে প্রথম কাজ যেটা এই পশ্চিমবাংলার সরকার, মমতা ব্যানার্জীর সরকার করেছে সেটা হচ্ছে ভারতবর্ষের মানুষের মনে পশ্চিমবঙ্গের সম্বন্ধে যে ইমপ্রেশানটা ছিল এখানে শুধু হিংস্র রাজনীতি, পুড়িয়ে দেওয়ার, জ্বালিয়ে দেওয়ার রাজনীতি এবং লাল লাল ফ্ল্যাগ টাঙ্গিয়ে কল-কারখানা বন্ধ করার রাজনীতি বন্ধ হয়েছে। এটাই আমাদের প্রথম কর্তব্য। সেকেন্ড যেটা আমি বলছি আপনি আর একটা জিনিস বললেন, আপনি বললেন যে ইন্ডাস্ট্রিয়াল আউটপুট, আপনার কাছে যে তথ্য আছে গত পাঁচ, সাত বছরের, সেটা না কি অবনতির দিকে যাচ্ছে। আপনার তথ্যের সোর্সটা কি সেটা আপনি প্লেস করেননি। আমি আপনাকে রিকোয়েস্ট করব যদি আপনি সেটা প্লেস করেন কারণ ১৯৮১ সালে, আপনারা যখন ক্ষমতায় এসেছিলেন ঠিক তার চার বছর পর পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে ইন্ডাস্ট্রিয়াল আউটপুট, মানে শিল্পের সামগ্রিক আউটপুট ৯.৮ পার্সেন্ট কন্ট্রিবিউশান ছিল। ২০০১ সালে, মানে আপনারা ক্ষমতায় থাকার ২০ বছর পরে সেটা নেমে গিয়ে ৫.১ পার্সেন্টে এসে দাঁড়িয়েছিল। যারা ২০ বছরে অর্ধেক ইন্ডাস্ট্রিয়াল আউটপুট তুলে দিয়েছে তাদের মুখে এইসব কথা শোভা পায়না। আমি আপনাদের বলছি ২০১৪-১৫ সালে গ্রস ভ্যালু অ্যাডেড সারা ভারতবর্ষে ছিল ৭.৫ পার্সেন্ট, সেখানে পশ্চিমবাংলা ছিল ১০.৫ শতাংশ। এ বছর ডিমনিটাইজেশান, নোট বাতিলের পরে আমাদের যা এস্টিমেট এসেছে সেটাতে বোধহয় সারা ভারতবর্ষের ইন্ডাস্ট্রিয়াল আউটপুট, জি.ডি.পি হবে ৭ পার্সেন্ট। সেখানেও আমাদের ১১ শতাংশ হওয়ার কথা। (নয়েজ) প্লিজ শুনে নিন তারপরে উত্তর দিন। মাইকটা আমার হাতে। গণতন্ত্রে এটাকে তো রেসপেক্ট করুন যে যাকে বলবার জন্য মাইকটা দেওয়া হয়েছে তাকে বলতে দিতে হয়। প্লিজ এটা একটু মেনে চলুন। এটা অ্যাসেম্বলি, স্ট্রিট কর্নার নয়। আর একটা যেটা আমি বলছি ইন্ডাস্ট্রিতে সারা ভারতবর্ষে যেখানে বৃদ্ধির হার ছিল ৫.৬ পার্সেন্ট, সেখানে আমাদের বৃদ্ধির হার ছিল ৮.৩ পার্সেন্ট। এটা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার তথ্য। এটা আমরা বানিয়ে বলিনি। আমি প্রথমে আপনাদের বলছি তথ্যগুলো একটু হোম ওয়ার্ক করে আসুন। বুকিং ইনস্টিটিউশান, পৃথিবীর একটা অন্যতম অর্থনৈতিক সংস্থা বুকিং ইনস্টিটিউশান। তারা কি বলেছে? তারা বলেছে সারা ভারতবর্ষের সব শহরের মধ্যে কলকাতা কিন্তু দ্বিতীয় স্থানে আছে। জি.ডি.পি, পার ক্যাপিটা গ্রো তে। শুধু চেন্নাই আমাদের থেকে এগিয়ে আছে, ৫.২। আমরা কিন্তু চেন্নাই-এর পরে দ্বিতীয় স্থানে আছি।

[2:20 – 2:30 p.m.]

কর্মসংস্থানে সব মেট্রো সিটির মধ্যে দিল্লী প্রথমে আছে, ৩.৩%। কর্মসংস্থান তৈরী করাতেও কিন্তু কলকাতা দ্বিতীয় স্থানে আছে, আড়াই শতাংশে। আর একটা জিনিসে আসছি। আপনারা প্রত্যেকবারেই বলে যাচ্ছেন, আমাদের বড় শিল্প হবে কি করে, উদ্যোগ হবে কি করে, আপনাদের

ল্যান্ড নীতি, ইন্ডাস্ট্রিয়াল পলিসি যেটা আছে সেটাই নাকি ভুল। আমি একটা কথা বলতে চাইছি আপনাদের, কিসের ভুল ? একটা জন-নির্ভর সরকার যখন বলছে, তিন ফসলি জমিকে, মানুষের যে জীবিকা তাকে উজাড় করে শিল্প করব না, তাহলে কি আমরা শিল্পকে সমর্থন করছি না ? এটা কি হতে পারে ? আমাদের যে ল্যান্ড পলিসি, সেখানে আমাদের সরকার বলে দিয়েছে, যে এলাকায় তিন ফসলি জমি নেই, ইন্ডাস্ট্রিয়াল পার্ক আছে, আমন্ত্রণ দিচ্ছি, সেখানে এসে শিল্প করুন। কোথায় ভুল হচ্ছে ? আপনারা কি চান তিন ফসলি জমি থেকে কৃষককে উজাড় করে সেখানে কারখানা করি ? এতে কি কোন স্টেটের উন্নতি হবে ? আপনারা বারবার বলছেন আমরা নাকি ইন্ডাস্ট্রি চাই না। আর এই যে বিশ্ববাংলা সামিট, বি.জি.বি.এস. হয়েছিল, বাণিজ্যিক সম্মেলন, প্রত্যেকবার স্পীকার বলেন, আপনারা হাসাহাসি করেন, আমি তথ্য দিয়ে দেখিয়ে দিচ্ছি। আমাদের ৩ টে সামিট হয়েছে, তাতে অ্যাভারেজ ইনভেস্টমেন্ট পেয়েছি আড়াই লক্ষ কোটি টাকা। কোন বছরে ২ লক্ষ ৪০ হাজার কোটি, কোন বছরে ২ লক্ষ ৩০ হাজার কোটি, কোন বছরে আড়াই লক্ষ কোটি টাকা। গড়টা আমি ধরছি ২লক্ষ ৪০ হাজার কোটি টাকা। আপনারা বারবার জিজ্ঞেস করছেন, কত বাস্তবায়িত হয়েছে ? গড়ে ৪০% বাস্তবায়িত হয়েছে। অন্যান্য স্টেটের সঙ্গে পার্থক্যটা দেখুন। অন্ধ্রপ্রদেশে দুটো সামিট হয়েছিল ২০১৬ এবং ২০১৭ তে, তাতে মোট ১০ থেকে ১৫% বাস্তবায়িত হয়েছে। মধ্যপ্রদেশ, ২০১২, ২০১৪, ২০১৬, ৩ টে সামিট হয়েছিল, তাতে বাস্তবায়িত হয়েছে ৩৫%। রাজস্থান - ২০১০, ২০১২, ২০১৬, তিনটে সামিট হয়েছে, মোট ২০% প্রজেকট বাস্তবায়িত হয়েছে। এজন্য এই বছর তারা সামিট করতেই পারেনি। কর্ণাটক - তিনটে সামিট হয়েছে, গড়ে ৯% বাস্তবায়িত করতে পেরেছে। সেখানে আমাদের ইনভেস্টমেন্ট প্রস্তাব এসেছে। গড়ে আড়াই লক্ষ কোটি টাকা প্রত্যেকটা সামিটে, তার মধ্যে ৪০% আমরা বাস্তবায়িত করতে পেরেছি। মানে ১ লক্ষ কোটি টাকার সামান্য নীচে আমরা বাস্তবায়িত করতে পেরেছি। আমি তো মনে করি এতে আমাদের গর্ব বোধ করা উচিত। এতে তো আমাদের কোন লজ্জা নেই। আপনারা বাঙালি হয়ে অপোজিশানেই বসুন বা ট্রেজারি বেঞ্চেই বসুন, এতে আপনাদের গর্বিত হওয়া উচিত। মন্ত্রীর স্পিচে দেখুন। আপনারা বলছেন আমাদের পুরনো ৫ টা ইন্ডাস্ট্রিয়াল পার্ক ছিল, নতুন ৫ টি হয়েছে। দুটো ইন্ডাস্ট্রিয়াল পার্ক—গোয়ালতোড়ে ৯৫০ একরের, এবং রঘুনাথপুর পুরুলিয়াতে ২৬০০ একরের ইন্ডাস্ট্রিয়াল পার্ক শুরু হয়েছে। গত বছর ছিল জেমস অ্যান্ড জুয়েলারি। সেখানে ইন্ডাস্ট্রিয়াল পার্কের পরিকাঠামো তৈরী হয়ে গেছে। ৩১ টা বুকিং এসেছে অ্যাডভান্সড অ্যালোটমেন্ট। আপনি যদি কোন মেলাতে স্টল দেন, তার অ্যাডভান্স অ্যালোটমেন্ট কতটা হয়, সেটা দেখে আপনারা বোঝেন সাকসেস রেট টা কত। এখানে ১১৫ কোটি টাকার অ্যাডভান্স অ্যালোটমেন্ট এসে গেছে। নতুন ইন্ডাস্ট্রি কি এসেছে আমাদের ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্সে ? পানাগড়ে ইমামি সিমেন্ট ৭০০ কোটি টাকা, ম্যাট্রিক্স ৬০০০ কোটি, গ্লোবাস স্পিরিট, এক্সাইড, হলদিয়া পেট্রোকেমিক্যালস, প্রত্যেকটা কাজ করছে। বলবেন না যে কিছু হচ্ছে না। তথ্যটা দেখুন। সিটি গ্যাসের উদ্যোগ নেওয়া হয়েছে। গ্যাস অথোরিটি অফ ইন্ডিয়ার সাথে একটা যৌথ উদ্যোগ নেওয়া হচ্ছে, সেখানে ২৪ শতাংশ লভ্যাংশ আমাদের থাকবে, আর ৭৪ শতাংশ থাকবে গেইল এর কাছে। ৪০০০ কোটি টাকার প্রজেকট। এটার মাধ্যমে কি করা হবে ? পাইপ ন্যাচারাল গ্যাস আর সি.এন.জি. দুটোই, কলকাতা এবং ৫ টা পার্শ্ববর্তী জেলা উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলী, নদীয়াতে দেওয়া হবে। শহরের মানুষ পাইপ লাইন গ্যাস পাবে এবং LPG এর উপর অত নির্ভরশীল হতে হবে না। আর একটা জিনিস, ইজ অফ ডুয়িং বিজনেস। ব্যাবসা করার সুবিধাটা কি ? আজকে যদি আপনি শিল্পপতি হন এবং পশ্চিমবঙ্গে একটি নতুন শিল্প, নতুন উদ্যোগ যদি করতে চান তাহলে আপনাকে আর বারবার ঘুরে ক্লিয়ারেন্স করতে হবে না। একটা ওয়ান সিঙ্গল উইনডো ক্লিয়ারেন্স আছে, যেখানে ১৬ টা

ক্লিয়ারেন্স আপনি পান। ওয়াটার সাপ্লাই ক্লিয়ারেন্স, আগুনের ক্লিয়ারেন্স, ল্যান্ডের মিউটেশান, সব একটা উইনডো থেকে করতে পারবেন। সুতরাং আমাদের এখানে লার্জ ইন্ডাস্ট্রি, বৃহৎ উদ্যোগ যেটা আছে। সেটা অগ্রগতির দিকে যে চলছে, অবনতির দিকে চলছে না, এই বাস্তবটা অস্বীকার করার কোনো জায়গা নেই। সেইজন্য আশা করছি, আগামী দিনে আপনারা একটু হোমওয়ার্ক করে আসবেন, বাস্তবকে অস্বীকার করবেন না। থ্যাংক হউ।

শ্রী অশোক ভট্টাচার্য্য : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্যার, আমি ভাল করে বাজেটটা পড়েছি। গত আর্থিক বছরে আপনার রাজ্য বাজেট পড়েছিলাম। পড়ার পরে বলেছিলাম এটা একটা আনপ্রোডাকটিভ বাজেট। এ বাবদ বলছি, এক, আপনি অংক মেলাতে পারেন নি। ডিমনিটাইজেশনের প্রভাবটা কতটা সেটা বোঝাতে পারেন নি। ঋণের বোঝা বোঝাতে গিয়ে দেখিয়েছেন যে বামফ্রন্ট সরকারের সময় থেকেও আপনাদের সময়ে ঋণের বোঝা অনেক বেশি বেড়েছে। এই অংকটা আমরা ধরে ফেলেছি। তিন নম্বর যেটা হচ্ছে, যে, আপনি অনেকবার অনেকভাবে বোঝাবার চেষ্টা করেছিলেন যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আপনি কোন আর্থিক সাহায্য পান নি। কিন্তু আপনার অংকে বেরিয়ে গেছে যে আপনি অনেক বেশি আর্থিক সাহায্য পেয়েছেন। আমি এই বাজেটটার মধ্যে দুটো জিনিস ভাল করে লক্ষ্য করলাম। কথাটা হচ্ছে স্যার, আপনি হঠাৎ করে এই ঝুঁকিটা কেন নিলেন, সাধারণভাবে আপনাদের কেউ এই ঝুঁকিটা নেয় না। এই বাজেটের প্রথম পাতাতে সবাই যখন লিখছেন মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায়, তখন আপনি কেন হঠাৎ করে মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণা না লিখে, দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্বাধীন কথাটা কেন বললেন? একটা নতুন কথা আমি দেখলাম। এটা কেন করলেন আপনি ? আর একটা কথা হচেছ, এই যে এত ইন্ডাস্ট্রীর কথা আপনি বলেছেন। দেখুন, ফ্যাকটস অ্যান্ড ফিগারে আমি আসছি। আমি জানতাম না আমাকে বলতে হবে না হলে সব কাগজপত্র আমি নিয়ে আসতাম। একটা বড় ইন্ডাস্ট্রী হয়েছে সাড়ে পাঁচ বছরে? কোনটা জানেন? এইটা লিখলে আপনার কিন্তু অনেক সুনাম হত। 'ফ্লেকস' ইন্ডাস্ট্রি। এই ফ্লেকস ইন্ডাস্ট্রিটা প্রচুর হয়েছে। মুখ্যমন্ত্রীর ছবি আর চারিদিকে শুধু ফ্লেকস। পৃথিবীতে এত দ্রুত এই ইন্ডাস্ট্রিটা বাড়ে নি। এটা আপনাদের কল্যাণে বেড়েছে। এটা আপনি লিখতে পারতেন কিন্তু আপনি লেখেন নি। কতগুলো কাজ আপনারা ভাল করেন স্যার। ওঁরা স্যার একটা ভাল কাজ করেন। আমরা এটা পারতাম না। এটা কি ? এটা হচ্ছে খুব সুন্দর সুন্দর নাম দেন। শিল্পব্রতী, শিল্প অঙ্গন, তার পরে অনেক অনেক কি সব নাম আছে। অনেক ধরণের নাম দেন। শিল্পশ্রী কত কিছু নাম দেন। আর একটা কাজ ভাল করে করেন। এত ফ্লেকসের মধ্যে এত সুন্দর করে সাজিয়ে গুছিয়ে বিজ্ঞাপন করেন, আপনি যদি শিলিগুড়ি যান স্যার, আমি যখন ছিলাম তার এক হাজার গুণ বেশি কাজ হয়েছিল, কোন বিজ্ঞাপন চোখে পড়তো না। আর আপনি এখন সেখানে গেলে দেখতে পাবেন চারিদিকে শুধু বিজ্ঞাপন আর বিজ্ঞাপন। এই কাজটা খুব সাজিয়ে গুজিয়ে ওঁরা করতে পারেন। আমি এই কথাটা বলেছিলাম। ওঁদের উন্নয়ন হচ্ছে এটার মধ্যে কোন সাসটেনেবল ডেভলপমেন্ট নেই, এটাকে বলে প্রসাধনী উন্নয়ন। একেবারে প্রসাধনী যে উন্নয়ন সেই উন্নয়নের রিফ্লেকশনটা পশ্চিমবঙ্গের সর্বত্র পড়ছে, এখানেও তাই। ইন্ডাস্ট্রিয়ালাইজেশন। উনি বলছেন ইন্ডাস্ট্রিয়ালাইজেশন, এখনই একজন তৃণমূলের বিধায়িকা বললেন কিছু কথা। দেখন শিল্প হলে তার রিফ্লেকশনটা কোথায় হত। শিল্প হলে দুটো জায়গায় রিফ্লেকশন হত। একটা কর্মসংস্থানের ক্ষেত্রে রিফ্লেকশন হবে। কেউ যদি হঠাৎ করে খুব বেশি বড়লোক হয়ে যায় তাহলে তার রিফ্লেকশন হবে, সে একটি বড় বাড়ি বানাবে। না হলে দামি দামি গাড়ি কিনবে। শিল্প হলে দুটো জায়গায় রিফ্লেকশন হবে। এক, কর্মসংস্থানে। আর দুই হচ্ছে রাজ্যসরকারের অনেক রেভিনিউ বাড়বে যদি শিল্প হয়। দুটো

ক্ষেত্রেই সেই রিফ্লেকশনটা কিন্তু হয় নি। দেখিয়েছেন দু বছরে পরপর ৪লক্ষ ৯হাজার কোটি টাকা নাকি শিল্পে বিনিয়োগ প্রস্তাব এসেছে। শিল্পে বিনিয়োগ প্রস্তাব এসেছে। কার্যকরী কত হয়েছে? ২% কার্যকরী হয়েছে গত বছর ২০১৫সালে শিল্পে বিনিয়োগের যে প্রস্তাবটা বড়বড় করে, আপনারা কি বলেন একটা, বিশ্ব বাংলা কি একটা নাম দিয়ে বলেন বি জি বি এস। এটা নতুন কথা। যাই হোক, ওঁরা কি বলেছেন? যা শিল্পে প্রস্তাব এসেছিল তার মধ্যে কত পার্সেন্ট কার্যকরী হয়েছে? ২%। টাকার অংকে কত? সব মিলে৯০৫কোটি টাকা মাত্র। মাত্র ১৮টি শিল্প এখন পর্যন্ত এখানে হয়েছে।

[2:30 – 2:40 p.m.]

এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক করেছেন বড় বড় করে। এমপ্লয়মেন্টে তো রিফ্লেকশন হয়। এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে কি দেখা যাচ্ছে ? ১৮ লক্ষ নাম লিখিয়েছে, কিন্তু কাজ পেয়েছে কতজন ? ১০৫০জন মাত্র কাজ পেয়েছেন। প্রশ্নটা হচ্ছে, এই রকম ভাবে দেখবেন এখানে বলা হচ্ছে—উত্তরবঙ্গের শিল্প নিয়ে কিছু লেখেনি। আগে একবার শুনলাম উনি আবার ঘোষণা করে দিয়ে এলেন ১৫০০ কোটি টাকা ইনভেষ্টমেন্টের অনেক প্রস্তাব এসেছে। একটা চা-বাগান খুলেছে নাকি ? একের পর এক চা-বাগান বন্ধ হয়ে যাচ্ছে। কয়েকদিন আগে তরাই-এর হাঁসখোয়া চা-বাগান বন্ধ হয়ে গেলো। বন্ধ চা-বাগানগুলো খোলার কি চেষ্টা হয়েছে ? মৃত্যু মিছিল—৫০০ জন চা-বাগানের শ্রমিক না খেয়ে সেখানে মারা গেছে। কোনো ব্যবস্থা হয়েছে নাকি ? কোনো একটা শিল্প নতুন করে বলুক—কোচবিহারের চকচকাতে কোনো একটা নতুন ইন্ডাষ্ট্রি এসেছে নাকি? ঐ ফাটা পুকুরে আমরা যে গ্রোথ সেন্টার করেছিলাম – ৬ বছরে একটাও নতুন শিল্প এসেছে? ফুলবাড়ি গ্রোথ সেন্টারে একটাও কোনো নতুন শিল্প এসেছে? আপনারা দেখে আসুন, কোনো শিল্প কোথাও নেই। ফুড পার্ক করা হয়েছিল বামফ্রন্টের সময়তেই। এটা হয়ে আছে। ই-পার্ক হয়নি। ফুলবাড়িতে ট্রেডরুট চালু হয়নি। সবই প্রায় ইনকমপ্লিট হয়ে পড়ে আছে। পাইনাপেল ডেভেলপমেন্ট সেন্টার আজও সেখানে চালু হয়নি। আই.টি. পার্ক করার জন্য জমি নিয়েছিল, একটি বড় সংস্থা ইনভেষ্টমেন্ট করতে রাজি হয়েছিল। টাকা নিয়ে চলে গেলো। ৫ বছরে নতুন কেউ আসেনি। ভিডিওকনকে টাকা ফেরৎ দিয়ে দেওয়া হ'ল। ভিডিওকনের জায়গায় কোনো ইন্ডাষ্ট্রি কিন্তু উত্তরবঙ্গে আর এলোনা। কোয়ান্টাম বলে ১০তলা বাড়ি হয়ে আছে, আই.টি. ইন্ডাষ্ট্রি হবে, দু'বছর পড়ে আছে, একটাও ইন্ডাষ্ট্রি কিন্তু সেখানে আসেনি। তাহলে প্রশ্নটা যেটা দাঁড়াচ্ছে, এই যে ইন্ডাস্ট্রির কথাগুলো বলছেন, বন্ধ কল-কারখানা খুলছে না, ছোট-বড় ইন্ডাস্ট্রিগুলো একেবারে—এমপ্লয়মেন্ট হচ্ছে না, বিনিয়োগটা কোথায়? বামফ্রন্টের শেষ বছরেও ১৫ হাজার কোটি টাকা বিনিয়োগ হয়েছিল। ভারত সরকারের এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিমে কত লোকের এমপ্লয়মেন্ট হয়েছিল? বামফ্রন্টের আমলে ৬৯ হাজার হয়েছিল। এখন কত হয় ? হিসাবটা বের করুন, দেখান হিসাবটা। বিদ্যুৎ - আরেকটা রিফ্লেকশন ইন্ডাষ্ট্রিয়ালাইজেশনে। বামফ্রন্ট সরকারের সময় বিদ্যুতের ডিমান্ডটা প্রতি বছর ৮% করে বাড়তো, আজকে ২% করে কমছে। দ্যাট প্রুফ যে ইন্ডাষ্ট্রিয়ালাইজেশনের ক্ষেত্রে এটা কৈশোরের দিকে যাচ্ছে। এর জন্য দায়ীটা কে ? এর জন্য দায়ীটা হচ্ছে শিল্পের ক্ষেত্রে এই সরকারের নীতি বা এই সরকারের দৃষ্টিভঙ্গি যা বলে কিছু নেই। এই সরকারের মূল কথা হচ্ছে - এখানে অনেকে বলার সময় বলেছেন, গালাগালি দিচ্ছেন কিন্তু শ্রমিক আন্দোলনকে, ট্রেড ইউনিয়ন আন্দোলনকে। একটা প্রমাণ দেখাতে পারবেন নাকি ? কটা চা-বাগান বন্ধ হয়েছে ট্রেড ইউনিয়ন আন্দোলনের জন্য ? কটা জুট কল বন্ধ হয়েছে ট্রেড ইউনিয়ন আন্দোলনের জন্য? হয়নি। চা-বাগান সংগঠিত শিল্প, সেগুলো বন্ধ হচ্ছে বা অসংগঠিত ক্ষেত্রে যা বন্ধ হচ্ছে। ট্রেড ইউনিয়নের জন্য বন্ধ হচ্ছে না। আপনাদের ভুল পলিসির জন্য, ভুল নীতির জন্য, ভুল দৃষ্টিভঙ্গির

জন্য আজকে এগুলো বন্ধ হচ্ছে। আজকে এগুলো বলা হচ্ছে। হঠাৎ করে শিল্প বন্ধু—মুখ্যমন্ত্রী কত শিল্প বন্ধু দেখাতে চাইছেন ***। কে শিল্প তাড়িয়েছে ? কারা শিল্প তাড়িয়েছে ?

মিঃ ডেপুটি স্পীকার : '***'- কথাটা বাদ যাবে।

কারা শিল্প আনতে বাধা দিয়েছে ? শিল্প সম্মেলন হয় বলে আলিপুরে একটি হোটেলে কারা কার উপস্থিতিতে ঐ সময় ইট-পাটকেল মেরেছিল ? জানে লোকে, প্রত্যেকটা ক্ষেত্রে জানে। সুতরাং আর যাই হোক, শিল্পের কথা বলতে আসবেন না। তবে ঐগুলো ভালো করেছেন আপনারা। ঐ ডেলোতে বসে চিটফান্ডকে নিয়ে এসেছিলেন। ইন্ডাষ্টির ক্ষেত্রে আরেকটা রিফ্লেকশন হয়। ইন্ডাষ্টির ক্ষেত্রে বারে বারে বলা হয় দেখবেন, এই যে গ্রোথ - কত পার্সেন্ট গ্রোথ। আমি আপনাদের দেখিয়ে দেবো ভারত সরকারের ক্ষেত্রে, গ্রোথ বেশি হলেই কখনো এমপ্লয়মেন্ট হতে পারেনা। গ্রোথের সাথে আমাদের দেশের যে গ্রোথ – যেটাকে জব লেস গ্রোথ বলে। এখানে এমপ্লয়মেন্ট জেনারেশন হয়না। সুতরাং এই জন্যই এই বাজেটে যা দেওয়া হয়েছে, এর মধ্যে আন্-প্রোডাক্টিভ এবং এর মধ্যে কোনো পিছিয়ে পড়া এলাকার — উত্তরবঙ্গের শিল্পায়ন, বন্ধ কারখানা খোলা এবং এই যে বিভিন্ন বিষয়গুলো আছে, এমপ্লয়মেন্ট জেনারেশন, তাদের যে সাবসিডি, যে স্কিম — আমি বহু জায়গায় স্ট্যান্ডিং কমিটির পক্ষ থেকে গেছি। প্রত্যেকটা জায়গায় একই কথা বলেছে।

এই যে বড় বড় করে সিন্ডিকেট রাজ, তোলা বাজ এবং রাস্তা নেই, মাল ঢোকাবার রাস্তা নেই, মাল বের করার রাস্তা নেই, ডেডিকেটেড রোড নেই, এই যে অভাবের কথাগুলো বলছে কেউ কখনও এতটুকু এই দিকে নজর দেন নি। সেইজন্যই আমি এটাই বলতে চাইছি এখানে মাননীয় শিল্পমন্ত্রী তিনি একদিকে শিল্প, আর এক দিকে অর্থ থাকা সত্ত্বেও এখানে পশ্চিমবঙ্গের শিল্পের কোন বিকাশ হয় নি। শিল্পের বিকাশে শুধু একটাই এখানে হচ্ছে, শুধুমাত্র আমি যা বলেছি ফ্লেক্সের ইন্ডিস্ট্রি হচ্ছে, ছবি লাগানো হচ্ছে, প্রচার করা হচ্ছে, বিজ্ঞাপন করা হচ্ছে, কাজের কাজ কোন কিছু হচ্ছে না। সেইজন্যই আমি এই বাজেটের বিরোধিতা করছি। ধন্যবাদ।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ডঃ অমিত মিত্র ভারপ্রাপ্ত মন্ত্রী বৃহৎ শিল্প এবং উদ্যোগ বিভাগের যে বাজেট অধিবেশন দাবী নং ৭৫ একে সমর্থন করে এবং সমস্ত কাটমোশানের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। আমার আগেই প্রাক্তন মন্ত্রী অশোক ভট্টাচার্য বক্তৃতা দিচ্ছিলেন, তাঁর কথা শুনে মনে হচ্ছে অশোকবাবুর বলার কিছু ছিল না বলেই অশোকবাবু ঢুকে পড়েছিলেন অন্য জায়গায়। অশোকবাবুর রাগ হয়েছে ফ্লেক্সের প্রচার দেখে, কারণ অশোকবাবুর অভ্যাস ছিল গণশক্তির পাতায়। গণশক্তি বন্ধ হয়ে ফ্লেক্সে চলে গেল গণশক্তির মাধ্যমে ওঁদের পকেটে টাকাটা আসছে না, এটাতে অশোকবাবুর বোধহয় মনে খুব কষ্ট হয়েছে। অশোকবাবু সেই কথাটা তুলে ধরেছেন। অশোকবাবু বলতে গিয়ে বলছিলেন মাননীয় শিল্পমন্ত্রী সম্বন্ধে, আমাদের শিল্প সম্বন্ধে। অশোকবাবু, ভারতবর্ষের ইতিহাসে একটা ইতিহাস ঘটেছিল আপনাদের আমলে। ভারতবর্ষের একমাত্র শিল্পমন্ত্রী আত্মহত্যা করেছিলেন গায়ে আগুন জ্বালিয়ে, আপনাদের দলের নেতা, আপনাদের সরকারের মন্ত্রী, আমাদের জেলার সিআইএমের নেতা ছিলেন। তিনি মারা গিয়েছিলেন, আত্মহত্যা করেছিলেন, আমি জানি না উপাধ্যক্ষ সাহেব নামটা বলা ঠিক হবে কি না। নাম ছিল বিদ্যুৎ গাঙ্গুলী। তিনি আত্মহত্যা করেছিলেন, আমি জানি না কোন কারণে আত্মহত্যা করেছিলেন। অনেকে বলেন নিজে যে কোম্পানীতে চাকরী করতেন

*** উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল

সেই কোম্পানীটা বন্ধ হয়ে যাবার পরে শিল্পমন্ত্রী নিজের চাকরী করা কোম্পানীটাই খুলতে পারেন নি বলেই হয়তো মনের দুঃখে, বেদনায় পৃথিবী ছেড়ে, আপনাদের ছেড়ে চলে গিয়ে ছিলেন। আপনারা শিল্পের কথা বলছেন ? আপনারা শিল্পের কথা বলছেন? আপনারা এত রাগলে চলবে কি করে, একটু শুনুন। ঘটনাটাতো মিথ্যে নয়, আত্মহত্যাতো করেছিলেন ভাটপাড়ার বিধায়ক। অশোকবাবু আপনি বলতে গিয়ে অনেক কথা বলছেন, কোথাকার মিটিং-এর কথা তুললেন। জন্মদাতা পিতারা অন্যের সন্তানের বিরুদ্ধে বলছে, যারা চিটফান্ডর জন্ম দিলো সঞ্চয়িনী থেকে একটার পর একটা চিটফান্ডের, জন্ম দিয়ে বাংলাকে কালিমালিপ্ত করলো, তাদের মুখে চিটফান্ডের কথা শুনি। আপনার কথা ধার নিয়ে বলি অশোকবাবু এ কি কথা শুনি আজি মন্থরার মুখে। যাই হোক আসল জায়গায় আসি, মাননীয় শিল্পমন্ত্রী তিনি নিশ্চয়ই প্রশ্নের উত্তর দেবেন, কিন্তু আমার মনে হয় শিল্প, কারখানা তৈরী হওয়া, শিল্প আসা, না আসাটা নির্ভর করে সেখানকার পরিবেশ, সেই জায়গার শিল্প দপ্তরের অফিসারদের কার্যকলাপ, তাদের নিয়মনীতির উপরে। মাননীয় শিল্পমন্ত্রী যেটা শুরু করেছেন এই সরকার আসার পর থেকে মাননীয়া মুখ্যমন্ত্রী—এটাতেও আবার কথা হচ্ছে যে মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণা নেই, সেটাতে আবার অশোকবাবুর রাগ হয়েছিল।

[2:40 – 2:50 p.m.]

বলার কিছু ছিলনা বলে খুঁজে নিচ্ছিলেন সব কিছুই। যাইহোক মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর ঐকান্তিক ইচ্ছায় শিল্প বিভাগকে আরো সুন্দর করার জন্য সমস্ত জায়গায় তিনি, দুটো বিভাগকে রাজ্যের আগের সরকারি উদ্যোগ এবং শিল্প পুর্নগঠন বিভাগকে বর্তমানে শিল্প ও বাণিজ্য বিভাগের সঙ্গে সংযুক্ত করে একটা নতুন বিভাগ তৈরী করলেন যাতে কাজের সুবিধা হয়, যাতে মানুষকে বেশি জায়গায় ঘুরতে না হয়। আজকে শিল্প করতে আরম্ভ করলে একটা লোককে ৩৬টা জানালায় না ঘুরে যাতে একটা জায়গায় কাজ করতে পারে, সফ্টওয়্যার ব্যবহার করে এক জানালা নীতিকে কাজে লাগিয়ে যাতে শিল্পের অনুমতি পাওয়া যায়, শিল্প সম্বন্ধে কাজ করা যায় সেই বিভাগ তৈরী করে শিল্পের পরিবেশ তৈরী করার দিকে অনেকখানি এগিয়ে গেলেন বাংলার বর্তমানের শিল্পমন্ত্রী ডঃ অমিত মিত্র। শুধু শিল্প নয়, শুধু শিল্পের অনুমতি পাওয়া নয় শিল্প তৈরী করতে গেলে সেই সম্বন্ধে জ্ঞান বৃদ্ধি, সেই সম্বন্ধে কাজ করার জন্য গ্রোথ সেন্টার তৈরী করলেন। তিনি। আমাদের দেশের সাথে বাইরের দেশের যোগাযোগ ব্যবস্থা ভালো করে যাতে আরো বেশি সংখ্যক মানুষ আমাদের কাছে এসে সুযোগ সুবিধা পান, এখানে শিল্পের বিনিয়োগ করার জন্য তারা চেষ্টা করতে পারেন। সেই কাজগুলো করে দিয়ে মাননীয় শিল্পমন্ত্রী পশ্চিম বাংলায় শিল্পের পরিবেশকে এমন একটা জায়গায় নিয়ে গেলেন যাতে জোর গলায় আমরা বলতে পারি আজকে পশ্চিম বাংলা শিল্প আসার ক্ষেত্রে সবথেকে ভালো জায়গা। পশ্চিম বাংলা আজকে শিল্প আসার ক্ষেত্রে বিনিয়োগের সবথেকে পছন্দসই জায়গা হয়েছে। এটা আমরা বলতে পারি। বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিট—মহুয়া বলেছে। মহুয়া ভাগ করে দিয়ে বলেছে তাই আমি এই ব্যাপারে বেশি কথা বলছি না। কিন্তু এটা বলতে পারি ২০১৫ এবং '১৬ সালে আমরা দেখেছি ৪.৯ লক্ষ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছিল। আর ২০১৭ সালে ২৯টা দেশ আমাদের পশ্চিম বাংলায় এই শিল্প সামিটে কলকাতায় এসেছিল। যারা এখানে অনেকে মিলেই ২ লক্ষ ৩৫ হাজার কোটি টাকা বিনিয়োগের সদিচ্ছা প্রকাশ করেছেন। যখন বিশ্বের মানুষজন এখানে আসছেন শিল্পে বিনিয়োগ করার জন্য, যখন সারা বিশ্বের ব্যবসায়ীরা ভাবছেন যে পশ্চিম বাংলায় আজকে শিল্পে বিনিয়োগ করা যাবে তখন কয়েকজন মানুষকে নিয়ে নাটক করে কি দেখালেন অশোকবাবুর

দলের মানুষরা? আমরা জানিনা। কিন্তু তাঁদের নাটকে ভুলে না গিয়ে আজকে ২ লক্ষ ৩৫ হাজার কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব নিয়ে বাংলার শিল্পের জায়গাটা যে সুন্দর হয়েছে সেটা প্রমাণ করে দিয়ে গেলেন এই সমস্ত শিল্পপতিরা। আজকে একটার পর একটা জায়গায় শুধুমাত্র বৃহৎ শিল্প নয় আজকে মানুষের কাজের জায়গা, এমপ্লয়মেন্টের জায়গা বেশি করে করার জন্য ছোট-মাঝারি শিল্পকেও এখানে আরো বেশি করে সুযোগ দেওয়ার চেষ্টা করেছেন মাননীয় শিল্পমন্ত্রী। আমরা দেখেছি। অমৃতসর-কলকাতা যে করিডোর তৈরী হচ্ছে, সেই করিডোরকে কাজে লাগিয়ে আমাদের এখানকার শিল্পের পরিবেশকে ভালো করার জন্য মেদিনীপুরের গোয়ালতোড়ে আনুমানিক ৯৫০ একর জমির উপর যেমন শিল্প উদ্যান হচ্ছে ঠিক তেমনিভাবে পুরুলিয়া জেলায় আনুমানিক ২,৬৫০ একর জমিকে চিহ্নিত করা হয়েছে। যেখানে শিল্প উদ্যান তৈরী হবে। যে কাজটা পশ্চিম বাংলার শিল্প উন্নয়ন নিগম লিমিটেডের অধীনে চলছে। আমরা ভবিষ্যতের দিকে তাকিয়ে, ভবিষ্যতে বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা এই কাজ করার স্বপ্ন দেখছি। আজকে সেই কাজটা মাননীয় শিল্পমন্ত্রীর নেতৃত্বে বাংলার সরকার করতে চলেছে। সেই দিক দিয়ে আমরা গর্বিত। আগামী দিনে যাতে এখানে আরো বেশি করে শিল্পসহ কারখানা তৈরী হয় শুধুমাত্র কলকাতার কাছে নয় সারা বাংলা জুড়ে যাতে শিল্পের পরিবেশকে ছড়িয়ে দেওয়া যায় সেই চেষ্টা করা হচ্ছে। পুরুলিয়ার মতন পিছিয়ে পড়া একটা জেলাকে শিল্পোন্নত জেলা তৈরী করার স্বপ্ন দেখেছেন বাংলার মুখ্যমন্ত্রী, বাংলার শিল্পমন্ত্রী। এর জন্য তাঁদেরকে ধন্যবাদ জানাতে হয়। আমরা দেখেছি বজবজে প্রায় ৯.৫ একর জমির উপরে ২০০ কোটি টাকা ব্যয় করে ৭ লক্ষ ২০ হাজার স্কোয়ার ফিট এলাকার উপরে গারমেন্ট পার্ক তৈরী করা হয়েছে।

আজকে সেখানে জামাকাপড় তৈরি, জামাকাপড় বিক্রির ব্যবস্থা করা হচ্ছে। বারাসাতে পার্ক তৈরি করা হয়েছে বারাসাতে কাজ হচ্ছে। আজকে একটার পর একটা জায়গা জুড়ে আজকে চেষ্টা করা হচ্ছে যেন সব দিক দিয়ে আমরা এগোতে পারি। হাওড়ার অঙ্কুরহাটিতে জেমস এবং জুয়েলারী নির্মাণের কাজ শুরু হবে তার জন্য ৫৫ কোটি টাকা ব্যয়ে ৬ একর জমির ওপরে ২ লক্ষ ৭০ হাজার স্কয়ারফিট এলাকার জায়গা নির্মিত হয়েছে। যেখানে এই কাজ আর কিছু দিনের মধ্যেই শুরু হচ্ছে। আমরা সব দিক দিয়ে যাতে এগোতে পারি। সেই দিকে চেষ্টা করা হচ্ছে। আজকে শিল্পমন্ত্রী হাওড়ার জেলার সাঁকরাইলে food park তৈরি করছেন। ৩৪ একর জমির ওপরে এবং সেই food park-র মূল যে সংস্থা আসছে সেই মূল বিনিয়োগকারী বিখ্যাত সংস্থা ভারতবর্ষের খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের সেরা কোম্পানী আমূল সেখানে invest করবে বলে এগিয়ে আসছে। আজকে এগুলোতো আপনাদের এগিয়ে যাওয়ার ব্যাপার। এগুলো দেখতে পাচ্ছেন না। বিরোধী পক্ষরা। এগুলো চোখে আসে না ওদের। কারণ ফ্লেক্সে কি লেখা আছে মনের দুঃখে গণশক্তির পাতায় আর কিছু পাওয়া যাচ্ছে না বলে অশোকবাবুদের দুঃখ হয়। তাই যে আমুল এখানে invest করছে সেটা দেখার ইচ্ছে অশোকবাবুদের থাকে না। আর ওঁদের সঙ্গে সঙ্গে থাকতে থাকতে কংগ্রেসের মানুষজনেরও চোখে ন্যাবা পড়েছে। তাই উন্নতির দিকে তাঁরা তাকাতে পারছেন না। তাঁরা বুঝতে পারছেন না। আজকে ৫৫০ কোটি টাকা বিনিয়োগ করে বিদ্যাসাগর পার্কে CPF India Private Ltd. এবং পানাগড় industrial park-এ ৭০০ কোটি টাকা বিনিয়োগ করে ৬৫ একর জমির ওপরে মেসার্স ইমামী সিমেন্ট লিমিটেড এবং ৬০০০ কোটি টাকা বিনিয়োগে বর্ধমানের পানাগড় industrial park-এ মেট্রিক্স ফার্টিলাইজার ও কেমিক্যালসের এবং ৬১৫ কোটি টাকার প্রস্তাবিত বিনিয়োগে পশ্চিম মেদিনীপুরের গোদাপিয়াশালে OCL সিমেন্ট কারখানা ইতিমধ্যে কার্যকরী হয়েছে। ওঁরা বলছেন কোনো বড় শিল্প আসেনি। ওঁরা বলছেন এখানে কোনো কাজ হয়নি। ৬০০০ কোটি টাকা বিনিয়োগটা এঁরা বড়ো মনে করছেন না। এখানে এতোগুলো জায়গায় আমাদের এগিয়ে যাওয়া দেখে ওঁদের মনে হচ্ছে না এখানে কোনো কাজ হয়েছে। কিন্তু বাংলার মানুষ দেখতে পাচ্ছেন।

বাংলার মানুষ দেখছেন। বাংলার শিল্প এগিয়ে যাচ্ছে। বাংলা সব দিক দিয়ে এগোচ্ছে বলেই ২০১১ সালে ওদের দেখতে না পাওয়ার জায়গায় পৌঁছে দিয়ে মমতা ব্যানার্জীর নেতৃত্বে আবার মা-মাটি-মানুষের সরকারকে ফিরিয়ে নিয়ে এসেছে। আমরা দেখেছি এখানে শিল্প উৎপাদন শুরু হয়েছে যে কারখানাগুলোতে, আমরা দেখেছি এক্সাইড, HPCL, গ্লোবাল স্পিরিট, বিদেশী শিল্প চিনের একটা সংস্থা অটোহান্স, জার্মানীর BASF ওয়েকার ও কনিষ্ক উজ্জ্বল ভবিষ্যৎ সম্পর্কে ফিউচার গ্রুপ পোশাক, লজিস্টিক হাব এবং FMCT এইসব ব্যাপারে এখানে নতুন করে invest করেছেন বিনিয়োগ করেছেন। কাজ শুরু হয়েছে। এখানে production শুরু হচ্ছে। ওনারা দেখতে পাচ্ছেন না। দেখতে পাচ্ছেন না যে টেক্সম্যাক খাদ্য প্রক্রিয়াকরণ এবং আধুনিক শিল্প উৎপাদনে এখানে invest করেছেন। সেটাও বিরোধী রাজনৈতিক দল নিজের চোখে দেখে উঠতে পারছেন না। TCG রিফাইনারি, এখানে সফল বিনিয়োগ করেছেন। এই সমস্ত আমাদের এই ৬ বছরে বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারে বাংলার শিল্পমন্ত্রী ডঃ অমিত মিত্র যে কাজ করেছেন এগুলো তার ফসল। সেই জায়গায় দাঁড়িয়ে বাংলা এগিয়ে চলেছে। আমরা দেখতে পাচ্ছি, বাংলা চলছে। শুধুমাত্র শিল্প করে নয়, এই শিল্পের পদ্ধতিতে আমরা গ্রীন এনার্জিকেও কার্যকরী করার জন্য আমাদের এই সরকার কাজ করছেন। আমরা দেখতে পাচ্ছি ১১টা industrial growth centre-এ পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগমের সহযোগিতায় সৌরশক্তি চালিত LED দ্বারা পথ আলোকিত করে এবং আমাদের অন গ্রিড এক্সপোর্ট ইমপোর্ট পাওয়ার ট্রান্সপোর্ট সিসটেম চালু করা হয়েছে। সব দিক দিয়ে বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার কাজ, বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার স্বপ্ন যেটা দেখেছেন মাননীয় শিল্পমন্ত্রী অমিত মিত্র সেভাবে তাঁরা এগিয়ে চলেছেন। কাজ হচ্ছে। আমরা দেখছি উন্নয়ন নিগম রানিনগরে ও খড়গপুর industrial growth centre-এ চারতলা স্কিল ডেভেলপমেন্ট ও ট্রেনিং সেন্টার স্বনির্ভর গোষ্ঠীর অর্থনৈতিক উন্নতি সাধনের জন্য ট্রেনিং সেন্টার তৈরি করা হয়েছে। শুধু কারখানা গড়লে হবে না। সেখানে শিক্ষিত শ্রমিক যোগান দিতে হবে। কাজ করার মানুষকে যোগান দিতে হবে। তার জন্য ট্রেনিং সেন্টার শুরু করে সে মানুষগুলোকে হাতে কলমে শিক্ষা দেওয়া সেটাও শিল্প দপ্তর করছেন। এদিকে আমাদের সামগ্রিকভাবে সব দিক দিয়ে বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বাংলার শিল্প দপ্তর যে কাজ করে চলেছেন সেটা বিরোধী পক্ষ কেন দেখতে পাচ্ছেন না আমরা বুঝতে পারছি না। আমার সময় শেষ হয়ে গেছে। আমি আর বক্তব্যকে দীর্ঘায়িত করছি না।

[2:50 – 3:00 p.m.]

যদিও আরো অনেক হয়ত কিছু বলার ছিল, লাল আলো জ্বলে গেছে, তাই মাননীয় স্পীকার সাহেব, আমি আবার এই দাবী নম্বর ৭৫কে সমর্থন জানিয়ে কাট মোশানের বিরোধিতা করে আমার কথা শেষ করছি। নমস্কার, ধন্যবাদ।

শ্রীমতী ফিরোজা বেগম : মাননীয় অধ্যক্ষ মহোদয়,আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর তথা অর্থমন্ত্রীর তার যে দপ্তরের বরাদ্দ রেখেছেন সেই বিষয়ে আমাদের আনা কাটমোশানকে সমর্থন করে আমি কিছু বলছি। স্যার, মাননীয় শিল্পমন্ত্রী ২০১৫সাল,২০১৬সাল, ২০১৭ সাল এই যে বি জে বি এস এতক্ষণ অনেকক্ষণ এ নিয়ে আলোচনা হচ্ছিল, বিশ্ববাংলা গ্লোবাল বিজনেস সামিট যেটা হয়েছে ২০১৫,২০১৬,২০১৭তে, সারা ভারতবর্ষের সব বড় শিল্পপতিরা এখানে এসেছেন, সেই সাথে ২০১৭তে সমস্ত বিধায়করা আগে আমার পূর্ববর্তী ট্রেজারী বেঞ্চের বিধায়করাও বললেন, ২৯টি দেশ এখানে অংশ গ্রহণ করেছেন। খুব ভাল কথা। আমরা আমাদের যে বাজেট বই পেয়েছি তাতেও দেখলাম,২লক্ষ ৩৫হাজার ২৯০কোটি টাকা বিনিয়োগের সদিচ্ছা

তারা প্রকাশ করেছেন। এখানে যে স্যর, আমরা যে বইটি পেয়েছি, তাতে যেগুলো প্রস্তাব সবাই বললেন, আমি জাস্ট একটু যোগ করছিলাম, বজবজে ২০০কোটি টাকা, তারপর একটা শালবনীতে ৫৫০কোটি, পানাগড় ৭০০কোটি, ইমামী সিমেন্ট শিল্প ৬হাজার কোটি টাকা, টোটাল স্যার, পেলাম ৮৬১৫কোটি টাকা। ২লক্ষ ৩৫হাজার২৯০কোটি টাকার যে প্রস্তাব, সেই প্রস্তাবের রিফ্লেকশান স্যার, এই বইতে কিন্তু টোটালটা আমরা এখনও পাইনি। মাননীয় শিল্পমন্ত্রী আছেন, নিশ্চয় তিনি ডিটেন্স আমাদেরকে বলবেন, আমরা জানতে পারব। স্যার, আমরা এখানে, এক্ষণি কোন বক্তব্যে শুনলাম ৩৪বছরের ইতিহাস প্রায় শুনি, এবং আজও অনেকেই বললেন, দেখতে পাইনা, দেখতে পাচ্ছিনা,চোখে দেখিনা, হোম ওয়ার্ক করিনা, ইত্যাদি ইত্যাদি। সব ঠিক আছে স্যার। কিন্তু এই যে বিগত ৬ বছর, ৬ বছর রানিং, এই ৬ বছরে কত কোটি টাকা বিনিয়োগ হয়েছে, কয়টা নতুন শিল্পপতি এখানে এসেছেন এবং সেখানে কত এমপ্লয়মেন্ট হয়েছে ? আমাদের পশ্চিমবঙ্গে প্রায় ১কোটি বেকার যুবক-যুবতী আছে। তাদের কি হবে ? সেই বিষয়ে যদি আপনি আলোকপাত করেন তাহলে আমরা খুব খুশী হবো। আমরা এখানে অনেকগুলো সেই ২০১১ থেকেই বেঙ্গল লীডস প্রথম হয়েছিল কোলকাতায়,তরপর ২০১২তে দিল্লিতে; প্রথম কোলকাতা, তারপর দিল্লি। তারপর, আবারও বেঙ্গল লীডস ২০১৩তে হল ৮ই জানুয়ারী, ২০১৩র সেপ্টেম্বর, চতুর্থ বেঙ্গল লীডস হলদিয়াতে,খুব সুন্দর মনোরম জায়গা হলদী নদীর তীরে হল। পঞ্চম বেঙ্গল লীডস আবারও হল ২০১৩র সেপ্টেম্বরের মোম্বাইতে, দেশের বাণিজ্যনগরীতে, আরব সাগরের তীরে। আম্বানী ছিলেন ওখানে, আম্বানী সাহেব শিল্পপতি খুব ভাল। কিন্তু স্যার, এত শিল্পপতি আসছেন, মিটিং করছেন, কিন্তু শিল্পটা কোথায় ? আমরা সত্যিই বুঝতে পারছিনা। আমরা এখনও যদি লক্ষ্য করি, সেই হলদিয়া বলুন, আর হরিণঘাটা বলুন, চিত্তরঞ্জন লোকোমোটিভ বলুন, দুর্গাপুর ইনডাস্ট্রিয়াল বলুন, সবই তো স্যার, সেই বিধান রায় এবং কংগ্রেস পিরিয়ডের সেই শিল্প। বামফ্রন্ট জমানায় ওরা নষ্ট করেছে বলেই তো মানুষ আপনাদেরকে বিপুল ভোটে জয়ী করে নিয়ে এসেছে। ২১১জন বিধায়ক পেয়েছেন, খুব ভাল কথা। আমরা বিরোধীরা কথা বললেই আমরা দেখতে পাইনা, শুনতে পাইনা, অনেক কিছু। কিন্তু স্যার আমরা, আমরা শিল্পটা চাইছি। বাংলার যুবক ছেলে মেয়েরা চাকরী চাইছে। সিঙুড়ে বিরোধিতা করেছেন, শিল্প গুটিয়ে গেছে, কৃষিজমি হয়েছে ভাল কথা। কিন্তু এত যে ল্যান্ড ব্যাঙ্ক তৈরী করলেন, এত ল্যান্ড ব্যাঙ্ক হয়েছে, অনেক ল্যান্ড ব্যাঙ্ক করেছেন, খুব ভাল উদ্যোগ। সিঙ্গেল উইনডোর মাধ্যমে নেওয়া হয়েছে, সেটাও ভাল উদ্যোগ। কিন্তু স্যার, এ্যাকচুয়াল জায়গায় আমরা আসতে চাইছি। আমরা একটু কম বুঝি, কম জানি, আমরা জানতে চাইছি, শিক্ষিত হতে চাইছি, এবং সদনের মাধ্যমে শিল্পমন্ত্রীর কাছ থেকে আমরা জানতে চাইছি, কোথায় কোথায় শিল্পটা ঠিকঠাক হচ্ছে?

এনভায়রণমেন্ট ভালো হয়েছে, বিজনেস সামিট হয়েছে, সব হয়েছে। কিন্তু কটা ভারি শিল্প এখানে এসেছে, কতজন এমপ্লয়মেন্ট পেয়েছে সেগুলো সব আমরা জানতে চাইছি। গত বছর অর্থমন্ত্রী এবং শিল্পমন্ত্রী বলেছিলেন ৬৮ লক্ষ বেকারের চাকরি হয়েছে। স্যার, আমরা খুব আশায় ছিলাম। আপনি বলেছিলেন লাস্টদিন তথ্য দিয়ে দেবেন। স্যার, আমরা জানতে পারিনি। আশা করি আজকে আপনি জানাবেন, আমরা জানতে পারব। মুখ্যমন্ত্রী অনেক কাজ করছেন নো ডাউট। আমাদের কোনো অসুবিধা নেই। তিনি বলছেন অনেক কথা। বিশেষ করে ২০১৭-বি জি বি এস, তিনি অনেক রিলিফ দিতে চাইছেন। তাঁর মুখের কথাতেই বলি, আমি জাস্ট পড়ছি, উই আর গিভিং রিলিফ টু দ্য ইন্ডাস্ট্রি দ্যাট টেক এ সারপ্লাস পাওয়ার, ল্যান্ড ব্যাঙ্ক, ল্যান্ড ম্যাপ এ্যান্ড দেয়ার ইজ নো শর্টেজ অফ ল্যান্ড ফর ইন্ডাস্ট্রি। সবকিছু আছে স্যার। কিন্তু ইন্ডাস্ট্রি নেই কেন। আমরা তো ইন্ডাস্ট্রি দেখতে চাইছি। কটি ইন্ডাস্ট্রি এসেছে সেগুলো স্যার আপনি বলবেন। এত

কিছু সুবিধা, এত জায়গা, এত পাওয়ার, সারপ্লাস আছে, এত কিছু আছে ইন্ডাস্ট্রি নেই কেন। এই যে বই, এই বইতে যে ইন্ডাস্ট্রির তালিকা আছে তাতে আমরা অত্যন্ত স্যাটিসফাইড নই। আগামীদিনে আমাদের বেকার যুবক, আগামী প্রজন্ম তাদের জন্য স্যার আপনি বলবেন। নিশ্চয়ই আমরা দেখব। সেখানে আরো কথা বলা হয়েছে, টোটাল ইস্টার্ণ ইন্ডিয়ার আমরা পথপ্রদর্শক হতে পারি। আমরা নেপাল, ভুটান, চায়না ইত্যাদি সাউথ ইস্টার্ণ কান্ট্রিগুলোর সঙ্গে যোগাযোগ করতে পারি। কিন্তু স্যার আসল কথাটা আমরা কোথাও খুঁজে পাচ্ছি না। দপ্তরওয়ারি জানালে, কতজনের চাকরি হয়েছে, কি কি হয়েছে জানালে আমরা খুশি হব। আরো একটু যদি পিছনের দিকে যাই স্যার, অ্যাকচুয়াল ঘটনাটি কি, বাস্তব কি বলছে। ২০১০-১১তে যে জি এস ডি পি ছিল ৯.২২ শতাংশ, যখন বামফ্রন্ট ছিল। খারাপ লাগছে শুনতে। এই তথ্য আমার নয়। প্ল্যানিং কমিশানের ডাটা রিপোর্ট থেকে আমি পেয়েছি স্যার। সেখানে ২০১২-১৩তে ইন্ডাস্ট্রিয়াল জি এস ডি পি ৫.৪১ শতাংশ, ৫.৪১এ নেমে এসেছে। এই কথাটা আমরা বলছি না, আমরা বিরোধীরা বলছি না, আপনার রিপোর্ট বলছে। রাজ্য সরকার এত জমি দিচ্ছেন, এত পাওয়ার দিচ্ছেন, ইনসেনটিভ দিচ্ছেন, ল্যান্ড ব্যাঙ্ক দিচ্ছেন, ল্যান্ড ম্যাপ দিচ্ছেন। রঘুনাথপুরে ২৬৫০ একর জমি, নদীয়ার হরিণঘাটায় ৩০০ একর জমি, বাঁকুড়াতে জমি দিচ্ছেন, গোয়ালতোড়ে জমি দিচ্ছেন, মুর্শিদাবাদের রেজিনগরে শিল্প তালুক আছে। কিন্তু স্যার জমি তো আছে, শিল্প কই। আমরা সেটাই জানতে চাইছি। প্রবলেমটা কোথায়। আমি আজকে একটু পড়াশুনা করতে করতে স্টেট ওয়াইজ জি ডি পি র‍্যাঙ্কিং ইন ইন্ডিয়া দ্য ইন্ডাস্ট্রি, ২০১৪র যে রিপোর্ট তাতে স্যার দেখছি ২০১০ সালে বিহার ৫.৩৫, সেখানে ২০১১তে ছিল ১৫.০৩। '১২তে ১০.২৯। '১৩তে ১০.৭৩। ২০১৪তে ৯.৯২। চন্ডীগড় একটি ছোটো রাজ্য। ২০১০এ ছিল ৫.৪৯, '১৪তে এসে দাঁড়িয়েছে ৯.৬৪। অন্ধ্রপ্রদেশ ৪.৫৩ ছিল ২০১০এ। ২০১৪তে সেটা ৫.৮৪। অরুণাচলপ্রদেশ '১০এ ছিল ৯.২৩, ৭.৭৯ ছিল '১৪তে। ওয়েষ্ট বেঙ্গল ২০১০এ ছিল ৮.০৩, '১১তে ৫.৭৮। '১২তে ৪.৭২। '১৩তে ৬.৭২। ২০১৪র শেষে এসে ৮.৬২। একটু বেড়েছে। .০৩ থেকে ৬২এ পোঁচেছে। স্যার, অনেক কথা বলা হচ্ছে, আমরা কি চাইছি। সরকার কাজ করবে। নিশ্চয় ভালো কাজ করলে আমরা ভালো বলব। কিন্তু আমরা দেখতে পাচ্ছি না। আমি জানি না এটা আমাদের চোখের দোষ নাকি কিসের দোষ। কর্মসংস্থানের দিকে যদি তাকাই স্যার, চাকরি নেই এই রাজ্যে। বৃত্তিকরের যে বৃদ্ধি হার সেখান থেকে যদি দেখি, প্রচুর চেষ্টা করছেন মাননীয় মুখ্যমন্ত্রী, শিল্পমন্ত্রী, অর্থমন্ত্রী। একটা সিঙ্গল উইন্ডো করেছেন। কিন্তু স্যার চাঞ্চল্যকর তথ্য উঠে আসছে। কি বলা হচ্ছে প্রশাসনিক রিপোর্টে। নবান্নের রিপোর্ট স্যার, আমাদের নয়। ২০১৪-১৫ অর্থবর্ষে আমাদের রাজ্য সরকারের আদায় করা বৃত্তিকরের বৃদ্ধির হার শূন্যে এসে ঠেকেছে স্যার। আমার কথা নয়, এ্যডমিনিস্ট্রেটিভ রিপোর্ট।

[3:00 – 3:10 p.m.]

আমি কি ভুল বলছি স্যার, আমি বুঝতে পারছি। না। ২০১৪-১৫-তে আর্থিক বৃদ্ধির হার শূন্যতে এসে ঠেকেছে। আমি স্যার একটা স্ট্যাটিসটিকস এখানে তুলে ধরতে চাই, ২০১০-১১ সালে বৃত্তিকর আদায় ছিল ৩৮৮.৫৪ কোটি টাকা, বৃদ্ধির হার ছিল ৭.২১%। ২০১১-১২ সালে বৃত্তিকর আদায় হয়েছিল ৪২৬.২৮ কোটি টাকা, বৃদ্ধির হার ছিল ৯.৮২%। ২০১২-১৩ সালে বৃত্তিকর আদায় হয়েছিল ৪৪৭.৪০ কোটি টাকা, বৃদ্ধির হার ছিল ৪.৮৬%। ২০১৩-১৪ সালে বৃত্তিকর আদায় হয়েছিল ৪৬৩.৮৫ কোটি টাকা, বৃদ্ধির হার ছিল ৩.৬৮%। ২০১৪-১৫ সালে বৃত্তিকর আদায় হয়েছিল ৪৬৩.৮৫ কোটি টাকা, বৃদ্ধির হার। ছিল শূন্য শতাংশ। স্যার, তাহলে এখানে শূন্য শতাংশে কেন ফিরে আসল, নতুন করে কোনো এমপ্লয়মেন্ট জেনারেট করছে না, সেই জায়গাটাতেই প্রশ্ন উঠে আসছে। আমরা জানিনা, নতুন কিছু যদি তথ্য থাকে তাহলে আপনি

জানাবেন আমরা উপকৃত হব। স্যার, একটু আগে জ্যোতির্ময় বাবু বলছিলেন, উনি খুব ভালো বলেন - ২০১৩ সালের ইন্ডাসট্রিয়াল ইনভেস্টমেন্টের রিপোর্ট অনুযায়ী গুজরাট তেরো নম্বর স্থানে ছিল: ২০১৪ সালে গুজরাট পাঁচ নম্বর স্থানে উঠে এসেছে: বর্তমানে এক নম্বর স্থানে আছে। কর্ণাটক ২০১৩ সালে এক নম্বর স্থানে ছিল : ২০১৫ সালে দুই নম্বর স্থান দখল করেছে। মহারাষ্ট্র ২০১৩ সালে ছয় নম্বর স্থানে। ছিল : ২০১৫ সালে তিন নম্বর স্থান দখল করেছে। তেলেঙ্গানা নতুন রাজ্য ২০১৩ সালে এবং তেলেঙ্গানা ২০১৪ সালে শূন্য ছিল, ২০১৫ সালে তারা চার নম্বর স্থান দখল করেছে। উত্তরাখন্ড ২০১৩ সালে তিন নম্বর স্থানে ছিল ; ২০১৪ সালে তারা এক নম্বরে ছিল ; ২০১৫ সালে তারা পাঁচ নম্বর স্থান দখল করেছে। আসাম ২০১৩ সালে তেরো নম্বরে ছিল; ২০১৪ সালে এগারো নম্বরে ছিল; ২০১৫ সালে ছয় নম্বর স্থানে আছে। পশ্চিমবঙ্গ ২০১৩ সালে ইনভেস্টমেন্টের ক্ষেত্রে ১২ নম্বর স্থানে ছিল ; ২০১৪ সালেও ১২ নম্বর স্থানে ছিল এবং ২০১৫ সালেও বারো নম্বরে স্থানে আছে। স্যার, চাকরি নেই, বৃত্তিকর বৃদ্ধির সরকারী রিপোর্ট এইকথা বলছে। স্যার, অর্মত্য সেন খুব আশঙ্কা প্রকাশ করেছেন, কলকাতায় সদ্য নির্মিত এয়ার টার্মিনাল ভবনের বে-সরকারী কোম্পানির সংখ্যা নিয়তা দেখে তিনি যে কথা বলেছেন - পশ্চিমবঙ্গে বড় শিল্পের জন্য পরিবেশ ও পরিকাঠামো গড়ে তোলা দরকার, তা নাহলে বিগত আট বছর ধরে সারা বিশ্বে যে শিল্পের মন্দা চলছে, তার থেকে পশ্চিমবঙ্গের মুক্তি অসম্ভব। তাই এই বাজেট বরাদ্দকে সমর্থন না করে, আমাদের দলের আনীত কাট-মোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ডঃ **অমিত মিত্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের মাননীয় সদস্যদের বক্তব্য খুব মন দিয়ে শুনেছি। ভালো লেগেছে, কয়েকবার শুনলাম তাঁদের বক্তব্য। কিছু কিছু কাজে তাঁরা খুশী, আর যেটা আমাদের অপোজিশানের কাজ, তাঁরা কিছু প্রশ্ন তুলেছেন। আমাদের ট্রেজারি বেঞ্চ থেকে কিছু নতুন আইডিয়াও এসেছে। আমি প্রথমেই দু-একটি প্রশ্নের উত্তর দিয়ে আমার বক্তব্যে যাব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ সুখবিলাশ বর্মা মহাশয় বলেছেন এবং শুরুতেই তিনি একটি তথ্য দিয়েছেন। তিনি বুঝতে পারছিলেন না এটা কি করে হচ্ছে। ঠিকই, উনি বুঝতে পারেননি, তাই আমি তথ্যটা একটু তুলে ধরতে চাই। প্ল্যান একসপেন্ডিচার আর নন- প্ল্যান একসপেন্ডিচার কিসের জন্য স্যার। CNI আলাদা আর IRMP ছিল আলাদা। দুটো ডিপার্টমেন্ট আলাদা ছিল, এই দুটো মার্জ হয়ে গেছে। এবারে ২০১৭-১৮ সালে যে প্রস্তাব আমি রেখেছি। তাতে CNI এবং IRMP মিলে ৯০৫.৪০ কোটি টাকা হচ্ছে প্ল্যান একসপেন্ডিচার।

তারপর নন-প্লান এক্সপেন্ডডিচার ৮৭.২৩ কোটি টাকা। দুটো ডিপার্টমেন্টকে একসঙ্গে নিয়ে। সেখানে বুঝতে অসুবিধা হয়েছে। টোটাল কত হচ্ছে — ৯৯২.৬৩ কোটি টাকা, দুটো ডিপার্টমেন্টের sythesize processএ আমাদের এই ডেটা স্পষ্ট আছে। আপনি যদি আরও আলোচনা করতে চান,আমি ব্যক্তিগত ভাবে নিশ্চয় আপনাকে বুঝিয়ে দেব। আমি on the floor of the house আপনাকে এই তথ্যটা দিচ্ছি, ইট ইজ অন রেকর্ড। দ্বিতীয় স্যার, উনি mines and mineral সম্বন্ধ বলেছেন,অন্যরাও বলেছেন। আপনি শুনে খুশি হবেন স্যার, যে ২০১৫-১৬তে আমাদের mines and mineral এর কালেকশান। ছিল ১৮০ কোটি। আমরা অনেক চেষ্টা করেছি, reform করেছি - শুনে খুশি হবেন ২০১৬-১৭তে ২৮৮ কোটি টাকায় আমরা তুলেছি। ১৮০ কোটি টাকা থেকে ২৮৮ কোটি টাকা আমরা করেছি, করে প্রায় আমরা ৩০০ কোটি টাকায় পৌঁছে গিয়েছি। এই প্রশ্নটা উঠেছে তাই সেই প্রশ্নের উত্তরটা দিলাম। দ্বিতীয়ত স্যার, মাননীয় অশোক ভট্টাচার্য মহাশয় উনি বলতে গিয়ে বললেন যে, উনি জানতেন না আজকে বলবেন। তাই কাগজপত্র ফেলে এসেছেন। উনি এখানে উপস্থিত নেই। সেইজন্য বক্তব্যের মধ্যে কোন তাৎপর্য

ছিল না, কোন প্রসেস ছিল না। — কাগজপত্রগুলো যদি ওনাকে এনে দেওয়া যেত তাহলে হয়তো কিছু শুনতাম।

.....(নয়েজ)....

মিঃ স্পীকার : সুজনবাবু আপনি প্লিজ বসুন। মাননীয় মন্ত্রী বলছেন আপনি প্লিজ বসুন। ইট ইজ নট দ্য ওয়ে, প্লিজ টেক ইয়োর সিট।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনাকে জানাতে চাই যে, প্রশ্নটা উঠেছে — সেই প্রশ্নের উত্তর হিসাবে যেটা আমাদের বন্ধুরা বাঁ দিকে বসে আছেন তাঁরা নিশ্চয় আমার সঙ্গে সহমত হন,সহমত প্রকট করবেন। কতগুলো ইউনিট,এটা মাননীয় ডাঃ মানস ভুঁইয়া যে বক্তব্যে রেখেছিলেন, অন রেকর্ড — তার থেকে আমি তুলে ধরছি। সেটা হচ্ছে কতগুলো প্রোডাকশান ইউনিট এই বামফ্রন্টের সময় বন্ধ হয়ে যায় ? ৬৫ হাজার প্রোডাকশান ইউনিট বন্ধ হয়ে যায়। আর আমি যখন তাঁদের মুখ থেকে শুনি তখন আমার বেদনা হয়,কষ্ট হয়। যখন ৬৫ হাজার প্রোডাকশান বন্ধ হয়ে গেল, কতগুলো পার্টি অফিস খুলে গেল স্যার ? ৭৭ হাজার পার্টি অফিস খুলে গেল। একদিকে ৬৫ হাজার বন্ধ হয়ে গেল ইউনিট, আর ৭৭ হাজার পার্টি অফিস খুলে গেল, আর মাঝখানে চলে আসল দুই লক্ষ কোটি টাকার ঋণ, দুই লক্ষ কোটি টাকার ঋণ। ডাঃ মানস ভুঁইয়া বলেছেন, on the floor of the house, অন রেকর্ড।

.....(নয়েজ).....

মিঃ স্পীকার : প্লিজ বসুন, প্লিজ টেক ইয়োর সিট। প্লিজ প্লিজ আপনি বসুন।

ডঃ অমিত মিত্র : স্যার, শিল্প পরিকাঠামো সম্বন্ধে আমি বলব, ...(নয়েজ)..... শুনুন, শুধু গ্রোথ সেন্টার করে দিলে হয় না। তার জন্য শিল্প পরিকাঠামো তৈরি করতে হয়। একটা উদাহরণ হিসাবে দিতে চাই স্যার, গোয়ালতোরে ৯৫০ একর জমি - আমি বলেছিলাম আপনার দপ্তরে - স্যার, এইটা শুনে আপনি খুব খুশি হবেন, আবার এখানকার কলিগরা শুনে খুশি হবেন -অমৃতসর কোলকাতা শিল্প করিডোর, এটা ভারতবর্ষে competition হচ্ছে, যে কোন রাজ্য অমৃতসর - কোলকাতা শিল্প করিডোরের মধ্যে আসবে। ইউ.পি. থেকে শুরু করে, বিহার থেকে শুরু করে সবাই কমপিটিশান করছে। শুনে খুব খুশি হবেন একমাত্র বাংলা,তার মধ্যে উত্তরাখন্ডের একটা জায়গা এসেছে — পশ্চিমবঙ্গ ২৬৫০ একর জমি রঘুনাথপুরে দিয়ে মান্যতা পেয়েছে, আমরা সেই করিডোরের মধ্যে এসেছি। তাহলে চিন্তা করুন, কি রকম ভাবে এই সরকার। .....(নয়েজ)..... হ্যাঁ, আমি বেশ করেছি,আমি শুরুতে বলেছি,যেটা অশোকবাবু নেই, উনি দূরদর্শিতা বলেছেন মাননীয়া মুখ্যমন্ত্রীকে।

পঞ্চাশ বার বলব, তার মধ্যে দূরদর্শিতা রয়েছে। যার মাধ্যমে আমরা এগিয়ে যাচ্ছি। ২৬৫০ একর জমি এই পর্যন্ত কোন রাজ্য এর জন্য দিতে পারে নি, কেন্দ্রীয় সরকার মান্যতা দিয়েছে, এবারে সেখানে বিশাল জিনিস তৈরী হবে। এটা কিন্তু সাধারণ সবাই জানে না। স্যার, মাননীয়া মহুয়া মৈত্র এবং মাননীয় শীলভদ্র দত্ত, তার আগে আমাদের বিশেষ প্রফেসর সাহেব বলেছেন, তাঁরা বারবার বিভিন্ন ইন্ডাস্ট্রি সম্বন্ধে বলেছেন। আমি সেই তথ্যটা আরেকবার আপনাদের সামনে রেখে দিচ্ছি। লিস্টটা অনেক লম্বা। তাই আমি ছোট করে বলছি স্যার। এক্সাইড — কেউ জানত না স্যার, এই সরকারের তত্ত্বাবধানে এক্সাইড ৭০০ কোটি টাকা ইনভেস্টমেন্ট করেছে হলদিয়াতে। মাননীয়া মুখ্যমন্ত্রী সেই ফ্যাক্টরী খুলে এসেছেন। সেই কথাটা কেউ জানে না যে ৭০০ কোটি টাকা ইনভেস্ট করেছে। স্যার, হয়ত ওরা জানেন না যে, এইচ পি এল — পাবলিক সেক্টর ইউনিট, তারা করেছে।

.....(নয়েজ).....

মিঃ স্পীকার : ওনাকে বলতে দিন। কেন ওনাকে বারবার ইন্টার‍্যাপ্ট করছেন। আপনারা কেউ ইন্টার‍্যাপ্ট করবেন না।

ডঃ অমিত মিত্র : স্যার, বি এ এস এফ, জার্মানির ফেমাস কেমিক্যাল কোম্পানি, আজকে তারা। আমাদের পার্কে এসে সুন্দর একটা ফ্যাক্টরি তৈরী করেছে। ওয়েকার ও কনিষ্ক, তারা এসে আমাদের পার্কে জার্মানি থেকে তিনটি কোম্পানি তৈরী করেছে। ফিউচার গ্রুপ, যার সম্বন্ধে আপনারা নিশ্চয়ই জানেন, বিগ বাজার যাদের কিশোর দেওয়ানি, ফিউচার গ্রুপ আজকে বিভিন্ন কাজ করেছে যার লিস্ট আমার স্পীচে আছে। টেক্সম্যাকো - (খাদ্য প্রক্রিয়াকরণ) — যেটা আপনি বলেছেন এবং টি সি জি (রিফাইনারি)। স্যার, তিনটি কেমিক্যাল স্ট্রাকচার পশ্চিমবঙ্গে দরকার। তার মধ্যে দুটো আছে। এক হচ্ছে হলদিয়া পেট্রোকেমিক্যাল, আজকে ৯৭ শতাংশ হারে ক্যাপাসিটিতে চলছে। দ্বিতীয় হচ্ছে, মিৎসুবিসি কেমিক্যাল, আর একটা প্রোডাক্ট তৈরী করে, তৃতীয় হচ্ছে নেই আমাদের কাছে, রিফাইনার স্যার। সেটার জন্য ২০ হাজার কোটি টাকা ইনভেস্টমেন্টের কথা টি সি জি গ্রুপ বলেছে। তাতে গ্রাউন্ডে কাজ শুরু হয়ে গেছে। এই তিনটি হলে — যেটা গুজরাটে আছে, ওয়েস্ট কোস্টে আছে, পশ্চিমবঙ্গ নতুন দিশা তাদের, মিৎসুবিসি, এইচ পি এল, রিফাইনারি — এই তিনটি জিনিস। স্যার, এবারে দু- একটা কথা বলতে চাই। শিল্প-বান্ধব-পরিবেশ সম্বন্ধে বলতে চাই স্যার, প্রথমে হচ্ছে বিদ্যুৎ, জল, নিকাশি, নতুন বিদ্যুৎ সংযোগের অন লাইনে আবেদন পত্র, সম্পত্তি নথিভুক্তকরণে অন্ লাইন প্রসেস মূল্য প্রদানের উপযুক্ত পদক্ষেপ নিয়েছে এই সরকার স্যার। তার মানে শিল্প-বান্ধব-পরিবেশের যে বেসিক ইনগ্রেডিয়েন্ট আমরা তৈরী করে দিয়েছি। আর সি ওয়ান, আর সি টু ছাড়পত্রের জন্য আমরা নতুন স্ট্রাকচার তৈরী করে দিয়েছি স্যার যেহেতু এটা আমার স্পীচেই, পাবেন স্যার। এর ডিটেল আমি দিয়েছি। তার কারণ শিল্প-বান্ধব-পরিবেশ কি ভাবে তৈরী করতে হয় তার উদাহরণ আমরা তুলে ধরেছি। স্যার, মাইনিংয়ের ক্ষেত্রে খনি কার্যকলাপে, বীরভূমের কালো পাথর উত্তোলন, পুরুলিয়ার ফায়ার ক্লে, পুরুলিয়ার গ্র্যানাইট, তার উত্তোলন, ভারত সরকারের কয়লা মন্ত্রক থেকে গৌরাঙ্গ ডিহির এ বি সি কয়লার খনি থেকে কয়লা উত্তোলন, এর জন্য কম্পিটিটিভ বিডিং-এ পেয়েছি। আমরা পেয়েছি স্যার পশ্চিমবঙ্গে, বীরভূম জেলার দেওচা পাঁচামির যে বিশাল রিজার্ভ, বিশ্বের দ্বিতীয় বড় রিজার্ভ দেওচা পাঁচামিতে হয়েছে স্যার। যেটা আজকে এগিয়ে যাবে। এটা কেউ চিন্তা করতে পারত স্যার। আরও একটা নতুন কথা বলি স্যার। আগের সরকার, বাম সরকার চিন্তাই করে নি যে মেরিটাইম পলিশি চাই।

সমুদ্র বাণিজ্য নীতি চাই। মেরিটাইম পলিসি ইজ রেডি that is moving for. দুই, Port — আপনারা শুনে খুশি হবেন যে, তাজপুরে যে পোর্টের ব্যবস্থা হচ্ছে, তাতে ১২ মিটার ড্রাপ্ট। তারপরে চ্যানেল- ১৮ কিলোমিটারের চ্যানেল। গেম চেঞ্জেস। It is a game changer sir. তার সঙ্গে বলি, সিটি গ্যাস—কোম্পানি তৈরি করা ছিল সিটি গ্যাসের। কিন্তু কোন কাজ সেই ভাবে এগোয়নি। আপনি শুনে খুশি হবেন, গেলের সঙ্গে সিটি গ্যাস জয়েন্ট ভেঞ্চার হয়েছে। আমি সিটি গ্যাস সম্বন্ধে বলতে চাই। আপনি প্লিজ সিটি গ্যাস সম্বন্ধে কথাটা শুনুন। নতুন জিনিস। আমাদের percentage of equity কত? ২৬ পার্সেন্ট। কেন ২৬ পার্সেন্ট? আমরা যাতে এ্যানুয়াল জেনারেল বডি মিটিং-এ বিটও করতে পারি। আমি দেখেছি, বামফ্রন্টের সময়ে ১১ পার্সেন্ট ইকুইটি রাখা হ'ত যা কোম্পানি ল'তে meaningless. আমরা বলেছি, ২৬ পার্সেন্ট আমাদের কাছে থাকবে। ৭৪ পার্সেন্ট গেলের কাছে থাকবে। আমরা জানি, কেন ১১ পার্সেন্ট করা হয়েছিল। সেটা আজকে আর বলব না। তবে This is the way the Government thinks,

২৬ পার্সেন্ট হলে এ্যানুয়াল জেনারেল বডি মিটিং এ আমরা অবজেকশান করতে পারব। বাংলার মানুষের বক্তব্য রাখার একটা জায়গা থাকবে।

স্যার, বিজিপিএস সম্বন্ধে অনেক কথা শুনলাম। আমি বিজিপিএস সম্বন্ধে কিছু তথ্য এবং ইনভেস্টমেন্ট সম্বন্ধে কিছু তথ্য দিতে চাই। স্যার, বিজিপিএস-এর প্রথম ২০১৫ তে টোটাল ইনভেস্টমেন্ট অফার ছিল ২ লক্ষ ৪৩ হাজার কোটি। আপনারা জানতে চাইবেন। নিশ্চয়, আপনাদের জানার অধিকার আছে that Various Stages of Implementation -এ কত টাকা বিজিপিএস-১ ২০১৫ তে আজকে আমরা আছি, ১ লক্ষ ৮ হাজার ৮৩৭ কোটি টাকা। ১ লক্ষ ৮ হাজার ৮৩৭ কোটির টাকা অলরেডি under Various Stages of Implementation ২০১৫, সেটা সম্ভব হয়েছে। ২০১৬ যেটা এক বছরের মত সময়। এটাতে অফার ছিল কত? ২ লক্ষ ৫০ হাজার ২৫৩ কোটি টাকা। তার মধ্যে Various Stages of Implementation-এ কত হয়েছে? ৭৮ হাজার ৬০৪ কোটি টাকা at Various Stages of Implementation? তার মানে টোটাল কত দাঁড়াচ্ছে? প্রায় ৪ লক্ষ ৯০ হাজার কোটি টাকা ইনভেস্টমেন্ট অফারের মধ্যে ১ লক্ষ ৮৭ হাজার ৪৪১ কোটি টাকা আন্ডার Implementation to-day. স্যার, একটা উদাহারণ দিই। একটি রাজ্য, তার নামটা নিচ্ছি না। কোন রাজ্য, আপনারা জানেন। সেখানে ভাইব্রেন্ট বলে একটা প্রোগ্রাম হয়। দু'বছর আগে, তিন বছর আগে যে প্রোগ্রামটি হয়েছিল। দেখলাম, এ্যাসেমব্লিতে তার একটা উত্তরে কত পার্সেন্ট Implementation হয়েছে জানেন, স্যার? ১.২ পার্সেন্ট। আর পশ্চিমবঙ্গে Implementation প্রায় ৪০ পার্সেন্ট হয়েছে। স্যার, সেইহেতু শেষে জানি, ধৈর্য্য লোকের কম। ....(নয়েজ)... ধৈর্য্য লোকের কম। শেষ করতে চাই ডানলপ আর জেশফ সম্বন্ধ নিয়ে। আমি বলতে বাধ্য হচ্ছি। আপনি শুনুন। আমি বলতে বাধ্য হচ্ছি, বামফ্রন্ট সরকারের সময়ে তারা হাত ধরে এনেছিল সেই ইন্ডাস্ট্রিয়ালিস্টকে। একটা ফাইভস্টার হোটেলে ডিল হয়েছিল। তারপরে তাকে দিয়ে দেওয়া হয়। আমার বাঁ-পাশে যাঁরা বসে আছেন, আপনারা নিশ্চয় জানেন, এই সরকার কি করেছে। যেশফ এবং ডানলপকে অধিগ্রহণ করেছে। এখানে বিল পাশ করেছে। রাষ্ট্রপতির সম্মতির জন্য, স্বাক্ষরের জন্য রয়েছে। কর্মচারীদের আর্থিক সুরক্ষা — একটি কর্মচারী নেই যে, ডানলপে বা যেশফে যারা পয়সা পাচ্ছে না, আমরা কেন তাদের সুরক্ষা দিয়েছি? তারপরে এই বিলটি রাষ্ট্রপতির সম্মতি পেলে যেশফ এবং ডানলপ বাংলা এবং মানুষের জন্যে এগিয়ে যাবে যেটা এক সময় হাত ধরে পাঁচতারা হোটেলে বসে বামফ্রন্ট সরকার দিয়ে দিয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটাও শুনে খুশি হবেন, যে সব প্রেসে আমরা এই সব ছাপাচ্ছি তাদের মধ্যে একটি অন্যতম হচ্ছে সরস্বতী প্রেস।

[3:20 – 3:30 p.m.]

শুনে খুশী হবেন সরস্বতী প্রেস ISO 9001:2008 অভিভূত হয়েছে। এটাও শুনে খুশী হবেন, সরকারী প্রেস ইন্ডিয়ান ব্যাঙ্ক অ্যাসোসিয়েশন কর্তৃক সিকিউরিটি প্রিন্টিঙের ছাড়পত্র পেয়েছে স্যার। পাবলিক সেক্টরকে কী ভাবে এগিয়ে নিয়ে যেতে হয় এই সরকার জানে এবং সেই জন্য তারা অধিগ্রহণ করেছে ডানলপ এবং জেশপকে। আমরা আশা করবো একদিন ঐ ডানলপ এবং জেশপকে তাদের পুরনো গড়িমায় ফিরিয়ে নিয়ে যেতে পারবো।

আমি শেষ করতে চাই স্যার কয়েকটা তথ্য দিয়ে। সেটা হচ্ছে G D P in industries. আপনি শুনে খুশী হবেন, ২০১১-১২ বেস ইয়ার বেসিসে ২০১২-১৩তে পশ্চিমবঙ্গে গ্রোথ ইন্ডাস্টির with in GDP ৭.২ শতাংশ। ২০১৩-১৪তে ৯.১২। ২০১৪-১৫তে ১০.৮৫ এবং ২০১৫-১৬তে ১১.৯৯। আমি অথেনটিক ডেটা আপনাদের সামনে পেশ করছি। এটাও বলে দিই, ২০১৪-

১৫তে কুইক এষ্টিমেটস এবং ২০১৫-১৬তে অ্যাডভান্স এষ্টিমেট একদম ষ্ট্যাটিষ্টিক্যালি ক্লিয়ার। 7.2। 9.12 ২০১৩-১৪তে। 10.85 ২০১৪-১৫তে। ২০১৫-১৬তে 11.99 industries growth of West Bengal. কেন ট্যাক্স ডাবল হয়েছে স্যার? এমনি এমনি ট্যাক্স ডাবল হয়না। যেহেতু ইন্ডাস্ট্রি বেড়ে যাচ্ছে, GDP বেড়ে যাচ্ছে therefore taxes is going double.

আমি স্যার এইটা বলেই শেষ করব। শিল্পের যে উন্নতি পশ্চিমবঙ্গে হয়েছে 'বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিট ২০১৫-১৬-১৭'তে তার প্রতিচ্ছবি আপনি দেখেছেন। এখানে ইন্ড্রালিষ্টরা এমনি আসেনা। ২৯টা দেশ এমনি আসেনা, সময় নষ্ট করেনা। এসেছিল তার। কারণ today West Bengal is the most attractive investment destination in the country. নমস্কার স্যার, ধন্যবাদ।

মিঃ স্পীকার : আমি একটা কথা বলি মনোজবাবু, যখন মাননীয় মন্ত্রী তাঁর জবাবী ভাষণ দিচ্ছেন এমন কিছু জেসচার করা উচিৎ নয় যে তা দৃষ্টিকটু হয়। আমার খুব খারাপ লাগছে। একজন মাননীয় মন্ত্রী বলছেন সেখানে কিছু কিছু সদস্য এমন জেসচার করছিলেন। যা তাঁদের কাছ থেকে প্রত্যাশা করা যায়না। এদিকটা আপনারা একটু নজরে রাখবেন।

Now I put to vote all the cut motions (nos. 1,2,3 & 4) that the amount of the demand be reduced by Rs. 100/-. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Noes have it. Noes have it.

The cut motions are lost.

Now I put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 991,63,03,000 be granted for expenditure under Demand No. 75, Major Heads: "2058-Stationery and Printing, 2852-Industries, 2853-Non-ferrous Mining and Metallurgical Industries, 3451-Secretariat-Economic Services, 3475-Other General Economic Services, 4059-Capital Outlay on Public Works, 4407-Capital Outlay on Plantations, 4551-Capital Outlay on Hill Areas, 4857-Capital Outlay on Chemical and Pharmaceutical Industries, 4858 Capital Outlay on Engineering Industries, 4860-Capital Outlay on Consumer Industries, 4875-Capital Outlay on Other Industries, 4885-Other Capital Outlay on Industries and Minerals, 6407-Loans for Plantations, 6551-Loans for Hill Areas, 6857-Loans for Chemical and Pharmaceutical Industries, 6858-Loans for Engineering Industries, 6860-Loans for Consumer Industries, 6885-Other Loans to Industries and Minerals and 7465-Loans for General Financial and Trading Institutions" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 75 is passed; the Demand No. 75 is passed.

Presentation of the Report of a Committee Business Advisory

Mr. Speaker : I present the 17th Report of the Business Advisory Committee which met in my Chamber today and recommenced the revised programme of business for 8th March, 2017 as follows:

8.3.2017, Wednesday :

FIRST SESSION

(i) Demand No. 52	Tourism Department	1 hour
(ii) Demand No. 15	School Education Department	2 hours
(iii) Demand No. 70	Higher Education Science & Technology and Bio-Technology Department	
(iv) Demand No. 24	Health & Family Welfare Department	1½ hours
(v) Demand No. 1	Legislative Assembly Secretariat	1 hour
(vi) Demand No. 3	Council of Ministers	
(vii) Demand No. 4	Agriculture Marketing Department	
(viii) Demand No. 5	Agricultural Department	
(ix) Demand No. 6	Animal Resources Development Department	
(x) Demand No. 7	Backward Classes Welfare Department	
(xi) Demand No. 8	Cooperation Department	
(xii) Demand No. 10	Consumer Affairs Department	
(xiii) Demand No. 11	Micro, Small and Medium Enterprises and Textiles Department	
(xiv) Demand No. 14	Mass Education Extension & Library Services Department	
(xv) Demand No. 16	Environment Department	

(xvi) Demand No. 18	Finance Department	
(xvii) Demand No. 19	Fire & Emergency Services Department	
(xviii) Demand No. 20	Fisheries Department	
(xix) Demand No. 22	Food Processing Industries & Horticulture Department	
(xx) Demand No. 23	Forests Department	
(xxi) Demand No. 28	Housing Department	
(xxii) Demand No. 30	Information & Cultural Affairs Department	
(xxiii) Demand No. 31	Information Technology & Electronics Department	
(xxiv) Demand No. 32	Irrigation & Waterways Department	
(xxv) Demand No. 33	Correctional Administration Department	1 hour
(xxvi) Demand No.34	Judicial Department	
(xxvii) Demand No. 35	Labour Department	
(xxviii) Demand No. 37	Law Department	
(xxix) Demand No. 38	Minority Affairs & Madrasah Education Department	
(xxx) Demand No. 41	Parlimentary Affairs Department	
(xxxi) Demand No. 42	Personnel & Administrative Reforms and e-Governance Department	
(xxxii) Demand No. 49	Youth Services & Sports Department	
(xxxiii) Demand No. 50	Sundarban Affairs Department	
(xxxiv) Demand No. 51	Technical Education, Training & Skill Department	

(xxxv) Demand No. 55	Water Resources Investigation and Development Department	
(xxxvi) Demand No. 58	Paschimanchal Unnayan Affairs Department	
(xxxvii) Demand No. 59	Self Help Groups & Self Employment Department	
(xxxviii) Demand No. 61	Chief Minister's Office Department	
(xxxix) Demand No. 62	North Bengal Development Department	
(XL) Demand No. 65	Tribal Development Department	1 hour
(xLi) Demand No. 68	Home and Hill Affairs Department	
(xLii) Demand No. 69	Land & Land Reforms and Refugee Relief & Rehabilation Department	
(xLiii)Demand No. 71	Planning, Statistics and Programme Monitoring Department	
(xLiv)Demand No. 73	Disaster Management and Civil Defence Department	
(xLv) Demand No. 74	Women & Child Development and Social Welfare Department	

SECOND SESSION

The West Bengal Appropriation (No.2) Bill, 2017

(Introduction, Consideration and Passing) 1½ hours

N. B.- There will be no New Calling Attention and Mention Case on that day.

Now, the Parliamentary Affairs Minister may move the motion for acceptance of the House.

Dr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ১৭তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think the motion is adopted. The motion is adopted.

Demand Nos. 40 and 45

Demand No.40 relates to Panchayat and Rural Development Department and Demand No. 45 relates to Public Health Engineering Department. There are two cut motions on Demand No. 40 and one cut motion to Demand No. 45. All the cut motions are in order. Discussion on both the demands will be taken up together.

শ্রী মোস্তাক আলম : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী পঞ্চায়েত এবং রুরাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের ডিমান্ড নাম্বার 40 এবং পাবলিক হেল্থ অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের ডিমান্ড নাম্বার 45 এর তিনি ব্যয় বরাদ্দ এই হাউসের মাধ্যমে অনুমোদন চেয়েছেন। এই দুটি দপ্তর ভেরি ইমপর্টেন্ট দপ্তর। ভারতবর্ষের কয়েকটা রাজ্য বাদ দিলে সবগুলোতে এই পঞ্চায়েত ব্যবস্থা আছে। এশিয়া মহাদেশের শুধু ভারতবর্ষ নয়, পাকিস্তান, বাংলাদেশ, নেপাল এগুলোতেও পঞ্চায়েত সিস্টেম কিন্তু চালু আছে। আজকে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে প্রথমে আমি অনুরোধ করতে চাই কারণ তিনি হাউসের সিনিয়র, মন্ত্রী আছেন দীর্ঘদিন ধরে এবং বিভিন্ন দপ্তর উনি সামলেছেন। তাঁর অভিজ্ঞতা আছে। তাঁকে আমরা কখনও এমন কথা বলতে চাই না যে তাঁকে আমরা উপদেশ দিতে চাই। কিন্তু তাঁর আর্থিক সীমাবদ্ধতার মধ্যে থেকে যে তিনি ব্যয় বরাদ্দ পেশ করেছেন এবং যা বাস্তব চিত্র, কত টাকা অর্থমন্ত্রী এই দপ্তর দুটির জন্য বরাদ্দ করেছেন এবং উনি কতটা এই দুটো ডিমান্ডে চেয়েছেন সেই বিতর্কে না গিয়ে প্রথমে বলতে চাই আজকে আমাদের কার্শিয়াং জেলা - এবছর পঞ্চায়েত দপ্তরের রেকমেন্ডেশানকে সরকার অনুমোদন দিয়েছে যার ফলে আমি মনে করি একশোর বেশি আইএএস অফিসার ২১ টি জেলায় আছে এবং ১৮ টি জেলাপরিষদ মাত্র দু-তিনটি বিরোধীদের হাতে ছিল। সেটাও ছেলেধরার নাম করে সেটাকেও সাল্টে নেওয়া হয়েছে। ৩৪১ টি পঞ্চায়েত সমিতি আছে, ৩৩৪২ টি গ্রাম পঞ্চায়েত আছে। আমি যে কথাটা বলতে চাইছি দয়া করে এতগুলো আইএএস আছে এবং দপ্তরও আছে। পঞ্চায়েত ডিপার্টমেন্টের ওয়েবসাইটটা এখন পরীক্ষা হচ্ছে এমপ্লয়মেন্ট জেনারেশনের জন্য। যদি কেউ জানতে যায় পশ্চিমবাংলায় কটা জেলা পরিষদ? সার্চ করে পাওয়া যাবে ১৭ টা। কেন থাকবে এটা? কটা পঞ্চায়েত সমিতি বা ব্লক ভুল লেখা আছে। কটা গ্রাম পঞ্চায়েত ভুল লেখা আছে। আমি দায়িত্ব নিয়ে বলছি আপনাকে আপনার দপ্তরের লোকেরাই মিস রিপোর্টিংটা করছে। আমি আপনাকে বলতে চাই আরেকটা ভেরি ইমপর্টেন্ট ব্যাপার, হয়তো ভুলে যাব সময়ের অভাবে। 213 (a) যেটা মেম্বারশিপ ডিসকোয়ালিফিকেশান।

[3:30 – 3:40 p.m.]

আপনার অ্যামেন্ডমেন্ট ২০১০ সালে যেটা ছিল ডঃ এম. এম. রায়ের আমলে হওয়া এবং ২০১৪, আপনার মাধ্যমে এটা অ্যামেন্ডমেন্ট হয়েছে। আমি আইনের ছাত্র হিসাবে খুব দায়িত্ব নিয়ে বলছি যারা এই খেলায় মত্ত হয়েছে কিন্তু আখেরে যখন মহামান্য আদালতে যাবে একটা টেকনিক্যাল ফল্ট আছে এবং আমি মনে করি সমস্ত দোষ আপনার ঘাড়ে পড়বে। আপনি এই অ্যামেন্ডমেন্ট অ্যাক্টটা ভাল করে যারা করিয়েছে দেখে নেবেন। একটা মারাত্মকভাবে ভুল আছে। যার ফলে সমস্ত প্রচেষ্টা শাসক দলের ব্যর্থ হয়ে যাবে। আমি মনে করি যেটা ভুল সেটা সংশোধন করা। উচিত, এটা আমি আপনাকে অনুরোধ করবো হাউসে। যদি বলেন এটা কেন বাজেট বরাদ্দের আলোচ্য বিষয়ের মধ্যে, না সমস্ত সিস্টেমটা ডিসমেনডেড হয়ে যাবে। পঞ্চায়েতের কাজকর্ম সবই কিন্তু ব্যাহত হবে। আজকে কেন্দ্রীয় সরকার ইউ.পি.এ. - এ ২ গর্ভমেন্ট স্পেশাল বি.আর.জি.এফ. এর জন্য একটা ভাল অ্যামাউন্টের টাকা প্রায়

সাড়ে ১২ হাজার কোটি টাকার মত দিয়েছিল, কম বেশি হতে পারে ফিগার নিয়ে আমি বলতে চাইছি না। আমি জানতে চাইছি সেই টাকাটা ২০১৬-১৭ পি.এইচ.ই. ডিপার্টমেন্টে জলের অপর নাম জীবন সেখানে কাজে লাগিয়েছে দেখলাম। ক্রিটিক্যাল গ্যাপে রাস্তার ব্যাপারে কিছু হয়েছে। বর্তমানে আমাদের কেন্দ্রীয় সরকার সেটাকে বন্ধ করে দিয়েছে। এই কারণ কি যে সেই টাকাটা। আমরা প্রপারলি খরচ করে ইউটিলাইজেশান দিতে পারি নি। না, বিমাতৃসুলভ আচরণ করছে সেটার কারণে। আজকে আমি আপনাকে বলতে চাই, নভেম্বর মাস থেকে আজ পর্যন্ত সমস্ত পঞ্চায়েতের কাজকর্ম ৩১ শে মার্চ ফিনান্সীয়াল ইয়ার শেষ হবে, আমাদের একটা দানবীয় সরকার কেন্দ্রে আছে, একটা তুঘলকি সরকার না বুঝে টাকা বাতিল করে ভারতবর্ষের অবস্থাটাকে একটা সঙ্গীন জায়গায় নিয়ে। দাঁড় করিয়েছে। যারা ডেভালপার, যারা ঠিকাদার তারা আজকে কোনভাবে কাজ করতে পারছে না, পেমেন্ট দিতে পারছে না। এর সাথে আমি আপনাকে একটু স্মরণ করিয়ে দিতে চাই,একদিকে কেন্দ্রীয় সরকারের এই রকম একটা নীতি যেখানে মানুষের সমস্ত রুজি রোজগার বন্ধ করে দিয়েছে। ডেভালপমেন্টের টাকা ব্যাঙ্ক থেকে তুলতে পারছে না। এই রকম একটা অবস্থায় ইয়ার এন্ডিংয়ের সময় একদিকে WBCS অফিসাররা যখন চাপ দিচ্ছে দ্রুত কাজ করতে হবে।

ঝাড়খন্ড থেকে মুরারের বালি যাচ্ছে, ঝাড়খন্ড থেকে যখন চিপস যাচ্ছে মুর্শিদাবাদের উপর দিয়ে, মালদার উপর দিয়ে আজকে আমাদেরকে রক্ষা করার নাম করে যে পুলিশ বাহিনী আছে সমস্ত ট্রাকগুলোকে ইললিগ্যালি ওভারলোডেড, রাত্রি আড়াইটার সময় একটা ফোন পাচ্ছি আমাদের পঞ্চায়েত সমিতির একজন মেম্বার সে নিয়ে যাচ্ছে নিজের বাড়ির জন্য। বলছে তোমাদের ওভারলোডিংয়ের কেস দিয়ে দেবো। আমি একটা কথা বলতে চাইছি, এরা যারা আছে তাদের জন্য আপনার দপ্তরের পক্ষ থেকে এদের ব্যাপারে প্রি-কশান নেওয়ার দরকার আছে কারণ না হলে একদিকে দিল্লি গর্ভমেন্ট আমাদের টাকা দিচ্ছে না, তার উপরে কাজ করতে গিয়ে বাধাপ্রাপ্ত হতে হলে কাজের কাজ কিন্তু কোনো কিছু হবে না। MGNREGS -এর কাজ যেটা ৬০:৪০ রেশিও এটা ইমপাওয়ার্ড বলা যেতে পারে জেলা পরিষদের, পঞ্চায়েত সমিতির টোটাল শেয়ারটাকে গ্রাম পঞ্চায়েত — রাজীব গান্ধীর আমলে পি.এম. টু ডি.এম. ছিল এখন কেন্দ্রীয় সরকার মোদিজি আর কিছু না পেয়ে ডায়রেক্ট একেবারে প্রধানের হেডে কাজটাকে পাঠিয়ে দিলেন। আমার বক্তব্য তাহলে জেলা পরিষদে এতগুলো ইঞ্জিনিয়ারিং সেক্টর আছে, পঞ্চায়েত সমিতির বি.ডি.ও.-র আন্ডারে এতগুলো লাইং ডিপার্টমেন্ট আছে এদের ফাংশানটা কি হবে ? আর এরা কি কাজটি করবে ? একটি মাত্র সেটাও গ্রাম পঞ্চায়েতের মাধ্যম দিয়ে হচ্ছে। বি.আর.জি.এফ. -এর টাকা বন্ধ হয়ে গেল, আর কোনো টাকা নেই। MGNREGS -এর টাকা এলাকার যে গ্রাম পঞ্চায়েতের ভিত্তিতে ৬০:৪০ রেশিওর যে টাকা পাঠানো হয় সেখানে দেখতে পাচ্ছি ৪০% সি.সি. রোডের কাজটা হবে সেই টাকাটাও প্রপারলি পাওয়া যাচ্ছে না। আপনি কাইন্ডলি যদি খোঁজ নিয়ে দেখেন তাহলে এখানে কিন্তু দ্বিচারিতার রাজনীতি হচ্ছে, নোংরামিটা হচ্ছে। আলটিমেটলি লসটা কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকারের, আমাদের এলাকারই কিন্তু হবে।

পাশাপাশি MGNREGS এ আমরা আর একটা জিনিস বলতে চাই যে MGNREGS এর কাজ করতে গিয়ে কথায় কথায় বিশেষ করে শাসক দলের লোকেরা সর্বত্র গিয়ে, গ্রামপঞ্চায়েত, যেখানে তাদেরই দলের সংখ্যাটা বেশি, তারপরেও কিন্তু আধিকারিকদের উপরে চমকানো, ধমকানো করছে। আজকে বিরোধী দলের প্রধান নেই বললেই বলা চলে। প্রধানদেরকে শায়েস্তা করার জন্য বা প্রধানদের যদি ত্রুটি পাওয়া যায়, তাহলে পঞ্চায়েতের ২০৫ধারায়

তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। আমরা দেখেছি যে মাননীয় সিদ্ধার্থশংকর রায় নির্ভর করেছিলেন বেশিরভাগ আধিকারিক আর পুলিশের উপরে। পরবর্তীতে বামফ্রন্টের যিনি দ্বিতীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য, তিনিও ভর করেছিলেন। বর্তমান সরকার জনপ্রতিনিধিদের কোনো গুরুত্ব না রেখে বি ডি ও থেকে শুরু করে, ওসি থেকে শুরু করে, আই সি থেকে শুরু করে ওদের উপরে বেশি নির্ভর করতে চাইছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে থ্রি টায়ার যে পঞ্চায়েত সিস্টেম, সেই পঞ্চায়েত সিস্টেমটাকে রেখে লাভ কি আছে? আমি বলতে চাই যে PMGSY একটা যে দপ্তর আপনার মাধ্যমে আছে, আপনি এই হাউসের। একজন সিনিয়র সদস্য, শুধু মন্ত্রী নন, দীর্ঘদিনের সদস্য। আপনাকে আমি বলতে চাই ৯৬টি রাস্তা আপনি বাতিল করে দিলেন। আপনার আধিকারিকরা আপনাকে রিপোর্ট করল। তার মধ্যে মালদা জেলায় আমার বিধানসভা ক্ষেত্রে আছে চারটি, ঈশা খানের বিধানসভা কেন্দ্রে আছে তিনটি। আমি দায়িত্ব নিয়ে বলতে চাই যা বলা হয়েছে যে এর মধ্যে পাবলিকের জমি দখল হয়ে আছে ইত্যাদি, ঘটনা কিন্তু তা নয়। আমাদের সংসদ বলে দিয়েছেন, আমি চার-পাঁচ বার ওখানে গিয়েছি। ওখানে যাঁরা বসে আছেন, তাঁরা সঠিকভাবে এই জিনিসটা দেখছেন না। আমি রিকোয়েস্ট করব আপনাকে, এই রাস্তাগুলো যেগুলো লেফটআউট রয়েছে, সেই রাস্তাগুলোকে আইদার নর্থবেঙ্গল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টকে ঢোকান অথবা এন আর জি এসের ছোট ছোট করে সি সি রোডের মাধ্যম দিয়ে করার জন্য আপনাকে অনুরোধ করতে চাই। ইন অ্যাডিশান আপনাকে একটা কথা বলতে চাই যে আমাদের পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিং যে ডিপার্টমেন্ট, সেই ডিপার্টমেন্টের মাধ্যমে আপনি নলবাহী জলের ব্যবস্থা করছেন, সার্ফেস ওয়াটারের মাধ্যমে জলের ব্যবস্থা করেছেন। অতি উত্তম কথা। আমরা বলতে চাই প্রাণধারা যে প্রকল্প, সেই প্রকল্পে আপনার এক লিটারের জন্য ১৮টাকা, পাঁচশো মিলিলিটারের জন্য আপনি নিচ্ছেন দশ টাকা। এই প্রকল্পটাকে যদি আমরা আরও ব্যাপক হারে করতে পারি তাহলে ভাল হয়

.....(এই সময়ে লালবাতি জ্বলে ওঠে).....

কারণ জলের অপর নাম জীবন। পঞ্চায়েতের মাধ্যম দিয়ে যদি ভালভাবে আর্সেনিকমুক্ত জল, ফ্লোরাইডমুক্ত জল যদি দিতে পারি, হাসপাতালের খরচ কমে যাবে। এই বেসরকারী এবং সরকারী হাসপাতালে যে মৃত্যুর মিছিল হচ্ছে, এগুলো কিন্তু হবে না। তাই আমি অনুরোধ করব এই দপ্তরের আরও কি করে .....

.....(এই সময়ে মাইক অফ হয়ে যায়।).....

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে শ্রদ্ধা জানিয়ে মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বিভাগের চল্লিশ নম্বর দাবির প্রেক্ষিতে ২০১৭-১৮ অর্থবর্ষে তার দাবি সনদ পেশ করেছেন ১৬৯৪৭.২৮৬৭কোটি টাকা এবং সেই সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের অন্তিম হিসাবে পঁয়তাল্লিশ নম্বর দাবির পরিপ্রেক্ষিতে ২২৪৯ কোটি ১১ লক্ষ ২৮ হাজার টাকার দাবি তিনি পেশ করেছেন, সেই দাবিকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করে আমার বক্তব্য উপস্থাপন করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা প্রতিদিনই যেটাকে দেখবার চেষ্টা করছি, বলবার চেষ্টা করছি, আমরা ট্রেজারী বেঞ্চের পক্ষ থেকে যেটা সকলের সামনে উপস্থাপন করার চেষ্টা করছি যে যাদের মূলতঃ কোন কাজ নেই,কোন সঠিক নিশানা খুঁজে পাচ্ছেন না, মা মাটি মানুষের সরকারের মূল দর্শনটা কি, সেটা বুঝতে পারছেন না বলেই অহেতুক প্রত্যেকটি দপ্তরের ক্ষেত্রে সমালোচনার জন্য তাঁরা সমালোচনা করে যাচ্ছেন।

[3:40 – 3:50 p.m.]

আমাদের আজকের যে দপ্তর গুরুত্বপূর্ণ দপ্তর। একদিকে যেমন পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ যেটা ভারতবর্ষের মধ্যে আমরা মনে করি পশ্চিমবঙ্গ রাজ্যে অধিবাসী হিসাবে গর্ববোধ করি। আমাদের মাননীয় অভিজ্ঞ মন্ত্রী যিনি ৭২ সালে যখন মন্ত্রী ছিলেন তখন পঞ্চায়েতে দায়িত্বে থেকে নতুন আইন যেমন প্রবর্তন করেছিলেন। তারপরে মা-মাটি-মানুষের সরকার প্রথম দিন থেকে দায়িত্ব পালনের মধ্য দিয়ে এই ডিপার্টমেন্টটাকে একটা উল্লেখযোগ্য জায়গায় পৌঁছে দিতে পেরেছে সেই বিষয়ে নতুন কিছু বলার অপেক্ষা থাকে না। আমরা তার প্রতিবেদনের প্রথম দিকে যেটা দেখতে পাচ্ছি। যে অনেক গ্রাম পঞ্চায়েত আছে। সেই গ্রাম পঞ্চায়েতগুলির মধ্যে বেশ কিছু সংখ্যক গ্রাম পঞ্চায়েতকে চিহ্নিত করে নেওয়ার পরে তাদের যদি আর্থিক আনুকূল্য দিয়ে আমাদের যেখানে বিশ্ব ব্যাঙ্ক থেকে টাকাগুলিকে সেখান থেকে নিয়ে ঋণ স্মারক নিয়ে, অনুদান দিয়ে এই স্পেশিফিক কতগুলি পঞ্চায়েতকে যদি সংগঠিত করতে পারা যায় তাহলে কিন্তু তারা আগামী দিনে নিজেদের অর্থনৈতিক শক্তিটাকে নিজেদের পায়ে দাড়ানোর মতন শক্তি সঞ্চয় করতে পারবে, সেদিকে তিনি বিশেষভাবে গুরুত্ব আরোপ করেছেন। দ্বিতীয়ত পর্ব যেটা আমাদের MGNREGA -এর মধ্যে একটি উল্লেখযোগ্য দিক। বিগত দিনের যে গ্রাম পঞ্চায়েতগুলি ছিল যাদের দ্বারা পরিচালিত হয়ে আসছিল, কিভাবে চলেছিল সেটা আমরা। সকলেই জানি। আজকে যখন আমরা দেখতে পাচ্ছি মিটিংগুলি করা হয় মে মাসে গ্রাম। সংসদের মিটিং হয়, নভেম্বর মাসে গ্রাম সংসদের মিটিং হয়, ডিসেম্বর মাসে আমাদের গ্রাম সভার মিটিং হয় বিগত দিনের অবস্থানের কথা আমাদের সকলের জানা ছিল যে ওই অবস্থায় কোন মিটিং হত না। যাঁরা ওখানে থাকতেন তাঁরা গায়ের জোরে তাঁদের বক্তব্যটাকে পাশ করিয়ে নিতেন কিন্তু বিরোধী দলকে তাঁরা কোনো সুযোগ দিতেন না। বর্তমানে যাঁরা বিরোধিতা করার জন্য আসেন তাঁরা একথা বলার সুযোগ পাবেন না বলে আমি মনে করি। আজকে আমরা দেখতে পাচ্ছি এগুলির মধ্যে দিয়ে আলাপ আলোচনা করে সমস্ত জায়গায় তথ্যগুলিকে তুলে নিয়ে আসা হয় নিঃসন্দেহে একটা গতিশীল চিন্তা ভাবনাটাকে মাথায় রেখে নিয়ে আসার চেষ্টা করা হয়। আজকে ডেভলপমেন্ট করা সম্ভব হয়েছে। কেন্দ্রীয় স্তরের যাঁরা পর্যবেক্ষক বিভিন্ন জায়গায় গেছেন, পাথরপ্রতিমাতেও গেছেন। বারবার করে চেষ্টা করছে যেহেতু এখানে একটা ডেভলপমেন্ট হয়েছে, রাস্তাঘাট সেখানে সংগঠিত হয়েছে, সেখানে সোসাল ফরেস্ট্রিতে বিশেষ জায়গা করে নিতে পেরেছে টিস্যু কালচার, তা দিয়ে একটা আর্থসাজামিক অবস্থার উন্নয়ন সংগঠিত করা হয়েছে, গৃহ সমৃদ্ধি যোজনার মাধ্যমে এক একটা পরিবারকে তুলে নিয়ে আসা যায়, আর্থসামাজিক ক্ষেত্রে তাদের কিভাবে নির্ভরশীল করে নিয়ে আসা যায় - এগুলি যখন আস্তে আস্তে নিয়ে যাওয়া হচ্ছে এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য সুন্দরবন এলাকা বন্যার হাত থেকে বাঁচানোর জন্য পঞ্চায়েতগুলি বিশেষ উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে। নদী বাউন্ডারিকে রক্ষা করবার জন্য চেষ্টা করে গেছেন এটা অনবদ্য। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বারবার করে অবজারভেশন করে পুকুরে নেমে সেখানে কোনো খুঁত ধরতে পারেনি। এটাই বর্তমান মা-মাটি মানুষের সরকারের সবচেয়ে বড় অ্যাচিভমেন্ট। কাজ যারা করে, কাজ যারা বোঝে এবং কাজ নিয়ে যারা চিন্তা ভাবনা করে তারা একটা ডেভলপমেন্টের স্তরে পৌঁছে যেতে পারে বলে আমি মনে করি। আজকে আমরা পুরস্কৃত হচ্ছি, কেন পুরস্কৃত হচ্ছি ? শ্রম দিবস সৃষ্টির ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গ সরকার উল্লেখযোগ্য ভূমিকা তৈরি করতে পেরেছে। ৫ হাজার ৬০০ কোটি টাকা বেশি খরচ করে আমরা দেখতে পাচ্ছি দেশের মধ্যে সর্বোচ্চ স্থান লাভ করেছে। এটা একটা বিরাট গুরুত্বপূর্ণ দিক বলে আমি মনে করি। কেন অন্য রাজ্য পাচ্ছে না? এখানে শ্রমদিবস সৃষ্টির ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য

ভূমিকা গ্রহণ করতে পেরেছি। এইজন্য রাজ্য সরকারের পক্ষ থেকে যেসমস্ত ব্লক গুলিকে এগিয়ে আনতে পেরেছে, এই কিছু দিন। আগে দশটি ব্লককে বেছে নেওয়া হয়েছে। সেই দশটি ব্লকের প্রত্যেকটিকে ১০ লক্ষ টাকা পুরস্কৃত করা হয়েছে, তাদের উৎসাহিত করা হয়েছে। সৌভাগ্যের বিষয় আমার ১০টি ব্লকের মধ্যে পাথরপ্রতিমা ব্লক একটা স্থান করে নিতে পেরেছে এরজন্য আমরা গর্ব অনুভব করি। প্রত্যন্ত এলাকায় পাথরপ্রতিমা ব্লক সেই জায়গায় উন্নিত হতে পেরেছে। কাজ করার সদিচ্ছা। থাকলে কাজকর্ম করে নিয়ে যেতে পারি এবং বিভিন্ন কনভারজেন্সের কর্ম প্রকল্পের মধ্যে দিয়ে একটার সঙ্গে আর একটা ট্যাগিং করে দেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন জানাব।

বর্তমানে কেন্দ্রীয় সরকার যেসমস্ত পুকুরগুলোকে সংস্কারের কথা - এটাকে বাতিল করে দিয়ে - সেটাকে বাতিল করে দিক কিন্তু আজকে যেটা মাটির যে বাঁধ - কানেকটিভিটির যেসমস্ত বাঁধগুলোকে তৈরী করার দরকার থেকে যায় সেটারও নাকি কাজকর্ম করা যাবে না। যদি এটার কাজ করতে না পারা যায় তাহলে আজকে যে ৬০: ৪০ রেসিওতে যে কাজ আমরা করতে যাব যেখানে একটা ডবল সেলিং বা কংক্রিটের রাস্তা করতে যাব তার পাশে যে মাটিটা দিতে হবে সেই মাটিটা না দিলে ঐ রাস্তাটা কখনও একটা স্থায়িত্বের মধ্য দিয়ে যেতে পারে না। তাহলে এক্ষেত্রে কি অস্বস্তিকর অবস্থার মধ্য দিয়ে আমাদের চলতে হবে—এর ক্ষেত্রে কোন নতুন বিধান বা কোনকিছু ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে এই ব্যাপারে আমরা অনুরোধ জানাব। আপাততঃ এন.আর.ই.জি.এস -এর মধ্য দিয়ে যেহেতু আমরা অনেকটা বেশি গতি আনতে পেরেছি এটাকে অস্বীকার করার উপায় নেই। আমরা দেখতে পাচ্ছি যে আর একটি বিষয় যেটা গ্রামাঞ্চলের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ—মানুষের যে মাথার ছাদ, যেটাকে আই.এ.ওয়াই এবং বর্তমানে পি.এম.এ.ওয়াই—এর মধ্য দিয়ে সেগুলোকে তৈরী করার, সেখানেও উজ্জ্বল একটা নজির এখানে। তৈরী করতে পারা সম্ভব হয়েছে। ২০১৬-'১৭ সালের জানুয়ারী পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি ২লক্ষ ৮২ হাজার ৮৩৭টি গৃহ নির্মীত হয়েছে। আজকে এই ৬০: ৪০ রেসিওর মধ্য দিয়ে এটা একটা উল্লেখযোগ্য দিক বলে আমরা মনে করি। পরবর্তীকালে জাতীয় গ্রামীণ জীবিকা মিশন—এন.আর.এল.এম—এটা একটা অদ্ভুত এলাকা। সমস্ত ক্ষেত্রে আজকে মহিলাদের স্বশক্তিকরণের জন্য আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী যেখানে বলবার চেষ্টা করেছেন এবং তিনি নাম দিয়েছেন সেই নামের মধ্য দিয়ে আনন্দ ধারা — এই আনন্দধারা নামের মধ্য দিয়ে সমস্ত বস্তিগুলোকে এক জায়গায় কেন্দ্রীভূত করে তাদের আর্থ সামাজিক ক্ষেত্রে কিভাবে তুলে আনা যায় তারজন্য চেষ্টা করা হয়েছে। সেখানে আমরা দেখতে পাচ্ছি যে স্বনির্ভরগোষ্ঠীগুলিকে নিয়ে ৩২ হাজার ৪৭০টি উপসংঘ এবং ৩১১২ টি সংঘ—এগুলোকে সংযোজনের মধ্য দিয়ে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করা হয়েছে। ১১টি জেলার ২৩টা ব্লককে আদর্শ ব্লক হিসাবে চিহ্নিত করার পরে ৫টি ব্লককে বিশেষভাবে গুরুত্ব দিয়ে তাদের আর্থসামাজিক ক্ষেত্রে এগিয়ে নিয়ে আসার জন্য আমরা দেখতে পাচ্ছি যে জাতীয় আমাদের যে রাজ্য জীবিকা মিশন এবং জাতীয় সরকারের স্বীকৃত এস.ই.আর.পি—যেখানে অন্ধপ্রদেশ এবং তেলেঙ্গানা থেকে যারা আজকে পরিদর্শকরা এখানে থেকে প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালন করেছে, সেখানে আমাদের পাথর প্রতিমা ব্লকের সৌভাগ্য হয়েছে প্রথমে সেই সুযোগটাকে আমরা পেয়েছি। এখানকার যারা মহিলারা তারা অন্ধপ্রদেশে গিয়েছে এবং সেখানে তারা এদের সঙ্গে থেকে কিভাবে করে আমরা আর্থ সামাজিক ক্ষেত্রে আরও বেশি উন্নতি করতে পারব, কিভাবে করে আমাদের ব্যাংক লোনটাকে নিতে হবে সেটাকে কিভাবে পরিশোধ করতে হবে এবং এখানে আজকে যে কেমিকেলের অবস্থাটা আছে, সেটাকে সরিয়ে দিয়ে কিভাবে জৈব সারটাকে তৈরী করা যাবে।

এইভাবে করে অর্থটাকে কোন্ কাজে লাগাব এই প্রশিক্ষণের মধ্য দিয়ে আমরা দেখতে পাচ্ছি এই এন.আর.এল.এম-এর মধ্য দিয়ে একটা যুগান্তকারী পরিবর্তনের সূচনা আজকে গোটা রাজ্যের মধ্যে সম্প্রসারিত হয়েছে। এখানে আমরা দেখতে পাচ্ছি যে মহিলা যেখানে আমাদের ঈষৎ স্বশক্তিকরণ পরিযোজনা — এখানে আমরা দেখতে পাচ্ছি যে এম.কে.এস.পি - জাতীয় জীবিকা মিশনের একটা উল্লেখযোগ্য উপযোজনা - যেখানে কৃষি এবং পশুপালনের উপরে সবচেয়ে বেশি গুরত্ব আরোপ করা হয়েছে। যার ফলে এখানকার যে গ্রুপগুলোকে আছে, সেগুলো আত্মনির্ভরশীল হয়ে যাওয়ার চেষ্টা করছে। এই প্রকল্পে সাধারণভাবে গ্রুপগুলোকে মহিলা কৃষকদের সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে। এটা উল্লেখযোগ্য এবং এই পরিকল্পনার মধ্য দিয়ে চা বাগানগুলোতে ন্যায্যমূল্যের দোকানের মধ্য দিয়ে তাদেরকে একটা বিশেষভাবে সাহায্য করবার জন্য চেষ্টা হচ্ছে এবং এই যে গ্রুপগুলো তৈরী হয়েছে বিভিন্ন জায়গায়, আমরা সেখানে কর্মতীর্থের মধ্য দিয়ে গ্রুপের উৎপাদিত পণ্য বা যেগুলো তারা তৈরী করছে সেখান থেকে বিক্রী করা এবং রাজ্য স্বরোজগার মেলার মধ্য দিয়ে সেগুলো যাতে বিক্রী করা যায় তারজন্য একটা উল্লেখযোগ্য, গুরুত্বপূর্ণ বিষয়বস্তু এখানে দেখতে পাচ্ছি। আর একটি বিষয়ে যেটা সবচেয়ে বেশি আশ্চর্যের বিষয় যে আমরা সকলকে চমকদার কাজকর্ম করতে পেরেছি। মাননীয় মন্ত্রী তাঁর নিজের চেষ্টার ফলে, মাননীয়া মুখ্যমন্ত্রীর যে একটা বিশাল তাগিদ ছিল, যে আদর্শটাকে নিয়ে তিনি লড়াই করবার চেষ্টা করেছিলেন, সেখানে আমরা দেখতে পাচ্ছি যে, নির্মল মিশন বাংলার মধ্য দিয়ে যেখানে আমরা খোলা জায়গায় শৌচকর্ম মুক্ত জেলা হিসাবে আমরা ২০১৩ সালে শুরু করে দিয়েছিলাম, সেখানে কেন্দ্রীয় সরকার ২০১৪ সালে এটা সূচনা করেন স্বচ্ছ ভারত হিসাবে। কিন্তু এই যে একটা আন্তরিক, একটা আন্দোলন, গোটা এলাকার মধ্যে এক—একটা বুথ থেকে আরম্ভ করে, পাড়া থেকে আরম্ভ করে সব জায়গা থেকে আরম্ভ করে এই আন্দোলনটাকে সংগঠিত করার পরে আমরা একটা বিশেষ জায়গাতে পৌঁছতে পেরেছি। এটা একটা উল্লেখযোগ্য দিক। যেখানে আমরা নদীয়া জেলাকে প্রথমে এই খোলা জায়গায় শৌচকর্ম মুক্ত জেলা হিসাবে চিহ্নিত করতে পেরেছি। তারসঙ্গে আরও তিনটি জেলা এর আগে হয়ে গিয়েছে। দক্ষিণ ২৪ পরগণা এবং আগামিদিনে আরও তিনটি জেলা ইতিমধ্যেই আজকের এই শৌচকর্ম মুক্ত হবার চেষ্টা করছে। এই জায়গায় পি.এম.জি.এস.ওয়াই তে যেমন আমরা ডেভেলপমেন্ট করতে পেরেছি তেমনিভাবে পি.এইচ.ই-র ব্যাপারে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে। আমাদের নিবেদন

[3:50 – 4:00 p.m.]

আজকে আর্সেনিক মুক্ত জল দেওয়ার উনি চেষ্টা করে চলেছেন এবং ফ্লোরাইডের যে সমস্যাগুলো আছে তাকে পরিবর্তন করবার জন্য নিশ্চয়ই উনি চেষ্টা করছেন। এটা একটা অভিনব দিক বলে আমি মনেকরি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলব যতটুকু আমরা বিভিন্ন জায়গা থেকে জানার চেষ্টা করেছি আমাদের পাথরপ্রতিমা এবং কাকদ্বীপ এলাকার কিছু কিছু অঞ্চল আর্শেনিক যুক্ত জায়গা হিসেবে চিহ্নিত হয়েছে। এটা আমি শুনেছি, সঠিক কি না জানা নেই। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলব এই বিষয়গুলি নিশ্চয়ই আপনার কাছে আসবে। যদি এইরকম ঘটনা ঘটে থাকে তাহলে অন্যান্য জেলার ক্ষেত্রে যেরকম ব্যবস্থা নিয়েছেন তেমনি এখানে গুরুত্ব দিয়ে আর্সেনিক মুক্ত জল দেওয়ার চেষ্টা করবেন। ফ্লোরাইড এবং আর্সেনিককে পরিহার করে যাতে ভালো জল আমরা সব জায়গায় পাঠাতে পারি তার জন্য সচেষ্ট হবেন। এই কথা বলে আপনার এই দাবিগুলোকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Ali Imran Ramz : Honourable Speaker Sir , Demand No.40, P & R.D.Department , Honble Minister Shri Subrata Mukherjee Mahashai

سب سے پہلے ہمارے عزت مآب منسٹر سے میں یہ پوچھنا چاہتا ہوں کہ P&R.D. Department کے دو ایم او ایس، پرتی منتری بھی ہیں لیکن بجٹ کے اس میں صرف عزت مآب ایم آئی سی کا نام ہے پرتی منتری کا نام کہیں پر نہیں ہے اس سے پہلے ہم لوگوں نے یہ دیکھا ہے کہ ایم آئی سی کے ساتھ جو ایم او ایس ہوتا ہے اُس کا بھی نام بجٹ کے بک میں رہتا ہے تو ہوسکتا ہے کہ آپ کی پارٹی کا یہ مجبوری رہا ہو کہ جن ایم او ایس کے نام پر لال بتی دے کر ان کو ترنمول میں رکھنا آپ کی مجبوری ہے اسلئے کتاب میں اُن کا نام نہیں ہے لیکن منتری بنا کر اُن کو پارٹی میں رکھنے کیلئے لال بتی دان میں دے دیا گیا ہے۔ تو یہ آپ کی پارٹی کی مجبوری ہوسکتی ہے۔ دوسری بات جو National Social Assistance Program ہے جو نیس کا ہے جس میں Old Age Pension,Widow Pension,Disabality Pension,Onetime Benefit etc. یہ سارا اسکیم اس کے اندر میں ہے۔ میں آپ سے یہ کہنا چاہوں گا کہ اولڈ ایج پنشن جو ہے ۲۰۱۳ میں جب پنچایت چناؤ ہوا اُس کے بعد سے لیکر اب تک جو صرف ۲۰۱۳ میں اولڈ ایج پنشن لوگوں کو ملا ہے اُس کے بعد نیا کوئی بھی پنشن ہمارے یہاں اتر دیناج پور ضلع میں کسی کو نہیں ملا ہے۔ اور پورے بنگال میں نہیں ملا ہے یہاں اور بھی بدھان سبھا کے ممبران ہیں کیا یہ بول سکتے ہیں کہ اور کہیں پر ملا ہے یا نہیں؟ لیکن میری جانکاری میں ہے کہ ۲۰۱۳ کے بعد سے ۲۰۱۷ تک نیا اولڈ ایج پنشن کسی کو نہیں ملا ہے۔ دوسری بات ویڈو پنشن یہ بھی نہیں مل رہا ہے disability pension یہ بھی بند ہے سارا پنشن بند ہے۔ onetime benefit کی جو بات کی جارہی ہے یہ بھی لوگوں کو نہیں مل رہا ہے۔ میں آپ سے کہنا چاہوں گا کہ اولڈ ایج پنشن کے لئے بی پی ایل فہرست میں نام ہونا چاہئے اور اُس میں چالیس ساٹھ سال عمر ہونا چاہئے۔ جس کا ۶۰ سال سے ۸۰ سال تک کا عمر ہے اُس کو ۴۰۰ روپئے مہینہ ملتا ہے اور ۸۰ سال سے جس کا زیادہ ہے اُس کے لئے ایک ہزار روپیہ ہے آج کی مہنگائی میں demonitization میں جس کے لئے پورے ہندوستان میں وزیراعلیٰ لڑائی کررہی ہیں اس مہنگائی کے ٹائم میں میں آپ سے مانگ کرتا ہوں کہ جو چار سو روپئے مہینے کا پنشن ہے اُس کو ایک ہزار کیا جائے اور ۸۰ سال سے زیادہ عمر والوں کے لئے ایک ہزار کو بڑھا کر دو ہزار کیا جائے۔ ویڈو پنشن جو کہ چالیس سال کی عمر میں اگر کسی کے شوہر کا انتقال ہوتا ہے یا اُن کی موت ہوتی ہے۔ چالیس سال عمر ہونے پر ہی وہ پنشن پائے گی بی پی ایل فہرست کے ساتھ، ویڈو کے لئے کوئی عمر نہیں ہوتا ۱۸ سال کی لڑکی بھی ویدوا ہوسکتی ہے تو ۱۸ سال کی لڑکی اگر ویدوا ہوتی ہے تو اُس کو پنشن کیوں نہیں دیا جائے گا؟ ۱۸ سال یا ۲۰ سال میں بھی کوئی ویدوا ہو تو اُس کو بھی پنشن ملنا چاہئے یہ ہم مانگ کرتے ہیں۔

Disability pension scheme میں سرکار نے ایک criteria طے کر دیا ہے کہ disability 80% and above ہوگا تو پنشن کے لائق اُس کو مانا جائے گا اُس کو پنشن تبھی دیا جائے گا جب وہ ۸۰ فیصد سے above ہینڈی کپ ہوگا تو 80 % and above handicap کا جو فارمولا ہے اس کو بدلنے کی ضرورت ہے کیونکہ جس کا ایک ہاتھ نہیں ہے، جس کا دو ہاتھ نہیں ہے وہ بھی بے کار ہے لاچار ہے کسی کا ایک ہاتھ ایک پاؤں نہیں ہے وہ بھی لاچار ہے تو اس percentage کو گھٹا کر ۸۰ فیصد سے ۵۰ فیصد میں لایا جائے۔ یہ مانگ میں عزت مآب منسٹر صاحب کے سامنے کرتا ہوں۔ دوسری بات یہ جو Onetime benefit scheme ہے اس میں بھی کہا گیا ہے کہ بی پی ایل ہونا چاہئے اگر شوہر مرتا ہے تو اُس میں بی پی ایل ہوگا تبھی اُس کو onetime benefit دیا جارہا ہے لیکن ایسے بہت سے غریب لوگ ہیں جن کے پاس بی پی ایل کارڈ نہیں ہے اُن کے شوہر کی موت ہوتی ہے تو اُس وقت اُن کو اس

benefit سے محروم ہونا پڑتا ہے۔اسلئے میں آپ سے مانگ کروں گا کہ یہاں پر اُن غریب عورتوں کو بھی لایا جائے جن کے پاس بی پی ایل کارڈ نہیں ہیں۔اُن کے بارے میں بھی سوچنے کی ضرورت ہے۔پنچایت میں پورے بنگال میں جو vacant post ہیں ہر پنچایت میں پوسٹ خالی پڑا ہوا ہے اُس پوسٹ کو fillup کرنے کے بارے میں آپ کیا سوچتے ہیں؟ اُس کے بارے میں میں آپ سے جاننا چاہتا ہوں اس ہاؤس میں آپ بتائیں کہ پورے بنگال میں جو پوسٹ ہیں۔دوسرا بنگال میں پنچایت کے پاس جتنا پیسہ دیا جاتا ہے اُس میں جو کام پنچایت کرتی ہے پنچایت یا پنچایت سمیتی کو monitering کرنے کے لئے، inspection کرنے کے لئے as a public representative ہم ایم ایل اے کے پاس کوئی authority نہیں ہے کہ ہم جا کر پنچایت میں دیکھیں کہ سارے پنچایت میں کون کیسا کام کر رہا ہے؟ وہ کام سہی ہو رہا ہے یا غلط ہو رہا ہے، پیسے کا استعمال سہی ہے یا غلط ہے اسلئے میں چاہوں گا کہ عزت مآب منسٹر سے بولنا کہ آپ ایک قانون لائیں کہ ہر بدھان سبھا کے ایم ایل اے کو officially right ہونا چاہئے کہ وہ پنچایت یا پنچایت سمیتی کو inspection کر سکتا ہے وہ رپورٹ جمع کر سکتا ہے تا کہ پنچایت میں اور پنچایت سمیتی کے کام میں developments میں صحیح طریقے سے کام ہو اور ایم ایل اے اُس کام کو officially دیکھنے کا حق رکھتا ہوں۔اگر یہ حق دیا جائے تو developments works بڑھے گا اور کام آگے بڑھے گا۔آپ اس پر غور کریں یہ میں آپ سے مانگ کرتا ہوں۔اور ایک بہت بڑی پریشانی ہے Audit کا کہ ہمارے یہاں بنگال میں پنچایت کا regular audit نہیں ہوتا ہے۔جس کی وجہ سے دو کروڑ یا پانچ کروڑ روپے کا کام ایک دن میں رپورٹ جمع ہو جاتا ہے جس کی وجہ سے پنچایت میں ہو رہی چوری کا کوئی پتا نہیں چلتا ہے کہ جو چوری کر رہے ہیں اُن کو پکڑنے کا کوئی راستہ نہیں رہتا ہے۔سرکار regular audit نہیں کراتی ہے اس Audit system کو سہی کرنے کی ضرورت ہے۔ساتھ ہی ساتھ میں کہنا چاہوں گا ہمارے عزت مآب منسٹر صاحب سے آپ کو یاد ہوگا اسی بدھان سبھا میں آپ کے دفتر میں جا کر میں نے آپ کو ایک file submit کیا تھا جس فائل میں میں نے آپ سے گزارش کی ہے اپنے لیٹر ہیڈ پر لکھ کر کہ آپ گوالپوکھر (۱) بدھان سبھا، گوالپوکھر (۱) کے بھارت پور۲ بلاک پنچایت میں جو این آر جی ایس کے نام پر جو گھوٹالہ ہوا ہے Jobcard میں دو کروڑ سے زیادہ روپے کا گھوٹالہ ہوا ہے جس میں تمام پنچایت ممبر، پنچایت پردھان، executive اس میں جورے ہوئے ہیں۔اور جو پی ایس بی بینک ہے اُس کے تمام ملازمین اُس میں جورے ہوئے ہیں آپ سے میں نے گزارش کی تھی کہ آپ اس کا inquiry کریں گے۔اور مجھے اُمید تھی کہ آپ کریں گے لیکن افسوس مجھے اس بات کی ہے کہ آپ ایک طرف پنچایت منتری جہاں پر transparency کی بات کرتے ہیں اور عزت مآب وزیر اعلیٰ بھی transparency کی بات کرتی ہیں۔آپ پرتی منتری غلام ربانی صاحب بھارت پور۲ پنچایت میں ہو رہے بدعنوانی کرنے والے ممبروں کو بچانے میں پولس کی مدد کر رہے ہیں اُن کے خلاف ایف آئی آر نہیں کرنے پر پولس پر دباؤ دے رہے ہیں۔انکوائری رپورٹ کو دبا کر رکھنے کی بات کرتے ہیں۔میں آپ سے مانگ کرتا ہوں کہ آپ اپنے پرتی منتری کے خلاف کھڑے ہو کر آپ transparency کے ساتھ بھارت پور۲ پنچایت میں ہو رہے بدعنوانی کے خلاف جو رپورٹ میں نے آپ کے پاس submit کیا ہے as a documentary evidence ہر کچھ میں نے آپ کو prove کر دیا ہے کہ اُس میں چوری ہوئی ہے اور اُس چوری کا الزام میں نہیں دے رہا ہوں میں ثابت کر کے سارا documents آپ کو دے کر آیا ہوں۔آپ اُس کے خلاف انکوائری کر کے آپ اُن پنچایت ممبر کے خلاف، پردھان کے خلاف ایکشن لیں گے۔نہیں لیں گے یا لیں گے یہ آپ ہاؤس میں بتائیں۔جو کہ اس سرکار میں دو طرح کا قانون چل رہا ہے عزت مآب اسپیکر سر میں آپ کو بتانا چاہتا ہوں کہ ایک طرف میں نے ثبوت دیا ہے بھارت پور۲ پنچایت سمیتی میں ہو رہے بدعنوانی کے خلاف جس کی وجہ سے تسلیم الدین نام کے ایک آدمی کا قتل کر دیا گیا اُس اندولن کو روکنے

کے لئے اور ایک طرف اُس کے خلاف کوئی کاروائی نہیں ہورہی ہے اور ایک طرف رائے گنج کارپوریشن کے چیرمین، Honourable Member of Legislative Assembly وہ ابھی ہاؤس میں نہیں ہیں اسلئے میں اُن کا نام نہیں لے رہا ہوں۔ اُن کو چیرمین شپ سے ہٹا کر وہاں پر Administrative Board بنایا گیا ہے۔ ایس ڈی او کو چیرمین بنایا گیا اُن کے خلاف انکوائری setup کی گئی اور کل مورخہ ۶ کو اُن کے نام پر ایف آئی آر درج کر کے آج اُن کو گرفتار کیا جارہا ہے جو کہ ہمارے کانگریس کے عزت مآب ممبر ہیں۔ آج میں پوچھنا چاہتا ہوں کہ ایک طرف کانگریس کے عزت مآب ممبر جو رائے گنج کے چیرمین تھے اُن کے خلاف کاروائی ہورہی ہے اور دھرم پور ۲ میں ترنمول میں جا کر آسرا لے رہے ہیں آپ کے منتری غلام ربانی صاحب اُن لوگوں کو بچا رہے ہیں اور آپ کیا کریں گے؟ میں اُس کا جواب آپ سے مانگتا ہوں۔ میں چکلیا کی بات کرتا ہوں میرے بدھان سبھا کی، میرے بدھان سبھا کی بات کرتا ہوں۔

Shri Ali Imran Ramz: سر آمی بولتے چائی

Mr.Speaker: پلیز پلیز آپنی بولون

Shri Ali Imran Ramz: چکلیا بدھان سبھا میں جسودہ رانی سنگھا عزت مآب منسٹر سر آپنی سمیین بھالو کورے جسودہ رانی سنگھا ایک جون ۷۸ بو چھور بردھومو ہیلا IAYA کا گھر ملتا ہے اُن کو بینک سے وہ پیسہ لے کر نکلتی ہے اپنے گھر کے لئے جارہی ہوتی ہے راستے میں ترنمول پنچایت سمیتی کی ممبر اُس کا شوہر آصیف رضا وہ بائیک لیکر اُس عورت کا راستہ روک کر اُس سے پیسہ چھین لیتا ہے

Mr.Speaker : মিঃ স্পীকার : *** নামটা বাদ যাবে। আমি নামটা বাদ দিয়ে দিয়েছি।

Shri Ali Imran Ramz: اور پیسہ چھین کر وہ چلا جاتا ہے، پیسہ چھین کر بھاگ جاتا ہے۔ اُس کے خلاف جسودہ رانی سنگھا اُس کے خلاف چکلیا تھانہ میں ایف آئی آر درج کرتی ہیں۔ ایف آئی آر کرنے کے باوجود آج تک اُس ممبر کے شوہر کو گرفتار نہیں کیا گیا ہے۔ جو ۷۸ سال کی عورت کا پیسہ چھین کر بھاگا ہے آصیف رضا

Mr.Speaker : آصیف رضا نام ٹا بعد جابے you cannot utter the name of a person who is not a member of the house.

Shri Ali Imran Ramz: اُس آدمی کو ابھی تک گرفتار نہیں کیا گیا ہے۔ کیا عزت مآب منسٹر صاحب آپ assure کرتے ہیں کہ جو ایک ۷۸ سال کی عورت کا، ایک پنچایت سمیتی کی ممبر کا پیسہ چھین کر بھاگا اُس کو identify کر کے اُس کے خلاف چکلیا تھانہ میں ایف آئی آر درج کیا گیا۔ اُس کو گرفتار کیا جائے گا آپ اس بات کا assurance دیتے ہیں کہ as a minister آپ سے میں پوچھتا ہوں کہ آپ ایسے لوگوں کے خلاف کاروائی کریں گے۔ کیا آپ ایسے لوگوں کو arrest کرائیں گے؟ میں آپ سے جاننا چاہتا ہوں۔

Mr.Speaker: پلیز ختم کرو آپ کا ٹائم ہو گیا

Shri ali Imran Ramz: میں یہی کہنا چاہوں گا آخر میں سر ایک سیکنڈ کی بات ہے سر میں اتنا ہی کہوں گا کہ

وہ ملا تھا کل مجھے نمائش میں چھتڑے پہنیں ہوئے
میں نے پوچھا نام، تو بولا پچھیم بنگال پچھیم بنگال

یہی کہہ کر ختم کرتا ہوں

Mr.Speaker: آمی اپنا translation اے ورشن دیبو آمی سنبو کینو آمی جانی نا اوتی جے مانے نا بولین۔

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মিঃ স্পীকার : আমি বুঝতে পেরেছি, আপনি যেটা বলবেন মন্ত্রীর বিরুদ্ধে সমালোচনা করা যায় না। আপনি এটা জানেন। আমি এটা দেখে নেব। আপনি নোটিশ দেবেন। আপনি নোটিশ দিয়ে সমালোচনা করবেন। মন্ত্রী যেন সুযোগ পায়।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার সদস্যের বিরুদ্ধে যদি এ রকম ধরনের সরাসরি অভিযোগ করতে হয় তাহলে তার আগে নোটিশ দিতে হয়। এইটুকু জ্ঞান যদি একজন এম.এল.এ-র না থাকে তাহলে কি বক্তৃতা হবে! আপনি যদি বলতে চান কারও বিরুদ্ধে You are entittle but there is a procedure, procedure is that absolutely the man whom against you lodge a complain. You have to serve the notice and copy to you otherwise you cannot say repeatedly Rabbani Sahab, Rabbani Sahab, he is a cheap or he is corrupt.

মি: স্পীকার : আমি দেখে নেব। আমি দেখে নিয়ে যেখানে অসঙ্গতি আছে সেটা আমি বাদ দিয়ে দেব।

শ্রী আলি ইমরান রামজ : স্যার, আমি বলতে চাই।

মি: স্পীকার : প্লীজ প্লীজ আপনি বলুন।

শ্রী আলি ইমরান রামজ : চাকলিয়া বিধানসভা মে যাশুদা রানি সংঘা মাননীয়া মিনিস্টার স্যার, আপনি শুনবেন ভালো করে, যাশোদা রানি সংঘা একজন ৭৮ বছরের বৃদ্ধ মহিলা আইএওয়াইএ ঘর মিলতা হে। ব্যাঙ্ক সে ও প্যায়সা নিকালতি হে, আপনি ঘরকে লিয়ে যারহি হোতি হে, রাস্তে মে তৃণমূল পঞ্চায়েত সমিতি কে মেম্বার উসকা শহর *** উয়ো বাইক লেকর উস ঔরত কা রাস্তা রোখ কর উসসে প্যায়সা ছিন্ লেতা হে।

মি: স্পীকার : *** নামটা বাদ যাবে। আমি নামটা বাদ দিয়ে দিয়েছি।

শ্রী আলি ইমরান রামজ : অর প্যায়সা ছিন্ কর উয়ো চলা যাতা হে, প্যায়সা ছিন্ উয়ো ভাগ যাতা হে। উসকে খিলা যাশোদা রানি সংঘা উসকে খিলাফ্ চাকুলিয়া থানা মে এফআইআর দাচ্ করতি হে। এফআইআর করনে কে বাওউজুত আজতক্ উস মেম্বার কে শহর কো গ্রিফতার নেহি কিয়া গয়া হে। যো ৭৮ সাল কি প্যায়সা ছিন্ কর ভাগা হে, ***।

মি: স্পীকার : *** নামটা বাদ যাবে। You cannot utter the name of a person who is not a member of the House.

শ্রী আলি ইমরান রামজ : উস আদমি কো আভিতক গ্রিফতার নেহি কিয়া গয়া হে। কিয়া মাননীয়া মিনিস্টার সাহাব, আপ এ্যাসিউর করতে হে কে জো এক ৭৮ সাল কি ঔরত কা, এক পঞ্চায়েত সমিতি কি মেম্বার কা প্যায়সা ছিন্ কর ভাগা উসকো আইডেন্টিফাই করকে উসকে খিলাফ চাকুলিয়া থানা মে এফআইআর দার্জ কিয়া গয়া উসকো গ্রিফতার কিয়া জায়ে গা আপ ইস বাত কা এ্যাসুয়েরেন্স দেতে হে কে এ্যাজ মিনিস্টার আপসে ম্যায় পুছতা হু কে আপ এ্যাসে লোগো কে খিলাফ কারবায়ি করেঙ্গে কিয়া আপ এ্যায়ে লোগো কো এ্যারেস্ট করায়েঙ্গে? ম্যায় আপসে জাননা চাহাতা হু।

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মি: স্পীকার : প্লীজ খতম করো, আপকা টাইম হো গয়া।

শ্রী আলি ইমরান রামজ : ম্যায় এহি ক্যাহেনা চাহুঙ্গা আখির মে স্যার, এক সেকেণ্ড কি বাত হে। স্যার, ম্যায় ইতনাহি কহুঙ্গা কে

ও মিলা থা কাল মুঝে নুমাইস মে ছিতরে প্যাহেনে হুয়ে
ম্যায়নে পুছা নাম তো বোলা পছিমবাঙ্গাল পছিমবাঙ্গাল

এহি ক্যাহে কর খতম করতা হু।

মি: স্পীকার : আমি এটা ট্রান্সলেশানের ভার্শান দেব। আমি শুনবো কেন আমি জানি না, উনি যে মানেটা বললেন।

[4:00 – 4:10 p.m.]

শ্রী সুব্রত মুখার্জি : পয়েন্ট অব অর্ডার, স্যার।

মিঃ স্পীকার : আমি বুঝতে পেরেছি আপনি যেটা বলবেন। মন্ত্রীর বিরুদ্ধে সমালোচনা করা যায় না। আপনি এটা জানেন, আমি এটা দেখে নেব। আপনি নোটিশ দেবেন। আপনি নোটিশ দিয়ে সমালোচনা করবেন। মন্ত্রী যেন সুযোগ পায়।

শ্রী সুব্রত মুখার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন মন্ত্রী বা কোন বিধানসভার সদস্যর বিরুদ্ধে যদি এইরকম ধরণের সরাসরি অভিযোগ করতে হয় তাহলে তার আগে তাকে নোটিশ দিতে হয়। এইটুকু যদি জ্ঞান একটা এম.এল.এ'র না থাকে তাহলে কি বক্তৃতা হবে! আপনি যদি বলতে চান কারোর বিরুদ্ধে, You are entitled but there is a procedure, procedure is that absolutely the man against whom you lodge a complain . you have to serve the notice and copy to you otherwise you cannot say repeatedly Rabbani Sahab Rabbani Sahab, he is a cheap or he is a corrupt.

মিঃ স্পীকার : আমি দেখে নেব। দেখে নিয়ে যেখানে অসংগতি আছে সেটা আমি বাদ দিয়ে দেব।

শ্রী আলি ইমরান রামজ : স্যার, চাকুলিয়া বিধানসভার যশোদা রাণী সিংহ, একজন ৭৮বছরের বৃদ্ধা মহিলা ইন্দিরা আবাস যোজনায় ঘর করতে .....

মিঃ স্পীকার : নামটা বাদ যাবে। *** নামটা বাদ যাবে। আমি নামটা বাদ দিয়ে দিয়েছি।

আলি ইমরান রামজ :

মিঃ স্পীকার : আমি ট্রান্সস্লেশন ভারসন দেখে নেব। আমি শুনব, কেননা আমি জানিনা, উনি যে মানেটা বললেন।

ডঃ মানস রঞ্জন ভুঁঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি যে আমার আবেদনক্রমে আপনি আমাকে সদস্য হিসাবে বলার সুযোগ দিয়েছেন। সাবজেকট পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন। তার সঙ্গে জোড়া হয়েছে জনস্বাস্থ্য ইঞ্জিনীয়ারিং। সুব্রত বাবু আমাদের প্রবীণতম মন্ত্রী। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ক্যাবিনেটের এবং অভিজ্ঞ। তাঁর হাতে তৈরী করা ৭৩সালের পঞ্চায়েত আইন ২০১৭সালে। ২০১৭সালে .....

.....(গোলমাল).....

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

.....(গোলমাল) ..... স্যার, রুলিং দিন।

..... (প্রচণ্ড গোলমাল) .....

মিঃ স্পীকার : বলুন আপনি বলুন প্লিজ। .....(গোলমাল) ..... উনি বিধানসভার সদস্য হিসেবে বলতে পারেন। .....(গোলমাল) ..... আপনি বলুন বলুন। .....(গোলমাল) ..... আপনারা বসুন, বসুন প্লিজ।

.....(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য/সদস্যাগণ স্পীকারের পোডিয়াম ঘিরে বিক্ষোভ দেখাতে থাকেন এবং কয়েকজন মেজ্ তুলে নেওয়ারও চেষ্টা করতে থাকেন।).....

.....(প্রচণ্ড গোলমাল) .....

ডাঃ মানস রঞ্জন ভুঁঞ্যা : .....(প্রচণ্ড গোলমাল) ..... মাননীয় সদস্যরা জানেন না স্পীকারের অধিকার রয়েছে, যে কোনো সদস্যের আবেদনক্রমে বক্তব্য পেশ করার অধিকার রয়েছে এবং তার বিধানসভার প্রোসিডিওর রুলস্, ...(প্রচণ্ড গোলমাল) ..... প্র্যাকটিস্ অ্যান্ড বিজনেস অফ দি হাউস স্পীকারের সেই সুপ্রিম ক্ষমতা রয়েছে। সম্মানীয় কংগ্রেসের সদস্যরা বোধহয় এই আইন জানেন না। এটা জেনে নিলে আমি খুশি হতাম এবং এই হাউসের পবিত্রতা রক্ষা হ'ত। .....(প্রচণ্ড গোলমাল) ..... মাননীয় সুব্রত মুখোপাধ্যায়, তিনি প্রবীণতম মন্ত্রী। আমি তাঁকে বলব, যদি সিদ্ধার্থ শঙ্কর রায় সঠিক সময়ে মন্ত্রী সভায় সিদ্ধান্ত নিয়ে পঞ্চায়েত নির্বাচন ৭০ এর দশকে করতে পারতেন,.....(প্রচণ্ড গোলমাল) ..... তাহলে ৩৪ বছর মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে এই রাজ্যে বামফ্রন্ট সরকার কখনো চলতো না। অত্যন্ত সৌভাগ্যের ব্যাপার, কেন্দ্রে বি.জে.পি. সরকার থাকা সত্ত্বেও আজ সুব্রত মুখোপাধ্যায়ের নেতৃত্বে পঞ্চায়েতের বাজেটে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আমরা বক্তব্য রাখার সুযোগ পেয়েছি। .....(প্রচণ্ড গোলমাল) ..... এম.জি.এন.আর.ই.জি.এ. - ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি কাজ হয়েছে। প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনায় সবচেয়ে বেশি পশ্চিমবঙ্গে কাজ হয়েছে। পশ্চিমবঙ্গে পঞ্চায়েত রানিং মডেল হিসেবে আজ প্রতিষ্ঠিত হয়েছে। .....(প্রচণ্ড গোলমাল) .....অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, কংগ্রেসের সদস্য ভাই-বোনেরা যদি নিয়মটা জানতেন, তাহলে এই ধরণের হট্টগোল করতেন না। সংবিধান এবং স্পীকারের অধিকার তাঁরা যদি জানতেন, তাহলে এই অবস্থা হ'তনা। একটা কথা খুব পরিষ্কার, ...(প্রচণ্ড গোলমাল) .....আস্তে আস্তে সারা পশ্চিমবঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সুব্রত মুখার্জীর মত মন্ত্রী যেভাবে পঞ্চায়েত দপ্তর পরিচালনা করছেন, সেটা সত্যিই উল্লেখযোগ্য। বাংলার অর্থনীতি বদলেছে, বাংলার গ্রাম বদলেছে। .....(প্রচণ্ড গোলমাল) ..... আর কেন্দ্রের বি.জে.পি. সরকার পঞ্চায়েত ব্যবস্থাকে ভেঙ্গে, যুক্তরাষ্ট্রীয় কাঠামোকে ভেঙ্গে তছনছ করে দিচ্ছে। তাই সবার উচিৎ কেন্দ্রের বি.জে.পি. সরকারের যুক্তরাষ্ট্রীয় কাঠামোর বিরুদ্ধে এই যে পদক্ষেপ, তার বিরুদ্ধে লড়াই করা, তার বিরুদ্ধে সংগ্রাম করা। .....(প্রচণ্ড গোলমাল) .....অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, স্পীকারের অনুমতি নিয়ে আমি বলতে উঠেছি। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, আমাদের কংগ্রেসের সদস্যরা নিয়ম-কানুন কিছুই জানেন না।.....(প্রচণ্ড গোলমাল) ..... হাউসের মধ্যে নিজেদের যোগ্যতা, অযোগ্যতা প্রমাণ করে দিলেন। আমি মনে করি, ভারতবর্ষের বুকে পশ্চিমবঙ্গের পঞ্চায়েত ব্যবস্থা সবচেয়ে ভালো।.....(প্রচণ্ড গোলমাল) ..... তার নেতৃত্ব দিচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায়, তার নেতৃত্ব দিচ্ছেন সুব্রত মুখোপাধ্যায়। .....(প্রচণ্ড গোলমাল) .....

.. (প্রচণ্ড গোলমাল)...

(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য ও সদস্যাগন
দাঁড়িয়ে চিৎকার করতে থাকেন)

[4:10 – 4:20 p.m.]

শ্রী প্রদ্যুৎ কুমার ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী সম্মানীয় শ্রী সুব্রত মুখার্জী কর্তৃক বাজেট প্রস্তাবের সমর্থনে দাবী ৪০-এর সমর্থনে দু-একটি কথা এই পবিত্র সদনে বলতে চাই। স্যার, পঞ্চায়েত ব্যবস্থায় আমরা দেখেছি দুটি দপ্তর সব সময় আলাদা। একটা হচ্ছে পঞ্চায়েতের দপ্তর, আর একটা হলো গ্রামীণ উন্নয়নের দপ্তর। ... (প্রচণ্ড গোলমাল)... এই দুটি দপ্তর আলাদা করে আলোচনা হতো। কিন্তু আমাদের সম্মানীয় মুখ্যমন্ত্রী আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি, তিনি আমাদের রাজ্যে পঞ্চায়েত দপ্তর এবং গ্রামোন্নয়ন দপ্তরকে একত্রিত করে আজকে একসঙ্গে সার্বিক ভাবে উন্নয়নটা মানুষের কাছে পৌঁছে দিতে চান। আমরা লক্ষ্য করে দেখছি আজকে পঞ্চায়েত দপ্তর ও গ্রামোন্নয়ন দপ্তরকে একসঙ্গে করে যে সাহসী পদক্ষেপ নিলেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। ১৯৭৮ সালে প্রথম বাংলায় পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল এবং ১৯৭৮ সালে প্রথম বাংলায় পঞ্চায়েত নির্বাচনে আমরা ওদের বিরুদ্ধে সেই নির্বাচনে অংশ গ্রহণ করেছিলাম। আমরা খুব কাছ থেকে দেখলাম যে সিসটেমে পঞ্চায়েত নির্বাচন করা হয়েছিল পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠা করার যে প্রচেষ্টা বামফ্রন্ট সরকার করেছিলেন আমরা নিশ্চয়ই সাধুবাদ জানাবো। কিন্তু পরবর্তীকালে আমরা কি দেখলাম ? পরবর্তীকালে আমরা দেখলাম যে পঞ্চায়েতের মাধ্যম দিয়ে সিপিএম পঞ্চায়েতের সদস্যদের বুড়ো আঙুল দেখিয়ে তাদেরকে ঠুঁটো জগন্নাথ বানিয়ে রেখে সমস্ত কেন্দ্রীয় সরকারের প্রকল্পের টাকা, গ্রামীন উন্নয়নের টাকা তৎকালীন সিপিএম পঞ্চায়েতকে না দিয়ে পার্টি অফিসে বসে তাঁরা আত্মসাৎ করতেন। ... (প্রচণ্ড গোলমাল)... আজকে আমি আপনাদের বলি যে আপনাদের গাত্রজ্বালা করবে। আজকে আমরা দেখলাম ১৯৭৮ সালে পঞ্চায়েত নির্বাচনের পর ভারতবর্ষের সাথে বাংলায় একটা বন্যা হলো। আমরা সেই বন্যায় লক্ষ্য করলাম আমাদের বাংলায় বহু ক্ষয়ক্ষতি হলো।

সেই ক্ষয়ক্ষতির ব্যাপারে আমরা লক্ষ করে দেখলাম সেই দিনটা ছিল ০২.০৯.১৯৭৮। ০২.০৯.১৯৭৮-এর প্রবল বন্যায় সারা ভারতবর্ষের সাথে আমাদের পশ্চিম বাংলাও বিভিন্ন ক্ষয়ক্ষতির মুখে দাঁড়িয়ে গেল। আমরা লক্ষ্য করে দেখলাম '৭৮ সালের প্রবল বন্যা হল আর আমাদের সি.পি.এম বন্ধুদের ভাগ্য খুলে গেল। '৭৮ সালে বন্যা হল আর সি.পি.এম বন্ধুদের ভাগ্য খুলে গেল। আমরা কি দেখলাম? আমরা দেখলাম, তৎকালীন আমাদের মুখ্যমন্ত্রী সম্মানীয় জ্যোতিবাবু তিনি দিল্লীতে গেলেন। '

...(গোলমাল)...

দিল্লীতে তখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন মোরারজি দেশাই। একটা দুর্বল প্রধানমন্ত্রী। সেই সময় সি.পি.এমের সমর্থনে ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন মোরারজি দেশাই। আর সি.পি.এমের তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু দিল্লীর বুকে গিয়ে মোরারজি দেশাইকে বললেন, টাকা দিন বাংলা ডুবে গেছে, টাকা দিন। সেই টাকা নিয়ে এসে বাংলার উন্নয়ন না করে এই পার্টি অফিস বানানো হয়েছে, পার্টি অফিসে সম্পদ বানানো হয়েছে, একের পর এক সম্পদ তৈরী হয়েছে সি.পি.এমের। শুনে রাখুন ভাই রাগ করে কিছু লাভ নেই। আসল কথা আপনাদের শুনতে হবে। ...(গোলমাল)... আমরা দেখলাম, যখন কেন্দ্রীয় সরকার বলল, জ্যোতিবাবু আপনি বাংলার জন্য বহু টাকা নিয়ে গেছেন এই টাকার হিসাব দিন। কেন্দ্রীয় সরকারের অর্থ দপ্তর হিসাব চাইলো। আমরা দেখেছি দৈনিক সংবাদপত্রে যে, জ্যোতিবাবু যাচ্ছেন কেন্দ্রীয় সরকারের কাছে আর রাস্তায় যেতে যেতে বাংলার সমস্ত হিসাবের খাতাগুলো বঙ্গোপসাগরে পড়ে যাচ্ছে। ...(গোলমাল)... দিল্লীর দরবারে আমাদের টাকা আনার জন্য ব্ল্যাকমেল করেছিলেন তৎকালীন ভারতবর্ষের প্রধানমন্ত্রীকে। আপনারা অস্বীকার করতে পারেন? আজকে বহু কথা ওনারা বলছেন। স্যার, আমি সেই জেলার

থেকে নির্বাচিত হয়ে এসেছি যে জেলার নাম পশ্চিম মেদিনীপুর জেলা। যে জেলা সি.পি.এমের দ্বারা অত্যাচারিত জেলা, যে জেলায় সি.পি.এম সবচেয়ে বেশি মানুষ খুন করেছে সেই জেলার থেকে আমি আজকে এই সদনে এসেছি আমার কিছু মনের দুঃখ যন্ত্রণা বলার জন্য। আমি দেখেছি, সারা পশ্চিম মেদিনীপুর জেলায় সি.পি.এম হার্মাদদের দিয়ে বহু তৃণমূল কংগ্রেসকে খুন করে কঙ্কালের রাজত্ব করে গিয়েছিল। এই কমিউনিস্ট পার্টি। আমরা দেখেছি। দীর্ঘদিন ধরে যারা রাজনৈতিক অধিকার জোর করে কেড়ে নিয়েছিল, মানুষের গণতান্ত্রিক অধিকার, মানুষের ভোটাধিকার কেড়ে নিয়ে গায়ের জোরে ভোটে জেতার পরিকল্পনা করেছিল সেই কমিউনিস্ট পার্টি দিনের পর দিন পশ্চিম বাংলায় আমাদের জেলাকে পিছিয়ে দিয়েছে। আমার বলার সুযোগ এসেছে আমায় বলতে দিন। স্যার, আমি যে বিধানসভা থেকে জিতে এই মহতি সদনে এসেছি সেই বিধানসভাটার নাম নারায়ণগড় বিধানসভা। সেই বিধানসভায় যিনি প্রাক্তন মন্ত্রী ছিলেন তিনি বর্তমান সি.পি.এমের পশ্চিমবঙ্গ শাখার রাজ্য সম্পাদক *** বিরুদ্ধে ...(গোলমাল)...।

মিঃ স্পীকার : এই নামটা বাদ যাবে। নামটা এক্সপাঞ্জ হবে।

(এই সময় লালা বাতি জ্বলে ওঠে)

...(গোলমাল)...

শ্রী প্রদ্যুৎ কুমার ঘোষ : স্যার আমি সুজনবাবুকে বলব। সুজনবাবু কিছুদিন আগে তাঁর বক্তব্য রাখার সময় বলেছিলেন, পশ্চিম বাংলায় শিল্পের কি হাল। শিল্প কেন হল না। ...(এই সময় মাইক অফ হয়ে যায়)।

[4:20 – 4:30 p.m.]

...(গোলমাল)...

শ্রী নেপাল মাহাতো : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার গোচরে নিয়ে আসার জন্য এই কথাটা উল্লেখ করছি যে, গোলমাল করলে কি করে হবে ? আজকে ডিসকাশন অন ডিমান্ড নম্বর 40 - একটু বলতে দিন স্যার।

..(গোলমাল)...

মিঃ স্পীকার : বলুন, বলুন। ওনাকে বলতে দিন।

শ্রী নেপাল মাহাতো : ডিমান্ড নম্বর 40 এবং 45-এর যে আলোচনা হচ্ছে, আপনি সেই আলোচনার তালিকা প্রকাশ করেছেন। বিভিন্ন বক্তাদের তাদের party affiliation, নাম দিয়ে আপনার তালিকা প্রকাশ করা আছে। কিন্তু স্যার, আমরা লক্ষ্য করলাম যে, মাননীয় ডঃ মানস রঞ্জন ভূঁঞ্যা তিনি বক্তব্য রাখছেন, তাঁর লিস্টে নাম নেই বা তাঁর party affiliation নেই। আমাদের শুধু একটাই ডিমান্ড তিনি কোন পার্টি থেকে বলছেন, সেইটা দয়া করে বলবেন, এবং শ্রদ্ধেয় মানসবাবু নিজেও খুব উপরের ...

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

মিঃ স্পীকার : ঠিক আছে আমি বুঝেছি। ঠিক আছে। ঠিক আছে। আমি আপনাকে বলি, Please আপনি বসুন। I got your point. I got your point. আমি আপনাদের বলব, অহেতুক যদি আপনারা এখানে চিৎকার চেঁচামেচি করেন কোনো কাজের সমাধান হয় না। Please, না। ...(গোলমাল)... আমাকে বলতে দিন। বসুন, আপনি বসুন।

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্য শ্রী মনোজ চক্রবর্তী অনারেবল স্পীকারের দিকে গিয়ে কিছু বলতে থাকেন।)

মিঃ স্পীকার : বসুন, আপনি বসুন এবং এটা আমার prerogative। আমার কাছে এইরকম এর আগেও অনেকে আবেদন করেছেন।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

মিঃ স্পীকার : শুনুন আমি আপনাদের বলি, এ'কথা কেউ অস্বীকার করতে পারে না যে, মানস রঞ্জন ভূঁঞ্যা এই সদনের একজন মাননীয় সদস্য। মাননীয় সদস্য হিসেবে উনি গতকাল বিকেলে আমার কাছে একটা চিঠি দিয়ে আমাকে অনুরোধ করেছেন যে, আজকের এই যে ডিমান্ডের উপরে উনি বক্তব্য রাখতে চান। এবং সেই পরিপ্রেক্ষিতে আমি কিছু কিছু সময় বার করে ওনাকে সময় দিয়েছি। এর আগে আপনি শুনে নিন, এর আগেও ভারতীয় জনতা পার্টির সদস্যদের নাম লিস্টে থাকতো না। জনতা পার্টির সদস্যগণ আমাকে অনুরোধ করাতে তাদের নাম আমি লিস্টে include করে তাদের বলতে দিয়েছি। সেইরকমভাবে গোর্খা জনমুক্তি মোর্চার ক্ষেত্রেও ঘটেছে। তখন আপনারা এই সব প্রসঙ্গ তোলেননি কারণ এটা আমার prerogative। আমি জানি না উনি বলতে গেলে পরে আপনাদের এতো আপত্তি করার কি কারণ। Party affiliation ...(গোলমাল)... please, please, বসুন, বসুন, বসুন। আমাকে বলতে দিন। আমাকে বলতে দিন। আমাকে বলতে দিন। আপনারা কেউ অস্বীকার করতে পারেন না যে, উনি এই সদনের সদস্য - এ'কথা অস্বীকার করা যায় না। এই সদনের সদস্য হিসেবে তিনি যদি বক্তব্য রাখতে চেয়ে আমার কাছে আবেদন করেন আমি তাঁকে রাখতে দিতেই পারি।

...(গোলমাল)...

শ্রী আলবিরুনী জুলকারনাইন : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী মাননীয় শ্রী সুব্রত মুখার্জী মহোদয়। কর্তৃক ডিমান্ড নম্বর ৪০ এবং ৪৫ নম্বর দাবী উপলক্ষে কিছু কথা বলতে চাই। ধন্যবাদ স্যার, আমি বলতে চাই যে, আপনার যে দপ্তর গ্রাম বাংলার মানুষ ওতোপ্রোতভাবে যে দপ্তরের সঙ্গে জড়িত আছে সেটা কিন্তু আপনার দপ্তরের সাথে। আপনার দপ্তরের যেটা মূল উদ্দেশ্য আমরা—যেটা মনে করি decentralization বিকেন্দ্রীকরণ — গ্রামবাংলায় এক্কেবারে গ্রাম সংসদ লেভেল অবধি যেন পঞ্চায়েত ব্যবস্থা পৌঁছে দিতে পারি তার উদ্দেশ্যে আপনার দপ্তর কাজকর্ম করে। তার মধ্যে যেটা আজকাল major component হচ্ছে MGNREGA. MGNREGA-তে আপনি উল্লেখ করেছেন আপনার ডিমান্ডে,

যে প্রায় দেশের মধ্যে ২৮কোটির মতন ম্যানডেজ তৈরী হয়েছে যা বিগত ১০বছরে - দ্বিতীয় স্থানে কিন্তু পশ্চিমবাংলা। কিন্তু দুঃখের সহিত বলতে হয় যে, যে ম্যানডেজ এর কথা বলা হচ্ছে, বাস্তবে কিন্তু তা ৩০থেকে৩৫ দিন গড়ে দিতে পারছি, ১০০শতাংশ কিন্তু কোথাও পৌঁছানো যাচ্ছেনা। ৫০দিনেও কোথাও পৌঁছানো যায়নি। তা, এই যে বিস্তার ফারাক ম্যানডেজের মধ্যে, তা দেখে মনে হয়, গ্রাম বাংলার যে — এই কয়দিন আগে দেখলাম যে মিনিমাম ওয়েজ কেন্দ্রীয় সরকার এখানে চার টাকা বাড়িয়েছে, এম জি এন আর ই জি এর মাধ্যমে। কিন্তু তার মধ্যে আপনাদের রাজ্যে এখানে মিনিমাম ওয়েজ প্রায় ২১৭টাকার কাছাকাছি, তার মধ্যে রাজ্য সরকার ইনক্রিজ করার কোনো চিন্তা ভাবনা করছে কি ? কারণ এখনও গ্রাম বাংলার মানুষ যারা এন আর ই জি এস এর মাধ্যমে কাজ কর্ম করে, তাদের কিন্তু এই প্রয়োজনীয়তা পুরো ১০০দিন কোথাও কোথাও আরো বেশী দরকার পড়ে। সব সময় কাজ পায়না, এটার মাধ্যম দিয়েই কিছুর কাজের

যোগান কিন্তু আমরা দিতে পারি। আপনার এখানে বলা হচ্ছে প্রায় চার হাজার পাঁচশো ষোলো কোটি টাকার বরাদ্দ করেছেন। কিন্তু একটা গ্যাপ আছে—৩৭১৪কোটি টাকার এখনও কিন্তু টাকা পাওয়া যায়নি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। তার মানে ৮০২কোটি টাকার মতন আমরা কিন্তু দিতে পেরেছি। বাকি টাকাটা মার্চ মাস শেষ হতে আসল, বাকি টাকাটা কোথা থেকে যোগান দেবেন, তার কি পরিকল্পনা আছে, তা যদি একটু জানান। এই যে আই এ ওয়াই থেকে শুরু করে যে পি এম এ ওয়াই যে বিভিন্ন ধরণের প্রকল্প, গ্রামীণ বাংলায় আছে, তার কিন্তু লিস্ট তালিকা বি পি এল.এর এখনও সঞ্চিত তালিকা প্রকাশ না হওয়াতে সমস্যার মধ্যে পড়া যাচ্ছে। গীতাঞ্জলী, গীতাঞ্জলীতে দেখি যে, যেখানে বিরোধী বিধায়করা আছেন, তাঁরা কিন্তু বেনিফিসিয়ারী সিলেক্ট করার আওতার মধ্যে থাকেনা। এম এস কে, এস এস কে.র মাধ্যমে আপনার দপ্তরের আন্ডারে রেখেছেন, কিন্তু এইটার শিক্ষার প্রসার যদি শিক্ষার আন্ডারে করা যায়, তাহলে মনে হয় ভাল হয়। আমি একটা উদাহরণ দিতে চাই, আমার জেলা মালদা জেলা, সেখানে কিন্তু এম এস কে, এস এস কে.র মাধ্যমে পড়াশুনা করা সত্ত্বেও এখনও পর্যন্ত ৪০পারসেন্ট ড্রপ আউট আছে। তো, শিক্ষাক্ষেত্রে যে ড্রপ আউটের সংখ্যা এত বেশী বেড়ে গেছে গ্রামীণ বাংলায়, তার জন্য পঞ্চায়েত দপ্তর যে এম এস কে, এস এস কে বিভিন্ন জায়গায় কিন্তু এম এস কে এখনও আরো বেশী পর্যাপ্ত নেই, তার দিকে তা বাড়ানোর কি চিন্তা-ভাবনা আছে ? আমরা যেমনি এখানে বাজেটে বক্তৃতা করছি, এই এখনও গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের মধ্যেও কিন্তু বাজেট হয়, সেই বাজেটে আমরা দেখি যে বিস্তার ফারাক কারণ, ওখানে ১০পারসেন্ট ইনক্রিজ করে দিয়েই বাজেটটা করা হয়। কিন্তু যে বাজেটটা আছে, তার পর্যাপ্ত টাকা পৌঁছানোর না কারণে, সেই বাজেটের সিমাটিক কাজগুলো কিন্তু করা যায়না। অনেক সময় সিমাটিক বহির্ভূত কাজগুলো হয়। সেইজন্য আজ পি এইচ ই দপ্তরের ব্যাপারে আমি বলব, যে আমার মালদা জেলা আর্সেনিক প্রভাবিত জেলা, ফ্লোরাইড প্রভাবিত জেলা, সেই জেলাতে যে পি এইচ ই.র ব্যবস্থা এখনও ৬০শতাংশ মানুষের কাছে পৌঁচেছে, বাকি ৪০শতাংশ মানুষকে যে পরিশোধিত পানীয় জলের ব্যবস্থা যদি করানো যায় তাহলে পরে যে জলের সংক্রান্ত যে চিকিৎসাগুলো হয়, অসুস্থ শরীর, অসুখ বিসুখগুলো হয়, তা নির্মূল করা। সম্ভব হবে। তো, আমি আপনার কাছে আবেদন রাখবো যে, আমাদের মালদা জেলায় বিগত দু-তিন বছর ধরে পুরনো পি এইচ ই গুলো যেগুলি হয়ে আছে, বিদ্যুৎ সংযোগও হয়ে আছে, কিন্তু এখন পর্যন্ত কিন্তু ইনোগ্রেশান হয়নি। সেগুলির উপরও যেন একটু ধ্যান দেবেন। আমি আর বিশেষ কিছু বলছি না, এই বলে আমার, যে কাটমোশান বিরোধীরা এনেছেন তা সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[4:30 – 4:40 p.m.]

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এমন দুটি বিষয় নিয়ে দপ্তরের বাজেট সম্পর্কিত আলোচনা হচ্ছে, ডিমান্ড নং ৪০ ও ৪৫, যেখানে আমাদের সমস্ত বিধায়কগণ, শাসক এবং বিরোধীপক্ষ, আমাদের সকলের আশা এই দুটি বিষয়কে আমরা যদি নিজেদের মনে করি, কোনো রাজ্য, কোনো রাষ্ট্র, কোনো দেশ তার উন্নয়নের মাত্রা কত দূর এগোবে তাহলে এই দুটি বিষয়ে আলোচনার জন্য আমাদের সবথেকে বেশি সকলের সম্যক জ্ঞান, সকলের পূর্ণ সহযোগিতার প্রয়োজন। একটি হচ্ছে, আমাদের গ্রামীণ এলাকা, আর একটি হচ্ছে পানীয় জল। দুটি বিষয় আমাদের অত্যন্ত জরুরী। আমরা মানুষ হিসাবে জন্ম নিয়েছি। আজকে আমি খুব অবাক হয়ে গেলাম বিরোধী দলের যাঁরা নেতৃত্ব, যাঁরা বিধায়ক এখানে উপস্থিত আছেন তাদের ভূমিকা দেখে ডিমান্ড নম্বর ৪০ এবং ৪৫এর আলোচনা প্রসঙ্গে বলি, ৪৫ নং ডিমান্ড আমাদের সবথেকে প্রয়োজনীয় সম্পদ। মানুষের জলই হচ্ছে জীবন। আমরা সবাই জানি, পৃথিবীতে তিন ভাগ জল, এক ভাগ স্থল। পৃথিবীতে তিন ভাগ জলের মধ্যে

মিষ্টি জলের পরিমাণ অতি সামান্য। আমি জানি না, যে মিষ্টি জল আমাদের মানুষের জীবন ধারণের জন্য অত্যন্ত প্রয়োজন, তার অভাব যথেষ্ট রয়েছে। আগামী দিনে এই জল আমাদের যেকোনো মূল্যে রক্ষা করতে হবে। আগামীদিনে যদি যুদ্ধ হয় তাহলে মিষ্টি জলের জন্য বিশ্ব যুদ্ধ হতে পারে। মানস সরোবরের জলও যথেষ্ট মিষ্টি। এইরকম কোনো মিষ্টি জলের ভূমিকায় কংগ্রেস দলের এই যুদ্ধটা আমাদের সকলের পছন্দ হয়নি। এইটুকু আমি আজকে এই সভায় সকলের সামনে বলতে চাই। একজন বর্ষীয়ান বিধায়ক তার কাছ থেকে। যদি দুটো কথা সকলে আমরা শুনতে পেতাম, নিশ্চিতভাবে আমরা বিশ্বাস করতে পারি, আমাদের দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন রাজনৈতিক ব্যক্তিত্ব তাঁর কাছ থেকে আমাদের মানুষ জন্মের সার্থকতা জানতে পারতাম। জল বা পানীয় জল দিয়ে কিভাবে মানুষকে বাঁচিয়ে রাখা যাবে এই ব্যাপারে তাঁর মুখ থেকে ২-১টা কথা শুনলে খুব একটা খারাপ হত না। আমাদের বিরোধী বিধায়ক তথা কংগ্রেস বেঞ্চের থেকে যাঁরা ঘটনাটা ঘটালেন বিধায়ক হিসাবে আমাদের বড় লজ্জা লাগছে। আমি আপনাদের কাছে বলতে চাই, আজকে রাজ্য সরকার, মা-মাটি-মানুষের সরকার, যে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তাঁর নেতৃত্বে পশ্চিমবাংলায় সব দিক থেকে সর্বাত্মক প্রয়াস শুরু করা হয়েছে। যেটাতে আমি প্রথমে শুরু করেছিলাম, রাজ্য সরকারের সেই দপ্তরের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মাননীয় মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়ের এই বাজেট আগামীদিনে পশ্চিমবাংলার মানুষকে কিভাবে জল দিয়ে বাঁচিয়ে রাখার জন্য তিনি কি ভূমিকা পালন করছেন। আমরা ইতিমধ্যেই জানি, এই দপ্তরের বাজেটে তিনি এ পর্যন্ত ২০১৭-১৮তে মোট ২২৪৯কোটি ১১ লক্ষ ২৮ হাজার টাকা ব্যয়বরাদ্দ গ্রহণ করেছেন। আমরা দীর্ঘদিন ধরে জানি, এটা নতুন করে বলার কিছু নেই, পশ্চিমবাংলার আজকে জনসংখ্যার বিষয়ে স্বাধীনতার আগে আমাদের একজন কবি অতুলপ্রসাদ সেন, তিনি একটা গান লিখেছেন, সেই গানটা নিশ্চয় আপনাদের সকলের জানা আছে। অতুলপ্রসাদ সেনের সেই গান, 'তেত্রিশ কোটি মোরা নহি মোরা ক্ষীণ, হতে পারি দীন তবু নহি মোরা হীন।' স্বাধীনতার আগে এই ভারতবর্ষে ৩৩ কোটি জনসংখ্যা নিয়ে আমাদের পশ্চিমাংলায় অতুলপ্রসাদ সেন একটি গান গেয়েছিলেন। আজকে এই ভারতবর্ষের জনসংখ্যা হচ্ছে ১২৫ কোটির উপরে। আমরা জানি পশ্চিমবাংলায় স্বাধীনোত্তর পর্বে তিন কোটি মানুষ তিন গুণ বৃদ্ধি পেয়ে নয় কোটি মানুষ পশ্চিমবাংলায় এখন বসবাস করছে। এই মানুষকে যদি আমাদের বাঁচিয়ে রাখতে হয়, তাহলে সব থেকে প্রথম দরকার হচ্ছে। পানীয় জলের। বিগত দিনে বিভিন্ন সরকার, সর্বোপরি ৩৪ বছরের বামফ্রন্ট সরকারকে আমরা দেখেছি। আমরা দেখেছি পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় ৩৪ বছরের গ্রামীণ অর্থনৈতিক ব্যবস্থায় তাদের ভূমিকার কথা কারোর অজানা নেই। সেই সময়ে আমরা দেখেছি, গ্রামের স্কুলে স্কুলে বাইশ ফুট পাইপের টিউবওয়েল, যেটা তুলতে গেলে পি.এইচ.ই দপ্তরের খরচ পড়বে দশ হাজার টাকা, এই টিউবওয়েলগুলো বসাতে তখন খরচ হয়েছিল পনেরো হাজার টাকা। এই অবস্থায় দাঁড়িয়ে সেই টিউবওয়েলগুলো পড়ে রয়েছে। সেই অর্থটা কোথায় গিয়েছে তার সদুত্তর দিতে আপনারা পারবেন না। কেউ কেউ বলবেন কেন্দ্রীয় সরকার তখন টাকা দিয়েছিল, কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছিল ঠিকই, এটাতো কেন্দ্রীয় সরকারের সাংবিধানিক দায় ও দায়িত্ব। সারা পৃথিবীর সকলেই চাই মানুষ হিসাবে আমরা বেঁচে থাকি। আজকে বিশ্বব্যাঙ্কও সেইজন্য দায়িত্ব নিয়েছে মানুষকে পানীয় জল দেওয়ার জন্য এবং ভারতবর্ষকে তারা সেইজন্য অর্থ দিচ্ছে। তেমনি এই রাজ্যে যে সরকার ক্ষমতায় আছে তাদেরও দায়িত্ব আছে মানুষকে বাঁচিয়ে রাখার, সেইজন্য সকলের কাছে আমাদের পানীয় জল পৌঁছে দিতে হবে। বামফ্রন্ট আমলে আমরা দেখেছি, গ্রামেগঞ্জে অনিয়ন্ত্রিত ভাবে মাটির তলার জলকে উত্তোলন করা হয়েছে যার ফলে সারা পশ্চিমবাংলায় বিভিন্ন গ্রামে আর্সেনিক ও ফ্লোরাইডের উৎপত্তি হয়েছে। মা-মাটি-মানুষের সরকার যদি পশ্চিমবাংলায় ক্ষমতায় এসে এই ব্যাপারে

ব্যবস্থা গ্রহণ না করত, তাহলে দিকে দিকে মানুষ ফ্লোরাইড ও আর্সেনিকে আক্রান্ত হত এবং এইসব রোগে মৃত্যুর হার দেখে আপনাদের চমকে উঠতে হত। এই দপ্তরের আলোচনার আগে শিল্প দপ্তরের বাজেট নিয়ে আলোচনা হয়েছে, সেই সময় আপনারা শুধু শিল্পের গল্প শুনিয়েছেন। আমার পাশের সদস্য তপনকে আমি জিজ্ঞাসা করছিলাম, সে বলছিল সেখানে বৃহৎ শিল্প করেছিল কোকো কোলা। সেখানে তাঁরা কোকোকোলা তৈরী করতে এবং 'কিনলে' নামে মিনারেল ওয়াটারের বোতল তৈরী করতেন। মাটির তলার জল তুলে নিয়ে তারা এই কোম্পানিটা সেখানে চালাত। সেই এলাকার মাটির নীচের জলের স্তর তারা এইভাবে কমিয়ে দিয়েছিল। তাঁরা নদী থেকে জল তুলে এই বড় শিল্প করেননি, তাঁদেরতো এটা দায় ও দায়িত্ব ছিল। তাঁরা সেই দায়িত্ব পালন করেননি। কোন অর্থের বিনিময়ে এই কাজ হয়েছিল সেটা আমরা জানিনা। আগামী দিনের বিপদের কথা তাঁরা ভাবেননি।

[4:40 – 4:50 p.m.]

কিসের বিনিময়ে সেটা কোন অর্থের বিনিময়ে, সেটা যারা ভাবেননি - মানুষের দুঃখ, আগামী দিনের বিপদ — সেইভাবে যারা ভাবেনি, আজকে সেই বিষয়টা সবচেয়ে আলোচনার বিষয়বস্তু হওয়া উচিত ছিল। সেটা যখন করেনি। আমরা মনে হয় এই যুদ্ধ আমরা সকলে মিলে একযোগে মানুষকে বাঁচানোর যুদ্ধ, সেই যুদ্ধতে আসুন - সবাই মিলে গ্রাম বাঁচাই এবং মানুষকে বাঁচাই। এই দুটো বাজেটে সম্পূর্ণ সমর্থন জানিয়ে, আপনাদের কাটমোশানকে বিরোধিতা করে, আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।।

Shri Mahasin Ali : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই ৪০ নম্বর/৪৫ নম্বার ডিমান্ড - সেখানে মাননীয় মন্ত্রী মহোদয়, ২২৪৯ কোটি ১১ লক্ষ ২৮ হাজার টাকার ব্যয় বরাদ্দের দাবি। রেখেছেন,আমি আমাদের কাটমোশানকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এখানে পঞ্চায়েত দপ্তরের কতকগুলো বিষয় নিয়ে আলোচনা এখানে রাখা হয়েছে। আমি যে কথাটা বলতে চাই, যে। বিশুদ্ধ পানীয় জল মানুষের জীবন বাঁচায়। বিষাক্ত জল তার বিপরীত কাণ্ড ঘটায়, মানুষের জীবন নাশ করে। এই বিশুদ্ধ পানীয় জল বিশ্বস্বাস্থ্য সংস্থা থেকে বলা হচ্ছে আগামী কয়েক বছরের মধ্যে সারা বিশ্বে সব চেয়ে দাবি বস্তুতে পরিণত হবে বিশুদ্ধ পানীয় জল। কাজেই বিশুদ্ধ পানীয় জল সরবরাহের বিষয়ে এখানে যে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে এবং যে সমস্ত পরিকল্পনা বিগত দিনে গ্রহণ করা হয়েছে, সেই - পরিকল্পনার মধ্যেই কিছুটা আর্সেনিক, ফ্লোরাইড যুক্ত জলের কিছুটা সুরাহা হলেও - সামগ্রিকভাবে পশ্চিমবাংলায় সমস্ত এলাকায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহের বিষয়টা এখনও অনিশ্চিত অবস্থায় আছে। আমি যে কথা বলতে চাই, ফারাক্কা থেকে একেবারে সাগর পর্যন্ত গঙ্গা নদী, আমাদের রাজ্য থেকে মোটামুটি এই দুটি জায়গাকে, দুটি অংশে বিভক্ত করেছে। পূর্ব দিকে মেদিনীপুর,পশ্চিম মেদিনীপুর,হুগলী, হাওড়া,বর্ধমান — এই জেলাগুলি। অপরদিকে একেবারে মালদা থেকে শুরু করে দক্ষিণ ২৪ পরগনা পর্যন্ত এই দুটি অংশের মধ্যে পশ্চিম দিকের অংশে জলের আর্সেনিকের পরিমাণ অপেক্ষাকৃত কম। কিন্তু পূর্ব দিকের জেলাগুলিতে আর্সেনিকের পরিমাণ অত্যন্ত বেশি। এই আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ করার ক্ষেত্রে সারফেস ওয়াটার, সেই জলটাকে পরিশুদ্ধ করে সরবরাহ করার কাজও শুরু হয়েছে। কিন্তু আমরা লক্ষ্য করছি, যে আমাদের রাজ্যে বিশেষ করে মুর্শিদাবাদ জেলার কথা আমি বলব, যে এই জেলায় বেলডাঙ্গা এবং লালবাগে দুটি এই ধরনের প্রকল্প গ্রহণ করা হয়েছে। আরও অনেক এলাকা লালগোলা,ভগবানগোলা - ১ এবং ২, রাণীনগর, বানপুর, জলঙ্গী, ডোমকল, হরিহরপাড়া — এই সমস্ত এলাকাগুলো হচ্ছে সবচেয়ে আর্সেনিকপ্রবণ এলাকা। যেখানে আগেও আর্সেনিকে আক্রান্ত মানুষের সংখ্যা যথেষ্ট পরিমাণে এবং তাদের চিকিৎসার খরচ বিশাল এবং

অনেকে এই রোগে আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেছেন। সেই কারণে এই জায়গাগুলিতে এবং অপরূপভাবে গঙ্গার জল সংশোধন করে সরবরাহের ব্যবস্থার জন্য দাবি রাখছি। সেই সঙ্গে বলতে চাই, যে একটি জেলা বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় ৩০৭টি জল প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছিল, পাম্পে জল তুলে সেটা নলের মাধ্যমে সরবরাহ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যস্বরূপ আমরা লক্ষ্য করছি, যারা এই জমি দিয়েছিলেন এবং দাম পেয়েছেন — কিন্তু সেই জমির মালিকরা নাকি চাকরী দেওয়ার সর্তে জমি দিয়েছিলেন। আজকে যখন সেই জায়গায় কনট্রাকটারদের লোকেরা সেই প্রকল্পগুলোকে চালানোর চেষ্টা করছে এবং অধিকাংশ বন্ধ ঠিকমত জল সরবরাহ হয় না। যখন কর্মীরা সেখানে গেল, আমাদের চাকরী দিতে হবে, এই বলে তাদেরকে কাজে যোগদান করতে দেওয়া হয়নি। এই অবস্থার মধ্যে দিয়ে মুর্শিদাবাদ জেলায় ৩০৭টি জল উত্তোলন প্রকল্পের কাজ অনিশ্চিত অবস্থার মধ্যে আছে। এই বিষয়টি দেখবার জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আমি যে বিষয়টা বলতে চাই এখানে পানীয় জল নিয়ে আরও অনেক কথা আলোচনা হয়েছে। আমি যে বিষয়টা বলতে চাইছি, চাষীরা যখন জমিতে সেচ দেওয়ার জন্য সাবমার্সিবল টিউবওয়েল বা এই ধরণের ডিপ টিউবওয়েল বসিয়ে জমি সেচের ব্যবস্থা করছেন, তখন কারিগরী দপ্তরের পক্ষ থেকে তাদের বিভিন্ন রকমের বাধা সৃষ্টি করা হচ্ছে। যেহেতু পৃথিবীর তলদেশের জল উপরে তুলে জলের ভারসাম্য নষ্ট হওয়ায় আর্সেনিকের পরিমাণ বাড়ছে। সেই কারণেই দপ্তরের পক্ষ থেকে বাধা দেওয়া হচ্ছে। কিন্তু আমরা দেখছি, এমনকি কলকাতা শহরেও, সারা গঞ্জে এবং গ্রাম বাংলাতেও আমরা দেখছি, জলের ব্যবসা চলছে। বাড়িতে পাম্প বসিয়ে সেখান থেকে জল তুলে সামান্য শোধন করে কুড়ি লিটারের জারে করে সেই জলগুলো ছোট ছোট গাড়িতে করে বাড়ি বাড়ি পৌঁছে দেওয়া হচ্ছে। অপেক্ষাকৃত সেইগুলো সস্তা। কিন্তু সেই জলগুলোর গুণমান সম্পর্কে এই দপ্তরের কোন নজরদারি আছে কিনা বলবেন। এই নজরদারি যদি না থাকে এবং যে পরিমাণ জল উত্তোলন করা হচ্ছে,তাতে গ্রাউন্ড ওয়াটারের ভারসাম্য নষ্ট হতে পারে। কাজেই এই বিষয়টা এই দপ্তরের গভীরভাবে দেখা দরকার বলে আমরা মনে করছি। বিভিন্ন যে জল বোতলে করে সরবরাহ করা হয়, সেই সমস্ত বোতলের গায়ে দেখা যায় আই এস আই লেখা আছে, অ্যাকোয়ার্ড ইত্যাদি বিভিন্ন লেখা বোতলে কখনও কখনও জল সরবরাহ করা হয়। আমি জানি না এই দপ্তরের পক্ষ থেকে এই জলগুলোর উপর নজরদারি করা হয় কিনা বা তার সঠিক গুণমান আছে কিনা। যা মানুষ কিনে খায়, যার থেকে জলবাহিত রোগে মানুষ আক্রান্ত হতে পারে। এই বিষয়গুলি গভীরভাবে চিন্তা করা দরকার। আমি যে বিষয়টা বলতে চাইছি, পঞ্চায়েত ব্যবস্থা সম্বন্ধে। পঞ্চায়েত ব্যবস্থা সম্পর্কে আমাদের বন্ধুরা বলেছেন, রাজ্যে নাকি উন্নয়নের জোয়ার বইছে। আপনাদের ছোট্ট একটা উদাহরণ দিতে চাই। ২০১৩ সালে মুর্শিদাবাদ জেলায় যে পঞ্চায়েত নির্বাচন হয়েছিল, সারা রাজ্যের সঙ্গে মুর্শিদাবাদ জেলাতেও হয়েছিল। সেখানে একটি মাত্র পঞ্চায়েত সমিতিতে তৃণমূল জিতেছে। আমি দায়িত্ব নিয়ে বলছি আজ পর্যন্ত সেই পঞ্চায়েত সমিতির দরজা একবারও খোলে নি। তাহলে সহজেই প্রমাণ করা যায় যে, উন্নয়নের জোয়ার পঞ্চায়েতের মধ্য দিয়ে কিভাবে চলছে। অপর দিকে, গরু কেনা-বেচায় মাধবপুরে মুর্শিদাবাদ জেলা পরিষদ দখল করার মধ্যে দিয়ে আজকে সেখানে একটা নতুন ব্যবস্থা চালু হয়েছে। ৬৫৪০ কোটি টাকা প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার টাকা মুর্শিদাবাদ পায় নি, বঞ্চিত হয়েছে। যদি আজকে মুর্শিদাবাদ সেই টাকাটা পেত, তাহলে মুর্শিদাবাদ জেলারও রাস্তাঘাটের যে। দুরবস্থা, গ্রামবাংলার রাস্তাঘাটের যে দুরবস্থা, সেই দুরবস্থা কাটিয়ে সেখানকার মানুষও চলাচল করতে পারত। এটা অবশ্যই রাজনৈতিক দুরভিসন্ধি থেকেই সেই জেলাকে সম্পূর্ণরূপে বঞ্চিত করে মুর্শিদাবাদের টাকা দিয়ে অন্য জেলাতে উন্নয়নের কাজ হয়েছে, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় কাজ হয়েছে, এই ব্যাপারে কোন সন্দেহ নেই। আমি আর

যে বিষয়টা বলতে চাইছি, জাতীয় কর্ম পরিকল্পনা — যেটা এনরেগা প্রকল্পে আজকে যে কাজকর্ম হচ্ছে, সেই কাজকর্মের মধ্যে একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে— 'জল ভরো, জল ধরো, 'আমি বলব 'টাকা ভরো, টাকা ধরো'— এই প্রকল্পটার নাম দিলেই বোধ হয় সব থেকে ভালো হত। সেই প্রকল্পগুলোয় যে পুকুরগুলোয় অর্থ দান করা হয়েছে বা তৈরী করা হয়েছে, সেই প্রকল্পের তৈরী করা পুকুর থেকে বিশুদ্ধ বা সারফেস ওয়াটার সরবরাহের ব্যবস্থা কি স্যার করা সম্ভব ? এই বিষয়গুলো আজকে পঞ্চায়েতী ব্যবস্থার মধ্য দিয়ে দেখা যাচ্ছে। আমাদের পূর্ববর্তী বক্তা বলেছেন যে, সব ধরণের ভাতার পরিমাণ এই ২০০০ সালে বন্ধ হয়ে গেছে, অনুমোদন পাচ্ছে না। কোথাও এ পি এল, বি পি এল -এর বিষয় তুলে, কখনও বা এই প্রকল্পকে আর কোন অনুমোদন না দিয়ে বার্ধক্য ভাতা, বিধবা ভাতা, প্রাক্তন ভাতা, কৃষক ভাতা - এই সমস্ত ভাতাগুলোতে আর কোন অনুমোদন দেওয়া হচ্ছে না। অপর দিকে এস এস কে, এম এস কে, মাধ্যমিক শিক্ষা, এম এস কে -ইত্যাদি প্রকল্পগুলিতে নতুন করে শিক্ষক নিয়োগ, তাদের মাইনে বৃদ্ধি ইত্যাদির ব্যাপারে কোন উদ্যোগ এই দপ্তরের পক্ষ থেকে নেওয়া হচ্ছে না। সামগ্রিকভাবে এই অংশে যাঁরা শিক্ষকতা করেন, যাঁরা পঠন-পাঠনের সঙ্গে যুক্ত আছেন, তাঁরা ভীষণ হতাশার মধ্যেও দিনপাত করছেন। এই বিষয়টিও আজকে গভীর সংকটের মধ্যে নিমজ্জিত। আমরা দেখতে পাচ্ছি, পঞ্চায়েতরাজ যে তৈরী হয়েছে, যিনি এই দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয়, যিনি পঞ্চায়েত ব্যবস্থার জন্মদাতা, যিনি আইন তৈরী করেছিলেন, আজকে তাঁরই রাজত্বে, তাঁরই নেতৃত্বে, তাঁরই মন্ত্রীত্বে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের রাজ্যের ক্ষমতা বিকেন্দ্রীকরণ তো দূরের কথা, উল্টো করে সি এম টু ডি এম, ডি এম টু বি ডি ও — এই ব্যবস্থা চালু হচ্ছে।

[4:50 – 5:00 p.m.]

বিরোধী দলের এম.এল.এ -রা আজকে কোনও কাজের সুযোগ পাবেন না। তারা ইন্দিরা আবাস যোজনা, প্রধান মন্ত্রী গ্রাম সড়ক যোজনা থেকে শুরু করে কোন পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে তাদের কোন মর্যাদা নেই। এই রকম অবস্থায় ক্ষমতাকে আরও কুক্ষিগত করা, আরও কেন্দ্রীভূত করে পঞ্চায়েতিরাজ ব্যবস্থার মৃত্যু ঘণ্টা বাজানো হয়েছে এই ব্যবস্থার মধ্য দিয়ে। এই কথা বলে আমি এই কাট-মোশান-কে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Smt. Nargis Begam : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়নের মন্ত্রী মাননীয় সুব্রত মুখার্জী মহাশয় পবিত্র সদনে ২০১৭-১৮ সালের জন্য যে ৪০ নম্বর দাবীর ব্যয়-বরাদ্দ অনুমোদন চেয়েছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য পেশ করছি। স্যার, পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তর একটি গুরুত্বপূর্ণ দপ্তর। এই পঞ্চায়েতরাজ এবং সংস্থার মাধ্যমে তিন হাজার চারশোটি গ্রাম, প্রায় ৩৫০টি গ্রাম পঞ্চায়েত সমিতি প্রকল্পগুলি রূপায়ণ করে থাকে। মানুষের চেতনার বিকাশ এবং মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন এই প্রকল্পগুলির আসল উদ্দেশ্য। স্যার, মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের ওপর যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে। কারণ প্রকল্পটি মূলতঃ দারিদ্র্যসীমার নীচে যে সমস্ত মানুষ আছে তাদের জন্য। অতীতে বামসরকারের আমলে রাজ্যে দারিদ্র্যসীমার নীচে বসবাস করা লক্ষ লক্ষ মানুষ কাজের জন্য বিভিন্ন রাজ্যে চলে যেতেন। বিভিন্ন রাজ্যে গিয়ে তাদের ভাষার অসুবিধা হ'ত। তাই তাদের ছেলে-মেয়েরা পড়াশোনা শিখতে পারত না। তাদের পড়াশোনা হ'ত না। এখন সেই তুলনায় খুব অল্প সংখ্যক মানুষ তাও পরিবারের একজনই ভিন্ রাজ্যে যান। বাকি সদস্যরা এমনকি মহিলারা মা-মাটি-মানুষের সরকারের অনুপ্রেরণায় মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিতকরণ প্রকল্পে কাজ পাচ্ছেন। মা-মাটি-মানুষের সরকারে মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্ম নিশ্চয়তার

আইনের অধীনে শ্রম বাজেট বরাদ্দ ১২৮ শতাংশ আনুপাতিক হারে কর্মসংস্থান সম্ভব হয়েছে। একশো দিনের কাজে ২০১৫-১৬ সালে ২৮ কোটি শ্রম দিবস সৃষ্টি হয়েছে যা দশ বছরের মধ্যে মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প রূপায়ণে সব চেয়ে বেশি। এবং ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার দ্বিতীয় স্থান। স্যার, ক'দিন পরে বর্ষা আসবে। ছ'বছর আগেও দেখেছি, গ্রামে বর্ষা হলে রাস্তা জলে, কাদায় ভর্তি হয়ে থাকত। এখন গ্রামে গ্রামে, পাড়ায় পাড়ায় এমনকি, দুর্গম এলাকাতে ঢালাই রাস্তা যাঁর অনুপ্রেরণায় হয়েছে, মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের। গ্রাম সড়ক যোজনার অধীনে ৫২২ কোটি টাকা খরচ করে ৪৪৬ কিঃমিঃ রাস্তা তৈরি হয়েছে এই অর্থবর্ষের ডিসেম্বর পর্যন্ত। গ্রামগুলিতে সকাল বেলাই যে পরিচিত দৃশ্য দেখতে হ'ত তা হ'ল খোলা জায়গায় শৌচ করা। এখন নির্মল বাংলা মিশনের ব্যাপক প্রচারে গ্রামের মানুষ অনুপ্রাণিত হয়ে পঞ্চায়েতের সাহায্যে ঘরে ঘরে পাকা শৌচালয় করেছেন। তার ফলে এই অর্থবর্ষে নদীয়া, উত্তর চব্বিশ পরগণা, পূর্বমেদিনীপুর, হুগলী জেলা সহ গোটা ১৬ হাজার দু'শোটি গ্রাম খোলা জায়গায় শৌচকর্মবিহীন হিসাবে ঘোষিত হয়েছে।

স্যার, গ্রামের মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য জনগণমন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় পঞ্চায়েতের মাধ্যমে 'আনন্দধারা', 'নির্মল বাংলা মিশন', 'প্রধানমন্ত্রী সড়ক যোজনা', 'আবাসন যোজনা', 'শিশুশিক্ষা কর্মসূচী', 'মাধ্যমিক শিক্ষা কর্মসূচী', 'মহাত্মা গান্ধী জাতীয় কর্মসংস্থান প্রকল্প', ইত্যাদি কর্মযজ্ঞ চলছে। মা-মাটি-মানুষের সরকারের আন্তরিকতায় গ্রামের মানুষের মূল ঠিকানা হয়েছে এখন পঞ্চায়েত। গ্রামের বাচ্চাদের পোলিও খাওয়াতে গেলেও মানুষ পঞ্চায়েতে যান। রেশন কার্ডের জন্য পঞ্চায়েতে যান এবং ১০০ দিনের কাজের জন্যও এখন পঞ্চায়েতে যান। আধার কার্ডের জন্য পঞ্চায়েতে যান। পঞ্চায়েতের এমন উন্নতি বা এমন উন্নয়ন ঘটিয়েছেন আমাদের মা-মাটি-মানুষের সরকারের নেত্রী মমতা ব্যানার্জী। মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে 'আনন্দধারা' প্রকল্পের মাধ্যমে মহিলা স্বনির্ভর গোষ্ঠী এক ঐতিহাসিক সাফল্যের ঘটনা। পঞ্চায়েতগুলোকে সিঙ্গল ইউনিট হিসাবে জনপ্রতিনিধি তৈরী করে বাংলার মাটিতে তার সার্থক রূপায়ণ হয়েছে যা গোটা ভারতবর্ষে নজিরবিহীন ঘটনা। আগে বামফ্রন্ট সরকার পঞ্চায়েতে উন্নয়নের কাজ করেনি। তারা পঞ্চায়েতের টাকা দিয়ে দলবাজী করতো, ক্যাডারদের অস্ত্র কিনতো। পঞ্চায়েতের টাকা দিয়ে সি.পি.এম পার্টি সম্মেলন করতো, পার্টি অফিস তৈরী করতো। কিন্তু মমতা ব্যানার্জীর সরকার ক্ষমতায় এসে ই-পেমেন্ট এবং ই-টেন্ডার চালু করেছেন। সব কাজে স্বচ্ছতা বজায় রেখেছেন। আজ পঞ্চায়েতে কোনো রঙ নয়, লাল-নীল-কমলা-হলুদ, কোনো রঙ নয়, একটাই রঙ সেটা হচ্ছে মানুষের রঙ। মা-মাটি-মানুষের জনগণ-মন নেত্রী গ্রামের মানুষের ঘরে ঘরে সার্বিক উন্নয়ন পৌঁছে দিয়েছেন। মহাত্মা গান্ধীর স্বপ্নের পঞ্চায়েত-রাজ এখন বাংলায় চালু হয়েছে।

স্যার, আগামীকাল ৮ই মার্চ, আন্তর্জাতিক নারী দিবস। মাননীয়া মুখ্যমন্ত্রী নারী প্রগতির কথা বলেছেন পঞ্চায়েতের মাধ্যমে। মাননীয়া মুখ্যমন্ত্রীকে প্রণাম জানাই এই কারণে যে, তিনিই প্রথম মহিলাদের জন্য ৫০ শতাংশ আসন সংরক্ষণ করেছেন, নারীদের সম্মান জানিয়েছেন। আমাদের নেপাল-দাকে দেখে দুঃখ লাগে।

(এই সময় বক্তার বলার সময় শেষ হয়ে যাওয়ায় বক্তার মাইক্রোফোনের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।)

শ্রীনগেন্দ্রনাথ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী সুব্রত মুখার্জী মহাশয় ২০১৭-১৮ অর্থিক বছরের জন্য ২,২৪৯ কোটি ১১ লক্ষ ২৮ হাজার টাকার ব্যয় বরাদ্দ রেখেছেন। আমি ওনার ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে এবং বিরোধীদের

আনা কাট-মোশান সমর্থন করে সংক্ষেপে কয়েকটি কথা এখানে তুলে ধরছি।

২০০৯ সনে ভারত সরকার এই প্রকল্প ঘোষণা করেছে এবং জাতীয় লক্ষ্যে সাযুজ্য রাখার জন্য পরিকল্পনা গ্রহণ করেছিল গোটা ভারতবর্ষ এবং সেই জন্য আমাদের পশ্চিমবঙ্গেও হয়, নলবাহিত জল প্রতিটি গ্রামে পৌঁছে দেবে। কিন্তু আমি লক্ষ্য করছি, আমি অন্যান্য জেলার কথা বলছিনা, আমাদের কোচবিহার জেলায়, আমার যে এলাকা, সেখানে ৩৪ বছরে আমরা যা করে গিয়েছিলাম সেই ছবিই রয়েছে। বাড়তি কোনো কাজ সেখানে হয়নি।

[5:00 – 5:10 p.m.]

পরিশ্রুত পানীয় জল থেকে সেখানকার মানুষ বঞ্চিত হয়েছে। আমি ইতিমধ্যে মন্ত্রী মহোদয়কে বলেছি— আমার এলাকায় একটা রিজারভার হয়েছে, কিন্তু সেটা এখনও কেন চালু হল না সে সম্পর্কে আমি লিখিতভাবে এবং মৌখিকভাবে বলেছিলাম। উনি বলেছিলেন সেটাতে প্রায় ২৫ হাজার টাকার বিদ্যুৎ বিল বাকি এবং তিনি বলেছিলেন যে এটা জেলা পরিষদকে হ্যান্ডওভার করা হয়েছে। জেলা পরিষদ বলছে এটা পঞ্চায়েতকে হ্যান্ডওভার করা হয়েছে, পঞ্চায়েত এটা মেটাবে। কিন্তু ওখানকার কয়েকটি গ্রাম পঞ্চায়েত যারা এই জলের সুযোগ নেয় তারা মানে ওই তিনটি গ্রাম পঞ্চায়েতের প্রধানরা এটা মেটাতে রাজি হলেন না। যার ফলে আজকেও সেই প্রকল্পটি চালু হল না। রিজারভারটা চালু হলে প্রতি বাড়িতে জল দেওয়া যেত। অন্তত শতকরা ৩০ টি বাড়িতে জল যেত। যার ফলে আমার ১৩ টি অঞ্চলের মধ্যে অধিকাংশ অঞ্চল এই পানীয় জল থেকে বঞ্চিত। যাই হোক এখানে পানীয় জলের জন্য বলা হয়েছে প্রাণধারা প্রকল্প যেটা বলা হয়েছে এক লিটার হল ১৮ টাকা, আর পাঁচশো গ্রাম ১০ টাকা। এটা খুবই ভাল জিনিস। কিন্তু আমি যেটা লক্ষ্য করলাম গোটা পশ্চিমবঙ্গের মধ্যে কোচবিহার, জলপাইগুড়ি এই দুটি জেলা ছাড়া উত্তরবঙ্গের আর কোনো জেলার নাম এখানে নেই। আমি মন্ত্রী মহোদয়কে বলবো, শিক্ষা, স্বাস্থ্য এবং পঞ্চায়েত, বিদ্যুৎ এই দপ্তরগুলি গুরুত্বপূর্ণ। আমি মনে করি যে এই দপ্তরগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এর সংগে সাধারণ মানুষের যারা গ্রামে বাস করে তাদের সুস্থ থাকার জন্য জলের প্রয়োজন। জলের নাম জীবন। এইজন্য আমি মন্ত্রী মহোদয়কে অনুরোধ করবো কোচবিহারের সংগে সংগে আমার ব্লকের যে অঞ্চলগুলিতে জলের লাইন যায়নি সেখানে জলের ব্যবস্থা করবেন। বিশেষ করে একটা কথা— জনপ্রতিনিধি হিসাবে যখন আমরা গ্রামেগঞ্জে যাই তারা বলে বামফ্রন্টের আমলে স্কুল হয়েছে, বিদ্যুৎ হয়েছে, এখন পানীয় জলটাই পাচ্ছে না। আমি আবারও অনুরোধ করবো গোটা পশ্চিমবঙ্গের সংগে সংগে আমার ব্লকের সাধারণ মানুষ যাতে পানীয় জল পেতে পারে তার ব্যবস্থা করবেন। এই কয়েকটি কথা বলে আমি বাজেটের বিরোধিতা করে আমার কথা শেষ করছি। ধন্যবাদ।।

শ্রীমতী রহিমা মন্ডল : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জীর যে ২০১৭-১৮র বাজেট, যে ৪০ নাম্বার দাবি এনেছেন, সেই দাবিকে পূর্ণ সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, তার আগে এই পবিত্র সদনে যেভাবে বিরোধীরা তাণ্ডব শুরু করেছে, বাংলার মানুষ ওদের প্রত্যাখ্যান করেছে আপনারা নিশ্চয়ই জানেন ২০১১ থেকে ২০১৬ সালের নির্বাচনে ওদের ধুয়ে মুছে সাফ করে দিয়েছে - ওদের কুকীর্তি, ওদের কুকর্ম— ওরা যারা এসেছিল এই পবিত্র সদনে তারাও ওদের আর পাশে থাকছে না, মমতা বন্দ্যোপাধ্যায়কে সমর্থন করছে। আমি ওদেরকে ধিক্কার জানাই। ওদের কুকর্মকে আমি ধিক্কার জানাই।

স্যার, মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন ২০১১ সালে মানুষ যখন দোয়া, আশীর্বাদ করেছিলেন

— সবার জন্য কাজ চাই, সবার পেটে ভাত চাই। তাই MGNREGS কাজের মাধ্যমে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প যা ২০১৫-১৬ সালের বাজেটে পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী সুব্রত মুখার্জীর ঐকান্তিক প্রচেষ্টায় উত্তর ২৪ পরগনা জেলা সহ সারা পশ্চিমবাংলা ২৮.৬৬ কোটি শ্রম দিবস সৃষ্টি করেছেন যা ১০ বছরের মধ্যে ভারতবর্ষে পশ্চিমবাংলা একটা ইতিহাস সৃষ্টি করেছে। আমরা গর্ব বোধ করি। ২০১৬-১৭ আর্থিক বর্ষে জানুয়ারী মাস পর্যন্ত সরকার এই প্রকল্প রূপায়ণে মোট ৪৫১৬.৯৮ কোটি টাকা মঞ্জুর করেছেন। কেন্দ্রীয় সরকার বাকি রেখেছেন, এখনও পর্যন্ত ৩৭১৪.৫৫ কোটি টাকা। কেন্দ্রীয় সরকারের বড় বড় বোল। পশ্চিমবাংলাকে কিভাবে বঞ্চিত করছে তা বিরোধী বন্ধুরা এই বাজেট বইটা একবার ভাল করে পড়ুন। আপনাদের স্মৃতি শক্তি হারিয়ে গেছে। আমরা ভাল করে জানি, তাই আপনাদের নজরে এসব পড়বে না, আপনাদের মাথায় কাজ করবে না এই বাজেট বই। স্যার, গৃহ সমৃদ্ধি যোজনায় আমাদের পশ্চিমবাংলার সরকার ২০১৬-১৭ আর্থিক বছরে এই প্রকল্পে ২০৩৬.৩৪ কোটি টাকা খরচ করে ২৮২৮৩৭ টি গৃহ নির্মাণ করেছেন। আমরা স্যালুট জানাই মন্ত্রী মহোদয়কে। আজ ২০১৭-১৮ আর্থিক বর্ষে ৬২৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রেখেছেন মাননীয় মন্ত্রী। আগামী বছর আরো গ্রাম বাংলার মানুষ এই আবাস যোজনায় অন্তর্ভুক্ত হবেন। গ্রামীণ উন্নয়নের একটি প্রধান দায়িত্ব দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি জাতীয় গ্রামীণ জীবিকা মিশন ২০১৬ — এর অক্টোবর মাস পর্যন্ত মোট ৪১৬০৭৮ টি মহিলা স্বনির্ভর গোষ্ঠীকে জাতীয় গ্রামীণ জীবিকা মিশনের আওতাধীন করা হয়েছে। এর সঙ্গে ৪৪ লক্ষ ১০ হাজার ৪২৬ জন গ্রামীণ দরিদ্র মানুষ যুক্ত হয়েছে। আমাদের বাংলা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নারীর সম্মান দিয়েছেন। আগামীকাল ৮ তারিখে যে নারী দিবস আমরা গর্ব করে বলতে পারি আজকে বাংলার মহিলারা স্বনির্ভর হয়েছে। স্যার, ১৯৯৭ সালে শিশু শিক্ষা কর্মসূচি রূপায়ণ হয়। প্রাথমিক শিক্ষার পরিবর্তে মাধ্যমিক শিক্ষা কর্মসূচি করা হয়। স্যার, আমরা যখন ২০১৩ সালে উত্তর ২৪ পরগনা জেলার দায়িত্ব পেলাম, উত্তর ২৪ পরগনা জেলার মানুষ দায়িত্ব দিল এই শিশু শিক্ষা, মাধ্যমিক কেন্দ্র ২২ কোটি টাকা রেখে গিয়েছিল তৎকালীন বামফ্রন্টের সভাধিপতিরা। আমরা এসে সেই টাকা খরচ করতে পেরেছি। আমরা গর্ব বোধ করি, মানুষের কাজ করি।

[5:10 – 5:20 p.m.]

আমরা সমাজের উন্নয়নের কাজ করি। মিশন নির্মল বাংলা, স্যার, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার থাকাকালীনই এই মিশন নির্মল বাংলা চালু হয়েছিল। বিভিন্ন জেলা পরিষদ বামফ্রন্টের দখলে থাকা সত্ত্বেও ওনারা করতে পারেননি। পশ্চিমবঙ্গের মধ্যে নদীয়া জেলা। ভারতবর্ষের মধ্যে প্রথম হয়েছিল। দ্বিতীয় হয়েছিল উত্তর ২৪পরগনা জেলা। হ্যান্ডওয়াশের মাধ্যমে। উত্তর ২৪ পরগনা জেলা বিশ্বরেকর্ড করেছে। আমরা গর্ববোধ করি যে মমতা বন্দ্যোপাধ্যায় আমাদের। কাজ করানো শিখিয়েছেন, আমরা কাজ করতে পারি। স্যার, ওনারা একবারও বললেন না বার্ধক্য ভাতা, বিধবা ভাতার কথা। আমরা জানতে পারতাম না কখন মানুষ বিধবা ভাতা পেতেন, কখন বার্ধক্য ভাতা। পেতেন।

.....(এই সময়ে লাল বাতি জ্বলে ওঠে।).....

২০১৬-১৭সালে বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা ১৪.৪৫লক্ষ,।বিধবাভাতা প্রাপকের সংখ্যা ৮.৩০ লক্ষ এবং প্রতিবন্ধীভাতা পেয়েছে ৬৫৬৪৩জন। পি এম জি এস ওয়াইয়ের রাস্তার ক্ষেত্রে ২০০১সাল থেকে চালু হয়েছিল। আমরা ১১লক্ষ ৫৫ হাজার ৭১৭ব্যয়ে .....

.....(এই সময়ে মাইক অফ হয়ে যায়।).....

শ্রী অরূপ কুমার খাঁ : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জী আনীত পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের দাবি নম্বর ৪০, ২০১৭-১৮ এবং পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রী সুব্রত মুখার্জী ২০১৭-১৮, দাবি নম্বর ৪৫এর উপর দাঁড়িয়ে, তাকে সমর্থন করে বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আজকে এই মহতি সভায় পঞ্চায়েত দপ্তরের যে কাজকর্ম যা এই বাজেট বইয়ে উল্লিখিত করেছেন মাননীয় মন্ত্রী। মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় পঞ্চায়েতের যে কাজকর্মগুলি হয় গ্রামীণ এলাকায়, যাকে আমরা লোকাল গভর্নমেন্ট বলি, সেই পঞ্চায়েত দপ্তরের মাধ্যমে গ্রামের যে উন্নয়ন, সেই উন্নয়নের ধারাকে অব্যাহত রেখেছেন মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জী। প্রথম হচ্ছে আমাদের রাস্তা-ঘাটের চলাচলের ব্যবহা। ২০০১সাল থেকে প্রধানমন্ত্রী সড়ক যোজনা হয়েছে, তখন বামফ্রন্ট ছিলেন। তার পরবর্তী কালে তারা কিন্তু কেন্দ্রকে বলে দিয়েছে যে আমাদের আর দরকার নেই, আর রাস্তার দরকার নেই। কিন্তু ২০১১ সালের পরিবর্তনের পরে মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জী সেই প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় যা আগে কেন্দ্রের দেওয়া সবটাই আসত, কোনো টাকা রাজ্যকে দিতে হত না। যার জন্য প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনা নাম ছিল। কিন্তু বর্তমানে কেন্দ্রে একটি সরকার এসছে। তারা কিন্তু এই প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় রাজ্যকে চল্লিশ শতাংশ শেয়ারের অন্তর্ভুক্তির মধ্যে এনেছেন। আমরা যদি ৪০% দিই তবেই প্রধানমন্ত্রী সড়ক যোজনার রাস্তা অনুমোদিত হবে। আমরা ২০১১ সাল থেকে কত রাস্তা করেছি?

২০১১ - ২০১২ সালের ১লা মার্চ থেকে ২০১৭ পর্যন্ত যে হিসাব সেই অনুযায়ী রাস্তার সংখ্যা কত — ২ হাজার ৮৪৬। যার দৈর্ঘ্য কত — ১৩ হাজার ৩০৪ কিলোমিটারের উপরে। এরমধ্যে ১২ হাজার ১২৪ কিলোমিটার রাস্তা সম্পূর্ণ হয়ে গেছে। তাহলে এই ক-বছরে পশ্চিমবাংলায় এমন কোন জায়গা নেই যেখানে এই গ্রামীণ সড়ক যোজনার মাধ্যমে কোথাও বা রাজ্য সড়কের সাথে, কোথাও বা ন্যাশনাল হাইওয়ের। সাথে যোগাযোগ ব্যবস্থা। এই যোগাযোগ ব্যবস্থা শুধু গ্রামীণ যোগাযোগ চলাচলের জন্য নয়। শিল্প করতে গেলে যেমন তিনটে জিনিসের প্রয়োজন হয় তার একটা পার্ট হচ্ছে এই সড়ক, রাস্তা। যদি রাস্তা ভাল হয়, যদি সেখানে ভাল বিদ্যুৎ থাকে, যদি সেখানে জল থাকে তবে একটা শিল্পপতি সেখানে শিল্প করার জন্য আসেন এবং এই তিনটি জিনিস মূলত প্রয়োজন। সেই রাস্তার ক্ষেত্রে আজকে পশ্চিমবাংলায় অভূতপূর্ব সাফল্য এনেছেন এই দপ্তরের মাধ্যমে। স্যার একটা দৈনিক পত্রিকায় বেরিয়েছে পঞ্চায়েতের কাজকর্মের খতিয়ান — কে বলছে, না বিশ্বব্যাঙ্ক। তিনি বলেছেন যে পশ্চিমবাংলায় যে পঞ্চায়েত চলছে সেই পঞ্চায়েতের ই -গভর্ণনেস পরিচালনার ক্ষেত্রে পশ্চিমবাংলার পঞ্চায়েত বিশ্বের সেরা। কে বলছে — না বিশ্বব্যাঙ্ক। আর কাজের নিরিখে বলছে ১০০% যদি ধরা হয় কাজের নিরিখে তাহলে পশ্চিমবাংলার পঞ্চায়েত দপ্তর ২৩৫% সাফল্যের কথা। কারা বলছে — না বিশ্বব্যাঙ্ক। কাকে বলছেন ? পশ্চিমবাংলায় মমতা ব্যানার্জীর নেতৃত্বে যে সরকার চলছে তার যে একটা দপ্তর আছে গ্রামোন্নয়ন দপ্তর তার হিসাব তারা দিচ্ছেন, এই পত্রিকায় সেটা বেরিয়েছে। আমরা স্যার ছোটবেলায় একটা প্রচলিত কথা শুনতাম, পড়েছি যে মহামতী গোখলে বলেছেন হোয়াট বেঙ্গল থিংক্স টু ডে, ইন্ডিয়া থিংক্স টুমরো। কিন্তু আমরা সেটা উপলব্ধি করতে পারিনি ছোটবেলায়, বড় হয়েও কিছুটা উপলব্ধি করতে পারিনি। কিন্তু ২০১১ সালে পরিবর্তনের পরে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কর্মপদ্ধতির মধ্যে দিয়ে বাংলা যেভাবে এগিয়ে চলেছে প্রতিটি ছন্দে সেটা কি রকম — মাওবাদীদের জঙ্গলমহল শান্ত পশ্চিমবাংলায়। যখন কেন্দ্রের মিটিং হয় অন্যান্য রাজ্যের তুলনায় যেখানে যেখানে মাওবাদী অধ্যুষিত এলাকা আছে তখন নাকি তারা বসলে বলে মমতা ব্যানার্জীকে ফলো করো, কিভাবে জঙ্গলমহলে মাওবাদী এলাকায় শান্তি বিরাজ করবে। 'কন্যাশ্রী' প্রকল্প — যখন অন্য অঙ্গরাজ্যের মন্ত্রীরা মমতা ব্যানার্জীর কাছে জানতে চাইছেন, যখন কেন্দ্রে

আলোচনা হয় বা দেশের বাইরে পৃথিবীতে অন্যান্য রাষ্ট্র যখন জানতে চায় 'কন্যাশ্রী' প্রকল্পের কথা পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কাছে তখন আবার সেখানে আলোচনা হয় মমতা ব্যানার্জী কিভাবে পশ্চিমবঙ্গে 'কন্যাশ্রী' প্রকল্প রূপায়ন করলেন। আজকে রেভিনিউ আদায়ের ক্ষেত্রে অর্থ দপ্তরে আলোচনা হয় অন্য রাজ্যের সাথে তখন কিন্তু বলে যে পশ্চিমবাংলাকে ফলো কর। ২১ হাজার কোটি টাকা থেকে কিভাবে ৪০ হাজার কোটি টাকা রেভিনিউ রাজস্ব সংগ্রহ করেছে। এর থেকে মনে হয় মহামতী গোখলে বলেছেন হোয়াট বেঙ্গল থিংক্স টু ডে, ইন্ডিয়া থিংক্স টুমরো। সেটা কিন্তু মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর প্রতিটি পদক্ষেপের মাধ্যমে আজকে বাংলার যে উন্নয়ন সেই কথাটাই মনে করিয়ে দেয়।

[5:20 – 5:30 p.m.]

আজকে তাই এখানে দাঁড়িয়ে অনেকে অনেক কিছু বলছিলেন। এখানে একজন মন্ত্রী ছিলেন — তিনি বলছিলেন — দায়িত্বশীল মন্ত্রী — তাঁরা স্লোগান লিখতেন — শিলিগুড়ির প্রান্তরে দাঁড়িয়ে শিলিগুড়ি থেকে অযোধ্যা পাহাড় পর্যন্ত স্লোগান লিখতেন, দেওয়ালগুলো ভরিয়ে দিয়েছিলেন যে কলজে দেব, প্রাণ দেব, পাহাড়কে ভাগ হতে দেব না। আজকে কিন্তু পাহাড়ের দিকে মুখ ফিরিয়েও তিনি তাকাননি বা সাহস করেননি, তাদের কোনো মন্ত্রী বা মুখ্যমন্ত্রী। পাহাড়ে যেতে সাহস করেননি কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পাহাড়কে তো শান্ত করেছেনই, উল্টে পাহাড়ের উন্নয়নের জন্য আজকে পাহাড় কিন্তু হাসছে, জঙ্গলমহল হাসছে। মমতা বন্দ্যোপাধ্যায় কতবার পাহাড়ে গিয়েছেন। আর এঁরা শিলিগুড়িতে দাঁড়িয়ে দেওয়াল — দেওয়াল ভরিয়ে দিয়েছেন, অযোধ্যা পাহাড়ের দেওয়ালে ভরিয়ে দিয়েছেন, বাঁকুড়ায় ভরিয়ে দিয়েছেন। কি ? না, পাহাড়কে আমরা ভাগ হতে দেব না দেওয়াল লিখনের মাধ্যমে। আজকে তাই আমি বাঁকুড়া জেলার ছেলে। অনেকেই বলেছেন কিন্তু আজকে বাঁকুড়া জেলা, পুরুলিয়া জেলা, পশ্চিম মেদিনীপুর। জেলাতে আজকে পানীয় জলের জন্য যখন হাহাকার — যখন ৪৬, ৪১ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা, তখন মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় মাননীয় সুব্রত মুখার্জী প্রথম দফায় আমাদের প্রায় ১১শত কোটি টাকার নলবাহিত জল প্রকল্প এবং দ্বিতীয় দফায় আবার হতে চলেছে প্রায় ৮ শত কোটি টাকায় জল প্রকল্পের কাজ, যা বাঁকুড়ার ২২ টি ব্লকের প্রত্যন্ত গ্রামাঞ্চলে পানীয় জল মানুষের কাছে পৌঁছে যাবে। অনুরূপভাবে পুরুলিয়াতেও ৯টি ব্লকে জাইকার প্রকল্পের মাধ্যমে এবং পরবর্তী সময়ে আরও ১১ টি ব্লকে পানীয় জল পৌঁছে যাবে।.....(এইখানেই মাইক অফ হয়ে যায়)

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ এবং জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী সুব্রত মুখার্জী ৪০ নম্বর এবং ৪৫ নম্বর দাবীর অধীনে ২০১৭-'১৮ সালের জন্য যে বাজেট পেশ করেছেন, সেই প্রেক্ষাপটে কতকগুলি বিষয়ে আয়ব্যয়ের সামঞ্জস্য না থাকায় সেই বিষয়কে তুলে ধরে প্রশাসনিক জটিলতা এবং পঞ্চায়েতী রাজের ভাবনায় কুঠারাঘাত করা হচ্ছে, তার প্রতিবাদে কয়েকটি বিষয়ের উপরে আলোকপাত করতে চাই। আজকে একদিকে যেমন আমি আনন্দিত যে যিনি আজকে বিশেষকরে পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বাজেট পেশ করেছেন তিনিই প্রথম ১৯৭৩ সালে পঞ্চায়েত আইন পাস করেছিলেন। রাজীব গান্ধী চেয়েছিলেন পঞ্চায়েতীরাজের মাধ্যমে গণতান্ত্রিক পদ্ধতিতে ক্ষমতার বিকেন্দ্রীকরণ ঘটিয়ে গ্রামের মানুষের হাতে ক্ষমতা তুলে দিতে। সেই পরিপ্রেক্ষিতে ত্রিস্তর পঞ্চায়েতীরাজের সৃষ্টি। পশ্চিমবঙ্গে পঞ্চায়েতী আইনের সৃষ্টিকর্তা যেহেতু আপনি নিজেই, তাই পঞ্চায়েতী ব্যবস্থা যাতে সুষ্ঠভাবে চলে তার দায়িত্ব কিন্তু আপনার উপরে অনেক বেশি। তাই কতকগুলি বিষয়ের উপরে চিন্তাভাবনা করার জন্য অনুরোধ রাখব। পঞ্চায়েত ব্যবস্থা ত্রিস্তর না করে দ্বিস্তর করা যায় কিনা। অনেক রাজ্যে আছে যেখানে

ব্লক স্তর নেই। বর্তমানে কেন্দ্রীয় সরকার এমন নিয়মকানুন করেছেন যে বেশিরভাগ ফান্ডই গ্রামপঞ্চায়েতে যাচ্ছে। এর ফলে গ্রাম তথা পঞ্চায়েত সমিতির অস্তিত্ব সংকটের মুখে। এই প্রথম আমি দেখলাম পঞ্চায়েত সমিতি বাজেট প্লেশ করতে উদাসীন। যে পার্টি হোক না কেন যাঁরা চেয়ারে বসে আছেন তাঁদের বক্তব্য বাজেট প্লেশ করে কি হবে। আমরা তো কোনো কাজই করতে পারছি না। আমাদের কাছে ফান্ড আসছে না। জনসাধারণের কোনো কাজই করতে পারছি না। ফলে জনসাধারণের প্রতি জনপ্রতিনিধিদের যে দায়বদ্ধতা, সেটা ফুলফিল করতে পারছে। না। ফলে অযথা কোটি - কোটি টাকা ব্লক অফিসের পিছনে খরচ না করলে আমার মতে ভাল হয়। এটা আপনি অবশ্যই একবার ভেবে দেখবেন। অনেক রাজ্য আছে, যেখানে ব্লক স্তর নেই। অলরেডি আমরা কালিয়াচক (১) এবং কালিয়াচক (২) - এই দুটি ব্লকে আমরা রেগুলেশান নিয়ে ডি.এম এর মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পৃথিবীতে যা কিছু সৃষ্টি চিরকল্যাণকর। অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেকটা নর - একথা মাথায় রেখে পঞ্চায়েতে মেয়েদের ৫০% আসন সংরক্ষণের ব্যবস্থা মাননীয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী করেছেন। এর জন্য হার্টিলি ধন্যবাদ জানাই। কিন্তু বর্তমানে সরকার আধিকারিকদের হাতে বেশি ক্ষমতা অর্পণ করায় পদে পদে জনপ্রতিনিধিদের অপদস্থ, অপমানিত এবং বুড়ো আঙুল দেখাচ্ছে। বিশেষ করে মহিলা প্রধান, মহিলা সভাপতি এবং মহিলা সভাধিপতির ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি আধিকারিকরা কাঠের পুতুল হিসেবে ব্যবহার করছে সেই চেয়ারকে। তাই অনুরোধ করব হয় জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা অর্পণ করা হোক, আর না হলে বিশেষ করে প্রধান, সভাপতি, সভাধিপতির চেয়ার রিজার্ভ তুলে দিন। বেশিরভাগ প্রতিষ্ঠানেই যেখানে মেয়েদের জন্য চেয়ার রিজার্ভ, সেখানে আধিকারিকদের অসহযোগিতার জন্য পঞ্চায়েতের কাজ ব্যাহত হচ্ছে, সুষ্ঠুভাবে সম্পন্ন হয় না। ত্রিস্তর পঞ্চায়েতে যেভাবে আধিকারিকদের ইনস্টিটিউশনে পরিণত হয়েছে। সেখানে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব পঞ্চায়েতে যেভাবে সহায়ক পদে রিক্রুটমেন্ট হয়েছে, আমরা দেখতে পাচ্ছি বর্তমানে যে কোয়ালিটিহীন যে সহায়ক নিয়োগ করা হচ্ছে, তারা নিজেরা কাজ করতে পারছে না, তারা ২ হাজার, ৩ হাজার টাকা দিয়ে অন্য একটি ছেলেকে দিয়ে অফিসিয়াল কাজ করাচ্ছে, যেটা ভয়ঙ্কর। এম.জি.এন.আর.ই.জি.এস., নারেগা ২০০৫ সালে ডঃ মনমোহন সিংহ ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারেন্টি অ্যাক্ট পাশ করে গ্রামের গরিব মানুষদের ১০০ দিন কাজ পাইয়ে দেওয়ার জন্য। সেই পরিপ্রেক্ষিতে ২রা ফেব্রুয়ারী, ২০০৬ সালে প্রথম ২০০ টি ডিস্ট্রিক্ট দিয়ে রাইট টু ওয়ার্ক অর্থাৎ কাজের অধিকার দিয়ে এই কাজ শুরু হয়। বর্তমানে সারা ভারতবর্ষে এটি জনপ্রিয় প্রকল্প হিসেবে বিবেচিত হয়েছে। মাননীয় মন্ত্রী এই লক্ষ্যে গতবার যে শ্রমদিবস জেনারেট করতে পেরেছিলেন, এই বছর তিনি কেন করতে পারলেন না বুঝতে পারছি না। ২০১৫-১৬ সালে তিনি শ্রমদিবস তৈরি করতে পেরেছিলেন ২৮.৬৬ কোটি। বাট ২০১৬-১৭ সালে রাজ্যসরকার যে ইকোনমিক রিভিউ বই দিয়েছেন তাতে স্পষ্ট বলা আছে আপনি শ্রমদিবস তৈরি করেছেন। ১৫.১৬ কোটি। অথাৎ গতবারের তুলনায় ১৩.৫০ কোটি শ্রমদিবস জেনারেট করতে ব্যর্থ হয়েছেন। কেন করতে পারলেন না আশা করি আপনি আপনার জবাবী ভাষণে বলবেন। পি.এম.জি.এস.ওয়াই, ২০১৬-১৭ সালে আপনার লক্ষ্যমাত্রা ছিল ৩৬৮৭ কিলোমিটার দৈর্ঘ্য বিশিষ্ট ৭৬৯ টি রাস্তা। আপনি করতে পেরেছেন মাত্র ৪৪৬.৯৮৫ কি.মি. রাস্তা। আপনি বলেছেন বাকি রাস্তা শেষের দিকে। জানিনা আপনি এই এক মাসের মধ্যে কিভাবে শেষ করবেন। তবুও আপনার কথা সত্যি হিসাবে ধরে নিলেও দেখতে পাওয়া যাচ্ছে ইকোনমিক রিভিউ বই এ ২০.৬.২০১৭ তে আপনি দেখিয়েছেন অন গোয়িং রাস্তা ৪০৪ টি, যার দৈর্ঘ্য ২৫৫৯.৮৯ কি.মি.। অর্থাৎ টোটাল যদি ধরা হয় তাহলে আপনি ২৯০৬.৮৩ কি.মি. কাজ করছেন। আপনি আপনার টার্গেট ফুলফিল করতে পারেননি। আপনি ৭৮১ কি.মি. রাস্তা শুরুই করতে পারেননি। পি.এম.

জি.এস.ওয়াই এবং নাবার্ড এর যে রাস্তাগুলি ৫ বছরের বেশি হয়ে গেছে, বেশিরভাগ রাস্তাই মেন্টেনেন্স হচ্ছে না। যদিও বলা হয়েছে বি.আর.জি.এফ. থেকে সেগুলোর রিপেয়ার করা হবে। আমি এর আগেও হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছিলাম, আজও আপনাকে বলছি। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে বি.আর.জি.এফ. দিয়ে মেন্টেনেন্সের কাজ করতে বলা হচ্ছে, যেকোনো পঞ্চায়েতই হোক না কেন আমরা ওরা বলে নয়, দেখতে পাচ্ছি বি.আর.জি.এফ ফান্ড ঢোকার পরেও তাদের বড় রাস্তা রিপেয়ার করার কোনো চিন্তা ভাবনা থাকছে না। ফলে এই বিশাল সমস্যা থেকে কিভাবে বড় রাস্তাগুলোকে রিপেয়ার করা যায় তার সুষ্ঠু পরিকল্পনা নেওয়ার জন্য অনুরোধ জানাই। আমার প্রস্তাব যদি কিছু গুরুত্বপূর্ণ রাস্তাগুলিকে পি.ডব্লিউ.ডি. র হাতে হ্যান্ড ওভার করা যায় কি না। ইন্দিরা আবাস যোজনা, ২০১৫-১৬ ফিনানসিয়াল ইয়ার স্যাংসান্ড হাউস এর সংখ্যা ৪.২৪ লক্ষ এবং কমপ্লিট হয়েছে ৩.০৯ লক্ষ। কিন্তু ২০১৬-১৭ সালে অ্যানুয়াল টার্গেট ছিল ৩.২২ লক্ষ হাউস করা। মাননীয় মন্ত্রী, আমি এটা বুঝতে পারছি না দাবি নং ৪০ এ আপনি বলেছেন ২৮২৮৩৭ টি গৃহ নির্মাণ করা হয়েছে। আর আপনি ইকোনমিক রিভিউ বইতে দেখিয়েছেন যে আপনি কেবল ফার্স্ট ইনস্টলমেন্ট ছেড়েছেন। তাহলে আপনি কি করে বললেন যে ২৮২৮৩৭ টি ঘর নির্মাম হয়েছে? আমার মনে হয় এই তথ্য দিয়ে হাউসকে আপনি বিভ্রান্ত করার চেষ্টা করছেন। স্বচ্ছ ভারত মিশন, এই প্রকল্প রূপায়ণের জন্য আমি হার্টিলি ধন্যবাদ জানাব সুব্রত বাবুকে। কেন্দ্রীয় সরকারের স্বচ্ছ ভারত মিশন প্রকল্পকে বাস্তবে রূপ দেওয়ার জন্য স্বচ্ছ বাংলা মিশন গড়ার লক্ষ্যে যেভাবে আধিকারিক, জনপ্রতিনিধি এবং সাধারণ মানুষের সমন্নয়নের মধ্যে দিয়ে কাজকে ত্বরান্বিত করার চেষ্টা করা হচ্ছে।

[5:30 – 5:40 p.m.]

আমার মোথাবাড়ি বিধানসভার অন্তর্গত। কালিয়াচক ২ ব্লককে নির্মল ব্লক করতে পেরেছি। এর জন্য আধিকারিক, জনপ্রতিনিধি এবং সাধারণ মানুষের মধ্যে সুসমন্বয়ের মধ্যে দিয়েই এটা সম্ভব হয়েছে। সবাই অক্লান্ত পরিশ্রম করেই ODF করার জন্য চেষ্টা করেছে। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে, আপনি একটু খোঁজ নিয়ে দেখুন, যেখানে ODF ঘোষিত হয়েছে সেখানে সবার সঙ্গে সবার কো অর্ডিনেশন খুব ভালো আছে। আর যেখানে কো-অর্ডিনেশন নেই, সেখানে ভালো অগ্রগতি নেই। ফলে এই প্রকল্প সরকারের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে গ্রামীণ উন্নয়নের জন্য যেমন আধিকারিকদের ভূমিকা থাকবে, তেমনি জনপ্রতিনিধিদেরও ভূমিকা থাকবে। ফলে যদি এই সরকার সুনামের সঙ্গে উন্নয়নকে ত্বরান্বিত করতে চায়, তাহলে দলতন্ত্র এবং আধিকারিকতন্ত্র নয়, গণতান্ত্রিক পদ্ধতিতে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে হবে। এতে আমরা সবাই সরকারের পাশে থাকব। তবে এই প্রসঙ্গে যে বিষয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ তা হ'ল, শৌচালয় নির্মাণের পাশাপাশি কিভাবে শৌচ কাজ করার পর শৌচালয় পরিষ্কার রাখা যায় তার ব্যবস্থা করা। আমি অনুরোধ করব ওয়াটার অ্যান্ড স্যানিটেশন মিশনের লক্ষ্যে প্রায়োরিটির বেসিসে যে পঞ্চায়েত, যে ব্লক ODF ঘোষিত হয়েছে, সেখানে দ্রুত পাইপ লাইনের মাধ্যমে জলের ব্যবস্থা করা। বিশেষ করে মালদার মত জায়গায়, যেখানে আর্সেনিক বেশী, মানুষ পরিশ্রুত জল খেতে পায় না, সেখানে পাইপ লাইনের মাধ্যমে মানুষ শুধু যে জল পান করতে পারবে তাই নয়, স্বচ্ছ বাংলা মিশনের লক্ষ্যও পরিপূর্ণ হবে।

সামাজিক সুরক্ষা প্রকল্প (NSAP) — IGNOAPS — 2016-17 তে ডিসবার্স করেছে ৫৯০০৯.৮০ লাখ, টোটাল ৯৪৮৩৬.১৩ লাখ এর মধ্যে (নভেম্বর পর্যন্ত), এখনও ৩৫৮২৬.৫৩ লাখ টাকা গরীব মানুষের টাকা সরকার আটকে রেখেছে।

ইন্দিরা গান্ধী ন্যাশানাল উইডো পেনশন। ২০১৬-১৭ তে ডিসবার্স করেছেন ৩৮১৫৯.৭৪ লাখ, টোটাল ৫৯৫৬০.৯২ লাখের মধ্যে। এখানেও আপনি তাদের পুরো টাকা ডিসবার্স করেননি। এই খাতেও আপনি ২১৪০০.১৮ লাখ টাকা আটকে রেখেছেন।

ইন্দিরা গান্ধী ন্যাশানাল ডিসঅ্যাবিলিটি পেনশন স্কিম। ২০১৬-১৭ তে ডিসবার্স করেছেন ৩৫২৩.৪৬ লাখ, টোটাল ৪৫৫২.৪৯ লাখের মধ্যে। এখানেও আপনি ১০২৯.০৩। লাখ টাকা আটকে রেখেছেন। অর্থাৎ মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, অসহায় গরীব মানুষের টাকা কেন মাসের পর মাস আটকে রেখে ব্যাঙ্কের সুদ খাচ্ছে এই সরকার? তাছাড়াও মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, ২০১১ এর পর নতুন করে কোন ভাতা মানুষ পাচ্ছে না। আপনি কি অনুগ্রহ করে জানাবেন, ২০১১ এর পর থেকে যারা অ্যাপ্লাই করেছে তাদের ভাতা হবে কি না ? এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন, অতি দ্রুততার সঙ্গে প্রতি মাসে অন লাইনের মাধ্যমে গরীব লোক যেন টাকা পায় তার ব্যবস্থা করা। অর্থাৎ আপনি ২০১৬-১৭ আর্থিক বছরের NSAP এর মাত্র ১০০৬৯৩ টাকা ছেড়েছেন টোটাল ২৩৩৮৬১১ টাকার মধ্যে। মা-মাটি-মানুষের সরকার যখন প্রথম আসে, তখন মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন, আমরা প্রত্যেকটা SSK, MSK স্কুলকে একই ছাদের তলায় করব। ভাবতে অবাক লাগে যে এখনও সেটা করা হয়নি। এমনকি শিক্ষক নিয়োগও বন্ধ আছে।

RIDF ১৫, ১০৯ টা প্রজেকট কমপ্লিট, RIDF ১৬ - ১১৪ টা প্রজেকট কমপ্লিট, RIDF ১৫-২১ ৫৬১ টা প্রজেকট কমপ্লিট। RIDF ১৭ থেকে ২১, এই ৫ টা আর্থিক বছরের মোট ৩০৭ টি প্রজেক্টের টাকা এখনও আপনি খরচ করতে পারেননি। দীর্ঘদিন ধরে খরচ না করতে পারলে আস্তে আস্তে টাকার পরিমাণ কেন্দ্রীয় সরকার কমিয়ে দেবে। সুতরাং মাননীয়। মন্ত্রীর কাছে অনুরোধ করব, RIDFএর কাজগুলো স্পেশাল ভাবে মনিটর করে দ্রুত সম্পন্ন করবেন। আমার ইচ্ছা ছিল আপনার উত্তর শুনব। কিন্তু এখানে আমার একটা প্রশ্ন মাননীয় স্পীকার স্যারের কাছে, এই হাউসের মানসম্মান যেন ভুলুণ্ঠিত না হয়। আমি একটাই দাবী করেছিলাম যে ডাঃ মানস রঞ্জন ভুঞাঁ কি ভাবে স্পীকার্স লিস্টে আসলেন? কোনো পার্টির অ্যাফিলিয়েশন না থাকা সত্ত্বেও কিভাবে তাঁকে আপনি অ্যালাউ করলেন? এইভাবে যদি চলতে থাকে তাহলে আগামী দিনে বিধানসভার মান ভুলুণ্ঠিত হবে। এই কথা বলে, যেসব বক্তব্য আমি রেখেছি সেইগুলো বিবেচনা করার জন্য এবং ব্লকে যে ৫ লক্ষ টাকা এস্টিমেট করা হয় সেটা বাড়িয়ে ১০ লক্ষ টাকা যাতে করা হয় এই আবেদন জানিয়ে, এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : নাউ অনারেবল মিনিস্টার। তার আগে আমি একটু বলে নিই। দেখুন আমি এই প্রশ্নের উত্তর আমি আগেই দিয়েছি। যখন বিরোধী দল থেকে আমার কাছে প্রসঙ্গ উত্থাপন করেছিলেন শ্রী মাহাতো, আমি এর উত্তর আগেই দিয়েছি। বিধানসভার মান রক্ষা করার দায়িত্ব সকলের। বিধানসভার মর্যাদা রক্ষা করার দায়িত্ব সকলের। আমি আপনাদের কাছে সেটাই প্রত্যাশা করব।

শ্রী সুব্রত মুখার্জি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের হাতে যথেষ্ট সময় নেই। তার কারণ এর পরেও আর একটি বিষয়ের উপর আমাদের বিতর্ক শুরু হবে এবং বিল আসবে। আমি যেটুকু সময় বরাদ্দ হয়েছে, আপনারা সাধারণভাবেই বুঝতে পারেন যে তিনটি ডিপার্টমেন্ট —পঞ্চায়েত, গ্রামোন্নয়ন, পি এইচ. ই এই তিনটি ডিপার্টমেন্ট মিলিয়ে যেখানে এত কোটি টাকার ইনভলভমেন্ট আর এত কর্মসূচী আপনাদেরও অনেক কথা বলার আছে। আমারও শোনার আছে। সেখানে আমরা সময়টা এবার সেইমত পাই নি। যেহেতু, বি.এ কমিটি আমার যে সময় ধার্য করেছে তারই মধ্যে আমাদের শেষ করতে হবে। সেই হিসাবে

আমি দ্রুতই আমার সময়টিকে ব্যবহার করতে চাই। প্রথমেই আমার ভাল লাগল যে একটু আগেই বক্তৃতা করলেন সাবিনা ইয়াসমিন। আগে বোধহয় ও জেলাপরিষদের চেয়ারম্যান ছিল। লেখা বক্তৃতা কিন্তু বক্তৃতার অনেকগুলো বিষয় আছে যেগুলো শোনার মত এবং উত্তর দেওয়ার মত। আমি আশা করি ও শুনবে। আর একটা জিনিস লক্ষ্য করলাম যে 'য পলায়তি, স জীবতি'। এই যে সি পি এম এই বক্তার লিস্ট থেকে পালিয়েছে। আজকে আমি নাম ধরেই ডাকছি। ইয়াসমিন আমার পুরনো পরিচিত। ও আগে বক্তৃতা করেছে। পঞ্চায়েত করেছে। এখানে বক্তৃতা করেছেন রহিমা বেগম, জেলা পরিষদের সভাধিপতি ছিলেন। এদের সরাসরিভাবে একটা ইনভলভমেন্ট আছে। শোনার দিক থেকে আমাদের কাজে লাগে। তার কারণ একেবারে হাতে কলমে কাজ করেছেন। যে সুযোগ অনেকেই পায় নি। কিন্তু যাঁদের বক্তৃতা আরও শোনার দরকার ছিল, যাঁরা এই বিভাগের মন্ত্রী ছিলেন। সেটা কংগ্রেস বেঞ্চের কেউ ছিলেন না। আমি আগে ছিলাম। ওই বেঞ্চের দু তিন জন ছিলেন। তাঁরা কেউ আজকে আসেন নি। আর এসেও আগেই পালিয়ে গেছেন। এটা ভাল করেছেন তার কারণ আমার প্রস্তুতিটা ওদের লক্ষ্য করেই ছিল। মূলত, এই ৩০ বছরের সুযোগ কংগ্রেস পায় নি। ৩০ বছর পঞ্চায়েতী রাজ শাসন করার, পঞ্চায়েতী রাজ তৈরী করার সুযোগ যারা পেয়েছিল এই একই আইন প্রয়োগ করে তারা হল সি পি এম। মূলত প্রধান এবং তার অন্য শরিকেরাও নয়। একেবারে সি পি এম। অন্তত আজকের বাজেটে কংগ্রেসের উচিত ছিল না ওদের সঙ্গে বসার, একটা আলোচনা করে। কেন বলি ? মনোজ বোধহয় আমার সঙ্গে এগ্রি করবে। কেন বলি যে কংগ্রেস ওদের অত্যাচারে ইলেকশনে দু দুবার বয়কট করেছিল। এমন অনেক জায়গা আমি জানি বীরভূমে যেখানে কংগ্রেসের প্রধান, রাত্রিবেলা তার মা ভাত ঢাকা দিয়ে রেখে দিয়েছে, আর এসে দেখে সি পি এমের কোনো দুর্বৃত্ত তার গলা কেটে সেই ঢাকা ভাতগুলো সরিয়ে কংগ্রেসের সেই নেতার কাটা মুণ্ডুটা রেখে দিয়েছে। আমি মানস ভুঁঞ্যার দৌড়, কংগ্রেস নেতা হিসাবে সেটা আনছিনা কারণ সেটা সরাসরি পঞ্চায়েতের নয়। পঞ্চায়েতের সঙ্গে যুক্ত ইস্যুতে যারা অত্যাচারিত আজকে তৃণমূল তার অনেক অনেক গুণ বেশি অত্যাচারিত আপনারা।

[5:40 – 5:50 p.m.]

অন্তত পক্ষে একটা দিন আপনাদের ওদের বলা উচিত ছিল, ভাই তোমরা আজকে বাইরে যাও, আমরা একা থাকবো। এটাতে আমার মনে হয় আপনারা আমার সাথে একমত হবেন। আমি আপনাদের এটুকু বলি যে, এই অনেক অনেক বিষয় আছে, যেগুলো নিয়ে খুব অন্য বিষয়ে রাজনীতি করার সুযোগ থাকে। এই একটি বিভাগ আছে, যেখানে রাজনীতির উর্ধ্বেও আমাদের যাওয়ার জায়গা আছে সবারই। তার কারণ, ফিরে গিয়ে সবাইকেই যাদের মুখোমুখি হতে হবে, তারা হ'ল গণদেবতা। আর এটা গণদেবতার বাজেট। এই বাজেটটা তৃণমূল কংগ্রেসের বাজেট নয়। এই বাজেটটা শুধু সরকারের বাজেট নয়। এই বাজেটটা যে গণদেবতাদের দ্বারা আপনারা নির্বাচিত হয়ে এসেছেন, এটা তাদের বাজেট। সুতরাং এই একটা জায়গায় সতর্কতা অবলম্বন করা খুব দরকার। আমি কৃতজ্ঞতা জানাই মুখ্যমন্ত্রীকে এবং অর্থমন্ত্রীকে, যিনি প্রত্যেক বছরই এটা অনুভব করে তাঁর সীমিত ক্ষমতার মধ্যে — আমরা জানি তাঁর কিরকম ক্ষমতা — অর্থনৈতিক অবস্থা আপনারাও জানেন। কি কঠিন সংগ্রাম করতে হচ্ছে। তার মধ্যে থেকেও এই বাজেট অবহেলা করেননি, বাড়িয়ে গেছেন এবং এক-একটা সময় এমন বাড়িয়েছেন যে, আমিও আশা করিনি। একটা উদাহরণ দিই, আমি সময় পাবোনা, তাও বলি। সম্প্রতি প্রধানমন্ত্রী, তিনি কথায় কথায় যত আক্রমণ পঞ্চায়েতের ওপর করছেন। কিরকম আক্রমণ ? রাস্তা সবচেয়ে গুরুত্বপূর্ণ আপনারাও জানেন সবাই। সরচেয়ে গুরুত্বপূর্ণ। আপনারা যাঁরা এম.এল.এ. হয়েছেন,

ফাষ্ট কমিটমেন্ট দেন হয় জল, নাহলে রাস্তা, আর নাহলে নারেগার কাজ ইত্যাদি। সেই রাস্তার পুরো টাকাটা কেন্দ্রীয় সরকার দিতো। সেই কংগ্রেসের আমল থেকে। হঠাৎ এবারে সবগুলো তো চাপানো আছেই, এক কিলোমিটার রাস্তা করতে ৬০ লক্ষ টাকা লাগে। সেখানে ৪০% চাপিয়ে দিলো একবারেই যে, ৪০% রাজ্যকে দিতে হবে। তার মানে ইট ইজ এ টেন্টামাউন্ট অফ ৫০:৫০। ৫০% আমাদের দিতে হবে। আমাদের যে সমস্ত কর্মচারীরা, সরকারী কর্মচারীরা কাজ করেন এটাকে সার্থক করবার জন্য, তাদের মাইনে আমাদের সরকার দেয়। তাদের অন্য খরচ দেয়। অফিসারদের গাড়ি দেয়। সব যদি মেলান তাহলে এটাকে করে দিলো ৫০:৫০। ভাবতে পারেন ? আপনাদের শুনলে ভালো লাগবে যে, প্রায় ১২ হাজার — পুরোটা পড়ি, তাহলে সুবিধা হবে। ২০১২-১৭ আমরা রাস্তা করেছিলাম ১২ হাজার ১২৪ কিলোমিটার। এবার তারপরে আজকে এক্ষুনি আমরা আবার সাড়ে চার হাজার কিলোমিটার আবার অনুমোদন পেয়েছি। আরো অনুমোদন পেয়েছি বললেই আমি জানি অমিতদা চমকে গেলেন — আবার এই ৫০% টাকা দিতে হবে। হিসেব করুন তো। কি পরিমাণ চাপ ইচ্ছাকৃতভাবে দিচ্ছে। অর্থাৎ যে পরিমান রাস্তা আমরা করছিলাম একেবারে যুদ্ধকালীন তৎপরতায়, এই সীমিত ক্ষমতা নিয়ে, সাবিনা একটি কথা বলেছে, সংখ্যা তথ্যের দিক থেকে একটি ব্যাপার, আমি সাবিনার ইনফর্মেশনের জন্য জানাই এবং ওর নিশ্চয়ই জানা, আমার চেয়ে বেশি জানাই দরকার যে, কতগুলো আইটেম আছে ফ্ল্যাগশিপ প্রোগ্রাম, যাতে কিন্তু প্রত্যেকটা ঘণ্টায় ঘণ্টায় কমে অথবা বাড়ে। যেমন রাস্তা। রাস্তার গুনতি হয়। অনেক সময় সংবাদপত্রে দেখবেন যে, আমরা সেকেন্ড হয়েছি, আমরা হ'তে পারিনি ইত্যাদি ইত্যাদি। এটা কদিন আগেই করেছে এই দিল্লীর সরকার, আমাদের অসম্মান করার জন্য বিহার ইত্যাদি করেছে, আমরা করতে পারিনি।

কি করে কি করে ? মার্চ মাসে কাউন্ট হওয়ার কথা। গভর্নমেন্টের যা কিছু হবে ইয়ার এন্ডিং হলো মার্চ মাসে। ডিসেম্বর মাসে কাউন্ট করে বসে আছে। আর রাস্তার কাউন্ট কিভাবে হয় ? যদি ৯৫% একটা রাস্তা কমপ্লিট হয়ে যায় তাহলেও সেটা কিন্তু গুণতিতে আসবে না, ১০০% যেগুলো হবে সেইগুলো গুণতিতে আসবে। এখন যদি সাবিনা রাত্রে গিয়ে অন লাইনে দেখে দেখবে এই গুণতিটাই কি আবাস যোজনায়, কি রাস্তায় সব জায়গাতেই এটা চেঞ্জ হয়ে গেছে। এটা আমি বলবো যে ও ঠিক, এবং আমিও ঠিক। ও আগেরটা নিয়ে এসেছে, কাজেই ও ঠিক। আবার আমি পরেরটা নিয়ে এসেছি আমিও ঠিক। আবার ও যদি রাত্রে যায় তাহলে দেখবে আমাদের আরও বেশী বেড়ে গেছে। আমি খুব গর্বের সাথে বলি এটা আমার গর্ব নয়, এটা আমাদেরও নয়, আপনাদের সকলের, কারণ স্বাধীনতা সার্থক হতো না যদি আজকে পঞ্চায়েতীরাজ ভারতবর্ষে না প্রতিষ্ঠিত হতো। মানুষ সিভিল ওয়ারের দিকে যেত এই স্বাধীনতার ৬০,৭০ বছর পরে যদি ডিপ্রাইভড হতো। বিশ্বের বহু জায়গায় ইজিপ্ট, ওমান এবং বহু দেশে যে বিদ্রোহ হচ্ছে, অর্থাৎ গান্ধীজী যে স্বপ্নটা দেখেছিলেন, এটা গান্ধীর আমাদের দেখা স্বপ্ন নয়, এটা একটা দূরদর্শিতা, আজকে থেকে ৫০ বছর পরে দেখতে পাবার যে মানুষ ক্ষমতা রাখেন সেই ক্ষমতা। দেখেছিলেন আমরা যে সম্পদ তৈরী করবো, যে ক্ষমতা তৈরী করলাম, এর যদি বণ্টন একেবারে শেষ সীমা পর্যন্ত না হয় অধিকারের প্রশ্নে, কাজের প্রশ্নে, মানুষের সব কিছু পাবার প্রশ্নে, তাহলে একদিন মানুষ বিদ্রোহ করবে। এ কোন রাজনৈতিক দলের অপেক্ষায় থাকবে না, বিদ্রোহ এই দেশের মধ্যে অভ্যন্তরিণ হবে। সেটা ভেবেই পঞ্চায়েতীরাজের কথা ভেবেছিলেন। এবং আলটিমেট্‌লী সেটা ৭৪তম সংবিধান সংশোধন কে করেছিলো, আমি বিতর্ক করতে চাই না। কিন্তু হয়েছে তার জন্য আমরা গর্বিত। এবং নারেগা-র মতো একটা জিনিস, যা একটা ডেভলপিং কান্ট্রিতে ইম্পসিবল টাস্ক, রাইট টু জব, এই রাইট টু জবটাও আমরা করেছি। প্রথম হয়েছিলাম, আপনাদের আশির্বাদে এবারও হবো। সাবিনা আমি তোমাকে বলি যে এটা কি হয় যে,

প্রত্যেক বছর লেবার বাজেট একটা টার্গেট দেয়, যেমন গত বছর যে টার্গেট দিয়েছিল, এবারের টার্গেটের চেয়েও বেশী, ওই জন্য আমাদের বেশী করে কাজ করতে হয়েছিল। এবারে আমাদের সেটা ১৮ কোটি ৮৪ লক্ষ ২১ হাজার টার্গেট। সুতরাং তার যদি আমরা ৭%, ৮%, ১০% বেশী করি তাহলেই আমরা ফার্স্ট হবো কারণ..তার পিছনে আছে। যেটা টার্গেট লেবার বাজেটের তার চেয়েও বেশী করতে হবে। আমরা ক্রমশ এগিয়ে যাচ্ছি। এবং আরও কয়েক দিনের মধ্যেই মার্চের গুণতির মধ্যে আমরা যা এগিয়ে যাবো তাতে বাংলার সেই সম্মান আমরা রক্ষা করতে পারবো। আমি সাক্ষী প্রোগ্রামের মধ্যে বলি মিশন নির্মল বাংলা প্রকল্পে এ রাজ্যে ৪টি জেলা এবং আগামী কাল-পরশুর মধ্যে দক্ষিণ ২৪পরগনা জেলা ঘোষণা হবে নির্মল বাংলা হিসাবে। আমি একটি কথা বলতে ভুলে গিয়েছিলাম এই নারেগা-র ব্যাপারে। আমরা এখন ১৭৬ টাকা করে দিচ্ছি। আমরা আরম্ভ করেছিলাম যখন তখন আমরা মাত্র ১৩০ টাকা করে দিতাম। আমরা চাপ দিয়ে, চাপ দিয়ে আমাদের মিনিমাম ওয়েজেস সমান করার জন্য আমরা এটাকে ১৭৬ করতে পেরেছি। কিন্তু আমরা এখনও এতে যথেষ্ট সন্তুষ্ট নই, আরও করতে হবে। এই যে কেন্দ্রীয় সরকার একটা ভাঁওতা দিয়েছে যে এবারের নারেগা-র বাজেট কি ? বাড়িয়েছে। নারেগা-র আবার বাজেট কি ? ইট ইজ আন্ডার দা ম্যান্ডেটারি। ১০০ দিনের কাজ রাইট টু জব ১০০ দিনের কাজ দিতে হবে। অর্থাৎ যে গ্রামে বাস করে সে যদি টাগ অফ করে আর যদি জব কার্ড চায় তাহলে তাকে জব কার্ড দিয়ে কাজ দিতে হবে। আর যদি কাজ দিতে না পারো তাহলে এই ১৭৬ টাকা তার বাড়ীতে গিয়ে তাকে বেকার ভাতা দিয়ে আসতে হবে। এতো সিরিয়াস, কোন ডেভালপমেন্ট কান্ট্রিতে এই জিনিস নেই, আমরা ডিটেলসে যাই না যাই। তাই এটার কোন দিন ওরকম বাজেট হয় না। বলুন আমরা বাজেট বাড়িয়েছি। আজ যদি ১০০ দিনের কাজ হয় গ্রামের লোক করে তাহলে ওই বাজেটে হবে ? বলুন নরেন্দ্র মোদী হবে ওই টাকায় হবে ? না, হবে না। ৩০,৩২ দিন ধরে যেহেতু আমরা করতে পারি না কোন রাজ্যই সেইহেতু ওই ৩০,৩২ দিন ধরে বলছে আমরা বাড়িয়েছি। এটা ভাঁওতা।

[5:50 – 6:00 p.m.]

এটা ভাঁওতা। আমি এবার নির্মল মিশন আপনাদের কাছে বলি। চারটি জেলা এবং আগামী কাল-পড়শু আরো একটি জেলা — আমরা প্রথম হয়েছি সারা ভারতবর্ষে। নির্মল বাংলা তৈরী করে নদীয়া জেলা এবং বিশ্বের ইউনেস্কো থেকে আরম্ভ করে বহু জায়গায় তারা পুরস্কৃত হয়ে পুরস্কার নিয়ে এসেছে সেখানকার নির্বাচিত প্রতিনিধিরা এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটরা। আমরা গর্বিত। তারপর ২ নম্বর, ৩ নম্বর, ৪ নম্বর এবং ৫ নম্বর হতে চলেছে এই পশ্চিমবঙ্গ থেকে। একটা বিপ্লব। এটা একটা রেনেসাঁ। আমি বারে বারে বলি একটা দেশ চারটে বোমা তৈরী করে বড় হতে পারেনা। একটা দেশ উপগ্রহ পাঠিয়ে বড় হতে পারেনা। একটা দেশ যদি নির্মল পরিশ্রুত জল আর স্বাধীনতার ৬০ বছর পরেও যদি আজকে পয়ঃপ্রণালী তৈরী করে না দিতে পারে সে দেশ কোনো দিন বড় হয় না। বিশ্বের বাকি দেশরা বড় হয়েছে এই দুটি/তিনটি জায়গাতে। আমরা হইনি এখনও তার কারণ এখনও গাড়ু নিয়ে আমরা মাঠ ব্যবহার করি পয়ঃপ্রণালীর জন্য। কাজেই ব্যাপক যুদ্ধকালীন তৎপরতায় আমরা এই কাজটা করছি। এই কাজটা কাউকে দেখে করছিনা। নতুন যে একটা গান্ধী তৈরী হওয়ার চেষ্টা হচ্ছে দিল্লীতে তার মুখ দেখে করছিনা। আমরা বাংলার, ভারতের মুখ দেখে করছি। আমি কৃতজ্ঞ আবার আমাদের মুখ্যমন্ত্রীর প্রতি কারণ তিনি এটার জন্য এখনই কয়েক পা এগিয়ে আমাদের পিছনে এসে দাঁড়িয়েছেন। যদিও প্রথম দিকেও বলেছিলেন যে, সুব্রতদা, আমাকে দাদা বলেন বয়সে ছোট বলে, সুব্রতদা মনে রাখবেন। যদি মানুষের উপকার করতে হয় তাহলে গ্রামে যান। গ্রামের মানুষের পাশে গিয়ে দাঁড়ান। শহরের মানুষ আপনা আপনি অনেক কিছু পাবে অনেক কিছু পাবেনা এরকম করেই চলবে।

কিন্তু গ্রাম? যারা দীর্ঘদিন ধরে বঞ্চিত হয়ে আছে তাদের পাশে গিয়ে দাঁড়ান এবং সেই লক্ষ নিয়ে গ্রামীণ উন্নয়নের প্রতি সবচেয়ে সবদিক থেকে গুরুত্ব দেওয়া হয়েছে। সেই গুরুত্বের কোনো জায়গায় হয়তো খামতি থাকতে পারে কারণ অনেকেই বলেছেন বি.পি.এলের ব্যাপারে। এর জন্য আপনাদেরই দায়ী বলি। বি.পি.এল লিস্ট যখন টাঙানো হয় কেউ বি.ডি.ও অফিসে গিয়ে দেখেন না যে কি হয়ে আছে। আমি দুই মাস/তিন মাস টাঙিয়ে রাখি। যাইহোক আধিকারিকদের উপর নির্ভর করতে হয়। এখানেও সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের অনেক সময় টাকা দিতে দেরি করে। যাঁরা ডাইরেক্ট এই সম্পর্কে যুক্ত আছেন তাঁরা নিশ্চয়ই জানেন আগে কেন্দ্র থেকে যদি তাঁর টাকাটা না আসে, পুরো টাকাটা আমাদের নয়। আমি যদি ৫০% টাকা নিয়ে আপনাদের ওখানে দিতে যাই তাহলে বিধবা মায়েরা আমাকে মারতে আসবে কারণ তার আগে যত টাকা পেয়েছে আমরা তার অর্ধেক দিতে গেলে তা দেওয়া সম্ভব হয়না অপেক্ষা করতে হয় দিল্লীর টাকার জন্য। এগুলো আপনাদের জানা জিনিস। কাজেই আমি আপনাদের বলতে পারি আমরা ১৬ লক্ষ ১১ হাজার শৌচালয় ইতিমধ্যে তৈরী করেছি। দ্রুত গতিতে কাজ চলছে মানুষের সহযোগিতায়। আমি পড়শুদিন ভাঙরে গিয়েছিলাম। ভাঙরের এম.এল.এ এখানে আছেন বোধ হয়। ভাঙরে ১০ হাজার মায়েরা, মাইনরিটি মায়েরা তাঁরা এসে বলছেন এই ব্লক কাজে যুক্ত হয়েছে। আমি অভিভূত। আমি প্রথম-প্রথম ভাবতাম এটা করা যাবেনা। অফিসারদেরও বলতাম কি পাগলামি করছেন। নানা কারণে এটা করা সম্ভব নয়। আমি দেখলাম একটা গণঅভ্যুত্থান, বিপ্লব হয়ে গেছে। এইটাই রেনেসাঁ। সোসাল রেনেসাঁ। মেয়েরা তাঁরা এগিয়ে এসেছেন। তাঁরা এগিয়ে এসে দায়িত্ব নিয়ে একেবারে তৈরী করছেন। এই সি.পি.এম পার্টি — রাগ করবেননা এটা বলার জন্য বলা নয়। আপনাদের সময় যে কয়েকটা হয়েছিল আমি সেগুলো পরীক্ষা করে দেখেছি। গিয়ে দেখি যে কোনটা ঘুটে রাখার জায়গা, কোনটায় ছাগল রেখেছে। আমি যখন যাচ্ছি তখন ক্যাঁ-ক্যাঁ করে ছাগলগুলো চ্যাঁচাচ্ছে। কোনটায় কাঠ রেখে দিয়েছে বর্ষাকালে জ্বালাবার জন্য। আমরা তা করিনি। আমরা ১২ হাজার টাকা প্রয়োজনে — এমন এমন জেলা আছে নর্থবেঙ্গলের আমরা বলছি টাকার চিন্তা নেই, তোমরা কর আমরা দাঁড়িয়ে থেকে দেখবো। আমরা শুধুমাত্র এই নারেগার মানুষ ইত্যাদির কাজে সাহায্য করবো। আজ এখানেও এই যে নারেগা শুধু কাজ আর টাকা পায় তাই নয়, আমরা করতে চাই যেটা মুখ্যমন্ত্রী দেখবেন, এমনকি যাদের ফুডের ক্যোয়ালিফিকেশন আছে খাবার তৈরী করা, ডিস্ট্রিবিউশান করার কাজেও তাদের লাগিয়েছেন। গাছের চারাও লাগাচ্ছেন। যেখানে বন্যা হয় অথবা প্রাইমারি বাঁধ আছে সেই বাঁধ তৈরী করছে।

অর্থাৎ একেবারেই স্কুল পরিষ্কার থেকে আরম্ভ করে যেখানে গ্রামের কাজ উন্নয়নের সেখানেই আমরা নারেগার মানুষকে লাগিয়ে দিয়েছি। দুটি জায়গায় দাবী করেছি কেন্দ্রের কাছে, এখনও এ্যালাও করছে না। ধান কাটা এবং ধান বোনাটাও যুক্ত করুন। প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীদের, বড়ো চাষীদের না, এদের তাহলে আমার মনে হয় আরো বেশি এঁরা কাজ করতে আসবেন। এবং মানুষের সুরাহা হবে।

Mr. Speaker : With the consent of the House I extend the time for twenty minutes.

শ্রী সুব্রত মুখার্জী : পেনশানটাতো আমি বললাম, পেনশানটা আমরা ওয়েট করছি। ওদের অংশটা পাওয়া পর্যন্ত। পেনশান পাচ্ছে, গ্রামে ভালো পাচ্ছে, শহরে এবং মিউনিসিপ্যাল এলাকায় খারাপ পাচ্ছে। তার কারণ মিউনিসিপ্যাল এলাকায় আমাদের নির্ভর করতে হয় লিস্টটা করতে সুডা'র উপরে। এবং সুডা'র কাজ আমি officially বলছি, যথেষ্ট আমরা খুশি নই। এবং তার জন্য এটা মিউনিসিপ্যাল এলাকায় including কোলকাতা একটুখানি আমরা পিছিয়ে আছি।

আমার বলতে কোনো আপত্তি নেই এই জিনিসে। কিন্তু গ্রামে আমরা সেটা পুষিয়ে দিয়েছি। এবং আরো আমরা করতে পারবো। অনেক রাস্তা আমরা যেমন করেছি, RIDF-এর রাস্তা একসময় Finance Minister যা দিয়েছিলেন RIDF-এ, এখন সেটা অনেকটা বাড়িয়েও আমাদের কিন্তু পুরোনো রাস্তা repair করতে আমরা সক্ষম হয়েছি। এছাড়াও আরো অনেক আছে কিন্তু যতটা সংকুলান বরাদ্দ হবে আমরা কাজ করব। আমি আপনাদের কাছে নির্মল বাংলা, MGNREGA, অর্থ কমিশন চতুর্দশ এটার সমস্ত টাকাটাই এখন গ্রাম পঞ্চায়েতে দিয়ে দেওয়া আছে। গ্রাম পঞ্চায়েতের দায়িত্ব অনেক বেড়ে গেল। একদিকে এই টাকাটা পাবে। অপরদিকে ISDP যা আমরা ভালো কাজ করার জন্য আগে ১০০০টি মাত্র গ্রাম পঞ্চায়েতকে আমাদের সশস্ত্রীকরণের জন্য সাহায্য করতো অর্থাৎ strengthening করার জন্য। Administrative strengthening করার জন্য এটা World Bank-এর টাকা। সেইটা আমাদের কাজ এতো ভালো, একটা জায়গায় লিখেছেন, আমাদের অর্থমন্ত্রীর কাছে কপিটা আছে যে, rarest to the rare. যে শব্দটা সাধারণভাবে World Bank use করে না। ভালো বলে, কিন্তু rarest to the rare এই শব্দ ব্যবহার করে প্রশংসা করেছেন এবং করেছেন শুধু তাই নয়, আমি অত্যন্ত গর্বিত যে, পরবর্তী যে one third বাকি ছিল, সেগুলো পর্যন্ত এঁরা তাদের সঙ্গে যুক্ত করে নিয়েছেন। অথাৎ ১০০০ আমি roughly বলছি, ১০০০টা GP ছিল, এখন প্রত্যেকটা GP এর আওতায়। তাহলে 14th Finance Commission-এর টাকা তার সঙ্গে এই সশস্ত্রীকরণের টাকা এবং তাদের prize money এক একটা জায়গায় এক কোটি টাকা পর্যন্ত পান। সব মিলিয়ে এই গ্রামগুলোকে আরো শক্তিশালী করতে হবে। তার জন্য আগে কি দরকার। আমি বোধ করলাম যে 50%, আমাদের মুখ্যমন্ত্রী মহিলা আমাদের বোনেদের করে দিয়েছেন। তাদের যথেষ্ট হয়তো অনেক জায়গায় ট্রেনিং নেই। তাই সমস্ত জেলায় আমি training institute করেছি। আমি complete করে ফেলেছি। শুধুমাত্র আলিপুরদুয়ার আর দার্জিলিং হয়নি বলে বাকি আছে। সেখানে ট্রেনিং নিয়ে আর শেখার কোনো শেষ নেই, লজ্জা নেই। আমি প্রত্যেক জেলায় এটা গিয়ে বলেছি। অত্যন্ত আধুনিক মানের করেছি। আপনারাও উৎসাহিত করুন। তাঁরা ট্রেনিং নিন এবং এই সমস্ত টাকাগুলো যাতে ব্যবহার ঠিক মতো হয় তার ব্যবস্থা করে দিন। এটা ঠিক যে, সাবিনা একটা সাজেশান বলেছেন যে, মধ্যবিত্ত সমিতিগুলোকে যদি আদেশ করা যায় কোথাও কোথাও বলেছেন, আমি এই নিয়ে ভাবিনি, ও বললো আমি পরে ভাববো আর কি। যদিও এটা একটা কঠিন দিক। আমি এবার অনেক অনেকক্ষণ হয়ে গেল বলে, জলের কথা বলছি, অনেক আছে। তাহলে এই পরের বাজেটটাও তাহলে চলে যাবে — এটা জাহাজের মতো department. ভেটিং তো হবে, ভেটিংতো বললাম। দেখেছি ওটা।

[6:00 – 6:10 p.m.]

আমি যেটা বলব, আমাদের পি এইচ ই ডিপার্টমেন্টের ব্যাপারে একটু সংবাদ দিই, আমরা এই ডিপার্টমেন্টেরও গত বছরের, পর পর কয়েকটি বছরের যা বরাদ্দ ছিল, তার চেয়ে এবার, তার চেয়ে বরাদ্দ অর্থমন্ত্রী বেশী করেছেন। আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং এটা খুব জরুরী, এবং এই বার্তা তিনি আমাদের সাথে সহমত হয়েছেন, তা নাহলে ঠিক এই সময়ে এতটা বৃদ্ধি সাধারণভাবে করা যেত না। আমরা এ ডি বির সাথে জাইকার সাথে সহযোগিতা নিয়ে ব্যাপকভাবে, আমাকে মুখ্যমন্ত্রী বলে দিয়েছিলেন যে কোলকাতার মানুষ যেভাবে বাড়ীতে বসে নলবাহিত পরিশ্রুত জল খায় সেইভাবে জল সরবরাহ আমি চাই আমার গ্রামের মানুষেরাও খাবে। এটা বলেছিলেন কোথায়, একেবারে সুখা এরিয়ায়, বাঁকুড়ায় এবং পুরুলিয়ায় দাঁড়িয়ে। এখানে বাঁকুড়ার এম এল এ.রা যাঁরা আছেন, তাঁরা জানেন, আমি পুরো উদ্যমে, তারপর এই

কথা নিয়ে, তাঁর কথা নিয়ে কাজ শুরু করে দিই। চলে যাই ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে, ওয়ার্ল্ড ব্যাঙ্কের ব্যবস্থা করে দেন অমিতদা। তিনি সম্মতি না দিলে ঐটা পুরো হবেনা, দিল্লিকে বাধ্য করি, এবং তারপর আমরা এই কাজটি ঐ, আমি তো সি পি এম এর বন্ধুদের কাছে অনুরোধ করবো, এটা আমি রাজনীতির কথা বলছি না, যদি মমতা ব্যানার্জী পারে, ডোন্ট থিঙ্ক, সি নোজ ম্যাজিক অর আই নো ম্যাজিক। এই সুখা এরিয়া বলে বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুরকে একেবারে ছেড়ে দিলেন আপনারা। কেন, ছেড়ে দিলেন ? এক গ্লাস জলের জন্য হাহাকার করেছে লোকেরা বছরের পর বছর। আমি শুধু বলছি, কেন জিজ্ঞেস করেছিল, বলেছিলেন জল নেই। আমরা গিয়ে দেখলাম, জল আছে। ডি ভি সি তাদের বর্ডারে, ডিভিসি.র অত জল, ডি ভি সি.র জল নিতে গেলাম, বলল না, আমি আগে সেচকে দেবো। আমরা বললাম, তুমি সেচকে দেবে কি দেবেনা জানিনা। আমি খানিকটা, জোর খাটিয়ে, পলিটিক্যাল প্রেসার এ্যাপ্লাই করে সেই জল তুলে নিয়ে এলাম। যান, আপনি এক গ্লাস খেয়ে আসবেন দয়া করে। বাঁকুড়ার অর্ধেক মানুষ এখানে থাকলে দেখবেন, আমার কাজ শেষ, আর অর্ধেক ১৫তারিখ উদ্বোধন করতে যাচ্ছি, কাজ শুরু হবে। পুরো বাঁকুড়ার প্রতিটি ব্লককে আমরা বিশুদ্ধ পানীয়, একেবারে ট্রিটমেন্ট করে আমরা ল্যাবরেটরী দিয়ে, আমরা পান করাচ্ছি। যান পুরুলিয়া— আমার মুখস্থর মতন- ২০টা ওখানে ব্লক, ৯০টা প্রজেক্ট, জাইকার টাকা, কিছু জল সামান্য আমরা দ্বারকা- দ্বারকেশ্বর এবং কাঁসাই নদী থেকে পেয়েছি। বাকি সবটুকুনই আমাদের তলা থেকে, তলা থেকে নিতে হয়েছে, সাব—মার্শি বিল পাম্প করে। কিন্তু বিশুদ্ধ জল। আজকে পূর্ব মেদিনীপুরে আমরা বড় বড় প্রজেক্ট গ্রহণ করেছি। নন্দীগ্রামের মানুষ যাঁরা আছেন, তাঁরা প্রাণ দিয়েছেন, খুশী হবেন, সেইসব শহীদ পরিবার, একেবারে নন্দকুমারের মোড় থেকে রূপনারায়ণের জল নিয়ে আমরা ওখানে পৌঁছে যাচ্ছি এবং পুরোটা দিতে দিতে। এইভাবে আমরা রূপনারায়ণের জল তুলে একেবারে পাঁশকুড়া এবং পুরো ঐ চ্যানেলটায় জলের ব্যবস্থা করেছি। আমি গতকাল সিদ্ধান্ত নিয়েছি যে ঘাটাল এবং দাশপুর যেহেতু শীলাবতী নদীতে পেরিনিয়াল নেচার অফ রিভার সারা বছর জল থাকে তাহলে কেন তারা জল পাবেনা খাবার জল? সেখান থেকে জল তুলে দুটোরই ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছি। আগামী ১৬তারিখে গিয়ে স্থানীয় স্পট ভিজিট করে ফাইনাল ডিসিসান আমরা নেব। তো, আমি এইটুকুনই বলতে চাই, এই কাজগুলো যদি আপনারা করতেন, আপনি নিজে দক্ষিণ ২৪পরগণার মানুষ, আপনি একটা ৩০০কোটি টাকার প্রজেক্ট করে দক্ষিণ ২৪পরগণার মানুষকে দেখিয়ে চলে গেলেন। তারপর, গঙ্গা এখান দিয়ে বয়ে যাচ্ছে, এতবড় সুযোগ, সেই সুযোগ গ্রহণ করলেন না, যান গিয়ে দেখুন, নোদাখালিতে আমরা যে ১৪০০কোটি টাকার প্রজেক্ট, এত বড় তার পাইপ লাইন, যে সেই পাইপ লাইন যদি সোজা যেত, তাহলে লন্ডন ছাড়িয়ে যেত। তার কারণ ৯হাজার কিমি পাইপের দাম দিয়েছে এখানকার মন্ত্রী, জিজ্ঞেস করুন। নাইন থাউজেন্ড — বেঁকে বেঁকে বেঁকে বেঁকে ১০টা ব্লক, সো, সোজা যদি ঐটা যেত তাহলে লন্ডন পেরিয়ে যেত, কারণ ঐটা ৮হাজার কিমি এখান থেকে। সেইজন্য বললাম। আমি ইয়ার্কি করে বলিনি। এটা বিজ্ঞানের কথা বললাম। সুতরাং কেন, এখানকার লোকগুলো - আপনি কথা বলবেন না, প্লীজ তাহলে আরো খাস্তা হয়ে যাবে।

...(নয়েজ)...

যে অপরাধ আপনারা দলবাজি করে করেছেন তার ক্ষমা নেই। বাকিগুলো আমরা ক্ষমা করে দিয়েছি। কিন্তু আপনারা মানুষকে জল না দিয়ে যে অপরাধ করেছেন তার ক্ষমা কিছুতেই হবে না, হবে না। কিছুতেই হবে না। ইট ইজ এ ক্রাইম, এটা একটা পাপ। আপনারা যা করেছেন। এটা রাজনীতির কথা নয়। ইউ ডোন্ট শাউট ফর দ্যাট। আমরা উত্তর ২৪ পরগণা জেলায়

ঠিক একইভাবে করেছি, নদীয়াতে করেছি। আমাদের মনে রাখতে হবে সমস্যাটা কোথায়। একমাত্র পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষে যেখানে ৮৩টি ব্লক ফুল অফ আর্সেনিক। আর্সেনিক ইজ ট্যান্টামাউন্ট টু ক্যান্সার। ওইসব এলাকায় পটল, ঝিঙে যা চাষ হয় সবই আর্সেনিকযুক্ত হয়ে যেতে পারে পণ্ডিতরা এ কথা বলছেন। সুতরাং ফাইট করাটা চ্যালেঞ্জের মুখে। শুধু জল নয় তার সঙ্গে ক্যান্সার, আর্সেনিকের বিরুদ্ধেও সংগ্রাম করতে হচ্ছে, যেটা আপনারা করেননি ৩০ বছর ধরে।

...(নয়েজ)...

একদিকে ফ্লোরাইড আছে। সেই ফ্লোরাইড আরো সাংঘাতিক। বীরভূমে ফ্লোরাইড। এখানে যেমন ছটি জেলায় সম্পূর্ণ আর্সেনিক, ওখানে বীরভূমে ফ্লোরাইড। সেটাও মারাত্মক। সেটা ক্যান্সার নয়। কিন্তু ১০ বছর বয়সের একটি ছেলে বা মেয়ে সে ফ্লোরাইড আক্রান্ত হলে তার দাঁত, তার হাড়গুলো পাঁপড়ের মত হয়ে যাবে। আল্টিমেটলি সে মারা যাবে। এই ভয়ংকর অবস্থার মধ্য দিয়ে লড়তে হচ্ছে। তাই আপনাদের আমি বলছি, আমরা এ টি এম করছি। আমাদের চিফ মিনিস্টার প্রথম এ টি এমটা উদ্বোধন করেছেন। কোলকাতাতেও আমরা কিছু করে দিচ্ছি। সমস্ত স্কুলে, গ্রামে আমরা করছি। আমি মেদিনীপুরে গিয়েছিলাম, পরশুদিন আমি অর্ডার দিয়েছি, মেদিনীপুরের বিখ্যাত সাইন্স কলেজ, যেটা অঞ্জলি খানের বাড়িতে আছে সেখানে করা হচ্ছে। এ টি এম ওয়াটার এটা একটা জার্মান কোম্পানির অতি আধুনিক আবিষ্কার। আপনি সামান্য এক টাকার একটা কয়েন ফেলে দিলে এক লিটার পরিশ্রুত পানীয় জল পাবেন। সেখানে লেখা আছে, এই জলে যদি ব্যাকটেরিয়া প্রমাণ করেন তাহলে আপনাকে তিন লক্ষ টাকা দেওয়া হবে। এতটাই গ্যারান্টেড। এটাই উন্নয়ন দেশের। সেভাবেই আমরা করছি। আমি এই কাগজ সব দিয়েছি। আশা করি আপনারা সব পড়ে নেবেন।

...(নয়েজ)...

এই বলে আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন করার অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Now, I put all the cut motions of Demand No. 40 to vote.

The question before the House is the cut motions moved by Shri Asit Mitra and Smt. Shyamali Pradhan. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe".

(Voices: Noes)

Noes have it, noes have it.

The cut motions are lost.

Now, I put the main motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 16947,28,67,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads: "2217-Urban Development, 2235 Social Security and Welfare, 2501-Special Programmes for Rural Development, 2505-Rural Employment, 2515-Other Rural Development Programmes, 2575-Other Special Areas Programmes, 3451-Secretariat-Economic Services, 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4059-Capital

Outlay on Public Works and 4515-Capital Outlay on Other Rural Development Programmes" during the year 2017-18.

As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe".

(Voices : Ayes)

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Demand No. 40 is passed, Demand No. 40 is passed.

DEMAND NO. 45

Mr. Speaker : Now, I put the cut motion of Demand No. 45 to vote.

The question before the House is the cut motion moved by Shri Asit Mitra. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe".

(Voices: Noes)

Noes have it, noes have it.

The cut motion is lost.

[6:10 – 6:20 p.m.]

Mr. Speaker : Now I put to vote the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 2249,11,28,000 be granted for expenditure under Demand No. 45, Major Heads: "2059-Public Works, 2215-Water Supply and Sanitation, 2250-Other Social Services, 2251-Secretariat-Social Services, 2551-Hill Areas, 4059-Capital Outlay on Public Works and 4215-Capital Outlay on Water Slupply and Sanitation" during the year 2017-2018

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 45 is passed; the Demand No. 45 is passed.

Discussion on Demand No. 25 relating to Public Works Department

Demand No. 25

Mr. Speaker : There are three cut motions to Demand No. 25. All the cut motions are in order. Members may now move their cut motions.

Shri Asit Mitra : Mr. Speaker, Sir, I beg to move that the amount of the Demand be reduced by Re. 1-.

Shri Anisur Rahaman : Mr. Speaker, Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

Smt. Jahanara Khan : Mr. Speaker, Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

শ্রী কানাই চন্দ্র মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী অরুপ বিশ্বাস মহাশয় যে প্রস্তাব পেশ করেছেন এই দপ্তরের বিষয়ে সেই বিষয়ে আমি কিছু বক্তব্য এখানে উপস্থাপিত করছি। প্রথমেই একটা কথা বলে শুরু করতে হচ্ছে, আমার সময় যদিও খুব সংক্ষিপ্ত, এখানে মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী তিনি অনেক কথা অনেক সময় নিয়ে বললেন। ওনার মনে রাখা ভালো ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত উনি পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী ছিলেন। ওনার বোধ হয় স্মরণে থাকা ভালো, সারা পশ্চিমবাংলায় পরিবর্তন ঘটিয়েছিলেন তিনি এবং বিরোধীদের ক্ষমতায় আসার সুযোগ করে দিয়েছিলেন পঞ্চায়েত ব্যবস্থায়। দুর্নীতিগ্রস্ত পঞ্চায়েত ব্যবস্থায় ঘুঘুর বাসা ভেঙ্গে দাও, এর বিরুদ্ধে দাঁড়িয়ে লড়াই করেই পশ্চিমবাংলায় চৌত্রিশ বছর বামফ্রন্ট সরকার ক্ষমতায় টিকে ছিল। এটা বোধ হয় সুব্রত মুখার্জীর মনে রাখা দরকার। আবার আজকে তিনি যখন এই সরকারের মন্ত্রী তখন তিনি আজকে এই পঞ্চায়েত ব্যবস্থাকে জাগলারি করে আবার বিরোধীদের ক্ষমতায় আসার সুযোগ করে দিচ্ছেন। এটা শুধু আমি আপনাকে স্মরণ করিয়ে দিলাম। বিরোধী দলনেতা যখন আক্রান্ত হচ্ছেন, তখন আপনি আপনার সীটে বসে মিটিমিটি হাসছেন, আর কোলে বসে কোলের মাছ খাচ্ছেন, আর আপনি এখানে দাঁড়িয়ে বক্তৃতা দিচ্ছেন। বলিহারি আপনার জাগলার গিরি। আমি দেখে অবাক হয়ে যাচ্ছি। আমি এবারে যে কথায় আসতে চাইছি, আমরা সবাই জানি, আজকে যোগাযোগ ব্যবস্থা হচ্ছে একটা রাজ্যের অগ্রগতি। সেই অগ্রগতির দায়িত্ব পূর্ত বিভাগ নিয়েছেন। এই ২৫ নং দাবিতে অনেক দায়িত্ব যুক্ত আছে। ২০১৩-১৪ সালের একটা বাজেট বক্তৃতায় আমি দেখছিলাম, সেই সময় এই দপ্তরের দায়িত্বে ছিলেন শঙ্কর চক্রবর্তী মহাশয়। সেই সময় তিনি এই দপ্তরের টাকা খরচ করতে পারেননি। এবারেও আমরা দেখলাম স্ট্যান্ডিং কমিটির রিপোর্টে ২০১৩-১৪ সালের জন্য যে বরাদ্দ টাকা ছিল তার ৭২ শতাংশ খরচ হয়েছিল, বাকিটা খরচ করতে পারেননি। ২০১৪-১৫ সালে আপনি বরাদ্দ টাকার ৯৭ শতাংশ খরচ করেছেন, বাকিটা করতে পারেননি। আর ২০১৫-১৬ সালে আপনি বরাদ্দ টাকার ৫৩ শতাংশ টাকা খরচ করেছেন, বাকিটা খরচ করতে পারেননি। এই বিষয়ক স্ট্যান্ডিং কমিটির রিপোর্ট আমার হাতে আছে, সেই রিপোর্ট দেখেই আমি বলছি। যখন আজকে সারা পশ্চিমবাংলায় রাস্তাঘাটের বেহাল অবস্থা, রাস্তায় বড় বড় গর্ত, সেখানে মাছ ছেড়ে দেবার মত অবস্থা। গোটা রাজ্যের অনেকগুলো রাস্তার অবস্থা আজকে বেহাল। আজকে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে এই রাস্তাগুলো। আজকে প্রভাবশালী ও করিৎকর্মা মন্ত্রী হিসাবে আপনি পরিচিত, এদিকে আপনি আপনার দপ্তরের টাকা খরচ করতে পারছেন না।

আজকে সবচেয়ে প্রভাবশালী মাননীয় করিৎকর্মা মন্ত্রী, আজকে তার দপ্তরের টাকা খরচ করতে পারছেন না। আজকে মুখ্যমন্ত্রীর স্বপ্ন, তার প্রেরণা — আজকে কি করে সফল হবে পশ্চিমবাংলায়। আজকে বিষয়টি ভেবে দেখতে বলব মাননীয় মন্ত্রীকে। আপনি এখানে পরিসংখ্যান দিয়েছেন খুবই ভাল কথা, পরিসংখ্যান দিতে হয় যে বামফ্রন্ট সরকার আমলে কত টাকা বাজেটে ছিল — আর আপনি কত টাকা বাজেটে বাড়িয়েছেন। ২০০৩-০৪ সাল থেকে আপনি ২০১৬-১৭ দেখিয়েছেন। ভাগ্যিস আপনি স্বাধীনতার পর থেকে শুরু করেননি। করলে বোধহয় ভাল হত। সেই সময় বাজেটের বরাদ্দ, আর আজকের বাজেট বরাদ্দ তুলনা করেছেন আপনি। আমি আপনাকে বিনীতভাবে বলতে চাই, যে আপনি একটু বুঝে দেখবেন। আজকে

যখন এখানে দাঁড়িয়ে অর্থমন্ত্রী অমিত মিত্র বাজেট পেশ করছেন, তখন তিনি ৬.৫ লক্ষ কোটি টাকার বাজেট পেশ করছেন। তুলনা করে বলছেন, সেই সময়ের টাকা আর এই সময়ের টাকার বরাদ্দ অনেক বেশি। কিন্তু ভুলে গেলে চলবে না, আজকে জিনিসের দাম কত বেড়েছে। আপনি যখন রাস্তা করছেন,আপনি যখন উন্নয়ন করছেন — আমি আপনাকে একটা তথ্য দিয়ে বোঝাতে চাইছি, সেটা হচ্ছে যেমন ধরুন আপনি রাস্তা করবেন, আপনি আবাসন করবেন, এটা আপনার কাজ। আজকে ২০০৩-০৪ সালে সেই সময়ে সিমেন্টের দাম ছিল গড়ে ৪০ থেকে ৪১ টাকা বস্তা। আজিকে ২০১৬-১৭ সালে সিমেন্টের দাম গড়ে ৩০০ থেকে ৩৫০ টাকা বস্তা যা সাত থেকে আট গুণ। আজকে যদি আপনি ৩৫২ কোটি সঙ্গে আপনি আট গুণ যোগ করেন তাহলে আপনার বাজেট আজকে যা পেশ করছেন তা প্রায় সমান হয়, বেশি হয় না। আজকে পাথরের দাম - সেই সময় ৫০০ টাকা সিএফটি ছিল, আজকে তার দাম হচ্ছে তিন হাজার টাকা সিএফটি। আজকে বালি, আজকে বালি নিয়ে ইতিমধ্যেই আপনারা ব্যাবসা শুরু করেছেন যাতে গরিব মানুষের ঘরবাড়ি করা প্রায় বন্ধ হয়ে যাবে। ৩০০ থেকে ৪০০ টাকা সিএফটি ছিল ২০০৩-০৪ সালে,আর আজকে তার দাম আপনি বাড়িয়েছেন ১০০ সিএফটি এর দাম দুই হাজার টাকার উপরে। ১০০ সিএফটি এর দাম। রডের দাম, ১০০০ টাকা থেকে ১২০০ টাকা কুইন্টাল ছিল,বর্তমানে তার দাম সাড়ে চার হাজার টাকার উপরে এক কুইন্টাল রডের দাম। তাহলে আপনার বাজেটে বরাদ্দের সঙ্গে আজকের বরাদ্দে - আজকে দামের সঙ্গে সঙ্গতি রেখে আপনি বেশি টাকা বাড়াতে পারেননি। আজকে যখন রাজ্যে ডেভেলপমেন্ট হচ্ছে,মানুষের অগ্রগতি ঘটছে,তখন আপনার এই দপ্তরের টাকা আরও বাড়ানো দরকার ছিল, আপনি সেই কাজে ব্যর্থ হয়েছেন। মাননীয় মন্ত্রী, মুখ্যমন্ত্রী তিনি আপনাদের নাম্বারের ব্যবস্থা করেছিলেন, যে কোন মন্ত্রীর দপ্তর কত নম্বর হবে। সেই নম্বরটা ইদানীং আপনাদের বন্ধ হয়ে গেছে বলে, আপনাদের রক্ষা। আপনি এই দপ্তরের যা কাজ করেছেন, আজকে টাকা খরচ করতে না পেরে - তাতে আপনার নাম্বার খুব বেশি পাবেন না, পাশ নাম্বার আপনার জুটবে না। আমি আপনাকে পরিসংখ্যান দিয়ে বলছি, আজকে পূর্ত বিভাগের উপর দায়িত্ব হচ্ছে ১৫,৫২৫ কিলোমিটারের রাস্তা নির্মাণের কথা। আপনি তার মধ্যে রাজ্য সড়ক ৩৫৪৩ কিলোমিটার করার কথা। আজকে এই রাস্তা সারা রাজ্যের পরিসংখ্যান হচ্ছে ২৯ শতাংশ রাস্তা, ইতিমধ্যে কিছুটা মেরামত, কিছুটা পটি দেওয়া হয়েছে। বাকি রাস্তাগুলি বেহাল অবস্থা। প্রধান। যে সড়ক ৯৫৬৪ কিলোমিটার,যা আপনার দপ্তরের মধ্যে পড়ে তার মাত্র ১৮ শতাংশ আজকে কাজ রাস্তাগুলি মেরামত হয়েছে,বাকি রাস্তাগুলি বেহাল অবস্থা। গ্রামীণ সড়ক যোজনা, গ্রামীণ সড়ক - যা আপনার দায়িত্বে আছে ২৪১৮ কিলোমিটার তার মাত্র ১৫ শতাংশ কাজ হয়েছে,বাকি অবস্থাটা খারাপ। আমি মাননীয় মন্ত্রীকে বিনয়ের সঙ্গে বলব, আমি বলেছিলাম এক সময় সেচ মন্ত্রী মাননীয় রাজীব বন্দ্যোপাধ্যায়কে বলেছিলাম যে, সেই সময় বাঁধের কাজের ক্ষেত্রে কিছু কথা বলেছিলাম। উনি উষ্ণ হয়েছিলেন - কিন্তু আমি অভিনন্দন জানাচ্ছি, উনি সেই বিষয়গুলির রেকটিফিকেশান করে আজকে অনেকটা অগ্রগতির বাইরের পর্যায়ে ঘটিয়েছেন সেচের ক্ষেত্রে অগ্রগতি ঘটিয়েছেন - আমি অভিনন্দন জানাচ্ছি তাকে।

[6:20 – 6:30 p.m.]

আমি আপনাকে বিনীতভাবে বলতে চাই, একটু লক্ষ্য রাখুন, আমি আপনার ভালোর জন্য বলছি, রাজ্যের ভালোর জন্য বলছি, আজকে কনট্রাক্টরী সিস্টেমে আপনি যখন রাস্তার টেন্ডার করছেন, সেই টেন্ডারে প্রথম কথা হচ্ছে যখন একজন কনট্রাক্টর কাজ করছেন, সেই কাজ যখন জেলায় গিয়ে হচ্ছে, তখন আপনাদের দলের নেতাদের কনট্রাক্টরকে বড় টাকা প্রণামী দিতে হচ্ছে। দু নম্বর হচ্ছে, একজন কনট্রাক্টর কাজ করছেন, এক হাত, দু হাত, তিন হাতে যাচ্ছে,

কাজের মান কমে যাচ্ছে। চার হচ্ছে, ওভার লোডের গাড়ি যাচ্ছে, আপনি যে রাস্তাগুলো করছেন, ওভারলোডের জন্য আজকে প্রশাসন যে ভাবে টাকা লুঠ করছে, ওভারলোডের জন্য রাস্তা ভেঙ্গে যাচ্ছে। আজকে উদাহরণ হচ্ছে সেতু নির্মাণের ক্ষেত্রে আপনি মনে রাখবেন গিরিশ পার্কের গণেশটকির কাছে বড়বাজারের উপরে ব্রিজের উদ্বোধন যখন করতে যাচ্ছিলেন, যে কনট্রাক্টর পেয়েছিল, নিজস্ব কনট্রাক্টর, দলের কনট্রাক্টর, আজকে ভেঙ্গে গিয়ে - মনে আছে আপনার, মানুষ স্মৃতি হারায় নি, ২৪ জন মারা গিয়েছিল, একশোর বেশি আহত হয়েছিল। আজকে এই অবস্থায় গোটা রাজ্যের সড়কের ক্ষেত্রে কনট্রাক্টারী ব্যবস্থা শেষ করে দিচ্ছে। আজকে জাতীয় সড়কের ক্ষেত্রে এন এইচ থার্টি ফোর, জমি অধিগ্রহণের কারণে রাস্তা সম্প্রসারণ হচ্ছে না। উত্তরবঙ্গ থেকে যখন কলকাতা ঢুকছে, অ্যাম্বুলেন্স আসছে না, গাড়ি আসছে না। আজকে জমি অধিগ্রহণ হচ্ছে না। ফোর লেন রাস্তা যে তিমিরে ছিল, সেই তিমিরেই থাকছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব, বিষয়গুলো উপলব্ধির মধ্যে এনে আপনি রাস্তাগুলো মেরামত করা, সম্প্রসারণ করবার চেষ্টা করবেন। আমার অনেক কথা ছিল। শেষ করার আগে আমি যে কথাগুলো বলছি, আজকে সারা রাজ্যের ক্ষেত্রে যে সড়ক ব্যবস্থা, সেই সড়ক ব্যবস্থার বরাদ্দ আরও বাড়ানোর দরকার। আজকে গ্রামীণ রাস্তাগুলির বেহাল অবস্থা। আজকে সেই ব্যবস্থা পঞ্চায়েত মন্ত্রী তা শেষ করে দিয়েছেন।

.....(এই সময় মাইক অফ হয়ে যায়।).....

শ্রী কালীপদ মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী শ্রী অরূপ বিশ্বাস মহাশয় অভিযোজন নম্বর ২৫ পূর্ত বিভাগের যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করে দু চারটি কথা বলতে চাই। আমার এতদিন অভিজ্ঞতা ছিল যে, যাত্রাশালে যাত্রা ময়দানে, মাঠে-ময়দানে বক্তৃতা করলে যাত্রা শিল্পীদের একটা হাততালি পাওয়া যেত। আমার পূর্ববর্তী বক্তা সেই যাত্রা করে গেলেন। এখানে কেউ একজনও হাততালি দিলেন না। এটাই বোধ হয় আশ্চর্য লাগছে। এখন প্রশ্ন হচ্ছে, ওঁরা আবার উন্নয়ন দেখতে পাচ্ছেন না। আমি আমাদের মন্ত্রী মহাশয়ের কাছে একটা বিনীত অনুরোধ করতে পারি যে, ৩৪ বছরের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে ওনাদের পরামর্শ অনুযায়ী যদি আপনি বাজেটটা করতে পারতেন, তাহলে বোধ হয় আপনি বাহবাটা পেতেন। এই অঙ্ক শাস্ত্রের ধারে কাছে না পৌঁছে, অঙ্ক শাস্ত্রের বিচার না করে এবং মা-মাটি-মানুষের সরকারের স্বচ্ছতাকে না মর্যাদা দিয়ে আমার পূর্ববর্তী বক্তা বক্তব্য রেখে গেলেন। আমি শুধু বলি, ২০০৩ সাল থেকে ২০১৭ সাল পর্যন্ত কয়েকটা পরিসংখ্যান দেওয়া আছে। বাজেট বরাদ্দ তখন যেটা হত, দেখা যাচ্ছে সংশোধনী বাজেটে কমে কমে যাচ্ছে। কত পার্সেন্ট কমেছে? ৬০০ -র জায়গায় ৩০০ হয়েছে। ৫০% বাজেট বরাদ্দ কমে গেছে। দেখতে পাচ্ছেন না। আর আমাদের বাজেট বরাদ্দ যা ধরা হয়েছে, তার ৫০% বর্ধিত সংশোধিত বাজেটে হয়েছে। একজন মন্ত্রী যদি না খরচ করতে পারেন বাজেট বরাদ্দের টাকা, সংশোধিত বাজেটে বাজেট বরাদ্দ বেশি কি করে লাগে, আমার জানা নেই। সংশোধিত বাজেটে যদি প্রয়োজন হয়, তাহলে সংশোধিত বাজেট বরাদ্দ অনেকটা বাড়তি দরকার হয়। তার রূপরেখাটা কিন্তু পশ্চিমবাংলার অলিগলিতে আমরা প্রমাণ পেয়েছি। আমি বাসে যাতায়াত করি। আগে হেলেদুলে কলকাতা পৌঁছতে ২০০১ সাল থেকে ২০০৬ সাল পর্যন্ত আমরা দেখেছি শ্যামপুর থেকে ৮০ কি.মি রাস্তা আসতে সময় লাগত ৫ ঘণ্টা। এখন আমরা আড়াই ঘণ্টাতে কোলকাতা পৌঁছে যাই। এই ধ্যান-ধারণাটা — অনেক দূরদূরান্ত থেকে বাস পরিষেবা দেখেছেন কিন্তু রাস্তাঘাটের উন্নয়নটা দেখতে পাচ্ছেন না, আশ্চর্যের বিষয়। আমার প্রশ্ন হচ্ছে, আমাদের এই বিভাগ ১১টি দপ্তরের দেখাশোনা করে থাকে — পি.ডব্লু.ডি বিভাগ। আপনার ঘরটাও দিতে পারেন, পি.ডব্লু.ডি করে দিয়ে আসতে

পারে, অসুবিধা কিছু নেই, স্বচ্ছতা বজায় রেখে। আমাদের পি.ডব্লু.ডি বিভাগ স্বচ্ছতা বজায় রেখে কলেজ, ইন্সটিটিউশানগুলোও এনারা করে থাকেন, পি.ডব্লু.ডির হাতে যদি ক্ষমতাটা দিই কারণ পশ্চিমবাংলার পি.ডব্লু.ডি ডিপার্টমেন্টের খ্যাতি সর্বজনবিদিত মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠা হয়ে যাওয়ার পর। এটা আপনাদের ভাবতে হবে। আজকে যদি স্কুল-কলেজ পি.ডব্লু.ডি কে দেওয়া যায়, তাদেরকে বাজেট অনুযায়ী খরচ দিয়ে দিতে হয়, তারাও সেটা করে থাকে। এছাড়াও আমাদের কতগুলো এ্যাচিভমেন্ট আমাদের সরকার পি.ডব্লু.ডি মারফৎ এনেছেন, তা সত্যি মনে রাখার মত। যেমন, রাজ্যে অতিথি অভ্যর্থনা কেন্দ্র, 'সৌজন্য' যার নাম দেওয়া হয়। আলিপুরে দু'টি গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়িত হতে যাচ্ছে। আমাদের মাননীয় মন্ত্রীদের জন্য আবাসন প্রকল্প যেটি এ মাসের মধ্যে শেষ হবে। হাজার আসন বিশিষ্ট স্থায়ী সভাকক্ষ নবান্ন সংলগ্ন বাসস্ট্যান্ডে নির্মিত হচ্ছে এবং এটি এপ্রিল মাসের মধ্যে শেষ হওয়ার কথা। সার্বিকভাবে রাজ্যে কিছু সম্পূর্ণ উল্লেখযোগ্য কাজের খতিয়ান স্বচ্ছতার সঙ্গে এখানে মাননীয় মন্ত্রী মশায় রেখেছেন। প্রায় ৩১টি রাস্তা — কোন রাস্তা আপনারা বলুন না, যে এই রাস্তাটা হয়নি, বলুন। স্বচ্ছতা বজায় রাখতেই কিন্তু এই লিস্ট-টা দেওয়া হয়েছে। তাকে কিন্তু আপনি মর্যাদা দিলেন না। এ ছাড়াও আরও যে প্রকল্পগুলি গ্রহণ করছেন তা অদূর ভবিষ্যতে নেবে। তার জন্য আটটি প্রকল্প নেওয়া হয়েছে। এছাড়া রেলসেতু নির্মাণের জন্য পাঁচটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। সবই লিপিবদ্ধ আছে যা আমরা করেছি, তার মধ্যে স্বচ্ছতা বজায় রেখে করেছি। এ্যাচিভমেন্ট আমরা দেখেছি। আমাদের বর্তমান বছরের অভিমুখটা কি, আমরা কি করতে চাই, এই যে বছরটা শুরু হবে তাতে আমরা কি করতে চাই তারও অভিমুখ দেওয়া আছে পরিষ্কারভাবে। তবে সার্বিকভাবে একটা স্বচ্ছতা বজায় রেখে পশ্চিমবঙ্গবাসীর কাছে একটা বার্তা দিতে এই দপ্তর সমর্থ হয়েছে। তার জন্য মন্ত্রীমশায়কে ধন্যবাদ জানাই যে, আমি এই এই কাজ করেছি, আপনি দেখে নিন আর এই কাজ করতে যাচ্ছি। এছাড়াও আরও যদি প্রয়োজনীয়তা থাকে, তা নোটিশে যদি থাকে, নোটিশে যদি আনা যায়, তিনি তা করবেন যা গুরুত্বপূর্ণ। এছাড়াও নির্মীয়মাণ সেতু এবং ওভারব্রীজ প্রকল্পেও ২২টা প্রকল্প যেটা নির্মীয়মাণ সেতু হয়েছে, তারও একটা লিস্ট এখানে দেওয়া আছে। সরকারি বাড়ির ১৭টি প্রকল্প সম্পূর্ণ হয়েছে, তারও একটা লিস্ট দেওয়া আছে। আপনারা উন্নয়ন দেখতে পাচ্ছেন না। এত উন্নয়নের লিস্ট আপনাদের চোখের সামনে তুলে ধরা হয়েছে, সেটা আপনারা দেখতে পাচ্ছেন না। জাতীয় সড়ক প্রকল্প তাতেও কিন্তু হাত লাগিয়েছেন এবং এ্যাচিভমেন্ট দেখানো হয়েছে। পি.ডব্লু.ডির জাতীয় সড়ক শাখা দ্বারা নির্মীয়মাণ কিছু কাজের বিবরণ ১২টি এখানে লিপিবদ্ধ করা হয়েছে। এখানে পশ্চিমবঙ্গ রাজ্যসরকার ডেভলপমেন্ট কপোরেশনে যে যে কাজগুলো করছে, তার জন্যে লিপিবদ্ধ করা হয়েছে। এবং অনুমোদিত কিছু উল্লেখযোগ্য রাস্তার কাজের সংযুক্ত বিবরণ — কম নয় ৪১টি রাস্তা, কম কথা নয়। আপনারা বোধ হয় চৌত্রিশ বছরে ৪১টি রাস্তা হাত দিয়েছেন, আপনাদের যা এ্যাচিভমেন্ট ছিল। ৪১টি রাস্তা কিন্তু গুরুত্বপূর্ণ রাস্তার উল্লেখ করা হয়েছে, যেগুলো হাত লাগানো হবে এবং উন্নয়নের ধারা অব্যাহত রাখা হবে। ২০১৫-১৬ অর্থবর্ষে যে কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তন করেছেন সেটাও এখানে উল্লেখ করেছেন স্বচ্ছতা বজায় রাখার জন্য। পূর্তবিভাগের বিশেষ তথ্য সম্বলিত ওয়েবসাইটটিকে সরকার থেকে নাগরিক এই উভয় ধরনের পরিষেবা ব্যাপকভাবে কার্যকর করার উদ্দেশ্যে ধারাবাহিকভাবে তথ্যসমৃদ্ধ করা হচ্ছে। পূর্ত বিভাগের প্রকল্পভিত্তিক কাজগুলি 'উন্নত পর্যবেক্ষণের সমীক্ষা' নামে পরিচিত একটা ওয়েব এবং এ্যাপ ভিত্তিক সফ্টওয়্যারের মাধ্যমে করা হচ্ছে।

[6:30 – 6:40 p.m.]

এছাড়াও আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আমাদের পঞ্চায়েত দপ্তর PMGSY-তে যে রাস্তাগুলো করছে সেখানে কন্ট্রাক্টরদের কন্ট্রাক্ট থাকে পাঁচ বছর। এই পাঁচ বছরের মধ্যে যদি রাস্তাগুলো খারাপ হয় অনেক সময় কন্ট্রাক্টর-রা রাস্তাগুলো ইমপ্লিমেন্ট করার ক্ষেত্রে জেলা-পরিষদের লক্ষ্যের অভাবে হয়তো করেননা। পাঁচ বছর কখন শেষ হয়ে যায় সেদিকে লক্ষ্য রাখেন। এই পাঁচ বছর অতিক্রান্ত হয়ে যাওয়ার পর পি.ডব্লু.ডি দায়িত্ব নিয়ে রাস্তাগুলো যদি রিপেয়ারের ব্যবস্থা করে তাহলে গ্রাম-বাংলার যে রাস্তাগুলোর জন্য মানুষ আমাদের মা-মাটি-মানুষের সরকারের এত সুনাম করছে, PMGSY রাস্তা, প্রায় ১২ হাজার কিলোমিটারের ওপর যে রাস্তাগুলো হয়েছে, গ্রাম-বাংলার মাদার রোডের সাথে যোগ হয়েছে, এই রাস্তাগুলোকে মোরামত করার জন্য যদি PWD দায়িত্ব নেয় কন্ট্রাক্টরের সময় শেষ হয়ে যাওয়ার পর তাহলে কিন্তু খুব বেশী বেশী করে উপকৃত হব। এখন প্রশ্ন হচ্ছে, অনেক জায়গায় নানা রকমভাবে বলা হচ্ছে। কোথাও বলা হচ্ছে RIDF-এর টাকায় সংস্কার হবে, কোথাও বলা হচ্ছে BRGF-এর টাকায় রিপেয়ার হবে। আবার, যেসব এলাকা BRGF-র এলাকাভুক্ত নয় তারা কিন্তু রিপেয়ারের ক্ষেত্রে সমস্যায় পড়ে যাচ্ছে। এই সমস্যা দূরীভূত করার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো। দুটো জিনিস লক্ষ্য করতে হবে। গ্রাম-বাংলার এই যে সুন্দর সুন্দর কানেকটিং রোডগুলো তৈরী হয়েছে সেই রোডগুলো পাঁচ বছর কন্ট্রাক্টরের পিরিয়ড থাকাকালীন তাঁরা যাতে ঠিক করে এবং সাথে সাথে পাঁচ বছর। অতিক্রান্ত হয়ে যাওয়ার পর PWD-র হাত দিয়ে যাতে সংস্কার হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। এই আবেদন রেখে এবং এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রীবিশ্বজিৎ কুন্ডু : মাননীয় স্পীকারের মাধ্যমে আমাদের PWD মিনিস্টারের যে ২৫ নম্বর দাবী, ৫,২৪৮ কোটি ১ লক্ষ ২৯ হাজার টাকার ব্যয়-বরাদ্দের যে দাবী করেছেন সেটাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের কাট-মোশানের বিরোধিতা করে আমি কিছু কথা বলছি।

PWD দপ্তরের গুরুত্বপূর্ণ বাজেট চলছে। এই দপ্তরের কাজ পশ্চিমবঙ্গের সর্বত্র। এর উন্নয়ন সকলে আমরা চোখে দেখতে পাই। কিন্তু বিরোধীরা সেই কাজ চোখে দেখছে না। এখানে যে বাজেট বই তিনি প্রকাশ করেছেন তাতে ২০০৮-০৯ সালে মূল বাজেটে ৭০০.১৫ এবং সংশোধিত বাজেটে ৫৯৫.৬১। আর, সি.পি.এমের বিগত দিনের যে বাজেট, তারা মূল বাজেটে রেখেছিল এবং খরচ যখন করেছে তার থেকে অনেক কম খরচ করেছে। কিন্তু আমাদের সরকার, আমাদের মাননীয় মন্ত্রী ২০১১ সাল থেকে যে সরকার গঠন হয়েছে তাতে ২০১১-১২ সালে ৯০৫.১৯ ছিল মূল বাজেট। সেখানে খরচ হয়েছে, সংশোধিত বাজেটে হয়েছে ৭৭৯.৬১। তবে ২০১২-১৩তে যেখানে মূল বাজেট ছিল ১১৮৪.৪ সেখানে আমাদের খরচ হয়েছে ১৬১১.৯৪। অনেক গুণ বেশী। এইভাবে কিন্তু আমাদের ২০১৬-১৭তে যে মূল বাজেট ছিল সেখানে ২৬১৮.১৬। সেখানে সংশোধিত বাজেটে হয়েছে ৩ হাজার ৩৬.৬৯। এইভাবে বাজেট তিনি বৃদ্ধি করেছেন। পূর্ত দপ্তরের আন্ডারে যে সমস্ত কাজ হয় সেটা সরকারী রাস্তা হয়, সরকারী ভবন হয়, সড়ক, সেতু, উড়াল পুল এবং পূর্ত বিভাগের বিভিন্ন রকম প্রকল্প রূপায়ণের পরিকল্পনা এবং রক্ষণাবেক্ষণ করা হয়। এর দুটো দপ্তর আছে। একটা পূর্ত দপ্তর এবং আরেকটা হচ্ছে পূর্ত সড়ক দপ্তর। পূর্ত দপ্তরের মধ্যে আবার আরেকটা ভাগ আছে ; বিদ্যুৎ দপ্তর। সমস্ত অফিস-আদালত বা বিদ্যালয়, হসপিটাল এই পূর্ত দপ্তরের মাধ্যমে নির্মাণ হয় এবং বিউটিফিকেশন করা হয়।

সড়কপথের মোট উনত্রিশশো চার কিলোমিটারের মধ্যে কেন্দ্রীয় সরকার প্রদত্ত অর্থে রাজ্য সরকার সেটা নির্মাণ করে। ১৬৬১ কিলোমিটার জাতীয় সড়ক রক্ষণাবেক্ষণ করে এই রাজ্য

সরকার। সড়ক, সেতু, উড়ালপুল, রেল উড়ালপুল, বিভিন্ন ভবন ইত্যাদির স্থায়ী পরিকাঠামো সৃষ্টি, রক্ষণাবেক্ষণ তথা সরকারের তরফে এই মূল কাজগুলি এই দপ্তর গুরুত্ব দিয়ে করে আসছে। পূর্ত বিভাগের উপর বিভিন্ন শ্রেণীর ১৫ হাজার পাঁচশো ২৫ কিমি দীর্ঘ সড়ক রক্ষণাবেক্ষণ করে এবং উন্নয়নের দায়িত্ব নিয়েছেন। তার মধ্যে তিন হাজার পাঁচশো ৬৩ টি রাজ্য সড়ক এবং নয় হাজার পাঁচশো ৬৪ কিমি প্রধানত জেলা সড়ক এবং দুহাজার চারশো আঠারো কিমি গ্রামীণ সড়ক। ২০১৬-১৭ তে এই পূর্ত দপ্তর প্রায় ১৯৬০ কিমি রাস্তা প্রশস্তকরণ এবং উন্নতীকরণ করেছেন। ৫ টি নতুন সেতু নির্মাণ করেছেন। এবং ৮ টি মডেল পথসাথী তৈরি করেছেন। দুটি পে অ্যান্ড টয়লেট নির্মাণ করেছেন। এখানে ২১ টি হেলিপ্যাড ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে। তিনটি হেলিপ্যাডের কাজ চলছে। সেটাও খুব শীঘ্রই শেষ হবে। বালুরঘাটে একটি বিমানবন্দরের কাজ চলছে। ফিফার যে অনূর্ধ্ব ১৭ কাপ — ২০১৭ সালে যুবভারতী ক্রীড়াঙ্গনের যে মাঠে হবে, সেই মাঠে এই দপ্তর থেকে কাজ করানো হচ্ছে। এই দপ্তরের মাধ্যমে ধনধান্য নামক একটা গুরুত্বপূর্ণ কাজ এই সরকারের এই দপ্তর করছে। এই দপ্তরের কাছে আমার বিনীত নিবেদন আমাদের কালনাতে যে ডিপিআর তৈরি হয়েছিল গঙ্গার উপর ব্রীজের জন্য সাড়ে তিনশো কোটি টাকার, আমরা জানি বিগত সরকারের ঋণের দায়ে এই সরকার খুবই সমস্যার মধ্যে রয়েছে। সরকার যদি পিপিপি মডেলে একটা ব্রীজ গঙ্গার ওপর করে তাহলে আমাদের এলাকার উন্নতি হবে। এই দপ্তরের কিছু রাস্তা যদি পঞ্চায়েত দপ্তর থেকে পিডব্লুউডি দপ্তর দায়িত্ব নেয় তাহলে ভাল হয়। এসটিকেকে রোড থেকে শুরু করে জিটিরোড সমস্ত কিছুই আধুনিকীকরণ এবং নতুন হয়েছে। সেজন্য মন্ত্রী এবং সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। এই বাজেটের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী মিল্টন রশিদ : মাননীয় স্পীকার স্যার এবং ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী আজকের এই পূর্ত বিভাগের ডিমান্ড নাম্বার ২৫ তার পরিপ্রেক্ষিতে আলোচনা করবো একটু কারণ এই পূর্ত দপ্তর খুবই গুরুত্বপূর্ণ দপ্তর। এই দপ্তরের মধ্যে স্বাস্থ্য পরিবার কল্যাণ, কারিগরি শিক্ষা, বিদ্যালয়, উচ্চশিক্ষা, গণশিক্ষা, যুবকল্যাণ ক্রীড়া, তথ্য সংস্কৃতি, সমাজকল্যাণ, সংখ্যালঘু বিষয়ক, অনগ্রসর শ্রেণী, জাতীয় সড়ক শাখা মানে বলতে গেলে পশ্চিমবঙ্গের এই যে আমাদের সরকার যেটা চাইছেন বিশ্ব বাংলা, এই বিশ্ব বাংলার করার একটা বড় হাত আছে পূর্ত দপ্তরের। তাই পূর্ত দপ্তরের যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী আছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করবো এবং তাঁর নজরে আনবো। যেহেতু এই দপ্তর আমাদের প্রচণ্ড গুরুত্বপূর্ণ দপ্তর, বিশ্ব বাংলা করতে হবে পশ্চিমবঙ্গ সরকারকে। এই বিশ্ববাংলা করতে গেলে এই দপ্তরকে প্রচণ্ড সচেষ্ট হতে হবে। এই দপ্তরের যে বাজেটটা দেখলাম সেই বাজেটে বেশ কতগুলো সেতু, বেশ কতগুলো উড়ালপুল এবং বেশ কতগুলো কাজ আপনি উল্লেখ করেছেন।

[6:40 – 6:50 p.m.]

যোগাযোগ ব্যবস্থা যেটা উল্লেখ করেছেন, অনেকগুলো নতুন রাস্তা উল্লেখ করেছেন কিন্তু এই যে নতুন রাস্তাগুলো উল্লেখ করলেন আর পশ্চিমবঙ্গের বহু রাস্তার কথা। কিন্তু উল্লেখ নেই। কোন দেশের, কোন রাজ্যের অর্থনৈতিক পরিকাঠামো, শিক্ষার মান উন্নয়ন, স্বাস্থ্যের গ্রোথ, শিল্প, কৃষির — এটার যদি মানোন্নয়ন করতে হয় তাহলে পশ্চিমবঙ্গের সমস্ত গ্রামকে একটা যোগাযোগের মধ্যে নিয়ে আসতে হবে। আমরা গ্রামাঞ্চলের মানুষ, বহু জায়গায় আমরা লক্ষ্য করি যখন বর্ষাকাল হয় সেই বর্ষাকালের তিন মাস কোনো ছাত্রছাত্রী স্কুলে যেতে পারে না। বর্ষাকালের তিনমাস শিল্পের ক্ষেত্রে মানুষজন, শ্রমিকরা যেতে পারেন না। বর্ষাকালের তিনমাস কৃষিকার্য নষ্ট হয়ে যায়, কৃষিকার্যে যেতে পারেন না। তাই মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ

করবো গ্রাম বাংলার যে কথা উল্লেখ করেছেন খুব ভাল, যেগুলো উল্লেখ করেন নি আপনারা দয়া করে সরকারী আমলাদের মাধ্যমে বা আমাদের বিধায়কদের মাধ্যমে একটু জেনে নিয়ে বাংলার প্রত্যেকটা গ্রামকে যেন একত্রিত করে ছাত্রদের উন্নয়ন ঘটাতে পারি, কৃষির উন্নয়ন ঘটাতে পারি, শিল্পের উন্নয়ন ঘটাতে পারি। প্রকৃতপক্ষে এই বাংলাকে সরকার যেটা চাইছেন বিশ্ববাংলা করতে পারি তার অনুরোধটা করবো। আমরা অনেকগুলি সেতুর কথা উল্লেখ দেখলাম এই বাজেটে, ধন্যবাদ জানাই। যেগুলো নতুন সেতু করছেন সেগুলোর জন্য কিন্তু যেগুলো আমরা বার বার বলে আসি সেই রকম আমার বিধানসভায় তারাপীঠে একটা সেতু দরকার। তারাপীঠ থেকে মারগ্রাম যাওয়ার পথে দ্বারকা নদীর উপরে। ব্রাহ্মণী নদীতে দেবগ্রামের ঘাটে যেখানে তারাপীঠ থেকে শুরু করে লোহাপুর বা টুওয়ার্ডস্ মুর্শিদাবাদের দিকে দেবগ্রামের ঘাটে একটা সেতু দরকার। সেই সেতুগুলোর উল্লেখ কিন্তু এই বাজেটে দেখতে পাচ্ছি না। এই সেতুগুলো না থাকার কারণে আমরা পশ্চিমবঙ্গের মানুষ অনেকটা পিছিয়ে পড়ছি আর্থিক দিক থেকে, সামাজিক দিক থেকে এবং শিক্ষার দিক থেকে। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করবো আপনি শুধুমাত্র আমার কেন্দ্রের সেতু নয়, পশ্চিমবঙ্গের প্রত্যেকটা বিধানসভায় যেখানে যেখানে সেতু দরকার আপনি সচেষ্ট আছেন নিশ্চয়, আপনার বাজেট পড়ে বুঝতে পারছি।

আরো সচেষ্ট হয়ে আরো সেতু তৈরির ব্যবস্থা করুন। এই যে রেলের ওভারব্রীজ, উড়ালপুল দেখলাম। বহু জায়গায় করেছেন এবং গত বিধানসভা নির্বাচনের আগে একটা উড়ালপুল ভেঙ্গে যাওয়ার ঘটনা দেখলাম। যাদের টেন্ডার দিচ্ছেন, আপনার সৎ, মহৎ উদ্দেশ্য সাধন করার জন্য আমরাও চেষ্টা করবো, আমরাও আপনাকে সাহায্য করবো। যাদের টেন্ডার দিচ্ছেন সেই টেন্ডার মোতাবেক কাজগুলো হচ্ছে। কি না মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করবো দয়া করে সেটা দেখবেন। রেলের ক্রসিংয়ে পারাপার হতে গিয়ে বহু ছাত্রছাত্রী বা সাধারণ মানুষের মৃত্যু দেখেছি। আমাদের নলহাটিতে শহরের মধ্যে একটা রেলওয়ে ওভারব্রীজ দরকার। আমরা বার বার মন্ত্রীদের কাছে এবং বিধানসভায় বলে থাকি, এলাকায় আন্দোলনের মাধ্যমে বোঝানোর চেষ্টা করেছি বীরভূম জেলায় খুব প্রয়োজন একটা ওভারব্রীজের। যেমন বলি, ভেদিয়াতে রেলের তলা দিয়ে যে রাস্তাটা গেছে কোন পেশেন্ট রামপুরহাট থেকে বা বীরভূম জেলা থেকে, বর্ধমান থেকে কলকাতায় নিয়ে আসি এই রেলের তলা দিয়ে যে আন্ডার পাস আছে সেখান দিয়ে সেটা যেন সংস্কার করা হয়। গাড়ি পারাপারের ব্যবস্থা ঠিক হচ্ছে না। আপনার দপ্তর ই টেন্ডারিংয়ের ব্যবস্থা করেছে। সাধুবাদ জানাই ই-টেন্ডারিংয়ের জন্য। সাধারণ কন্ট্রাক্টররা বা সাধারণ বেকার যেন নায্যভাবে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে টেন্ডার পায় বা কাজকর্ম হয়। কিন্তু আমরা লক্ষ্য করে দেখি ই-টেন্ডারিংয়ের ক্ষেত্রে লেসের পরিমাণ ০.০১১ কি করে হয় ? সেই কাজে নেওয়ার পরেও কাজের যা মান কনট্রাক্টরদের — একটা রাস্তার কাজ যখন আপনার কনট্রাক্টররা ধরছে, আপনার ডিপার্টমেন্ট ধরছে সেই রাস্তাটা প্রথম থেকে শুরু করে যখন শেষ হচ্ছে .....

শেষ যখন হচ্ছে, রাস্তাটি যখন কমপ্লিট হচ্ছে তখন প্রথম যেখানে। কাজটা শুরু করেছিল, সেই কাজটা আবার খারাপ হয়ে যাচ্ছে। তাই মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব যে যেই কাজটা পাক, সেই কাজটা যেন আমাদের সরকার বা আপনারা বা মাননীয় মন্ত্রী, আপনার যাঁরা হ্যান্ডস আছেন, তাঁদেরকে দিয়ে আপনি তদ্বিরটা করবেন যেন ন্যায্য কাজটা বাংলার মানুষ পায়।। এই যে আমরা অ্যাক্সিডেন্ট দেখছি, পথ দুর্ঘটনা, আজকে দুর্গাপুর হাইওয়েতে আমাদের এক বন্ধু কালিকাপ্রসাদ ভট্টাচার্য গুড়াপের ওখানে অ্যাক্সিডেন্ট করল। অ্যাক্সিডেন্টটা টায়ার ব্লাস্ট করে কিনা বা অ্যাক্সিডেন্টটা কি কারণে হল এই নিয়ে চিন্তাভাবনা চলছে। কিন্তু

আমাদের ভাবা উচিত যে রাস্তাগুলোর সংস্কার হচ্ছে না। যে রাস্তাগুলো গর্ত হয়ে থাকছে, রাস্তার উপরে বোল্ডার পড়ে থাকছে, সেগুলোর ব্যাপারে সরকারকে নজর দিতে হবে। প্রচুর অ্যাক্সিডেন্ট ঘটছে রাস্তাগুলো খারাপ হওয়ার জন্য। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে প্রধানমন্ত্রী গ্রামসড়ক যোজনার আন্ডারে কয়েক বছর আগে যে রাস্তাগুলো তৈরি করা হয়েছিল, আমার বিধানসভা কেন্দ্র সহ বাংলায় বহু রাস্তা প্রচন্ডভাবে ক্ষতিগ্রস্ত হয়ে আছে। আমরা বি ডি ও সাহেবকে, ডি এম সাহেবকে বলে বলে কাজ করাতে পারছি না। তার কারণ ডি এম সাহেবরা বলছেন বা জেলা শাসকেরা বলছেন যে এই রাস্তাগুলি যেহেতু প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার মাধ্যমে, সেই জন্য এগুলো আমরা রিপেয়ারিং করতে পারছি না। এই যে গ্রাম সড়ক যোজনার রাস্তাগুলো হয়ে আছে, PWD এর ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রীকে বলব সেই রাস্তা যারাই করে থাক, যেহেতু সরকার আমাদের আছে, সেই রাস্তাগুলো রিপেয়ারিং করার জন্য অনুরোধ করব। আমরা আরও লক্ষ্য করি যে সরকারের যে টাকা, সেই টাকা ব্যয় করার জন্য PWD ডিপার্টমেন্টকে দেওয়া হয়। কিন্তু যে রাস্তাগুলো বা যে ব্রীজগুলো বা যে উড়ালপুলগুলো তৈরি করা হয়, হয়তো দেখা যাবে যে কয়েক মেট্রিকটন সেই রাস্তার উপরে লরি চললে বা বাস চললে সেই রাস্তাটা ঠিক থাকবে। কিন্তু আজকে পশ্চিমবঙ্গে আমরা প্রত্যেকটা রাস্তায় লক্ষ্য করি যে ওভারলোডিং চলছে। সেই ওভারলোডিংয়ের কারণে রাস্তাগুলো প্রচণ্ডভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমরা প্রশাসনকে বারবার জানাই কিন্তু প্রশাসন কোনো কর্ণপাত করেন না। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আপনি প্রশাসনকে বলবেন যাঁরা লরির ব্যবসা করছেন বা বাসের ব্যবসা করছেন, তাঁদেরকে যেন অর্ডার দেওয়া হয় যে, যে ক্যাপাসিটির উপরে রাস্তাটি তৈরি করা হয়েছে, সেই ক্যাপাসিটির মধ্যে যেন মাল পরিবহণ করে। আমি মাননীয় মন্ত্রীর কাছে আর একটা অনুরোধ রাখব যে কাজের মান অনেক জায়গায় খারাপ হচ্ছে। তাতে আপনার কিছু করার নেই কারণ যিনি কাজ করছেন, তাঁর সদিচ্ছার উপর নির্ভর করবে তিনি বিশ্ব বাংলা তৈরি করবেন না বাংলাকে চোরের বাংলা তৈরি করবেন। আপনি কি করবেন, আপনি একা কত দিক দেখবেন বা আপনার ডিপার্টমেন্টই বা কত দিক দেখবে। এই যে কন্ট্রাক্টারদের একটা সেভিংয়ের গল্প আছে, যে কন্ট্রাক্টার কাজ পাচ্ছে, আমরা ধরে নিচ্ছি যে একশো ব্যারেল যে পিচের কাজ হবে, সেই একশো ব্যারেল পিচের কাজটাকে ষাট ব্যারেল পিচ দিয়ে কাজকে কমপ্লিট করে কিভাবে চল্লিশ থেকে ষাট ভাগ পিচটাকে এক সাইডে রেখে ৬০-৪০ভাগ করে রাস্তার মানটাকে আরও খারাপ করে দিচ্ছে। তাই মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব যে এই বাংলায় বেশির ভাগ দপ্তরের সঙ্গে আপনি জড়িত আছেন। এই যে হসপিটাল, আমাদের গ্রামে গ্রামে সাইডে যে হসপিটালগুলো আছে, গ্রামের যে স্বাস্থ্যকেন্দ্রগুলো আছে, সেই স্বাস্থ্যকেন্দ্রের বহু জায়গায় সাপ বসবাস করছে। স্বাস্থ্যকেন্দ্রের বহু জায়গায় বটগাছ গজিয়ে গেছে। স্বাস্থ্যকেন্দ্রের বহু জায়গায় কুকুর বসবাস করছে। আপনার ডিপার্টমেন্টকে অনুরোধ করব, মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব স্বাস্থ্যকেন্দ্রের যে বেহাল অবস্থা আছে, সেই বেহাল অবস্থা থেকে আমাদের মুক্তি দিন। মাননীয় মন্ত্রীকে পরিশেষে আর একটা অনুরোধ করছি।

[6:50 – 7:00 p.m.]

(এই সময় লালবাতি জ্বলে ওঠে) পশ্চিমবঙ্গে এই যে বিশ্ব বাংলা করার লক্ষ্যে আপনাদের সরকার যেভাবে আমরা এগিয়ে চলেছি তাতে প্রত্যেকটা বিধানসভাকে ঠিক সুনজর দিয়ে এবং বিধায়কভিত্তিক আপনারা যদি ডিমান্ড আনিয়ে আমার এলাকায়, ২৯৪টা (এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয় পূর্ত দপ্তরের ব্যয় বরাদ্দের সমর্থনে এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমি প্রথমেই অভিনন্দন জানাই যাঁরা পূর্ত দপ্তরের এই বাজেটে অংশগ্রহণ করেছেন। বিশেষ করে কানাই চন্দ্র মন্ডল মাননীয় বিধায়ক, আমাদের বর্ষীয়ান বিধায়ক কালিপদ মন্ডল, বিধায়ক বিশ্বজিৎ কুন্ডু এবং বিধায়ক মিল্টন রসিদ সাহেব। স্যার প্রস্তুতি নিয়ে এসেছিলাম ভেবেছিলাম এত গুরুত্বপূর্ণ পূর্ত দপ্তর। বিরোধী দলের বিধায়করা পড়াশুনা করে আসবেন.....(হইচই)..... স্যার, যারা টি-টুয়েন্টি খেলতে পারে না তারা আবার টেস্ট খেলতে পারে নাকি? তাই শিখতে হবে। পূর্ত দপ্তর আপনারা জানেন যে একটা সময়ে খানা-খন্দ, ভাঙ্গাচোড়া, কোন একটা জায়গায় বেশি জার্নি করলে কোমরে ব্যথার ওষুধ খেতে হত। সেখানে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বাংলার মানুষকে একটা মসৃর্ণ রাস্তা — পথই মানুষকে পথ দেখায় এবং বাংলার উন্নয়নের রাস্তাকে এগিয়ে নিয়ে যাওয়ার যে প্রয়াস করেছেন তাতে তারা সামিল হবে। কিন্তু আমি দেখলাম কেউই পড়াশুনা করে আসেনি। কানাইবাবুকে বলি আপনি অংকে অত্যন্ত কাঁচা। অংকটা আরো বোঝা উচিত কারণ আমি অংক দিয়েই উত্তর দেব। আপনি যেভাবে একটা বই খুলে কি বললেন সুব্রত মুখার্জী পূর্তমন্ত্রী, না আমি পূর্তমন্ত্রী বুঝতে পারলাম না। আপনি সুব্রত মুখার্জীকেই বলে গেলেন। আপনি কোন উন্নয়নই চোখে দেখতে পাচ্ছেন না ? আমি মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে এই সভাকে বলব মাননীয়া মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাই পশ্চিমবাংলায় সরকারী হাসপাতালে সমস্ত চিকিৎসা ব্যবস্থা ফ্রি করেছেন। এইবার আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে দাবি করব পশ্চিমবাংলার উন্নয়নকে দেখার জন্য সমস্ত বিরোধী দলের বিধায়কদের বিনা পয়সায় চশমা দেওয়ার জন্য। যাতে তাঁরা অন্তত উন্নয়নটা দেখতে পায়। .....(হইচই)..... মিল্টন সাহেবকে বলব আপনার আলোচনা অনেকটাই ভাল ছিল, নিশ্চয়ই সমালোচনা ছিল কিন্তু আপনাকে জানতে হবে কোনটা কার কাজ। কোন ব্রীজ ভাঙ্গল — সেটা পূর্ত দপ্তর করেছে কি না, গ্রামের রাস্তাগুলি সেগুলি পূর্ত দপ্তরের কি না, প্রধানমন্ত্রী সড়ক যোজনা সেটা পূর্ত দপ্তরের কি না আমি নিশ্চয়ই আশা করব একজন বিধায়ক হিসাবে আপনার জানা উচিত। যখন বক্তব্য রাখবেন তখন আপনাদের বোঝা উচিত কোন দপ্তরের সম্বন্ধে বলছেন। একশো দিনের কাজে ভারতবর্ষে এক নম্বর,পঞ্চায়েত রাজে ভারতবর্ষে এক নম্বর। মমতা ব্যানার্জীর গ্রামকে ঘিরে যে স্বপ্ন সেটা এতটাই সফল হয়েছে যে বিরোধীরা আর পঞ্চায়েতের বাইরে বেরতে পারছেন না। তার কারণ আমি জানি .....(হইচই)..... তার কারণ আমি জানি কেন এত পঞ্চায়েত, পঞ্চায়েত করছেন ? কিছুদিনের মধ্যে পঞ্চায়েত নির্বাচন, আর খুঁজে পাওয়া যাবে না। যতটুকু অস্তিত্ব এখানে আছে সেটাও আর থাকবে না। .....(হইচই)..... স্যার একটু কানাইবাবুকে পরিসংখ্যান দিয়ে বলি। কানাইবাবু একটু ভাল করে মন দিয়ে শুনবেন, আপনি একটু অংকে কাঁচা। .....(হইচই)..... স্যার কানাইবাবু যে দলের সমর্থক ৩৪ বছর বাংলাকেতো পিছিয়ে ছিলেন। আর বাংলাকেতো রাস্তায় খানাখন্দে ভর্তি করে দিয়েছিলেন। কানাইবাবুকে আমি বেশি দিনের কথা বলব না, শেষ দশ বছরের কথা বলি, ভাল লাগবে। আর আপনি অনেক দুর্নীতির কথা বলেছেন, বলেছেন আমাদের লোকেদের সম্বন্ধে। আরে মশাই এই দপ্তরের উপর ভিত্তি করে বামফ্রন্ট চলত।

আর পূর্ত দপ্তরের উপরে ভিত্তি করে তৃণমূল কংগ্রেস চলে না। তৃণমূল কংগ্রেস স্বচ্ছতা এনেছে বলেই ই-টেন্ডার প্রথা করেছে, আপনাদের সময়ে কনট্রাকটাররাজ ছিল। আমরা কন্ট্রাকটাররাজ এই সভায় বিল করে বন্ধ করেছি। আমরা ইনস্ট্যান্টলি এই প্রথার বিলোপ করেছি। আমরা টেন্ডার এনেছি, স্বচ্ছতা এনেছি। বড় বড় কথা, চোরের মার বড় গলা ? এখানে বসে বড় বড় কথা বলছেন ? শুনুন — স্যার ১০ বছর বলি বামফ্রন্টের — বামফ্রন্টের কুকীর্তি ১০

বছরটা শুধু বলি, ১০ বছর - আমি স্ট্যাটিসটিক্স দিয়ে বলছি, গল্প নয়, বক্তৃতা নয়, স্ট্যাটিসটিক্স — অংক — যেটায় আপনি অত্যন্ত কাঁচা। ১০ বছরে মূল বাজেট কত ছিল বামফ্রন্টের? ১০ বছর মিলিয়ে ৭৭৭০.৫৩ ক্রোরস। রিভাইজড বাজেট কত হয়েছিল ? ৫৯৭৫.৯৪ ক্রোরস। কাজ করেছিলেন তার মধ্যে ১০ বছরে? ৪২৪২ ক্রোরস। পার্সেন্টেজ ওয়াইজ কত ? ৫৪%। আমি রাস্তার হিসাব পরে দেব, টাকার অংকে আপনাকে বলছি। আপনি কি বলছিলেন না — এবার আমাদেরটা বলি মাত্র ৬ বছর। ৬ বছরে কি হল ? আমাদের মূল বাজেট কত ছিল ? ১০ হাজার ৪৭। রিভাইজড বাজেট কত হল ? ১৩৫৬২.৮৬ ক্রোরস। খরচ কত হল ? ১১৮৪২.০৮ ক্রোরস। যদি পরিসংখ্যানে পার্সেন্টেজ করি তাহলে ১১৭.৮৬%। লজ্জা লাগেনা ? যেখানে মাত্র ৫৪% টাকা খরচ করতে পেরেছিলেন। আমরা সেখানে খরচা করেছি ১১৭.৮৬%। অংক নিয়ে কারিকুরি করছেন ? লজ্জা থাকা উচিত না যে। পশ্চিমবঙ্গের রাস্তাগুলিকে করতে পারেননি ? পশ্চিমবঙ্গের শিল্পশিল্প বলে চিৎকার করছিলেন। একটু রাস্তার কথা বলি। একটু রাস্তার পরিসংখ্যান দিই। তাহলে ভাল লাগবে শুনতে। আমাদের রাজ্য সড়কের কথা বলি। স্যার রাজ্য সড়কের ব্যাপারে আমি ডিটেলস করে নিয়ে এসেছিলাম। কিন্তু স্যার একটা ভাল প্লেয়ার না থাকলে একটু ভাল খেলা বেরোয় না। এ যা বক্তৃতা সে পঞ্চায়েতের সুব্রত মুখার্জীর হলে ভাল বলতে পারতেন, পূর্ত দপ্তর সম্বন্ধে তো কিছু ছিলই না। তো বলবটা কি নিয়ে ? পূর্ত দপ্তর নিয়ে বলতে গেলে প্রথমে তো আমাকে আঙুল দিয়ে দেখাতে হত কোথায় আমার ভুল। এটাই তো বিরোধীদের কাজ। বিরোধীদের কাজ হচ্ছে গঠনমূলক সমালোচনা করা। এই কাজ করেছেন, ভাল করেছেন। কিন্তু এখানে কিছু ত্রুটি আছে। এটাই তো বিরোধীদের কাজ। পূর্ত দপ্তরের বক্তৃতা করতে এসে যদি পঞ্চায়েত শুনতে হয় তাহলে এর থেকে লজ্জার আর কিছু থাকে না। আমি আপনাদের বলি রাজ্য সড়কের কথা। কত করেছিলেন ? আপনাদের জ্ঞাতার্থে জানিয়ে দিই ১৯টা রাজ্য সড়কের লেন্থ হচ্ছে ৩৫৪৩ কিলোমিটার। ১০ বছরে কি করেছিলেন ? ২২১৯.৩৮ কিলোমিটার। আর আমরা কত করেছি। ৬ বছরে শুনবেন ? ৩৫৪৩ কিলোমিটারের মধ্যে ৩৫১৩ কিলোমিটার রাজ্য সড়কের কাজ আমরা শেষ; করেছি। আর কাজের কথা বলছেন ? যে রাস্তা করতেন ১ বছরের মধ্যে ভেঙ্গে যেত। আপনারা একটা রাস্তা দেখান আমরা ইন্ডিয়ান রোড কংগ্রেসের যে গাইড লাইন, তার নির্দেশিকা মেনে কাজ করি। একটা রাস্তা দেখান পি.ডবলিউ. ডি করেছে — ৫ বছরের মধ্যে সেই রাস্তা খারাপ হয়েছে — দায়িত্ব নিয়ে আমরা সেই কথা বলছি। স্যার আমি আদার রোডস্-এর কথা বলছি। কত করেছিলেন ? আদার রোডস্-এর লেন্থ কত ? ১১৯৮২ কিলোমিটার। বামফ্রন্ট আমলে হয়েছিল কত ১০ বছরে ? আমি শেষ ১০ বছরের পরিসংখ্যান বলছি। ৪৯০৫.৭৭ কিলোমিটার। স্যার আমরা ৬ বছরে কত করেছি ? ৯৪১৩-১৪ কিলোমিটার। যদি ওদের সাথে আমাদের পার্সেন্টেজ করেন তাহলে ১৯২ % বেশি কাজ ৬ বছরে মমতা বন্দ্যোপাধ্যায় — মা মাটি মানুষের সরকার করেছে। আর টোটাল লেন্থ বলি। যদি এই দুটোকে ধরেন — জাতীয় সড়ক এবং অন্যান্য রোড — তাহলে টোটাল রোড কত ? ১৫হাজার ৫২৫ কিলোমিটার এবং তার মধ্যে আপনারা কত করেছিলেন ?

[7:00 – 7:10 p.m.]

আপনারা কত করেছিলেন ? ৭ হাজার ১২৫.১৫ কিলোমিটার। মাত্র ৪৫ শতাংশ লাস্ট ১০ বছরে। আমরা কত করেছি ? ১২,৯২৬.৩৩। কিলোমিটার, ৮৩ পার্সেন্ট। ইটস এ্যান অল টাইম রেকর্ড। আপনারা আগামী ৩০০ বছরে আসবেনও না, আর যদিও বা আসেন কোনোদিন করতেও পারবেন না। স্যার, ব্রিজ কত হয়েছিল? স্যার, ব্রিজ এবং সেতু সব মিলিয়ে কত হয়েছিল বামফ্রন্টের আমলে, লাস্ট ১০ বছরে? মাত্র ৮৭ খানা। স্যার, আমরা কটা করেছি?

১৫৬ খানা। যদি পার্সেন্টেজের হিসেবে দেখেন ওদের থেকে আমাদের ১৬১ পার্সেন্ট বেশি। কাদের সঙ্গে কথা বলব? যারা লাস্ট ১০ বছরে খরচা করল বছরে কত? মাত্র ৪২৪ কোটি টাকা প্রতি বছর। আর সেখানে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার প্রতি বছর কত খরচা করল? ১৯৭৫ কোটি টাকা। এটাও একটা অল টাইম রেকর্ড, যেটা আপনারা স্বপ্নেও ভাবতে পারবেন না। স্যার, কি কি স্টেপ নিয়েছি আমরা? এখানে কনট্রাকটরি রাজ ছিল। এনলিস্টমেন্ট প্রথা ছিল। তার বাইরে কোনো মানুষ ঢুকতে পারবে না। আমরা এসে ভেঙ্গে দিয়েছি। এই হাউসে আমরা বিল এনেছিলাম, সবাই সমর্থন করেছিলেন। আপনাদের অভিনন্দন জানাই। আজকে আমরা ই-টেন্ডারিং চালু করেছি। আজকে কাজের গুণগত মান, আজকে আমি আপনাদের জানাই যদিও উনি প্রশ্ন করেছেন পি.ডব্লিউ.ডি. অফিসারদের শুধু আমরা ভর্সা করিনা। পি.ডব্লিউ. ডি. তে কাজ করা নয়, সরকারি দপ্তরে কাজ করা এক্স ইঞ্জিনিয়ার, অভিজ্ঞ ইঞ্জিনিয়ারদের দিয়ে ভিজিলেন্স টিম তৈরি করেছি, যেটা আজকে হাউসকে জানালাম। তারা প্রতিটা কাজ গিয়ে দেখে। এটাই হচ্ছে তৃণমূল সরকারের কাজ, এটাই হচ্ছে মা-মাটি মানুষের সরকারের কাজ। স্বচ্ছতার প্রশ্ন নিয়ে তৃণমূলের দিকে আঙ্গুল তুলবেন না, অন্তত বামপন্থীরা। ৩৪ বছর যেটাকে শেষ করে দিয়েছেন। স্যার, বামফ্রন্ট সরকারের কোনো দিন কোনো ওয়েবসাইট ছিল পি.ডব্লিউ.ডি. তে? আমরা তো ওয়েবসাইট করেছি সমীক্ষা। যে সমীক্ষায় গেলে আপনি জানতে পারবেন আমাদের কী কাজ হচ্ছে। কী কাজ শেষ হয়েছে। কোন কাজ কোন পর্যায়ে রয়েছে। কোন কনট্রাকটর কাজ করছে। কোন কনট্রাকটরকে কত টাকা পেমেন্ট করা হয়েছে। এই স্বচ্ছতা বামফ্রন্ট-এর মগজে কোনো দিন আসেনি, আগামী দিনেও আসবে না। আমার কবীরের একটা কবিতা মনে পড়ে যাচ্ছে। বলছেন, 'বুরা যো দেখান মে চলা, বুরা যো দেখান মে চলা, বুরা না মিলিয়া কোই'। একটা লোক খারাপ লোক খুঁজতে বেরলো। খারাপ লোক খুঁজে পেল না। বুরা না মিলিয়া কোই। 'যো দিল খোঁজা আপনা, উসসে বুরা না কোই'। যখন সি.পি.এম. নিজের দিকে আঙুল দিয়ে তাকাল তখন দেখল ওদের থেকে খারাপ, ওদের থেকে দুর্নীতিগ্রস্ত আর কেউ নেই। তারা আজকে স্বচ্ছতা নিয়ে প্রশ্ন করে? স্যার, আমি আপনার মাধ্যমে জানাই মাননীয় বিধায়করা আছেন। আমরা আর একটা জিনিস চালু করছি। এ'কথা সত্য সারা রাজ্য জুড়ে পশ্চিমবাংলায় পি.ডব্লিউ.ডি. দপ্তর কাজ করে। শুধু পি.ডব্লিউ. ডি. দপ্তর নয় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ, বিদ্যালয় শিক্ষা, উচ্চ শিক্ষা, গণশিক্ষার সম্প্রসারণ, গ্রন্থাগার বিদ্যা, সমাজকল্যাণ, প্রাণিসম্পদ বিকাশ, যুবকল্যাণ ও ক্রীড়া, তথ্য ও সংস্কৃতি বিষয়ক, পর্যটন, সংখ্যালঘু বিষয়ক, অনগ্রসর শ্রেণির মতো যে সমস্ত দপ্তরে ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট নেই, সব কাজ পি.ডব্লিউ.ডি. দপ্তর করে। ফলে সারা রাজ্য জুড়ে যখন কাজ চলছে'আমাদের আধিকারিকদের আমি অভিনন্দন জানাই। তারা রাত দিন এক করে যেভাবে পশ্চিমবাংলায় মমতা ব্যানার্জীর স্বপ্ন বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়া, ভারতবর্ষের এক নম্বর জায়গায় নিয়ে যাওয়া, তাতেও যে পি.ডব্লিউ.ডি র সমস্ত আধিকারিকরা নিজেদের সর্বস্ব দিয়ে যে লড়াই করছেন তার জন্য আমি হাউসের সবাইকে বলব তাদেরও অভিনন্দন জানাতে। এই যে আজকে রাস্তা দিয়ে যখন যান, মসৃণ পথ, ভালো লাগে না যে এটা বাংলা, ভারতবর্ষের সেরা জায়গা। যেখানে রাস্তায় চললে কোমর ব্যথা হয় না। খানাখন্দ নেই।

আজকে এটুকু বলি, আমাদের ইঞ্জিনীয়াররা কাজ করছেন, আমাদের ভিজিলেন্স টিম কাজ করছে। তা সত্ত্বেও কোনো কোনো জায়গায় আমাদের কাজের কোনো সমস্যা থাকতে পারে। আমরা একটা হোয়াটস অ্যাপ নাম্বার চালু করেছি, আমি আজকে বিধানসভায় সেই হোয়াটস অ্যাপ নাম্বারটা বলব। আমি সমস্ত বিধায়কদের বলব, যদি মনে হয় কোথায় পি.ডব্লু.ডি. এর কাজের গুণগত মান নিয়ে সমস্যা আছে, সেটা সরাসরি ছবি তুলে আমাদের এই হোয়াটস অ্যাপ

নাম্বারে অভিযোগ জানান, তাহলে যেটা আমরা জানতে পারি না সেটাও যাতে জানতে পারি। আমাদের হোয়াটস অ্যাপ নাম্বারটি হ'ল- 9073362000. সমস্ত মাননীয় বিধায়কদের বলব দলমত নির্বিশেষে এই সরকার আপনাদের সবার। বাংলা এগিয়ে গেলে, বাংলা ভারতবর্ষে প্রথম স্থান দখল করলে আপনি বলতে পারবেন না আপনি কোন দল করেন, আপনি গর্ব অনুভব করে বলবেন আমি এই বাংলার মানুষ, আমি এই বাংলার বিধায়ক। সেই বাংলা আমরা গড়তে চাইছি, আমরা বিশ্ববাংলা গড়তে চাইছি, তাতে আপনাদেরও সামিল করতে চাই। বিরোধী মানেই বিরোধিতা করা নয়, বিরোধী মানে গঠনমূলক সমালোচনা। বিরোধী মানে আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেওয়া। ফলে আমাদের কাজে কোথাও যদি ভুল থাকে, তাহলে এই হোয়াটস অ্যাপ নাম্বারে আপনাদের অভিযোগ জানাবেন, ছবি তুলে পাঠাবেন, আপনাদের বক্তব্য থাকলে জানাবেন। সেটা আমি এবং আমাদের প্রিন্সিপাল সেক্রেটারি দুজনে মনিটরিং করব। আমরাও চাই যে পি.ডব্লু.ডি. এর কাজের স্বচ্ছতা যেখানে ১০০% আছে, সেটাকে ১০১% এর জায়গায় নিয়ে যেতে। অনেকে ব্রীজ নিয়ে কথা বলেছেন। অনেকে অনেক কিছু চাইছেন। আপনি যেকথা বলছিলেন, তারাপীঠের ব্রীজ নিয়ে। আপনার উদ্দেশ্যে বলি, তার টাকাও আমরা দিয়ে দিয়েছি, সেই কাজ টেন্ডারিংয়ের পর্যায়ে আছে, শীঘ্রই সেই কাজ শুরু হবে। আপনি খুশী হবেন। আমরা বিশ্বাস করি না অন্য কিছুতে, আমরা বাংলাকে নিয়ে চলি। আমি শুধু তাই বলব, পূর্ত দপ্তর চেষ্টা করছে, আপনাদের পাশে থেকে মমতা বন্দ্যোপাধ্যায়ের যে স্বপ্ন, সেই স্বপ্নকে সার্থক করা যে, বাংলাকে বিশ্ববাংলায় পরিণত করা, বাংলাকে ভারতবর্ষের মধ্যে ১ নং জায়গায় নিয়ে যাওয়া, সেইজন্য সমস্ত বিধায়কদের বলব পূর্ত দপ্তরের কাজে সহযোগিতা করুন। অনেক বিধায়ক আছেন শাসকদল এবং বিরোধী দলের যাঁরা পূর্ত দপ্তরের কাজ হলে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাঁদের অভিনন্দন জানাই। আবার অনেক জায়গায় অনেক সমস্যার সম্মুখীন আমরা হই। আমি আবার আপনাদের বলব, রাস্তা মানে এগিয়ে যাওয়া, রাস্তা মানে উন্নয়ন, রাস্তা মানে নতুন কিছু দেখা। এই রাস্তা যেন আরও সুন্দর হয়, এই রাস্তা যাতে আরও মসৃণ হয়, এই রাস্তা যাতে বাংলাকে বিশ্ববাংলায় পরিণত করতে পারে, সেই জায়গায় যদি আমাদের সঙ্গে একমত হয়ে, সহমত হয়ে এই বাজেটকে পাশ করেন সেই অনুরোধ জানিয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

Mr. Speaker : Now, I put all the cut motions of Demand No. 25 to vote.

The question before the House is the cut motions moved by Shri Asit Mitra, Shri Anisur Rahaman and Smt. Jahanara Khan. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe".

(Voices : Noes)

Noes have it, noes have it.

The cut motions are lost.

Now, I put the main motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 5237,60,71,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "22052 - Secretariat - General Services, 2059 - Public Works, 2205 - Art and Culture, 2216 - Housing, 2250 - Other Social Services, 3054 - Roads and Bridges, 3451 - Secretariat - Economic Services, 4059 - Capital Outlay

on Public Works, 4702 - Capital Outlay on Minor Irrigation, 5054 - Capital Outlay on Roads and Bridges and 7075 - Loans for Other Transport Services "during the year 2017-18.

As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe".

(Voices : Ayes)

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Demand No. 25 is passed, Demand No. 25 is passed.

ADJOURNMENT

The House was then adjourned at 7.10 p.m. till 11.00 a.m. on Wednesday, the 8th March, 2017 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 8th March, 2017 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 26 Ministers-in Charge, 13 Ministers of State and 188 Members.

Held Over Starred Questions

(to which oral answers were given)

[11:00 – 11.10 a.m.]

মিঃ স্পীকার : মানস বাবু আছেন? আমাদের একটা হেল্ড ওভার কোশ্চেন ছিল মানস বাবুর। পার্থ বাবু সেদিন উপস্থিত ছিলেন, উনি একটা অন্য কাজে ব্যস্ত ছিলেন বলে উনি উত্তরটা দিতে পারেন নি। আমি প্রশ্নটা নিয়ে নিচ্ছি।

সরস্বতী শিশুমন্দির ও সারদা বিদ্যামন্দির

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪) **শ্রী মানস মুখার্জী** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে "সরস্বতী শিশুমন্দির" ও "সারদা বিদ্যামন্দির" এই নামে কিছু বিদ্যালয় শিক্ষা বিভাগের অনুমোদন পেয়েছে; এবং

(খ) সত্যি হলে, এরূপ কটি বিদ্যালয় অনুমোদন পেয়েছে (জেলাওয়াড়ি তথ্যসহ)?

ডঃ পার্থ চ্যাটার্জী : (ক) সরস্বতী শিশু মন্দির নামে কোন বিদ্যালয় শিক্ষা বিভাগের অনুমোদন পায় নি। সারদা বিদ্যা মন্দির নামে পাঁচটি বেসরকারী বিদ্যালয় শিক্ষা বিভাগের অনুমোদন পেয়েছে।

(খ) পশ্চিম মেদিনীপুর জেলায় একটি, মুর্শিদাবাদ জেলায় দুটি এবং উত্তর দিনাজপুর জেলায় দুটি। মোট পাঁচটি বিদ্যালয় এরূপ অনুমোদন পেয়েছে।

শ্রী মানস মুখার্জী : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। গোটা দেশে আর এস এসের সংগঠন, অখিল ভারতীয় বিদ্যা শিক্ষা সংস্থা তারাই আমাদের রাজ্যে বিবেকানন্দ বিকাশ পরিষদ নামে এই ধরণের বিদ্যালয়গুলি পরিচালনা করেন। এই বিদ্যালয়গুলির মধ্যে দিয়ে শিশু মনে হিন্দুত্ব প্রচারের একটা ভয়ংকর চেষ্টা তারা চালাচ্ছে। আমি মাননীয় মন্ত্রীকে আর একটু ভাল করে দেখতে বলব যে আমার কাছে যা তথ্য আছে, আমি পেয়েছি এই ব্যাপারে,আমি মন্ত্রী মহাশয়কে দিয়ে দেব। এখনও পর্যন্ত মোট ২৫টি অনুমোদিত স্কুল আমাদের রাজ্যে আছে। এই স্কুলগুলির যেহেতু সরকারী কোন কোন টাকার দায়বদ্ধতা নেই, হয়তো মন্ত্রীর আড়ালেও হতে পারে, বিভিন্নভাবে তারা অনুমোদন নিয়ে নিচ্ছে। এই অনুমোদন যদি আপনি দেখেন তাহলে বিশেষ কিছু জায়গা যেখানে একটা সম্প্রদায়ের মানুষের বাসস্থান বেশি, সেই সম্প্রদায়ের এলাকাগুলিতেই এই ধরণের শিক্ষা প্রতিষ্ঠান তারা চালাচ্ছে। মাননীয় মন্ত্রী একটু খোঁজ নিয়ে

দেখবেন এই রকম অনুমোদিত ও অননুমোদিত নিয়ে মোট তিনশো এই ধরণের বিদ্যালয় চলছে আমাদের রাজ্যে যার মোট ছাত্র সংখ্যা ৬০ হাজার ৫৪৫জন। যেহেতু, এখানে চিরাচরিত শিক্ষা সেই চিরাচরিত শিক্ষার যে সিলেবাস তার বাইরে শিশু মনকে বিভ্রান্ত করার জন্য চেষ্টা চলছে। এই ব্যাপারে শিক্ষা দপ্তর কোন নির্দিষ্ট উদ্যোগ গ্রহণ করতে পারে কিনা? কারণ আমরা সকলেই উদ্বিগ্ন। ধর্মান্ধতা,ধর্মীয় বিভাজন যা আমাদের গোটা দেশ জুড়ে চলছে, আমাদের রাজ্যেও সেটা করার চেষ্টা চলছে। তাই এই বিদ্যালয়গুলিকে অনুমোদন দেওয়ার আগে, যেমন, আপনি জানেন ১৯শে ডিসেম্বর একটি বিদ্যালয়ের উদ্বোধন হল দিনাজপুরে। সেখানে ললিতমোহন গোস্বামী, কেন্দ্রীয় নেতা তিনি এলেন, উদ্বোধন হল। উদ্বোধনের সূচনাই হল সত্যনারায়ণ পূজো, যজ্ঞ ইত্যাদির মধ্য দিয়ে এবং ওরা ওদের ওয়েবসাইটে এটা দিয়েছে যে তিনশোটা বেসরকারী স্কুল চলছে। তিনশোটা স্কুল অনুমোদিত, অননুমোদিত চলছে এবং তার ছাত্রের সংখ্যা হচ্ছে। ৬০ হাজার ৫৪৫। এই গুলিকে রোধ করার ক্ষেত্রে কি পদক্ষেপ আপনি গ্রহণ করতে পারেন?

ডঃ পার্থ চ্যাটার্জী : ধন্যবাদ বিধায়ক মহাশয়কে যে আপনি ওয়েবসাইট দেখেছেন। কিন্তু ওয়েবসাইট সবসময় সত্য কথা বলে না।পাঁচজন লোক থাকলে পঞ্চাশ জন বলে দেয়। তাই কোন লাভ নেই। অথচ আপনি যে এত প্রশ্ন করেছেন এটা ওরা নিজেরাও জানে না। বিষয়টি খুব স্পর্শকাতর এবং উদ্বেগজনক। আমরা ইতিমধ্যেই আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী তিনি এই বিষয়ে আমাকে জানতে বলেছিলেন। এবং আমরা জেনেছি এবং বিশেষ করে উত্তরবঙ্গ এবং নর্থ (২৪) পরগণার কিছু অংশে এই ধরণের প্রাইভেট স্কুলগুলি যারা আছে, আপনি এটা শুনলে একটু মনঃক্ষুন্ন হতে পারেন, কারণ তার বেশীরভাগটাই কিন্তু আগের সরকারের দেওয়া। আর আমাদের আমলে যেগুলি দেওয়া হয়েছে তার সংখ্যা অত্যন্ত কম, ১৩ টা বোধহয়। এবার যাদেরই আমল হোক না কেন এই ধরণের প্রচেষ্টা যদি কেউ করেন, যারা অনুমোদিত পাঠ্যবই ছাড়া অন্য কিছুর মাধ্যমে সম্প্রদায়কে প্রভাবিত করবার চেষ্টা করছে। প্রয়োজন হলে তাদের অনুমোদন বাতিল করব। এটা কখনোই হতে পারে না যে সরকার অনুমোদিত পাঠ্যপুস্তক ছাড়া ওরা নিজেদের মত এই কাজটা করবে। আমরা ইতিমধ্যেই প্রায় শত খানেক স্কুলকে প্রশ্ন করেছি, জবাবদিহি করেছি। কোন রকম কোন ধর্মের ধর্মান্ধতা আমাদের সরকার বরদাস্ত করবে না। এবং সবচেয়ে বড় কথা হচ্ছে যে, যে প্রশ্নটি আপনি তুলেছেন তার তিনটি ভাগ আছে। প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা এবং উচ্চ মাধ্যমিক। এই তিনটি স্তরেই কিন্তু প্রভাব বিস্তার করবার কোথাও কোথাও চেষ্টা হচ্ছে। আমরা সতর্কও আছি এবং আপনাদেরকেও সতর্ক থাকতে বলছি। যে এই রকম কোন খবর পেলে সঙ্গে সঙ্গে জানাবেন, তার বিরুদ্ধে কঠিন ব্যবস্থা আমরা নেব।

শ্রী মানস মুখার্জী : আমি মাননীয় মন্ত্রীকে বলছি যে, আপনার উদ্বেগের সঙ্গে শুধু আমি নই, আমাদের রাজ্যের সমস্ত ধর্ম নিরপেক্ষ মানুষ, তারা এই উদ্বেগের অংশীদার। এটা আপনি ঠিকই বলেছেন যে, এখনও পর্যন্ত জুনিয়র হাই স্কুল এগুলিই অনুমোদন পেয়েছে। এখনও পর্যন্ত মাধ্যমিক স্কুল সরকার দ্বারা অনুমোদিত হয় নি। এই রিসেন্টলি ২০১৬ তে 652-SCE(EE)-RTE-100/2016,653 SCE(EE)-RTE-100/2016 এই দুটি বিদ্যালয়ে খুব রিসেন্টলি তারা অষ্টম শ্রেণী পর্যন্ত পড়ানোর নো অবজেকশন সার্টিফিকেট আদায় করে তারা অনুমোদন নিয়েছে।

ডঃ পার্থ চ্যাটার্জী : যদি এটা হয়ে থাকে এবং তাদের বিরুদ্ধে যদি কোন অভিযোগ থাকে, তাহলে সেটা বাতিল হবে।

শ্রী অপূর্ব সরকার : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহোদয়কে যে স্কুলগুলির কথা আপনি বললেন এটা মুর্শিদাবাদের ক্ষেত্রেও এইরকম স্কুলগুলি গজিয়ে উঠছে দিনে দিনে। এগুলি খুবই উদ্বেগের কারণ আমাদের কাছে, কারণ একটা রাজনৈতিক দলের এটা

একটা হিড্‌ন/ অ্যাজেন্ডা যে স্কুলগুলিকে সামনে রেখে আস্তে আস্তে রাজনৈতিক প্রভাব বিস্তার করার চেষ্টা আমি দেখছি এবং এটা বাস্তব কথা বলছি। আমার নিজের শহরে আছে, অন্যান্য জায়গায় আছে এবং এগুলি দেখছি।

[11:10 – 11.20 a.m.]

এই স্কুলগুলো - আপনার কাছে আমার যেটা জিজ্ঞাস্য বা যেটা অভিযোগ, যে সরকারি নিয়মে স্কুলগুলো, প্রাইমারি স্কুলগুলো - এখন বেশিরভাগ প্রাইমারি স্কুলের পর্যায়ে আছে। যে গাইড লাইন বা যে নিয়ম-কানুনের মধ্যে দিয়ে পরিচালিত হয় স্কুল দপ্তর থেকে, এই স্কুলগুলো কিন্তু সেইভাবে পরিচালিত হয়না। এদের যদি প্রেয়ার দেখেন, এদের যদি গভর্নমেন্ট হলিডে দেখেন, তাহলে আপনি দেখবেন যে, গভর্নমেন্ট হলিডের সাথে কিন্তু ওদের স্কুলের যে হলিডে, সেটা মিলছেনা। তারা নিজেদের মতো করে একটা হলিডে তৈরি করেছে, যার মধ্যে হিডেন এজেন্ডাটা বোঝা যায় যে এদের হিডেন এজেন্ডাটা কি এই রাজনৈতিক দলের। এই ব্যাপারটা এনকোয়্যারি করে দেখে, আপনার যে নির্দেশ, যে সরকারি নির্দেশনামাগুলো আছে প্রাইমারির ক্ষেত্রে, সেগুলো মানতে বাধ্য করা তাদেরকে। করুক, কোনো রাজনৈতিক দল স্কুল করতেই পারে। কিন্তু সরকারি নিয়ম-কানুন মেনে তারা চলুক। এই যেগুলো অনিয়ম হচ্ছে, এর বিরুদ্ধে আগামী দিনে আপনি কি ব্যবস্থা নেবেন, এটাই আমার জিজ্ঞাস্য আপনার কাছে।

ডঃ পার্থ চ্যাটার্জী : প্রথম কথা হচ্ছে যে, এন.ও.সি. যেগুলো দেওয়া হয়, তার প্রধান বিষয়টা আমাদের হাতে থাকেনা। আমরা এন.ও.সি. দেওয়া বন্ধ করতে পারি। কিন্তু তার আগেই দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকারের কোনো কোনো সংস্থা তাদেরকে অনুমোদন দিয়ে দিচ্ছে। তারা সেই অনুমোদন দেখিয়ে আমাদের কাছে আসছে যে, তোমরা এন.ও.সি. দাও। যে প্রশ্ন আপনি তুলেছেন, আমার নিজের কাজের অভিজ্ঞতা থেকে আমি বলি, লিষ্ট অফ হলিডেজ গভর্নমেন্ট পাঠালেও সেই লিষ্ট অফ হলিডেজের মধ্যে ১৫ ডেজ বা ১৪ ডেজ যদি ন্যাশনাল হলিডে থাকে, তাহলে গান্ধীজীর জন্মদিন, প্রজাতন্ত্র দিবস, ১৫ই আগষ্ট - এগুলোকে রাখতেই হয়। এছাড়া যেগুলো, সেগুলো সেই সংস্থার ওপর নির্ভর করে অনেকটাই সেই লিষ্টের মধ্যে থেকে। আমরা এটা তখনই কিছু করতে পারবো, আপনি দেখেছেন যে, বেসরকারি বিদ্যালয়গুলিকে আমরা শুধুমাত্র ডোনেশনের কথা বা ভর্তির ফি-র ব্যাপারে বলেছি তা নয়, নানা রকম নিয়ম-কানুন এবং পাঠ্যপুস্তক যা আমাদের রাজ্যের ছাত্রদেরকে প্রভাবিত করার চেষ্টা করে - ধর্মের লাইন দিয়ে হোক, যে কোনো লাইন দিয়েই হোক, তা নিঃসন্দেহে আমাদের এই রাজ্যের যুক্ত তালিকা আছে, কিন্তু আমাদেরও অধিকার আছে এটা জানানোর। সেই প্রক্রিয়া কিভাবে হবে - স্বাধীকার থাকবে না অধিকার থাকবে, এনিয়ে আবার তর্ক-বিতর্ক হ'তে পারে। সেই ব্যাপারে আমরা লক্ষ্য রাখি। কিন্তু যে জিনিসটা একেবারেই আমাদের কাছে - মানসবাবু যেটা তুলেছেন - অত্যন্ত সময়োপযোগী, এর আগে মুখ্যমন্ত্রী নিজে স্বরাষ্ট্র মন্ত্রী হিসেবে আমাকে বেশ কিছু স্কুলের নাম দিয়েছিলেন, যে ব্যাপারে আমরা তদন্ত করেছি এবং বেশ কিছু ক্যানসে করেছি, বেশ কিছু আমরা শো-কজও করেছি।

Starred Questions

(to which oral answers were given)

নবগঠিত পৌরসভা

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১) **শ্রী অসিত মিত্র ঃ** নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের নবগঠিত পুরসভাগুলি কবে থেকে কাজ শুরু করতে পারে বলে আশা করা যায়?

শ্রী ফিরহাদ হাকিম : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় শ্রী অসিত মিত্র মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই যে - রাজ্যের দুইটি নবগঠিত পুরসভা প্রশাসক/প্রশাসক মণ্ডলীর অধীনে কাজ শুরু করেছে।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি ঐ আসন থেকেই বলেছিলেন, অনেকগুলি পুরসভার কথা বলেছিলেন, যেগুলো অনুমোদন পেতে চলেছে, অথবা যেগুলো পঞ্চায়েতের বাইরে এসে পুরসভা করবেন বলে ঘোষণা করেছিলেন। তবে তার সংখ্যা তো দুই নয়, তার সংখ্যা। অনেকগুলোই। আমি আপনার কাছে আমার প্রথম অতিরিক্ত প্রশ্নে জানতে চাইছি, দুটি আপনি করলেন, বললেন দুটির কাজ শুরু হয়েছে। দুটি কি কি? আর যে বাকিগুলো ছিল, সেগুলোর নাম যদি বলেন, কেন তাদের হ'ল না?

শ্রী ফিরহাদ হাকিম : যে দুটি কাজ শুরু করেছে, সেগুলো হ'ল, ডোমকল এবং বুনিয়াদপুর। আর যে ২৩টা পুরসভা স্যার, যাদের আমরা প্রসেসে রেখেছি বানানোর জন্য, সেগুলো আমি বলে দিই স্যার - তেহট্ট, চাঁচল, ক্যানিং, ফালাকাটা, কাকদ্বীপ, বেলদা, খাতরা, ...

কোলাঘাট, গাজল, বুনিয়াদপুর হয়ে গেছে, বালি পশ্চিম, আন্দুল, ডোমজুর, বাগনান, বক্সিরহাট, ঠাকুরনগর, আমতলা, আমতা, কোলাঘাট, মেচেদা, ডোমকল হয়েগেছে, তারাপীঠ, মল্লারপুর।

শ্রী অসিত মিত্র : এগুলি হচ্ছে না কেন?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আপনি জানেন যে, আমাদের আগের সরকারের কৃপায় একটা বিরাট আর্থিক দেনায় আমাদের সরকার চেপে রয়েছে। তার এ বছরই প্রায় যা আমি অর্থ দপ্তরের মন্ত্রীর কাছে শুনেছি প্রায় ৪০ হাজার কোটি টাকা দেনা শোধ করতে পারে। একটা পৌরসভা নতুন ভাবে তৈরী করতে গেলে তার ইনফ্রাস্ট্রাকচার নিয়ে এভারেজে ১০ কোটি টাকা খরচা হবে। এবং একটা পৌরসভা যদি নতুন করে চালাতে হয় তাহলে আমাদের ৫ থেকে ৬ কোটি টাকা মিনিমাম। নেবে, ই-ক্যাটাগরীর পৌরসভা ৫ থকে ৬ কোটি টাকা বছরে আমায় দিতে হয়। আমাদের বাজেটারি প্রভিশান অর্থ দপ্তরের তরফ থেকে বাড়ানোর কোন অবকাশ নেই। তার কারণ আমাদের যতটা বাজেট, আমরা বাজেট কমানোর জন্য, ব্যয় সংকোচ করার জন্য স্যার দুটো দপ্তর আমার আবান। ডেভালপমেন্ট এবং মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্সকে মিলিয়ে দেওয়া হয়েছে যাতে এর কিছু টাকা ওর কাছে ওর কিছু টাকা এই ভাবে কোন রকমে আমরা চালাতে পারি। আর্থিক এই রকম একটা বড় দেনা নিয়ে এই সরকার চলেছে, তাই নতুন পৌরসভা নিশ্চিত ভাবে আমাদের করার আছে, সেই জন্য আমরা প্রসেস্ করেছি। কিন্তু আমরা আস্তে আস্তে চলছি, তার কারণ হচ্ছে আমরা যদি পৌরসভাগুলি গঠন করে দিই, তখন পঞ্চায়েতের বেনিফিটও পাবে না, আবার পৌরসভার যে সাপোর্টটা রাজ্য সরকারের দেওয়া দরকার সেটাও দিতে পারবে না, তখন প্রচণ্ড ভাবেসেখানকার মানুষের অসুবিধা হবে। তাই আমরা এগুলোকে খুব দেখেশুনে এই প্রসেসগুলোকে এগোচ্ছি। নিশ্চিত ভাবে এগুলি বলবো যে কোন কোন পৌরসভা বিভিন্ন স্তরে আমাদের কাছে। রেডি আছে, কিন্তু আমরা এই আর্থিক বিষয়টা অর্থ দপ্তরের কাছে কথা বলে, অনুমোদন নিয়ে আমরা আস্তে আস্তে করছি।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার লাস্ট সাপ্লিমেন্টারী যে, একচুয়ালী আপনারা কোনগুলি পৌরসভা হবে, আর কোনগুলি হবে না, কি কোয়ালিটি থাকলে তাহলে সেই জায়গাগুলো ঠিক করেন, রাজনৈতিক দিক থেকে, না অন্য কোন কারণে?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, রাজনৈতিক দিক কখনও - কোন সরকার রাজনৈতিক দিক। থেকে করে না। তাহলে অন্তত সবার আগে আমরা আমতলা,টামতলা না করে ডোমকল করতাম না, বা বুনিয়াদপুর করতাম না। যে দুটো পৌরসভা হয়েছে রাজনৈতিক দিক থেকে আমাদের দলের এমএলএ নেই, সেই জায়গাগুলো আমরা পৌরসভা করে দিয়েছি। স্যার, পৌরসভা করতে গেলে যেগুলো দেখতে হয় একটা হলো প্রথমে ডি.এমের একটা রিপোর্ট নিতে হয়, সেখানে 70% অফ দা পপুলেশন তারা ননএগ্রিকালচার হতে হবে, তাদের একটা স্কোয়্যার মিটারের মধ্যে পপুলেশন ডেনসিটি তার একটা ভিত্তি থাকবে। এবং পপুলেশন যতটা পৌরসভায় হবে মিনিমাম ২৫ হাজার পপুলেশন এক স্কোয়্যার কিলোমিটারের মধ্যে থাকতে হবে। এই ভিত্তিগুলো দেখে তার পরে অন্যান্য সুযোগ সুবিধা কি দেওয়া যায়, না যায় দেখে, সেখানে সাবডিভিশন হেড কোয়াটার আছে কিনা, জেলা হেড কোয়ার্টার আছে কি না দেখে নিয়ে তার পর আমরা সেটাকে পৌরসভা হিসাবে। গন্য করি। তাও একটা ডি.এমের রিপোর্ট আসে, তার ভিত্তিতে আমাদের সেক্রেটারীদের একটা কমিটি আছে তার ভিত্তিতে দেখে নিয়ে তার পর হয়। এর মধ্যে রাজনীতির সঙ্গে পৌরসভার কোন সম্পর্ক নেই।

মিঃ স্পীকার : কালিপদবাবু আপনিও জানতে চেয়েছেন হাওড়া পুরসভা সম্বন্ধে এটা সংশ্লিষ্ট প্রশ্ন, এক সঙ্গে করে নিন।

নতুন পৌরসভা গঠন

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪২) **শ্রী কালীপদ মন্ডল :** নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলায় নতুন কোন পৌরসভা গঠনের পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, তা কোন্ কোন্ এলাকায়?

শ্রী ফিরহাদ হাকিম : ক) বর্তমানে হাওড়া জেলায় ৫টি নতুন পৌরসভা গঠনের বিষয় রাজ্য সরকারের পরীক্ষাধীন। খ) এগুলি হলো - হাওড়া জেলার বাগনান, আমতা, ডোমজুর, আন্দুল এবং বালী পশ্চিম।

[11:20 – 11.30 a.m.]

শ্রী কালীপদ মন্ডল : আমার অতিরিক্ত প্রশ্ন যে, এই পৌরসভাগুলো গঠন করতে গেলে, প্রস্তাবে আছে ৫টি পৌরসভা গঠন হবে। এর মধ্যে প্রাধান্য কোনটাকে দেওয়া হচ্ছে সেটা একটু জানাবেন কি?

শ্রী ফিরহাদ হাকিম : দেখুন প্রাধান্য বলে ছিল নেই তার কারণ প্রত্যেক এম.এল.এ নিজের যেটা সবথেকে জনবহুল এলাকা সেখানে পৌরসভা করতে চান। আমরা আন্তরিকভাবে চাই যে জায়গাগুলোর পৌরসভার ইনফ্রাস্ট্রাকচার সেমি আর্বান হয়ে গেছে, যে জায়গাগুলো আর্বানাইজ হয়ে গেছে যে রকম আমরা পৌরসভা করতে গেলে যেটা ৫০% নন এগ্রিকালচারাল, ৩০ হাজার পপুলেশান, ৭৫০জন মিনিমাম ডেনসিটি অফ পপুলেশান স্কোয়ার কিলোমিটার, এগুলোর মধ্যে। দিয়ে এবং আর যে সব ইনফ্রাস্ট্রাকচার সেগুলো করে আমরা সবসময়ই চাই যে এম.এল.এ-রা যাঁরা সত্যি সত্যি চাইছেন, যাদের অনেকগুলো জায়গা এরকম আছে, অনেক সময় তাদের এলাকার মানুষের কাছে কমিটমেন্ট থাকে যে এটা পৌরসভা করে দেবো। সেগুলো যাতে পৌরসভা হয়। সেটা আমরাও চাই। কিন্তু আগেই যেটা বললাম সেই কারণে আমরা অনেকগুলো জায়গায় করতে পারছিনা। যেহেতু আমতা অত্যন্ত জরুরী জায়গা এবং বাগনান এটা আমাদের

আগামী দিনে নিশ্চতভাবে প্রায়রিটি থাকবে যদি আমাদের আর্থিক দিক দিয়ে অবস্থা ঠিক থাকে যখন আমরা ফাইনান্স ডিপার্টমেন্টের সম্মতি পাবো।

শ্রী কালীপদ মন্ডল : আমার দ্বিতীয় প্রশ্ন, পঞ্চায়েত এবং পৌরসভার পরিষেবার ক্ষেত্রে মানুষের মধ্যে একটা পার্থক্য দেখা যাচ্ছে। সেই কারণে পৌরসভার প্রতি মানুষের আকর্ষণ বেড়ে যাচ্ছে। স্বাভাবিকভাবে এই পঞ্চায়েত স্তরের পরিষেবা এবং পৌরসভার পরিষেবা এই দুটোর মধ্যে যে পার্থক্যটা আছে সেই পার্থক্য হটানোর ক্ষেত্রে আপনার কি ভূমিকা আছে।।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আসলে আগে আমরা যে পঞ্চায়েত সিস্টেমের কথা বলতাম যেখানে মাটির বাড়ি থাকলো, মাটির রাস্তা থাকবে, কুমোর পাড়ার গরুর গাড়ি সেই যুগটা আমরা পার হয়ে এসেছি। এখন যেগুলো পঞ্চায়েত এলাকা, বিভিন্ন এম.এল.এদের জায়গা সেই পঞ্চায়েত এলাকাগুলোতেও কিন্তু আগের যুগের যে পৌরসভা সেরকম পঞ্চায়েত এলাকাগুলোও কিন্তু হয়ে গেছে। সেখানে বাড়ি, পঞ্চায়েত অফিসগুলো সব কিন্তু ঐরকম ভাবে হয়ে গেছে। কিন্তু মানুষ আকৃষ্ট হয় আবানাইজেশনের দিকে। বেটার লাইভলিহুডের জন্য, বেটার লিভিংয়ের জন্য ভালো জীবনের জন্য। এটা ঠিক যে ছোট পৌরসভার ক্ষেত্রে বা ছোট টাউনশিপের ক্ষেত্রে যেটা আমি বারবার হাউসে বলি স্যার, এটা আমার কাছেও ব্যক্তিগত ভাবে একটা বড় জিনিস যে, ছোট টাউনশিপ করে দিয়ে মানুষের আবানাইজেশনের যে প্রত্যাশা সেটাকে পূরণ করা যদি যায়। এরকম অনেক পৌরসভা আছে। যেমন আমাদের ডেভিডের পৌরসভা। চারিদিকে গ্রাম মাঝখানে পৌরসভা এবং খুব সুন্দরভাবে সেই পৌরসভা চলছে। আমি দেখেছি যখন ওদের ওখানে গিয়েছি যে, প্রচুর মানুষ পৌর পরিষেবাগুলো ওখানে নেন অথচ থাকেন হয়তো গ্রামে। এরকম প্রচুর আছে। আমাদের সাঁইথিয়ায় আমি দেখেছি সেখানেও এরকম পৌরসভা আছে। অনেকগুলো জায়গা সেমি আর্বান হয়ে গেছে। মানে পৌরসভা নেই হয়তো কিন্তু আবানাইজেশনটা এমনভাবে হয়ে গেছে যেগুলো আমি বললাম প্রায় টাউনশিপ তৈরী হয়ে গেছে। সুতরাং সেই জায়গা আমাদের একটু আর্থিক দিক দিয়ে স্বচ্ছলতা এলে এগুলোকে পৌরসভা করে দেওয়া উচিত বলে আমি মনে করি। একটু অসুবিধা হচ্ছে, আশা করি ঠিক হয়ে যাবে।

শ্রী খগেন মুর্মু : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমি মাননীয় মন্ত্রীকে বলবো যে, এই ৩৪-৩৪, বোঝ বোঝা না বলে ৬৪ বছরের এটা হচ্ছে। আমাদের দেনা। এটা গোটা দেশেই। ...(গোলমাল)... কেন্দ্রীয় সরকারের চাপানো বোঝা আছে। আমি যেটা বলতে চাইছি মাননীয় মন্ত্রীকে যে, আমাদের রাজ্যে ১৯৭৭ সালের আগে এবং ২০১১ সাল পর্যন্ত কত পৌরসভা ছিল এবং ২০১১-র পর এ পর্যন্ত কটা হয়েছে। আর আমি স্পেসিফিক বলতে চাইছি ২০১০ সালে ২০টি পৌরসভার প্রস্তাব তৎকালীন বিধানসভায় ছিল। এর মধ্যে ডোমকলও ছিল এবং বুনিয়াদপুরও ছিল। আর আপনি এখানে বলেছেন ২৩টা। তার মধ্যে দুটো হয়েছে। তাহলে ২১টি। তাহলে কোনটা একটা? আর স্পেসিফিকভাবে আমার মালদা জেলায় গাজল ও চাঁচল কবে হবে।

মিঃ স্পীকার : আপনি অনেকগুলো প্রশ্ন করে ফেললেন। এতগুলো প্রশ্ন আছে একটা প্রশ্নের মধ্যে। আপনি স্পেসিফিক করে বলুন উনি উত্তর দিয়ে দেবেন।

শ্রী ফিরহাদ হাকিম : হ্যাঁ, নিশ্চিতভাবে সব MLA-র মতো আপনারও এটা অন্যায় কিছু নয়, সব MLA-র মতো আপনিও আপনার এলাকার পৌরসভা চান। অনেক MLA আমাকে চিঠি দিয়েছেন। ...(voice)... আপনার তো পৌরসভা হয়েই রয়েছে। যাইহোক, সেতো আমারও এলাকায় পৌরসভা হয়ে রয়েছে, আমি আর নতুন কি চাইবো। কিন্তু বেশিরভাগ MLA যেখানে

গ্রাম আছে সেখানে চান একটু semi urban হয়ে গেলে সেটাকে পৌরসভা করতে। এটা ঠিক যে, প্রস্তাব এটা যতদিন MLAরা রয়েছেন ততদিন এসেছে। আগে বামফ্রন্ট সরকার ছিল তার কাছে প্রস্তাব গেছে। তারপরে আমাদের তৃণমূল কংগ্রেসের সরকার হয়েছে মা-মাটি-মানুষের/ আমাদের কাছে প্রস্তাব এসেছে। সুতরাং প্রস্তাবটা আসবেই। কিন্তু সেগুলোকে process করা এইটা আমার মনে হয় যে, আমরা করে রেখেছি। যেরকম ধরুণ, আপনার ক্ষেত্রে আমি বলি, আপনাদেরটা DM-এর report টিপোর্ট সব হয়ে রয়েছে। আমরা মালদার চাঁচলটা Finance Department-এ পাঠিয়ে দিয়েছি for approval. কালিয়াচকও আমাদের state cabinet-এ approved হয়ে রয়েছে।

শ্রী স্বপন কুমার বেলথারিয়া : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পৌরমন্ত্রীকে জানাই, এর আগেও আমি বিধানসভায় তুলেছিলাম, স্যার, আদ্রার town তথা ১৪টি বুথ স্যার, ননপঞ্চায়েত non municipality. তাদের একটা bank account খুলতে গেলে তাদের Sir, resident-এর যে প্রয়োজন তারা সেটার জন্য হন্যে হয়ে ঘুরে বেড়ায় কিন্তু পাওয়া যায় না। বিধায়ক বাদ দিয়ে স্যার, DMকে আমি একটা চিঠি করেছিলাম, তার মাধ্যমে report চেয়েছিলেন DM-এর মাধ্যমে, তো স্যার, DM সাহেব সেটা ১৮টি বুথ দিয়ে পৌরসভা করার জন্য চিঠি পাঠিয়েছেন। সেটা স্যার, কি এবং কতটা এগিয়েছে সেটা আমি আপনার মাধ্যমে। পৌরমন্ত্রীর কাছে জানতে চাই।

শ্রী ফিরহাদ হাকিম : DM-এর report এসে গেছে স্যার। আমি তো বললাম, এগুলো সবই আমাদের process-এর মধ্যে আছে DM-এর report এসে গেছে। তারপরে এটা, আমাদের Finance clearance হয়, তারপর state cabinet-এ যায়। তারপর আর্থিকভাবে আমাদের যখন এটার উপরে support দেওয়ার মতো position আসে বাজেটে তখন আমরা এগুলো পৌরসভা করি। সুতরাং DM-এর report টিপোর্ট MLA-দের কাছ থেকে চিঠি পাওয়ার পরেই আমি প্রথম যে কাজটা করি সেটা হল, DM-এর কাছে গিয়ে report টিপোর্টগুলো নিয়ে আসি। স্যার, উনি একটা প্রশ্ন করেছিলেন, আমার কাছে তখন ছিল না, ১৯৪৭-এ আমাদের ৩৯টা পৌরসভা ছিল, যেটা আপনি প্রশ্ন করেছিলেন। ৪৭ থেকে ৭৭ ১৮টা পৌরসভা হয়েছিল। ৭৭ থেকে ২০১১ ৭০টা পৌরসভা বামফ্রন্ট সরকারের সময় হয়েছিল। আর আমরা করেছি ৩টে পৌরসভা।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে এই পৌরসভা বিষয়ক যে উত্তর দিচ্ছেন, তার পরিপ্রেক্ষিতে একটা প্রশ্ন করতে চাই যে, আমাদের পৌরসভা ঝালদা 'E category সম্ভবত। পৌরসভার এমন কিছু area আছে, যেগুলো পৌরসভার সাথে একদম ঢুকেই আছে, এটা পৌরসভা না গ্রাম কিছুই বোঝা যাবে। না। অথচ ওটা গ্রাম হিসেবেই treatment হচ্ছে। এমনকি ওটা cross করে গিয়ে পৌরসভার area-তে পৌরসভার পরিষেবার কাজ হচ্ছে। এই যে adjacent জায়গাগুলো যেগুলো একদম পৌরসভার সাথে পুরোপুরি প্রায় ঢুকে গেছে এগুলো ঢোকানোর ব্যাপারে কি ব্যবস্থা আছে, এই ব্যাপারে কিছু বলবেন কি?

শ্রী ফিরহাদ হাকিম : Specially Sir, ঝালদার চেয়ারম্যানের সাথে আমার কথা হয়েছে। এরকম অনেক fringe এলাকা আছে যেগুলোকে পৌরসভার মধ্যে নিতে সব চেয়ারম্যানদের সাথে কথা হয়। এগুলোকে আমরা চাইছি যে, পৌরসভার মধ্যে নিয়ে। পৌরসভা বড় হয়ে গেলে আমরা যেটা এখন চাইছি সেটা at least পৌরসভাগুলোর যদি একটু এলাকা বড় হয় তাহলে আমাদের পক্ষেও সুবিধা হয়।

মিঃ স্পীকার : বারুইপুরও আছে, যদি একটু বলে দেন, মাননীয় মন্ত্রী।

শ্রী ফিরহাদ হাকিম : স্যারের এলাকায় বারুইপুরেও কিছুটা inclusion আছে। সেটা। DM-এর report-র জন্য পাঠিয়েছি। হয়ে গেলে আমরা দিয়ে দেব।

[11:30 – 11.40 a.m.]

না, এটা রেজলিউশান নিয়ে, বোর্ড অফ কাউন্সিলারদের রেজলিউশান নিয়ে সেটা পাঠাতে হয় সরকারের কাছে, সরকার তারপর ডি এম এর কাছে পাঠায়, ডি এম সার্ভে করে, সার্ভে করে। সেটাকে ইনক্লুশানের জন্য অ্যাপ্রুভাল দেয়।

শ্রী পুলিন বিহারী রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে ধন্যবাদ, আমাকে এই প্রশ্ন করার অনুমতি দানের জন্যে। আমি আপনার মাধ্যমে, আমাদের মন্ত্রী পৌর এবং আর্বান ডেভলাপমেন্ট মন্ত্রী মহোদয়ের কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন, তিনি প্রথম অসিত বাবুর প্রশ্নের উত্তরে একটা তালিকা দিয়েছিলেন, প্রস্তাবিত পৌরসভাগুলি। তার মধ্যে ঠাকুরনগরও আছে এবং ঠাকুরনগরও আমরা প্রস্তাব করেছি অনেক আগের থেকে, আপনি যদি দয়া করে এর স্ট্যাটাস, লেটেস্ট স্ট্যাটাস কি অবস্থায় আছে এবং কতদিনে এটা সম্ভব হবে কি হবেনা সেটা যদি একটু জানান, আমরা উপকৃত হবো।

শ্রী ফিরহাদ হাকিম :স্যার, ঠাকুরনগর নিয়ে বলি, আমরা ডি এম এর কাছ থেকে রিপোর্টগুলো পেয়েছি, তারপর আমাদের যে ডিপার্টমেন্টাল সেক্রেটারী এবং যে কমিটি আছে তারা এইগুলো দেখবে, দেখার পরে আমরা ফাইনালে পাঠাব,ফাইনান্স এ্যাপ্রুভাল হয়ে গেলে স্টেট ক্যাবিনেটে যাবে, স্টেট ক্যাবিনেট অ্যাপ্রুভাল হয়ে গেলে। তারপরে আমাদের ডিপার্টমেন্ট আর্থিক সুবিধা দেখে পৌরসভা করবে। এটা হবেনা বলে কোন কথা নেই। আশায়। মানুষ বাঁচে। আমরাও সব সময় জানেন, কেন্দ্রীয় সরকারেও চেষ্টা করে যাচ্ছি যে বামফ্রন্ট সরকারের যে পাপের বোঝা, সেই বোঝার থেকে মুক্ত যাতে হতে পারি, সেইটা সব সময় চেষ্টা করে যাচ্ছি, ঐ আর্থিক পাপের বোঝা আর কি। সেটা যদি দেখেন যে কোন সময়ে এই সরকার হয়ত দেবেনা, সাম্প্রদায়িক সরকার, যদি অসাম্প্রদায়িক সরকার আসে হঠাৎ করে দেনা চলে যায়, তখন হয়ত আমরা আপনার পৌরসভা করে দেবো।

শ্রী আলবিরুনি জুলকারনাইন :ধন্যবাদ স্যার। মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে, উনি বললেন আর্থিক অনটনের কথা বললেন, কিন্তু আমি যে জেলা থেকে বিলঙস করি, মালদা জেলা, সেখানে দেড়শো বছরের মধ্যে নতুন কোন পৌরসভা গঠিত হয়নি, সেই দিকে নজর দিতে একটু বলছি।

শ্রী ফিরহাদ হাকিম : ঠিক আছে।

'গো-সম্পদ বিকাশ অভিযান'

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬) **শ্রী সমীর কুমার জানা** ঃ প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার প্রতিটি ব্লকে 'গো-সম্পদ বিকাশ অভিযান চালু করেছে; এবং

(খ) সত্যি হলে, এই অভিযানের উদ্দেশ্য কী?

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিধায়ক শ্রী সমীর কুমার জানার উত্থপিত প্রশ্নের উত্তরে জানাই - (ক) হ্যাঁ। এ রাজ্যের প্রতিটি ব্লকে গো-সম্পদ

অভিযান চালু হয়েছে। আমি শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে আমার শ্রদ্ধা জানাই যে, আগে মাত্র ১০০টি ব্লকে ছিল,উনি আসার পরে ওনার নির্দেশে ৩৪১টি ব্লকেই এই প্রাণী গো-সম্পদ বিকাশ অভিযান চালু হয়েছে। (খ) সত্যি হলে, এই অভিযানের উদ্দেশ্য কি? উদ্দেশ্য হচ্ছে - (১) দুধের ঘাটতি পূরণ করা। (২) প্রাণী পালককে বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রাণীপালনে উৎসাহিত করা। (৩) গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন। (৪) গ্রামীন অর্থনীতির উন্নয়ন। (৫) ৫০শতাংশ গ্রামীন মানুষের পুষ্টিসাধন। (৬) প্রজননক্ষম গো-মহিষকে কৃত্রিম প্রজননের আওতায় আনা। এটা হচ্ছে বিশেষ গো -সম্পদ অভিযানের উদ্দেশ্য।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয়, আমার প্রশ্নের উত্তরে যে ব্যাখ্যা দিয়েছেন, সত্যিকারের যে সুন্দরবন প্রত্যন্ত এলাকায় বা প্রতিটি ব্লকে গো-সম্পদ অভিযানের মধ্যে দিয়ে আর্থ সামাজিক ক্ষেত্রে মহিলাদেরকে এগিয়ে নিয়ে আসার জন্য যে চেষ্টা চলছে তারজন্য সাধুবাদ জানাই। আমার মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয়া মুখ্যমন্ত্রীর বিশেষ উদ্যোগে সুন্দরনী প্রকল্প, সুন্দরবনের ক্ষেত্রে একটা অভিনবত্বের দাবীদার হতে চলেছে। আমার মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে বিশেষ প্রশ্ন যে দুধের ঘাটতিটাকে পূরণের জন্য দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র গঠনের একটি উদ্যোগ নেওয়া হয়েছে। এর মাধ্যমে কি মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন যে আমাদের দুধের যে ঘাটতি আছে,এই ঘাটতিগুলোকে পূরণ করতে পারা যাবে? মাননীয় মন্ত্রী মহোদয় যদি একটু বলেন।

শ্রী স্বপন দেবনাথ : আপনার প্রশ্নের উত্তরে জানাই, আমাদের গো সম্পদ বিকাশ অভিযানের মূল উদ্দেশ্যই হচ্ছে, কৃত্রিম প্রজননের মধ্য দিয়ে গাভী উৎপাদনের সংখ্যা বৃদ্ধি করা। আমরা এখনো পর্যন্ত পশ্চিমবঙ্গে যা গাভী উৎপাদন করতে সমর্থ হয়েছি এবং তারফলে পশ্চিমবঙ্গে এখনো পর্যন্ত ৪০ শতাংশ দুধের উৎপাদন বৃদ্ধি হয়েছে। এই প্রজনন যাতে সব জায়গায় সাকসেস হয় তারজন্য প্রাণীবন্ধু ও প্রাণীমিত্র নিয়োগ করা হয়েছে। প্রাণীবন্ধুরা কৃত্রিম প্রজনন করেন। আজকে আন্তর্জাতিক নারী দিবস। আপনারা শুনলে খুশি হবেন এই দিবসে পশ্চিমবঙ্গের প্রতিটি অঞ্চলে স্মল এ্যানিমেলে প্রাণীবন্ধুদেরকে উৎসাহিত করার জন্য, তারা টিকাকরণের কাজ করে যাতে ছোট ছোট মুরগী, হাঁস বাঁচে এবং প্রাণীমিত্রদের জন্য ৩৪১টি ব্লকের মধ্যে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে ২জন করে প্রাণীমিত্র প্রত্যেককে আজকে সাইকেল বিতরণ করার অনুষ্ঠান শুরু হয়েছে, এই ৮ই মার্চ সেটা শুরু হয়েছে। তার কারণ তাদের গ্রামে গ্রামে ঘুরতে হয়। গরু যেমন দুধ দেয়, ছাগলও তেমন দুধ দেয়। এই দুধের পরিমাণ বৃদ্ধির জন্য আমরা এই লক্ষ্যে কাজ করে চলেছি।

শ্রী সমীর কুমার জানা : অশেষ ধন্যবাদ আমার মাননীয় মন্ত্রী মহোদয়কে। আমার অতিরিক্ত সাপ্লিমেন্টারি,আমাদের সুন্দরবনে যে জলবায়ু পরিমন্ডল রয়েছে সেখানে কালো ছাগল, ভেড়া, ডিম উৎপাদনের জন্য মুরগী বা মাংস উৎপাদনের জন্য মুরগী চাষের একটা বিশেষ উদ্যোগ নেওয়া হয়। আপনি কি মনে করেন যে আমাদের এই আবহাওয়া উপযোগী যে সমস্ত প্রাণী সম্পদ চাষের চিন্তা ভাবনা করা হচ্ছে সেটাকে আরো যাতে বিস্তারিত করা যায়, গ্রামেগঞ্জে আরো যাতে ছড়িয়ে দেওয়া যায় তারজন্য আপনি কি বিশেষ উদ্যোগ গ্রহণ করেছেন বা করবেন?

শ্রী স্বপন দেবনাথ : আপনারা সকলেই জানেন, ব্ল্যাক বেঙ্গল গোট সারা পৃথিবী বিখ্যাত ছাগল। এই ছাগল চাষের পরিবেশ যেমন সুন্দরবনে আছে, তেমনি মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়াতে আছে যার জন্য আমরা এই গোটারি ফার্ম তৈরি করছি এবং এই ছাগলের চামড়া হচ্ছে সবথেকে দামি চামড়া, যেটা বিদেশে রপ্তানি করা যায়। ইতিমধ্যে পশ্চিমবঙ্গে এই ব্ল্যাক বেঙ্গল গোট যেটা আছে, সুন্দরবনেও সেটা করেছি। আর একটা বিষয় আপনাকে জানাই, সুন্দরবনে মিল্ক ইউনিয়ান তৈরি করা হয়েছে যে প্রশ্নটা আপনি আগে করেছেন। প্রত্যেক

জেলাতেই মিল্ক ইউনিয়ান আছে, দুধ সংগ্রহ প্রক্রিয়া ও তার বিপণনের ব্যবস্থাও করা হয়েছে। ব্ল্যাক বেঙ্গল গোটের খামার তৈরি করার জন্য ইতিমধ্যে বীরভূমে একটি প্রজেক্ট নেওয়া হয়েছে। শালবনীর ওখানে একটি প্রজেক্ট নেওয়া হয়েছে এবং সুন্দরবনেও প্রজেক্টের জন্য আমরা প্রস্তাব দিয়েছি।

শ্রী সমর হাজরা : অতিরিক্ত প্রশ্ন স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়, দুধ উৎপাদনের জন্য বিশেষ একটা উদ্যোগ নিচ্ছেন। দুধ উৎপাদন হচ্ছে আমরা জানি। আমরা এটাও জানি, দুধ একমাত্র খাবে বৃদ্ধ এবং বাচ্চা। দাঁত উঠে গেলে তাদের আর দুধের প্রয়োজন হয় না। তাই আমার প্রশ্ন হচ্ছে, একসময় দুধের উৎপাদন বাড়ানোর জন্য সংকর জাতীয় বাছুর গ্রামে গ্রামে যারা স্থানীয়ভাবে পালন করে পঞ্চায়েতের মাধ্যমে তাদের দেওয়া হত। আপনি কি এই ধরনের সংকর জাতীয় গরু পালনের জন্য মানুষকে দিচ্ছেন?

শ্রী স্বপন দেবনাথ : আপনার অবগতির জন্য জানাই, কৃত্রিম প্রজননের মাধ্যমে গো উৎপাদন বাড়ানোটা কাজ। তাদের হিমায়িত বীজ সংরক্ষণের জন্য পশ্চিমবঙ্গ সহ গোটা ভারতবর্ষে ৫৬টা আছে। আমাদের পশ্চিমবঙ্গের তিনটি জায়গায় আছে - হরিণঘাটা, শালবনী, বেলডাঙা। আপনি জানলে খুশি হবেন এই যে কৃত্রিম প্রজনন বা সংকর জাতীয় গরু যেটা বললেন, শুধু সেটা নয়, উৎপাদনের জন্য ভারতবর্ষের ৫৬টি জায়গার মধ্যে পশ্চিমবঙ্গে তিনটি, এই তিনটিকে এই বছর ভারত সরকার এ গ্রেড সার্টিফিকেট দিয়েছেন শুধু তা নয়, ভারতবর্ষের মধ্যে শালবনী এখন সেকেন্ড পোজিশান, আমাদের দপ্তরকে তাঁরা পুরস্কৃত করেছেন। সংকর জাতীয় বীজ নয়, আরো যাতে গো উৎপাদন করে বেশি দুধ দিতে পারে।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, ২০১৬-১৭ আর্থিক বছরে হাঁস মুরগী বিতরণের লক্ষ্যমাত্রা কত?

শ্রী স্বপন দেবনাথ : আমি শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর অনুপ্রেরণা এবং নির্দেশে বছরের পর বছর আমরা হাঁস মুরগীর বিতরণের লক্ষ্যমাত্রা বৃদ্ধি করেছি। এই বছর ২০১৬-১৭তে লক্ষ্যমাত্রা ছিল ৬১ লক্ষ। ইতিমধ্যে ডিসেম্বরের মধ্যে ৪৯ লক্ষ কমপ্লিট করেছি। আশা করছি এর মধ্যে আমরা কাজ সম্পন্ন করতে পারব।

[11:40 – 11.50 a.m.]

শ্রী আবু তাহের খান : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি যেটা জানতে চাইছি, প্রাণী বন্ধুরা গ্রামে খুব ভালো কাজ করে, কারণ ভেটেরিনারি দপ্তরে কর্মী সংখ্যা অত্যন্ত কম। সুতরাং আপনার দপ্তরকে এদের উপরেই নির্ভর করে কাজ করতে হয়। কিন্তু এর আগেও কথা হয়েছিল, এদের একটা রেমুনারেশান বা রেগুলারাইজেশান করা হবে। রাজ্য এদেরকে অনেক সুযোগ-সুবিধা দেয়। এই প্রাণী বন্ধুদের সম্পর্কে আপনার সুনির্দিষ্ট কোন চিন্তা ভাবনা আছে কি?

শ্রী স্বপন দেবনাথ : পশ্চিমবঙ্গে প্রাণী বন্ধু হিসাবে কর্মরত আছে ৩,৫৩১ জন। কিন্ত আপনি যেটা বলতে চাইছেন এই প্রাণী বন্ধুদের আমরা সরকার থেকে কি কি সহযোগিতা দিই। বিনামূল্যে তাদের অতিরিক্ত সিমেন্স প্রদান করা হয়; কৃত্রিম প্রজননের মাধ্যমে জন্মানো বাছুর প্রতি ২০ টাকা প্রদান করা হয়; গরু-মহিষ চিহ্নিতকরণের জন্য প্রাণী পিছ পাঁচ টাকা; আমরা। তাদের বিনা পয়সায় মোবাইল দিয়েছি; আমাদের দপ্তরে যদি খবর দেন সেখানে এস.এম.এস পিছ দুই টাকা করে পান; আর স্বাস্থ্য বীমা যোজনার আওতায় প্রাণী বন্ধুরা যদি গরু-ছাগল-হাঁস মুরগী আনেন, তারজন্য এক লক্ষ টাকার কভারেজ তারা পাবেন। তাছাড়া প্রাণী সুমারির কাজেও তাঁদের নিযুক্ত করা হয়। সত্যিকারের যদি কোনো প্রাণী বন্ধু ঠিকমত কাজ করেন, তাঁর আয় পনেরো থেকে

ষোলো হাজারের নীচে হওয়ার কথা নয়। শুধু তাই নয়, গো-খাদ্যের জন্য আমরা তাঁদের এজেন্সি দিচ্ছি। বীমা করণের জন্য আমরা তাঁদের এজেন্সি দিচ্ছি।

বিধবা ভাতা, বার্ধক্য ভাতা ও প্রতিবন্ধী ভাতা প্রদান

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১১০) **শ্রী তন্ময় ভট্টাচার্য** ঃ নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে কত সংখ্যক মানুষ বিধবা ভাতা, বার্ধক্য ভাতা এবং প্রতিবন্ধী ভাতা পাচ্ছেন;

(খ) এই ভাতার পরিমাণ বৃদ্ধি করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) উক্ত ভাতার ক্ষেত্রে কোন্ বছরের আবেদনপত্র বর্তমানে বিবেচিত হচ্ছে?

ডাঃ শশী পাঁজা : ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে বিধবা ভাতা পাচ্ছেন মোট ৪৯,৬৮৭ জন। বার্ধক্য ভাতা পাচ্ছেন মোট ৮৩,৭৩৮ জন। প্রতিবন্ধী ভাতা পাচ্ছেন মোট ৪৪,২৪৪ জন। এই তিনটে মিলিয়ে টোটাল ১ লক্ষ ৭৭ হাজার ৬৬৯ জন।

খ) এই মূহুর্তে বৃদ্ধির বিষয়টি বিবেচনাধীন।

গ) বিভিন্ন জেলাতে এটা বিভিন্ন রকম। মোটামুটি ২০১১ সালের পরবর্তী আবেদনগুলি বিবেচিত হচ্ছে। জেলাশাসককে সম্ভাব্য পেনশন প্রাপকদের আবেদনগুলি তদন্ত সাপেক্ষে অগ্রাধিকার তালিকা করে রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার, আমি খুশী, মাননীয়া মন্ত্রী বলেছেন এই ভাতার পরিমাণ বৃদ্ধি করার সুপারিশ সরকারের আছে, সত্যি সেটা বাস্তবায়িত হলে আমাদের কাছে সেটা আনন্দের সংবাদ। আমার মনে আছে এই একই প্রশ্ন আমি গতবারেও করেছিলাম এবং এই ভাতা বৃদ্ধির পরিকল্পনা সরকারের আছে এই একই উত্তর পেয়েছিলাম। কিন্তু ভাতা বৃদ্ধি হয়নি। আজকে স্যার বিধানসভায় আসবার পরে একটা বিল পেলাম, আমাদের বিধায়কদের ভাতা পাঁচ হাজার টাকা করে বৃদ্ধি করা হচ্ছে। মাননীয়া মুখ্যমন্ত্রীও এখানে আছেন, বিধায়কদের ভাতা বৃদ্ধির আগে বিধবা ভাতা, বার্ধক্য ভাতা এবং প্রতিবন্ধীদের ভাতা বৃদ্ধির সিদ্ধান্ত আপনি গ্রহণ করুন।

ডাঃ শশী পাঁজা : স্যার, উনি ওনার প্রস্তাব রেখেছেন। আপনি বুঝতে পারছেন না, বৃদ্ধির কথাটা আমরা যেটা বলেছি, এর মধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী যখন প্রশাসনিক বৈঠকগুলো করেন দু'বার কিন্তু জুলাই ২০১৫ এবং ফেব্রুয়ারী ২০১৬ -তে বৃদ্ধি হয়েছে। ইতিমধ্যে এল.ডবলু জেলা যেগুলো আছে - মেদিনীপুর বাঁকুড়া, পুরুলিয়া এবং বীরভূম, সেখানে ২০১৫ সালে কিন্তু ৫০ ভাগ কোটা বেড়ে প্রায় ১৩,৩৪৩, একস্ট্রা সেখানে ভাতা দেওয়া হচ্ছে। ফেব্রুয়ারি ২০১৬ তে মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন চা-বাগান অধ্যুষিত যে জেলাগুলো আছে - বন্ধ চা বাগান আছে তিনটি জেলাতে সেগুলো আইডেন্টিফাই করতে। দার্জিলিঙ, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ারে ৪,০১৬ কিন্তু ভাতা বৃদ্ধি পেয়েছে। আপনি চলে গেলেন অন্য দিকে, সেগুলো অন্য সময় প্রশ্ন করবেন তখন বলব।

শ্রীমতি মমতা ব্যানার্জী : স্যার, আমি শুনে খুব স্তম্ভিত যাঁরা ৩৪ বছর ক্ষমতায় থেকে একটা মানুষের কোনও ভাতা বৃদ্ধি করেনি - প্রাণীবন্ধু,প্রাণীমিত্র -কাউকে ২০০ টাকা, কাউকে ৩০০ টাকা, কাউকে ৪০০ টাকা - এই রকম লক্ষ লক্ষ ভলেন্টিয়ার্স আছে যারা কাজ করে, কারও দিকে তাকিয়ে দেখেননি। ৪০ হাজার কোটি টাকা তাদের দেনা নেওয়ার ফলে - কংগ্রেস বন্ধুরা আমি

আশা করি তাঁরা নিশ্চয় এই বিষয়ে একমত হবেন না। তাদের লোন নেওয়ার ফলে ৪০ হাজার কোটি টাকা এই বছর আমাদের শোধ করতে হচ্ছে। তার উপরে আপনাদের কথায় কথায় ভাতা বৃদ্ধি, টাকা বৃদ্ধি - এই চাই, ওই চাই - বলে, মুখে এত বড় বড় কথা বলেন কী করে? কেন আপনারা পশ্চিমবাংলায় নব জেনারেশানের উপর ৪০ হাজার কোটি টাকা, ৪৭ হাজার কোটি টাকার দেনা রেখে গেছেন? আর দ্বিতীয়ত স্যার, ১৪ হাজার বৃদ্ধি করা হয়েছে সংখ্যাটা। বিশেষ করে ট্রাইবালদের। ১৪ হাজার ভাতা বৃদ্ধি করা হয়েছে, কারণ আগে যারা পেত শুধু সিপিএম ক্যাডার ছাড়া আর কেউ পেত না। অনেক গরিব লোক আমি যখন রাস্তায় যাই তারা কান্নাকাটি করে। একজন বুড়ো হয়ে গেছে একদম রাস্তায় দাঁড়াতে পারে না, তার চামড়াগুলো ঝরে ঝরে পড়ছে। সেইজন্য ১৪ হাজার আরও এক্সট্রা করতে হয়েছে। খেয়াল রাখেন এক জনের খরচা করতে গেলে কত খরচ লাগে। টাকাটা আসবে কোথা থেকে? টিচাররা তো আগে ১ তারিখে মাইনেই পেত না। এখন তো ১ তারিখে মাইনে পেতে তাদের কোন চিন্তা করতে হয় না। মনে রাখবেন শুধু চাইলেই হয় না, চাওয়ার জায়গাটা আছে কিনা দেখতে হবে। আর এর জন্য আপনাদের কনট্রিবিউশানটা আগে সব চেয়ে বেশি। সেই জন্য বলি স্যার, আমাদের গভর্ণমেন্ট সব সময় মানবিক,মানবিক দিক থেকে ভাবানোর প্রয়োজন। ১৪ হাজার অলরেডি বাড়িয়েছে। এত সংখ্যক থাকা সত্ত্বেও। আর এম.এল.এ.দের ভাতা কিছু বাড়ানো হয়নি, অন্যান্য রাজ্য দেখে নিন,সব চেয়ে কম ভাতা আমাদের এমএলএ'রা পায় এবং আপনার পার্টিও এনটাইটেলমেন্ট কমিটিতে আপনাদের পার্টির রেকমেণ্ডেশান ছিল। সুতরাং নাচতে নেমে ঘোমটা আড়াল করবেন না।

মিঃ স্পীকার : আমি তন্ময়বাবুকে একটা কথা বলি, আপনাকে, শুনুন। আপনি বললেন আমাদের এনটাইটেলমেন্ট কমিটির মিটিংএ আমাদের সমস্ত বিধায়কদের ভাতা, বাড়ানোর জন্য অনেকদিন ধরে বলছিলেন। সারা ভারতর্বষের মধ্যে যত রাজ্য আছে পশ্চিমবঙ্গে সব চেয়ে কম টাকা আমরা পাই এবং এই পরিপ্রেক্ষিতে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করেছিলাম। আপনি আজকের এই পরিপ্রেক্ষিতে এই কথাটা বলার কি তাৎপর্য আমি বুঝতে পারলাম না। আপনি সংশ্লিষ্ট প্রশ্ন করুন।

.....(নয়েজ).....

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ.....(নয়েজ).....ধৈর্য ধরুন, ধৈর্য ধরুন। মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ। তিনি ৪০ হাজার কোটি টাকা ঋণ শোধের কথা যা আমরা বহুবার শুনেছি,কালকেও মাননীয় অর্থমন্ত্রীর কাছে শুনেছি - নতুন করে স্মরণ করিয়ে দিয়েছেন।.....(নয়েজ)..... ধন্যবাদ তো জানাচ্ছি ভাই, রেগে যাচ্ছেন কেন?.....(নয়েজ)..... আর কোশ্চেনএর মাঝেই তো মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন। সমস্যা হচ্ছে ১ লক্ষ ৩৩ হাজার কোটি টাকা ৬ বছরে বাজার থেকে ধার করে এত বড় বড় কথা বলা যায় না।

.....(নয়েজ).....

শ্রীমতী মমতা ব্যানার্জী : এটা আপনাদেরই দেনা। সেই দেনা শোধ করতে হচ্ছে।

.....(নয়েজ).....

ডঃ পার্থ চ্যাটার্জী : আসল কথা তন্ময়বাবু আপনার নিজের বোঝা উচিত এই টাকাটা বাধ্য হয়ে - আপনাদের দুই লক্ষ কোটি টাকার দেনা মাথায় চাপিয়ে দিয়ে বাড়ি চলে যাওয়ার জন্য এটা হয়েছে এবং আপনাদের টাকাটা আপনারা এফআরবিএম সই করেননি, এফআরবিএম পর্যন্ত

সই করেননি। এবার সেই কারণে আজকে আমাদের ৪০ হাজার কোটি টাকা দিতে হচ্ছে। ওটাই তো দেনা। ওটাই তো দেনা। আপনারা তো হেরে যাবেন বলে সরকার থেকে লোন নিয়েছেন। সরকার থেকে লোন নিয়েছেন। লোন নিয়ে এই ভাবে ডুবিয়ে দিয়ে গেছেন। দেনা করে রেখে গেছেন।

.....(নয়েজ).....

মিঃ স্পীকার : আপনি দপ্তরের প্রশ্ন করুন, যে দপ্তরের সম্বন্ধে প্রশ্ন দিয়েছেন। প্রশ্ন করুন।

শ্রী তন্ময় ভট্টাচার্য : মাননীয়া মন্ত্রী কিছু বৃদ্ধির উত্তর দিয়েছেন। আমি নির্দিষ্ট করে জানতে চেয়েছিলাম বিধবা ভাতা,বার্ধক্য ভাতা এবং প্রতিবন্ধী ভাতা বৃদ্ধি, চা বাগানের যে বৃদ্ধি সেটা অন্য প্রকল্প।

[11:50 A.M.– 12.00 Noon]

শ্রী তন্ময় ভট্টাচার্য : সংখ্যাগত বৃদ্ধি সেটা প্রতি বছর হয়, আরও প্রতি বছর হবে। এই নির্দিষ্ট ভাতাগুলো যে পরিমাণে ছিল, সেই পরিমাণ থেকে এই ভাতার বৃদ্ধিটা হচ্ছে। আমার দাবি ছিল আমার ধারণা, হয় আমি প্রশ্নটা বোঝাতে পারেনি মাননীয়া মন্ত্রীকে, নয় প্রশ্নটা ডিসটরটেড হয়েছে।

মিঃ স্পীকার : এই প্রশ্নের উত্তর দেওয়ার দরকার নেই। আপনি তো বলেছেন আপনি প্রশ্নটা বোঝাতে পারলেন না। আপনি এ কথা বলেছেন।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আমি স্যার যেটা বলতে চাইছি, সেটা হচ্ছে- ভাতা কিছু বৃদ্ধি করেছেন, এটা ঠিক, আপনি যে উত্তরটা দিয়েছেন। আমি যে কথা বলতে চাই, সেটা হচ্ছে - সারা পশ্চিমবাংলাতে প্রতি বছর কিছু ভাতা বাড়ত। বিধবা ভাতা বা বার্ধক্য ভাতা বা প্রতিবন্ধী ভাতা - এই ভাতাটা বছরে কী পরিমাণে বাড়ে? এটাই হচ্ছে আমার মূল কথা।

ডাঃ শশী পাঁজা : এই উত্তরটা খুব অপ্রিয়ই হবে। ক্ষমা করবেন, আগেই বলে দিলাম। কি বৃদ্ধির কথা বলছেন, সেই ব্যাখাটা আপনি করতে পারলে খুব ভাল হত। কিন্তু যেটা আসলে হত, সেটা হত যে, আপনারা ক্যাশে টাকাটা দিতেন। আদৌ সেই ভাতা প্রাপকদের কাছে পোঁছোত কিনা, সেটাই সন্দেহ। যেটা আমাদের সরকারের সময় হয়েছে, মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এই পুরোটা আর টি জি এস করা হয়েছে। অর্থাৎ যিনি আবেদনকারী, তাঁর হাতেই কিন্তু টাকাটা পৌছচ্ছে। এই স্বচ্ছতা আনা হয়েছে। সুতরাং আমি বলি, যখন বিষয়টা আমরা দেখছিলাম যে বৃদ্ধি করা যায়, কি করা যায় না, তখন দেখলাম সর্ষের মধ্যে ভূত। অনেকেই টাকা নিয়ে গিয়েছিলেন, গুচ্ছ গুচ্ছ টাকা নিচ্ছিলেন। তার কাছে পোঁছচ্ছিল না। পার্টি অফিসে যাচ্ছে, ক্যাডারদের কাছে যাচ্ছে। যার জন্য এই স্বচ্ছতা আনতে হয়েছে। যার জন্য আমাদের পেনশন ফর্ম ইনট্রোডাকশান হয়েছে। যার জন্য টোটালটা ইনট্রোডাকশান হয়েছে। যার জন্য বিষয়টা আর টি জি এস হয়েছে। যার জন্য কোন ক্যাশে কিছু দেওয়া হয় না। ডাইরেক্ট বেনিফিসিয়ারীরা বেনিফিটটা পায়। এটা করে যেটা উঠে এসেছে, সে তথ্য শুনলে আপনি আশ্চর্য হয়ে। যাবেন, আন্ডার অ্যারেস্ট হয়ে যাবেন, আমি বলছি না। তার মধ্যে দিয়ে সেই আবেদনকারীরা যারা ছিল, তাদেরকে নেওয়া হয়েছে। বিশ্বনাথবাবু আপনাদের বলি ২০১১ -র সময় এবং তার আগে যে অবস্থায় আপনারা কোটাগুলোকে রেখে গিয়েছিলেন, আপনারা আনতাবরি ফর্ম দিয়ে গেলেন।There was no provision for any fund. কোন ফান্ড ছিল না, উপরন্তু নেগেটিভ ছিল। এই যে ৪০ হাজার কোটি দেনার কথা হচ্ছে এবং ২ লক্ষ কোটি দেনার কথা হচ্ছে, আপনারা এই প্রভিসানটা না রেখে

এতগুলো ফর্ম ছাড়লেন কিনা, ভোট পাবেন বলে। কোনটাই হল না। কিন্তু আমরা কোন রকম রাজনীতি না দেখেই ২০১১-র ফর্মগুলো গ্রহণ করতে করতে যাচ্ছি।

'কন্যাশ্রী প্রকল্প'

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২৭) **শ্রী কল্লোল খাঁ** ঃ নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে 'কন্যাশ্রী প্রকল্পের আওতায় মোট ছাত্রীর সংখ্যা কত;

(খ) তন্মধ্যে, জঙ্গলমহল এলাকায় কতজন ছাত্রী এই প্রকল্পে অন্তর্ভুক্ত হয়েছে; এবং

(গ) ভবিষ্যতে এই প্রকল্পে ছাত্রীদের নতুন কোনও সুবিধা প্রদানের পরিকল্পনা আছে কি, এবং থাকলে তা কীরূপ?

ক) ৩১ শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে মোট ৩৫৮৬২৬২ জন ছাত্রী 'কন্যাশ্রী' প্রকল্পের আওতাভুক্ত হয়েছে।

খ) তন্মধ্যে জঙ্গলমহল এলাকায় মোট ৬৪৭৮১৬ জন ছাত্রী এই প্রকল্পে অন্তর্ভুক্ত হয়েছে।

গ) হাঁ।

ভবিষ্যতে 'কন্যাশ্রী' মেয়েদের বৃত্তিমূলক শিক্ষা ও কর্মসংস্থান, আত্মরক্ষামূলক শিক্ষা এবং মেয়েদের মাসিক স্বাস্থ্যবিধি সংক্রান্ত শিক্ষা প্রদানের ব্যবস্থাপনা করার পরিকল্পনা আছে।

Shri Kallol Khan : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন, ২০১৩ সালে অক্টোবর মাসে আমাদের জনগণমন নেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় এবং উদ্যোগে যে কন্যাশ্রী প্রকল্পে ছাত্রী অন্তর্ভুক্তি হওয়ার পর কোন কোন দেশ ও সংস্থা থেকে বিশ্বমন্ডিত সুনাম অর্জন করেছে, জানাবেন কি?

Dr. Shashi Panja : স্যার, আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রকল্প 'কন্যাশ্রী', এই রাজ্যে প্রশংসিত হয়েছে। তা এ রাজ্যের বাইরেও আমাদের সারা ভারতবর্ষে প্রশংসা পায়। ভারতবর্ষের বাইরেও ইউ.কে, লন্ডনে গাল্ফ সামিট যখন হয় তখন পুরস্কার পায় এবং ইউনেসকো দ্বারাও পুরস্কৃত হয়েছে। বিভিন্ন সময় বিভিন্ন সংস্থাগুলো যারা কন্যাদের নিয়ে কাজ করেন, তারা আমাদের পুরস্কার দিয়ে যাচ্ছেন। আজকের দিনেও শুনি, আমাদের ঘোষণা হয়েছে। অবশ্য এখনও চিঠিটা পাইনি বলে অফিসিয়ালি ঘোষণা করতে পারি না। ইউনিসেফ সহ, ওয়ার্ল্ড ব্যাঙ্ক সহ সব ক্ষেত্রেই আমরা ন্যাশনাল এবং ইন্টারন্যাশনাল ফোরামে-তে প্রশংসা পেয়েছি।

Shri Kallol Khan : স্যার, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন, মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এবং উদ্যোগে কন্যাশ্রী, যে মেয়েদের বৃত্তিমূলক শিক্ষা, কর্মসংস্থান, আত্মরক্ষার শিক্ষা এবং মেয়েদের মাসিক স্বাস্থ্যবিধি সংক্রান্ত শিক্ষা প্রদানের যে ব্যবস্থা আপনার দপ্তরের মাধ্যমে গ্রহণ করা হয়েছে, সেটা নিশ্চয় অভিনন্দন যোগ্য। আমি শুধু বলতে চাই যে, এই বাল্যবিবাহ বন্ধ করার উদ্দেশ্যে এই যে কর্মসূচিগুলো নেওয়া হয়েছে, বর্তমানে কোন কোন জেলায় বা সারা রাজ্যে চালু আছে কিনা, জানাবেন কি?

Dr. Shashi Panja : সব জেলাতেই আমাদের বিভিন্ন স্কীল ডেভলপমেন্ট প্রোগ্রাম চলছে। আমরা কিছু কিছু নতুনত্ব পেয়েছি যেমন, কন্যাশ্রীর মেয়েরা এখন ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসের

পরীক্ষাতে বসার জন্য ট্রেনিং নিচ্ছে। কিংবা ব্রেনওয়্যারের মত কোম্পানি থেকে কম্পিউটার স্কীল ট্রেনিং - সেটা নিচ্ছে। কিংবা আমাদের সফ্‌টটয়েস যেগুলো হয়, সেই পুতুলগুলো বানানোর ক্ষেত্রেও ট্রেনিং পাচ্ছে। তারা আত্মরক্ষার ক্ষেত্রে ক্যারাটে - ইত্যাদি ট্রেনিং পাচ্ছে। খেলাধুলোর সঙ্গে তারা যুক্ত থাকছে। কন্যাশ্রী সঙ্ঘ তৈরি হয়েছে। আর.এস.বি.ওয়াই হেল্থ কার্ড - ইত্যাদি, তারা সেটা পাচ্ছে। মানরেগা স্কীমের সঙ্গেও তারা যুক্ত হয়েছে। বিভিন্ন দপ্তর যেমন, ফরেস্ট দপ্তরের সঙ্গে তারা যুক্ত হয়ে তারা এই গাছগুলো পাচ্ছে এবং সেগুলো দিয়ে বাগান তৈরি করছে। আপনি যে স্কীল ট্রেনিং বললেন আমি সেই প্রশ্নের উত্তর দিলাম। সুতরাং, দেখা যাচ্ছে যে, তারা বাল্যবিবাহ বন্ধের ক্ষেত্রে আমরা যেটা দেখি, আমরা কিন্তু বিভিন্ন সময়ে একটি এ্যাসেসমেন্ট করতে থাকি এবং এই এ্যাসেসমেন্ট থেকে যেটা দেখা যাচ্ছে যে, বাল্যবিবাহ শুধু নিয়ন্ত্রণ নয়, একদম দমন করা যাচ্ছে আর সেটা সেই পর্যায়ে যাচ্ছে কারণ মেয়ে আজকে নিজে বলছে যে, আমি বিয়ে করব না, আমি পড়াশোনা করব। সুতরাং, মেয়েদের ক্ষমতায়ণের ক্ষেত্রে মাননীয়া মুখ্যমন্ত্রীর এই কন্যাশ্রী প্রকল্প তার একটা অস্ত্র হয়ে দাঁড়িয়েছে। সে নিজে আত্মবিশ্বাস নিয়ে বলছে যে, আমি পড়ব। ফলে এটা আমরা দেখেছি যে, এটা রিফ্লেকশান পাচ্ছে। আমাদের বিভিন্ন যে স্টাডিজ হচ্ছে বাল্যবিবাহ রোধ। এবং বাল্যবিবাহ শুধু নিজের বিবাহ বন্ধ নয়, সে কিন্তু অপর বন্ধুকেও বলছে যেন, বিবাহ না করে। সুতরাং, এটার বিস্তর প্রভাব, সুদূরপ্রসারী প্রভাব পড়েছে। এবং আগামী দিনে আমরা দেখছি যেটা যে, কে-টু'র - আগেও বলেছি বিধানসভায় প্রাঙ্গনে যে, কে-ওয়ানে তারা নিশ্চিত ভাবে এনরোলমেন্ট-টা করবে কিন্তু কে-টু'র সাকসেসের ওপরেই নির্ভর করে, কে-ওয়ানে কতজন ঢুকছে। সুতরাং, স্কুলে যুক্ত থাকা মানে সে একটা সেফটি নেটের মধ্যে থাকছে। যে মুহূর্তে স্কুলে আসছে, তার মধ্যে বিবাহ বিষয়টা একদম আসছে না। প্রচুর মেয়ে প্রত্যেক বছরেই দেখি স্কুল দপ্তরের স্ট্যাটেস্টিক্স থেকে যে, তারা স্কুলে আসছে এবং বিবাহের সংখ্যাটা অনেক কমে গেছে। সচেতনতাও বেড়েছে।

Shri Sujit Chakraborty : ধন্যবাদ, মাননীয় অধ্যক্ষমহাশয়কে। আজ হচ্ছে আন্তর্জাতিক নারী দিবস। সেই কারণে আমাদের সদনে যে সমস্ত মহিলা সদস্যা আছেন তাঁদেরকে এবং সাথে সাথে মাননীয়া মুখ্যমন্ত্রীকেও ধন্যবাদ জানাচ্ছি। এরপরে মাননীয়া মন্ত্রীকে একটা কোশ্চেন করতে চাই, আজকের এই বিশেষ দিনটিতে এ রকম কি একটা চিন্তা-ভাবনা করা যায় না যে, বিধবা ভাতার ক্ষেত্রে যেটা বয়সের একটা লিমিট আছে - কারণ বিধবারা যে কোন সময়ে বিধবা হতে পারে, সেই ক্ষেত্রে আঠারো বছরের পর থেকেই এই ধরনের ভাতা চালু করা যায় কি? এই ধরনের একটা আলোচনা করা যাবে না?

Dr. Shashi Panja : আপনি আপনার বক্তব্য লিখিত দিন।

Mr. Speaker: Question Hour is over.

Starred Questions

(to which answers were laid on the 'Table')

বে-আইনি অটো বন্ধে গৃহীত ব্যবস্থা

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১) **শ্রীমতী জাহানারা খান** ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা ও কলকাতার উপকণ্ঠে বেশ কিছু বে-আইনি অটো চালু আছে;

(খ) সত্যি হলে, এই বে-আইনি অটো বন্ধ করার জন্য কী কী ব্যবস্থা গৃহীত হয়েছে; এবং

(গ) ২০১৬ সালে কতজন যাত্রী অটো দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

ক) এ সংক্রান্ত কোন তথ্য পরিবহণ দপ্তরের কাছে নেই।

খ) উন্নততর অটো পরিষেবার লক্ষ্যে সরকার নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করেছেঃ

১) রাজ্যব্যাপী সার্বিক জনমুখী অটো নীতি প্রণয়নের জন্য উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়েছে।

২) পরিষেবা সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য টোলফ্রি ফোন এবং হোয়াটস্-অ্যাপ চালু করা হয়েছে।

৩) অভিযোগ সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য পুলিশ কর্তৃপক্ষের উপস্থিতিতে আঞ্চলিক পরিবহণ আধিকারিকগণ প্রত্যেক অটো রুট কমিটির সঙ্গে দ্বিমাসিক সমন্বয় বৈঠক করছেন। সুশৃঙ্খল,নিরাপদ ও সুসংহত অটো পরিষেবা সুনিশ্চিত করতে পরিবহণ দপ্তর, পুলিশ ও বিভিন্ন অটো রুট কমিটি যৌথভাবে চালকদের নিয়ে "সেফ ড্রাইভ সেভ লাইফ" কর্মসূচিতে বিভিন্ন জন সচেতনতা শিবির আয়োজন করছেন।

৪) কলকাতা পৌরনিগম এলাকায় HSRP (HIGH SECURITY REGISTRATION PLATE) সম্বলিত ৪ স্ট্রোক এল পি জি অটো বাধ্যতামূলক করা হয়েছে।

৫) যাত্রী নিরাপত্তা সুনিশ্চিত করতে অটো চালকদের সীমা বহির্ভূত যাত্রী পরিবহণ থেকে বিরত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।

গ) এই সংক্রান্ত তথ্য স্বরাষ্ট্র দপ্তরে পাওয়া যেতে পারে।

অ্যাসিড আক্রান্ত মহিলাদের জন্য সরকারি পরিকল্পনা

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬) **শ্রীমতী তাপসী মন্ডল** ঃ নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সারা রাজ্যে অ্যাসিড আক্রান্ত মহিলাদের সমাজের মূলস্রোতে ফেরানো ও স্বনির্ভরশীল করার লক্ষ্যে সরকারের কোনো পরিকল্পনা আছে কি?

নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

১) ভিকটিম্ কমপেনসেশনের জন্য ডিস্ট্রিক্ট লিগাল এইড সার্ভিস অথরিটি/স্টেট লিগাল এইড সার্ভিস অথরিটি-র মাধ্যমে কম পক্ষে তিন লক্ষ টাকা দেওয়া হচ্ছে যাতে তারা চিকিৎসা করিয়ে সুস্থ হতে পারে।

২) আক্রান্তরা জেলা সমাজ কল্যাণ আধিকারিকের কাছে আবেদন করলে স্বাবলম্বন প্রশিক্ষণের মাধ্যমে তাঁদের স্বনির্ভর করার ব্যবস্থা করা হয়।

প্রাণীসম্পদ উন্নয়নে গৃহীত ব্যবস্থা

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬) **শ্রী অসিত মজুমদার** ঃ প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রাণী সম্পদ উন্নয়নের লক্ষ্যে সরকার নতুন কী কী ব্যবস্থা গ্রহণ করছে; এবং

(খ) হুগলী জেলায় প্রাণী-সম্পদ উন্নয়নের জন্য সরকারের বিশেষ কোন পরিকল্পনা আছে কি?

প্রানীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

ক) প্রাণী সম্পদ উন্নয়নের লক্ষ্যে সরকার নিম্নলিখিত নতুন কর্মসূচীগুলি গ্রহন করেছে :

১) প্রত্যন্ত ব্লকগুলিতে খামারীদের দোরগোড়ায় প্রাণীস্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে ইতিমধ্যেই ১০০টি ভ্রাম্যমান ভেটেরিনারি ক্লিনিক (MVC) চালু হয়েছে।

২) রাজ্যের ৮ (আট)টি জেলায় একটি করে মাল্টিস্পেশালিটি ভেটেরিনারি হাসপাতাল স্থাপন করা হয়েছে। বাকি জেলার জন্য প্রস্তুতি নেওয়া হচ্ছে।

৩) প্রাণীর মৃত্যুসংখ্যা হ্রাসের জন্য এবং গবাদি প্রাণী ও পোল্ট্রি খামারের লাভজনকতা বৃদ্ধির জন্য সমস্ত গবাদি প্রাণী ও পোল্ট্রি পাখিদের প্রতিষেধক টিকাকরণের আওতায় নিয়ে আসার ব্যবস্থা করা হচ্ছে।

৪) লাইভস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট (প্রাণী রক্ষক)-দের এক বছরের সার্টিফিকেট কোর্স শুরু হয়েছে। ৩৯০ জনের প্রশিক্ষন সম্প্রতি শেষ হয়েছে। বর্তমানে ৩৬১ জন বেকার যুবক-যুবতীকে প্রশিক্ষন দেওয়া হচ্ছে।

খ) সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গের সমস্ত জেলাতেই প্রাণীসম্পদ উন্নয়নের কাজ চলছে। হুগলী জেলায় নিম্নলিখিত ব্লকগুলিতে MVC চালু হয়েছে - গোঘাট - ১, গোঘাট - ২, খানাকুল - ১, খানাকুল - ২, ধনেখালি।

বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ও উপাচার্য

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭) **ডঃ সুজন চক্রবর্তী** ঃ উচ্চশিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি

(ক) বর্তমানে রাজ্যে কয়টি বিশ্ববিদ্যালয় আছে; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি বিশ্ববিদ্যালয়ে অ্যাডহক ভিত্তিতে উপাচার্য আছেন?

উচ্চশিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

বর্তমানে রাজ্য সরকারের আইনে স্থাপিত উচ্চশিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি দপ্তরের অধীনে বিশ্ববিদ্যলয়ের সংখ্যাটি এইরূপ –

(ক) রাজ্য সরকার-পোষিত বিশ্ববিদ্যালয় – ২০ টি

১) কলকাতা বিশ্ববিদ্যালয়

২) যাদবপুর বিশ্ববিদ্যালয়

৩) বর্ধমান বিশ্ববিদ্যালয়

৪) কল্যাণী বিশ্ববিদ্যালয়

৫) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

৬) রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়

৭) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, মেদিনীপুর

৮) নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

৯) মৌলানা আবুল কালাম আজাদ কারিগরি বিশ্ববিদ্যালয়

১০) পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, বারাসত

১১) গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়, মালদা

১২) সিধো-কানহো-বিরসা বিশ্ববিদ্যালয়, পুরুলিয়া

১৩) প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়

১৪) কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়

১৫) কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল,

১৬) ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়

১৭) বাঁকুড়া বিশ্ববিদ্যালয়।

১৮) রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়

১৯) পশ্চিমবঙ্গ শিক্ষক শিক্ষণ, শিক্ষা পরিকল্পনা ও প্রশাসন বিশ্ববিদ্যালয়

২০) সংস্কৃত কলেজ ও বিশ্ববিদ্যালয়

রাজ্য সরকারের আইনে স্থাপিত স্ব-আয় চালিত বেসরকারি বিশ্ববিদ্যালয় – ৯ টি

১) টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়

২) এ্যডামাস বিশ্ববিদ্যালয়

৩) সীকম স্কিলস্ বিশ্ববিদ্যালয়

৪) নেওটিয়া বিশ্ববিদ্যালয়

৫) জে. আই. এস (JIS) বিশ্ববিদ্যালয়

৬) এমিটি বিশ্ববিদ্যালয়

৭) ইউনিভার্সিটি অফ ইঞ্জিনীয়রিং অ্যান্ড ম্যানেজমেন্ট (UEM)

৮) ব্রেনওয়ার বিশ্ববিদ্যালয়

৯) সেন্ট জেভিয়ার্স্ বিশ্ববিদ্যালয় (২০১৭-১৮) শিক্ষাবর্ষ থেকে চালু

(খ) তন্মধ্যে নিম্নলিখিত রাজ্য সরকার পোষিত যে ৫ টি নতুন বিশ্ববিদ্যালয়ে প্রথম উপাচার্য (First Vice Chancellor) আছেন সেই বিশ্ববিদ্যালয়গুলি হল

১) ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয় (সার্চ কমিটির প্রক্রিয়া শুরু হয়েছে)

২) বাঁকুড়া বিশ্ববিদ্যালয় (স্ট্যাটিউট প্রকাশিত এবং এক্সিকিউটিভ কাউন্সিল ও কোর্ট গঠিত হয়েছে। সার্চ কমিটির প্রক্রিয়া শুরু হচ্ছে)।

৩) রায়গঞ্জ বিশ্ববিদ্যালয় (স্ট্যাটিউট অনুমদিত হয়েছে)

৪) পশ্চিমবঙ্গ শিক্ষক শিক্ষণ, শিক্ষা পরিকল্পনা ও প্রশাসন বিশ্ববিদ্যালয় (স্ট্যাটিউট অনুমোদনের জন্য জমা পড়েছে)

৫) সংস্কৃত কলেজ ও বিশ্ববিদ্যালয় (স্ট্যাটিউট প্রণয়নের প্রক্রিয়া শুরু হয়েছে) এবং,

কেবলমাত্র কলকাতা বিশ্ববিদ্যালয়ে অস্থায়ী উপাচার্য আছেন। এখানে সার্চ কমিটি খুব শীঘ্রই রিপোর্ট পেশ করবেন।

২০১৫-২০১৬ আর্থিক বছরে লঞ্চ ক্রয়

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮১) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৫-২০১৬ আর্থিক বছরে সরকার জলপথে পরিবহনের সুবিধার্থে মোট কত সংখ্যক লঞ্চ ক্রয় করেছে?

পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

২০১৫-১৬ আর্থিক বছরে জলপথে পরিবহনের সুবিধার্থে একশত যাত্রী পরিবহণের ক্ষমতাসম্পন্ন চারটি কাঠের লঞ্চ এবং একশত পঞ্চাশ জন যাত্রী পরিবহণের ক্ষমতাসম্পন্ন চারটি ইস্পাতের লঞ্চ নির্মাণ করা হয়েছে।

এ ছাড়া উক্ত বছরে একশত যাত্রী পরিবহণের ক্ষমতাসম্পন্ন আরও ৭টি কাঠের লঞ্চ এবং দুইশত পঞ্চাশ যাত্রী পরিবহণের ক্ষমতাসম্পন্ন আরও ৫টি ইস্পাতের লঞ্চ নির্মাণের বরাত দেওয়া হয়েছে।

আই. সি. ডি. এস.-প্রকল্পে নিয়োগ

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৩) **শ্রী বিশ্বনাথ চৌধুরী** ঃ নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে জুন, ২০১১ থেকে ৩১শে মে, ২০১৬ পর্যন্ত সুসংহত শিশু বিকাশ প্রকল্পের আওতায় মোট কতজন কর্মী নিয়োগ করা হয়েছে?

নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

৩০শে জুন, ২০১১ থেকে ৩১শে মে, ২০১৬ পর্যন্ত সুসংহত শিশুবিকাশ প্রকল্পের আওতায় মোট ৩৪০৬ জন অঙ্গনওয়াড়ী কর্মী ও ৪৪৪৮ জন অঙ্গনওয়াড়ী সহায়িকা নিয়োগ করা হয়েছে।

চালু সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮) **শ্রী আব্দুল খালেক মোল্লা** ঃ উচ্চশিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে চালু বিশ্ববিদ্যালয়ের (সরকারি ও বেসরকারি) সংখ্যা কত?

উচ্চশিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

বর্তমানে রাজ্য সরকারের আইনে স্থাপিত উচ্চশিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি দপ্তরের অধীনে বিশ্ববিদ্যলয়ের

সংখ্যাটি এইরূপ – রাজ্য সরকার-পোষিত – ২০ টি

১) কলকাতা বিশ্ববিদ্যালয়

২) যাদবপুর বিশ্ববিদ্যালয়

৩) বর্ধমান বিশ্ববিদ্যালয়

৪) কল্যাণী বিশ্ববিদ্যালয়

৫) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

৬) রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়

৭) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, মেদিনীপুর

৮) নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

৯) মৌলানা আবুল কালাম আজাদ কারিগরি বিশ্ববিদ্যালয়

১০) পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, বারাসত

১১) গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়, মালদা

১২) সিধো-কানহো-বিরসা বিশ্ববিদ্যালয়, পুরুলিয়া

১৩) প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়

১৪) কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়

১৫) কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল,

১৬) ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়

১৭) বাঁকুড়া বিশ্ববিদ্যালয়

১৮) রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়

১৯) পশ্চিমবঙ্গ শিক্ষক শিক্ষণ, শিক্ষা পরিকল্পনা ও প্রশাসন বিশ্ববিদ্যালয়

২০) সংস্কৃত কলেজ ও বিশ্ববিদ্যালয়

রাজ্য সরকারের আইনে স্থাপিত স্ব-আয় চালিত বেসরকারি – ৯ টি

১) টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়

২) এ্যডামাস বিশ্ববিদ্যালয়

৩) সীকম স্কিলস্ বিশ্ববিদ্যালয়

৪) নেওটিয়া বিশ্ববিদ্যালয়

৫) জে. আই. এস (JIS) বিশ্ববিদ্যালয়

৬) এ্যমিটি বিশ্ববিদ্যালয়

৭) ইউনিভার্সিটি অফ ইঞ্জিনীয়রিং অ্যান্ড ম্যানেজমেন্ট (UEM)

৮) ব্রেনওয়ার বিশ্ববিদ্যালয়

৯) সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয় (২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে চালু হবে)

মিঃ স্পীকার : Question hour is over. আজকে আন্তর্জাতিক নারী দিবস। আপনারা সবাই জানেন। আজকে আমাদের অনেক বিজনেস আছে। আন্তর্জাতিক নারী দিবস আজকে। মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত হয়েছেন। মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমরা শুনতে চাইবো আন্তর্জাতিক নারী দিবস সম্পর্কে। উনি যদি হাউজকে কিছু বলেন।

Speech delivered by Hon'ble Chief Minister on the Occasion of International Womens Day

শ্রীমতি মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে 8th March, International Women's Day. সারা পৃথিবীতে নারী দিবস হিসাবে এই দিনটি সম্মানের সঙ্গে সকলে আমরা পালন করি। এ ক্ষেত্রে কোন মতভেদ বা ভেদাভেদ, কোন বৈষম্যমূলক কিছু নেই ; all are equal. আজকের দিনে এই গৌরব আমাদের সকল নারী শক্তি, মাতৃশক্তি, আমাদের সকল বোনেদের আমরা আমাদের অভিনন্দন, প্রণাম, শ্রদ্ধা, সেলাম, শুভেচ্ছা জানাচ্ছি। সাথে সাথে বোনেরা ভালো থাকে যদি ভাইয়েরা ভালো থাকে। আমি সমগ্র ভাই সমাজকে, ভ্রাতৃ সমাজকে আমাদের অন্তরের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আজকে যখন পশ্চিমবঙ্গ বিধানসভা চলছে এবং স্যার বিশেষ করে আপনি, আমাদের সমস্ত সদস্যবৃন্দ, তারা এ্যাকটিভ পার্ট নিয়ে বিধানসভার বাজেট থেকে শুরু করে অন্যান্য অনেক বেশী গুরুত্বপূর্ণ বিল পাশ করছেন। কিন্তু আজকের দিনটা ডেডিকেটেড করা উচিৎ আমাদের মাতৃশক্তিকে যাঁরা ছাড়া সমাজ চলেনা, জাতি চলেনা, দেশ চলেনা, রাজ্য চলেনা, অঞ্চল চলেনা, সারা বিশ্ব চলেনা। তাই আজকের এই দিনটা মাতৃশক্তি, যাদের আমরা বলি সার্বজনীন মা, কেউ মা বলে, কেউ আম্মা বলে, কেউ বা মাদার বলে। তফাৎ এটুকুই। মা-বোনের মধ্যে সীমাবদ্ধতা নেই, মা বোনেরা সব কিছুর উর্দ্ধে। তাঁদের সকলকে আমরা সম্মান জানাই। আমাদের এই রাজ্যে মাতৃশক্তিকে কেন্দ্র করে ৫০ পারসেন্ট রিজার্ভেশন অফ উইমেনস, যেটা এই হাউজে স্যার আপনি তখন স্পীকার ছিলেন, ২০১২-তে আমাদের বিল পাশ হয়েছে। বিশেষ করে পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটিতে ৫০ পারসেন্ট রিজার্ভেশন আমাদের এখানে হয়েছে। এর জন্য আমরা গর্ব বোধ করি। আমাদের এখানে ৪০ লক্ষ প্রায় কন্যাশ্রীর মেয়ে। এটা সরকারের নতুন প্রোগ্রাম যে প্রোগ্রামে ৪০ লক্ষ কন্যা যারা আগামীদিনের দেশের অনন্যা, তারাই ভবিষ্যৎ, তারাই প্রেরণা। তাদের নিয়ে আমরা আগামীদিন সুন্দর করে এগিয়ে দিতে সাহায্য

করেছি। এবং আজকে একথা সত্যি পার্থ-দা এক্ষুনি আমাকে বলছিলেন, আমার গর্ব করতে ইচ্ছা করে, এবারে মহিলা পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ২ লক্ষ বেশী। তার মানে মেয়েরা এগিয়ে আসছে। মেয়েরা এগিয়ে আসুক এটাই আমরা চেয়েছিলাম যেটা রাজা রামমোহন রায়ের চিন্তা-ধারা ছিল। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের চিন্তা-ধারা ছিল। যেটা বিশ্বকবি রবীন্দ্রনাথ থেকে শুরু করে, নজরুল থেকে শুরু করে, গান্ধীজি থেকে শুরু করে, নেতাজি থেকে শুরু করে, স্বামী বিবেকানন্দ থেকে শুরু করে, আম্বেদকর থেকে শুরু করে, সকলের এই চিন্তা-ধারাটি ছিল যে আমাদের মহিলা শক্তি এগিয়ে আসুক। নজরুল ইসলাম অনেকদিন আগে 'সাম্য' কবিতা লিখেছিলেন। 'সাম্যের গান গাই-, আমার চক্ষে পুরুষ-রমণী কোন ভেদাভেদ নাই ! বিশ্বের যা-কিছু মহান সৃষ্টি চির-কল্যাণকর, অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।' সুতরাং, মানব জাতির এটাই নিয়ম। এটা আমরা সকলেই জানি। সেই আজকের এই দিনটা আমি জানি বাজেট সেশন আলোচনা হচ্ছে, খুবই কাজে ব্যস্ত আপনারা, তা সত্ত্বেও আমাদের গর্ভনমেন্ট অনেক কর্মসূচি নিয়েছে। আমাদের Institutional delivery আজকে মেয়েদের সম্পদ। বাচ্চা এবং মায়েরা আমাদের সম্পদ। এটা ৬৫ পারসেন্ট থেকে বেড়ে মাত্র ৬ বছরে ৯২ পারসেন্ট হয়ে গেছে। আমাদের চাইল্ড ডেথ যেটা ৩২% ছিল এটা কমে এক হাজারে ২৬[%] পারসেন্ট হয়ে গেছে। আমি এক্ষুনি একটা রেকর্ড দেখছিলাম কলেজ সার্ভিস কমিশনের। প্রায় ৩৮% শুধু মহিলা রিক্রুটেড হয়েছে। So, these are very good gestures. মহিলারা এগিয়ে আসছে এটা খুব বড় ব্যাপার। স্কুল, কলেজ, আমাদের বাংলায় যদি দেখেন। স্যার, আমাদের দার্জিলিঙের ডি.এম. একজন মহিলা। জলপাইগুড়ির ডি.এম. রচনা। IAS -এ মহিলা। দার্জিলিঙে জয়শ্রী একজন মেয়ে। রচনা ভকত। মেয়ে। অন্তরা উত্তর ২৪ পরগণার মহিলা ডি.এম.। আমাদের রেশমী কামাল আছে মিদনাপুর ডিস্ট্রিক্টে। সেও একজন মহিলা। মহিলা ডি.এম. আছে বাঁকুড়ায়। মৌমিতা আছে। মহিলা ডি.এম. আছে উত্তর-দিনাজপুরে। রায়সা আছে। আমাদের অলরেডি ৬-৭ জন মহিলা ডি.এম.। এমন কি হাওড়াতেও আছে। চৈতালী মহিলা ডি.এম.।

সাত জন হয়ে গেল মহিলা ডি.এম.। এছাড়াও শিলিগুড়ি কমিশনারেট চালাচ্ছে মহিলা ডি.এম.ম্যাডাম লেপচা। সুতরাং অনেক জায়গায় মেয়েরা এগিয়ে আসছে, সমস্ত কিছুতেই। আর আমি যে দলটা করি সেই দলে 33 percent reservation, elected মহিলা আছে যেটা আমরা Parliament বলি। কিন্তু আমরা করতে পারি না। অনেক জায়গায় গিয়ে অনেক লড়াই হয়েছে। কিন্তু আমাদের দলই ২০১৪ সালে যে ইলেকশান হয়েছিল তাতে ৩৩% এর বেশি মহিলা আমরা elected করেছিলাম। এটা আমাদের সকলের গর্ব। তারপরে বলি- প্রত্যেকটা জায়গায় আশা বলুন, আমাদের ৯০ লক্ষ মহিলা পরিচালিত Self Help Group আছে। আমাদের আশা থেকে শুরু করে, ICDS থেকে শুরু করে সমস্ত মহিলা পরিচালিত। সুতরাং আমাদের মেয়েরা খুব ভাল কাজ করছে, সব জায়গায় করছে। আজকের দিনটা আমরা চাই আগামী দিনে মেয়েরা আরো বেশি করে কর্মসংস্থান পাক, চাকরিতে এগিয়ে আসুক, সুযোগে এগিয়ে আসুক, ব্যবসাতে এগিয়ে আসুক, পড়াশোনায় এগিয়ে আসুক, সব কিছুতে এগিয়ে আসুক। তারা সারা বিশ্ব জয় করুক। 'সবুজ সাথী' থেকে শুরু করে -আগে তো মেয়েদের সাইকেল দেওয়া শুরু হয়েছিল। প্রথমে কুড়ি লক্ষ মেয়ে পেয়েছিল। তারপর আবার আমি ছেলেদের দেওয়া শুরু করি। নাইন, টেন, ইলেভেন, টুয়েলভ - গতবার তিরিশ লক্ষ দিয়েছি, এবারও তিরিশ লক্ষ দেব। তার কারণ ওই নাইন, টেন, ইলেভেন, টুয়েলভে যেন gap না হয়। এরা একটা করে সাইকেল পায়, মানে cycleটা নিয়ে স্কুলে যায়। green পরিবেশ বন্ধু যেমন তেমনি পড়াশোনার দিক থেকে কত সুযোগ সুবিধে তারা আজকে পাচ্ছে। আজকে তাদের নিয়ে আমরা গর্বিত। আমি আজকে বলি, আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভার through তে সারা ভারতবর্ষের সকলকে, সমস্ত নির্বাচিত প্রতিনিধি থেকে শুরু করে

সারা দেশের সকলকে সমস্ত জগতের সকলকে, সংস্কৃতি জগৎ, সাহিত্য জগৎ, সংবাদপত্রের জগৎ থেকে শুরু করে, কৃষি জগৎ, শিল্প জগৎ সকলকেই আমরা আমাদের শুভেচ্ছা জানাচ্ছি। সারা পৃথিবী জুড়ে যত মানুষ আছে বিশ্ব মানব তাদের সকলকেই আমাদের শুভেচ্ছা জানাচ্ছি। আমি একটু আমার কথায় বলি- মাকে আমরা আজকের দিনটা dedicate করি।

তুমিই মোদের জন্মদাত্রী,
তুমিই মোদের অন্নদাত্রী, তুমিই মাতৃকা মা।
তোমাকে ছাড়া অন্য কিছু ভাবতে পারি না।
বাংলা মায়ের আচঁল, বাংলা মায়ের আঁচল,
এই বাংলার শ্যাওলা সামিয়ানায় জাগরণের দিন গুনি,
বাংলা মায়ের আচঁলে সভ্যতা সংস্কৃতি চিনি।
এই রূপ দেখে স্বপ্ন বুনি, চন্দ্রে দেখি ঐশ্বর্য্য,
বাংলার মায়ের রুপের ডেলায় সারা বিশ্ব আশ্চর্য্য।
এ বাংলা মোদের বিশ্বজনীন, সার্বজনীন ধরা,
সারা বিশ্ব বলে এ বাংলাকে বাংলাই বিশ্ব সেরা।
এ বাংলায় মেয়েদের হাতের শাঁখা,
বরফের থেকেও শুভ্র।
এ বাংলার সিদুর, আলতা, পবিত্র আতর অথবা অভ্র।
এই বাংলায় শিউলি, কাশফুল, জবাময়ী মা,
মোদের বাংলার নেই তুলনা, বাংলা কখনও হার মানে না।
বাংলা মোদের মা, বাংলা ছাড়া আর কিছু ভাবতে পারি না।
বাংলা মোদের মা জননী, বাংলা মোদের ভোর,
বাংলা মায়ের আচঁল কোলে গর্ব সবার জোর।

তাই বলি এই বাংলাই আমাদের মাতৃভূমি, আমাদের জন্মভূমি, আমাদের কর্মভূমি, আমাদের ধর্মভূমি, আমাদের পিতৃভূমি, আমাদের কন্যাভূমি, আমাদের ভ্রাতৃভূমি, সংস্কৃতি ভূমি, সভ্যতা ভূমি, শিল্প ভূমি, ভূমিই ভূমি। ভূমি অনন্যা, ভূমি কন্যা। "এই বাংলার মাটি, বাংলার জল, বাংলার বায়ু, বাংলার ফল, পূণ্য হউক, পূণ্য হউক, পূণ্য হউক হে ভগবান। ঈশ্বর আল্লা তেরে নাম, সবকো সুমতি দে ভগবান"। বাংলার মাটি জাগরণের মাটি, সারা বিশ্বকে পথ দেখাক। বাংলা বিশ্ব সেরা হোক। What Bengal thinks today the whole world thinks tomorrow. আমি এটাই চাই। বাংলা হোক বিশ্ব সেরা।

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রীকে। আমাদের গর্বের বিষয় যে আমরা পশ্চিমবাংলার একজন দক্ষ মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়কে পেয়েছি। আজকের দিনে তাঁকেও আমরা ধন্যবাদ জানাই।

Presentation of Committee Reports

Presentation of the 166th and 167th Reports of the Committee on Public Undertakings (2016-2017)

Shri Parash Dutta : Mr. Speaker, Sir, I beg to present:

(a) The 166th Report of the Committee on Public Undertakings (2016-2017) on Audit Para No. 3.4 of the CAG-s Report (on Public Sector Undertakings) for the year 2013-2014 relating to the Mackintosh Burn Limited under the Public Works Department, Government of West Bengal; and

(b) The 167th Report of the Committee on Public Undertaking (2016-2017) on Audit Para No. 3.5 of the CAG-s Report (on Public Sector Undertakings) for the year 2013-2014 relating to the Mackintosh Burn Limited under the Public Works Department, Government of West Bengal.

[12:10 – 12.20 p.m.]

Presentation of the Second Report of the Standing Committee on Higher Education (2016-2017)

Shri Jiban Mukhopadhyay : Sir, I beg to present the Second Report of the Standing Committee on Higher Education (2016-2017) on the functioning of education system of some Colleges and Engineering & Technical Institution in the district of Birbhum.

Presentation of the First Report of the Standing Committee on Labour (2016-2017)

শ্রী আনিসুর রহমান : স্যার, আমার একটা কথা বলার আছে। আজ আন্তর্জাতিক নারী দিবস শুধু নয় আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। উনি ভাল বক্তৃতা করলেন, আমাদের খুব ভাল লেগেছে। ওনার কাছে একটা প্রস্তাব, এই বিধানসভায় যে মহিলা সর্বোচ্চ সময় বিধায়ক হয়েছেন তাঁকে প্রতি বছর পুরস্কার দেওয়ার জন্য যদি মাননীয় মন্ত্রী ঘোষনা করেন,এটা ভাল হয়।

Sir, I beg to present the First Report of the Standing Committee on Labour (2016-2017) on the Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Department of Labour for the year 2017-2018.

Presentation of the Fifth and the Sixth Reports of the Standing Committee on Information Technology and Technical Education (2016-2017)

Shri Asit Mitra : Sir, I beg to present -

(a) The Fifth Report of the Standing Committee on Information Technology and Technical Education (2016-2017) on the Pre-Voting Budget Scrutiny of the Demand for grant relating to the Department of Information Technology & Electronics for the year 2017-2018; and

(b) The Sixth Report of the Standing Committee on Information Technology and Technical Education (2016-2017) on the Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Department of Technical Education, Training & Skill Development for the year 2017-2018

Presentation of the First Report of the Standing Committee on Information & Cultural Affairs and Youth Services & Sports (2016-2017)

শ্রী প্রবীর ঘোষাল : স্পীকার স্যার, আনিসুর সাহেব যেটা বললেন রিপোর্ট পড়ার আগে একটা প্রস্তাব দিলেন। সেই পরিপ্রেক্ষিতে আমি আর একটা প্রস্তাব দিচ্ছি স্যার। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গের সবচেয়ে বেশি বার লোকসভায় নির্বাচিত হয়েছিলেন মহিলা হিসাবে। তাঁকে আজকে এই সভা থেকে একটা প্রস্তাব দিয়ে অভিনন্দন জানাতে পারি, ধন্যবাদ।

Sir, with your kind permission, I beg to present the First Report of the Standing Committee on Information & Cultural Affairs and Youth Services & Sports (2016-2017) on Pre Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Departments of Information & Cultural Affairs and Youth Services and Sports for the year 2017-2018.

Presentation of the First and the Second Reports of the Standing Committee on Co-operation and Consumers Affairs (2016-2017)

Shri Narmada Chandra Roy : Sir, I beg to present –

(a) The First Report of the Standing Committee on Cooperation and Consumer Affairs (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Department of Cooperation for the year 2017-2018; and

(b) The Second Report of the Standing Committee on Cooperation and Consumer Affairs (2016-2017) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Department of Consumer Affairs for the year 2017-2018.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The 31st Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal Power Development Corporation Limited for the year 2015-2016

Dr. Amit Mitra : Sir, with your permission, I beg to lay the 31st Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal Power Development Corporation Limited for the year 2015-2016.

Mr. Speaker: Hon'ble Members, today is the last day for Voting on Demands for Grants. There are as many as 45 heads of Demands for Grants for disposal. In conformity with the previous practice and in pursuance of

Rule 209 Sub rule 3 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I fix that the first session of the House will sit upto 6.30 p.m. including recess hour and I also fix that the gillotine will fall at 5.30 p.m. Immediately, after 5.30 p.m. I shall put all the standing questions, outstanding questions relating to the Demands for Grants to vote without any debate. I hope the Members will try to be brief in their speeches.

Discussion and Voting on Demands for Grant

DEMAND NO. 52

Mr. Speaker : There is one cut motion to Demand No. 52. The cut motion is in order.

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, আপনার অবগতির জন্য জানাই, আমি অলরেডি আমাদের পরিষদীয় মন্ত্রিকেও বলেছি যে হাউসে ডিমান্ড নম্বর ২৪ একটু পরেই আরম্ভ হবে। স্যার,আপনি দয়া করে বিষয়টি শুনুন। তার কারণ আমাদের পক্ষে এমব্যারাসিং হয়, আমাদের বক্তা ঠিক করতে হয়, তারপরে আমাদের অসুবিধা হয়। এই জায়গায় দাঁড়িয়ে এর পরে যেন স্যার -বক্তা ঠিক করে তারা প্রস্তুতি নেবে। তারপরে কি তারা বক্তৃতা করতে পারে? বই এখন দেওয়া হল। এটা সবার জন্যই বলছি। ট্রেজারী বেঞ্চ থেকেও বলবে। এটা আগে দেওয়া হলে ভাল হয়। এখন হলে কি করে হবে? এটা দেখার জন্য আপনাকে অনুরোধ করছি। এই ভাবে চলতে পারে না।।

ডঃ পার্থ চ্যাটার্জী: এই উদ্বেগের কথা আপনি বলেছেন, এটা ঠিকই। বি.এ কমিটিতেও আমি আশ্বস্ত করেছি যে অধিবেশন হচ্ছে ঠিকই, এর পর থেকে সামনের অধিবেশনে যদি এই ধরনের কিছু আসে, তা সময়ের আগে অন্ততঃ দেওয়া দরকার, যাতে বিধায়করা সেটা পড়তে পারেন। আপনার উদ্বেগের সঙ্গে আমি একমত।

শ্রী সমীর কুমার জানা : শ্রদ্ধাভাজন অধ্যক্ষ মহোদয়,আজকের এই পবিত্র সদনে ৫২ নম্বর দাবির অধীনে ২০১৭-১৮ আর্থিক বছরে পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি শ্রী গৌতম দেব মহাশয় যে বাজেট ভাষণ দিয়েছেন, যে দাবি পেশ করেছেন, তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে আমি আমার বক্তব্য উপস্থাপন করছি। স্যার আমি যেটা বলতে চাই যে সরকারের অভিমুখ যেভাবে। মানুষের কল্যাণের জন্য নিয়োজিত হয়েছে, তার প্রতিফলন প্রত্যেকটি দপ্তরে ছত্রে ছত্রে প্রকাশিত হয়েছে। আমরা দেখেছি যে আমাদের রূপসী বাংলা, তার যে প্রাকৃতিক সৌন্দর্য্য এবং তার যে অভিনবত্ব রয়েছে, যেটা জাতীয় স্তরে, আন্তর্জাতিক স্তরে যারা পর্যটন পিপাসু মানুষ, তাদের কাছে একটা নতুন দিশা তৈরি করতে পেরেছে। মা মাটি মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর সৌজন্যে আজকে সেই পর্যটন বিভাগ গুরুতর একটা অবস্থানের দিকে এগিয়ে চলেছে।

[12:20 – 12.30 p.m.]

মানুষ সেই দিকে তাকিয়ে আছে - বাংলা শুধু নয়, আন্তর্জাতিক দুনিয়ার সমস্ত মানুষ আজকে সেদিকে তাকিয়ে আছে। আমরা যদি প্রাথমিক অভিমুখটা দেখি, এই যে মাননীয় মন্ত্রি আজকে যেভাবে তাঁর তুলনার মধ্য দিয়ে বাংলার পর্যটনের বিষয়বস্তুকে উপস্থাপিত করেছেন, বিগত দিনের ইতিহাসকে সামনে রেখে যদি আমরা তুলনা করি, দেখা যায় ২০০৭ সাল থেকে ২০১১

সাল পর্যন্ত আমাদের এই বাংলায় ৫১টি পর্যটন কেন্দ্র গড়ে উঠেছিল। ২০১১ থেকে ২০১৫ সাল পর্যন্ত আমরা এই ১০৩টি পর্যটনকেন্দ্র গড়ে তুলতে পেরেছি। এটাই হচ্ছে আমাদের অভিমুখ। তার মধ্যে পি পি মডেলেও হয়েছে। আগে ২০০৬ থেকে ২০১১ সাল পর্যন্ত পর্যটন খাতে মোট বরাদ্দ ছিল ৯০.৫৮ কোটি টাকা। সেই জায়গায় ২০১১ থেকে ১৬ এই বছরের মধ্যে ৫০৫কোটি ৪১। এইভাবে টাকার অংকটা কিভাবে পরিবর্তিত হয়েছে আমরা সেটাকে উপলব্ধি করতে পারি। ২০১৫ সালে নতুন পর্যটন পলিসিকে আমরা ইকো ট্যুরিজম, হোম ট্যুরিজম, টি ট্যুরিজম - কে অন্তর্ভুক্ত করতে পেরেছি। বর্তমান বছরে ওয়েস্ট বেঙ্গল ইনসেনটিভ স্কিম ২০১৫ এবং ওয়েস্ট বেঙ্গল ট্যুরিজম পলিসি ২০১৬ - এই দুটি প্রকল্প আমরা চালু করতে সক্ষম হয়েছি। আমাদের এই যে পরিকল্পনা - পর্যটন বিভাগের, তাতে আমরা যে সুফল পেয়েছি, যে সফলতা অর্জন করতে পেরেছি তার কতকগুলো ইঙ্গিতবাহী দিক এখানে পরিস্ফুট হয়েছে। সেটা আজকে আলোচনার মধ্য দিয়ে এখানে উপস্থাপিত হচ্ছে। সেখানে দেখা যায় যে সঠিক হিসাব ঠিক করার জন্য আমরা সফটওয়্যার প্রতিস্থাপনের গুরুত্ব আরোপ করেছি ট্যুরিজম ডিপার্টমেন্টের পক্ষ থেকে।আজকে ট্যুরিস্ট লজের সামনে গ্লো সাইন বোর্ড – এগুলোকে দেওয়ার চেষ্টা করা হয়েছে,সি.সি টিভি বসানোর চিন্তা - ভাবনা করা হয়েছে, অত্যাধুনিক বাস কেনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রচারের ফলে লজগুলিতে অকুপেন্সি রেট ৪৩.২৫ শতাংশ থেকে বেড়ে হয়েছে ৪৬.৪১ শতাংশ। পর্যটকদের জন্য ওয়েবসাইট তৈরী করা - এই যে অভিনবত্ব- পর্যটকদের আকর্ষণের জন্য যে অভিনবত্ব আমরা দেখতে পাচ্ছি সেটা আজকে গুরুত্বপূর্ণ। আমরা দেখতে পাচ্ছি একদিকে যেমন পাহাড় রয়েছে অন্যদিকে জঙ্গল, তারপরে রয়েছে সুন্দরবন। এই প্রত্যেকটি জায়গায় পর্যটনকেন্দ্র বিগত দিনের তুলনায় অনেক বেশি। তার গুরুত্ব তার প্রাকৃতিক সৌন্দর্য, তার যে চিন্তা - ভাবনা, একটা নতুন পথের দিশা তৈরি করতে পেরেছে। আমরা যদি একেবারে পাহাড়ের দিকে চলে যাই, যেখানে দার্জিলিংয়ে গন্ডগোল সব সময় লেগে থাকত, সেই দার্জিলিং এখন এতো সুন্দর জায়গায় চলে গিয়েছে। যে, সেখানকার ঐতিহ্যমন্ডিত যে প্রাকৃতিক সৌন্দর্য আজকে শুধু বাংলার নয়, আজকে সারা ভারতবর্ষের বাইরে বিভিন্ন জায়গায় পর্যটকদের আকর্ষণের জায়গা হিসাবে চিহ্নিত হয়েছে। কার্শিয়াংয়ের ঈগল ক্রেগের উন্নয়ন সেখানে সংঘটিত হয়েছে। তাই তার হিলগামী রাস্তার সম্প্রসারণের জন্য দার্জিলিংয়ের সিটিং হোম স্টে প্রোজেক্টের কাজ আমরা শেষ করতে পেরেছি। এইভাবে একটার পর একটা আমরা করেছি। এর পরবর্তীকালে যাই পুরুলিয়ার অযোধ্যা পাহাড়, খয়রা ডাঙা,সনকুপিতে পর্যটনের আবাসভূমি সেখানে তৈরি করতে পেরেছি। বাঘমুন্ডিতে আমরা পি এ্যান্ড আর ডি-র যে নীহারিকা গেস্ট হাউসের সামনে যে একটা সুন্দরভাবে পুষ্প শোভায় শোভিত হয়েছে, তা মানুষের মনটাকে আকর্ষণ করে। বাঁকুড়াতে চলে আসি। বাঁকুড়াতে দেখতে পাচ্ছি মুকুটমনিপুর - নীল জলরাসি সমৃদ্ধ কংসাবতী জলাধার, পাশে রয়েছে আধুনিক মানের ঐতিহ্যমন্ডিত পার্ক - বিহারীনাথ। শুশুনিয়া থেকে আরম্ভ করে বহুবিধ পর্যটন বান্ধব পরিবেশ সেখানে উপস্থাপিত হয়েছে। বিষ্ণুপুরে যেমন রয়েছে বালুচরী, তসরের যেমন পীঠস্থান, তেমনিভাবে সেখানে বহু মন্দির, প্রাচীন মন্দির, ঐতিহ্যমন্ডিত মন্দির, রাধা কৃষ্ণের নানারকম লীলা রহস্য রয়েছে। সেই পুরাতন মন্দিরগুলোকে সুন্দর করে, সমৃদ্ধ করে গড়ে তুলবার জন্য আজকে চেষ্টা করা হয়েছে। পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুরের দিকে গেলে ঝাড়গ্রামের রাজবাড়িতে যে পর্যটন আবাস কেন্দ্র, সেটা সুন্দরভাবে গড়ে তোলা হয়েছে। পূর্ব মেদিনীপুরের দিকে যখন যাই, দীঘার অন্তর্গত উদয়পুর পার্কে পর্যটন বান্ধব উন্নয়নমূলক কর্মসূচী গৃহীত করা হয়েছে। এরপরে মন্দারমনি সমুদ্র সৈকতে দেখা গেছে আলোকসজ্জা, আলোকরঞ্জিত জায়গায়। মুর্শিদাবাদের মতিঝিল - কোথায় ছিল সেই মতিঝিল? আজকে সেই মতিঝিল একটা সুন্দর প্রাণের সঞ্চার করতে

পেরেছে। পর্যটকেরা আজকে যখন চলে যাবে মুর্শিদাবাদে, সেখান থেকে তাদের ছুটে যেতে হবে সেই মতিঝিলে। মতিঝিলের সুন্দর প্রান্তর একদিকে যেমন চিল্ড্রেন পার্ক থেকে সুন্দর পুষ্প শোভায় শোভিত থেকে গেছে তেমনিভাবে লাইট এ্যান্ড সাউন্ডের মধ্য দিয়ে আমাদের যেন মনে হবে ঐতিহাসিক যুগের এক সন্ধিক্ষণে আমরা পৌঁছে গিয়েছি - নবাব মুর্শিদকুলি খাঁ থেকে আরম্ভ করে তাঁদের যে দৃশ্যাবলী, সিরাজের প্রতি যে অত্যাচার করা হয়েছিল তা লাইট এ্যান্ড সাউন্ডের মধ্য দিয়ে সুন্দরভাবে প্রতিভাত হয়ে যায়।

সিরাজের প্রতি যে অত্যাচার করা হয়ছিল সেটা লাইট অ্যান্ড সাউন্ডের মধ্যে দিয়ে প্রতিফলিত হয়। মতিঝিল তাই আকর্ষণের কেন্দ্রবিন্দু হয়েছে। কলকাতা থেকে সুন্দরবনের প্রত্যন্ত প্রান্তে যদি পৌঁছে যাওয়ার চেষ্টা করি তাহলে গঙ্গাসাগর থেকে আরম্ভ করে ঝড়খালিতে ইকোটুরিজুমের চেষ্টা করা হচ্ছে। তেমনি ভাবে পাথরপ্রতিমার পিছিয়ে থাকার কোনো ব্যাপার নেই। বকখালি থেকে আরম্ভ করে পাথরপ্রতিমার ভাগবতপুর কুমির প্রকল্প, যেখানে কুমির প্রকল্পের জন্য বিভিন্ন জায়গা থেকে লোক যাচ্ছে। সঙ্গে সঙ্গে রাস্তা-ঘাটের উন্নয়ন সংগঠিত হয়েছে। গোবর্ধনপুরের প্রকল্পটি যাতে বাস্তবায়িত হয় - সেখানে। যদি জলযানের মধ্যমে টুরিজম প্যাকেজ তৈরি করা যায় বকখালি, সাগর থেকে আরম্ভ করে পাথরপ্রতিমা, বনিক্যাম্প, কলস পর্যন্ত তাহলে ভালো হয়। পর্যটনের মাধ্যমে পশ্চিমবঙ্গকে যেভাবে ভারতবর্ষের মধ্যে একটা বিশেষ স্থান করে দিতে পেরেছে, আমি মনেকরি এটা একটা খুব ভালো কাজ হয়েছে। মাননীয় মন্ত্রি যে উদ্যোগ গ্রহণ করেছেন মমতা ব্যানার্জীর প্রেরণায়, একে পূর্ণাঙ্গ ভাবে সমর্থন করি। আগামীদিনে এটা আরো মানুষের কাছে প্রেরণা হোক, নতুন উদ্যোগ নিয়ে আসবে এই আশা করে এই দাবিকে পূর্ণাঙ্গ ভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী খগেন মুর্মু : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি ৫২ নম্বর দাবির অধীনে ২০১৭-১৮ আর্থিক বছরের যে ব্যয়বরাদ্দ মঞ্জুরের জন্য এখানে রেখেছেন এই বিষয়ে কয়েকটি কথা আমি উল্লেখ করতে চাই। স্যার, পর্যটন বর্তমানে পৃথিবীতে অন্যতম গুরুত্বপূর্ণ ক্ষেত্র হিসেবে প্রসারলাভ করছে। গোটা বিশ্বে পর্যটনকে সর্ববৃহৎ পরিষেবা কেন্দ্রিক শিল্প ও উন্নয়ন কর্মসংস্থান সৃষ্টির সহায়ক হিসেবেও গণ্য করা হয়। স্যার, পর্যটন ক্ষেত্র শুধু এখানে ভ্রমণ নয়, পর্যটন ক্ষেত্র এখানে বহুমাত্রিক বিষয় এর সাথে যুক্ত আছে। যেমন বাজার অর্থনীতি এর সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। শিক্ষা আছে, স্বাস্থ্য আছে, ক্রীড়া আছে, পরিবেশ আছে। এই পর্যটনের সঙ্গে নানা রকমের নতুন নতুন বিষয়গুলো যুক্ত হচ্ছে। পর্যটন ক্ষেত্রে আমরা বহু বিদেশি মুদ্রা উপার্জন করতে পারি। ২০০৯ সালে এখানে পর্যটন থেকে আমরা বিদেশি মুদ্রা অর্জন করেছিলাম ৪ হাজার ৬৯ কোটি টাকা। স্যার, এটা জানেন আমাদের এই রাজ্যে প্রকৃতির অকৃপন আশীর্বাদ আছে। এই রাজ্যে পর্বত আছে, অরণ্য আছে, নদী আছে, সমুদ্র সৈকত আছে, সংস্কৃতি আছে, ঐতিহ্য আছে, হস্তশিল্প আছে, রন্ধনশৈলী এই সমস্ত আছে। আর পশ্চিমবাংলায় আছে ভ্রমণপিপাসু মানুষ। এটা আপনি জানেন ভালো করে। এই সমস্তকে কেন্দ্র করে ২০০৮ সালে তৎকালীন বামফ্রন্ট সরকার এখানে পর্যটন নীতি ঘোষণা করেছিলেন। যেটা আজকে এখানে আলোচনা করছি এটাই হচ্ছে আমাদের পথ নির্দেশিকা। পর্যটন ক্ষেত্রে আমাদের যেটা লক্ষ্য ছিল সেটা হল পর্যটন সামগ্রী উন্নত করা, বৈচিত্র্য, নতুন পর্যটন গন্তব্য খোঁজ করা, পর্যটন পরিষেবার জন্য নির্ঝঞ্ঝাট ব্যবস্থা করা, পশ্চিমবঙ্গকে আকর্ষণীয় গন্তব্য হিসেবে গড়ে তোলা। এই সমস্ত ছিল আমাদের সেই সময়ের লক্ষ্য। আমাদের এখানে পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে কতটা উন্নত হয়েছে, কতটা উন্নয়ন করতে পেরেছি সেটা দেখা উচিত। মানবসম্পদ উন্নয়ন, বিপণনের উপরে আরো বেশি করে আমাদের গুরুত্ব দেওয়া দরকার। আমাদের এখানে

প্রসার ও প্রচারের ক্ষেত্রে, এটাকে আরো প্রসারিত করা। মাননীয় মন্ত্রি বলবেন বলার সময় যে এটাকে প্রসার করা এবং প্রচার করার ক্ষেত্রে আমরা কি উদ্যোগ গ্রহণ করেছি। আমরা সেই সময় ২০১০ সালে দেখেছি জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রে প্রচার করবার জন্য আমাদের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। আন্তর্জাতিক ও জাতীয়স্তরে পশ্চিমবাংলা থেকে অংশগ্রহণ করা হয়েছিল। আমরা ২০০৯-১০ সালে দেখেছি চিনের কুনমিঙ, লন্ডন, বার্লিন, ঢাকা এই সমস্ত জায়গায় আন্তর্জাতিক ক্ষেত্রে আমাদের পশ্চিমবাংলা থেকে গিয়েছিলেন, মেলাতে অংশগ্রহণ করেছিলেন।

[12:30 – 12.40 p.m.]

আন্তজাতিক ক্ষেত্রে আমরা ৪ টে জায়গায় গিয়েছিলাম, আর আমাদের রাজ্যে ২৭ টা ক্ষেত্রে মেলা হয়েছিল ২০০৯-১০ এ। গতকালই মাত্র আপনার বাজেট বিবৃতি পেয়েছি, ফলে ভালো করে পড়ার সেরকম সুযোগ হয়নি। ২০০৮ এর পর্যটন নীতি অনুযায়ী পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে কতটা কি করতে পেরেছেন যদি বলেন। থাকার জায়গা, শৌচালয়, পানীয়' জলের ব্যবস্থা, গাড়ি রাখার জায়গা, নিসর্গসজ্জা, পথসংযোগ, দিক-নির্দেশ, ইত্যাদি ক্ষেত্রে কতটা অগ্রসর হতে পেরেছেন বলবেন। আমাদের কেন্দ্রীয় সরকার পর্যটন দপ্তরকে আর্থিক সহায়তা দান করে থাকে। সেই সহায়তা কতটা পেয়েছেন বলবেন। এক সময় মানব সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আমাদের রাজ্যে তৎকলীন বামফ্রন্ট সরকার উদ্যোগ গ্রহণ করেছিল দক্ষ প্রশিক্ষিত কর্মী তৈরির উদ্দেশ্যে। সেইসময় দেখেছি রাজ্য সরকার পরিচালিত ফুডক্র্যাফট ইনস্টিটিউটে দার্জিলিং থেকে প্রতি বছর ৫০ থেকে ৬০ জন ছাত্রছাত্রী ফ্রন্ট-অফিস ম্যানেজমেন্ট এবং ফুড-বেভারেজ প্রোডাকশন, এই দুটি বিষয়ে প্রশিক্ষণ লাভ করেছে। সেই সময় আরও একটা ফুডক্রাফট ইনস্টিটিউট ভারত সরকারের অনুমোদন পেয়েছিল। এবারে আপনার বাজেট বিবৃতিতে সেটা দেখতে পেলাম না। কেন এটা এড়িয়ে গেলেন। বুঝতে পারলাম না। সেইসময় দেখেছি ১০ টা নতুন পর্যটন কেন্দ্রের প্রস্তাব পাঠানো হয়েছিল কেন্দ্রীয় সরকারের কাছে - ১) মালদা জেলায় গৌড়-আদিনা-জগজীবনপুর পর্যটনচক্র ২) বাঁকুড়া জেলায় শালতোড়া-ছাতনা-পুষ্করণ পর্যটনচক্র ৩) উত্তর ২৪ পরগণা জেলার চন্দ্রকেতুগড়-টাকি - পারমাদন পর্যটনচক্র ৪) পশ্চিম মেদিনীপুরজেলায় মেদিনীপুর - আরাবাড়ি - গড়বেতা - চন্দ্রকোণা রোড পর্যটনচক্র ৫) দার্জিলিং জেলায় কালিম্পং - লাভা - লোলেগাঁও পর্যটনচক্র ৬) জলপাইগুড়ি জেলায় জল্পেশ - জটিলেশ্বর - দেবী চৌধুরানী পর্যটনচক্র ৭) বর্ধমান জেলায় পর্যটন গন্তব্য হিসাবে মাইথন উন্নয়ন ৮) বীরভূম জেলায় পর্যটন গন্তব্য হিসাবে তারাপীঠ ও বক্রেশ্বরের উন্নয়ন ৯) বাঁকুড়া জেলায় পর্যটন গন্তব্য হিসাবে মুকুটমণিপুরের উন্নয়ন ১০) কলকাতায় কলেজ স্ট্রীট, ডাফ কলেজ এবং চিড়িয়াখানার পর্যটক আকর্ষণমূলক কাজ। এইগুলোর ক্ষেত্রে কতটা অগ্রসর হতে পেরেছেন সেটা উল্লেখ করলে ভালো হয়। আর একটা বিষয়ে মাননীয় মন্ত্রিকে জিজ্ঞেস করব। মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্ন, ওঁনার অনুপ্রেরণার কথা শুনছি, ভালো। তিনি বলেছিলেন উত্তরবঙ্গের দার্জিলিং কে সুইজারল্যান্ড করবেন, কলকাতাকে লন্ডন আর দীঘাকে গোয়া করবেন, সেই স্বপ্ন কতটা বাস্তবায়িত হয়েছে বলবেন, কেননা সেটা এখানে উল্লেখ করেননি। মাননীয় মন্ত্রী বলেছেন এই স্বপ্নটাকে বাস্তবায়নের দিকে নিয়ে যাওয়ার জন্য আপনার দপ্তর থেকে উদ্যোগ গ্রহণ করেছেন। সজনেখালিতে কিছুদিন আগেই ছিনতাই, চুরি ইত্যাদি হয়েছিল, এইগুলো আরও বাড়ছে। এক্ষেত্রে কতজনকে অ্যারেস্ট করেছেন এবং কতজনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছেন এবং চুরি ছিনতাইয়ের জিনিসপত্র বা যেগুলো হারিয়ে গেছে সেইগুলো কতটা ফেরত দিতে সক্ষম হয়েছেন সেইগুলো যদি বলেন তো ভালো হয়। আর একটা বিষয় মাননীয় মন্ত্রির কাছ থেকে আমার জানার আছে।

এখানে আমাদের যে সমস্ত পর্যটন ক্ষেত্রগুলো যেখানে যেখানে তৈরি হচ্ছে। আবার উন্নয়ন করার চেষ্টা হচ্ছে। এখানে আমরা দেখেছি যে এস.জে.ডি.এ যেমন, শিলিগুড়ি, জলপাইগুড়ি ডেভলপমেন্ট অথরিটি এখানে একশো কোটিরও বেশি টাকা সেখানে দুর্নীতি হয়েছে। এই বিষয়টা বলবেন একটু। ত্রিফলা কেলেংকারী আমরা এগুলো জানি, এগুলোও তো উন্নয়নের। এটাও তো আমাদের সাজসজ্জা সব করছেন। এই ক্ষেত্রে ত্রিফলা এবং এস.জে.ডি.এ. এটার ক্ষেত্রে আপনি একটু বলবেন কি হয়েছে? কতটা উদ্যোগ নিয়েছেন? কতটা এই ব্যাপারে আপনার দপ্তরের পক্ষ থেকে আপনি ব্যবস্থা গ্রহণ করতে পেরেছেন?

শ্রী অখিল গিরি : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকের এই সদনে পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রি শ্রী গৌতম দেব ১৭-১৮ আর্থিক বছরের ব্যয়বরাদ্দের দাবি উনি পেশ করেছেনা এবং সেটা নিয়ে আলোচনা চলছে। সত্যিকারের বলতে কি উপাধ্যক্ষ মহোদয়, এই পর্যটন নিয়ে যদি সদর্থক কিছু পদক্ষেপ নেওয়া হয়ে থাকে সেটা মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে মা মাটি মানুষের সরকারের আমলেই হয়েছে। কিছুক্ষণ আগে বামফ্রন্টের একজন সদস্য শ্রী খগেন বাবু বক্তব্য রাখছিলেন। আগের যে সরকার বামফ্রন্ট সরকার এই দপ্তরকে একটি বুর্জোয়া শিল্প বলে অভিহিত করতেন। আপনাদের ধারণাই ছিল ধনী লোকেরাই দেশ বিদেশে ভ্রমণ করে। এই দপ্তরের বাজেট দেখলেই ০৮-০৯, ০৯-১০, ১০-১১ এই তিনটি। আর্থিক বর্ষে ব্যয়বরাদ্দের দাবি দেখলেই বোঝা যায় বামফ্রন্ট সরকার এই দপ্তর সম্পর্কে তেমন কোন পদক্ষেপ গ্রহণ করে নি। এই সরকারই প্রথমে অনুধাবন করেছিলেন একটা বিপুল সম্ভাবনার কথা। মাননীয়া মুখ্যমন্ত্রী এটা বুঝতে পেরেছেন যে এই শিল্পের মাধ্যমে বাংলার মানুষদের, বেশি সংখ্যক মানুষদের, দক্ষ, অদক্ষ, নারী, পুরুষ এমন কি প্রতিবন্ধী মানুষকে, যুবক, যুবতীদের কর্মসংস্থানের ক্ষেত্রে, তাদের জীবিকা নির্বাহের ক্ষেত্রে এই শিল্পের উন্নতি সাধনের জন্যে। তাই তিনি প্রতি বছরই কিছু কিছু উন্নয়নমূলক কর্মসূচি, একগুচ্ছ কর্মসূচি তিনি গ্রহণ করেছেন। তাই আজকে এই সরকারের অভিমুখটা কি সেটা, বইটা দেখলেই বোঝা যায়, এই সরকারের পর্যটন দপ্তরের বিশেষ করে মাননীয়া মুখ্যমন্ত্রীর অভিমুখটা কি, ফোকাসটা কি? এই বাংলার যে প্রাকৃতিক সৌন্দর্য্য, একদিকে জঙ্গল, আর এক দিকে পাহাড়, এক দিকে নদী, আর একদিকে সমুদ্র, চারিদিকে ঐতিহাসিক জায়গাগুলো এবং এই প্রাকৃতিক সৌন্দর্য্যকে কাজে লাগিয়ে, ঐতিহাসিক জায়গাগুলোকে নির্দিষ্ট করে সেগুলো উন্নতিকরণ করার একটা অভিমুখ রাজ্যসরকার দেখিয়েছেন। এই রাজ্যসরকারের গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্র দক্ষিণবঙ্গের দীঘা। খগেন বাবু বললেন যে দীঘাকে নাকি গোয়া করবেন, মুখ্যমন্ত্রী বলেছিলেন। তিনি বোধহয় দশ বছর, পনেরো বছর দীঘা যান নি। পাঁচ বছর আগে বোধহয় দীঘা যান নি।এখন দীঘাতে আমি খগেন বাবুকে আমন্ত্রণ করছি। আমি ওই এলাকার বিধায়ক। আমি আমন্ত্রণ করছি দীঘাটা দেখে আসবেন। বিগত তিন চার বছর আগে যাঁরা দীঘা গেছেন, আর এখন দীঘা সত্যিকারের কেমন করে রূপ নিচ্ছেন। বিউটিফিকেশন থেকে শুরু করে হেলিকপ্টার সার্ভিস তিনি চালু করেছেন যাতে বিদেশ থেকে পর্যটকরা দীঘা এবং এই রাজ্যে তাঁরা আসতে পারেন। তিনি বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছেন। শুধু কি দীঘার কর্মসূচি তিনি গ্রহণ করেছেন তা নয়, এই রাজ্যে যতগুলো ঐতিহাসিক জায়গা আছে, মুর্শিদাবাদের ঐতিহাসিক জায়গাগুলোকে মতিঝিল থেকে শুরু করে আরও এক গুচ্ছ উন্নয়ন প্রকল্প তিনি গ্রহণ করেছেন মুর্শিদাবাদের ক্ষেত্রে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং তাঁর পর্যটন দপ্তর। শুধু তাই নয়, জলপাইগুড়ির গাজলডোবার ইকো ট্যুরিজম প্রকল্প, দক্ষিণ ২৪ পরগণার ঝড়খালি ইকো ট্যুরিজম প্রকল্প.....

[12:40 – 12.50 p.m.]

হুগলীর সবুজদ্বীপে ইকো ট্যুরিজম প্রকল্প, এছাড়া নদীয়া, হাওড়ার বিভিন্ন জায়গায়, বাঁকুড়ার মুকুটমণিপুর, পুরুলিয়ার পাহাড়ের বিভিন্ন জায়গায়, এই রকম বিভিন্নভাবে জায়গাগুলি

নির্দিষ্ট করে বিউটিফিকেশনের মাধ্যমে বেশী করে যাতে পর্যটকরা এই জায়গাগুলিতে আসতে পারেন, তারজন্য তিনি নির্দিষ্ট করে পর্যটন দপ্তরের মাধ্যমে কাজকর্ম করছেন। ২০১১-১২ আর্থিক বর্ষে যাত্রা শুরু হয়েছিল পর্যটন দপ্তরের। বরাদ্দ কত ছিল সেই সময় - ৪৪ কোটি টাকা। ২০১৬ ১৭ পাঁচ বছরে এই আর্থিক বরাদ্দ বাড়িয়েছেন ৩৫৮ কোটি টাকা। এর থেকেই বোঝা যায় ২০১১-১২ এবং ২০১৬-১৭ আর্থিক বর্ষে এই দপ্তর কতখানি উন্নতিসাধন করতে পেরেছেন এই দপ্তরের মাধ্যমে। ২০১৭-১৮ আর্থিক বর্ষে তার ব্যয়বরাদ্দের দাবি বেড়ে দাঁড়িয়েছে ৪২৮ কোটি ৩২ লক্ষ টাকা, এই ব্যয়বরাদ্দের প্রস্তাবকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। অকুণ্ঠ সমর্থন এইজন্যই জানাচ্ছি যে এই দপ্তরের মাননীয় মন্ত্রি গৌতম দেবের ঐকান্তিক ইচ্ছা এবং উদ্যোগকে বিশ্বাস করে আজকে এই রাজ্যের পর্যটন বিভাগ যেভাবে কাজকর্ম করছেন মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায়, একদিন তামিলনাড়, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ, মহারাষ্ট্র এবং রাজস্থান ভারতের অন্যান্য রাজ্য যারা পর্যটন বিভাগের কাজকর্ম করে এগিয়ে যাচ্ছেন, একদিন না একদিন আগামী দিনে এই বাংলা ভারতের পর্যটন মানচিত্রে এক নাম্বার স্থান করে নিতে পারবে, যেভাবে আমরা কাজকর্ম করছি। মুখ্যমন্ত্রী বিদেশী পর্যটকদের আহ্বান করছেন। বামফ্রন্টের যে কোন সদস্যদের জিজ্ঞাসা করি আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখনও দেখেছেন কি, দীঘাতে বিদেশী পর্যটক আসতে! আপনারা এখন যে কোন দিন ওখানে গিয়ে দেখতে পারেন, আগে। আগে মানুষজন শনিবার আর রবিবার দীঘাতে যেত, আর এখন সপ্তাহে সোমবার থেকে রবিবার, সপ্তাহে শনিবার রবিবার ছুটির দিন লক্ষ লক্ষ পর্যটক দীঘাতে যাচ্ছেন বেড়াতে। সেখানে বিদেশী পর্যটকরা যাচ্ছেন বেড়াতে। হেলিকপ্টার সার্ভিস চালু করা হয়েছে সপ্তাহে দু দিন দীঘাতে যাবার জন্য। বিদেশী পর্যটকরা ঘুরে বেড়াচ্ছেন। বিউটিফিকেশন হচ্ছে, কাজকর্ম হচ্ছে। গেট হয়েছে, মেরিন ড্রাইভ হয়েছে। মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় দীঘার সমুদ্র উপকূলবর্তী অঞ্চল থেকে একেবারে হলদিয়া পর্যন্ত। ৯০ কিলোমিটার বিস্তীর্ণ জায়গায় মেরিন ড্রাইভ, যোগাযোগ ব্যবস্থা, সেতু তৈরি করছেন। সেখানে তিনি ৯০ কিলোমিটার পাকা রাস্তা তৈরি করছেন। এবং বিউটিফিকেশনের মাধ্যমে পর্যটকদের আকর্ষিত করছেন,যাতে এই বাংলায় বিদেশী পর্যটকরা আসতে পারেন। সবথেকে গুরুত্বপূর্ণ ব্যাপার হল ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের ট্যুরিজম দপ্তর একটা বিল এনেছিল দ্য ওয়েস্ট বেঙ্গল নন গভর্নমেন্ট মেডিক্যাল, এস্ট্যাব্লিস্টমেন্ট বিল। আমাদের ভারতের বাইরের অন্যান্য রাষ্ট্রের যারা পর্যটকরা আসবেন, তাঁদের মেডিক্যাল চিকিৎসা ব্যবস্থা উন্নতিকরণের জন্য তাঁদের এই মেডিক্যাল ট্যুরিজম ব্যবস্থাটা উন্নত করতে পর্যটকদের বিভিন্ন হোটেলে যাতে ন্যায্য দামে উন্নতমানের চিকিৎসা পাওয়া যায়। যারা হোটেলে থাকেন তাদের জন্য এবং আপনারা দেখবেন মন্দারমণি বলে একটা জায়গায় ভারতের সবথেকে বড় সি-বীচ তৈরি হচ্ছে। দীঘার পাশে, সেখানে সেই মন্দারমণিতে বিগত তিন বছরে যে উন্নতি ঘটেছে, সেটা অভূতপূর্ব। এবং তাজপুর পর্যটন কেন্দ্রে ব্যাপকভাবে উন্নতিসাধন ঘটানো হয়েছে। তাই আমি মনে করি আজকে রাজ্য সরকারের এই পর্যটন দপ্তর যেভাবে মানুষকে কর্মসংস্থান দিয়েছেন, এই পর্যটন দপ্তরের মাধ্যমে নারী পুরুষ সকলকে, তাতে উন্নয়নের সবথেকে শক্তিশালী শিবির হচ্ছে এই পর্যটন বিভাগ। যে বিভাগের মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর অনুপ্রেরণায় মাননীয় মন্ত্রি গৌতম দেব। যেভাবে এই উন্নয়নকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন, তাঁর এই ব্যয়বরাদ্দকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই পবিত্র সদনে ২০১৭-১৮ আর্থিক বছরের ৫২ নম্বর দাবীর যে ব্যায়-বরাদ্দ পেশ হয়েছে, সেই নিয়ে দু'-একটি কথা বলতে চাইছি মাননীয় মন্ত্রি মহোদয়কে আপনার মাধ্যমে। স্যার, মাননীয় মন্ত্রি মহোদয় প্রথমেই লিখছেন যে, বাজেটের বহর - ২০১১-১২ থেকে আজ পর্যন্ত কত কোটি টাকা তিনি বাজেট বরাদ্দ করেছেন।

স্যার, আপনার মাধ্যমে আমার প্রশ্ন মাননীয় মন্ত্রি মহোদয়কে, আপনি ২০১১-১২ তে ৪০ কোটি পর পর বছরগুলোতে বাড়াতে বাড়াতে আজকে প্রায় ৪২৮ কোটি ৩২ লক্ষ টাকার একটা বাজেট পেশ করেছেন। কিন্তু স্যার দুর্ভাগ্যের বিষয়, আমরা যখন এই বাজেট বইটা পড়বো, তখন আমাদের মনে হবে যে পর্যটনকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এই সরকারের ভূমিকা বা বাজেট বরাদ্দ একটা ব্যাপক পরিমাণ। আমাদের ভালো লাগছে দেখে বাজেট ইনক্রিজ যখন বলছেন এই হাউসে ডঃ মিত্র - কত পার্সেন্ট বাজেট ইনক্রিস হয়েছে শুনে আমাদের ভালো লাগছে। কিন্তু আবার যখন ডঃ মিত্র আমাদেরকে বইগুলো সাপ্লাই করছেন - বাজেট প্রকাশন নাম্বার ৩, আপনি দেখবেন, এখানে যা লিখেছেন তার সঙ্গে কিন্তু বিগত দিনের বাজেটে টাকার যে সংস্থান, সেই সংস্থান কিন্তু এক নয়। ১০-১১তে ৪০ কোটি ছিল, আপনি খরচ করেছেন মাত্র ১১ কোটি ৫৬ লক্ষ টাকা। ১১-১২ তে ৪৪ কোটি ছিল, খরচ করেছেন মাত্র ৩০ কোটি। ১২-১৩ তে ৯০ কোটি ছিল, খরচ করেছেন মাত্র ৫২ কোটি ৬২ লক্ষ। ১৩-১৪ তে ১২০ কোটি ছিল, খরচ করলেন ৮১.১৭ লাখ। ঠিক একই ভাবে ১৪ ১৫ তে ২২৩ কোটি টাকার বাজেট প্রভিশন আপনি এই বইতে দেখিয়েছেন, খরচ হয়েছে কত? মাত্র ১০১ কোটি ৫৪ লক্ষ টাকা। স্বাভাবিকভাবেই ১৫-১৬ - এ বছর যে বাজেট প্রকাশন দিয়েছেন আপনারা, তাতে উনি বাজেট প্রভিশন দেখিয়েছেন ২৫৭ কোটি টাকা - করেছেন। কিন্তু অ্যাকচুয়াল খরচ কত? ১১৭ কোটি ৪ লক্ষ টাকা। খুব স্বাভাবিকভাবেই যেগুলো দেখানো হচ্ছে, তার সঙ্গে কিন্তু তথ্য মিলছে না অর্থ দপ্তরের। স্বাভাবিকভাবেই বাজেটে যা বলা হচ্ছে, কার্যক্ষেত্রে তা কিন্তু দেওয়া হচ্ছেনা এই দপ্তরকে। একটা সময় ছিল পর্যটন - এখানকার মানুষ তীর্থযাত্রা করতে যেত, অল্পবিস্তর বেড়াতে যেতো মানুষ। কিন্তু পর্যটন দিনে দিনে যে জায়গায় পৌঁছাচ্ছে, আজকে পর্যটন গোটা পৃথিবীব্যাপী একটা বেড়ানোর জায়গা নয়, এটা ইন্ডাস্ট্রিতে পরিণত হয়েছে - ট্যুরিজ্‌ম্ ইন্ডাস্ট্রি। এই ট্যুরিজ্‌ম্ ইন্ডাস্ট্রি এই বেঙ্গলে - বলতে আপত্তি নেই কোথাও। এর আগেও আমি হাউসে বলেছি যে, আগে বামপন্থী বন্ধুরা ছিলেন, আমাদের পাশে আছেন। তাঁরা ট্যুরিজটাকে একটা ভোগবাদের বিষয় মনে করতেন। বামপন্থীদের কাছে বেড়াতে যাওয়া একটা ভোগবাদ। তাই ভোগবাদকে তাঁরা কিন্তু কোনোদিন প্রোমোট করেননি এখানে। এটা এই পশ্চিমবঙ্গে বাস্তব। ভোগবাদকে আটকানোর জন্য, ডিক্টেটরশীপ অফ প্রোলেতারিয়েতকে এস্ট্যাব্লিস্ট করার জন্য ভোগবাদ প্রোমোট হয়নি, ট্যুরিজ্‌ম্ প্রোমোট হয়নি বাংলাতে, এটা বাস্তব সত্য কথা। আস্তে আস্তে আপনারা এসেছেন। এসে কিছু কিছু কাজ করার চেষ্টা করছেন। শুধুমাত্র ট্যুরিস্ট স্পট, এলাকা বাড়ানো, অ্যামেনিটিস্ দেওয়া, সার্ভিস দেওয়া শুধু নয়, আজকের দিনে দাঁড়িয়ে এটা একটা বড় কর্ম সংস্থানের জায়গা। খুব স্বাভাবিক ভাবেই এই কর্মসংস্থানে যদি ১০ লক্ষ টাকা লাগানো যায়, তাহলে দেখা যাবে ১০ লক্ষ টাকাতে ৪৭.৫ জনের চাকরি হচ্ছে, কর্মসংস্থান হচ্ছে। একই ভাবে এগ্রিকালচারে চাকরি হবে কত? ৪৪.৬ জনের চাকরি হয় ১০ লক্ষ টাকায়। ম্যানুফ্যাকচারিং ইউনিটে কত? ১২.৬ জনের চাকরি হয় ১০ লক্ষ টাকা ইনভেস্টমেন্টে। খুব স্বাভাবিক ভাবেই শুধু চাকরির ক্ষেত্রে কর্মসংস্থান নয়, আমাদের ভারতবর্ষে যে কর্মসংস্থান হয় তার ৯% কর্মসংস্থান হচ্ছে এই ট্যুরিজ্‌ম্ ইন্ডাস্ট্রি থেকে। ভারতবর্ষে এই ট্যুরিজম ইন্ডাস্ট্রি ৩৭.৪ লক্ষ মানুষের চাকরি হয়েছে শুধুমাত্র ২০১৫ সাল পর্যন্ত। এটা ২০২৫-এ বেড়ে দাঁড়াবে কত? প্রায় ৪৫.৫৬ মিলিয়ান। আমাদের যত কর্মসংস্থান বাড়ছে, আমাদের ইনকামও তত বাড়বে। ভারতবর্ষের যে অর্থনীতি, তার জি.ডি.পি.-র ৭.২% এই ট্যুরিজ্‌ম্ ইন্ডাস্ট্রি সেক্টর থেকে উঠে আসছে। খুব স্বাভাবিক ভাবেই এই ট্যুরিজ্‌ম্ কে আমাদের প্রোমোট করতে হবে। ট্যুরিজ্‌ম্‌কে আমাদের এগিয়ে নিয়ে যেতে হবে।

[12:50 – 1.00 p.m.]

ট্যুরিজমের যে পারসেন্টেজ, যে রিপোর্টগুলো বেড়োয় ট্যুরিজমের উপরে আমরা যদি দেখি যে আমাদের বাংলা কোন জায়গায় আমরা দাঁড়িয়ে আছি। বিদেশী ট্যুরিস্ট বা দেশী ট্যুরিস্ট, বিদেশ থেকে যারা আসে এবং দেশের অভ্যন্তরীণ ট্যুরিস্ট যারা, সেই জায়গায় এবং এয়ারপোর্টের জায়গায় আজকে যে ই-ট্যুরিস্ট ভিসা যেটা চালু হয়েছে, যদি দু একটা তথ্য দিই, সময় খুব অল্প, দু-একটা তথ্য দিলে বুঝবেন যে আমরা কিন্তু ই-ট্যুরিস্টদের ক্ষেত্রে অর্থাৎ বিদেশ থেকে যারা আসছে কলকাতা এয়ারপোর্ট মাত্র ২০১৫ সালে ১২০৬৪ জন এখানে ই-ট্যুরিষ্ট ভিসা নিয়ে এখানে এসেছেন। হোয়্যার এজ নিউ দিল্লী ১৯৩৪১৪ জন। মুম্বাই ৯০৬৯২, আমরা এইটথ পজিশন ইন ইন্ডিয়া। খুব স্বাভাবিক ভাবেই যদি দেখেন ফরেন এক্সচেঞ্জ আর্নিং অর্থাৎ ফরেন মানি যেটা জমা হয় আমাদের ভারতের কোষাগারে সেখানে যদি দেখেন কত আর্নিং হয়েছে। ভারতবর্ষে ১৩৫১৯৩ কোটি ২০১৫ সালে আমরা ফরেন এক্সচেঞ্জ আর্নিং করেছি। ফরেন ট্যুরিস্ট সব থেকে বেশী এসেছে যেসব দেশ থেকে তার মধ্যে ইউনাইটেড স্টেটস, বাংলাদেশ, ইউনাইটেড কিংডম। তার মধ্যে পারসেন্টেজে যদি দেখেন তাহলে ১৫.১২ হচ্ছে ইউনাইটেড স্টেট, ১৪.১৩ বাংলাদেশ, ১০.৮১ ইউনাইটেড কিংডম। আমি এই কথা কেন বলছি? বাংলাদেশের ট্যুরিষ্টরা সব চেয়ে বেশী আসে কিন্তু এই পশ্চিমবঙ্গে বিভিন্ন কারণে। যে হেথ ট্যুরিজ্‌ম্‌ আছে, এমনি বেড়ানো আছে। একটা নয়, ১৮, ১৯টা ট্যুরিজমে ভাগ আছে, যেগুলোকে প্রোমোট করে এক দিকে কর্মসংস্থান, এক দিকে রোজগার বাড়ানো যায়। এখানে বাংলাদেশের টুরিস্টরা আসে মেনলী হেলথ ট্যুরিজমের। উপরে কারণ এখানে যে চিকিৎসকরা সুনামের সাথে তাঁরা চিকিৎসা করেন, আমরা যে এলাকায় থাকি আমাদের এমএলএ হোস্টেল আমরা দেখি প্রচুর বাংলাদেশী ট্যুরিষ্ট বেশীর ভাগটা আসে হেলথ ট্যুরিজমে নিজের স্বাস্থ্য পরীক্ষা করতে, চেকআপ করতে, অপারেশন করতে, নী- অপারেশন, হার্ট অপারেশন, আই অপারেশন যেগুলো মেজর এখানে আসে। এই জায়গাগুলোতে যদি প্রোমোট করা যায় তাহলে আমাদের ফরেন এক্সচেঞ্জ আর্নিং বাড়বে, আমাদের রাজ্যেরও ইনকাম বাড়বে। ফরেন ট্যুরিস্ট আসার ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গ এখনও 5th পজিশন। কিন্তু আমাদের কি নেই? আমাদের ওই দিকে ডুয়ার্স, ওই দিকে হিল, এদিকে সী, এদিকে ম্যানেগ্রোভ। পশ্চিমবঙ্গ এমন একটা রাজ্য যেখানে মরুভূমি ছাড়া যদি মোস্ট হন্টেড প্লেসও খোঁজেন - মোস্ট হন্টেড প্লেস আজকে ট্যুরিজমের আওতার মধ্যে এসেছে, সেটাও যদি খোঁজেন তাহলে দেখা যাবে পশ্চিমবঙ্গের নাম কিন্তু উপরের দিকে থাকবে। খুব স্বাভাবিকভাবেই ফরেন ট্যুরিস্ট আমরা কিন্তু এট্রাক্ট করতে পারছি না, সেই জায়গায় আমাদের স্থান হচ্ছে পাঁচ। আমরা কত নিয়েছি ১৪৮৯৫০০, ২০১৫ সালে ভিজিট করেছে বেঙ্গল। সেই জায়গায় তামিলনাড় কত ৪৬৮৪০০০, মহারাষ্ট্র কত ৪৪০০০০০, উত্তরপ্রদেশ কত ৩১ লাখ, দিল্লী কত ২৩ লাখ। খুব স্বাভাবিকভাবেই এই সব রিপোর্ট আমাদের কাছে আছে। আমরা কি ভাবে এটাকে প্রোমোট করবো। ডোমেস্টিক ট্যুরিস্ট, ইন্টার স্টেট - আমাদের বাঙালীদের মধ্যে একটা কথা প্রচলন আছে দীপুদা, দীঘা, পুরী, দার্জিলিং এর মধ্যেই আমরা সীমাবদ্ধ থাকবো, এটা ট্যুরিস্ট যারা তারা বলে। আমরা বাইরের রাজ্যে যাই, বাইরের রাজ্য আমাদের এখানে আসে। আমরা যত বেশী জায়গাগুলোকে এ্যাট্রাকটিভ করতে পারবো, এক্সপ্লোর করতে পারবো তত বেশী কিন্তু আমরা এখানে শ্রীবৃদ্ধি ঘটাতে পারবো। কিসের? একদিকে কর্মসংস্থান, একদিকে রাজস্ব বৃদ্ধি। অর্থাৎ এখানকার আর্থসামাজিক পরিস্থিতির একটা পরিবর্তন হবে এই পশ্চিমবঙ্গে আমি মনে করি, এটা। সেই জায়গায় কিন্তু আমরা অনেক পিছনে পড়ে গেছি। পশ্চিমবঙ্গের সব থাকা সত্বেও একমাত্র মরুভূমি বাদে আমরা নাম্বার এইটথ হয়েছি। তামিলনাড়ুতে প্রায়ই দেখবেন যে ৩৩ কোটি, টোটাল পারসেন্টেজে বলছি আমি যে টোটাল ইন্টারস্টেট যে ট্যুরিস্ট আছে তার মধ্যে

২৩.৩% নীচে হচ্ছে তামিলনাড়, উত্তরপ্রদেশ হচ্ছে ১৪.৩, অন্ধ্র হচ্ছে ৮.৫, এই রকম করতে করতে আমাদের শেয়ার আসছে কত? ৪.৫। খুব স্বাভাবিকভাবেই আপনি অনেকগুলি বিষয় এখানে অবতারনা করেছেন যে আমি আপনাকে বলি আমি দু-একটা উদাহরণ দিলে ভালো হবে। স্যার, পশ্চিমী দুনিয়ায় আজকে নতুন নতুন প্লেস উদ্ভাবন করা হচ্ছে যেগুলির সাথে কোন যুক্তি, তর্ক, কোন বিজ্ঞান এর সাথে মিলবে না। এর সাথে মিলবে না। তার সাথে সাথে আমাদের ভারতবর্ষের কিছু জায়গা আছে যেমন হাফ-লঙ্ বলে একটা জায়গা আছে আসামে। যেমন একটা সময় আছে যেমন পাখীরা যায় বছরে তিন মাস, সেখানে পাখীরা সেই পাহাড়ের দেওয়ালে ধাক্কা মেরে আত্মহত্যা করে। সেই জায়গাটা দেখার জন্য নির্দিষ্ট সময়ে ট্যুরিস্টরা সেখানে যায়।

অন্ধ্রপ্রদেশে একটা পুকুর আছে ৫ ফুট গভীর। সেই পুকুরের নীচে যদি পয়সা ফেলে দেন তা আপনি দেখতে পাবেন। এটা একটা বড় টুরিস্ট স্পট করেছে। আবার আর এক দিকে মহারাষ্ট্রে একটা গ্রাম আছে। গ্রামটার নাম হচ্ছে সিঙ্গাপুর। যে গ্রামে কোন দরজা নেই। বিদেশি টুরিস্ট, দেশি টুরিস্টদের এগুলোকে দেখার জন্য সরকার ব্যবস্থা করেছে। এর সাথে সাথে যে কথা বলছিলাম আমি মোস্ট হন্টেড প্লেসের কথা। যে বাংলার দুর্গ। আমরা জানি রাজস্থানে সেখানে দুর্গ দেখিয়ে সেখানকার একটা রাজ্য কিভাবে তার অর্থনীতিকে চাঙ্গা করছে। সবল করেছে অর্থনীতিকে। সেটা আমাদেরকে শিখতে হবে রাজস্থানের কাছে। নিশ্চয়ই আমরা শিখবো। সেরকম যদি বলি হন্টেড প্লেসের কথা সেই হন্টেড প্লেস কিন্তু আমাদের এখানে আছে। রাইটার্স বিল্ডিংটাই হন্টেড প্লেস তালিকায় আমাদের আছে। রবীন্দ্র সরোবর মেট্রো স্টেশন আছে আমাদের। আমরা যদি এগুলো কে এক্সপ্লোর করে করে টুরিজিম ডেস্টিনেশনের আওতায় আনি স্বাভাবিকভাবে আগামী দিনে আমরা নিশ্চতভাবেই এগোবো। আমাদের ক্যালকাটা পোলো ক্লাব দেড়শো বছরের পুরোনো। স্যার, হেরিটেজ ক্লাব। পোলো টুরিজিম গোটা ওয়ার্ল্ডে খ্যাতি লাভ করেছে। আমরা ক্যালকাটা পোলো ক্লাবকেও কিন্তু এগিয়ে দিতে পারি। এরকম অনেক টুরিজিম আছে। সময় নেই বলার, আমি শুধু আপনাকে দুটো জিনিস জিজ্ঞেস করবো। সেন্ট্রাল গভর্নমেন্ট মেগা প্রোজেক্ট ২০০৮-০৯ থেকে গঙ্গা হেরিটেজ রিভার সার্কিট, এর জন্য আপনাকে স্যাংশন দিয়েছিল তারপর টাকাও দিয়েছিল। ২০ কোটি টাকার বাজেট ছিল। এটার অবস্থা কি? ডুয়ার্স-জলপাইগুড়ি ডিস্ট্রিক্টে একটা টুরিজিম সার্কিটের জন্য ৪৬ কোটি টাকা দিয়েছিল। ২৩ কোটি টাকা তার মধ্যে আপনি পেয়েছিলেন। কলকাতা হেরিটেজ এ্যান্ড রিভার ফান্ড মেগাটুরিজিম প্রোজেক্ট আইডেন্টিফায়েড হয়েছে। এগুলো কোন অবস্থার মধ্যে আছে? সাথে সাথে আমি বলবো, আমার জেলা মুর্শিদাবাদ, বলেছেন তিনি। ২০০৮-০৯ সালে আমাদের মুর্শিদাবাদে টুরিজিম ডেভলপমেন্টের জন্যে একটা টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট দিয়েছিল। মুর্শিদাবাদে আমরা সেই টাকাটা খরচও করেছি। বিভিন্ন আহিরণ আছে, লালবাগ আছে, আমাদের কান্দী আছে, কান্দী কর্ণ-সুবর্ণ টুরিজিম সার্কিট আছে। সেই টাকা ৫০% আমরা খরচ করেছি। এখন কাজ শেষ করতে গিয়ে সব টাকা খরচ করা হয়েছে। কিন্তু স্যার, ৫০% টাকা আমরা এখনও পেলামনা। এটা মাননীয় মন্ত্রিকে বলবো যাতে সেই টাকাটার ব্যবস্থা করা যায়। মুর্দিদাবাদ টুরিজিমের একটা রিচ জায়গা। এই জায়গাটাকে ডেভলপ করার জন্য আরো নতুন পরিকল্পনা গ্রহণ করার আমি আবেদন করবো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী গৌতম দেব : মাননীয় স্পীকার মহোদয়, আজকে ৫২ নম্বর যে ডিমান্ড টুরিজিম। ডিপার্টমেন্টের কোন কাট মোশান ছাড়া এই বাজেট বরাদ্দ অনুমোদনের জন্য আমি এই পবিত্র সদনে সমস্ত সদস্য-সদস্যা যাঁরা উপস্থিত আছেন তাঁদের কাছে অনুরোধ করবো। সাথে সাথে যাঁরা আজকে এই বাজেট বিতর্কে অংশ নিয়েছেন, অনেকগুলো বিষয় দৃষ্টিপাত করেছেন তাদের

আমি সবাইকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাই। বর্তমান সরকার রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে দীর্ঘদিনের যে অনুন্নয়ন এবং দিশাহীন অন্ধকার সেখান থেকে আলোকে উত্তোলনের জন্য - অন্ধকারের উৎস হতে উৎসারিত আলো,

সেই তো তোমার আলো সকল দ্বন্দ্ব বিরোধ মাঝে

জাগ্রত যে ভালো সেই তো তোমার আলো।

সমস্ত দ্বন্দ্ব বিরোধের মাঝখানে দাঁড়িয়েও রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী রাজ্যের উন্নয়নের স্বপ্নকে সাকার করার জন্য নিরন্তর প্রয়াস চালাচ্ছেন। রাজ্যের মাননীয় অর্থমন্ত্রীর পেশ করা পর্যটন দপ্তরের বাজেট সেই উন্নয়নের দিশায় নতুন করে পথ দেখাবে। এটা আমরা বিশ্বাস করি এবং সেই -বিশ্বাসকে সামনে রেখে এই আনন্দ কর্মযজ্ঞে রাজ্যের সমস্ত মাননীয় বিধায়ক, জনপ্রতিনিধি সবার সক্রিয় অংশ গ্রহন, সহযোগিতা এবং সমর্থন একান্তভাবে কামনা করি।

[1:00 – till Recer.]

যে বাজেট বরাদ্দ আমাদের এখানে পর্যটন দপ্তরে রাখা হয়েছে পর্যটনের উন্নয়নের যে প্রাথমিক কতগুলো শর্ত আছে, সেই শর্তগুলো যদি পূরণ না হয়, তাহলে পরিকাঠামো উন্নয়ন যতটাই করি না কেন, সেই উন্নয়ন মানুষের কাছে পৌঁছবে না। প্রথম শর্ত হচ্ছে যে, law and order আইনশৃঙ্খলা, শান্তিশৃঙ্খলা এটা যদি ঠিক না থাকে যদি বিঘ্নিত হয়, তাহলে সেখানে পর্যটনের যে দিশা সঠিকভাবে সেটা বাস্তবায়িত হতে পারে না। কোনো পর্যটক পয়সা খরচ করে অশান্তি নিতে অনিশ্চয়তার মধ্যে আসতে আগ্রহী হবেন না। বিগতদিনে যেভাবে জঙ্গলমহল থেকে দার্জিলিং যে অশান্তির বাতাবরণের মধ্যে দিয়ে রাজ্য পরিচালিত হয়েছিল, পর্যটকরা স্বাভাবিকভাবে বাংলার পর্যটন শিল্পের যে ব্যাপক সম্ভাবনা যে ভূমিকা থাকার কথা ছিল তা থেকে মানুষ মুখ ঘুরিয়ে নিয়েছিল। তার জন্য বাংলার পর্যটনকে পর্যটন শিল্প হিসেবে পরিণত করতে গেলে, যে political will দরকার যে ভাবনা যে চিন্তা দরকার সেটা আমরা পশ্চিমবঙ্গের পর্যটন দপ্তর পরিচালনা করবার ক্ষেত্রে বিগত সরকারের সেই রাজনৈতিক সদিচ্ছার সম্পূর্ণ অভাব আর্যরা দেখেছি। তাই নামমাত্র কিছু বাজেট বরাদ্দ রেখে দিয়ে কোনোভাবে পর্যটন দপ্তরকে জিইয়ে রেখে দিয়ে তাঁরা পশ্চিমবঙ্গের পর্যটনের যে অপার সম্ভাবনা পশ্চিমবঙ্গকে বিশ্বের সেরা গন্তব্যস্থল হিসেবে পরিণত করার যে ব্যাপক সম্ভাবনা ছিল সেই সম্ভাবনার মূলে কুঠারাঘাত করা হয়েছে।

রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ২০১১ সালে ক্ষমতায় আসার পর নূতন সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর এই পর্যটন শিল্পকে তার উন্নয়ন তার বিকাশ ঘটানোর জন্য যে প্রাথমিক শর্তগুলো আমাদের পূরণ করতে হবে একটা আইনশৃঙ্খলা সেটা আজকে জঙ্গলমহল বাঁকুড়া, পুরুলিয়ার বিস্তীর্ণ অঞ্চল বা আমাদের পাহাড় অথবা ডুয়ার্স। সেখানে অপরিমেয় শান্তি বিরাজ করছে। যেটা পর্যটন শিল্পের উন্নয়নের ক্ষেত্রে প্রাথমিক শর্ত। দ্বিতীয়ত হচ্ছে যোগাযোগ ব্যবস্থা। যে যোগাযোগ ব্যবস্থা তিনি যখন রেল মন্ত্রি ছিলেন, তখন দীঘা থেকে শুরু করে পুরুলিয়া, উত্তরবঙ্গ, বিভিন্ন জায়গায় rail connectivity-কে অনেকটা ভালো করা হয়েছিল অনেক বেশি যোগাযোগ ব্যবস্থা পর্যটন কেন্দ্রগুলোর সাথে করা হয়েছিল। তৃতীয়ত road connectivity। যে অসম্ভব road connectivity ছিল আমাদের মাননীয় স্পীকার আপনি নিজেও ভূক্তভোগী, আপনি যখন গিয়েছিলেন জলদাপাড়ার দিকে ওই ভয়াবহ রাস্তায় আপনি ওই জায়গাতে পৌঁছতে পারেননি। আপনাকে ফিরে আসতে হয়েছিল। ওই ভয়াবহ রাস্তা চাসনালা খনির থেকেও খারাপ অবস্থা ছিল। সেই অবস্থা থেকে সেই road connectivity-কে কয়েক

বছরের চেষ্টায় পূর্তদপ্তর এবং অন্যান্য দপ্তরের সহায়তায় পশ্চিমবঙ্গের পর্যটন কেন্দ্রগুলোতে পৌঁছনোর জন্য যে road connectivity সেই road connectivity-র অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। যাতে পর্যটকরা free ভাবে আসতে পারেন। তারা নিরুপদ্রবে সেই পর্যটন কেন্দ্রগুলোতে পৌঁছতে পারছে। তার সাথে road transport ব্যবস্থা নূতন ঝাঁ চকচকে বাস সেই জায়গাগুলোতে তাদের পৌঁছনোর ক্ষেত্রে সহায়ক ভূমিকা নিচ্ছে। সাথে water ways এবং বিমান পরিষেবার ক্ষেত্রে অভূতপূর্ব উন্নতি করেছে বাগডোগরা। ২৪ একর জমি রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা Airport Authority-কে দিয়েছি। সেখানে নৈশকালীন বিমান অবতরণের জন্যে এবং রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি তাঁর প্রচেষ্টায় ৪.৩০টায় যে বিমানবন্দর আর্মি বেস এয়ারপোর্ট বন্ধ হয়ে যেত সেটা রাত্রি ১০.৩০ অবধি বিমান অবতরণের সুযোগ সুবিধা তিনি সম্প্রসারিত করেছেন। তাই যে বিমান বন্দরে আগে নামমাত্র মানুষ আসা যাওয়া করতো সেখানে ১০ লক্ষ এবং তার পরের বছর সেখানে ১২ লক্ষ মানুষ সেই বিমান বন্দরকে ব্যবহার করেছেন, যাত্রী আসা যাওয়া করেছে।

এবং আগামী আর্থিক বর্ষে সেটা ১৪ লক্ষ্যয় পৌঁছে যেতে পারবে, এটা আমরা বিশ্বাস করি। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পর্যটন দপ্তরে ট্যুরিজিম পলিসি তৈরী করেছি। আমরা এই পর্যটন শিল্পে সহায়কের ভূমিকা নেওয়ার জন্যে ইনসেনটিভ পলিসি তৈরী করেছি। হোম স্টে ট্যুরিজিমকে আমরা ব্যাপকভাবে প্রাধান্য দিতে চাই এবং প্রাধান্য দেওয়ার ক্ষেত্রে আমাদের সোসিও ইকনমিক কন্ডিশান সেটার ডেভলাপমেন্টের ক্ষেত্রে আজকে হোম স্টে ট্যুরিজিমগুলো একটা ব্যাপক গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। আমরা তার জন্য হোম স্টে ট্যুরিজিম পলিসি আনছি যেটা আমাদের ফাইনান্স ডিপার্টমেন্টের অনুমোদনের অপেক্ষায় আছে। আমরা রেগুলেশানস আনছি যে এ্যাডভেঞ্চার ট্যুরিজিম সেটাকে আরো বাড়ানোর জন্য। আমরা এয়ারপোর্টগুলো - কোচবিহারের এয়ারপোর্ট এর জন্য রাজ্য সরকার ১৫কোটি টাকা দিয়েছেন। বালুরঘাটে নতুন এয়ারপোর্ট তৈরি হচ্ছে।। মালদায় সম্ভাবনা খতিয়ে দেখা হচ্ছে এবং হেলি সার্ভিস বিভিন্ন জায়গাতে চালু করার প্রচেষ্টা নেওয়া হয়েছে যাতে ট্যুরিস্টরা নানানভাবে সহজে বিভিন্ন জায়গায় যেতে পারেন। শুধু সরকারি ব্যবস্থা নয়। আজকে যদি মানুষ পশ্চিমবঙ্গে না আসেন পর্যটক তাহলে বিদেশী নিয়োগকারীরা তারা এখানে ট্যুরিজিমে নিশ্চয় নিয়োগ করতে আসবেন না। আমরা দেখতে পেয়েছি যে বিগত বছরগুলোতে এখানে নানান ধরণের ট্যুরিজিমের ক্ষেত্রে নতুন নতুন বিনিয়োগ এসেছে। এখানে তাজ বেঙ্গল, তারা এখানে আমাদের উত্তরবঙ্গে - একটা প্রপার্টি তারা ম্যানেজ করবেন, মে ফেয়ার গ্রুপ তারা কতকগুলো হোটেল ম্যানেজমেন্টে এসেছে, ম্যারিয়াস তারা কোলকাতার কাছে তাঁরা তাদের হোটেল ম্যানেজমেন্টে এসেছেন এবং উত্তরবঙ্গে আসছেন এবং এছাড়াও সুইস গ্রুপ, নবতেল এবং অন্যান্য আরো পাঁচতারা হোটেল, বাজেট হোটেল এবং অন্যান্য নানান ধরণের ইনভেস্টমেন্ট, সেই ইনভেস্টমেন্টগুলো আসছে। রাজ্য সরকার দার্জিলিং থেকে দীঘা, কোচবিহার থেকে কাকদ্বীপ আমরা পর্যটনে নতুন নতুন দিশা, নতুন নতুন পথ, নতুন নতুন এভিনিউজ, আমরা সেগুলোকে এক্সপ্লয়েট করার চেষ্টা করছি। সেই সম্ভাবনাকে নিয়ে ওয়ার ফুটিংএ আমরা, কাজ করছি পশ্চিমবঙ্গে। দার্জিলিং এর টাইগার হিলে আপনারা শুনলে খুশি হবেন মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে সেখানে আমাদের পর্যটন আবাস তৈরি হচ্ছে এবং আগামী দিনে সূর্যোদয় দেখতে মানুষকে দার্জিলিং থেকে যেতে হবেনা, টাইগার হিলে বসেই তাঁরা সেই সূর্যোদয় দেখতে পাবেন। কালিম্পং-য়ের ডেলোতে আমরা নতুন করে পর্যটন কেন্দ্র গড়ে তুলছি। আমরা দাজিলিং, কার্শিয়াং এবং অন্যান্য যে সমস্ত জায়গাগুলো আছে পাহাড়ে, সেই জায়গাগুলোতে আমরা নতুন নতুন পর্য্যটনের ক্ষেত্রে আমরা কাজ শুরু করেছি।

মিঃ স্পীকার : প্লিজ, আর কতক্ষণ?

শ্রী গৌতম দেব : আমাকে আর ৫ মিনিট দিন, আমি শেষ করে দেবো।

মিঃ স্পীকার : ঠিক আছে, আমাদের বি এ কমিটির মিটিং আছে, মাননীয় মন্ত্রি আপনাকে ৫ মিনিট সময় দিলাম, প্লিজ বলুন।

শ্রী গৌতম দেব : পাহাড়ের সাথে সাথে আমরা ডুয়ার্সের বিভিন্ন জায়গায় ইতিমধ্যেই টিলাবাড়ী, বাতাবাড়ী, পশ্চিম ডামডিম, চামুর্চি প্রভৃতি জায়গায় আমরা ট্যুরিজিম ডেভলাপমেন্টের ক্ষেত্রগুলো আমরা তৈরি করেছি। এবং আপনারা জেনে খুশি হবেন যে বেঙ্গল সাফারি যে ন্যাচারাল সাফারি 297 acres of land-র উপরে আমরা তৈরী করেছি যেটা অপারেশানাল হয়েছে। গত ২১শে জানুয়ারী, ২০১৬তে, মাননীয়া মুখ্যমন্ত্রী উদ্বোধন করেছিলেন, সেটা আজকে পর্যটকদের একটা ফেবারিট ডেস্টিনেশান, সেই জায়গাটা হচ্ছে। পি পি পি মোড়ে আমরা সবুজ দ্বীপ, ঝড়খালি এবং সাথে সাথে আমরা ভোরের আলো, গজলডোবা এই তিনটি জায়গাতে মেগা ট্যুরিজিম ক্ষেত্র তৈরি করছি। ডুয়ার্সে যেগুলো - ডুয়ার্সের ক্ষেত্রে এবং অন্যান্য জায়গায় পুরুলিয়ায়, অযোধ্যা পাহাড়ে আমরা রোপওয়ে পরিকল্পনা নিচ্ছি। আপনার জেলায় আসছি। অযোধ্যায় আপার ড্যামে সেখানে পর্যটন কেন্দ্র আমরা করছি এবং পুরুলিয়ায় রোপওয়ের কাজ, সেই কাজ চলছে, রোপওয়ে পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে হবে। মুকুটমণিপুরে আমরা এক্সপ্লয়েট করছি অপরচুনিটি এবং বকসায় আমরা রোপওয়ে তৈরি করবার কাজ করছি। ওয়াটারওয়েজ দিয়ে, যাতে জলপথে নতুন করে পর্যটনের সম্ভাবনা করা যায়, তার জন্য আমরা নতুন নতুন হাউসবোট তৈরি করবার জন্য, রাজ্য পর্যটন দপ্তর থেকে ব্যবস্থা গ্রহণ করেছি।

আপনারা জেনে খুশি হবেন যে এই প্রথম গত আর্থিক বছরে যে কারণে পর্যটন উন্নয়ন নিগম ৪.৩ কোটি সমস্ত রেভিনিউ এক্সপেন্ডিচারের পরে তারা সারপ্লাস বাজেট নিয়ে এসে সেই আর্নিংটা আজকে প্ল্যান হেডে খরচ করতে পারছি। সেটা এই বছর ডি মানিটাইজেশানের পরেও আমরা সেটা প্রায় ৮ কোটি টাকার মধ্যে নিয়ে যেতে পারব। প্রায় ১০০ শতাংশ আমাদের রাজস্ব আদায় বৃদ্ধি হয়েছে। যেটা আমরা সারপ্লাস করতে পেরেছি, যেটা বামফ্রন্টের আমলে কোনোদিন সম্ভব হয়নি। তাই পর্যটনের নতুন নতুন দিকগুলি উন্মোচিত করা, নতুন নতুন বিষয়গুলিকে নিয়ে এগিয়ে যাওয়া এবং সাথে সাথে কর্মসংস্থানের নতুন দিগন্তকে উন্মোচিত করা পর্যটন দপতরের মাধ্যমে আমরা এই কাজগুলি করছি। আগামীদিনে এই কাজগুলো আরো ত্বরান্বিত করতে পারব এইটা বিশ্বাস-করি। তাই সবার কাছে আমরা আবেদন জানাব কাট মোশান ছাড়া এই পর্যটনের ৫২ নং ডিমান্ডকে সবাই আপনারা সমর্থন করবেন। এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

Mr. Speaker: Now, I put the cut motion to vote.

The question before the House is the cut motion moved by Shri Asit Mitra. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe".

(Voices : Noes)

Noes have it, noes have it.

The cut motion is lost.

Now, I put the main motion moved by Dr. Amit Mitra that a sum of Rs.428,32,35,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads: "2250 - Other Social Services, 2551 - Hill Areas, 3451 - Secretariat - Economic Services, 3452 - Tourism and 5452 - Capital Outlay on Tourism" during the year 2017-18.

As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe".

(Voices : Ayes)

Ayes have it, Ayes have it.

Demand No. 52 is passed, Demand No. 52 is passed.

(At this stage the House was adjourned till 2 p.m. today)

Discussion on Demand Nos. 15 and 70

Mr. Speaker : Demand No. 15 relates to School Education Department and Demand No. 70 relates to Higher Education Science & Technology and Bio-Technology Department. There are two cut motions to Demand No. 15 and four cut motions to Demand No. 70. All the cut motions are in order and taken as moved. Discussion of both the demands will be taken up together but the voting will be done separately.

Demand No.15

Shri Asit Mitra : Mr. Speaker Sir, I beg to move that the amount of the Demand be reduced by Re. 1/-.

Shri Anisur Rahaman : Mr. Speaker Sir, Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

Demand No.70

Dr. Sujan Chakraborty : Mr. Speaker Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

[2:00 – 2:10 p.m.]

শ্রী আশিস মার্জিত : স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় ২০১৭-১৮ শিক্ষা বর্ষে বিদ্যালয় শিক্ষাখাতে যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব উত্থাপণ করেছেন সেটাকে আমি সমর্থন করতে পারছি না, তাই দু-একটি কথা বলার চেষ্টা করছি। স্যার আমরা জানি, 'শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব, বিপ্লব আনে মুক্তি।' সেই শিক্ষাকে নিয়ে গতকালের বর্তমান পেপারে যে খবরটা বেরিয়েছে সেটা আমি পড়ে শোনাচ্ছি - 'জলপাইগুড়িতে শিক্ষক নিয়োগ তালিকায় বহু তৃণমূল নেতার আত্মীয়ের নাম নিয়ে বিতর্ক।' এখান থেকেই বুঝতে পারছি স্যার, শিক্ষক নিয়োগে স্বজন-পোষণ, দলতন্ত্র এবং টাকা তোলার যে খেলা চলছে, তাতে দিদিমণির গণতন্ত্রের যে গল্প সেটা ধূলিস্যাৎ হয়ে যাচ্ছে। গণতন্ত্র না তলায় তলায় ষড়যন্ত্র, সেটা আমার মাথায় আসছে

না। টেট নিয়ে যে দূর্নীতি হয়েছে তার সি.বি.আই তদন্ত আমরা দাবি করছি। আপনি নিজে বলেছিলেন, যারা টাকা নিয়েছিলেন তারা টাকা ফেরৎ দেবেন। আপনার স্বচ্ছতা প্রমাণ করার জন্য আপনি সি.বি.আই তদন্ত করুন। কালকের খবরের কাগজে যে খবরটা বেরিয়েছে সেটা আমি বললাম,এই রকম অনেক জায়গায় এই উদাহরণ আছে। স্যার, বীরভূম, নদীয়া,বাঁকুড়া বিভিন্ন জায়গায় দশ-পনেরো দিন স্কুলে চাকরি করার পরে, তাদেরকে বলা হচ্ছে তোমার নিয়োগ পত্র বাতিল। DPSE-র চেয়ারম্যান যে চিঠি দিচ্ছেন, তাতে কোন মেমো নাম্বার বসানো নেই। সেইজন্য আমরা আমাদের দলের তরফ থেকে এই ব্যাপারে সি.বি.আই তদন্ত দাবি করছি এবং টেটের তালিকা প্রকাশ করার দাবি করছি। উচ্চ প্রাথমিক বা আপার প্রাইমারির ব্যাপারটা আপনি এই বাজেট বইতে উল্লেখ করেছেন, ২০১৫ সালে এই পরীক্ষায় আবেদন করেছিল ৫ লক্ষ ৪৩ হাজার ৯০০ জন পরীক্ষার্থী। পরীক্ষা হয়েছিল ১৬ই আগষ্ট ২০১৬ তারিখে। কমিশান দ্বারা যে রেজাল্ট প্রকাশিত হয়েছে ১৪.৯.২০১৬ তারিখে। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার প্রশ্ন, কতজন উচ্চ প্রাথমিকে পাশ করল তার সংখ্যা আপনি দেননি। কি কারণে দেননি সেটা আমি বুঝতে পারছি না। দিলে হয়তো আপনাদের অসুবিধা হতো, না আন্ডারগ্রাউন্ডে আন্ডারস্ট্যান্ডিং করার জন্য দেননি, এটা স্যার আমি বুঝতে পারছি না। স্যার, শিক্ষক ও শিক্ষাকর্মীদের ডি.এ আজকে ৫০% বাকি আছে।

যারা শিক্ষার সাথে যুক্ত - যারা মাধ্যমিক,প্রাথমিক,উচ্চ মাধ্যমিকের সঙ্গে যুক্ত তাদের যে ৫০ পারসেন্ট ডি.এ. বাকি, সেই ডি.এ. দেওয়ার জন্য আমি তাড়াতাড়ি অনুরোধ রাখছি, দাবি রাখছি। সেই সঙ্গে যারা কলেজের শিক্ষক, যারা মহাবিদ্যালয়ের শিক্ষকতা করে তাদের আপনি অবসরের বয়স ৬২ বছর করলেন। কিন্তু যারা প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকে শিক্ষকতা করছে তাদের বয়স আপনি ৬০ বছর রেখেছেন। আমি অনুরোধ করব,প্রাথমিক,মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের শিক্ষকদের অবসরের বয়স আপনি ৬২ করুন। আপনি এখনও পর্যন্ত এসএসসি'র রেজাল্ট বের করতে পারলেন না এবং কবে বের করবেন, আপনি উল্লেখ করেননি এই বই'তে। গ্রুপ-ডি এবং গ্রপ -সি'এর ক্ষেত্রে যে পরীক্ষা হয়ে গেল তার রেজাল্ট কবে বেরোবে? বিভিন্ন স্কুলে গ্রুপ-ডি'এর ভ্যাকেন্সি আছে যার জন্য স্কুলগুলো অকেজো হয়ে যাচ্ছে, অনেক সাফার করছে। তাই স্যার, অনুরোধ করব, আপনি নিশ্চয় বলবেন যে গ্রুপ-ডি'এর রেজাল্টটা আপনি কত দিনের মধ্যে দেবেন এবং যত তাড়াতাড়ি সম্ভব রেজাল্ট বের করে নিয়োগ করবেন। স্যার, আপনি বলেছেন আউট অফ চিলড্রেন,আউট অফ স্টুডেন্ট। সেই আউট অফ চিলড্রেন বা ড্রপ আউট। এই ড্রপ আউটটা কমানোর জন্য আপনি চেষ্টা করছেন, তার জন্য সাধুবাদ জানাই। কিন্তু এখানে ক্লাস V এ ভর্তির ক্ষেত্রে যে রেসট্রিকশান আপনি করেছেন, যে দশ থেকে এগারো বছরের ছেলে-মেয়েরা এখানে ভর্তি হতে পারবেন এবং এলাকার মেমো নম্বর সহ আমি দিতে পারি। আমার সময় শেষ, সময় - বেশিক্ষণ নাই। আপনি যেগুলি উল্লেখ করেছেন এবং টার্গেট রেখেছেন - সেই টার্গেটে পৌঁছাতে গেলে আপনার যে অ্যাডমিশানের বয়স রেসট্রিকশান, সেই রেসট্রিকশান রাখলে, আপনি এই টার্গেটে পৌঁছাতে পারবেন না। এই ক্ষেত্রে আপনার ভাবনা বাস্তব এটা করতে আপনি ব্যর্থ। অতএব শিক্ষা ব্যবস্থা ধ্বংস হয়ে যাচ্ছে। বেসরকারী এবং সরকারী মিলিয়ে প্রায় ৮৩ হাজার বিদ্যালয় আছে। সেখানে অনেক ছাত্র-ছাত্রী পড়াশোনা করছে। ছাত্র-শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আপনার যে ঢিলেমি, গাফিলতি তাতে স্কুলগুলো মার খাচ্ছে। তাই যদি খুবই তাড়াতাড়ি আপনি বেশি বেশি সংখ্যক শিক্ষক নিয়োগ এবং আরও বেশি কিছু। সেকেন্ডারী স্কুল আপনি খুলতে পারেন,তাহলে পশ্চিমবঙ্গবাসি উপকৃত হবে। আপনাকে নিশ্চয় সাধুবাদ জানাব, আমি একজন শিক্ষক হিসাবে। মাননীয় মন্ত্রি নিজে আপনি স্বীকার করেছেন, যে শিক্ষকের অভাবে অনেক উচ্চমাধ্যমিক স্কুলে ছাত্র-ছাত্রীদের ভর্তি করা যায়নি। কেন যে

ভর্তি করা যাচ্ছে না, সেই দায়িত্ব, সেই - লায়েবিলিটি আপনাদের। আপনি যথাসাধ্য চেষ্টা করে তাড়াতাড়ি টেটের বা এসএসসি'র রেজাল্ট'টা বের করে,শিক্ষক নিয়োগ করে যাতে গ্রাম-বাংলার ছেলে-মেয়েরা অ্যাডমিশানের সুযোগ পায় তার ব্যবস্থা করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী কালীপদ মন্ডল : মাননীয় শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় অভিযোজন ১৫, বিদ্যালয় শিক্ষা ব্যয় বরাদ্ধ প্রস্তাব উপস্থাপন এবং অভিযাজন নম্বর ৭০ - উচ্চশিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি বিভাগ খাতে যে ব্যয় বরাদ্ধের প্রস্তাব রেখেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করে, কয়েকটি কথা বলছি। আমার পূর্ব বক্তা আশিস মার্জিত বলছিলেন, 'শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব।' কিন্তু সেই বিপ্লব যদি হিংসাত্মক হয়, সেই বিপ্লব যদি ধ্বংসাত্মক হয়, সেই বিপ্লব যদি রক্তক্ষয়ি সংগ্রামে পর্যভূষিত হয়, শিক্ষার অঙ্গনকে কলুষিত করে, সেই শিক্ষার সঙ্গে কিন্তু সাযুজ্য নয়। তাই সার্বিক ভাবে আমি বলতে চাই যে, যেহেতু শিক্ষা কেন্দ্র এবং রাজ্য যুগ্ম তালিকায় অবস্থিত। রাজ্য সরকারের পক্ষেও কিছু শিক্ষার উন্নয়ন ঘটাতে গেলে বাধ্যবাধকতা থেকে যায়। তবুও এই সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় তিনি যে সাফল্যের সূচনাটা করেছেন, সেটা ধন্যবাদ যোগ্য। আমি বলি, যে আগে আমরা দেখেছি যে শিক্ষা ব্যবস্থা - আর এখন আমরা দেখছি শিক্ষা ব্যবস্থাপনা। যে পাঠ্যসূচি এবং পাঠ্যক্রমে পরিবর্তন ২৩৫ টি নতুন শিরোনামে মনোগ্রাহী ও চিত্তসমৃদ্ধ পাঠ্যপুস্তক তৈরি করে ছাত্রদের পঠন পাঠনের অনুকূল পরিবেশ তৈরি করার একটা চেষ্টা করা হয়েছে।

[2:10 – 2:10 p.m.]

০২.০১.২০১৭ তারিখে পুস্তক দিবস পালনের মাধ্যমে বিনা মূল্যে পাঠ্য পুস্তক প্রদান করা হয়েছে। মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য টেস্ট পেপার দেওয়া হয়েছে এবং মিড - ডে - মিল-এর ক্ষেত্রে একটা অসামান্য সাফল্য এসেছে। প্রাথমিক বিদ্যালয় যদি আমরা দেখি ৭৪ লক্ষ ৩৮ হাজার ৩৮৯ জনের মধ্যে ৭১ লক্ষ ১৭ হাজার ৪০৫ জনকে মিড-ডে-মিল-এর আওতায় আনা গেছে প্রায় প্রাথমিক বিদ্যালয়ে, প্রায় ৯৫%। উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ৪৯ লক্ষ ৭৯ হাজার ৩৬১ জনের মধ্যে ৪৮ লক্ষ ২০ হাজার ৯৭৭ জন, প্রায় যেটা ৯৬% ছাত্র-ছাত্রীকে মিড ডে মিলের আওতায় আনা হয়েছে। আমরা যদি বিদ্যালয় হিসাবে দেখি, ৬৭ হাজার ৬৫০ টি প্রাথমিক বিদ্যালয় মাদ্রাসা সহ১০০% কভারেজ হয়েছে। আপার প্রাইমারী স্কুল ১৬ হাজার ১৫৯ টি, হ্যান্ড্রেড পারসেন্ট কভারেজ হয়েছে। এছাড়াও থালা, গ্লাস, প্লেট, ৯৩.৬৬ কোটি টাকা ব্যয় বরাদ্দ হয়েছে। যার মধ্যে ৫৮.৩৭ কোটি টাকায় ৬৭.৭১ লক্ষ খাবার বাসন দেওয়া হয়েছে। জঙ্গলমহল, সুন্দরবন, চা বাগান এলাকায় ৪৩৪ টি রান্নাঘর এবং ১৫৭০ টি খাবার ঘর তৈরি করা সম্ভব হয়েছে। রাজ্য সরকার রাঁধুনী এবং হেল্পারদেরও ৫০০ টাকা সাম্মানিক হিসাবে ঘোষণা করেছেন। প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের ৫১ লক্ষ ১৯ হাজার এবং ৫৫৩ জন জন ছাত্র-ছাত্রীকে জুতা বিতরণ করা হয়েছে। পঞ্চম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত ৬১ লক্ষ ছাত্র-ছাত্রীদের ব্যাগ বিতরণের প্রস্তাব রয়েছে। স্বাস্থ্য সচেতনতা কর্মসূচিকে সামনে রেখে নির্মল বিদ্যালয় অভিযান চালু হয়েছে। অন্ লাইন বেতন প্রদান পদ্ধতি চালু হয়েছে। ১ লক্ষ ৫২ হাজার ৯০৬ জন প্রাইমারী ও ২ লক্ষ ৯ হাজার ৯৫৫ জন মাধ্যমিক কর্মীর বেতন অন লাইনের মাধ্যমে হচ্ছে। শিক্ষায় পিছিয়ে পড়া ব্লকে মডেল স্কুল স্থাপন করা হয়েছে। ৯৬ টি মাধ্যমিক থেকে উচ্চ মাধ্যমিক এবং ৫১ টি জুনিয়র স্কুল থেকে মাধ্যমিকে উন্নীত করা হয়েছে। এছাড়াও লাইব্রেরি এবং ল্যাবরেটরী অনুদান, মিড ডে মিলের জন্য ডাইনিং হল নির্মাণ, নতুন বিদ্যালয় ভবন নির্মান, নতুন বিদ্যালয় অনুমোদন, অতিরিক্ত শ্রেণি কক্ষ নির্মাণ, পানীয় জলের ব্যবস্থা, শৌচাগার নির্মাণ, দারিদ্র্য সীমার নীচে থাকা নবম, দশম শ্রেণীর ছাত্রীদের

উৎসব ভাতা বাৎসরিক ১২০০ টাকা করে দেওয়া হচ্ছে। ছাত্র ছাত্রীদের মোট ২০ লক্ষ ৭৯ হাজার ৭১৯ জন ছাত্র-ছাত্রীদের দু' সেট পোশাকের জন্য মাথা পিছু ৪০০ টাকা করে দেওয়া হচ্ছে। এই যে পরীক্ষার্থীর সংখ্যা আমরা দেখছি উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে, ১৯৭৮ সালে যেটা ৬০ হাজার ছিল, বর্তমানে ৮ লক্ষে পৌঁছেছে। স্কুল ১৬০০ থেকে বৃদ্ধি পেয়ে আজকে ৭ হাজার হয়েছে। ২০১১ -তে মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১০ লক্ষ ৫ হাজার ৪১৪ জন। ২০১৬ সালে সেটা বর্ধিত হয়ে হয়েছে ১১ লক্ষ ৫৫ হাজার ১৫৬ জন। সব থেকে বেশী লক্ষ্যণীয় বিষয়, বর্তমান বছরে মহিলা অথাৎ বালিকাদের সংখ্যা যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পেয়েছে। নারী শিক্ষার প্রগতি ঘটেছে। এছাড়াও শিক্ষক/শিক্ষিকা মন্ডলীর কাছে আপনারা বলবেন ডি এ দিতে পারেন নি। সেটা আপনাদের পাপের ফল, আমাদের সরকারের উপর বর্তাচ্ছে। এছাড়াও শিক্ষকদের বিভিন্ন ধরণের সুযোগ করে দেওয়া হয়েছে। আগে দেখতাম আমরা, কালকেই বর্তমানে দেখছিলাম ৪০০ কিলোমিটার দূর থেকে যাতায়াত করে তাকে স্কুলে যেতে হয়। হাইকোর্টে কেস করেছিলেন এবং তিনি রায় পেয়েছেন। তার আগেই আমাদের সরকারের জেনারেল ট্রান্সফারের ব্যবস্থা করেছেন।

জেনারেল ট্রান্সফারের মাধ্যমে দূরবর্তী স্থান থেকে তার কাছে নিকট বাসস্থানে তাদের আসার সুযোগ করে দেওয়া হয়েছে। আমাদের বিরোধী বন্ধুরা এগুলো দেখতে পাচ্ছেন এছাড়া আন্ত-জেলা বদলিও চলছে - মিউচুয়াল ট্রান্সফার। সেটা তো আগে থেকেই ছিল, এখনও সেই মিউচুয়াল ট্রান্সফারের ব্যবস্থা আছে। এছাড়াও যাঁরা মা-বোনেরা শিক্ষকতা করেন তাঁদের ম্যাটারনিটি লিভ এবং চাইল্ডকেয়ার লিভ সেটা দেওয়া হয়েছে। এটা ভালো কথা। কিন্তু এই চাইল্ডকেয়ার লিভ নিয়ে বিভিন্ন ধরনের সুযোগ নেওয়ার প্রবনতা বাড়ছে যেটা স্কুল সাফার করছে। মার্জিতবাবু ওটা জানেন যে, প্যাটারনিটি লিভেরও ব্যবস্থা হয়েছে। আপনি যেহেতু শিক্ষক, তাই আপনিও পাবেন। ছাত্র-ছাত্রীদের আনুপাতিক হারে নিয়োগের ক্ষেত্রে। আরও বেশি করে সতর্ক এবং সজাগ থাকতে হবে। এমন অনেক স্কুল আছে যেখানে ছাত্র-ছাত্রী আছে - আমি এর আগেও বিলে বলেছিলাম, শিক্ষক নেই কিন্তু ছাত্র আছে সেখানে, আবার ছাত্র-ছাত্রী নেই, শিক্ষক আছে। আমরা জানি, এখনও বামপন্থী বন্ধুরা অনেক স্কুল করে গেছেন, সেটা কেবল ক্যাডার ভিত্তিক স্কুলে পরিণত হয়েছে। সেই সব স্কুলগুলোকে ছাত্র-শিক্ষকের সামঞ্জস্য নেই। শিক্ষক নেই, ছাত্র আছে আবার ছাত্র নেই, শিক্ষক আছে। এগুলো আমাদের সতর্ক দৃষ্টিভঙ্গিতে লক্ষ্য করতে হবে। আমি কোলকাতার বুকেই জানি একটা স্কুল- ঢাকুড়িয়া শ্রী রামকৃষ্ণ মিশন বিদ্যাপিঠ, ফাইভ টু টেন, ৫৫ জন ছাত্র পড়াশোনা করে। আমি নিজের কেন্দ্রে জানি, বিরোধীতে থাকার সময় অনেকবার দৃষ্টি আকর্ষণ করেছি, কোন ফল হয়নি। আটজন সিপিএমের ক্যাডার - যেখানে প্রথমেই স্কুলে ছাত্রের সংখ্যা ছিল দশজন, বর্তমানেও সেখানে দেখা যাবে ত্রিশজন ছাত্র - জুনিয়ার স্কুল। সেই আটজন শিক্ষককে পার্টির কাজে লাগানো হ'ত। টিফিনের পর স্কুলে ছুটি দিয়ে চলে যেত - কুরসিবেড়িয়া জুনিয়ার বয়েজ স্কুল। এই সব স্কুলগুলিকে যাতে এ্যাডজাস্ট করে নেওয়া হয়। হয় দু'টো স্কুল এ্যাডজাস্ট করে দেওয়া, না হয় সেখানকার শিক্ষক-শিক্ষিকাকে স্থানান্তরিত করে অন্য স্কুলের সঙ্গে এ্যাডজাস্ট করা। এগুলো আমাদের সতর্ক দৃষ্টিতে রাখতে হবে। এ ব্যাপারে আমি শিক্ষা বিভাগের দৃষ্টি আকর্ষণ করে, এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sk Amjad Hossain : ধন্যবাদ স্যার। সময় খুব কম। তাই সরাসরি ১৫ নম্বর এবং ৭০ নম্বর বাজেটে কাট মোশানের স্বপক্ষে স্যার, আমি যে দু'-চারটি কথা রাখতে চাই যে, শিক্ষার বাজেট-টা শুধু ক'টা টাকা, ক'টা অঙ্ক, ক'টা বাড়ি ভাঁঙা, নির্মাণ, নতুন বাড়ি তৈরি - এ হয়ে আসছে আগে থেকে, এখনও হচ্ছে আবারও হবে। কিন্তু মূল যে উদ্দেশ্য স্যার, শিক্ষার প্রসার এবং উৎকর্ষতার মধ্য দিয়ে গোটা দুনিয়ার সবচেয়ে বড় সম্পদ। মানব সম্পদ, সেই মানব

সম্পদ তৈরি হবে। নতুন সেশান শুরু হয়ে গেছে আড়াই মাস হ'ল, এখনও শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের কাছে পাঠ্যপুস্তক পৌঁছায়নি। রাজ্যের সব জেলাতেই একই চিত্র। পাঠ্যপুস্তক পঠন-পাঠন ছাড়াই Summative পরীক্ষায় বসতে হবে। গত বছরও এই হাল হয়েছিল। আবার এর মাঝে অষ্টম শ্রেণীর নতুন ইতিহাস বইয়ে নতুন সিলেবাস করতে গিয়ে - যার নাম 'অতীত ঐতিহ্য', এই বই দিতে আরও দেরি হয়ে যাচ্ছে। এই ইতিহাস বইতে যুক্ত করা হয়েছে সিঙ্গুর আন্দোলন। এটা কেন করলেন? এ রকম গোটা দুনিয়াতে একটা এন্ট্রি দেখাতে পারেন যে এন্ট্রি-টা ইতিহাস বই ইতিহাসবীদরা না করে রাজনীতিবীদরা করেছেন। এমনকি আমাদের দেশের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসও সেখানে যা যা ঘটনা সবটাই ইতিহাসবীদেরা করেছেন। কোন রাজনীতিবীদের কথায় হয়নি। সিঙ্গুর ইতিহাসে কোথায় স্থান রয়েছে? খবরের কাগজে স্থান পেয়েছে। খবরের কাগজে স্থান পেলে ইতিহাসে স্থান পেতে হবে? তাও বুঝতাম যদি ইউনিভার্সিটি বা হায়ার সেকেণ্ডারি বা অন্ততঃ সেকেণ্ডারি বা কোনও রেফারেন্স বই সেখানে উল্লেখ করতেন।

[2:20 – 2:30 p.m.]

আপনি করলেন কোথায়? ক্লাস এইটে। যেখানে ছাত্রছাত্রীদের কোন ক্রিটিক্যাল চোখ-ই নেই। আর, সেখানে যাঁর অবদানের কথা বড় করে বললেন, যাঁর অবদানে সিঙ্গুড় ইতিহাসে স্থান পেল তার আবার মন্ত্রীসভাতে ঠাঁই হল না। তাঁর অবদানকে তাহলে কোথায় গুরুত্ব দিচ্ছেন বুঝতে পারছিনা। আবার স্যার, ইতিহাসে স্থান পেতে গেলে একটা ন্যূনতম সময় লাগে, ৩০ বছর সময় লাগে ; ইতিহাসবিদরা যা করেছেন। সিঙ্গুড়ের তো এখন ৩০ বছর ছেড়ে দিন, ৩০ বছর বহু দূর সিঙ্গুড়ের। সিঙ্গুড় এখনও সাবজুডিস স্যার। সিঙ্গুর এখনও কোর্টে আছে। সেখানে মামলা চলছে। সিঙ্গুড়ে স্যার বিতর্ক আছে। ইচ্ছুকের সংখ্যা কী, অনিচ্ছুকের সংখ্যা কী এসব বললেন না। আর, যা বলতে চাইলেন, যা মূল মোটো সিঙ্গুড়ের আপনাদের এই ইতিহাস বইয়ে তাতে কী চাইছেন? এগতে চাইছেন না পিছোতে চাইছেন? যে উদ্দেশ্যে এনেছেন, সেটা দিয়ে যা বোঝা যাচ্ছে, যে ইতিহাস-টা করলেন সেটা এগনোর ইতিহাস করলেন না, সেটা পিছোনের ইতিহাস করলেন। আপনি নর্মদা আন্দোলনের কথা বলবেন। ঠিক আছে। দু'লাইন ঠাঁই পেয়েছে ইতিহাসে। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে তেভাগা আন্দোলন। তার জন্য ইতিহাস বইয়ে যা না পাতা খরচ হয়েছে এখানে সিঙ্গুর আন্দোলনে তার চাইতে বেশী পাতা লাগলো, তার চাইতে বেশী ছবি ছাপতে হল। রাজ্যবাসীর শিল্পের স্বপ্নকে ধ্বংস করার স্বপ্নকে এখন ছাত্রছাত্রীদের গিলিয়ে দেওয়ার নিদান দিয়েছেন আপনি এর মধ্যে দিয়ে।

পরবর্তী যেটা বলবো স্যার, শাসক দলের অনুগৃহীতরাই শিক্ষার পরিকল্পনা রচনাকারী, পরিচালক এবং নিয়ামক। শ্রদ্ধেয় শিক্ষাবিদদের পরামর্শও নিচ্ছেন না আপনারা। কেমন চলছে রাজ্যের শিক্ষা ব্যবস্থা? আপনার অনুপ্রেরণা নিয়ে আমি প্রথমেই বলেছি, আপনার অনুপ্রেরণা থাকলে আমার দৃঢ় বিশ্বাস, আপনি কপোরেট রসে সিক্ত মানুষ, অন্তত এটা হ'ত না। কিন্তু যাঁর অনুপ্রেরণায় আপনি করলেন তিনি যতই সাম্প্রদায়িকতা বিরোধী নাটককে মঞ্চ সফল করে তোলার চেষ্টা করুন বি.জে.পি.-র নির্দেশক রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের পরিচালিত বিদ্যালয়ের দেদার অনুমোদন দেওয়া হচ্ছে আমাদের রাজ্যে, আমাদের জেলায় স্যার। একটা ভয়ঙ্কর বিষয় স্যার। আমাদের এখানে সারদা বিদ্যামন্দির উত্তরবঙ্গে, দক্ষিণবঙ্গে স্বরস্বতী বিদ্যামন্দির। দুটোই চালায় রাষ্ট্রীয় স্বয়ংসেবকের বিদ্যাভারতী অখিলভারতীয় শিক্ষা সংস্থা। আর, আমাদের রাজ্যে চালায় বিবেকানন্দ বিদ্যাবিকাশ পরিষদ। এই মুহূর্তে এদের অনুমোদিত, অ-অনুমোদিত স্কুলের সংখ্যা ৩০০। ছাত্রছাত্রীর সংখ্যা ৬০,৫৪৫ স্যার। মূল

উদ্দেশ্যই হচ্ছে স্যার এদের শিশু মনে সাম্প্রদায়িকতার বীজ বপন এবং তাকে বিকশিত করা। যা করছেন আপনি এই শিক্ষা ক্ষেত্রে।

আপনি বলেছেন আপনার বাজেটে যে, অনেক বিল এনেছেন। সেই বিল আনার মধ্যে দিয়ে আপনি কী করলেন? সমস্ত গণতান্ত্রিক অধিকার কেড়ে নিতে চাইছেন। স্কুলের ম্যানেজিং কমিটি রাখবেন না। নির্বাচিত অভিভাবক-প্রতিনিধি নির্বাচিত হবে তাদের ঠাঁই হবেনা। ইউনিভার্সিটিতেও তাই করলেন আপনি। ইউনিভার্সিটিতেও নিজের দখলদারি কায়েম করলেন আপনি। আর, এইটা করতে গিয়ে কী হচ্ছে স্যার? দেখেছেন আপনারা। স্কুলগুলোতে, বিশ্ববিদ্যালয়গুলোতে, কলেজগুলোতে সিন্ডিকেট-রাজ। আউশ গ্রামের ঘটনা মনে আছে আপনার? মাষ্টার মশাই, দিদিমণিদের একদিকে আপনার আশ্রিত বীরপুঙ্গবেরা মারছে, আবার অন্যদিকে পুলিশ প্রশাসন মারছে। খাগড়াতে স্কুলের প্রধান শিক্ষককে অ্যারেষ্ট করলেন এবং দিনের আলোতে হাতে হাতকড়া পরিয়ে কোর্টে হাজির করাচ্ছেন। এ কোন ধরণের গণতন্ত্র কায়েম করেছেন আপনারা?

স্যার, যে ভাবে স্কুলগুলো, একইভাবে কলেজ-ইউনিভার্সিটিগুলো আপনিও দেখেছেন, আপনাকে গতকাল বলতে হয়েছে। সর্বশিক্ষা মিশনের টাকা যেমন আমাদের স্কুলে আসে। ইউনিভার্সিটিগুলোতে 'ন্যাক'-র মাধ্যমে 'রুশা'র টাকা আসে। রুশার টাকা আসুক আমরাও চাই। ভালো। বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন হোক। কিন্তু সেই টাকার দখলদারি নিয়ে, ভাগাভাগি নিয়ে কী অবস্থা হচ্ছে দেখেছেন! মাননীয় শিক্ষামন্ত্রীকে কালকে বিবৃতি দিতে হয়েছে স্যার। গত পরশুদিন। চারুচন্দ্র কলেজের ঘটনা, আবার গতকাল ক্যানিঙের বঙ্কিম কলেজের ঘটনা। সবটাই দখলদারি, ভাগের লড়াই হচ্ছে স্যার। এইখানে দাঁড়িয়ে স্যার, এই সমস্ত পরিকাঠামোকে যদি ঠিক করে চালু রাখতে হয় তাহলে শিক্ষক, সেই শিক্ষক নিয়োগে আপনি কী করলেন? শিক্ষক-শিক্ষাকর্মীদের লক্ষ্যাধিক পদ শূন্য আছে সেকেন্ডারী, হায়ার সেকেন্ডারীতে। প্রাইমারীতে একটা করলেন আপনি। গোটা দুনিয়ায় যা হয়নি, গোটা ভারতের কোথাও হয়নি, SMS-এ চাকরী। আবার SMS পেয়ে যারা গেল, কাউন্সেলিং হয়ে গেল তাদেরকে কাউন্সেলিং-এর পরে বলছেন 'অ্যাপয়েন্টমেন্ট লেটার পাবেনা'। কেন?

তোমার প্যারা টিচারে নাম এসেছে, তুমি প্যারা টিচার নাও। তাকে তিনবার টপকাতে হয়েছে। তিনবার টপকানোর পরেও তাকে ধরতে পারলেন না, সে প্যারা টিচার নয়, তাকে প্যারা টিচারের পোস্টে অ্যাপয়েন্টমেন্ট দিলেন। সেটা গেল। চাকরি দিলেন, চাকরি দেওয়ার ১৫ দিন পর তাকে বলছেন তার চাকরি নট হয়ে গেল। এটা যদি চলতে থাকে যা মাননীয়া মুখ্যমন্ত্রী আজকে সকালে প্রথমে বলছিলেন এই হাউসে স্যার, What thinks Bengal today whole world will think tomorrow. ভয়ঙ্কর ব্যাপার হয়ে যাবে। এই পদ্ধতিতে যদি গোটা দুনিয়ায় নিয়োগ হয় তাহলে শিক্ষা কোথায় যাবে ভেবে দেখবেন আপনি। শেষে আপনার কাছে আমার একটা প্রস্তাব আছে। হুগলী জেলার সন্তান হিসাবে আপনার কাছে এই আবেদন করবো। হুগলী জেলাতে এই মুহূর্তে বর্ধমান ইউনিভার্সিটি, ক্যালকাটা ইউনিভার্সিটি মিলিয়ে ৩০ টা কলেজ আছে। ওখানে চারটে সাবডিভিশন আছে। শ্রীরামপুর সাবডিভিশনের কলেজগুলো। ক্যালকাটা ইউনিভার্সিটিতে বাকিগুলো বর্ধমান ইউনিভার্সিটিতে। স্যার, আপনি জানেন ৫০ টার বেশি কলেজ লাগে একটি ইউনিভার্সিটি করতে। বর্ধমান ৫০ এর অনেক বেশি আর ক্যালকাটা ইউনিভার্সিটি দেড়শোরও বেশি। রাজা রামমোহন রায় সমাজ সংস্কারক, হুগলী জেলার সন্তান আপনার কাছে আমার আবেদন, হুগলী জেলার ৩০ টা কলেজকে এক জায়গায় এনে -হাজী মহম্মদ মহসিন কলেজের ক্যাম্পাসে অনেক জায়গা আছে, দিল্লি রোডে অনেক জায়গা আছে -আপনি ঠিক করুন কোথায় করবেন। কিন্তু হুগলী জেলায় রাজা রামমোহনের নামে একটা বিশ্ববিদ্যালয় তৈরি করুন এই ৩০

টা কলেজকে নিয়ে। আপনার কাছে এই প্রস্তাব রেখে আর আপনার বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

श्री मनोज तिग्गा: धन्यवाद सर, सबसे पहले मै अभी जो बोल रहे थे उनको जबाब दे दूँ जैसे बोल रहे थे R.S.5 परिचालित School,तो मेरे विधान सभा मे चलता है आप आइयेगा तो मै मानस बाबू, प्रबीर बाबू, आपको और माननीय मंत्री को भी देखेने को कहता हूँ,आमंत्रित करता हूँ कि कैसे चलता है? परिवेश क्या है तो सटीक जानकारी आपको मिल जायेगा,आइयेगा मै आपको दिखाउगा। माननीय अध्यक्ष महोदय, मै आपके माध्यम से माननीय शिक्षा मंत्री डा पार्थ चटर्जी द्वारा दिये गये डिमाण्ड न 15 के सम्बन्ध में कुछ बाते बोलना चाहता हूँ जैसे कि पहले बंगाल से ही सारा देश में ज्ञान का प्रकाश होता था। तो आज धीरे- धीरे केबल भारतवर्ष मे ही नहीं पूरा विश्व मे ही ज्ञान का प्रकाश होता था लेकिन धीरे - धीरे कम हो रहा है। जब यहाँ पर शिक्षा का प्रसार हो रहा था उस समय नोर्थ इस्ट में जंगल था। आज वो हमसे शिक्षा मे आगे निकल गया और हम पीछे हो रहे है तो इसके उपर दो - चार बात मै बोलना चाहता हूँ जैसे मिड डे मील,सबुज साथी उसके बाद कन्या श्री ये अच्छा कदम है,लेकिन इसमे जो शिक्षक की कमी है विशेष करके हिन्दी मिडियम,नेपाली मिडियम स्कुलो मे शिक्षक की कमी है इसके चलते उन्हे मिड -डे-मिल, सबुज साथी,कन्या श्री के काम मे Engage होना पड़ता है। इसके चलते शिक्षा प्रभावित होता है मिड डे -मिल मे क्येकि आप जो बजट देते है उस बजट का सही खर्च हो और उसका monitoring हो, जिससे मिड- डे मिल मे दुर्नीति आई है इसका सटिक यदि Monitoring हो तो जैसे बन्द चाय वगान पिछडे इलाके मे मिड डे मील चलता है New mutation fee वहाँ पर समस्या है उसके चलते बन्द चाय वगान एवं पिछडे इलाके मे मिड डे मील से बच्चों को लाभ होगा। लेकिन उसका लाभ उठाकर जो दुर्नीति होता है उसका Monitoring करने की जरुरत है। और साथ ही मै आपको बताना चाहता हूँ कि विशेष करके कुछ दिन पहले जो टेट से जो Recruitment हुआ Alipurdwar D.P.SC में उसमे नेपाली मिडियम के 36 Candidate को Sms करके बुलाया गया उसमें 7 trained का Appointment किया गया, 17 का Counseling हुआ लेकिन उन्हे Appointment नहीं दिया गया और 12 को Sms करके बुलाये जाने के बाबजूद भी उनका Counseling नही हुआ और 17 को जिनका Counseling हुआ उनको Appointment मिलनी चाहिये उसको भी अटका दिया गया। अभी वहाँ पर जो जिला परिषद का सभाधिपति बोल रहे है कि मै उनको दिलाउगा तो शिक्षा विभाग का काम है या जिला परिषद का सभाधिपति का काम है यह आप Clear करेंगे। इसके बाद शिक्षको को विभिन्न कामों में लगाया जाता है। कभी D.O बनाया जाता है कभी,B.L.O का काम दिया जाता है,कभी विभिन्न प्रकार के सर्वे मे लगाया जाता है,जिसके चलते जो शिक्षा मे पढाई लिखाई में बच्चो के पढाई -लिखाई में शिक्षकों को ध्यान देना चाहिये था,वो वहाँ से हटकर के दुसरे जगह जाना पड़ता है। जैसे मेरे ही मै प्राइमरी स्कुल का शिक्षक हॅ मे 337 Student है हण्टापाडा चाय वगान मे, हमलोग 3 थे 2 टीचर को D.O या दुसरे कामों मे लगाया गया तो वहाँ पर शिक्षा कैसे हो पायेगी और वहाँ पर जुनियर स्कुल है जहाँ पर 300

Student है और एक ही टीचर है। तो कैसे होगा वो मिड- डे -मील देंखेंगे, वेतन भी देखेगे D.O ट्रीप भी करेंगे S.I Office जायेगे। कहाँ जायेंगे ये सब बात देखने की बात है तभी जा करके आप जो बजट मे ला करके खर्चा करेंगे तभी शिक्षा का अग्रगति होगा छोटी- छोटी कमी है उस कमियों पर आप ध्यान नहीं देंगे तबतक शिक्षा का सुधार और जो हमलोग जो Result चाहते है वो Result हमे नही मिल सकता है। साथ ही आप उस दिन कहे थे कि हिन्दी मिडियम नेपाली मिडियम में जो प्रशिक्षित शिक्षक की कमी है। अर्थात उनमे काविलियत नहीं है। हम सभी कोई जानते है कि डुअर्स क्षेत्र में कितना नेपाली मिडियम Training Center और कितना हिन्दी मिडियम Training Center है तो हम इस बजट के माध्यम से हिन्दी मिडियम और नेपाली मिडियम का Training Institute खोला जाय। हम आपके बजट के माध्यम से मै ये दाबी रखना चाहते है कि डुअर्स क्षेत्र मे नेपाली मिडियम हिन्दी मिडियम के जो training Center है B.Ed हो या B.T.जो भी हो वहाँ पर खोला जाय ताकि वहाँ का जो दमदार Student है,जो अच्छा रिजल्ट करते है उसको वहाँ पर मौका मिले और टेनिंग करके क्योकि 17 मार्च के बाद उन्हे B.Ed ; B.T मे मौका ही नहीं मिलेगा। वहाँ Training institute बनाया नहीं जायेगा तो कैसे trained होकर उनको मौका मिलेगा वहाँ बनाया नही जायेगा तो कैसे Trained Teacher मिलेगा। साथ ही मै आपको ये भी बताना चाहता हूँ कि मिडियम Wise टीचर और विधार्थी का रेशियों होना चाहिये, क्योकि कितना है हिन्दी मिडियम मे टीचर ओर विधार्थी का रेशियों,कितना है बंगला मिडियम मे टीचर और Student का रेशियो कितना है नहीं जान पायेंगें। इसलिये अलग होने से अच्छा रहेगा ओर एक बात मै बताना चाहूँगा स्पीकर सर, थोडा समय देंगे जैसे कि हमारे इलाका में जहाँ पर 90 प्रतिशत नेपाली भाषा भाषी है 90 से उपर हिन्दी भाषा-भाषी की संख्या है वहाँ पर बंगला मिडियम स्कुल बनाये गये है इसके पहले बाली सरकार मे। मै किसी भाषा के विरोध में नहीं हूँ लेकिन जहाँ 90 प्रतिशत या उससे ज्यादा हिन्दी भाषा भाषी है, नेपाली भाषा- भाषी है वहाँ पर क्यो बंगला मिडियम बनाया गया। हम आपसे दरख्वास्त करते है कि वहाँ पर जो मातभाषा मे शिक्षा मिले। आप भी कहते है कि मातृभाषा मे शिक्षा मिलनी चाहिये। जहाँ पर जिस भाषा -भाषी के लोग है उसे वहाँ पर Convert किया जाय और शिक्षक की वहाँ पर-नियुक्ति किया जाय तो मै माननीय शिक्षा मंत्री से अनुरोध करता हूँ कि आप इसपर ध्यान देगे और आगे काम करेंगे। धन्यवाद |

[2:30 – 2:40 p.m.]

श्री समीर चक्रवर्ती : माननीय स्पीकार साहेव, शिक्षा बाजेटের ১৫ নম্বর এবং ৭০ নম্বর ডিমান্ডের উপর বলতে দেওয়ার জন্য সর্ব প্রথম আপনাকে ধন্যবাদ জানাই। আমি সর্বপ্রথমে এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করছি এবং এই বাজেটের বিরুদ্ধে আনা কাট মোশানের বিরোধিতা করছি। আমি আমার বক্তব্যের শুরুতেই স্পীকার সাহেব আপনার মাধ্যমে এই সদনের সমস্ত সদস্যের কাছে আমি আমার আবেদন জানাচ্ছি। সবাই সর্বসম্মতভাবে এই সদনের যিনি নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, বাংলার মুখ্যমন্ত্রী সবাই মিলে তাকে ধন্যবাদ জানান। তার কারন কেন্দ্রীয় সরকারের তুঘলকি সিদ্ধান্ত মিড ডে মিলের ক্ষেত্রে আঁধার কার্ডের বাধ্যবাধকতা মুখ্যমন্ত্রী মমতা

বন্দ্যোপাধ্যায়ের প্রতিবাদের জন্য কেন্দ্রীয় সরকার পিছু হটতে বাধ্য হয়েছে। এই সদন তার জন্য প্রথম রেজুলিউশান নিক, সবাই মিলে তাকে অভিনন্দন জানিয়ে। শিক্ষা সম্বন্ধে বাজেট, এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানাই। স্যার, আমাদের যখন শিক্ষায় অনুপ্রবেশ, আমরা যখন আসি স্কুল থেকে কলেজে উঠছি বাংলার পট পরিবর্তনটা তখন। ১৯৭৬ সালের হায়ার সেকেন্ডারি ব্যাচ আমরা পুরানো শেষ হায়ার সেকেন্ডারি ব্যাচ। তারপরে কলেজে আসা। যারা স্লোগান তুলেছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ে এবং কলেজের দেওয়ালে দেওয়ালে " শিক্ষা আনে চেতনা, চেতনা ঘটায় বিপ্লব।" শিক্ষার স্বার্থে রাজ্যের পরিবর্তন দরকার। কখনও বলেছেন কেন্দ্রীয় সরকারের বঞ্চনার বিরুদ্ধে শিক্ষাকে সামনে আনতে হবে। কখনও বলেছেন, শিক্ষা এবং তার সচেতনতাকে বৃদ্ধি করতে হবে। কখনও বলেছেন, বিদ্যাসাগরের এই দেশ, নিরক্ষরতা করবে শেষ। শুধু কবির জন্ম হয়েছে স্যার। ১৯৭৭ সালের ২১শে জুন যেদিন ওনারা এসেছিলেন ক্ষমতায় কি ছিল বাংলায় শিক্ষার পরিবেশ। আর যেদিন চলে গেলেন ২০১১ সালের ২০শে মে কি রেখে দিয়ে গেলেন, দুটো ছবি আগে চোখের সামনে তুলে ধরা দরকার। যেদিন ওরা ক্ষমতায় এসেছিলেন ১৯৭৭ সাল, সেদিন পশ্চিমবাংলায় ৭টি বিশ্ববিদ্যালয়। আর একটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় বিশ্বভারতী। ওটাকে বাদ রাখুন। সাতটি আমি নাম ধরে বলছি - কলকাতা বিশ্ববিদ্যালয় ১ নম্বর, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় ২ নম্বর, যাদবপুর বিশ্ববিদ্যালয় ৩ নম্বর, বর্ধমান বিশ্ববিদ্যালয় ৪ নম্বর, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় ৫ নম্বর, কল্যাণী বিশ্ববিদ্যালয় ৬ নম্বর, কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয় ৭ নম্বর। বিদ্যাসাগর পরে তন্ময়বাবু উত্তরটা দিচ্ছি, জাগলারিটা ওখানে। আপনি জানেন না, আমি ১৯৭৭ সালে ২১শে জুন তারিখের কথা বলছি। সেদিন এই ৭টি বিশ্ববিদ্যালয়। পরবর্তীকালে কি করলেন?

কোলকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণাধীন ২৪৬টি কলেজ ছিল। আমি আবার বলছি সংখ্যাটা - টু হান্ড্রেড অ্যান্ড ফর্টি সিক্স এফিলিয়েটেড ইউনিট অফ ক্যালকাটা ইউনিভার্সিটি। ২৪৬টি কলেজ। চালাকিটা কি করলেন জানেন? আশির দশকের শেষে নব্বইয়ের শুরুতে তার থেকে ৩৭টি কলেজ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় তৈরি করে দিলেন। একটা নতুন কলেজ। তৈরি হল না স্যার।তখন অবিভক্ত মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুর এক। সেই দুটো মেদিনীপুরে ৩৭টি কলেজ, কোলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ৩৭টি কলেজ বাদ দিয়ে বলল শিক্ষায় প্রগতি নিয়ে এলাম, বাংলার বুকে বিশ্ববিদ্যালয় তৈরি হল। একটা কলেজের জন্ম হল না স্যার। খেয়াল রাখবেন, আর আজকে ২০১১ সালের ২০ শে মে যেদিন রেখে গেলেন, ওই একটাই বিশ্ববিদ্যালয়ের জন্ম দিয়েছেন। তাও নতুন কোন কলেজের জন্ম দেননি। পার্থবাবুকে অভিনন্দন, বাংলার মুখ্যমন্ত্রীকে সেলাম। ৬বছরে ১৫টি বিশ্ববিদ্যালয় - কাজটা কি করে করতে হয় শিখুন। শিক্ষায় কারা প্রগতি এনেছে? ৪৬টি সরকারী কলেজ, ৩১টি পুরোপুরি সরকারী কলেজ, ১৫টি গভর্নমেন্ট এডেড কলেজ। শুনুন আপনারা, যেদিন আপনারা ক্ষমতায় এসেছিলেন, সেনসাস রিপোর্ট, ১৯৭১সাল বলছে ২ কোটি ৭০ লক্ষ মানুষ ছিল বাংলায়। আর যেদিন চলে গেলেন প্রায় কোটি, ২০১১ সালের লাস্ট সেনসাস রিপোর্ট। জনসংখ্যা বাড়ল, কলেজের সংখ্যা বাড়ল না? এই যে কলেজের সংখ্যা বেড়ে গেল, বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বেড়ে গেল, চার লক্ষ নতুন আসন ছাত্রছাত্রীদের জন্য জন্ম নিল বাংলার বুকে। সেইজন্য শিক্ষায় প্রগতিটা এসছে। আর আপনাদের আমলে কি করেছিলেন? আপনাদের আমলে গোটা ছাত্র সমাজটাকে গিনিপিগ বানিয়ে দিয়েছিলেন। আর আলিমুদ্দিন স্ট্রীটে একটা ল্যাবরেটরী বানিয়েছিলেন। সেই ল্যাবরেটরীতে গিনিপিগগুলোকে ঢুকিয়েছেন। কখনও পাশ-ফেল প্রথা তুলে দিয়েছেন। কখনও ইংরাজী শিক্ষা তুলে দিয়েছেন। আজ যে বাংলায় ব্যাঙ এর ছাতার মত ইংরাজী মিডিয়াম স্কুল শোষণ করছে, দায়ী আপনাদের ৩৪ বছরের অপশাসন। এটা স্বীকার করুন। কখনও রবীন্দ্রনাথকে বুর্জোয়া বলেছেন। কখনও বংকিমচন্দ্রকে সাম্প্রদায়িক

বলে আনন্দমঠ বাতিল করার চেষ্টা করেছেন। ভুলে যাইনি আমরা। তার কারণ আবার যখন দরকার হয়েছে তখন রবীন্দ্রনাথকে ধার করে আপনারা এই দেওয়ালে দেওয়ালে স্লোগান লিখেছেন। শিক্ষায় মাতৃভাষাই শিশুর মাতৃদুগ্ধ। চমৎকার! যখন যেমন তখন তেমন। যখন দরকার, শিক্ষায় মাতৃভাষাই শিশুর মাতৃদুগ্ধ। আবার যখন দরকার তখন তাদের বলতে দ্বিধা হয়না রবীন্দ্রনাথ বুর্জোয়া, সহজপাঠ বাতিল। কিছুদিন আগে যখন ডঃ অমিত মিত্র সভায় তাঁর বাজেট পেশ করলেন, দুই বিঘা জমির একটা লাইন তিনি দিলেন, একটা স্ট্যানজা -'নম নম নম সুন্দরী মম জননী বঙ্গভূমি, গঙ্গার তীর স্নিগ্ধ সমীর জীবন জুড়ালে তুমি।' তন্ময়বাবু তার অপব্যাখ্যা দিলেন। ঠিকই করেছেন তন্ময়বাবু। আপনি তো আপনার পূর্বসূরীদের পদাঙ্ক অনুসরণ করেছেন। এর বাইরে তো আর কিছু হতে পারে না। এই শিক্ষাই তো পেয়েছেন রাজনীতিতে। এর থেকে ভাল কিছু তো হতে পারে না। অবশ্য কমিউনিস্টদের একটা মজা আছে। ওনারা কিন্তু নিজেদের দোষটা স্বীকার করেন না ত্রিশ বছর না কাটলে, পূনর্মূল্যায়নের মধ্য দিয়ে। সে ৪২ সাল থেকে, বলতে গেলে অনেক সময় লাগবে, আমি তার মধ্যে ঢুকতে চাই না। কখনও সুভাষচন্দ্র বসুকে তোজোর কুকুর বলেছেন,কখনও বলেছেন উনি সমাজসেবী। রবীন্দ্রনাথকে বুজোয়া বলেছেন। পরে জ্যোতিবাবু বলেছিলেন রবীন্দ্রনাথকে বাংলার ঘরে ঘরে পৌঁছে দেব। কমরেড সুভাষ চক্রবর্তী মিছিল বার করেছিলেন কোলকাতার জন্মস্থল থেকে বোলপুরের কর্মস্থল পর্যন্ত। আমরা ভুলে যাইনি? এই যে বলছি মূল্যায়নের মধ্য দিয়ে, তারজন্য আপনাদের সেলাম জানাই। আপনি দেখবেন যখন লিখছে দেওয়ালে দেওয়ালে শিক্ষায় মাতৃভাষাই শিশুর মাতৃদুগ্ধ। ইংরাজীতে তলায় লিখছে এস এফ আই। মাতৃদুগ্ধ পান করাবার কি অপূর্ব নিদর্শন বাংলার বুকে প্রদর্শিত হয়েছে। কমরেডরা উত্তর দেবেন? শিক্ষায় রাজনীতির অনুপ্রবেশের কথা বলছেন। কারা অনুপ্রবেশ ঘটিয়েছিল? এস এফ আই নামের মানেটা বদলে গিয়েছিল। বলা হয়েছিল এস এফ আই মানে হচ্ছে সরি ফর দি ইন্টার‍্যাপশান অ্যান্ড সরি ফর দি ইন্টারফেয়ারেন্স। এই মানেটাই ঘুরিয়ে দিয়েছিলেন, এস এফ আইয়ের মানে। শিক্ষায় অনুপ্রবেশ আপনাদের হাত ধরে এসেছিল। বলছিলেন আমজাদ ভাই। ভুলে গেলেন ডঃ সন্তোষ ভট্টাচার্যের কথা? কোলকাতা বিশ্ববিদ্যালয়ের। উপাচার্য ছিলেন। চোখের জল ফেলতে ফেলতে কোলকাতা বিশ্ব বিদ্যালয় থেকে বেরিয়ে যেতে হয়েছিল। সুব্রত মুখার্জী তখন সেনেটের সদস্য। বহু লোক আছে, যারা ছাত্র রাজনীতির সঙ্গে সেদিন জড়িয়ে ছিলেন।

[2:40 – 2:50 p.m.]

মনে পড়ে? এ.পি.শর্মা পশ্চিমবঙ্গের গভর্নর ছিলেন রাজ্যপাল হিসাবে আচার্য ছিলেন। সুব্রত মুখার্জী সেদিন সেনেটের সদস্য ছিলেন। সুব্রত বাবু এটাও আপনার মনে আছে যে, যেদিন এ.পি.শর্মা পশ্চিমবঙ্গের গভর্নর,আচার্য ছিলেন - চান্সেলার ছিলেন কোলকাতা বিশ্ববিদ্যালয়ের। আপনারা সেদিন এ.পি.শর্মাকে অপদস্থ করেছিলেন, হেনস্থা করেছিলেন কলকাতা বিশ্ববিদ্যায়ের মধ্যে। শিক্ষাঙ্গণে রাজনীতি আপনারাই প্রবেশ করিয়েছেন। আজকে পার্থ বাবুর নেতৃত্বে, মমতা ব্যানার্জীর নেতৃত্বে সেই রাজনীতি পরিষ্কার করার চেষ্টা হচ্ছে। তার সবচেয়ে বড় প্রমান কি জানেন? আগে এস.এফ.আই - কে না ধরলে কলেজে ভর্তি হওয়া যেত না, আর এখন অন লাইনের মধ্য দিয়ে কলেজের এ্যাডমিশান পাওয়া যাচ্ছে। এটা হচ্ছে সবচেয়ে বড় উদাহরণ। এটা বলা দরকার। সময় কমে আসছে, উত্তর দেবার দরকার আছে। টেট নিয়ে বলছিলেন একজন শুরুতে - আমি তাকে উত্তরে বলি যে, ২০১৩ সালে যে ১৮ হাজার টেট পরীক্ষার্থী - আপনারা তো কোর্টে গিয়েছিলেন - হাইকোর্টে গিয়েছিলেন। ২০১৬ সালের ফেব্রুয়ারী মাসে অনারেবেল জাস্টিস দেবাংশু গাঙ্গুলী - তিনি কিন্তু জাজমেন্ট দিয়ে জানিয়ে দিলেন - বৈধ হয়েছে নিয়োগ।

বলুন হাইকোর্টকে মানি না। আমি তো বলছি সি.বি.আই - তে রাজি আছি। চলুন কোর্টে। কতবার জুতোর বাড়ি খাবেন কোর্টে - চলুন না, সঙ্গে সঙ্গে চলুন না, আমি তো হাই কোর্টের নির্দেশের কথা বলছি। অভিনন্দন পার্থবাবু বাংলার বুকে ৭২ হাজার ছেলেমেয়েদেরকে চাকরী দিচ্ছেন। সেলাম জানাই মমতা ব্যানার্জীকে, সেলাম জানাই আপনাকে। বলুন, শেষবার কবে বাংলার বুকে ৭২ হাজার ছেলে- মেয়ের চাকরী দিয়েছেন? আজকে বাইরে বেরিয়ে কথাটা বলুক। বেকার যুবক - যুবতীরা চামড়া তুলে নেবেন আপনাদের। ১ কোটির বেশি বেকারের জন্ম দিয়ে গিয়েছিলেন। আর ৭২ হাজার ছেলেমেয়েদেরকে চাকরী দিচ্ছেন পার্থ বাবু শিক্ষামন্ত্রী হিসাবে - মমতা ব্যানার্জী মুখ্যমন্ত্রী হিসাবে। সুতরাং দিলীপ বাবু আপনাদের বলি, সুযোগ যদি কোন দিন পাই শিক্ষায় গৈরিকীকরণের বিরুদ্ধে বলার কিন্তু আছে। একটা কথা মনে রাখবেন বাংলার মাটি কিন্তু স্বামী বিবেকানন্দের মাটি। স্বামী বিবেকানন্দ বলেছিলেন " বহুরূপে সম্মুখে তোমার ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর, জীবে প্রেম করে যেই জন সেইজন সেবিছে ঈশ্বর।" বলেননি বাবরি মসজিদটা ভেঙ্গে দিয়ে এসো, বলেননি খ্রীষ্টধর্মের গীর্জাগুলোর উপর আক্রমণ করো। এটা কিন্তু খেয়াল রাখবেন। বাংলার মাটি দুর্জয় ঘাঁটি। এই ক'টি কথা বলে সবাই ভাল থাকবেন, সবাইকে নমস্কার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী কমলেশ চ্যাটার্জী : মাননীয় স্পীকার স্যার, আমি সরাসরি বাজেট প্রসঙ্গে আসছি। ডিমান্ড নাম্বার ১৫ এবং ৭০ এর জন্য যে কাটমোশান আনা হয়েছে, সেই কাটমোশানের সমর্থনে কয়েকটি কথা শুধু বলতে চাইছি।২০১৭-'১৮ সালের জন্য যে বাজেট বরাদ্দ ধরা হয়েছে, ২৫ হাজার ৩৩০কোটি ৭১ লক্ষ ৫ হাজার কোটি টাকার যে বাজেট ধরা হয়েছে, এই বাজেটে টাকা ধরার একটা ইতিহাস আপনারা তুলে ধরেছেন। এই টাকাগুলো কিন্তু ঠিকমত খরচ হচ্ছে না। ২০১৫-'১৬ সালে কেন্দ্র একটা বরাদ্দ করেছিল ৯৮০ কোটি টাকা, সেখানে রাজ্য বরাদ্দ করেছিল ৫৭৫ কোটি টাকা বিশেষ, সহায়তা প্রকল্পে ২১২ কোটি টাকা। মোট আপনারা পেয়েছিলেন ১৭৬৮.৪ কোটি টাকা। কিন্তু খরচা হয়েছে দেখা যাচ্ছে বা এখনও পর্যন্ত ইউ.সি পাওয়া গিয়েছে ১৬৫১.২৮ কোটি টাকা। অর্থাৎ ৭৬.৭৬ কোটি টাকার এখনও কোন ইউ.সি বা তা খরচ কিন্তু আপনারা করতে পারেন নি। তাহলে দেখা যাচ্ছে বাজেটে যেটা আপনারা বলছেন, সেটা আপনারা ঠিকঠাক খরচা করতে পারছেন না। আমরা দেখছি যে আপনারা উৎসাহ ভাতা বলে একটা ভাতা দিচ্ছেন বি.পি.এল তালিকাভুক্ত মেয়েদের জন্য। আমার দাবী হচ্ছে, এই ভাতাটা শুধুমাত্র বি.পি. এল - দের না দিয়ে ইন জেনারেল দেওয়া হোক এবং এই ১২০০ টাকার পরিবর্তে ২০০০ টাকা করা হোক। যে আপনারা কন্যাশ্রী প্রকল্পের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের টাকা দিচ্ছেন, যদিও এটা আপনার অন্তর্ভুক্ত নয় তবুও আমি বলতে চাইছি কন্যাশ্রীর ২৫ হাজার টাকার পরিবর্তে এটা ৫০ হাজার টাকা করা হোক।

ক্লাস ফাইভ থেকে ক্লাস টুয়েলভ পর্যন্ত সমস্ত ছাত্র-ছাত্রীকে বিনে পয়সায় তাদের পাঠ্যপুস্তক সরবরাহ করা হোক। এগুলো বাজেটে অন্তর্ভুক্ত করার জন্য বলছি। আপনারা বলছেন মিড ডে মিলে ৯৫ পার্সেন্ট থেকে এই বছর ১০০ শতাংশে নয়ে যাবেন। কিন্তু বাস্তব চিত্রটা কী? ৫০-৬০ শতাংশ ছাত্র-ছাত্রী স্কুলে আসে। তারা মিড ডে মিলে যে খাওয়ার খায়, মিড ডে মিলে খাওয়ারের মান অত্যন্ত খারাপ। চাল, ডালের গুণগত মান খুব খারাপ। এটা অন্তত দেখা আপনাদের দরকার আছে বলে আমার মনে হয়েছে। স্কুলে স্কুলে যে শৌচাগার, আপনারা বিশ্ববাংলার স্বপ্ন দেখছেন। স্কুলে কত ছাত্র-ছাত্রী পড়ে, সমস্ত ছাত্র-ছাত্রীদেরকে এই শৌচাগারের আওতায় আনার জন্য আপনাদের আরো বেশি শৌচাগার স্থাপন করতে হবে বলে আমার মনে হয়েছে। আমার বিধানসভা ভরতপুর। আমার ভরতপুর বিধানসভার ভরতপুর ব্লকের প্রপার ভরতপুরে

হাসপাতাল আছে, বি.এল.এল.আর. অফিস আছে, বি.ডি.ও. অফিস আছে, থানা আছে। অত্যন্ত দুঃখের বিষয় সেই ভরতপুর ব্লকে একটিও গার্লস হাই স্কুল নেই। মাননীয় মন্ত্রী, উনি খুব ভালো মানুষ এবং খুব বিদগ্ধ মানুষ। ওনার কাছে। আমি আবেদন করব আজকের যুগে এই কো-এডুকেশান ক্লাসে খুব অসুবিধা হচ্ছে। ভরতপুরে মেয়েদের জন্য যদি একটি মাধ্যমিক পর্যন্ত গার্লস হাইস্কুল করেন, এটা আপনার দৃষ্টিতে আমি রাখতে চাইছি। আমি আরো বলতে চাইছি এম.এস.কে তে যে সমস্ত মাস্টারমশাইরা পড়াচ্ছেন, প্যারাটিচার থেকে শুরু করে, প্রাইমারি, আপার প্রাইমারি, সেকেন্ডারি এবং কলেজে যারা পার্টটাইমার আছেন তারা যে বেতন পাচ্ছে, সেই বেতনে তাদের কিছু হয় না। বেতন বৈষম্য হচ্ছে। মাস্টারমশাইরা যা পাচ্ছেন, অধ্যাপকরা যা পাচ্ছেন, একটা বেতন বৈষম্য হচ্ছে। এই বেতন বৈষম্য দূর করে এদের বেতন বৃদ্ধি করা হোক, এটাই হচ্ছে আমার বক্তব্য। মুর্শিদাবাদের কৃষ্ণনাথ কলেজকে কেন আজ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হচ্ছে না, এটা বৃটিশরা তৈরি করেছিল। মুর্শিদাবাদের কৃষ্ণনাথ কলেজকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করুন। স্কুলের ছাত্র-ছাত্রীদের যে আপনারা সাইকেল দিচ্ছেন, সেই সাইকেল আপনার নেতা মন্ত্রীরা দিচ্ছেন, বি.ডি.ও রা দিচ্ছেন। সেই সাইকেলে যখন ছাত্র-ছাত্রীরা চেপে আসছে তখন দেখা যাচ্ছে সাইকেলের দুটো চাকা ফেটে যাচ্ছে। সাইকেল বলছে ভাই ছাত্র-ছাত্রী আমি তোমার বাড়ি যাওয়ার আগে স্কুলের গ্যারেজে যাব। সেই জন্য বলছি সাইকেলের গুণগত মান আপনারা ঠিক করুন। যেসমস্ত জেনারেল ডিগ্রি কলেজ আপনি করেছেন, মালদহ, মুর্শিদাবাদে আজ পর্যন্ত কোনো ডিগ্রি কলেজ হয়নি। ২০১৭-১৮ সালে কান্দি রাজ কলেজ, সালার কলেজ এবং পাস্তপি কলেজে কোনো অর্থ বরাদ্দ করা হয়নি। কেন হয়নি সেটা জানাবেন। মাননীয়া মুখ্যমন্ত্রী বিধানসভায় আসার আগে তিনি বলেছিলেন ১০ হাজার মাদ্রাসা করা হবে। ভরতপুর এক এবং দুই নম্বর ব্লক সংখ্যালঘু অধ্যুষিত এরিয়া। আজ পর্যন্ত একটাও মাদ্রাসা ওখানে তৈরি হয়নি। কেন হয়নি আপনি জানাবেন। আপনি ৯০৮৬ টি মাধ্যমিক স্কুলের মধ্যে প্রায় ৯৬ টি স্কুলকে উচ্চমাধ্যমিকে রূপান্তরিত করেছেন। এটা আপনাকে আরো বাড়াতে হবে। স্কুল কলেজের নিবার্চন, স্কুলে যে অভিভাবক কমিটি ছিল, সেই অভিভাবক কমিটির নিবার্চন আপনারা বন্ধ করে দিয়ে অ্যাডহক কমিটি চালু করেছেন। সেই অ্যাডহক কমিটি এখন ঠিকঠাক ভাবে কাজ করতে পারছে না। তারা দুর্নীতি করছে। আজকে স্কুল থেকে কলেজ পর্যন্ত যা ভর্তি ফি, সেই ভর্তি ফি কিন্তু নিয়ন্ত্রণ করার দরকার আছে। প্রাইভেট টিউশন, অধ্যাপক মাস্টারমশাইদের কাছে পড়াশোনা করাতে গেলে, যাদের বাবা মায়ের পয়সা আছে তারা কিন্তু পড়াতে পারছে, বাদবাকি কিন্তু প্রাইভেট টিউশন নিতে পারছে না। এটা কিন্তু আপনি দেখবেন, যেমন হাসপাতালে করার চেষ্টা করছেন। এটার উল্লেখ এখানে নেই। ছাত্র সংসদ নির্বাচনের নামে গোটা পশ্চিমবাংলা জুড়ে সিভিল ওয়ার চলছে, লিংডো কমিশনের সুপারিশ কিভাবে বলবৎ করা যায় তা আপনারা চিন্তা করুন। আর একটা কথা বলছি এই টেট নিয়ে আপনারা চাকরি দিয়েছেন। কিন্তু এস.এম.এস. এর মাধ্যমে চাকরি, এটা ভাবা যায়না। মাননীয় শিক্ষামন্ত্রী আপনার কাছে অনুরোধ রাখব আগে বলেছি আপনি বিদগ্ধ মানুষ। আপনার গায়ে কালিমালিপ্ত হওয়ার আগে আপনার দপ্তর কোথা থেকে প্রশ্নপত্র ফাঁস করে দেয় তা আপনি জানেন না। সবাই যখন বলছে, আপনার দলের সদস্যরা বলছে, আপনি সি.বি.আই. তদন্ত করে এর স্বচ্ছতা প্রমান করবেন। আজকে আমরা দেখলাম আপনি একটা পদক্ষেপ নিয়েছেন মন্ত্রীর ছেলেকে বলে দিয়েছেন যে, না তোমার সেখানে যাওয়া উচিত হয়নি। এর জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এটা কিন্তু গোটা পশ্চিমবাংলা জুড়ে কলেজে সিভিল ওয়ার চলছে।

[2:50 – 3:00 p.m.]

আর একটা কথা আমি বলতে চাই, ছাত্র এবং শিক্ষক রেসিও প্রাইমারি, আপার প্রাইমারি এবং সেকেন্ডারি। প্রাইমারিতে ৩০ : ১, আপার প্রাইমারিতে ৩৫:১, সেকেন্ডারিতে ৩০ : ১ অনুপাতে শিক্ষক নিয়োগ করতে হবে। এস.এম.এস. এর মাধ্যমে যারা স্কুল ঠিক হওয়ার পরেও চাকরি পাচ্ছে না ...

(নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ায় এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

ডঃ রমেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই সদনে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ১৫ নং দাবীকে সমর্থন করে আমি দু-চারটি কথা বলতে চাই। এতক্ষণ ধরে শুনছিলাম যে এখনও এই পশ্চিমবঙ্গের বুকে দাঁড়িয়ে আমাদের বিরোধী পক্ষের সদস্যরা জলকে দুধ বলতে পারেন, দুধকে জল বলতে পারেন, অন্ধকারকে সূর্যলোকিত বলতে পারেন এবং মিথ্যাকে সত্য বলতে পারেন, তার জন্য আমি অবাক হয়ে ভাবছি যে এদের উত্তরে আমি কি বলব? আসলে আমাদের শিক্ষামন্ত্রী যে ভাবে স্কুল এডুকেশনকে সুন্দর ভাবে লালন করে, পালন করে, ভালোবাসা দিয়ে, আন্তরিকতা দিয়ে একটা শিক্ষার্থীকে উন্নত করতে চাইছেন, একটা শিক্ষাকেন্দ্রকে যে ভাবে উন্নত করতে চাইছেন তা এই বাজেট বইয়ের ছত্রে ছত্রে উদ্ভাসিত হয়ে উঠেছে। যাঁরা আপনারা সমর্থন করতে পারছেন না, নিশ্চয় তাঁরা কিছু বলবেন। কেন বলবেন? রাজনৈতিক কারণেই আপনাদের বলতে হয়। উলঙ্গ রাজার গল্প আমরা শুনেছি। ১৯৭৭ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত যদি তাকাই তাহলে আমরা দেখতে পাব কি ভাবে পশ্চিমবঙ্গকে তারা শাসন করেছে, শোষণ করেছে এবং ধ্বংসের দিকে নিয়ে গেছে। কিন্তু তারপর, ২০১১ সালের পর থেকে মমতা বন্দ্যোপাধ্যায় কেবলমাত্র শিক্ষা নয়, সমস্ত দিকে তাকিয়ে মায়ের ভালোবাসা দিয়ে, দেশকে কেমন করে ভালোবাসতে হয় তা নিয়ে, নিজের বুকের রক্ত জল করে, সমস্ত ভয়কে দূরে সরিয়ে দিয়ে যে ভাবে অগ্রগতির পথে এগিয়ে নিয়ে গেছেন, সেই অবস্থায় দাঁড়িয়েও এখানে বিরোধীপক্ষের মানুষরা এমন করে সমালোচনা করতে পারেন সেটা দেখে আমাদের অবাক হতে হয়। কিছুদিন আগে আপনারা মমতা বন্দ্যোপাধায়ের বক্তব্য শুনেছেন, এই সেদিন সুব্রত মুখার্জীর বক্তব্য শুনেছেন, অরূপ বিশ্বাসের বক্তব্য শুনেছেন, অমিত মিত্রের বক্তব্য শুনেছেন, আজকে পার্থ চট্টোপাধ্যায়ের বক্তব্য শুনবেন। আপনাদের কাছে আমি বলতে চাই, মিথ্যাকে মিথ্যা বলুন, দেশকে এগিয়ে যেতে সাহায্য করুন। আপনারা লক্ষ্য করুন কি ভাবে একটা ছাত্রকে ভালোবাসা দিয়ে, একটা ছাত্রীকে সম্পূর্ণভাবে সহায়তা দিয়ে মানুষের মতো মানুষ করে তোলা যায়, সেই কথাই লিপিবদ্ধ আছে এই বইয়ের পাতায় পাতায়।

আমরা জানি যে আপনারা রবীন্দ্রনাথকে বুর্জোয়া বলেছিলেন। তিনি প্রমাণ করে দিয়েছেন তাঁর লেখার মাধ্যমে যে তিনি বুর্জোয়া নন এবং তার পরে আপনারা রাজনৈতিক চাপে পড়েই বাধ্য হয়েছিলেন সমস্ত মানুষের, গুণীজনদের কথা শুনে আপনারা সমর্থন করতে বাধ্য হয়েছিলেন যে রবীন্দ্রনাথকে বুজোয়া বলা ঠিক হয় নি। আমি কল্যাণী বিধানসভার বিধায়ক। আপনাদের আমি বলি যে ভারতবর্ষ বেঁচে থাকে কৃষির উপরে। বাংলাদেশ বেঁচে থাকে কৃষির উপরে। অথচ একটা বিশ্ববিদ্যালয় যার নাম কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়, সেই বিশ্ববিদ্যালয় আপনারা ৩৪ বছর রাজত্ব করেও তাকে ইউনিটারি থেকে অ্যাফিলিয়েটিভ করতে পারেন নি। কৃষি বিদ্যা যা মানুষের সমস্ত কাজে লাগে। কৃষি যা মানুষের সমস্ত কাজে আসে তাকে আপনারা কুক্ষিগত করে রেখেছিলেন। এই বিধানসভায় দাঁড়িয়ে আমি প্রস্তাব করেছিলাম, এই বিদ্যাকে পশ্চিমবঙ্গের সমস্ত জায়গায় ছড়িয়ে দেওয়ার জন্য। একে অ্যাফিলিয়েটিভ করা উচিত। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার তাই

সমর্থন করে আজকে সেই বিশ্ববিদ্যালয়কে অ্যাফিলিয়েটিভ করার ফলে আজকে পশ্চিমবঙ্গের প্রান্তে প্রান্তে কৃষি কলেজ গড়ে উঠেছে এবং কৃষি বিশ্ববিদ্যালয় আজকে যে ভাবে কৃষি বিদ্যা পশ্চিমবঙ্গের বুকে ছড়িয়ে দিচ্ছে যার ফলে, আগে আমাদের আমেরিকা থেকে গম আনতে হত, আজকে সেটা স্বয়ম্ভর হয়েছে এবং আগামী দিনে কৃষি কাজে কৃষি বিদ্যার ব্যবহার করে কত মানুষ সুন্দরভাবে এই পশ্চিমবঙ্গকে ভালবাসবে। আজকে আমাদের যিনি খাদ্যমন্ত্রী তিনি তাঁর ভাষণের মাধ্যমে যে ভাবে বলতে পারলেন এবং সেটি কাজে পরিণত করতে পারবেন। এটা আপনারা ও জানেন, আমিও জানি। সকলে জানে। একইরকমভাবে আপনারা যে রাজনীতির কথা বলছেন,আমরা রাজনীতি আনছি শিক্ষায় সেটি নয়। বরং আপনারাই রাজনীতি করেছিলেন। এক একটা কলেজে একজন ডি গ্রুপের মানুষকে নেতা করে দিতেন।

(এই সময়ে লাল আলো জ্বলে ওঠে।)

স্কুলে স্কুলে হেড মাস্টারের উপরে হেড মাস্টারি করত ওই সি গ্রুপের করণিক এবং অন্যান্যরা। এইরকম অবস্থার মধ্যে দিয়ে যেখানে শিক্ষার বারোটা আপনারা বাজিয়ে দিয়েছিলেন তাকে পুনরুদ্ধার করার জন্যে আমাদের শিক্ষামন্ত্রী আজকে যে দাওয়াই এনেছেন, যে ব্যবস্থা করেছেন সেটি যদি আপনারা সমালোচনা করেন তাহলে হবে না। মমতার গতি অব্যাহত গতিতে এগিয়ে যাবে। মানুষই তাকে স্বীকৃতি দেবে এবং মানুষই তাকে এগিয়ে নেওয়ার রসদ জোগাবে। আপনারা যদি এত ভাল কাজই করে থাকতেন তাহলে এই ভাবে আপনাদের পতন হত না। আপনারা আর সমালোচনা করবেন না।

(এই সময়ে মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী ধীরেন্দ্র নাথ লায়েক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার উপরে দু চার কথা বলার চেষ্টা করছি। স্যার, দেশে বসন্তোৎসব চলছে। আমাদের পশ্চিমবাংলার যুবক যুবতীরা মাতোয়ারা হয়ে বসন্তোৎসবের ক্ষেত্র হিসাবে স্কুল কলেজগুলোকে টারগেট করেছে। কালকে মহামান্য শিক্ষামন্ত্রী দূরদর্শনে দেখলাম যে তিনি যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন 'আমরা কোন কারণে এ ধরণের অন্যায় আবদার মানব না'। তার জন্য মাননীয় মন্ত্রীকে আমার তরফ থেকে ধন্যবাদ জানাই। স্যার, ছাত্র-ছাত্রীরা যাই হোক শিক্ষার পরিবেশ যারা নষ্ট করবে তারা দলেরই হোক বা বহিরাগতই হোক একজন শিক্ষামন্ত্রী হিসাবে তার বলিষ্ঠ পদক্ষেপ থাকবে, আমরা যারা সাধারণ মানুষ আমরা সেটা আশা করি। স্যার, ফেব্রুয়ারীর শুরুতে আমরা দেখলাম এস .এম .এসের মাধ্যমে প্রাইমারিতে চাকরি নিয়োগ প্রক্রিয়া শুরু হল।

[3:00 – 3:10 p.m.]

ভালো কথা স্যার। অনেক ছেলেমেয়ে প্রায় বারো হাজার ছেলেমেয়ে চাকরী পেল। আমার বাঁকুড়া জেলায়, আমার ব্লকেও ছেলেমেয়ে চাকরী পেয়েছে। তারপর স্যার, দশ পনেরো দিন অতিবাহিত হওয়ার পরে আবার অনেক ছাত্র-ছাত্রীদের আপনি চাকরী দিলেন। তাদের জন্য ব্যবস্থা করলেন।করার পরে আমরা দেখলাম আপনার যে নিয়ন্ত্রিত কাউন্সিলগুলি আছে, সেইসব কাউন্সিলে তারা বিভিন্ন ধরণের আন্দোলন এবং অনিয়মের কথা তুললেন। আপনার একটা শুভ প্রচেষ্টা ছিল। আপনি এস এম এস না করে আপনি স্যার সাইবার ক্রাইমদের ভয়ে আপনার এই সদিচ্ছাকে, প্যানেলকে জনমানসের সামনে প্রকাশ করলেন না কেন? এটা আপনার কাছে আমার জিজ্ঞাস্য। স্যার, আপনার সৎ প্রচেষ্টা বাস্তবায়িত হয়েছে। সেক্ষেত্রে আজকে বিভিন্ন ধরণের পত্র পত্রিকায় দেখি সি বি আই চাই, ওমুক চাই ইত্যাদি। এই সমস্ত ব্যাপারগুলি ঘটছে। তাহলে এই ব্যাপারটা, এই প্রক্রিয়াটা আপনার হাতে ছিল, যদি আপনি প্যানেল প্রকাশ করে এটা করতেন,

তাহলে এটা হত না। আমার সময় কম। আমাদের হাইস্কুলগুলিতেও এই ব্যবস্থা ছিল, সেখানে হয়ত কিছু ভুল ত্রুটি ছিল। আপনারা সেগুলিকে বাদ দিয়ে নবান্ন থেকেই তাদের নমিনেটেড করে প্রার্থীকে পাঠাচ্ছেন। কিন্তু গোটা "সেলে আপনার পরিচিতি আছে। সমস্ত জায়গায় সুযোগসুবিধা আছে। কিন্তু যাদের আপনারা প্রতিনিধি করে পাঠালেন,তারা কি স্বচ্ছভাবে কাজগুলি করছেন? আপনার ভালো প্রচেষ্টাগুলি নষ্ট করার চেষ্টা করছে। সেদিকেও আপনার পদক্ষেপ থাকা দরকার। হাইস্কুলগুলিতে পুরাতন দিনের কাজের টাকা পয়সার লেনদেন এখন কমে যাচ্ছে। সর্বশিক্ষা মিশনের মাধ্যমে কোন টাকা পয়সা আসছে না। কিন্তু সেদিকেও আপনার অন্তত দৃষ্টি আকর্ষণ করি। পুরাতন বিদ্যালয়ের অবস্থাগুলি আপনারা দেখুন। আর সর্বোপরি আমি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ছিলাম। প্রাথমিক বিদ্যালয়ের যে পাঠ্যবই হয়েছে,একেবারে প্রাথমিক শিশুদের পক্ষে সেটা খুব মুশকিল। এবং সেটা আগেরমত যদি ছোট ছোট বইয়ের মাধ্যমে করা যায় কিনা দেখবেন। এই ব্যাপারে শিক্ষাবিদদের সাথে আলোচনা করবেন। এটা যদি করা যায় তাহলে ভালো হয়। এই বলে আমার তরফ থেকে অভিনন্দন জানিয়ে এবং যোগ্য সমালোচনা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নরেশ চন্দ্র বাউড়ি : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি মাননীয় ভারপ্রাপ্ত শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী যে ১৫ নং দাবি অনুসারে যে ব্যয়বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেছেন তার প্রতি পূর্ণ সমর্থন করছি। এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে কেন পূর্ণসমর্থন করছি সেই বিষয়ে দু একটি কথা এখানে নিবেদন করব। এই মা মাটি মানুষের সরকার আসার পরে যিনি শিক্ষার অঙ্গনকে পরিপূর্ণ করে তুলেছেন তিনি আমাদের শ্রদ্ধেয়া জননেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। একটা শিশু প্রাথমিক শিক্ষা থেকে উচ্চশিক্ষা পর্যন্ত তাকে তৈরী করার ক্ষেত্রে সরকারের যে ভূমিকা তা অনস্বীকার্য। স্যার, দেখুন একটা শিশু প্রাথমিক বিদ্যালয়ে কি চায়। সে চায় বই, সে চায় ড্রেস, চায় জুতো, চায় স্কুলের ব্যাগ, চায় শিক্ষার উপকরণ। আপনি ভাবুন তো আমরা স্কুলের সবাই একই পোশাক পরি কেন? পরার কারণ যাতে আমরা মনে করতে পারি যে আমরা সবাই সমান। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় একদিন একটা প্রাথমিক বিদ্যালয়ে গিয়েছিলেন। সেই বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষিকা, ছাত্রছাত্রীরা সকলে মমতা বন্দোপাধ্যায়কে ঘিরে ধরেন। ছোট্ট ছোট্ট বাচ্চারা বিস্মিত দৃষ্টিতে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের মুখের দিকে তাকিয়েছিলেন। আর আমাদের মানবিক মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় বাচ্চাদের পায়ের দিকে তাকিয়েছিলেন। তিনি কি দেখলেন ! তিনি দেখলেন কোন বাচ্চার পায়ে জুতো আছে, কোন বাচ্চার পায়ে জুতো নেই। তিনি ভাবলেন শিশুর মনস্তত্ত্বের ব্যাপার। তিনি সেখান থেকে আমাদের শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী মহাশয়কে মেসেজ পাঠান যে সারা পশ্চিমবাংলায় যত প্রাথমিক বিদ্যালয় আছে সেখানে শিশুদের জুতো দেওয়া হোক।

আমাদের শিক্ষামন্ত্রী সমস্ত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সেই ব্যবস্থা করে দিলেন। তারপর বই দিয়েছেন, ব্যাগ দিয়েছেন। আর কি দিয়েছেন? শিক্ষা উপক্রম দিলেন - ই-ক্লাস রুম। এরপর যাতে বিদ্যালয়গুলিতে বিশেষ করে প্রাথমিক এবং উচ্চ প্রাথমিক স্তরে স্কুল ছুট যাতে না হয়, যার জন্য প্রাথমিক স্তরে তিনি ১০০% বিদ্যালয়ে মিড ডে মিল চালু করলেন। এই সরকার শিক্ষার পরিকাঠামো বাড়িয়েছেন। ১১টি জেলায় ১০৫টি ছাত্রী আবাস করেছেন। ৪০টা বিদ্যালয় ভবন করেছেন, ১১টি পি.টি.আই. নির্মান কাজ করছেন, ৫৩টি মডেল স্কুলের মধ্যে ৩৮টির নির্মাণ কাজ শেষ হয়েছে। অধিকাংশ বিদ্যালয়ে পঠন পাঠন চলছে। একবার নিজেরা ভেবে দেখুন, বিদ্যালয়ে যাঁদের বামফ্রন্ট আমলে শিক্ষক হিসেবে নিয়োগ করতেন, তাঁরা বিদ্যালয়ে থাকতেন না, আমরা দেখেছি কাঁধে ব্যাগ নিয়ে তাঁরা সি.পি.এম.এর ভোট জোগাড় করতে বেরিয়ে

যেতেন। এখন কিন্তু তা আর হয় না। শিক্ষককে আজ শিক্ষাঙ্গনে শিক্ষার কাজে লিপ্ত থাকতে হয়। সুজনদারা সবাই চলে গেছেন, আপনারা ৩৪ বছর রাজ্য চালিয়েছেন, কিন্তু শিক্ষার কোনো উন্নয়ন করতে পারেন নি। আপনারা পশ্চিমবাংলাকে কম্পিউটার শিক্ষা থেকে কতদিন বঞ্চিত রেখেছিলেন। রাজ্যকে আপনারা ৩৪ বছর পিছিয়ে দিয়ে গেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় সার্বিক পরিবর্তন এনে দিয়েছেন। ১৬টি নতুন প্রাথমিক বিদ্যালয় করলেন এই বছর জানুয়ারী ২০১৭। ২৬টি নতুন উচ্চ প্রাথমিক বিদ্যালয় অনুমোদন লাভ করলো। ৬৬৮টা ক্লাসরুম তৈরি করে দিয়েছে রাজ্য সরকার। পানীয় জলের ব্যবস্থা, শৌচালয় নির্মাণ করেছেন। এছাড়া আরো আনন্দের কথা দারিদ্রসীমার নিচে থাকা ছাত্রীদের - প্রায় ৩ লক্ষ ছাত্রীকে, যারা নবম থেকে দ্বাদশ শ্রেনী পর্যন্ত পড়াশুনা করছেন, বার্ষিক ১২০০ টাকা হিসেবে উৎসাহ ভাতা প্রদান করছেন। এর ফলে পিছিয়ে পড়া মেয়েরা পড়াশুনার প্রতি অনেক মনোযোগ দিয়েছেন। এরজন্য আমাদের শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সামগ্রিক মানোন্নয়নের জন্য শুধু লেখাপড়া নয়, তাদের সাংস্কৃতিক জীবনে উন্নয়ন সাধন করতে চেয়েছেন। সেইজন্য সঙ্গীত, নৃত্য, অভিনয়, দৃশ্যমান কলাশিল্প পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার মধ্যে তিনি ছড়িয়ে দিয়েছেন। আমরা যারা গ্রামাঞ্চলের বিধায়ক, আমরা কলা শিল্পের সঙ্গে গভীর ভাবে পরিচিত। যেমন - ছৌ নাচ, গম্ভীরা, ঝুমুর, বাউল, টুসু ছাত্র-ছাত্রীদের মধ্যে ছড়িয়ে দেওয়া হয়েছে। সুপ্ত প্রতিভার যাতে বিকাশ হয় তার জন্য সরকার একটা স্বদর্থক ভূমিকা পালন করেছে। এছাড়া আমরা কি দেখছি? আমরা দেখছি যাতে শিশুরা দেহ-মনে সুস্থ থাকে, তার ব্যবস্থা সরকার করেছে। রাজ্য স্কুল স্তর থেকে এবং গেম, স্পোর্টসের অধীনে বিভিন্ন ধরণের প্রতিযোগিতা জেলা থেকে রাজ্য স্তরে চলছে। এই যে বাজেট পেশ করা হয়েছে, তাতে আগামি অর্থ বর্ষে ব্যাপক কর্মসূচি গ্রহন করা হয়েছে। যেমন মিড-ডে মিলের গুনাগুন বৃদ্ধির জন্য নানান ব্যবস্থা করা হচ্ছে। রান্নাঘর নির্মাণ, খাবার ঘর নির্মাণ, রান্নার গ্যাসের সরবরাহ, অগ্নি নির্বাপন - এসব ব্যবস্থাও রয়েছে। আপনারা জেনে খুশি হবেন, এতদিন পর্যন্ত এইট পর্যন্ত মিড-ডে মিল চালু ছিল। এই মা-মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের অনুপ্রেরণায় আমাদের শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় এই মিড-ডে মিলকে ক্লাস টেন পর্যন্ত চালু করার উদ্যোগ গ্রহণ করেছেন। এই বিষয়গুলি আপনারা কোনোদিন চিন্তা-ভাবনা করেননি। এছাড়া শিক্ষকদের আরো অনেক প্রোগ্রাম রয়েছে। আমি এটুকু বলব যে, আরো একটি গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের অনুপ্রেরণায় মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষকদের মধ্যে বিশেষতঃ শিক্ষিকাদের ঘরের কাছে আসা, আন্তঃ জেলার যে বদলি, সেই ব্যবস্থা করার ফলে আজকে বাংলায় শিক্ষক শিক্ষিকা পঠন-পাঠনে প্রচুর উন্নতি লাভ করেছে। তাই বাজেটকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনা কাটমোশনের সম্পূর্ন বিরোধিতা করছি, ধন্যবাদ।

[3:10 – 3:20 p.m.]

Dr. Rohit Sharma : Hon'ble Deputy Speaker, Sir, the statement on Budget for Department of Higher Education, Science and Technology and Bio-technology for the year 2017-18 by Dr. Partha Chatterjee under Demand No. 70 highlights the steps taken by the Department to build on West Bengal's rich intellectual legacy and to improve the functioning of higher education system. Sir, having said, this Gorkhaland Territorial Administration Act has been formed. It has been given assent by the President of India also and GTA is functioning since 2012. Sir, in the GTA Act, it has been clearly mentioned

that GTA will have its own School Service Commission and College Service Commission. But till today, the government has not given any proposal or not placed any Bill for the formation of the School Service Commission or the College Service Commission for GTA. Sir, our Hon'ble Chief Minister frequently visits Darjeeling hills, she loves the people of Darjeeling, she loves Darjeeling hills. So, I would like to urge upon the Hon'ble MIC to work out regarding the College Service Commission and the School Service Commission for GTA. Sir, as a member of the Standing Committee of Higher Education, I have the opportunity to visit several colleges. We visited Birbhum also. We had the interaction with the students. We had the interaction with the teachers, non-teaching staff and we have found out that the basic problem we are facing today is that the students of the second year and third year do not attend the classes after the first year examination. They wait for the results to come out for the first year so that they may attend the classe only after the results are declared. Hence, everyone is complaining that this system of 1+1+1 is creating problems in the running of the colleges. Sir, the pass percentage of our state is 34%. That means if a student secures 341 he is deemed to be successful in the examination. But actually speaking, he or she is failing in 66%. Sir, this has a very serious impact when our students go out of the state, in other States, their pass percentage of 50% and our state has 34%. This is creating disparity and our students have a very tough time in getting admission in some of the good colleges outside West Bengal on the basis of % secured. Sir, I would like to request the Hon'ble MIC to incorporate cafetaria approach in our curriculum. As because the student may be very good in economics, the student may be good in chemisry but he may also be equally good in commerce/accountancy, but he is not interested in Physics. So, instead of comparmentalising Arts, Science and Commerce, let the student be given a chance to adopt this cafetaria approach so that he or she can take subject of his or her choice. And last but not the least, Sir, terrorism is the greatest challenge being faced by the country and these terrorists are a educated a lot. This education system of ours today lacks human values in education. Sir, money comes and goes but morality comes and grows. Hence, I would like to urge upon the MIC to incorporate human values in educationfrom primary level to higher education level in the next session, Sir. Thank you.

শ্রী সেখ ইব্রাহিম আলি : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় ১৫ এবং ৭০ নম্বর যে ডিমান্ড, শিক্ষাখাতে যে বাজেট ব্যয় বরাদ্দের প্রস্তাব করেছেন আমি তার বিরোধিতা করছি। আমি মনে করি বর্তমান রাজ্যের শিক্ষামন্ত্রী এই সময়কালে অনেক কাজ করেছেন। এটা ঠিক আমাদের রাজ্যে ৭টি বিশ্ববিদ্যালয় এবং ৮টি বেসরকারি বিশ্ববিদ্যালয় গড়েছেন। বেসরকারি নার্সিংহোমে যেরকম ব্যবসা চলছে আমাদের রাজ্যে ৮টি বেসরকারি বিশ্ববিদ্যালয় গড়ে সেখানেও ব্যবসা চলছে। ইতিমধ্যেই আমরা লক্ষ্য করছি, সমীরবাবু অনেক

বড় বড় কথা বলছিলেন। ষষ্ঠ শ্রেণি এবং অষ্টম শ্রেণির সিলেবাস থেকে কাজী নজরুল ইসলামের অবদান উঠে গিয়েছে। আর অষ্টম শ্রেণিতে স্থান পেয়েছে বেচাবাবুদের কথা। ঝাঁসি বাহিনীর রাণি লক্ষ্মী সাইগলের নাম উড়ে গিয়েছে সিলেবাস থেকে। আমরা এগোবো না পিছেবো মাননীয় শিক্ষামন্ত্রী সঠিকভাবে বলবেন কি? আপনারা যে ৭টি সরকারি বিশ্ববিদ্যালয় করছেন এবং ৩২টি নতুন কলেজ এই কলেজগুলোতে ছাত্র ভর্তির যা চেহারা - আপনি দাবি করেছেন কিন্তু বাস্তবের সঙ্গে কোন মিল নেই। আপনারা মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণা ছাড়া কিছু করেননা। ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয় তৈরি করেছেন। আমরা সেখানে দেখলাম আয়ারাম আর গয়ারাম। বিশ্ববিদ্যালয় গড়তে না গড়তে ভি.সি আসছেন যাচ্ছেন, কি হবে? শুধুমাত্র বিশ্ববিদ্যালয় গড়লে হবে? পরিকাঠামো, ইনফ্রাস্ট্রাকচার যদি না তৈরি করেন তবে আমরা কিভাবে এগোতে পারবো? ছাত্ররা কি ভাবে শিক্ষা নেবে? তাই স্বাভাবিকভাবে বলবো যে, আগে, পরিকাঠামো গড়ুন। তারপর নতুন নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয় করবেন কি করবেন না আপনি ভাবুন। এই সরকার আসার পর আপনি দুবার প্রাথমিক শিক্ষক নিয়োগ করলেন। প্রথমবার আমরা সংবাদ মাধ্যমে সেটিংয়ের গল্প শুনেছিলাম। নিয়োগপত্র কে বা কারা পাবেন তা আগেভাগে সেটিং হয়ে গিয়েছিল আপনাদের দলীয় কার্যালয়ে। সে কথা আমি বলছিনা, বলেছিলেন তদানীন্তন এক জেলা কাউন্সিলের সভানেত্রী। কোন এক সাংবাদিক বন্ধুর লুকোনো ক্যামেরায় এই পাপ পুরোটাই প্রকাশ্যে এসেছিল। আমরা দেখেছি যে তৃণমূলের নেতা, মন্ত্রী, এম.এল.এ, এম.পিদের ঘরের মানুষের জন্য ঢালাও নিয়োগপত্র বিলি করা হয়েছিল। বঞ্চিত হয়েছিলেন আবেদনকারী কয়েক লক্ষ মেধাবী যুবক-যুবতী। সে এক অদ্ভুতভাবে। মোট শূন্যপদ ছিল ৩৫ হাজার। ১৭ হাজারের বেশি নিয়োগ দেননি। শিক্ষকের অভাবে দিনের পর দিন ভুক্তভোগী হয়েছে ছোট ছোট ছেলেমেয়েগুলো। এবারে যে নিয়োগ আপনারা করলেন এর পদ্ধতি কি? এখনও যা করে - বেড়াচ্ছেন এক কথায় নজিরবিহীন। আমরা শুনেছি বহু জায়গায় এবারে এক একটা পদের দর উঠেছে ৮ থেকে ১২ লাখ টাকা। আমার তো বয়স অনেক কম। আমার চেয়ে আপনি বয়সে অনেক বড়। আমার চেয়ে অনেক বড় বিদগ্ধ বিধায়ক আপনারা আছেন। আমি জানতে চাই, আপনারা কি আপনাদের জীবদ্দশায় দেখেছেনে যে প্রাইমারি স্কুল বোর্ডের চেয়ারম্যান ও তার দপ্তর মোবাইলে ম্যাসেজ করে এ্যাপয়েন্ট পাঠাচ্ছেন। দুর্নীতি ঠিক কোন মাত্রায় গেলে এবং তা কতটা সরকারি পৃষ্ঠপোশকতা পেলে এধরনের ঘটনা ঘটতে পারে।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

কিভাবে দুর্নীতি করেছেন, আমরা সি.বি.আই দাবী করছি। আমি এমনও শুনিছি কিন্তু সত্যি কিনা জানিনা মাননীয় মন্ত্রী বললে ভালো হয় যে, কেউ কেউ পরীক্ষায় বসেনি অথচ মোবাইলে ম্যাসেজে নিয়োগের বার্তা এসেছে। গতকাল শুনলাম একটি জেলায় ৪২জন প্রার্থী যারা নিয়োগের বার্তা পেয়ে জয়েন করে গিয়েছিলেন এবং ক্লাস নিতে শুরু করেছিলেন তাদেরও নিয়োগপত্র বাতিল করে দিয়েছেন। কোন মগের মুলুকে আমরা বাস করছি? মাননীয় শিক্ষামন্ত্রী বলবেন, স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় প্রশ্ন...(এই সময় মাইক অফ হয়ে যায়)।

[2:20 – 3:30 p.m.]

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনাকে ধন্যবাদ একটি বিশেষ উত্তুঙ্গ মুহূর্তে একটা বিশেষ বিলের বিশেষ বাজেট বরাদ্দের সপক্ষে আমাকে বলার সুযোগ দেওয়ার জন্যে। আমি ২০১৭-১৮ বিদ্যালয় শিক্ষাখাতে ব্যয় বরাদ্দের প্রস্তাব উত্থাপন। প্রসঙ্গে বিবৃতি পুস্তিকায় অভিযাচন নম্বর ১৫, আমাদের শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী কর্তৃক উপস্থাপিত এই অভিযাচন এবং শিক্ষা ছাড়াও ক্রীড়া, যুবকল্যাণ, সচিবালয়, সমাজ কল্যাণ, পার্বত্য অঞ্চল,

শিক্ষা, ক্রীড়া, শিল্প সংস্কৃতি এই সব ব্যাপারে ২৫ হাজার ৩ শত ৩০ কোটি ৭১ লক্ষ ৫ হাজার টাকা যে ব্যয় বরাদ্দের প্রস্তাব রেখেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে আজকের এই আলেচনার প্রেক্ষিতে এবং এই অভিযাচনের স্বপক্ষে দু'একটি কথা উল্লেখ করতে চাই। আমি দীর্ঘক্ষণ ধরে শুনছিলাম, আমার আগে অনেক বক্তা বক্তব্য রেখেছেন, আমার চেয়ে অনেক জ্ঞানীগুণী ব্যক্তি তাঁদের বক্তব্যের প্রসঙ্গে আমি যাব না। কিন্তু শুধু একটাই উল্লেখ করতে চাই ধান ভানতে শিবের গীত এই কথা আমরা স্কুল লাইফে পড়েছিলাম, পড়িয়েওছিলাম। এখানে যেসব প্রসঙ্গ আলোচিত হয়েছে আমাদের এই ব্যয় বরাদ্দের হিসেব সংক্রান্তকে কেন্দ্র করে তাদের পাশ কাটিয়ে অন্য আলোচনায় চলে গেছেন। তাই উত্তর দিতে গিয়ে হয়তো তাঁদের আলোচনার কিছু কিছু সূত্র আমাকে বলতেই হবে। এটা আমি বলতে চাইনি। কিন্তু একটা প্রত্যক্ষ অভিযোগ এসেছে যে, আমরা মা-মাটি মানুষের সরকারের কর্তৃপক্ষ নাকি শিক্ষার মধ্যে রাজনীতিকরণ আনছি, অভিযোগ এসেছে। আমরা নাকি শিক্ষাকে সংকুচিত করছি। আমি আমার ব্যক্তিগত জীবনে শিক্ষকের পঠন এবং পাঠন অধ্যায়ে যে তিক্ত অভিজ্ঞতার সম্মুখীন হয়েছিলাম সেই অভিজ্ঞতা যদি মনে রাখি তাহলে নিশ্চই আমরা বলতে পারবো, তোমরা কারা যারা এই অভিযোগ আনছো। তোমরা কি তারাই, যারা আমাদের প্রাণের কবি রবীন্দ্রনাথ ঠাকুরের সহজপাঠ তুলে দিতে চেয়েছিলে, তোমরা কারা, তোমরা কি তারাই, যারা আমাদের পাঠ্যক্রমের মধ্যে সমস্তরকম জাতীয়তাবাদী যে অধ্যায় থাকে সেগুলোকে পরিত্যাগ করেছিলে। তোমরা কারা, তোমরা কি সেই, আমাদের জাতির জনক মহাত্মা গান্ধীর উদ্দেশ্যে সুকান্ত ভট্টাচার্যের যে কবিতা ছিল, 'চারিদিকে ভীরু চিন্তার হিজিবিজি, একবার হাত ধরো গান্ধীজী" সেই কবিতাকে তুলে দিয়েছিলে। তোমরা কারা, যারা সহজপাঠের বদলে অন্য পাঠ আমন্ত্রণ করেছিলে। তোমরা কারা, যারা বিদ্যাসাগরকে বর্জন করেছিলে। তোমরা কারা, যারা স্বামী বিবেকান্দের একমাত্র পুস্তক বিদ্যালয় স্তরে ছিল প্রাচ্য এবং পাশ্চাত্য তাকে তুলে দিয়েছিলে। তোমরা কারা, যারা ডি এল রায়ের মেবার পতন নাটকের যে নাট্যাংশ পাঠ্য ছিল, সেই নাট্যাংশের মধ্যে যেখানে অহিংসার কথা, প্রেমের কথা, হৃদয় ধর্মের কথা বলা হয়েছিল সেইগুলোকে কর্তন করে দিয়েছিলে। তোমরা আজকে অভিযোগ তুলছো, তুমি মহারাজ সাধু হলে আমি আজ চোর বটে। আমাদের মনে হয় একি, এ কোন যন্ত্রণা, কোন উদ্ধৃতি দিচ্ছেন তারা। শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব, বিপ্লব আনে মুক্তি। অনেকবার শুনেছি এই মন্তব্য।

কিন্তু আমাদের শিক্ষা জগত, আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অন্য। মন্ত্র শোনান - বলেন হ্যাঁ, শিক্ষা শুধু চেতনা নয়, শিক্ষা আমাদের চৈতন্য আনবে। যে চৈতন্যের কথা বলেছিলেন, ঠাকুর রামকৃষ্ণ - তোদের চৈতন্য হোক। সেই চৈতন্য বিপ্লব আনেনা, সেই চৈতন্য ক্রান্তি আনে এবং সেই ক্রান্তি মুক্তি আনে; আমরা পরিবর্তন করেছি, শিক্ষা আনে চৈতন্য, চৈতন্য আনে ক্রান্তি, ক্রান্তি আনে মুক্তি। আমরা এইটুকুতে বিশ্বাস করেছি। বলেই, আমরা বলতে চেয়েছি যে কথা, সেই কথাটা বারবার আবার আমরা উচ্চারণ করছি। আমরা জানি, আমি মূল জায়গায় যদি ফিরি, যদি আমরা জানি এই সমস্ত কর্তব্য কর্মের মধ্যে, আমাদের এই অভিযাচনের মধ্যে কি আছে, শিক্ষার সর্বাঙ্গীন বিকাশ আছে, শিক্ষার সামাজিকতার বিকাশ আছে, পরাবিদ্যার স্ফুরণ আছে, সাংস্কৃতিকতার স্পন্দন আছে, বিষয় শিক্ষার সাঙ্গীকরণ আছে, মূল্যবোধের জাগরণ আছে। পশ্চিমবঙ্গ স্কুল লিডারশিপ ডেভলপমেন্ট ট্রেনিং যেটায় আমরা যখন দিল্লিতে গিয়েছিলাম শিক্ষার্থী হিসাবে, তখন সেখানে বলা হয়েছিল যে স্কুলের উপকরণ কম, যে স্কুলের সামগ্রী কম, আর্থিক সহায়তা কম, সেই বিদ্যালয়ে গিয়ে কি করে নতুন করে তাকে প্রথম শ্রেণীর বিদ্যালয়ে রূপান্তরিত করতে হয়, তার জন্য সেই নেতৃত্ব লিডারশিপ ডেভেলাপমেন্ট এই প্রজেক্ট থাকা উচিত, সেই প্রজেক্ট এখানে আনা হয়েছে। আমরা জানি, আজকের এই জায়গায় দাঁড়িয়ে, আমরা অনেক

অনেক বড় বড় কথা বলছি, আমরা বলছি যে আমাদের আরো ভাল হোত। আরো অনেক কিছু করলে ভাল হোত। কে না জানে, ভাল হোত। কিন্তু যেটুকুন করেছি আমরা সেটুকুন আমাদের এই স্বল্প সঙ্গতির মধ্যে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় এ দিয়েছেন, সদিচ্ছা ছড়িয়ে দিয়েছেন। শুধু বলেছেন, মায়ের দেওয়া এই মোটা কাপড় মাথায় তুলে নেরে ভাই, দীন দুখীনী মা যে তোদের এর বেশী আর সাধ্য নাই। আমরা দিয়েছি। আমাদের কোন দেশে সারা জগতের কোন দেশের কোন রাজা আছে, যে রাজা আসে, এসে বলে, একবার দেখে খালি পায়ে একটি ছেলে দাঁড়িয়ে আছে,তোমার পা খালি কেন, তুমি ছাত্র। তুমি যাচ্ছ না কেন, গাড়ী নেই। তুমি পড়ছ না কেন, বই নেই। তোমার পায়ে জুতো নেই। জুতো দাও, খাবার দাও, বই দাও, এই যে সহৃদয়তা, এই যে মমত্ববোধ, এই মমত্ববোধের বিকিরণ সর্বত্র সঞ্চিত হয়ে আছে এবং সিঞ্চিত হয়ে আছে। যাঁরা দেখতে চাইছেন, তাঁরা দেখতে পাবেন। এবং আজকের এই নারী দিবসে আমরা বলতে চাইছি, আমাদের এই শিক্ষার চেতনার মধ্যে, সেই চেতনা আছে যে ইঙ্গ, বঙ্গীয় শিক্ষা নয়। শুধুমাত্র ইংরেজী পড়ার শিক্ষা নয় আমরা সাহেবী ধরণের হাসি,ফরাসী ধরণের কাশি, পা ফাঁক করে সিগারেট খেতে বড়ই ভালবাসি, এ স্টাইল নয়। এই জীবনের স্টাইল নয়। আমরা বলতে চাই, পল্লীগ্রামের ক্ষেন্তি- বাঁদী-নসি-যশী-র সঙ্গে কলেজে পড়া ইভা-ডলি-পলি-বেবী তারা একত্র থাকবে, নারীত্বের জাগরণ হবে। এই নারীমুক্তির দ্বারে আমাদের শিক্ষা, সেই চেতনার সন্ধান দেয়। আমরা প্রফুল্ল সেনকে দেখেছি, প্রফুল্ল সেনের সঙ্গে একসঙ্গে রাজনীতি করার সৌভাগ্য আমার হয়েছে। সেই প্রফল্ল সেন যিনি রাজনৈতিক initio ছিলেন, তাঁকে প্রচন্ড অপমান করা হোত মাঝে মাঝে, কখনও চোর বলা হয়েছে, কখনও বলা হয়েছে স্টিফেন হাউস কিনে নিয়েছে, কত রকম তাঁকে বলা হয়েছে। তাঁর শেষ বয়সে যখন তাঁর সঙ্গে আমি যেতাম, আমাদের যখন মিটিং -এ তিনি আসতেন,একবার এসেছেন, আসার পর আমি বলছি, প্রফুল্লদা আপনার ধূতিটা তো ছেড়া, এখানে ছেড়া দেখা যাচ্ছে। প্রফুল্লদা বললেন, তুমি ছেঁড়াটাই দেখলে, আরে আর বাকিটা যে গোটা দেখলে না। তুমি ছেঁড়াটাই দেখলে, আরে ধূতিটা আমি কেচেছি, নিজে পাট করেছি, ইস্ত্রি করেছি, তারপর পরছি, সেটা দেখলে না ! ঠিক সেইভাবে, আমাদের মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার, এই মা মাটি মানুষের সরকার, এত আর্থিক করভারে জর্জরিত হয়েও আর্থিক দেনাগ্রস্ত হয়েও কী মমতায়, কী চেতনায়, নতুন করে পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থাকে সাজাতে চাইছেন, সে কি অপরাধ?

[3:30 – 3:40 p.m.]

যদি শ্রদ্ধা করতে না পারি বাকিটুকু করে যাব, এই চেতনা তিনি ফিরিয়েছেন। তিনি একবারও কোথাও বলেননি আমি করেছি, সব করেছি। আছে। আছে, অনেক বাকি আছে। কিন্তু মেলাতে হবে। আজকের যুগে শিক্ষার চেতনাকে মেলাতে হবে। আজকে থিসিসের যুগ নয়, এই যুগ সিন্থেসিসের যুগ। এই সিন্থেসিসের যুগে শিক্ষার চেতনার মধ্যে সিন্থেসিস আনতে হবে। আনতে হবে বিষয় শিক্ষার সঙ্গে নীতি বিদ্যা। শিক্ষায় ছিল কমিউনিজমের লোহিতবাদ এবং কমিউনালিজমের গৈরিকবাদ, তারই মাঝখানে আলপথ দিয়ে হাঁটছে এই তৃণমূল। ধর্মকে ছুঁয়ে যাচ্ছে, বিবেকানন্দকে ছুঁচ্ছে, সূর্যমুখী কৃষ্টি, কিন্তু মানুষকে উপেক্ষা করছে না। সেই মানুষের মধ্যে চেতনাকে সঞ্চারিত করে আসতে হবে। বলা হচ্ছে সিঙ্গুর কেন ইতিহাসের মধ্যে এল? কাকে বলে ইতিহাস?

..(এইসময় লালবাতি জ্বলে ওঠে।)...

ইতিহাস হচ্ছে রাজ্যের যা বর্তমান, যাকে আমরা রেখে দেব, রত্নখনিতে রেখে দেব। যে বর্তমান পরের ভবিষ্যৎকে পথ দেখাবে তাকে ইতিহাসের খনিতে আমরা ধরে রাখি। তাই সিঙ্গুরকে

আমরা ধরে রেখেছি। সিঙ্গুর কি শুধু জমি পাওয়ার ইতিহাস, সিঙ্গুর তো সংগ্রামের ইতিহাস, কৃষি চৈতন্যের ইতিহাস, রবীন্দ্রনাথের রক্তকরবী নাটকের যে ইতিহাস ছিল, যন্ত্র সভ্যতার সঙ্গে কৃষি সভ্যতার যে দ্বন্দ্ব সেই দ্বন্দ্বের ইতিহাস। যদি রক্তকরবী স্থান পায় বাংলা সাহিত্যের ইতিহাসে, ঠিক তেমনি মানব জাতির সভ্যতার ইতিহাসে, রাজনীতির ক্রমবিবর্তনের ইতিহাসে সিঙ্গুর তার জায়গা করে নেবে। সেই সিঙ্গুরের কথা যদি আমরা শেখাই, ভুল শেখাই? অন্যায় করেছি? আমি বিরোধী সদস্যদের বলবো, আমি কোনো রাজনৈতিক চেতনা থেকে বলছি না, আমি অত্যন্ত সাধারণ একজন স্কুল মাষ্টার, আমার বলতে কোনো দ্বিধা নেই, আমি পন্ডিত নই, আমার অভিজ্ঞতাও নেই, আমি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা কোনোদিন করিনি, আমি সেকেলে একজন স্কুল মাষ্টার। তবু মাঝে মাঝে আকাশের চাঁদ দেখতে ইচ্ছে হয়। তবু মাঝে মাঝে গান্ধীর অনুপ্রেরণা, বিবেকানন্দের শিক্ষা চেতনা আমাকে নাড়া দেয়। সেই শিক্ষার চেতনা যেখানে আছে ঠিক সেখানে আমি দাঁড়িয়ে এই অভিযাচনকে সমর্থন করছি। শুধু সদনে আমি শেষ আবেদন করে যাই, হলো কালের ভুল, পুবের হাওয়ায় উড়িয়ে দিলাম দখিন হাওয়ার ফুল। এখন শুধু অন্য সুরে অন্য গানের পালা, এখন গাঁথো অন্য ফুলে অন্য ছাঁদের মালা। শিক্ষা খাতে এই বাজেট সেই কলি দখিন হাওয়ার ফুল। " শিক্ষা বাজেটের সংখ্যাদর্শন শুধু নয়এ, শিক্ষা চেতনার সাংখ্যদর্শন সমন্বিত এই ১৫ নং অভিযাচন সমর্থন করে আবার পার্থবাবুকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী আসিফ মেহবুব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রীর অনুমোদনের জন্য যে দাবি নং ১৫ এবং দাবি নং ৭০,২০১৭-১৮ আর্থিক বর্ষের ব্যয়বরাদ্দের প্রস্তাব উপস্থাপন করেছেন তাতে বিরোধীদের আনা কাট মোশানকে আমি পূর্ণ সমর্থন করছি। এই সম্পর্কে আমি কিছু বলতে চাইছি। স্যার, মাননীয় মন্ত্রি মহোদয়, তাঁর ডিমান্ড নং ১৫র ভিত্তিতে পঁচিশ হাজার তিনশত তিরিশ কোটি একাত্তর লক্ষ পাঁচ হাজার টাকা এবং দাবি নং ৭০ তার ভিত্তিতে তিন হাজার দুইশত সাতচল্লিশ কোটি সাতানব্বই লক্ষ ঊনপঞ্চাশ হাজার টাকা মঞ্জুর করার জন্য প্রস্তাব পেশ করেছেন এই বিধানসভায়। স্যার, আমি বলতে চাই, উনি সাফল্যের চাবিকাঠি হিসাবে যে অংশগুলো তুলে ধরেছেন তার সাথে আমরা একেবারেই সহমত পোষণ করতে পারছি না। আমরা যারা পথে, ঘাটে, গ্রামাঞ্চলে বাস করি, যাদের চোখের সামনে বহু দৃশ্য দেখতে হয়, সেখানে আমরা দেখতে পাই যে বাংলা একসময় শিক্ষার রাজধানী ছিল, যেখানে শিক্ষা রাজত্ব করেছে, তার অবস্থা আজকে কোথায় নেমেছে। মান নিয়ে প্রশ্ন আসছে। আজকে গোটা ভারতবর্ষের যে সমীক্ষা,সেই সমীক্ষা অনুযায়ী যদি দেখা যায় তাহলে আমরা দেখতে পাবো বিদ্যালয় শিক্ষা নিয়ে ন্যাশনাল ইউনিভার্সিটি অফ এডুকেশনাল প্ল্যানিং অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশান, সংক্ষেপে ' নিউপা' এবং মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকে প্রকাশিত রিপোর্ট যা আমাদের ডিস্ট্রিক্ট ইনফরমেশন সিস্টেমের মাধ্যমে যে তথ্যগুলো আসে বা সেখানে যায় তার মাধ্যমে তুলে ধরতে হয়।

শুধু বামফ্রন্টের সময় নয়, বিগত কয়েক বছরের রিপোর্টে দেখা যাচ্ছে, পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা কিন্তু ক্রমশঃই পিছনের দিকে হাঁটছে। আশেপাশের রাজ্য ঝাড়খন্ড, বিহার, উড়িষ্যা, আসাম, ত্রিপুরা যারা অনেকখানিই পিছিয়ে ছিল কয়েক বছর আগে তারা কিন্তু আজকে ঘুরেফিরে এগিয়ে যাচ্ছে। বিহার, ঝাড়খন্ড পাশাপাশি পশ্চিমবঙ্গের সঙ্গে আছে। যে উড়িষ্যা এক সময় পিছিয়ে ছিল, ২১ নম্বরে তার নাম ছিল, আজকে দেখা যাচ্ছে সে পশ্চিমবঙ্গকে টপকে আগে চলে এসেছে। উদাহরণস্বরূপ যদি দেখা যায়, তাহলে দেখতে পাব, এক শিক্ষকবিশিষ্ট প্রাথমিক বিদ্যালয় পশ্চিমবঙ্গে যেখানে চার শতাংশ, উড়িষ্যায় সেখানে নয় শতাংশ। পশ্চিমবঙ্গ যে ক্রমশঃ পিছিয়ে পড়ছে এটাই তার প্রমাণ। মাননীয় মন্ত্রীমহাশয় যে চেষ্টা করছেন না, তা বলব না। তিনি চেষ্টা করছেন। গতকাল আমরা টেলিভিশনে দেখলাম তিনি নাকি কড়া দাওয়াই

তার জন্য প্রয়োগ করবেন। আমাদের অবশ্যই আগ্রহ আছে তাঁর ওষুধ সংক্রান্ত ব্যাপারে কারণ কাঠামোতো ভেঙ্গে গিয়েছে। প্রাথমিক বলুন, উচ্চ মাধ্যমিক বলুন, প্রতিটি ক্ষেত্রে একই অবস্থা আমরা দেখতে পাই। আসলে ব্যাপারটা একটা হ্যাবিটে পৌঁছে গিয়েছে। শিক্ষা ব্যবস্থা বলতে সেখানে আমরা কত অর্থ বিনিয়োগ করলাম, কতটা অর্থ ব্যবহার হল সেটার উপর ব্যাপারটা নির্ভর করেনা। তার মান নির্ভর করে সেখানকার মেধার উপর। আমরা জানি, এই সদনে যারা উপস্থিত আছি এবং মাননীয় শিক্ষামন্ত্রী নিজেও একজন অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। তিনি নিশ্চয় এই ব্যাপারে অবগত আছেন। আজকে পশ্চিমবঙ্গে দেখুন, গতকাল আমরা টি.ভি -তে বঙ্কিম কলেজের দৃশ্য দেখেছি, এই দৃশ্য শুধু আজকে বঙ্কিম কলেজে নয়, শান্তিপুর থেকে শুরু করে বহরমপুর থেকে শুরু করে, রায়গঞ্জ থেকে শুরু করে যতগুলো কলেজ বা ইউনিভার্সিটি হয়েছে, প্রত্যেকটি ক্ষেত্রেই একই সমস্যা। কোথাও ছাত্র বিক্ষোভ, কোথাও শিক্ষক ও অ-শিক্ষক কর্মীদের বিক্ষোভ। তার কারণটা কিন্তু বলতে পারি, মধুভান্ড যে শব্দটা উচ্চারণ করেছেন সেই ব্যাপারে আমি একমত। সেই মধুভান্ড যেটা আমাদের সেন্ট্রাল থেকে দেওয়া হচ্ছে, আমরা জানি NAAC-এর কিছু প্রসেস আছে। সেখানে বেশ কিছু কলেজ যাঁরা NAAC-এর আওতাভুক্ত তারা বেশ ভালো সাহায্যই কিন্তু সেন্ট্রাল থেকে পেয়ে থাকে। সেখানেই কিন্তু সমস্যা। সেখানে বহু কমিটিতে যাঁরা অবস্থান করছেন, তাঁরা নিজেদের ভাগাভাগি নিয়েই প্রচণ্ড ব্যস্ত, তাঁরা উন্নয়ন নিয়ে ভাবছেন না। আজকে তাঁরা ছাত্র-ছাত্রীদের নিয়ে ভাবছেন না। আজকে কলেজে ক্লাস হচ্ছে কি, হচ্ছে না, সেটা নিয়ে তাঁরা ভাবছেন না। আজকে কটা কলেজে বিজ্ঞান বিভাগ আছে, যেটা আমাদের উন্নয়নের একটা অংশ সেই অংশ কটা কলেজ পাচ্ছে সেটা নিয়ে ভাবছেন না। আমি মালদহ জেলার বাসিন্দা, আমার জেলাতে যে কটি কলেজ আছে,তার মধ্যে মাত্র তিনটি কলেজে বিজ্ঞান বিভাগে অনার্স পড়ানো হয়। কত হাজার হাজার ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান নিয়ে পাশ করছে, তারপরে তাঁরা বাধ্য হয়ে পাশ কোর্সে পড়তে বাধ্য হচ্ছেন। তাঁদের ভবিষ্যত আজকে অন্ধকারে। আমি টেট নিয়ে বলব না, টেট নিয়ে অনেকেই বলেছেন। আমরা চোখের সামনেও দেখেছি, আপনি প্রমাণ চাইবেন, চৌত্রিশ বছরের হিসাবের কথা বলবেন, আমি শুধু এটুকুই বলব, এই কেলেঙ্কারিগুলোকে আগে থেকেই বন্ধ করা দরকার। শিক্ষা প্রতিষ্ঠানের একটা পদের দাম, দশ লক্ষ টাকা, বারো লক্ষ টাকা হতে পারেনা। আজকে পুরুলিয়া থেকে যাঁরা মালদহে, যাচ্ছেন বা আমার বিধানসভা ক্ষেত্র চাঁচলে যাচ্ছেন, তাঁরা সেখানে কি পড়াবেন। তাঁরা ছাত্রদের কিভাবে মানুষ করবেন। এই ব্যাপারে আমাদের চিন্তা হয়। আমরা জানি আমরা বিশ্ব সংসারের বাইরে নই। আজকে ইতিহাসেরও বিকৃতি চলছে। কেন্দ্রীয় সরকারে যাঁরা রয়েছেন তাঁরা আজকে ইতিহাসকে বিকৃত করছেন, বলা হচ্ছে টিপু সুলতান সাম্প্রদায়িক। আজকে স্বাধীনতা সংগ্রামের অংশ হিসাবে যাদের নাম আমরা সম্মানের সঙ্গে স্মরণ করি, তাদেরকে দেশদ্রোহী হিসাবে ব্যাখ্যা করা হচ্ছে। আমাদের রাজ্যেও কিন্তু সেই প্রক্রিয়া চলছে। চৌত্রিশ বছরের ইতিহাসের কথা বলছেন, আমরা জাতীয় কংগ্রেস করি, চল্লিশ বছর ধরে আমরা এই সরকারকে দেখছি। যা সহযোগিতা প্রয়োজন নিশ্চয় আমরা করব। আমার সময় খুব সংক্ষিপ্ত, আমার প্রিয় জার্মান কবি ব্রেখটস। তিনি ১৯৩৯ সালে তাকে জার্মান থেকে আমেরিকা চলে যেতে হয়েছিল। তাঁর অনেক কবিতার মধ্যে আমার একটি প্রিয় কবিতার কিছু লাইন আমি এখানে উল্লেখ করবো। আমার মনে হয় কবিতাটা এর সঙ্গে যথেষ্ট সম্পর্কযুক্ত। " যেহেতু তুমি নৌকার একটা প্রান্তে বসে, অন্য প্রান্তরে ফুটোটা লক্ষ্য করলে সাথী তোমার উচিত নয় দৃষ্টি ফিরিয়ে দেওয়া। কেননা তুমিও এই দৃশ্যলীন মৃত্যুর অঙ্গনের বাইরের কেউ নয়"। ধন্যবাদ স্যার।

[3:40 – 3:50 p.m.]

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডিমান্ড নম্বর ১৫ এবং ডিমান্ড নম্বর ৭০ স্কুল এডুকেশান এবং হায়ার এডুকেশান সায়েন্স অ্যান্ড টেকনোলজি ডিপার্টমেন্টের বাজেট বরাদ্দের অনুমোদনের আবেদন রাখছি। যে সমস্ত কাট মোশন এসেছে সেগুলোকে গ্রহণ করতে পারছি না। আমি বসে বসে শুনছিলাম, শিক্ষা নিয়ে - প্রাথমিক শিক্ষক, বিশ্ববিদ্যালয় নিয়ে আলোচনা করছেন। বিশ্ববিদ্যালয় নিয়ে আলোচনা করছেন যাঁরা, তাঁরা বিশ্ববিদ্যালয়ে কোনদিন ঢুকেছেন কিনা এরকম দেখছি না। মমতা বন্দ্যোপাধ্যায় এই সময়ে শিক্ষাকে গুরুত্বের সঙ্গে দেখছেন, তাতে আপনাদের আগ্রহ বেড়েছে এবং এই আগ্রহ বাড়াটা ভাল। আমি প্রথমেই যে কথাটার উত্তর দেওয়ার দরকার আমি সব কটার উত্তর দিয়ে - শেষে আপনাদের চর্চিত সিবিআই, চর্চিত টেট নিয়েও আলোচনা করব। আমাদের হায়ার এডুকেশান নিয়ে দেখলাম খুব বেশি আলোচনা করলেন না। তাহলে বোঝা যাচ্ছে ওটা ঠিকই চলছে,ভালই চলছে - তা নাহলে। আপনারা বলতেন। .....(নয়েজ)..... না, না, বোঝা গেল যে যতটা রাগ হয়েছে যে নিজেদের মধ্যে লোক টেকাতে পারেননি বলে। তাই সেইটাই আপনাদের দুঃখের কারণ, আর কোন কারণ নেই। যদি সেই দুঃখ থাকে তাহলে আমাকে জানাবেন,আমি মেটাবার চেষ্টা করব। আপনারা যে একত্রিতভাবে যা করছেন আমি সবটাই জানি। আমার তো অজানা নয়, আমি জানি - আমি তো এই রাজ্যেরই লোক। যে বিষয়টা আমাদের এখানে এসেছে, যে আমরা কি কি কাজ করেছি। প্রথম কথা হচ্ছে যে আমরা আমাদের ডিপার্টমেন্ট তার সঙ্গে যুক্ত হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি বিভাগ। এটা হায়ার এডুকেশানের মধ্যে যুক্ত হয়েছে। এবার হচ্ছে, আমাদের প্রাপ্তি কি? আপনারা অনেকেই প্রশ্ন করেছেন যে, কি কি প্রাপ্তি আমাদের হয়েছে? আপনারা সবাই জানেন কিন্তু বললে আমাদের নম্বর বেড়ে যায়, সেই জন্য বলছেন না। আমরা কিন্তু ১৫টি নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন করেছি। এর মধ্যে সাতটি সরকার পোষিত,আটটি বেসরকারী। প্রতিটি বিশ্ববিদ্যালয় চালু হয়ে গেছে। এমনকি সেন্টজেভিয়ার্স কলেজও কলকাতার ১৬ তম বিশ্ববিদ্যালয় বেসরকারী বিশ্ববিদ্যালয় হিসাবে নবম। ২০১৭ সালের জুলাই থেকে তার পঠন-পাঠন শুরু করবে। ৩১টি নতুন সরকারী কলেজ এবং ১৫টি সরকার পোষিত কলেজ তৈরি হয়েছে। যার পঠন-পাঠন শুরু হয়েছে। এটা শিক্ষার্থীর অনুপাতে লক্ষ্যনীয় বৃদ্ধি। এটাই একটু বোঝার চেষ্টা করুন যে, আমরা পিছিয়ে পড়েছিলাম - আমরা এগিয়ে গেছি। উচ্চ শিক্ষায় বিপুল বিস্তৃত - স্নাতক ও স্নাতকোত্তর স্তরে চার লক্ষ-এর বেশি। আমি এখন যা হিসাব নিলাম, ওটা পাঁচ লক্ষ হয়েছে ১১ থেকে এখন পর্যন্ত। পাঁচ লক্ষ আসন বৃদ্ধি হয়েছে। ফলস্বরূপ পশ্চিমবঙ্গের শিক্ষার্থীরা অনুপাত বা গ্রস -এনরোলমেন্ট রেসিও, জি.ই.আর. যা ২০১১ সালে ছিল ১২.৬ তা লক্ষনীয়ভাবে ২০১৫ সালে বেড়ে হয়েছে ১৭.৬৬। উচ্চ শিক্ষায় এই রাজ্যে নথিভুক্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৯ লক্ষ ২৬ হাজার ৮৮৬ জন।

গত চার বছরের পরিকল্পনার ব্যয় বৃদ্ধি আমি দেখলাম, ২০১৭-১৮ যদি ধরি, তাহলে পাঁচ গুণ বৃদ্ধি পেয়েছে। ওয়েস্ট বেঙ্গল স্টেট হায়ার এডুকেশান ইনস্টিটিউশান এ্যাক্ট যেটা রয়েছে, সেই আইনে ১৭% অনগ্রসর জাতির জন্য ও বি সি সংরক্ষণের ব্যবস্থা হয়েছে। ২০১৪-১৫ -র শিক্ষা বর্ষে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে অন্যান্য অনগ্রসর শ্রেণীর জন্য সংরক্ষণ ধার্য করার প্রথম বছর অর্থাৎ প্রথম বছরেই ও বি সি ভুক্ত ৫৯ হাজার ৬১২ জন শিক্ষার্থী স্নাতক এবং স্নাতকোত্তর স্তরে ভর্তি হতে পেরেছেন। পিছিয়ে পড়া ছাত্রকে এগিয়ে আনার ব্যবস্থা হয়েছে। ২০১৫-১৬ সালের ও বি সিভুক্ত ৯৯ হাজার ৩১০ জন শিক্ষার্থী স্নাতক এবং স্নাতকোত্তর স্তরে ভর্তি হয়েছে যা এই স্তরে ভর্তি হওয়া মোট শিক্ষার্থীর ১৫%। এরপর আজকে অনেকে বললেন, কিন্তু এগুলো টাচই করলেন না যে, ৪৫ কোটি টাকা যেখানে আমাদের বৃত্তি দেওয়ার কথা ছিল, মেধা আছে অথচ আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া ছাত্র-ছাত্রীদের জন্য, সেই ৪৫ কোটি টাকা, যাঁরা বিদেশী কবির

উদ্ধৃতি বাংলায় কবিতা পাঠ করলেন, তাদের কেন চোখ দর্শন হল না, আমি বুঝতে পারলাম না। সেই ৪৫ কোটি টাকাটা বৃদ্ধি পেয়ে ২০০ কোটি টাকা হয়েছে। চাঁচল থেকে যদি কেউ দাবি করে, যদি তার মেধা থাকে, তাহলে এই দু'শো কোটি টাকার মধ্যে সেও পরতে পারে। এগুলোই তো আমাদের আসল কাজ। একজন বলছিলেন পরিকাঠামোর কথা, একজন বলছিলেন পরিকাঠামো নেই, চলছে। কোথাও কোথাও আবার বললেন বেসরকারী স্কুলের পরিকাঠামোগুলো আপনারা কেন ঠিক করছেন না। আসলে আপনারা নিজেরাই গুলিয়ে ফেলেছেন যে কী বলব। সেই জন্য বিধায়করা নানা রকম প্রশ্ন করছেন। আমি সেই প্রশ্নগুলোর উত্তর দেওয়ার চেষ্টা করছি। ইতিমধ্যেই আমাদের একটা ঘটনা দৃষ্টি আকর্ষণ করেছিলেন তন্ময় ভট্টাচার্য এবং পরে আশিস মার্জিত। আমি বলি, পারুলের ঘটনাটা সম্পর্কে আমরা খোঁজ খবর নিয়েছি এবং সংশ্লিষ্ট দপ্তরকে জানানো হয়েছে, ইতিমধ্যেই একটা রিপোর্ট আমাদের কাছে পাঠাতে হবে এবং দোষী ব্যক্তিরা যাঁরা আছেন, যদি স্কুল কর্তৃপক্ষ হয় তাহলে তাঁদেরকেও ছাড়া হবে না, আর সেটা যদি ছাত্র-ছাত্রী হয়, আর স্কুল-কলেজ ভাঙ্গে, তাহলে লাল পতাকাই হোক, আর তেরেঙ্গা পতাকাই হোক, কাউকে ছাড় দেওয়া যাবে না এবং দেবও না। এটা একটুখানি সাহায্যের দরকার। আমি ধরিয়ে দিলাম, আর আপনি ছাড়াতে গেলেন, তা হবে না। ...(নয়েজ).... আমি যথেষ্ট তৎপর। আমি অনেক কঠোর। আপনারা ৩৪ বছর শিক্ষা নিয়ে কথা বলতে পারতেন না। এখন তো কথা বলছেন। মুখ ফুটে বলতে পারছেন। এই বলার জন্য একটু দায়িত্ব ভাগ করে দিন মমতা বন্দোপাধ্যায়কে। যাঁরা বলেছেন, তাঁদের মধ্যে এখানে অনেকেই আছেন। যেটা আমার মনে হয়েছে, সেটা একটুখানি বলে দেওয়ার দরকার আপনাদের। ইব্রাহিম আলি বলেছেন, প্রাইভেট ইউনিভার্সিটি তার প্রফিট নিয়ে ব্যস্ত। আমি আপনাদের কথা দিচ্ছি এটা আমরা হতে দেব না। শিক্ষা নিয়েই তাদের ব্যস্ত থাকতে হবে। বাণিজ্য বসতেঃ লক্ষ্মী, এটা শিক্ষায় হয় না। শিক্ষায় সরস্বতীকেই বসাতে হবে, তারপর লক্ষ্মীর স্থান। সুতরাং আপনি যদি কোন খবর পেয়ে থাকেন, বক্তৃতা না দিয়ে আমাকে যদি লিখিতভাবে জানান তাহলে আমি নিশ্চয়ই দেখব। আপনাদের স্মরণে থাকা দরকার যে আমরা নির্দিষ্টভাবে প্রাক্তন বিচারপতি, যা এই প্রাইভেট ইউনিভার্সিটিতে শুরু করে গেছেন, আমার যারা প্রশ্ন তুলছেন আজকে তাঁরাই, তাঁরাই যখন শুরু করেছিলেন, যাকে সে প্রাক্তন বিচারপতি হিসাবে আমাদের এই ফি স্ট্রাকচার গঠন করতে বলেছেন, তিনি আজও আছেন। আগে ছিলেন - লিখতেন কিন্তু ইমপ্লিমেন্ট হত না। আর এখন লিখছেন সেটা ইমপ্লিমেন্টেড হচ্ছে।

[3:50 – 4:00 p.m.]

তা সত্ত্বেও আমি বলছি, আমাদের মনিটারিং সেল আছে।। আমাদের প্রিন্সিপাল সেক্রেটারি বিবেক কুমার, তাকে মাথায় রেখে আমরা করছি। এবং কোনও অবস্থাতেই আমাদের হায়ার এডুকেশানের যা নীতি -That is expansion, equity, excellence and employability - এই চারটি, এর বাইরে কাউকে যেতে দেব না। এটাই আমাদের মূল মন্ত্র এবং এই মূল মন্ত্র অনুযায়ী চলব। এর পরে আসছি আমজাদ হোসেনের প্রসঙ্গে। আমজাদ হোসেন বলছেন- New university set up in Hooghly district. আচ্ছা, যে ক'টাকে করেছি, সে ক'টাকে তো চলতে দেবেন। আপনারা বলছেন, ত্রিশটা নিয়ে করে দিন ইউনিভার্সিটি। যে রকম ভাবে বিদ্যাসাগর ইউনিভার্সিটি, সমীর চক্রবর্তী বলল যে, আপনারা একটা কাজের কাজ করে গেছেন। কেন আপনি, নতুন বিধায়ক, ঐবার যে ভুল কাজটা করেছে তার জন্য তো আপনাকে পাঠিয়েছে যাতে ঠিক কাজ করেন। ওরা করে গেল বিদ্যাসাগর ইউনিভার্সিটি, Kolkata বিশ্ববিদ্যালয় থেকে ত্রিশটা কলেজকে নিয়ে বলল, ইউনিভার্সিটি। নতুন করে কোন কলেজ হ'ল না। আবার আপনি বলছেন, বর্ধমান থেকে ত্রিশটা কেটে হুগলীতে মহসিন কলেজকে বিশ্ববিদ্যালয় করা যায়। তাহলে সেই

চেষ্টা করব। তাহলে এখন তো মনে হচ্ছে যে, ব্লকে ব্লকে ইউনিভার্সিটি চাইবার মত চেষ্টা করছেন আপনারা। সেটা বোধ হয় ঠিক না। আমি এটা মানি যে, হুগলী জেলায় হুগলী মহসিন কলেজকে ঘিরে যদি কিছু করা সম্ভব হয়, তা এখনই করা যাবে না। যেগুলো করা হয়েছে সেগুলোর পঠন-পাঠন, সেগুলোর ছাত্র-ছাত্রীর সংখ্যা সবটাই করতে হবে এবং নতুন কলেজ নিয়ে করতে হবে। শুধুমাত্র পুরনো কলেজগুলিকে ইউনিভার্সিটির বিকেন্দ্রীকরণ করে ইউনিভার্সিটি করাটা সবসময় ঠিক কাজ হচ্ছে না। সেই জন্যই তো আমরা ৪৬টি কলেজ করেছি। ...(নয়েজ)... আমি সবটাই বলে দিচ্ছি। Rohit Sharma has raised a very good question that the Cafeteria approach where students can have more flexibility in choosing his subject combination. Absolutely right. That is why, our Government at the leadership of Ms. Mamata Banerjee, Hon'ble Chief Minister, has advised the Higher Education Department to introduce choice based credit system. And we have already taken it up with the various universities, six or seven universities of the State will introduce the CBCS system in the session 2017 and 2018. Other things like new systems to afford greater scope for students to choose their subject combination on Cafeteria approach that is with greater flexibility. So we are on the job and we are doing it. মনোজ টিগগা আছেন, মাঝে চলে গিয়েছিলেন। We agree. টিগগাজি যে সমস্ত কথা বলেছেন, ঠিকই বলেছেন। কিন্তু এটা মনে রাখা দরকার যে, ফার্স্ট হিন্দি কলেজ কিন্তু আমরাই করেছি, মমতা বন্দ্যোপাধ্যায়ই করেছেন, অন্য কেউ করেনি এবং সেটা বানারহাটেই হয়েছে। সেটা ফাংশানাল হয়েছে। ২০১৪-১৫ -তে এবং এক হাজার স্টুডেন্টস সেখানে হিন্দি মিডিয়ামে পড়াশোনা করছে। হিন্দি মিডিয়াম সেকশান সেটাও কিন্তু আমরা বি.বি কলেজ, আসানসোলে স্টার্ট করেছি ২০১৬-১৭ -তে। ২০১৫ -তে ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশান তারা কিন্তু সাঁওতালি ভাষাকে একটি ভাষা হিসাবে স্টেট এলিজিবিলিটি টেস্ট-তার মধ্যে এনেছে। সুতরাং, আমরা লক্ষ্য রাখছি যে, ডুয়ার্সের যে চা-বাগানের ক্ষেত্রে যেখানে যদি সত্যি সত্যি অভাব থাকে - শুধুমাত্র একটা স্কুল করে দিলেই তো হ'ল না, সেখানে ছাত্র-ছাত্রী হতে হবে। সেদিকটা আমাদের দেখতে হবে। সেটা আমরা দেখছিও।

আরেকটা জিনিস ছিল, আমজাদ বলেছিল, আবার আমজাদের কথায় আসি, পাঠ্য পুস্তক ঠিক মত পৌঁছায়নি। আপনি আমাকে লিখে দিন কোথায় পৌঁছায়নি কারণ পাঠ্য পুস্তক দেওয়ার দায়িত্ব জেলা শাসকদের হাতে আমরা দিয়ে দিয়েছি। তারপর জেলা শাসকরা প্রত্যেকটা স্কুলে মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমে দেয়। মধ্যশিক্ষা পর্ষদ লিখিত ভাবে জানিয়েছে 'আমরা সব জায়গায় দিয়েছি'। আপনি যদি লিখিত ভাবে আমাকে জানান বক্তৃতা না দিয়ে আমি দেখবো।

সিঙ্গুর কেন এল ! আচ্ছা, মহা মুশকিল ! তাহলে সিঙ্গুরের বদলে কী আসবে, মার্ক্স লেনিনে বই ভরিয়ে দেব? সিঙ্গুর মানুষের একটা ইতিহাস। আপনার তো আনন্দিত হওয়া উচিৎ। আপনার তো জেনে রাখা উচিৎ যে, আপনাদের ঐ ভুল সিদ্ধান্ত ...(নয়েজ) ... ওটা ছেড়ে দিননা। ঐ দুঃখ-টা আমাকে নিতে দিন। আপনি কেন আমার দলের দুঃখ-টা আপনার ঘাড়ে নিচ্ছেন? যাকগে, আলু আরম্ভ হয়ে গেছে, সেই আলু দু-চার ব্যাগ নিয়ে যান। সিঙ্গুরের সেই আন্দোলন যে যথাযথ ছিল সেটা মহামান্য সুপ্রিম কোর্ট তার মর্যাদা দিয়েছে। এটা কৃষক আন্দোলন। শুধু মাত্র মমতা বন্দ্যোপাধ্যায়ের আন্দোলন বলে কটাক্ষ করে লাভ নেই। মমতা বন্দ্যোপাধ্যায়ের মত নেত্রী ছিলেন বলে কৃষকরা তাদের জমি ফেরত পেয়েছে, না হলে পেত না। ... (নয়েজ) ... ২৬ দিন কেন, ২৬ ঘন্টা অনশন করে দেখান যে অনশন করা যায়। সেটা তো করবেন না। বলে লাভ কি? তাই

কৃষকের আন্দোলন, সিঙ্গুর, স্থান পেয়েছে। এটা আমাদের যে সিলেবাস কমিটি আছে, রাজনীতি কমিটি না, সিলেবাস কমিটি আছে, বিভিন্ন লোকেরা আছে, তাঁদের খবর পেলে আপনি জানতে পারবেন কারা তাঁরা, তাঁরাই এটা রেকমেন্ড করেছেন। তেভাগার কথার যেমন উল্লেখ আছে, নর্মদার কথার উল্লেখ আছে, সিঙ্গুরের কৃষক আন্দোলনের কথারও উল্লেখ থাকা উচিত এবং সময়োপযোগী বলে আমরা এটাকে রেখেছি।

.... (নয়েজ) ... ২১শে জুলাই কিসের? যেটার জন্য আপনারা আইডেনটিটি কার্ড পেয়েছেন? কেউ একদিনও আন্দোলন করেননি। সেইটা তো? ২১শে জুলাইয়ের দায়িত্ব নিতে চাইছেন অথচ কোন দায়িত্ব পালন করেননি ২১শে জুলাইয়ের শহীদদের প্রতি। যেমন সি.পি.এম খুন করেছে আর আপনাদের নেতারা বাড়ীতে বসে, ঠান্ডা ঘরে আরাম খেয়েছেন। কেউ আন্দোলন করেননি। .... (নয়েজ) ... এবার আসি আশীষ মারজিতের বক্তব্যে। .... (নয়েজ) ...

মিঃ স্পীকার : আজকে আমাদের সময় ভীষণ কম। এইভাবে করলে হবেনা। Please বসুন, তন্ময়বাবু বসুন।

ডঃ পার্থ চ্যাটার্জী : সি.পি.এম নয় বামফ্রন্ট। ছোট-বড়-মেজ সবাই আছে। শুধু বড়রাই নয়, শুধু তন্ময়বাবুরা না। ওনারা বড় ভাই। ছোট ভাইয়েরাও আছে।

মিঃ স্পীকার : আজকে আমাদের সময় খুব কম। Please পার্থবাবু, সাড়ে পাঁচটায় গিলোটিন হবে।

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি শীঘ্রই শেষ করছি। আশীষ মারজিত বলেছেন, আপার প্রাইমারীর রেজাল্ট বেরোয়নি। ১৮টা কেস করেছেন এবং আপনাদের স্নেহধন্য প্রাক্তন মেয়র তার সহযোগীদের সিট এগুলো লাগাচ্ছেন। সেগুলো আগে তুলে নিয়ে আসুন আমি করে দেব। যতটা এগোচ্ছি ততটাই পেছন থেকে টেনে ধরার চেষ্টা করা হচ্ছে, আদালতের কাছে গিয়ে। আমি বার বার বলেছি আপনারা আসুন আলোচনা করি, কোথায় সমস্যা, কোথায় ভুল আমরা নিজেরা দেখি। কিন্তু কোথায় যাচ্ছেন বার বার? বিলম্বিত করে দাও। ৩৪ বছরে শিক্ষক নিয়োগ করলেন না, আমাদের ঘাড়ে ফেলে দিলেন, সেগুলো আমরা নিলাম আর এখন ... (নয়েজ)... আরে এখন তো তাও 'টেটে'র নাম শোনা যাচ্ছে। আগে তো পার্টি অফিস থেকে সব লিষ্ট তৈরি করে ডি.আই.-র মাধ্যমে হয়ে যেত সব। সে কী আমরা সব ভুলে গেছি !

আরেকটা জিনিস হচ্ছে, আপনি 62 years বোধ হয় বলেছেন বয়স বাড়ানোর। কোন প্রশ্নই নেই। কোন প্রশ্নই নেই। তার কারণ প্রাথমিক শিক্ষক এবং শিক্ষকের যে হাল, আপনারা নিজেরাই দেখেছেন ২২ লক্ষ, ৬ লক্ষ, ১০ লক্ষ সব আবেদন করছে শিক্ষক হবার জন্য। প্রাথমিক, মাধ্যমিক, উচ্চশিক্ষায় যোগ্যতাসম্পন্ন সমস্ত ছাত্র-ছাত্রীরা আবেদন করছে। তাদের বঞ্চিত করে আপনাদের ৬২ করতে পারছিনা। এই মুহূর্তে হবেনা। ... (নয়েজ) ... হবেনা। কলেজের জন্য Dearth of teacher আছে, প্রিন্সিপ্যালের অভাব আছে। আমি তো বলছি হবেনা। আপনারা আপনাদের টাইমে করেননি কেন? হবেনা। ...(নয়েজ)... এই মুহূর্তে কোন প্রশ্নই ওঠেনা।

[4:00 – 4:10 p.m.]

আরেকটা হচ্ছে খুব ইমপর্টেন্ট। প্রশ্ন ভাল করেছেন সরস্বতী বিদ্যালয়, আবার টিগ্গা বললেন আর এস এস স্কুল চালায়। আপনি নামটা দিন, আমি ওটা বন্ধ করে দেব। আর এস এস চালাবে কেন স্কুল? এটা কোন রাজ্য যে আর এস এস স্কুল চালাবে? আর এস এস আহার পর্যন্ত চালাতে পারবে না। ধর্মের ভিত্তিতে কোন স্কুল করতে দেব না এখানে। এত সোজা নয়। এ সম্পর্কে

আমি সকালে জানিয়েছিলাম মানস মুখার্জী কর্তৃক আনীত প্রশ্নে। আপনারা চাচ্ছেনটা কি? একে শিক্ষাকে প্রসারিত করবার জন্য আপনি বলছেন পিটিটিআই, হিন্দি এবং নেপালীতে দিন। আর অন্যদিকে বলছেন আরএসএস চালাবে। হবে না, এরাজ্যে সেটা সম্ভব নয়। আমরা বলছি শিক্ষাকে ধর্মের লাইনে নিয়ে গিয়ে ডিভিশন করবেন না।

মিঃ স্পীকার : পার্থবাবু আপনার বেশি সময় নেই, আপনি যদি সংক্ষেপ করেন। দু-তিন মিনিটের মধ্যে শেষ করুন।

ডঃ পার্থ চ্যাটার্জী : ঠিক আছে। উত্তর তো দিতেই হবে। যেগুলো পেয়েছি সেগুলো শোকজ করা হচ্ছে এবং ওগুলো আমি বন্ধ করে দেব। আমি আপনাদের কথা দিচ্ছি যদি এটা হয় তাহলে বন্ধ করে দেব। আপনারা সকালবেলা ঘুমোন কেন? আসতে পারেন না সকালবেলা? সুজনবাবুরা তো আসে, মনোজবাবুরা তো আসে। ...(গোলমাল)....আপনারা কি তখন ঘুমিয়ে থাকেন? সকালবেলা যখন উত্তর দিচ্ছি তখন লোক নেই। এটা একটু ঠিকঠাক করে নিন মনোজবাবু, শুধুমাত্র বিক্ষোভ করলে হবে? এইবার আসি আপনাদের টেট প্রশ্নে। ...(গোলমাল).... আরে সব কিছু করলে তো হবে না।

মিঃ স্পীকার : আমাদের সময় নেই, আপনারা এরকম করবেন না। মাত্র দু-তিন মিনিটের মধ্যে ওনাকে শেষ করতে হবে। সাড়ে পাঁচটায় আমাকে গিলোটিন পড়তে হবে। প্লিজ।

ডঃ পার্থ চ্যাটার্জী : এটা একটা সিপিএমের পক্ষে ভাল লক্ষণ যে গণশক্তির বদলে বর্তমান পড়ছে। এটা একটা পরিবর্তনের পরিবর্তন হয়েছে। আগে যখন গণশক্তির বদলে বর্তমান বলতাম তখন বলতো ওটা ওদের পেপার। এবিপি আনন্দ যখন বলতো বা আনন্দবাজার যখন বলতো বা প্রতিদিন যখন বলতো, আজকাল যখন বলতো - এসব আপনাদের জন্য চলছে। আমাদের পেপার গণশক্তি কি বলছে? সেই গণশক্তি পেপারের লোকেদের কান্ডকারখানা দেখুন জলপাইগুড়িতে। আমি তো বললাম বলেছেন ভাল করেছেন। আচ্ছা এই নামগুলো কারা? এই যে ২৩ জনের নাম যারা ডিওয়াইএফ এর কেউ পদাধিকারি, তারা সিপিএমের নেতার ছেলে, এই নামটা দিয়ে দিই বর্তমানকে। এটা বর্তমানকে দিয়ে দেওয়া উচিত তো সুজনবাবু? একদম, এটা বর্তমানের কেউ যদি সাংবাদিক থাকেন সেও একটু সংগ্রহ করে নেবেন। ...(গোলমাল)....

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। হাউসে এভাবে বলা যায় না। ...(গোলমাল)....

ডঃ পার্থ চ্যাটার্জী : ...(গোলমাল)....আবার হাউসে বলবো কি? আপনি হাউসে বর্তমান বলতে পারেন, আমি বর্তমানকে বলতে পারবো না? ...(গোলমাল).... আরে কি কারণে ..... (গোলমাল)....

মিঃ স্পীকার : প্লিজ, সুজনবাবু বসুন। আমাদের একদম টাইম নেই। পার্থবাবু আপনি শেষ করুন প্লিজ। আমাদের একদম সময় নেই।... ...(গোলমাল).... প্লিজ বসুন। নো, পয়েন্ট অব অর্ডার। I will not allow any point of order at this juncture. প্লিজ, পার্থবাবু শেষ করুন।...(গোলমাল)....

(এই সময় কংগ্রেস পরিষদীয় দলের শ্রী অসিত মিত্র উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন)...

ডঃ পার্থ চ্যাটার্জী : এত উত্তেজিত .....(গোলমাল).... আরে অসিতবাবু আমি জানি যে আপনারা আমাদের সংগেও এইভাবে গলা মিলিয়েছেন। মিলিয়ে আমাদের ছেড়েছেন। এবার ওদের সংগেও গলা মেলাচ্ছেন। আবার ওদেরকেও ছাড়তে হবে আগামীদিনে। কেন শুধু শুধু

নিজেদের বদনামটা নিচ্ছেন। .....(গোলমাল)....আরে সম্ভব, সম্ভব। আপনার বিধায়করা যদি বলে থাকে তাহলে সম্ভব।

মিঃ স্পীকার : আপনি শেষ করুন পার্থবাবু।

আমি একটা ইমপর্টেন্ট কথা বলছি। এত চিৎকার করে লাভ নেই। এই কায়দায় টেট বন্ধ করেছেন। এই কায়দায় নিয়োগটাকে তুলে দিয়েছেন।

(গোলমাল)

মিঃ স্পীকার : প্লিজ আপনারা বসুন, আমি ব্যাপারটা দেখে নেবো।

ডঃ পার্থ চ্যাটার্জী : এখনও বলছি, গণশক্তির লোকও আছে। ...(গোলমাল) ... আমি সাংবাদিকদের ধন্যবাদ দিই। আমি এবার বলি, ...

মিঃ স্পীকার : I will look into this.

ডঃ পার্থ চ্যাটার্জী : আমাদের টেট পরীক্ষা হয়, বলেছিলাম কোথায়ও কোন, এখনও আপনাদের বলছি প্রাথমিকের মধ্যে যদি কোন কিছু থাকে। আপনারা ইমিডিয়েটলি প্রাইমারি শিক্ষা পর্ষদকে জানান, আমরা ভেরিফিকেশান করবো।

মিঃ স্পীকার : আমি একটা কথা বলি, পার্থবাবু। আপনি ইনভাইট করে নিলেন সুজনবাবু আপনি পার্থবাবুকে বললেন, আপনি লিস্টটা দিয়ে দিন। আমি সব শুনেছি। ইউ হ্যাভ ইনভাইটেড দিস। নো, নো, আপনি মন্ত্রিকে বললেন লিস্ট দিয়ে দিন। এখন আপনার এইসব কথা চলে না। আপনি শেষ করুন পার্থবাবু।

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি এই বাজেট বরাদ্দের ১৫ এবং ৭০ দুটো গ্রহণ করবার জন্য আবেদন জানাচ্ছি এবং কাট মোশান যাতে না গ্রহণ করা হয় তার ব্যবস্থা করতে বলছি।

মিঃ স্পীকার : আমি দেখে নেবো, প্লিজ বসুন। আমি বুঝতে পেরেছি, আপনারটা আমি দেখে নেবো। আমি সময় নষ্ট করতে পারবো না। অন্য দিন হলে অ্যালাউ করতাম,আজ হবে না। I will look into this এখন কিছুই হবে না। আমি দেখে নেবো বলেছি, দেখে নেবো। প্লিজ বসুন।

Mr. Speaker : I put to vote all the cut motions moved. As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'. Noes have it. Noes have it. The cut motions are lost.

Now, I put to vote the main demand that a sum of Rs.25330, 71,05,000 be granted for expenditure under Demand No.15, Major Heads :"2202-General Education, 2204-Sports and Youth Services, 2251-Secretariat-Social Services, 2551-Hill Areas and 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture" during the year 2017-2018.

As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'.

Ayes have it. Ayes have it. Demand No.15 is passed. Demand No.15 is passed.

Demand No.70

Mr. Speaker : Now, I put to vote all the cut motions moved. As many as are of that opinion will please say 'Aye' as many as are of the contrary opinion will please say 'No'.

Noes have it. Noes have it. The cut motions are lost.

Now, I put to vote the main demand that a sum of Rs.25330, 71,05,000 be granted for expenditure under Demand No.15, Major Heads :"2202-General Education, 2204-Sports and Youth Services, 2251-Secretariat-Social Services, 2551-Hill Areas and 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture" during the year 2017-2018.

Report of the Business Advisory Committee

Mr. Speaker : Hon'ble Members, I beg to present the 18th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the programme of business for 9th and 10th March, 2017 as follows:

9.3.2017, Thursday :	(i)	The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2017 **(Introduction, Consideration and Passing)**	1½ hours
	(ii)	The Kolkata Improvement (Repealing) Bill, 2017 **(Introduction, Consideration and Passing)**	
	(iii)	The Kolkata Metropolitan Water and Sanitation Authority (Repealing) Bill, 2017 **(Introduction, Consideration and Passing)**	
10.3.2017, Friday :	(i)	The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2017 **(Introduction, Consideration and Passing)**	

(ii) The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2017 **(Introduction, Consideration and Passing)** (iii) The West Bengal Land Reforms (Amendment) Bill, 2017 **(Introduction, Consideration and Passing)**	1 hour

N.B. : There will be no Question for Oral Answer, new Calling Attention and Mention Case on Friday, the 10th March, 2017.

[4:10 – 4:20 p.m.]

Mr. Speaker : Now the Minister-in-Charge of Parliamentary Affairs to move the motion for acceptance.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য্য উপদেষ্টা কমিটির ১৮তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।.... ...

(pause)

Mr. Speaker: I think, the motion is adopted, the motion is adopted.

Demand No. 24

DEMAND NO. 24 relates to Health and Family Welfare

Mr. Speaker: There are five cut motions to Demand No. 24. All the Cut Motions are in order and Hónible Members may now move their motions.

আমি মাননীয় সদস্যদের বলছি যেহেতু সাড়ে পাঁচটায় গিলোটিন হবে, যাঁরা বক্তা, তাঁদের বলব যে আপনারা সময় মেনে চলবেন, আমি এক মিনিটও সময় বাড়াতে পারব না। মাননীয় মন্ত্রি - যিনি উত্তর দেবেন, তাঁকেও আমি অনুরোধ করব সময় মেনে উত্তর দেবেন। সময়ের বাইরে গেলে পরে আমাকে বন্ধ করে দিতে হবে।

Shri Asit Mitra : Mr. Speaker, Sir, I beg to move that the amount of the demand be reduced to Re. 1-.

Shri Anisur Rahaman }
Dr. Sujan Chakraborty } Mr. Speaker, Sir, I beg to move that the amount
Smt. Jahanara Khan } of the demand be reduced by Rs. 100/-.
Shri Ram Sankar Halder }

শ্রীমতী ফিরোজা বেগম: অনারেবেল স্পীকার স্যার, আজকে বিশ্ব নারী দিবস। মাননীয়া মুখ্যমন্ত্রী এই হাউসে বক্তব্য রেখেছেন। আমি একজন নারী হিসাবে হাউসের সকল সদস্যকে

শুভেচ্ছা জানাই। সেই সঙ্গে আমি আর একটা কথা বলতে চাই। আজকে ৮ই মার্চ, ৮ই ফেব্রুয়ারী এই পবিত্র সদনে আমাদের বিধায়ক প্রতিমা রজককে হেনস্থা করা হয়েছিল। আপনার কাছে এই সদনে আমরা জাজমেন্ট চেয়েছিলাম, আজও পাইনি স্যার। এই সদনে এখনও নারীরা ঠিকঠাক বিচার পাচ্ছে না, বাইরে কি অবস্থা সেটা একটু ভেবে দেখবেন। ভেবেছিলাম আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী অন্ততঃ হাউসের মধ্যে বিচার নিয়ে কিছু বলবেন, কিন্তু বললেন না।

স্যার, আজকে দাবি নম্বর ২৪, এই ডিমান্ডে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট নিয়ে এসেছেন, সেই বিষয়ে আমি আমাদের কাট মোশানকে সমর্থন করে কিছু বলছি। ২০১৬-১৭সালে ৭০২১.৪৪ কোটি টাকা এবং ১৭-১৮সালে ৭৬০৪.১১১৯ কোটি টাকা। বাজেট বৃদ্ধি হয়েছে, ৫৮লক্ষ ২৬ হাজার ৩৭৫ টাকা। তার মধ্যে নন প্ল্যান বাজেট ৪৩০৪ কোটি ৮২লক্ষ ২৫হাজার টাকা, প্ল্যান বাজেটে ২৮লক্ষ ৯৪হাজার টাকা এবং স্টেট প্ল্যানে আছে ৩২৯৯ কোটি টাকা। স্যার, স্বাস্থ্য বাজেট নিয়ে এই পবিত্র সদনে বহু আলোচনা হয়েছে। বহু বিষয়ে বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে, অবশ্যই আমি ধন্যবাদ দেব। কিন্তু পাশাপাশি অনেক সুপার স্পেশালিটি, মাল্টি সুপার স্পেশালিটি, নতুন হসপিটাল, নতুন কলেজ - প্রাইভেট এবং পাবলিক, সরকারী এবং বেসরকারী সবই বৃদ্ধি করা হচ্ছে। কিন্তু কয়েকদিন আগে আমরা দেখলাম এখানে বেসরকারী নার্সিংহোম নিয়ে যে বিল এল, সেখানে বেসরকারী নার্সিংহোমগুলোকে বিভিন্ন বিষয়ে বাঁচাবার জন্য বহু প্রচেষ্টা মাননীয় মন্ত্রি করেছেন। আমরা অবশ্যই সাধুবাদ জানাই, সাধারণ মানুষের হয়রানি দূর হবে। কিন্তু বাস্তব অবস্থা সরকারী হসপিটালের কি? অনেকগুলো বিষয়ে অনেকগুলো বাজেট - এখানে টাকা-পয়সা, ইউনিট খোলা হচ্ছে, ফেয়ার প্রাইসের কথা বলা হয়েছে, নতুন নতুন কলেজ স্থাপন, বেড বাড়ানো, কিন্তু পরিষেবার অবস্থাটা কি? আমি সারা পশ্চিমবঙ্গের সমস্ত ডেটা পাইনি। আর সেভাবে আজকে পড়াশোনা করারও সুযোগ পাইনি কারণ এই হাউসেই আজকে বাজেট বইটা লে করা হয়েছে। আমি আমার জেলা ও আমার বিধানসভা সম্বন্ধে একটু বলতে পারি। আমি যে বিধানসভার অন্তর্গত একেবার প্রত্যন্ত বডার অঞ্চল - রাণীনগর। সেখানে দুটো ব্লক নিয়ে আমার বিধানসভা - রাণীনগর এক এবং দুই?। দুটো ব্লকেই দুটো হাসপাতাল আছে। ওটা জাতীয় কংগ্রেসের আমলেরই দুটো প্রাথমিক হাসপাতাল। ইসলামপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং গোধনপাড়া ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র।

স্যার এই স্বাস্থ্য কেন্দ্রগুলোর যে ইনফ্রাস্ট্রাকচার - মুর্শিদাবাদ জেলার পপুলেশান এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ সেখানে বাস করে। আপনি জানেন এটা পশ্চিমবঙ্গের সবচেয়ে ডেন্সলি পপুলেটেড এরিয়া। এখানে একেবারে রাজশাহী বর্ডার এবং সেখানে পদ্মানদীর ভাঙনের জন্য পদ্মার ওপারেও প্রচুর গ্রাম রয়েছে। এখানে দূর - দূরান্ত থেকে মানুষ হসপিটালে আসে। আমি এর আগেও এই সদনে আবেদন করেছিলাম যে আমার এলাকার হসপিটালগুলোতে যদি একটু ব্লাড ব্যাংকের ব্যবস্থা করা যায় - যা ডাক্তার আছে তার মাধ্যমেই হয়ত সীজার, অন্ততঃ প্রসূতি মায়েদের জন্য সুবিধা করা যাবে। এর আগে চন্দ্রিমাদি যখন প্রতিমন্ত্রী ছিলেন, তখন বলেছিলেন দেখব। কিন্তু আজ পর্যন্ত দেখা হয়নি। কারণ ডোমকলটা সুপার স্পেশালিটি হয়ে গিয়েছে। কিন্তু বাস্তব পরিস্থিতি হচ্ছে এই যে ডোমকল হসপিটাল সুপার স্পেশালিটি হলেও কোন ডাক্তারের ব্যবস্থা তেমন নেই। ওখানে স্যার সুন্দর - সুন্দর বিল্ডিং হয়েছে কিন্তু ডাক্তার নেই, পরিষেবা নেই। কয়েকদিন আগে জানুয়ারী মাসে একজন প্রসূতি মা ওখানে ভর্তি হয়েছিলেন - করুণ কাহিনী শুনলে হয়ত খারাপ লাগবে - অনেক ব্যবস্থা হয়েছে, হচ্ছে না বলছি না। কিন্তু পাশাপাশি সরকারী হসপিটালের যে পরিষেবা এবং রোগীদের সঙ্গে তাদের যে মিসবিহেব, এই সম্বন্ধে আমি একটু বলতে চাইছি - এখানে মাননীয়া প্রতিমন্ত্রী ডক্টর শশী

পাঁজা আছেন। আমি তাঁকে একটু দেখবার জন্য অনুরোধ করছি। একজন মা ভর্তি হয়েছিলেন ১৬ইং জানুয়ারী রাত ৮টার সময়। তার নরম্যাল ডেলিভারী হয় রাত্রি দুটোর সময়। সেখানে কোন নার্স নেই, ডাক্তার নেই। এটা পত্র - পত্রিকায় বহুবার বেরিয়েছে এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে এরজন্য আবেদনও করা হয়েছে। আমি একেবারে রেকর্ডেড একটা ইন্সট্যান্স তুলে ধরছি। সেখানে যে আয়া ছিল, সেই মহিলাকে বলছে ৫ হাজার টাকা দিতে হবে, সেই প্রসূতি মায়ের পুত্র সন্তান হয়েছিল - সেই আয়া তাকে বলছে যদি ৫ হাজার টাকা না দিস, তাহলে তার প্রসব দ্বার কেটে দেওয়া হবে। এই গরীব মানুষটি টাকা দিতে না পারায় তার প্রসব দ্বার কেটে দিয়ে সেখানে গজ ভরে সেলাই না করে কোন ডাক্তার না থাকায় বহরমপুরের মেডিকেল হাসপাতালে তাকে রেফার করা হয়। বহরমপুর মেডিকেল হসপিটালের ডাক্তার তাকে দেখে তাড়াতাড়ি ও.টি - তে নিয়ে যায়। কিন্তু তিনিও অবস্থা খারাপ বুঝে তাকে ও.টি থেকে বের করে আবার কোলকাতার এন.আর.এস হাসপাতালে রেফার করেন। এন.আর.এস হাসপাতালে সে থাকার পরে তার ওখানে একটা অপারেশান হয়। সে এতদিনে বাড়িতে ফিরে গিয়েছে ঠিকই। কিন্তু স্যার সে এখনও সুস্থ জীবনে ফিরে আসেনি। এই যে হাসপাতালের পরিষেবা, এটা গেল ডোমকল হাসপাতাল। আমি বহরমপুর মেডিকেল কলেজের কথা বলছি। গত দুদিন আগে। মিটিংটা পরে বলছি। ৬ তারিখে হরিহর পাড়ার একটা ছেলে, সামিম শেখ মাত্র ৭ বছর বয়স, সংখ্যালঘু সম্প্রদায়ের সাধারণ ঘরের ছেলে - মুসলিমদের সুন্নত হয়। সাধারণ যে হাতুড়ে ডাক্তার তার কাছে তার সুন্নত হয়েছিল - ব্লিডিং বন্ধ হয়নি। সাধারণভাবে প্রথমে বুঝতে পারেনি কিন্তু কিছুক্ষণ বাড়িতে রাখার পর তাকে হসপিটালাইজড করে তিন -তিন ঘন্টা ছেলেটির বিল্ডিং হয়, কোন ডাক্তার, কোন সার্জেন সেখানে যায়নি স্যার। ৩ ঘন্টা পড়ে থাকার পর ছেলেটিকে যখন ও.টি - তে নিয়ে যাওয়া হয়, ও.টি-র টেবিলে ছেলেটির মৃত্যু হয় স্যার। এই ঘটনা আমি মাননীয় মন্ত্রীকে বলছি, আপনি খোঁজ নেবেন। সেখানে পুলিশ, প্রশাসন থেকে শুরু করে সকলেই ছিল তার পরিবার। একটা ফুটফুটে সন্তান, ৭ বছরের ছেলে - সামান্য একটা অপারেশান, তারও পরিষেবা পাচ্ছে না। আমার এলাকায় যে ইসলামপুর হাসপাতাল - সেখানে সিক্স প্লাস ওয়ান ডাক্তার থাকার কথা, ১৫ জন নার্স থাকার কথা, সেখানে সুইপার থাকার কথা, টেকনিশিয়ান থাকার কথা - আছে ৪ জন। নার্সের সংখ্যা মাত্র ৭ জন, স্যুইপার নেই বললেই চলে - ৫ জনের জায়গায় ১ জন আছে - এই পরিষেবাগুলো দেখার জন্য আমি অনুরোধ করছি স্যার। আমি তাদের যে সাবসেন্টারগুলো আছে সেগুলো বলছি। আমার ৪টে সাবসেন্টার আছে। প্রতিটা সেন্টারে দুজন ডাক্তার, দুজন সিস্টার, একজন গ্রুপ ডি স্টাফ এবং একজন গ্রুপ সি থাকার কথা। আছে কত স্যার? আছে মাত্র একজন ডাক্তার, নার্স নেই, আর একজন গ্রুপ ডি আছে। আর যে সাবসেন্টারগুলো আছে, দুটোতে একজন - একজন করে ডাক্তার আছে, আর দুটোতে কোন ডাক্তারই নেই স্যার। হেল্থের এই অবস্থা। মাননীয় মন্ত্রি আছেন - মাননীয়া মুখ্যমন্ত্রী ও বলেছেন ডাক্তারের অভাব রয়েছে। কিন্তু এখনও স্যার বহু ডাক্তার আছে, যারা গ্রামে-গঞ্জে বসে। আছে, যারা সরকারী চাকরী করেন না, তাদেরকে রিক্রুট করুন, তাদেরকে এখানে ঢুকিয়ে দিন। এই হল বেহাল অবস্থা। এছাড়াও এই যে হসপিটাল থেকে মাঝে মাঝে শিশু পাচার হয়ে যাচ্ছে, হসপিটালের মধ্যে কুকর - বিড়াল ঢুকে যাচ্ছে, বাচ্চাগুলোকে মুখে করে টেনে নিয়ে যাচ্ছে - এখানে ঠিকমত পরিষেবা মানুষ পাচ্ছে না। সরকারী হাসপাতালে মানুষ ঠিকমত পরিষেবা পাচ্ছে না বলেই কিন্তু নার্সিং হোমের আজকে রমরমা চলছে। ঐ ছেলেটি - সামিম শেখ যদি আজকে নার্সিং হোমে ভর্তি হত তাকে কিন্তু ৩ ঘন্টা আজকে পড়ে থাকতে হত না ম্যাডাম। আপনারা এগুলো লক্ষ্য করে দেখবেন।

...(এইসময় মাইক অফ হয়ে যায়)...

[4:20 – 4:30 p.m.]

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই মহতি সদনে স্বাস্থ্য সম্পর্কিত ২৪ নং দাবির সম্বন্ধে দু'একটা কথা বলার সুযোগ দেওয়ার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। স্যার, আমি প্রথমে একটা কথা বলি যে স্বাস্থ্য একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আমরা সবাই জানি। এটা একটা জরুরী বিষয়। এই স্বাস্থ্যের ব্যাপারে বলতে গিয়ে আমার একটা কথা মনে হচ্ছে যে ১৯৮০ সালে একটা হেল্থ সেন্টারে চাকরি করার সুবাদে আমি দেখেছিলাম একটা হেল্থ সেন্টারে যাওয়ার জন্য তিনটে বাঁশের সাঁকো পার হতে হত যেখানে আমাকে পোস্টিং দেওয়া হয়েছিল। আমাদের বিরোধী পক্ষের সদস্যরা আছেন, অনেক কথা ওনারা বলেন। কিন্তু পরিকাঠামোগত উন্নয়ন না করলে শুধু ডাক্তার নয়, প্যারামেডিক্যাল স্টাফ, টেকনোলজি, কোয়ালিটি কন্ট্রোল সব মিলিয়ে ডাক্তারি পরিষেবা। তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বিগত পাঁচ বছর কয়েক মাসে যে ব্যাপক উন্নয়ন হয়েছে আমি আশা করব বিরোধী পক্ষের সদস্যরা তো বটেই, সকলে মিলে আমরা তাকে সাধুবাদ জানাব। আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই যে বাজেট তিনি এনেছেন তাকে সমর্থন জানিয়ে এই কথা বলতে চাই যে ৮৭১ কোটি টাকা ২০১১ সালে বাজেট ছিল। তা বাড়িয়ে ২৯৯৯ কোটি টাকা বাজেট করা হয়েছে। এতেই বোঝা যাচ্ছে পরিকাঠামো উন্নয়নের জন্য যা দরকার ছিল, যা ৩৪ বছরে প্রায় ধ্বংসের মুখে নিয়ে এসেছিল বামপন্থী বন্ধুরা, সেটাকে উন্নয়নের জন্য যে পদক্ষেপ তিনি নিয়েছেন সেটা যে কতটা গুরুত্বপূর্ণ আমরা তা বুঝতে পারছি। এরই মধ্যে প্রায় ২৭ হাজারের মতো বেড আমরা করতে পেরেছি। প্রায় সাড়ে চার হাজার ডাক্তার, প্রায় সাড়ে ছয় হাজার নার্সিং স্টাফ, ৮৩৩ জন প্যারামেডিক্যাল স্টাফ আমরা নতুন করে অ্যাপয়েন্টমেন্ট করেছি। প্রায় ৪২ টা ৩০০-৫০০ বেডের বাড়তি সুপার স্পেসালিটি হাসপাতাল ১৫ টা জেলাতে করার কথা হয়েছে। তার মধ্যে অনেকগুলো প্রায় কমপ্লিট হয়েছে। প্রায় ২৭০০ কোটি টাকার বাজেট। স্যার, ডিস্ট্রিক্টে কেন? এত বড় দেশে এত জনসংখ্যা, একটা জিনিস বুঝতে হবে বাইরে থেকে পেসেন্ট শহরে চলে আসে, মূল মেডিক্যাল কলেজে চলে আসে, কখনও সেই পেসেন্টকে সামাল দেওয়ার ক্ষমতা আমাদের কেন, উন্নত দেশ আমেরিকাতেও নেই। তারজন্য জেলায় উন্নতি করতে হবে যেটা ওনারা উন্নতি করেননি। মাননীয় মুখ্যমন্ত্রী চিন্তা করেছেন। সেই জন্য জেলাভিত্তিক সুপার স্পেসালিটি হসপিটাল, ডায়াগনোস্টিক সেন্টার ইত্যাদি তিনি করার কথা বলেছেন। সি.সি.ইউ, এইচ.ডি.ইউ ৩৭ টি ক্রিটিক্যাল কেয়ার ইউনট, ২১ টি হাই ডিপেনডেন্সি ইউনিট এগুলো ইতিমধ্যে তৈরি করা গিয়েছে। আমরা একথা নিশ্চয়ই বলতে পারি আপনাদের সময়, আমাদের বিরোধী পক্ষে যাঁরা আছেন, বিশেষ করে বামপন্থীদের সময় এই ৩৪ বছরে কানো ক্রিটিক্যাল কেয়ার ইউনিট গভর্নমেন্ট হাসপাতালে ছিল না, হয়তো প্রাইভেটে ছিল। তারমানে বোঝা যাচ্ছে যে প্রথমবার একটা সুসংহত স্বাস্থ্য সম্পর্কিত পরিকল্পনা নিয়ে যে কাজ আমরা করে চলেছি আগামী কয়েক বছরের মধ্যে তার সুফল আমরা পাব। আমার একটা প্রশ্ন আছে। আপনারা গরিব মানুষের কথা বলতেন। ফেয়ারপ্রাইস মেডিক্যাল সপ প্রায় ১১৩ টা তৈরি হয়েছে। অর্থাৎ সাধারণ গরিব মানুষ অল্প পয়সায় ওষুধ কিনতে পারবে। এটা তৈরি করতে আপনাদের কোনো বাধা ছিল না। প্রায় ৪০ শতাংশ দামে বা ৪৫ শতাংশ দামে তারা ওষুধ কিনতে পারছে। আপনারা করেননি কিন্তু। কেন করেননি? তার সঙ্গে একটা কথা নিশ্চয়ই মনে হবে বাই পাসের ধারে ধারে আপনারা কাউকে লিজে, কাউকে এক টাকায় জমি দিয়েছেন। তারা বড় বড় হাসপাতাল করেছে। সেখানে বড় লোকের চিকিৎসা হচ্ছে। গরিব মানুষ, খেটে খাওয়া মানুষ, নিরন্ন মানুষের কথা কিন্তু আপনারা ভাবেননি। অথবা আপনারা ভাবের ঘরে চুরি করেছেন। আমাদের মুখ্যমন্ত্রী, আমাদের মা-মাটি-মানুষের সরকার আসার পরে ২০১১থেকে আজ পর্যন্ত যেকটা মেডিক্যাল কলেজ - ৭ টা নতুন মেডিক্যাল কলেজ, চারটে গভর্নমেন্ট, তিনটে প্রাইভেট

চালু করা গিয়েছে। অ্যাডিসনাল ১৩৪৫ টা এম.বি.বি.এস সিট, ১৩৩ টা পোস্ট গ্র্যাজুয়েট সিট, ৩১ টা পোস্ট গ্র্যাজুয়েট ডক্টরাল সিট - আমাদের মাল্টি স্পেসালিটি হাসপাতালগুলো হয়েছে। বিরোধী পক্ষের অনেকে বলে থাকেন সেগুলোতে এখনও ম্যানিং হয়েছে কি না? আপনারা তো ডাক্তারের পোস্ট তৈরি করেননি। দীর্ঘ ৩৪-৩৫ বছর আপনারা ভাবেননি। জনসংখ্যা বাড়ছে, অনেক ডাক্তার লাগবে, অনেক প্যারামেডিক্যাল লাগবে, অনেক নার্সিং স্টাফ লাগবে, রাস্তা-ঘাট তৈরি করতে হবে। যদি একটা হেল্থ সেন্টার থেকে ডিস্ট্রিকট হসপিটালে আসতে গিয়ে পেসেন্টটা মারা যায় তাহলে ওখানে হাসপাতাল করে লাভ নেই, রাস্তা তৈরি করতে হবে। আজকে আপনারা দেখুন আমাদের সরকারের সময় আমি অন্তত যে জায়গা থেকে নির্বাচিত, মহিষাদল, সেখানে গ্রামে কিন্তু কাঁচা রাস্তা প্রায় নেই। মূল রাস্তা থেকে গ্রামের লোকেদের জন্য পাকা রাস্তা তৈরি হয়েছে। এটাও কিন্তু স্বাস্থ্য পরিকাঠামোর একটা গুরুত্বপূর্ণ জায়গা।

তাড়াতাড়ি মুমূর্ষু রোগীকে মূল হাসপাতালে নিয়ে যেতে হবে। এইগুলো আপনারা করেননি, আমরা করেছি, কিন্তু তার সুবিধা আপনারাও পাবেন। আপনারা জানেন না DNB - ডিপ্লোম্যাট ন্যাশানাল বোর্ড সার্টিফিকেটের মাধ্যমে - আপনারা খালি তাকিয়েছিলেন MCI এর দিকে - আমরা নতুন করে পোস্ট গ্রাজুয়েট ডাক্তার তৈরি করতে পারি। একটা কথা শুনুন, একটা ডাক্তার পাশ করে ৫ বছরে, ৩ বছরে পোস্ট গ্রাজুয়েশন করবে, ১ বছর ট্রেনিং হবে। আজ থেকে চেষ্টা করলে ১০ বছর পরে আমরা স্পেশালিস্ট ডাক্তার পাব। তার মানে ২০১১ তে যে শুরু করেছি, ২০২১ সালে আমরা যে স্পেশালিস্ট সেন্টারগুলো করেছি তারজন্য উপযুক্ত পরিমানে ডাক্তার পাব। এর মধ্যে যা আছে তাই দিয়েই কাজ চালাব। সেটা আপনারা ভাবেননি বলে, করেননি। সম্পূর্ণ ভেঙ্গে পড়া একটা স্বাস্থ্য ব্যবস্থাকে আমাদের হাতে নিয়ে চালাতে হচ্ছে। রাজ্যের মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী তার মধ্যেই ব্যবস্থা করছেন কি ভাবে এই স্বাস্থ্য ব্যবস্থার মধ্যে এটা করতে পারি। আমাদের ৩০০ টি নতুন এস.এন.সি.ইউ.। মেটারনাল ওয়েটিং হাব - আমি একজন চিকিৎসক হিসাবে বলতে পারি যেখানে গর্ভবতী মায়েরা ডেলিভারির হওয়ার আগে থাকবেন। ম্যাটারনাল মর্টলিটি, মায়েরা যে মারা যায় - আমি একজন স্পেশালিস্ট চিকিৎসক হিসাবে বলছি - তার মূল কারণ হচ্ছে, শেষ সময়ে নিয়ে গেলে ব্লাডের অভাবের জন্য কিছু করা যায় না। হাসপাতালের কাছে কোন হাটে বা ঘরে যদি তাকে ৭/১০ দিন আগে থেকে রেখে দেওয়া যায় তাহলে যখনই দরকার হবে তাকে পাশের হাসপাতালে নিয়ে যাওয়া যাবে। এটা যে মহিয়সী নারী করেছেন, মাননীয়া মুখ্যমন্ত্রী, এজন্য তাঁকে ধন্যবাদ দেওয়া আপনাদের কর্তব্য। এটা আপনারা ভাবেননি কিন্তু। দলের কর্মী হিসাবে আমরাও ভাবিনি। একটা স্বাস্থ্যকেন্দ্রের পাশে একজন গর্ভবতী নারীকে রাখতে হবে যাতে তার ডেলিভারির দেরী না হয়ে যায় কারণ তখন মোমেন্টস কাউন্ট, তখন প্রত্যেকটা মুহূর্ত গুরুত্বপূর্ণ। ম্যাটারনাল মর্টালিটি আপনারা জানেন যে একটা খুব গুরুত্বপূর্ণ ইনডেক্স। সামাজিক উন্নয়ন যে কোন সিভিলাইজড কান্ট্রিতে একটা খুব বড় ইনডেক্স। আমরা ১৪৫ থেকে কমিয়ে এটা ১১৩ তে নিয়ে এসেছি। এটা কিন্তু কোন ম্যাজিক নয়। আমরা সুসংহত পরিকল্পনা করেছি। ইনফ্যান্ট মর্টালিটি - ৩২ থেকে ২৬ এ দাঁড়িয়েছে। এটা তো নিশ্চয় মানবেন, আপনাদের সময় যেগুলো করতে পারেননি, মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আমাদের মা-মাটি-মানুষের সরকারের বিধায়করা, বিভিন্ন অঞ্চলে আঞ্চলিক কর্মীরা, স্বাস্থ্য কর্মীরা, প্যারামেডিক্স স্টাফ, সবাই মিলে এটা করতে পেরেছেন। এর জন্য আপনাদের ওঁনাকে ধন্যবাদ দেওয়া উচিত বলে আমি মনে করি। এবং, তার সঙ্গে সঙ্গে আমি তো শুনেছি বিভিন্ন হাসপাতালকে আপনারা ১ টাকা লিজে জমি দিয়েছেন। একটা হাসপাতালের নাম বলছি না, তাদের কত টাকায় জমি দিয়েছেন জানিনা, আজকে সেখানে তারা চিকিৎসার নামে যে ব্যাপক বিল করছে, গরীব মানুষ বিল দিতে পারছে না, তার জমির দলিল রেখে দেওয়া হচ্ছে। স্বাস্থ্য ব্যবস্থায় সরকারি পরিষেবাকে

খারাপ করার ফলে প্রাইভেট পরিষেবা বেশি বেড়ে উঠেছে। আপনারা সরকারি পরিষেবা খারাপ করেছেন, প্রাইভেট পরিষেবা বেড়ে উঠেছে। এতে একটা প্রশ্ন চলে আসে, তাহলে কি আপনারা চাইছিলেন যে বেসরকারি পুঁজিপতিরা স্বাস্থ্য ব্যবস্থার মধ্যে ঢুকে প্রচুর মুনাফা করুন? এবং আপনাদের কি সাহায্য করেছেন জানিনা। কিন্তু আমরা কি চেষ্টা করছি? আমাদের মুখ্যমন্ত্রী গ্রামাঞ্চল থেকে আরম্ভ করে SNCU বলুন, সুপারস্পেশালিটি মেডিক্যাল হাসপাতাল বলুন, নতুন মেডিক্যাল কলেজ, প্রায় সাড়ে ৪ হাজার নতুন ডাক্তার, তারপরও আরও বেশি করে এম.বি. বি.এস. এর সিট তিনি যা করতে চাইছেন। সরকারি স্বাস্থ্য পরিষেবার উন্নয়ন করতে না পারলে গরীব মানুষের চিকিৎসা কখনই প্রাইভেট হাসপাতালে হবে না। সেখানে বড়লোকরা চিকিৎসা করাবেন। আপনারা গরীবের পার্টি বলেছেন, আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি আপনারা গরীবের কথা ভাবেননি, বরং বড়লোকদের জন্য আপনারা হাসপাতাল তৈরি করেছেন, পুঁজিপতি মালিকানা যাদের, তাদের হাসপাতালের ব্যবসায় নামিয়ে দিয়েছেন এবং সেখানেই আমাদের মুখ্যমন্ত্রী তথা মা-মাটি-মানুষের সরকারের কৃতিত্ব। আপনি দেখুন শিশুসাথি। ৯০০০ বাচ্চার বিনা পয়সায় অপারেশন হয়েছে। আগে এর কোন ফেসিলিটি ছিল না। আপনারা শুনছেন ডেঙ্গু, আজকে বাড়ি বাড়ি গিয়ে, হাউজহোল্ড ভিজিট করে অ্যাওয়ারনেস করা হয়েছে। এখন শুনছেন ডেঙ্গুর প্রকোপ? কমে এসেছে। কেন কমে এসেছে? আমরা প্রত্যেকে অ্যাওয়ারনেস ক্যাম্পেনিং করেছি। কলকাতা কর্পোরেশন, আমাদের প্রত্যেকটা দপ্তর, পঞ্চায়েত দপ্তর, প্রত্যেকটা বিধায়ক আমরা আমাদের অঞ্চলে মিটিং করে বলছি জমা জল রাখবেন না, টবে জল রাখবেন না, গাছের কোটরে জল থাকলে সেটা ভর্তি করে দাও। আমি গিয়ে বলছি এবং আরও অনেকে বলছেন। তার ফলে আজকে ডেঙ্গুর প্রকোপ কমে গেছে। এই যে মাস অ্যাওয়ারনেস প্রোগ্রাম, এটা কিন্তু তখন আপনারা মন দিয়ে করেননি।

[4:30 – 4:40 p.m.]

অর্থাৎ দলবাজি করার জন্য আপনারা যা করেছিলেন যার ভুক্তভোগী আমরা অনেকেই। অনেকেই আমরা ভুক্তভোগী। আপনারা অস্বীকার করতে পারবেন না। আজকে রাষ্ট্রীয় স্বাস্থ্য বীমা যোজনা এর মাধ্যমে প্রায় ৭লক্ষেরও বেশি জন সুবিধা পেয়েছেন। ২৫৪কোটি টাকার সুবিধা তাঁরা পেয়েছেন এবং স্বাস্থ্য সাথী স্কীমে আপনারা জানেন প্রায় দেড় লক্ষ ফ্যামিলি তাঁরা বীমার সুযোগ পেয়েছেন। মেডিকেল এডুকেশন সম্বন্ধে আমি একটা কথা বলি। আপনাদের একটা কথা বলতে আমি বাধ্য হচ্ছি। আপনারা মার্কসের কথা বলেন, আপনারা লেনিনের কথা বলেন, এঙ্গেলসের কথা বলেন। সমাজ পরিবর্তনের কথা বলেন। বিবর্তনের দিকে আপনারা তাকালেন না। আপনারা বুঝলেন না যদি আপনাকে উন্নয়ন করতে হয় আমাদের মত গরীব দেশে, আমরা যদি আমেরিকা থেকে, জার্মানী থেকে টেকনোলজি নিয়ে আসি হবে না। আমাদের গবেষণার দরকার আছে। আমাদের নতুনভাবে ভাবতে হবে। আমাদের জাতীয়, দেশীয় গবেষণার মাধ্যমে দেশীয় প্রযুক্তিতে নতুন নতুন প্রযুক্তি গড়তে হবে। তাহলেই আমাদের মত গরীব দেশ পারবে উন্নত স্বাস্থ্য পরিষেবা গরীব মানুষকে পৌঁছে দিতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয় এখানে নজরে আনতে চাইছি। একটা জিনিস রেকর্ড হওয়া উচিত। আমাদের গত ৩৫বছরে স্যার আপনাকে বলছি গত ৩৫ বছরে ভারতবর্ষে যদি একটা বড় গবেষণা হয়ে থাকে, চিকিৎসা গবেষণা হয়ে থাকে যার ফলে সারা পৃথিবীতে আমাদের নাম হতে পারত। সেটা হল টেস্ট টিউব বেবি গবেষণায় ডাঃ সুভাষ মুখোপাধ্যায়। সেই সুভাষ মুখোপাধ্যায়কে আপনারা কি করেছিলেন? তাকে স্বীকৃতি দেন নি। তাকে অপমান করেছেন, লাঞ্ছনা করেছেন এবং তার এগেনস্টে কমিটি তৈরি করেছেন এবং তিনি জাপানে একটা লেকচার দিতে যাবেন স্যার, তারজন্য। পাসপোর্টটা

রিনিউ করেন নি। একজন খুনীকে যেমন পাসপোর্ট রিনিউ করা হয় না, ঠিক সেইরকমভাবে তারও পাসপোর্ট রিনিউ করা হয় নি। সুভাষ মুখোপাধ্যায়কে আপনারা পাসপোর্ট রিনিউ করেন নি। তিনি বাধ্য হয়েছিলেন আত্মহত্যা করতে। আপনারা জেনে রাখুন সুভাষ মুখার্জির পরবর্তীকালে আরও একজন চিকিৎসক এবং আমি - এটা ব্যক্তিগত কথা হয়ে যাচ্ছে, সেই গবেষণাটা শুরু করি। কিন্তু আর একজনও আত্মহত্যা করত। আরও একজনও সুইসাইড করত। আমিও চাকরিতে ছিলাম। চাকরি ছাড়তে বাধ্য হয়েছি। স্যার, আপনি জেনে রাখুন আজও কিন্তু আমি এদের সরকারের সময়ে রেজিগনেশন দিয়ে, আজও আমি কাগজে কলমে স্বাস্থ্য পরিষেবায় একজন স্পেশালিস্ট ডাক্তার। আমার রেজিগনেশন অ্যাকসেপ্ট হয় নি। আমিও সুইসাইড করতাম যদি না মাননীয় মুখ্যমন্ত্রী সাহস দিয়ে, সহানুভূতি দিয়ে আমার পাশে দাঁড়িয়ে আমাকে বলতেন যে কাজ করে যান। আমরা একদিন ফিরে আসব। সেই জন্যই সেদিন আমার মত অনেক বুদ্ধিজীবি মানুষ, ডাক্তার, ইঞ্জিনীয়ার তার পাশে গেছেন। তাই আপনারা সরে দাঁড়িয়েছেন। আমি এইটুকু বলতে পারি আগামী ২৫/৩০ বছর আপনারা আসতে পারবেন না। আপনাদের বিরোধীপক্ষের কোন অভিজ্ঞতা আপনাদের ছিল না। ৩৫বছর আপনারা রাজত্ব করেছিলেন বিরোধিতা কি শেখেন নি। আমি আপনাদের একটা কথা বলতে পারব। মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাব কোন বিরোধিতাই আপনারা জানতেন না। জন্ম থেকেই আপনারা সরকারে আছেন। আপনারা বরং আমাদের মুখ্যমন্ত্রীর কাছে গিয়ে শিখুন বিরোধী রাজনীতি, কনস্ট্রাকটিভ রাজনীতি কিভাবে করতে হয়। এই সাজেশন আপনাদের দিচ্ছি। আশা করি আপনারা সেটা ফলো করবেন। এই কথা বলে এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।সমস্ত সদস্যকে অনুরোধ জানাব এই বাজেটকে আপনারা সমর্থন করবেন।

শ্রী আবদুর রেজ্জাক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে দাবি নং ২৪এর বিষয়ে আমি কিছু বলতে চাই। দাবি নং ২৪এর কাট মোশনকে সমর্থন করে এবং বাজেটের যে বিবৃতি তাকে বিরোধিতা করে দু একটা কথা বলতে চাই। সরকার পক্ষ থেকে প্রচুর ঢাক বাজানো হচ্ছে। বলা হচ্ছে। দেশের মানুষও চায় যে স্বাস্থ্য যে জায়গায় আছে তার উন্নতি হোক। আর সরকারে যখন আসে, সরকারের কাজ হচ্ছে জনগণের কাজগুলো করা। কাজ করা মানেই একদম তরতর করে সব এগিয়ে গেল, সব হয়ে গিয়েছে। অন্য কোন সরকার কিছু করে নি। আর তা প্রমাণ করতে গিয়ে খুব ভাল কাজ হচ্ছে। অতীতে কেউ করে নি। এই সরকার করছে। তাই গলায় সুর চড়িয়ে বলতে হয়। আমজনতাই বলে দেয়। দেশের জনগনই বলে দেয় রায় দেয় যে কতটা এগিয়েছে। আমার অবাক লাগছে যে ভাল উদ্দেশ্য নিয়ে সরকার কাজ করছে এটা ঠিক। কিন্তু গ্যাপিং গুলো কোথায় হচেছ সেগুলো দেখা দরকার। আমি বিধায়ক হিসাবে সরকার পক্ষের যারা বিধায়ক এবং মন্ত্রী আছেন তাঁদের কাছে আমার আবেদন এবং নিবেদন। আমরা প্রত্যন্ত গ্রাম এলাকার মানুষ,সেখানকার চিকিৎসা আমাদের আকাশের চাঁদ।

সুদুর কোলকাতায় এসে চিকিৎসা করানোর ক্ষমতা আমার এলাকার মানুষের নেই। অনেক গ্যাপিং আছে। সেগুলি বিরোধীপক্ষেরা যেগুলি বেশি করে তুলে ধরবে, সেগুলি যাচাই করার দরকার। শুধু গাজোয়ারি করে কিছু বলে প্রচার করা সেটা বোধহয় ঠিক হবে না। আমি বলতে চাই যে, ব্লক স্তরে গ্রামীণ যে হাসপাতালগুলি আছে, তার দৈন্যদশা এখান থেকে বোঝা যাবে না। এখানে এই সদনে বসে আছেন যারা, তারা সেই প্রত্যন্ত গ্রামের, দুঃস্থ রোগীদের অবস্থা অনেকেই লক্ষ্য করেছেন। সেইসব হাসপাতালগুলি ধুঁকছে। কোন রকম পরিষেবা পাচ্ছে না। আমরা যদি স্বাস্থ্যের এত উন্নয়নই ঘটাই সুপার স্পেশালিটি হাসপাতাল করলাম, বিনামূল্যে চিকিৎসা ব্যবস্থা করেছি, ন্যায্যমূল্যে ওষুধের ব্যবস্থা করেছি, তার সুফল কতটুকু

মানুষ ভোগ করছে, মানুষ কতটা তার সহায়তা পাচ্ছে সেটা দেখার জন্য অনুরোধ করব। তারপর দেখুন বেসরকারী নার্সিংহোমগুলিতে ভিড়টা কি কমেছে? বলার সময়ে সরকারপক্ষের বিধায়করা বললেন যে, বেসরকারী নার্সিং হোমগুলির ভয়ংকর রূপ। সব অসত্য হয়ে গেল? সেটা তো বন্ধ করতে পারেন নি সরকার? স্বাভাবিকভাবে সেই দৈন্যতা চিকিৎসাক্ষেত্রে এখনও বর্তমান আছে। এখানে রানীনগর বিধায়িকা ফিরোজা বেগম মহাশয়া বললেন তাঁর এলাকার হাসপাতালের কথা। পাশাপাশি আমার বিধানসভা। সেই কথার আমি পুনরাবৃত্তি করছি না। আমার জলঙ্গির ব্লক হাসপাতালে তিনজন মাত্র ডাক্তার আছেন। রোগীর প্রচন্ড ভিড়, মানুষ কোন পরিষেবা পাচ্ছে না। জেলায় যখন রোগীরা যাচ্ছে, সামান্যতম ক্রিটিক্যাল রোগী, তার সমস্যা সামান্য, সেখানেই সেগুলির সুরাহা করা যায়,আমি বলছি এগুলি একটু দেখবেন, এবং আমি এই ব্যাপারটি স্বাস্থ্যমন্ত্রীকে দেখার জন্য অনুরোধ করব। সেই ব্যাপারে আপনি যদি খোঁজখবর নেন, তাহলে জেলা হাসপাতালগুলি সতর্ক থাকবে এবং মানুষজন পরিষেবা পাবে। সামান্যতম ক্রিটিকাল রোগী হলেই ওরা দায় এড়ানোর জন্য এন আর এস, পি জি তে পাঠিয়ে দিচ্ছে। আর এখানে এসে সেই সমস্ত রোগীরা মাথা ঠুকে ঠুকে মরছে। এবং অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে এখানে এসে দুটো ট্যাবলেট খেয়েই ভালো হয়ে যাচ্ছে। আমি এই অভিজ্ঞতার কথা এই সদনে জানাচ্ছি। জেলা হাসপাতালগুলিতে খোঁজ নেবেন, তারা সরাসরি কোলকাতাতে পাঠিয়ে দিচ্ছে। আর শুধু তাই, এই করতে গিয়ে এই বেসরকারী নার্সিং হোমগুলিতে রোগীর ভিড় হচ্ছে, আর অ্যাম্বুলেন্সের যে ড্রাইভার রয়েছে, তারা এখানে দালালচক্রে পরিণত হয়েছে এবং তারা রোগীকে নিয়ে আসতে আসতে রাস্তার মধ্যেই রোগীর পরিবারকে বোঝাচ্ছে যে হাসপাতালে গেলে বেড পাবেন না। রোগীর সঠিক চিকিৎসা হবে না ইত্যাদি ইত্যাদি। একই সঙ্গে এইকথা বলছে যে, ওমুক নার্সিং হোমে ভালো চিকিৎসা হবে এবং সেখানে রোগীকে নিয়ে আসছে। এটা পেপারেও বেরিয়েছে দেখবেন। আমরা গ্রামবাংলার মানুষ, আমরা ভুক্তভোগী। তাদেরকে নিয়ে এসে ব্ল্যাকমেল করে নার্সিংহোমে ঢোকাচ্ছে। সরকারী হাসপাতালে আনার চেষ্টা করবে না। আর সরকারী হাসপাতালে আসার পরে যদি একটু দেরী হয়, দেখছে ডাক্তার নেই, তখন সেই অ্যাম্বুলেন্সের ড্রাইভার রোগীর পরিবারকে বলছে, 'চলো আমার পরিচিত নার্সিংহোমে ঢুকিয়ে দিচ্ছি।' এই অবস্থা জেলা হাসপাতালগুলিতে চলছে। এখানে যে মেডিক্যাল কলেজ গুলি হয়েছে, সেখানে শিক্ষক-চিকিৎসকের অভাব সেগুলি করার জন্য আমাদের মনের মধ্যে একটা আকুপাকু থাকার দরকার। শুধু এই করে দিয়েছি, ওই করে দিয়েছি এটা বললেই হবে না। মমতা ব্যানার্জীর উদ্দেশ্য ভালো। ভালো কাজ করছেন। আপনার সকলের যে টিম আছে, তাঁরা এগুলিকে যদি দেখেন তাহলে মমতা ব্যানার্জীর স্বপ্ন সার্থক হবে। আর যা ভাবছেন পশ্চিমবঙ্গ এগিয়ে যাবে সেটাই হবে। কিন্তু শুধু জয়ঢাক বাজিয়ে। নীচের দিকে তাকাবেন না, ওপরের দিকে শুধু জয়ঢাক বাজাবেন, আর বিরোধীদের শুধু সমালোচনা করলেই বিশ্বসেরা বাংলা হবে না। এই কথা বলে সকলকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রীমতি বৈশালী ডালমিয়া:- ধন্যবাদ স্যার, প্রথমেই আমি আপনাকে ধন্যবাদ দিতে চাই আজকে এই সদনে আমাকে বলার সুযোগ করে দেওয়ার জন্য। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ বিভাগের দাবি নাম্বার ২৪,২০১৭/১৮ সালের বাজেট ভাষণে, আমি তা সমর্থন করে আমার বক্তব্য পেশ করতে চাই।

[4:40 – 4:50 p.m.]

শ্রীমতী বৈশালী ডালমিয়া : ধন্যবাদ স্যার, প্রথমেই আমি আপনাকে ধন্যবাদ দিতে চাই আজকে এই সদনে আমাকে বলার সুযোগ করে দেওয়ার জন্য। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য এবং

পরিবার কল্যাণ বিভাগের দাবি নাম্বার ২৪,২০১৭-১৮ সালের বাজেট ভাষণে, আমি তা সমর্থন করে আমার বক্তব্য পেশ করতে চাই।

দেখুন, কিছু কথা আমি অনেকক্ষন ধরে এখানে বসে বসে শুনছি। আমাদের বন্ধুরা, যারা আমাদের উল্টোদিকে বসে আছেন, ফিরোজা বেগম ম্যাডাম, উনি উঠে গেলেন ওনার বক্তব্য রেখে। উনি ভাবলেন ওনার দায়িত্ব শেষ হয়ে গেছে। উনি উঠে চলে গেলেন। এখানে আব্দুর রেজ্জাক ভাই বসে আছেন। আপনারা অবান্তর সব কথা, গল্প শুনিয়ে যাচ্ছেন। বোধহয়, আপনারা ছোট বেলায় শুনেছিলেন, আপনাদের ছোটবেলার কথা মনে পড়ে যাচ্ছে এখানে বসে। নষ্টালজিক হয়ে পড়ছেন। আপনারা সেই কথাগুলোকে বলে আমাদের গল্প শোনাচ্ছেন। কিন্তু আমরা এখানে এই সদনে আপনাদের ছোটবেলাকার গল্প শুনতে আসিনি। কেননা প্রত্যেকটা মানুষ এখানে জানে যে, স্বাস্থ্য কোথা থেকে কোথায় গিয়ে পৌঁছে গেছে এই পাঁচ থেকে ছ'বছরের মধ্যে। প্রত্যেকটা মানুষ শুধু আমি বক্তব্য রাখছি সেইজন্য নয়, যেকোনো মানুষ এখানে যাঁরা আছেন, যাঁরা পাবলিক - কথায় আছে, "পাবলিক সব জানতা হ্যায়।" সেই জন্যই মাননীয়া মুখ্যমন্ত্রীকে তাঁরা এই জায়গায় বসিয়ে রেখেছেন, মাথায় করে রেখেছেন। আমি ২০১১ সালের কিছু কথা বলতে চাই। যখন আমি বিধায়ক ছিলামনা, আমি একজন জাস্ট জেনারেল পাবলিক ছিলাম, সেইদিনের কিছু বক্তব্য আমি আপনাদের কাছে রাখতে চাইছি। উনি জেতার পর যখন গভর্নমেন্ট হসপিটালগুলি পরিদর্শন করেছিলেন এবং পরিদর্শন করার পর আমরা সবাই আশ্বস্ত হয়েছিলাম যে, ছোটবেলা থেকে যে জিনিস দেখে আমরা বড় হয়েছি, অ্যাটলাস্ট সেটা চেঞ্জ হ'তে চলেছে। কেননা যখন মুখ্যমন্ত্রী নিজে গিয়ে পরিদর্শন করছেন কোনো পরিষেবা, যেটা স্বাস্থ্য - তার মত এত গুরুত্বপূর্ন পরিষেবা নিজে যখন উনি ঘুরে দেখছেন, নিশ্চয়ই এর একটা উন্নতি হ'তে চলেছে। যে কোনো মানুষ, যেকোনো স্তরের মানুষ, যেকোনো জাতের মানুষ, যার একটু বুদ্ধি আছে, তাঁরা সবাই সেই জিনিসটা বুঝতে পেরেছিলেন। ২০১১ সালে উনি দেখার পর থেকে ক্রমশঃ আমাদের পরিষেবা কি এগিয়ে গেছে, সেটা আপনারা সবাই জানেন এবং আপনারা যে কয়েকটা কথা বললেন, সেই কথার প্রচন্ড বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। এই যে আপনি বললেন ৫ হাজার টাকা, এই টাকা নিয়ে একটি মহিলাকে নির্যাতন করা হয়েছিল - আপনি তো সেই জায়গার এম.এল.এ.। আপনার তো পুরো পাওয়ার আছে, পুরো রাইট আছে। আপনি কি করছিলেন তখন ওখানে বাড়িতে বসে? আপনি কি এ.সি. ঘরে ঘুমোচ্ছিলেন? আপনি কেন যাননি দেখতে যে ওখানে মহিলা থাকে, যে নির্যাতন করেছিল তাকে যাতে শাস্তি দেওয়া হয়। তারপরে আপনি শুনলেন বাড়িতে বসে বসে যে, তাকে এন.আর.এস.-এ নিয়ে যাওয়া হ'ল। তাকে অনেক ট্রিটমেন্টের পর এই হাসপাতাল, ঐ হাসপাতাল, সেই হাসপাতাল ঘুরে তাকে আবার ফেরত নিয়ে আসা হ'ল তার জায়গাতে। কিন্তু আপনি এম.এল.এ. হয়ে আপনারা বিরোধী পক্ষ বলে সব সময় বিরোধিতা করবেন না। যে জিনিসটা ভালো, তাকে ভালো বলতে শিখুন। নাহলে যখন বাড়ি যাবেন, আয়নার সামনে দাঁড়াবেন, তখন কি নিজেকে প্রশ্ন করতে পারবেন যে, যথাযথ কাজ আপনি করছেন কিনা এম.এল.এ. পোস্টটাকে হোল্ড করে? শুধু জিতলেই হবেনা, পোস্টের জন্য কাজ করতে হবে। আগের ৩৪ বছর কাজ করেননি, শুনতে হয় কেন করেন নি? কোনো কাজ করেননি বলেই আজকে আপনারা বিরোধী বেঞ্চে বসে আছেন, এদিকে বসে নেই। সেইজন্য এখন যদি আপনারা এম.এল.এ. পোস্টটাকে ধরে রাখতে চান, দয়া করে আপনাদের নিজস্ব যা কাজ আছে, সেটা করুন। কেননা আমি নিজে একজন এম.এল.এ., আমার জায়গা আমি পরিদর্শন করি। ওখানেও অনেক হসপিটাল আছে। অফকোর্স, কোলকাতার হসপিটালের সঙ্গে জেলার হসপিটাল একরকম - এই তুলনা করলে আপনি ভুল করবেন। কেননা, আমাদের জেলার হসপিটাল ক্রমশঃ উন্নত হচ্ছে। যেখানে আপনারা ফেলে গিয়েছিলেন - মাইনাসে চলে

গিয়েছিল, জিরোও নয়, মাইনাস লেভেলে ঠেলে দিয়েছিলেন। সেখান থেকে নিয়ে আসতে একটু টাইম লাগছে। টাইম লাগবে, কিন্তু হবে। কেননা, আমাদের অনুপ্রেরণা, আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় সি ইজ এ লেডি উইথ এ গোল্ডেন হার্ট। আজকে উইমেন ডে তে বলব, মাননীয়া মুখ্যমন্ত্রীর আন্ডারে আমি যে কাজ করতে পারছি, তার জন্য আমি খুবই আনন্দিত এবং গর্বিত যে, আমি এই মা-মাটি-মানুষের দলের হয়ে, উনি যেভাবে আমাদের শিখিয়েছেন, যেভাবে পদে পদে উনি আমাদের গাইড করেন, সেইভাবে যে আমার বিধানসভাকে আমি এগিয়ে নিয়ে যেতে পারছি, তার জন্য আমি আনন্দিত এবং সত্যিই গর্বিত। আপনারা ভুলভাল তথ্য দিয়ে, ডিফারেন্ট ডিফারেন্ট গল্প শুনিয়ে দয়া করে এই সদনের সময় নষ্ট করবেন না। এবার আরো কয়েকটা কথা বলতে চাই। ..... (নয়েজ) ..... নতুন এসেছি, আপনারা পুরোনো থাকলেও, আপনাদের থেকে ডবল কাজ করেছি। আপনারা যতই কথা বলুন, আমার বক্তব্য আপনারা কমাতেও পারবেন না, থামাতেও পারবেন না। আমাকে আমার এরিয়ার লোকেরা খুবই ভালোবাসে, কেননা আমি অন্যায়ের বিরুদ্ধে সরব হতে পারি।

মিঃ স্পীকার : উনি নতুন এসেছেন ওঁনাকে বলতে দিন, আপনি এটা কি করছেন। প্লিজ বলুন, বলুন।

শ্রীমতী বৈশালী ডালমিয়া : আগে আমরা ছোটবেলা থেকে দেখেছি। হাসপাতালে

.. (নয়েজ)...

আপনারা বললেও আমার কিছু এসে যায় না, আপনারা বলতে পারেন, আমি বিধানসভায় শুনছি অনেক কথা। এনি ওয়ে, আমরা যেটা গভর্নমেন্ট হসপিটালে দেখেছিলাম বেহাল অবস্থা, সেখানে মানুষ একটা হাসপাতালে ভর্তি হলে কি হতো? আমাদের গভর্নমেন্ট হসপিটালে লোকেরা গেল, বা: খুব ভালো ওখানে গিয়ে ফ্রি সার্ভিস পেয়ে আসবে। তা নয়, হাসপাতালে ঢোকাটা ফ্রি তার পরে হয়তো ডাক্তারের খরচাটাও ফ্রি, তার পরে বেড ভাড়া আছে, অপারেশন থিয়েটারের খরচা আছে, ওষুধের দাম আছে, রক্ত কিনতে হচ্ছে এই রকম ভাবে প্রচুর খরচ। যখন তারা বাইরে এলো - আজকাল আমরা প্রাইভেট হাসপাতাল নিয়ে এত কথা বলছি, প্রাইভেট হসপিটালে বাবা ছিলেন, যখন আপনারা গভর্নমেন্ট হসপিটালটাকে চালিয়ে ছিলেন। সেখানে কোন ডাক্তার কি ভাবে কোথা থেকে টাকা নিত সে জিনিসগুলো আমাদের সবার জানা আছে। কেন না কি আমরা কোলকাতারই লোক, কোলকাতাতেই বড় হয়েছি এবং গভর্নমেন্ট হসপিটালে পরিষেবাও নিয়েছি। ... (নয়েজ)... হ্যাঁ, আপনারা বলে যান, কিছু যায়-আসে না, মিথ্যে কথা বেশি দিন টেকে না। এছাড়া আমাদের এখন প্রচুর ফেসিলিটি হয়েছে, যেখানে ক্রিটিক্যাল কেয়ার ইউনিট এবং যে যে জিনিসগুলো হসপিটালে লাগে। আমি আপনাদের একটা গল্প শোনাই, আপনারাতো অনেক গল্প শোনালেন। কিছু দিন আগে একজন পেসেন্ট ভর্তি হয়েছিলেন আমাদের একটা গভর্নমেন্ট হসপিটালে, সে বাচ্চা হওয়ার আগে থেকে জানে যে তার কার্ডিয়াক প্রবলেম আছে। সেই এস এস কে এম হসপিটালে আগে থেকে তার প্রবলেম জেনে - এই যে আপনারা দেখছেন যে মাদারের জন্য একটা ওয়েটিং হাব, যেখানে হাব তৈরি করা হয়েছে সেখানে বাচ্চা জন্মাবার আগে থেকে মা এসে অপেক্ষা করতে পারেন। সেই ওয়েটিং হাবে সে অপেক্ষা করছিল এবং তার বাচ্চা প্রসবের আগে থেকে সেখানে বেড রেডি করা ছিল এবং SNSU যেখানে সিক বাচ্চারা জন্মালে যে হেলথ কেয়ারটা দেওয়া হয় সেই পরিষেবা রাখা হয়েছিল এবং সে যখন জন্মগ্রহন করলো সেই পরিষেবা দিয়ে তাকে শিশুসাথী প্রকল্পের আওতায় এনে তার হার্টের অপারেশনও হয়েগেছে। তাই বলি একটা জন্মালে একটা প্রকল্পের মধ্যেই সে পড়ে না। একটা বাচ্চা জন্মালে প্রচুর পরিষেবা নিয়ে সে নিজের বাড়ীতে ফেরত যেতে পারে। তা ছাড়া প্রাইভেট হসপিটালের জন্য আমাদের যে নতুন

এ্যাক্টটা এসেছে, যে বিলটা পাশ করা হয়েছে, সে বিষয়ে আমার নিজের কিছু অভিজ্ঞতা আছে। যখন প্রাইভেট হসপিটালে ১৭ বছর আগে আমি নিজে গিয়েছিলাম যখন আমার ছেলে জন্মেছিল, আমাকে একদিনে ১১ বার সোনোগ্রাফি করা হয়েছিল, সেখানে বলা হয়েছিল যে আমার হচ্ছে বাচ্চা। হবে abnormal, ইমিডিয়েটলি আমি যাতে ওটাকে abort করিয়ে দিই, কিন্তু আমি করাই নি। আমি মনের জোর রেখে সে সুস্থ, সবল, বুদ্ধিমান একটি ছেলে হয়ে জন্মগ্রহন করেছে। কিন্তু, আপনাদের কাছে আমি বার বার গেছিলাম গভর্নমেন্টের দরজায় যে কি ভাবে আমি সেই ডাক্তারের বিরুদ্ধে হস্তক্ষেপ করতে ... (এই সময় মাইক অফ হয়ে যায়।)।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কিছুটা এই বাজেটে বলতে গিয়ে হতাশ হয়ে গেলাম এই কারনে যে সারা পশ্চিমবাংলায় এখন প্রাইভেট হসপিটাল, চিকিৎসা এই নিয়ে উত্তাল। সেই সময় আশা করেছিলাম যে আমাদের স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী হচ্ছেন আমাদের মুখ্যমন্ত্রী, তিনি অন্তত এখানে থাকবেন, সবার কথা শুনবেন, একটু ভালো উত্তর দেবেন আশা করেছিলাম। কিন্তু তিনি না থাকায় আমি একটু হতাশ হয়েছি। স্যার, গ্রামে একটা কথা আছে যে ধরুন যারা ব্যবসায়ী তারা বাবাকেও সত্যি কথা বলে না। আর আমরাতো রাজনীতি করি আমরা সব সময় অসত্য বলি, মিথ্যা বলি না তবে অসত্য বলি। আমি শুধু যে কথাটা বলতে চাই যে, এখানে শুনলাম একটু আগে একজন বললেন, আমি বিনীত ভাবে বলবো কি ছিলো আগে? বারে বারে শুনি আমরা ৩৪ বছরের কথা, তা আমরা কি শুনতে পাই? আমার মনে আছে ছোটবেলায় একবার অসুস্থ হয়ে আমাদের ব্লক হাসপাতালে গিয়েছিলাম। হাসপাতালের ছবি কি? হাসপাতালের দুটো ঘরে চারটে বেড। বেডগুলো সব সিমেন্টের তৈরি, তার কোন কাপড়ও ছিল না, চাদরও ছিল না, সেই দুটো বেড। আর বাইরের টেবিলের উপরে দুটো জার থাকতো, একটা লাল রংয়ের জল, আর একটাতে সাদা রংয়ের জল, আর কয়েকটা মোটা মোটা ট্যাবলেট সেখানে ছিল। সেখানে ডাক্তারবাবুকে দেখালে বলতো আজ দু-দাগ, কাল দু-দাগ আর এই একটা ট্যাবলেট আর ওই একটা ট্যাবলেট। আর কোন ব্যবস্থা ছিল না। আজকে তিনি বলুন সেই সময়ে কারা ছিল? ৭৭ সাল অবধি পশ্চিমবাংলায় ৩০ বছর কারা ছিল? কংগ্রেস ছিল। আপনাদের বয়স সবার ৩০এর বেশী, আপনারা কোথায় ছিলেন? আপনারা এই সত্যকে অস্বীকার কখনও করতে পারবেন না। আপনারাতো এই সরকার চালিয়েছিলেন। সেই সরকারের কি ছিল আর এই সময় কি পরিবর্তন হয়েছে।

[4:50 – 5:00 p.m.]

আজকে তাকিয়ে দেখুন যেকোন জায়গায় যাবেন পরিকাঠামোর পরিবর্তন হয়েছে, ডাক্তারের সংখ্যা বেড়েছে, চিকিৎসা ব্যবস্থা উন্নত হয়েছে। আগে যখন দেখতাম এক সিসি জল আর কটা ট্যাবলেট এই নিয়ে চিকিৎসা হত। আজকে সেখানে এম.আর.আই হচ্ছে, স্ক্যান হচ্ছে এত প্রয়োজন বেড়ে গেছে। সব আমরা করেছি তা বলছিনা আমি। প্রয়োজন বেড়ে গেছে অনেক। সেই প্রয়োজনের সঙ্গে সঙ্গতি রেখে যা করা দরকার তার জন্য যে অর্থের প্রয়োজন সবটা আমাদের ছিলনা। কিন্তু আজকে আমরা করতে পেরেছি বলেই সুদর্শনবাবু বলছিলেন, আমি বললাম যে, সাড়ে পাঁচ বছর আপনার বয়স একটা ডাক্তারও আপনার আমলে তৈরি হয়নি। একটা ডাক্তারও আপনাদের আমলে তৈরি হয়নি। ভালো করে শুনুন, আপনাদের আমলে শুরু হয়েছে, হয়েছেন একজন ডাক্তারও না। সেই ডাক্তারগুলো এলো কোথা থেকে? বামফ্রন্টের আমলে হয়েছে। তা এত ডাক্তার খারাপ, এত চিকিৎসক খারাপ তো আপনারা ভালো আছেন কি করে? কেউ তো আপনারা রোগা নয়। সবারই তো স্বাস্থ্য ভালো। কি করে হলেন? আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যে, যারা বলেন অমুক হচ্ছেনা-হচ্ছেনা-হচ্ছেনা, আমরা বলেছিলাম, আপনাদের কথাই বলি আমি,

মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন যে, এখন হাসপাতালে সব চিকিৎসা হবে বিনা পয়সায়। সব ওষুধ পাওয়া যাবে। আর বললেন কি কম দামে ওষুধের দোকান করছি। একজন বলুন যে দোকানে গিয়ে নিজে ওষুধ কিনেছেন, সব পাওয়া যায়। আমি নিজে দায়িত্ব নিয়ে বলছি, আমি সব দোকানে গেছি। আমার যা ওষুধ লাগে একটা দোকানেও তা পাইনি। যদি বলেন চ্যালেঞ্জ আমি নিতে পারি। আমার ব্লকে এটা হয়েছে। একটা হয়নি। তারপরে করলেন কি স্পেশালিটি হসপিটাল না কি বলে, মাল্টি স্পেশালিটি কেউ বলে সুপার স্পেশালিটি। শুধু বড় ঘর দিয়ে সুপার স্পেশালিটি হয়না। যারা ডাক্তার আমার থেকে ভালো করে বোঝেন। কোন ডাক্তার আছে বলতে পারেন। সুপার স্পেশালিটি মানে বড় ঘর, সুপার স্পেশালিটি মানে ঠান্ডা ঘর। একজন ডাক্তারের নাম করুন যে স্পেশালিস্ট সুপারস্পেশালিস্ট তৈরি করেছেন, বলুন। কোন ডাক্তার আছে? আমাকে একজন বলছিলেন যে, কলকাতায় বসে থাকা বাবুরা, ডাক্তারদের পাঠিয়ে দিয়েছি বর্ধমানে। কাকে? নিউরোলজির হেড। নিউরোলজির বড় ডাক্তার যার একটাই প্রতিষ্ঠান বাঙুর। সেখান থেকে তাড়িয়ে নিয়ে গেলেন বর্ধমানে ভালো কাজ করলেন। আমি বলেছিলাম যে ক্যালকাটা ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলরকে আমার গ্রামে স্কুলের হেড মাষ্টার করে দিন ভালো হবে। এর নাম ভালো কাজ? এটাই কি আমাদের কাম্য? সেদিন আমি অবাক হয়েছিলাম যেদিন একজন ডাক্তারকে পানিশমেন্ট দেওয়া হল। আমি বলেছিলাম, আমি মুখ্যমন্ত্রী থাকলে তাকে পুরষ্কার দিতাম। সে প্রথম কাজ ডিউটির কথা ভেবেছে। সে ডিউটির কথা ভেবেছে, রোগী দেখবো, ট্রিটমেন্ট করবো তারপর মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে যাবো। এইটাই তো বীরত্বের কাজ। জ্যোতিবাবু একসময় বলেছিলেন, আমি অসুস্থ হয়ে হাসপাতালে গেলাম সঙ্গে সঙ্গে খবর চলে গেল যে জ্যোতিবাবু এসেছেন। তো একজন বলেছিলেন জ্যোতিবাবু এসেছেন তো কি হয়েছে তার চিকিৎসা ঠিকমত হবে। তিনি বলেছিলেন যে এই লোকটাকে ভালো দেখেছিলাম যে, ঠিক কথা বলেছেন। আজকে অন্যায় করেছে বলে? আপনারা তাকিয়ে দেখুন যে আজকে কোথায় গিয়েছে যে কোনো পরিকাঠামো হয়নি। কি ছিল? আমি বললাম যে চারটে সিমেন্টের বেড। আজ দেখে আসুন আমার সেই কেন্দ্রে। একটাও সরকারি কেন্দ্র সেখানে করেনি। এই যে রাস্তার কথা বলছেন, আমি দাঁড়িয়ে বলতে পারি আমার এলাকায় এমন কোন গ্রাম নেই যার সঙ্গে পাকা রাস্তা যুক্ত নয়। যদি একটা বের করতে পারেন আমি এখানে পদত্যাগ করে চলে যাবো। কে করেছে? একটা করেছে বলুক। কোন সরকার কোন স্কীম থেকে কাজ করেছে? সব বিরোধিতা করে। আপনাদের লোকেরা গেলেন, আপনাদের জেলার সভাপতি যিনি আছেন তিনি সব কিছুর উদ্বোধন করেন। সে একটা গ্রাম পঞ্চায়েতের মেম্বার নয়। সে কোন কিছুর মেম্বার নয়। সে কন্ট্রাক্টর। বাবা কন্ট্রাক্টারি করত, বাবা ছিলেন এম.পি। এখন সে কি করে দেখে আসুন গিয়ে। আমি বিনীতভাবে বলতে চাই আমরা চেষ্টা করেছি সেগুলো সেখানে দাঁড়িয়ে ওরা করছে কি একটা হাসপাতাল হয়েছে চালু হবেনা। কতবার অনুরোধ করলাম চালু করুন, চালু হবেনা। মিউনিসিপ্যালিটি হয়েছে তার ভোট হবেনা। অমুক হয়েছে তার কাজ হবেনা। বা! মাপকাঠি কি আছে? আমাদের এম.এল.এ নেই। তা আমাদের এম.এল.এ নেই সেখানে হবেনা? এর নাম গণতন্ত্র? এই ক'দিনে গণতন্ত্রের ঢাকঢোল পিটিয়ে অনেক বক্তৃতা হল। এ হচ্ছে গণতন্ত্র যে, আমার এম.এল.এ নেই তাই হবেনা। আমার মন্ত্রি নেই তাই হবেনা। আমি বিনীতভাবে বলছি যে, আপনারা ওখানে কাজ করেননি। কিন্তু আপনারা যদি বলেন যে, ৩৪ বছরে কিছুই হয়নি তো এর থেকে অন্ধ মানুষ আর কে হতে পারে? এক অন্ধ যারা দেখতে পায়না তারা বলতে পারে পশ্চিম বাংলায় কিছু হয়নি। আর যাদের সামান্যতম চোখ আছে, যারা সামান্যও দেখতে পায় তারা বলতে পারবেনা যে পশ্চিম বাংলায় কি হয়নি। আরো অনেক করতে হবে এ কথা বলেছিলাম আমরা। আজকে প্রাইভেটের কথা উঠেছে। তাকিয়ে দেখুন আমরা বলেছিলাম, আপনাদের সরকার হওয়ার পরে আমেরিকা

থেকে, ইংল্যান্ড থেকে দু'দল এসেছিল দেখা করতে সেই সময় আমাদের সূর্যবাবু জিজ্ঞাসা করেছিলেন, শিক্ষাতে আর স্বাস্থ্যে কি হবে। আজকে পৃথিবীর সবথেকে বড় দুটো ব্যবসার জায়গা একটা হচ্ছে, এডুকেশন আর একটা হচ্ছে, হেল্থ। কেউ অস্বীকার করতে পারেন? ঢুকিয়েছে কারা? না আমরা নাকি ঢুকিয়ে দিয়েছি। তা আমরা ঢুকিয়ে দিয়েছি তো আপনারা সরাননি কেন? আপনারা নাকি হাসপাতালে সব করে দিয়েছেন, সব বিনা পয়সায় ওষুধ, সব দারুণ হয়ে গেছে তো এগুলো যাচ্ছে কেন?

তাহলে প্রাইভেটে যাবে কেন। আমি যদি সরকারি ভালো পাই তাহলে যাবো কেন ওখানে। আমি শুনেছি আমাদের মুখ্যমন্ত্রী জীবনে কোনো হাসপাতালে যাননি, ওই প্রাইভেটে গিয়েছেন। কি বলবেন তাঁকে। আমি বলব আমি কিন্তু প্রত্যেকটা চিকিৎসা করেছি হাসপাতালে - আপনারা করেননি। আপনাদের যখনই কিছু হয়। চলে যান ওইখানে। কাজেই এটা কোনো পথ না। আমরা বলছি আসুন, আমাদের সমালোচনা শুনুন কাজে লাগবে। কাজ করার জন্য আমি বলতে চাই, আমরা তো অন্যায় কথা বলিনি। আমরা চাই মানুষের ভোলো হোক এটা আমরা চাই। ওই যে ডাক্তারবাবু বললেন, আমরা নাকি কোনোদিন কোনো কিছুর হিসেব করিনি, স্ক্যান করিনি, আমরা নাকি কিছুই করিনি। সব আপনারা করেছেন। আপনারা করেছেন ভালো কথা কিন্তু আমরা কি করেছি। সেটাও জেনে নেবেন। আর এটা মনে রাখবেন বারে বারে যে, ৭৮ সালের আগেও একটা সরকার ছিল। তার বয়স ছিল ৩০ বছর। এই আপনারা অনেকেই ছিলেন তার নেতা। আজকে সরকারে এসে গেছেন - আপনারা ছিলেন নেতা। বলতে লজ্জা হয়, কষ্ট হয়। আপনারাইতো শুরুওয়াৎ করেছেন। আমি তার জন্য বলতে চাই, যে চেষ্টা আমরা করেছি। আজও আমাদের কাছে সেটা ইতিহাস হয়ে থাকবে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ....

(এই সময় মাইক অফ হয়ে যায়।)।

শ্রী শ্রীকান্ত মাহাতো : স্যার, পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি তথা মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী এবং রাষ্ট্রমন্ত্রী ডাঃ শশী পাঁজা যে ২৪ নম্বর ডিমান্ড পেশ করেছেন সেই ২৪ নম্বর ডিমান্ডের যে বাজেট ৭ হাজার ৬ শত ৩ কোটি ৮২ লক্ষ ২৫ হাজার টাকা সেই টাকা অনুমোদনকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে একটা-দুটো কথা এই সদনে বাজেটর পক্ষে উপস্থাপন করার চেষ্টা করছি। আমি আনিসুর বাবুকে একটু মনে করিয়ে দিতে চাই, কি হয়েছে কি হয়নি। ৩৪ বছর আগে কি হয়েছিল এবং এখন কি হয়েছে। আমাদের স্বাস্থ্যমন্ত্রী ডাঃ শশী পাঁজা আছেন, ওনার কে ছিল আমি জানি না, অজিত পাঁজা স্বাস্থ্যমন্ত্রী ছিলেন, সেই স্বাস্থ্যমন্ত্রী আমাদের ভীমপুরে হাসপাতাল তৈরি করেছিলেন। সেই হাসপাতালে আমি ৮৭ সালে যেতাম আমার ভাই জন্ম হয়েছিল। আর সেই জন্ম হওয়ার পর আমরা দেখতে যেতাম দুই বন্ধু। ওই হাসপাতালটা আনিসুরবাবুদের আমলে বন্ধ করে দেওয়া হয়েছে এটা হয়েছে। আপনারা যান দেখে আসবেন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র যত তৈরি করেছিল স্বাস্থ্যমন্ত্রী অজিত পাঁজার আমলে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলো আনিসুরবাবু শুনুন বন্ধ করে দিয়েছিল ওই স্বাস্থ্যকেন্দ্রগুলোকে বামফ্রন্ট সরকার ৩৪ বছরে। এইটা করেছে ওরা। ৩৪ বছরে স্বাস্থ্যের অবস্থা যা ছিল স্যার, আপনাদের কাছে বলার কিছু নেই, আমরাতো চাই স্বাস্থ্য এবং শিক্ষায় সব free হয়ে যাক। সারা বাংলার সাড়ে ৯ কোটি মানুষ সবাই সরকারি শিক্ষা পাক। কেন্দ্রীয় সরকার টাকা বরাদ্দ করুক আর সমস্ত কিছু free করে দিতে চান মমতা ব্যানার্জী যেটা সবাই চায়। চাইলেই সবকিছু করতে পারা যায় না। মমতা বন্দ্যোপাধ্যায় ঋণগ্রস্ত একটা সরকারের মধ্য থেকে যে কাজগুলো করেছেন সেই সমস্ত কাজকে ধন্যবাদ জানানো দরকার, কৃতজ্ঞতা জানানো দরকার সমস্ত হাউসের বিধায়কদের। আপনারা কখনও ভাবেননি যে, নতুন করে স্বাস্থ্য জেলা তৈরি করা যায়। স্বাস্থ্য জেলার মধ্য দিয়ে

গরিব মানুষের দরিদ্র মানুষের স্বাস্থ্য পরিষেবা দেওয়া যায়। সেই স্বাস্থ্য এবং চিকিৎসার ক্ষেত্রে ডাক্তার এবং কর্মচারীদের মন এবং মানসিকতাকে একটু উন্নত করা যায়। এই বামফ্রন্টের কমরেডরা ৩৪ বছর ধরে মানুষের চরিত্র, মনুষ্যত্ব, মূল্যবোধ, বিবেক, বুদ্ধি, দায়িত্ব, কর্তব্য, ভালোবাসা, নৈতিকতা সবকে শেষ করে দিয়েছে স্যার। আমরা কথায় শুনেছি স্যার, যে, wealth loss is nothing loss, health loss is something loss, character loss is everything loss. মাস্টাররা স্কুলে যেত, পড়াতো না, ডাক্তাররা হাসপাতালে যেত, চিকিৎসা করতো না। শুধু আসি যাই মাইনে পাই কাজ করলে ডবল চাই, না পড়িয়ে বেতন পাই। আর ডাক্তাররাও ওইরকম ব্যবস্থা করতো এটা বামফ্রন্টের জমানায়।

৩৪ বছরে এইরকম স্বাস্থ্যদশাকে তৈরি করেছিল। সেই জায়গা থেকে মমতা বন্দ্যোপাধ্যায় মানবিক মন নিয়ে মনকে উন্নত করা এবং বাংলার মানুষের চিকিৎসা পরিষেবা স্বাস্থ্য পরিষেবাকে উন্নত করার জন্য কতগুলো প্রকল্প করেছেন এবং প্রকল্প নিয়েছেন এটা সারাদিন বললেও শেষ হবে না। আপনারা দেখবেন, নন্দীগ্রাম থেকে ঝাড়গ্রাম, বিষ্ণুপুর, রামপুরহাট, ডায়মন্ডহারবার থেকে হাওড়া, বসিরহাট, আসানসোল, কালিম্পং স্বাস্থ্যজেলা তৈরি করেছে। স্যার। এই বাজেটের মধ্য দিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় মানুষের কাছে এই পরিষেবা পৌঁছে দিতে চেয়েছেন। আপনারা দেখেছেন স্যার, যা bed ছিল পাঁচ বছরে ২৭ হাজারেরও বেশি শয্যাসংখ্যা বৃদ্ধি হয়েছে। বামফ্রন্টের জমানায় পাঁচ বছরে radically এতো bed সংখ্যা বৃদ্ধি হয়নি। মমতা বন্দ্যোপাধ্যায় সারা ভারতবর্ষে একমাত্র রাজ্য পশ্চিমবাংলায় প্রমান করেছেন যে, ইচ্ছা থাকলে কাজ করা যায় এবং মানুষের সেবামূলক কাজে নিজের জীবনকে উৎসর্গ করা যায়।

[5:00 – 5:10 p.m.]

যেটা মমতা বন্দ্যোপাধ্যায় - প্রমাণ করেছেন, সেটা থেকে আপনাদের শিক্ষা, নেওয়া দরকার। আপনারা স্যার, সবাই জেনে থাকবেন, ডাক্তার কখনো কারখানায় বা ফ্যাক্টরীতে তৈরি হয়না, এরা কখনই মেডিকেল কলেজ বা হাসপাতালগুলো বৃদ্ধি করেনি, মাত্র ৫ বছরে মমতা বন্দ্যোপাধ্যায়কে দেখুন কিভাবে রিক্রুটমেন্ট করেছেন। কিভাবে কত পরিসংখ্যান বাড়িয়েছেন, পরিষেবাকে উন্নত করার চেষ্টা করেছেন। ৪.৫৪৪জন চিকিৎসককে নিয়োগ করেছেন ; ৬,৫৩৫জন নার্সিং স্টাফ নিয়োগ করেছেন, ৮৩৩জন ফার্মাসিস্ট নিয়োগ করেছেন, ১০০১জন টেকনিসিয়ান নিয়োগ করেছেন। এবং মেডিকেল ও অন্যান্য পরীক্ষার জন্য ১২,৯১৩জন লোক নিয়োগ করেছেন যেটা স্যার ৫ বছরে করা যায়নি। আমরা যদি ১৯৪৭ সালের ১৫ই আগস্ট স্বাধীনতার পর থেকে দেখি, ১১সাল পর্যন্ত, কোন ৫ বছরে রেডিকালি এই রকম নিয়োগ ও ডেভলাপমেন্ট হয়নি, যেটা মমতা বন্দ্যোপাধ্যায় করে দেখিয়েছেন, প্রমাণ করেছেন। ইতিহাস তার সাক্ষী থাকবে। আপনারাও জেনে পড়ে বুঝে বিবেচনা করবেন। সারা রাজ্যে দ্বিতীয় এবং তৃতীয় স্তরের হাসপাতালে ৩৭টি ক্রিটিকাল কেয়ার ইউনিট, ২১টি হাই ডিসপেনসারী ইউনিট তৈরি করেছে, বইয়ে নয়, প্রাকটিক্যালে লেখা আছে। আপনারা গ্রাম থেকে গ্রামান্তরে যাবেন, যে গ্রামে আমি জন্মেছিলাম, যেখানে বামপন্থী কমরেডরা হসপিটালটাকে বন্ধ করে দিয়েছে, সেই গ্রামে মমতা বন্দ্যোপাধ্যায় সুপার স্পেশালিটি হসপিটাল করেছেন, কলেজ করেছেন, স্টেডিয়াম করেছেন, পাকা রাস্তা করেছেন, এটা মুখের কথা নয়, গেলেই দেখতে পাওয়া যাবে কার্যক্রম চলছে,একসঙ্গে সব কিছু করা যাবেনা স্যার। কিন্তু যেটা করছেন মাননীয়া মুখ্যমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী, সেটাকে অন্ততঃ ধন্যবাদ দিয়ে বলুন যে আরো করতে হবে, নিশ্চয় আমরা যত পারব করবো, কিন্তু আপনারা তো পশ্চিমবাংলাকে ভাঁড়ে মা ভবানী করে দিয়ে চলে গেছেন, কিছু নেই। ঢাল নেই, তরোয়াল নেই, পশ্চিমবাংলাকে শ্মশানপুরীতে, চিকিৎসা ব্যবস্থা, স্বাস্থ্য ব্যবস্থাকে কঙ্কাল

করেছিল স্যার ওরা। সেই কঙ্কাল থেকে আমরা তুলে আনার চেষ্টা করছি। নতুন বাংলা, স্বাস্থ্য বাংলা, চিকিৎসা বাংলা, মানবিক মন তৈরি করার চেষ্টা করছি, এর নাম মমতা বন্দ্যোপাধ্যায়, এর নাম মা-মাটি-মানুষের সরকার। এটা আপনাদের সকলের কৃতজ্ঞতা দেওয়ার দরকার ছিল। আজকে আপনারা কখনো বলেননি, কখনো করেননি, মমতা বন্দ্যোপাধ্যায় সজোরে সাহসের সঙ্গে বলেছেন, যে স্বাস্থ্য চিকিৎসা ব্যবস্থা বেসরকারি হাসপাতাল এটা ব্যবসার জায়গা নয়, এটা টাকা রোজগারের নয়, মানবিক হতে হবে, সব দিক দেখতে হবে। ভারতবর্ষে পরপর বাংলায় মুখ্যমন্ত্রী হয়েছে, কোন মুখ্যমন্ত্রী এই কথা বলেননি,একমাত্র মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এ কথা বলেছেন। এই সাহস ছিল, দিল ছিল বলে বলেছেন। সারা বাংলাকে আপনারা শেষ করে দিয়ে গেছেন, কি বলবেন আপনারা, ৩৪ বছরে বাংলা সব দিক দিয়ে কঙ্কাল হয়ে গিয়েছিল – সেই কঙ্কাল, এখানেও হয়ত কঙ্কাল আছে, তুললে দেখতে পাওয়া যাবে -এমন একটা দশা তৈরি করেছিলেন। আমি আর বেশি কিছু বলতে চাইনা স্যার, আমার সময় কম, আমি আবার এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং আপনাদেরকেও অনুরোধ করছি, আপনারা সমর্থন করুন, এগিয়ে চলুক বাংলা। বাংলা - বিশ্ববাংলা তৈরি হোক। এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ২৪ নম্বর দাবির উপর বলতে উঠে বলি ; স্যার, আমি আপনার মাধ্যমে সবার আগে যেটা বলতে চাই সেটা হচ্ছে, মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় যে বাজেট পেশ করেছেন তাতে তিনি যে হিসাব দিয়েছেন, সেই হিসাব ৭৬০৩ কোটি ৮২লক্ষ ২৫হাজার টাকা, তার কিছুটা প্ল্যানিং-এ আছে, কিছুটা নন প্লানিং-এর আছে। স্যার, এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় উপস্থিত নেই। স্যার, আমি আপনার মাধ্যমে শুধু একটা কথা জানাতে চাই, অনেক দপ্তর তাঁর আছে, শুধু একটা দপ্তর এই স্বাস্থ্য দপ্তরটায়, তিনি উপস্থিত থাকলেন না। একটা দপ্তরের বাজেটেই অনুমোদন করেছেন মাননীয় অধ্যক্ষ মহাশয় অথবা আপনি, একটা দপ্তরই বলেছেন। মাইনরিটি হবেনা, হোম হবেনা, ল্যান্ড এ্যান্ড ল্যান্ড রেভিনিউ হবেনা, অনেক দপ্তরই হচ্ছে না আলোচনা, একটা দপ্তর আলোচনা হচ্ছে, তাতেও তিনি অনুপস্থিত।

ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ হবে না, অনেক দপ্তরের আলোচনা হচ্ছে না। একটা দপ্তর আলোচনা হচ্ছে তাতেও তিনি অনুপস্থিত। মাননীয়া ডঃ শশী পাঁজা আপনাকে আমি কোনোভাবেই আঘাত করতে চাই না। আমি শুধু বলছি, এই দপ্তরের যিনি মন্ত্রি তাঁর থাকার মত অবস্থা নেই। কারণ তিনি উত্তর দিতে পারবেন না, তাই তিনি অনুপস্থিত। তাই আজকে তিনি এখানে নেই। আমি আপনাদের কাছে সবার আগে যে কথা বলতে চাই, সেটা হল এই, আপনারা বলছেন যে আমরা অনেক করেছি, অনেক করেছি, অনেক করেছি। আপনাদের প্রশ্নের জবাব দিতে গেলে প্রায় ২৫-৩০ মিনিট লাগবে। আমি আপনাদের সম্মান জানিয়ে বলি, তিনি বলছেন বামফ্রন্টের আমলের কথা, ডঃ সুভাষ মুখোপাধ্যায়ের কথা বললেন, অনেক কথা বললেন। আপনি তো এখানে দাঁড়িয়ে একজন সম্মানীয় বিধায়ক হিসাবে কথাটা বলতে পারলেন। কিন্তু মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বর্তমানে যিনি আছেন, অথবা যিনি অরিজিনাল স্বাস্থ্য মন্ত্রী, অথবা এখানকার মেম্বার যারা তারা বলতে পারবেন? আমার আগে আনিসুর সাহেবও বলেছেন। আমি খুব ক্লিয়ার করে বলতে চাইছি, একজন কে অপরাধ করেছিল তার জন্য তিনি এখানে ডিফেন্স করতে পারলেন। কিন্তু আমি জানতে চাইছি, বাঙ্গুরের সুপার ডাঃ গড়াই আজকে কোথায় আছেন? তাঁর মত একজন নামকরা ডাক্তার, এস পি গড়াই, তাঁর মত একজন নামকরা ডাক্তার তাঁকে জোর করে তাড়িয়ে দিলেন *** যিনি মাননীয়া মুখ্যমন্ত্রী।

*** অধ্যক্ষের আদেশানুক্রমে বাদ দেওয়া হল।

মিঃ স্পীকার : ওনার নামটা বাদ যাবে।

শ্রী অসিত মিত্র : কারণ তখন তিনি চিকিৎসা করছিলেন, অপারেশান থিয়েটারে ছিলেন, সম্মান জানাতে পারেননি। তাই তাঁকে তাড়িয়ে দেওয়া হল। এটা কি সঠিক? উত্তর দেবেন? কার কাছে উত্তর পাবো? আমি আপনাদের কাছে জানতে চাইছি। ফেয়ার প্রাইস শপের কথা উনি বলছিলেন। ফেয়ার প্রাইস শপের ব্যাপারে আমি একটা কথা আপনাদের কাছে। বলি। ফেয়ার প্রাইস শপে যে দামে বিক্রি হয় তার থেকে অন্য জায়গায় ওষুধ অনেক কম দামে বিক্রি হয়। আমি নামকরা ওষুধের কোম্পানির কথা বলছি। Lupine, Alen, Cipla, Sun Pharmaceutical, Alistrol - এই সমস্ত কোম্পানির ওষুধগুলো সেখানে বেশি দামে বিক্রি হয়, সেখানে পাওয়া যায় না। স্যার, আজকে খবরের কাগজে একটা খবর আছে। তাতে বলা হয়েছে, সরকারী হাসপাতালের হাল কবে ফিরবে। এটাই প্রশ্ন। কবেকার খবর? আজ থেকে সাত দিন আগেকার খবর নয়, আজ থেকে দু মাস আগেকার নয়, আজকের খবর, ' আনন্দবাজার পত্রিকা ' লিখেছে। আজকের খবর। (নয়েজ) মঙ্গলবার সকালে সল্টলেকের এক হাসপাতালে লিভারের গুরুতর অসুখ নিয়ে একজন গিয়েছেন। কোথাও কোনো সরকারী হাসপাতালে জায়গা পান নি। শেষ পর্যন্ত তিনি বেসরকারী হাসপাতালে গেলেন। তারাও তাঁকে গ্রহণ করতে চায়নি। মৃত্যুর মুখে তিনি পড়ে আছেন। গত কয়েকদিন ধরে একটি বিপদ হয়ে গেছে। মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমি একটি বিষয়ে ধন্যবাদ জানাই। তিনি বেসরকারী হাসপাতালগুলোর বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন, বিল এনেছেন। আমরা সেদিন আশঙ্কা করেছিলাম যে অল্টারনেটিভ ইনফ্রাস্ট্রাকচার না থাকলে মানুষ বাধ্য হবেন যেতে। গ্রামের মানুষ তো অনেকে আসেন, শহরের মানুষও আসেন, তাঁরা কি করবেন, কোথায় যাবেন। সুদর্শনবাবুরা তো জানেন। আপনি মহিষাদলের কথা বলছিলেন। সেখানে যদি উপযুক্ত সংখ্যক ডাক্তার না থাকে তাহলে মানুষগুলো কোথায় যাবে। আজকে একটা প্রাইমারি হেল্থ সেন্টারের নাম বলুন যে প্রাইমারি হেল্থ সেন্টারে রেগুলার ডাক্তার যাচ্ছেন। একটা প্রাইমারি হেল্থ সেন্টারের নাম বলুন। বহরমপুর হাসপাতালের কি অবস্থা। এখানে আছেন আমাদের মনোজবাবু। আমি আপনাকে জানাচ্ছি, আজকে মিটিং ডাকা হয়েছে। আজকে স্বাস্থ্য বাজেট। উনি চিফ হুইপ উনি এখানে আছেন। উনি বারণ করেছিলেন আজকে মিটিং ডাকবেন না। তা সত্ত্বেও মিটিং ডাকা হয়েছে। এর আগে অন্যদিন মিটিং ডাকা হত। কিভাবে স্বাস্থ্য ব্যবস্থা চলছে সেটা বুঝতে পারছেন তো। রোগী কল্যাণ সমিতির প্রেসিডেন্ট, এখানে তো আমরা নেই, অন্যরা আছেন। সরকারী হাসপাতালে তাঁরা কিভাবে পরিচালনা করছেন সেটা আপনি দেখবেন। আবার আমি একটা খবর পড়ছি - 'ভয়ে কাঁটা, বহু ডাক্তার ছুটিতে, লাটে চিকিৎসা। আবার বলছি চিকিৎসা লাটে উঠে গেছে। কাগজ বলছে, চিকিৎসা লাটে উঠে গেছে।

[5:10 – 5:20 p.m.]

আমি আবার আপনাদের কাছে বলছি, ইনফ্রাস্ট্রাকচার তৈরি না করে যদি আমরা কোন কিছু করতে যায় তাহলে চরম বিপদ হবে। আপনারা বলছেন আপনারা সুপার স্পেশালিটি হাসপাতাল করেছেন। করেছেন, ভালো করেছেন। আমি তার জন্য, আপনাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু আমি বলতে চাইছি এই সুপার স্পেশালিটি হাসপাতালের জন্য টাকা দিয়েছিল কে? আপনারা বলছেন এই সুপার স্পেশালিটি হাসপাতাল তৈরির জন্য আমরা মমতা বন্দোপাধ্যায়কে ধন্যবাদ জানাই। ধন্যবাদ আমিও জানাবো। সুপার স্পেশালিটি হাসপাতাল তৈরি করার জন্য টাকা দিয়েছিলেন যিনি তিনি আজকে ভারতবর্ষের রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়। তিনি দিয়েছিলেন টাকা কেন দিয়েছিলেন? তাঁর কাছে অ্যাপিল করা হয়েছিল, আমি সুপার স্পেশালিটি

হাসপাতাল তৈরী করতে চাই। তার জন্য তিনি ৮,৭৫০ কোটি টাকা দিয়েছিলেন। আমি চ্যালেঞ্জ নিয়ে এই কথা বলছি। এই টাকাতেই সুপার স্পেশালিটি হাসপাতালগুলো হয়েছিল। আর আপনারা বলছেন আপনারা সব কিছু করেছেন। আমি আপনাদের কাছে বলছি, পি.জি-তে একটা এম.আর.আই আছে এবং একটা পি.পি.পি মডেলে আছে। গত বছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা হয়েছিল, তার গ্রেডেশান কিন্তু হয়নি। ফলে সেখানে সকলে একটা দূর্নীতির গন্ধ পাচ্ছে। সি.বি.আই এনকোয়ারিতো এখানেও করতে হবে। গত পাঁচ বছর ধরে আমাদের এখানে চারিদিকে তৃণমূলের লোকেরা হাসপাতালগুলোকে গ্রাস করার চেষ্টা করেছে, তার কোন তুলনা নেই। আজকে চারিদিকে ডাক্তারের অভাব, ডাক্তারের অভাব, ডাক্তারের অভাব। আজকে ডাক্তার নেই। (এই সময় লালবাতি জ্বলে ওঠে) আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ভাটোরা হেলথ সেন্টার এবং মানকুর হেলথ সেন্টারে ডাক্তারের অভাব রয়েছে। সমস্ত জায়গায় আজকে ডাক্তারের অভাব। তারপরেও যদি আমাকে মালা দিতে হয় ও যদি বলতে হয় আলো খুব জোর জ্বলছে এবং লাল আলোর থেকেও বেশী জোর জ্বলছে। আপনারা একটা আলো পরিয়েছেন ঠিকই, তবে সে আলো বাসের আলো নয়, সেটা গরুর গাড়ির হেড লাইট। আপনারা যে সুপার স্পেশালিটি হাসপাতালগুলো করেছেন সেটার অবস্থা আজকে গরুর গাড়ির হেড লাইটের মতন। আজকে সেখানে কোন ডাক্তার নেই, কোন ইনফ্রাস্ট্রাকচার নেই। এই হয়েছে আপনাদের সুপার স্পেশালিটি হাসপাতালগুলোর অবস্থা।..... .... (এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

ডাঃ শশী পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই এই ডিমান্ড নম্বর ২৪ -এর পক্ষ থেকে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী যেটা উপস্থাপনা করেছেন, এই বক্তব্যের পক্ষে এবং বিপক্ষে বলেছেন শ্রীমতী ফিরোজা বেগম, ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার, শ্রী আব্দুর রেজ্জাক, শ্রীমতী বৈশালী ডালমিয়া, শ্রী আনিসুর রহমান, শ্রী শ্রীকান্ত মাহাতো, শ্রী অসিত মিত্র তাঁদের সকলকে অভিনন্দন জানাচ্ছি। আমি খেয়াল করছিলাম বিরোধী পক্ষের থেকে যাঁরা বক্তব্য রাখছিলেন একমাত্র অসিতদাকে বাদ দিয়ে বাঁকি তিনজনই কিন্তু মুর্শিদাবাদ জেলার। আমি জানিনা এর পিছনে কি উদ্দেশ্য থাকতে পারে। দ্বিতীয়তঃ এত সুন্দরভাবে এই বাজেট বইটা তৈরি করা হয়েছে, খুব সুন্দরভাবে একটা বার্ডস আই ভিউ দিয়ে এবং যেখানে ডিটেইলস প্রয়োজন সেটা অন্তর্ভুক্ত করা হয়েছে। খুব সরলভাবে এটা বলা হয়েছে। আপনারা যদি মনে করেন গলার আওয়াজটাই জোর, তাহলে আপনারা চিল্লান। কিন্তু এখানে নিঃশব্দে পশ্চিমবাংলায় স্বাস্থ্য ক্ষেত্রে একটা বিপ্লব ঘটছে। সেটা আপনারা অস্বীকার করে, এই উন্নয়নের বিরুদ্ধে বলে গেলেন, সেটা আশা করি আপনারা মাথায় রাখবেন। বাজেটের বিরুদ্ধে যখন বক্তব্য রাখছেন, বাজেটকে সমর্থন করছেন না অথাৎ এতগুলো যে উন্নয়ন হয়েছে, এতগুলো যে হাসপাতাল হয়েছে, এতগুলো যে মেডিকেল কলেজ হয়েছে, এত উন্নয়ন আপনারা দেখতে পেলেন না। মানুষের কাছে আপনারা এর কি জবাব দেবেন সেটা আপনারা ভেবে দেখবেন।

দ্বিতীয়ত অসিতদাই লাস্টে বলছিলেন, আমি আশ্চর্য হয়ে যাই আপনার বক্তব্য কি কাগজের উপরে বেস করে বলবেন? না আপনি বাস্তবটা নিজে হাসপাতালে যাবেন, হাসপাতালের পরিষেবাগুলো ব্যবহার করার চেষ্টা করবেন। আমি কিন্তু newspaper report-এর উপর বলতে পারি না, newspaper report-এর উপর আরও কিছু ভাল হয়। যাইহোক স্যার, আমি বলি যে ভরসাটা হয়তো আপনারা রাখছেন না বিরোধিতা করলে। কিন্তু বাংলার জনগণ যে কতটা ভরসা রাখছে,সেটা outdoorএর attendance এটা বইতে নেই। বলে দিই আমি - এটা outdoorএ যে attendance রয়েছে -আমি যদি ২০১০ এবং ২০১৫ সালের figureটা compare করি তাতে কিন্তু বাংলার স্বাস্থ্য পরিষেবা ঘুরে দাঁড়িয়েছে, মানুষের ভরসার জায়গা তৈরি হয়েছে তা প্রমাণ

পায়। স্যার, tertiary ক্ষেত্রে অর্থাৎ শহরাঞ্চলের ব্যাপারটা যদি আপনাকে বলি, তাহলে ২০১০ সালে ৫৩ লক্ষ মানুষ আসতেন outdoorএ এবং IPD মানে indoor ভর্তি হয়েছিলেন এরকম ৬ লক্ষ ৮ হাজার মানুষ। আর ২০১৫ সালে এখনও ২০১৬-১৭ ঢোকেনি, কিন্তু এটা খুব important এই জন্য - যে ২০১৫ সালের পরেই কিন্তু free drug policy এবং free treatment policy ঘোষণা হয়েছে। স্বাভাবিকভাবেই আমরা ২০১৬র ফিগারটা তুলব, আপনারা দেখবেন অনেক সংখ্যা বেড়েছে। তবুও ২০১৫ সালে ৫৩ কোটি যেটা ২০১০ সালে ছিল,সেটা tertiary level ৮৮ লক্ষ, ৮৮.২১ লক্ষ মানুষ outdoorএ দেখাতে আসেন। আসনে indoor patient হিসাবে ভর্তি হতে,যেখানে ৬ লক্ষ ছিল ২০১০এ - সেখানে ১০ লক্ষ ৫৭ হাজার মানুষ এসেছিলেন ২০১৫ সালে। secondary tier যদি বলি, সেখানে ২০১০ সালে ১৪২ লক্ষ প্লাস মানুষ outdoorএ দেখাতেন। ২০১৫ সালে সেটা গিয়ে দাঁড়ায় ১৭০ প্লাস লক্ষ মানুষ। IPDতে ভর্তি হয়েছিলেন ২০ লক্ষ মানুষ plus। আর ২০১৫ সালে ভর্তি হলেন ২৬ plus লক্ষ মানুষ। অর্থাৎ তরতর করে বেড়ে যাচ্ছে এই সংখ্যা। ২০১৬ সালে, তারপর free drug treatment policy আরম্ভ হয়। ২০১৬র ডিসেম্বরে diagnostics অবধি ফ্রি, decentralize, ডিজিটাল x-ray ইত্যাদি। ধরা পড়েছে উপচে পড়া ভিড় - এটা আপনারা অস্বীকার কি করে করলেন আমি জানি না। বাম আমলে যেখানে তফাৎটা হচ্ছে এবং যে তফাৎটা এখানে হয়েছে, সেটা হচ্ছে এখানে decentralization। শহর কেন্দ্রিক পরিষেবা আর পাবেন না,এখানে রাজ্যের decentralization of health services হয়েছে। প্রান্তিক মানুষের কাছে পৌঁছে যাচ্ছে,অ্যাকসেসটা এসেছে। আপনাদের তো বুঝতে হবে। পৌঁছানোর ক্ষেত্রে আমার আগে যারা বক্তব্য রেখেছেন - রাস্তাঘাট ইত্যাদি সমস্ত ব্যবস্থা। কিন্তু তার সঙ্গে এইটা বলা বাহুল্য এটা শহরকেন্দ্রিক পরিষেবা নয়,একদম গ্রামস্তরে - আপনি যদি একটা critical care unitএর কথা বলে,একটা HDUর কথা বলেন - সারা ভারতবর্ষে একমাত্র পশ্চিমবাংলায় একটা CCU এবং HDU, secondary level অথাৎ SDH লেবেল অথবা রুরাল হাসপাতালে আছে - এই সফলতাকে আপনারা অস্বীকার করবেন না। তাহলে কিন্তু আপনাদের অপরাধ হয়ে যাবে। আপনাদের কেউ এটা বললেন না,আপনারা এই বিষয়টাকে অত তাচ্ছিল্য করলেন। যে আজকে আমাদের সমাজের কিছু সুচক আছে স্বাস্থ্যের ক্ষেত্রে - অবশ্যই আসে MMR (maternal mortality rate), IMR (infant mortality rate), TFR (total fertility rate) আপনারা একবারও দেখলেন না সারা ভারতবর্ষের যে national average রয়েছে তার থেকে কত ভাল রয়েছে পশ্চিমবাংলা। গর্বিত হবেন তো? MMR,national average. IMR, infant mortality rate রয়েছে ১৬৭, সেখানে এই রাজ্যে ২০০৭-০৯ সালে যেটা ছিল ১৪৫,সেটা গিয়ে চলে এসেছে ১১৩ আমাদের এখানে - ২০১১ থেকে ২০১৩র মধ্যের বললাম।আর infant mortality rate ৩২টি ছিল ২০১১ সালে, সেটা এখন চলে এসেছে ২৬। আশা করি আপনারা বুঝতে পারছেন infant mortality rateএর মানেটা কি। এবং সেটা এখন ২৬ সংখ্যায় চলে এসেছে। ২০১৫ সালে national average যেখানে ৩৭। তাহলে এইগুলো অস্বীকার করবেন ? total mortality rate আপনাদের পক্ষে হয়'তো বুঝতে একটু অসুবিধা হতে পারে। আমরা ডাক্তার আমরা এটা বুঝতে পারি এবং এইখানে সারা ভারতবর্ষে পশ্চিমবাংলা এগিয়ে রয়েছে, কারণ lowest TFR রয়েছে আমাদের পশ্চিমবঙ্গ 1.6। অর্থাৎ একটা বাচ্চা বেঁচে থাকা, মা ভাল থাকা তার মধ্যে চলে আসে, family welfare service চলে আসে,spacing between চলে আছে, contraception চলে আসে, immunisation চলে আসে।

[5:20 – 5:30 p.m.]

ভাল খাদ্য চলে আসে, তাতে বাচ্চারা বেঁচে থাকছে। এই বাচ্চারা বেঁচে থাকলেই আর বাচ্চা চাওয়া চাওয়ির ব্যাপার থাকে না। তাই জন্য ফার্টিলিটি রেটটা কমে এবং এটা আপনারা

একদমই বললেন না। আজকে আমরা ধন্যবাদ জানাব 'আশা' এবং 'আই সি ডি এস' কর্মীদের, কারণ আজকে তাদের উৎসাহ এবং তাদের কাজের জন্যই আমাদের আই এম আর কোথাও না কোথাও অবশ্যই কমেছে। ইনস্টিটিউশন্যালাইজেশন অফ ডেলিভারি- ৬৫% থেকে ৯২%। মায়েরা এখন একটা হাসপাতালে কিংবা একটা গভর্নমেন্ট হেলথ ফেসিলিটিতে যাচ্ছেন ডেলিভারির জন্য। সিক নিওনেটাল ইউনিট -২০১১-র আগে কত ছিল? ৬ টা ছিল। এখন ১০ গুণ হয়েছে। ৬২ টা হয়েছে এস এন সি ইউ - বলবেন না? এস এন এস ইউ - ছিলই না ২০১১ -র আগে, কনসেপ্টই ছিল না। বড় বড় কথা সকলেই বলেন, কে কাকে তাড়িয়েছেন, কে রাজ্যের বাইরে চলে গেছেন। এস এন সি ইউ ছিল না। আনিসুরবাবু বলছিলেন, যদি আমি ভুল করে থাকি, আপনি তো প্রাক্তন মন্ত্রী, আপনি আপনার আমলে কোন এন এন সি ইউ করলেন না, কোন মেডিকেল কলেজও করলেন না। কিন্তু ওখানে এস এন সি ইউ রয়েছে, ওনার এলাকায় মুর্শিদাবাদে মেডিকেল কলেজও রয়েছে, এই আমলে হয়েছে। ডোমকলেতে নতুন একটা ব্লাড ব্যাঙ্ক হতে চলেছে, বললেন না। কিন্তু যেটা এড়িয়ে গেলেন সেটা ছিল এই যে তার আমলে একটা বি পি এইচ সি ছিল, সেটাকে আপগ্রেড করলেন অনলি মেইল। আপগ্রেড করলেন টু এস ডি এইচ। কিন্তু তারপরেও ২০০৫ থেকে ২০১১ যতদিন ছিলেন, একটা চুলও নড়ল না, একটা ইটও পড়ল না। তারপরে মমতা বন্দোপাধ্যায় এসে সেই কাজটা করছেন। সুতরাং নাম কা ওয়াস্তে আপনারা অনেক ডেভেলপমেন্টের কথা ক্লেম করেন, কিছু হয় নি, আপনাদের ব্লাড ব্যাঙ্কটাও আমরা করে দেব। এবারে আসি বেড বৃদ্ধি। ২৭ হাজার বেড, মানে ওয়ান থার্ড অফ্ ইটস্ এক্সিস্টিং স্ট্রেংথ থেকে বেড়ে ২৭ হাজার আরও বাড়িয়েছে। এটাও আপনারা মিস করে গেলেন, বলতে চাইলেন না। ম্যানপাওয়ার, ম্যানপাওয়ার নিয়ে খুব চেঁচালেন। ম্যানপাওয়ার নিয়েও বলি, আমাদের দুটো লেভেলে ডাক্তাররা আসে। এক হচ্ছে মেডিকেল অফিসার লেভেলে, তাদের একটা পয়েন্ট অফ এন্ট্রি ইনটু হেলথ সার্ভিসেস আসে, আর একটা যদি স্পেশ্যালিস্ট লেভেলে আসে। বিগত দিনগুলিতে কি হত? এই দুটো লেভেলে হত এন্ট্রি? মেডিকেল অফিসারই হোক, সুপার স্পেশ্যালিস্ট হোক, সে ঢুকত কী ভাবে কিংবা আসার চেষ্টা করত? পি এস সি-র মাধ্যমে। কবে পরীক্ষা হবে, কবে রেজাল্ট বেরোবে, একটা লম্বা পরিকল্পনা, আর একটা লম্বা জার্নি। এখন কি হয়েছে? বলবেন তো, স্বীকার করতে হবে তো? এইচ আর বি তৈরি হয়েছে। এইচ আর বি -র পরে মেডিকেল অফিসারদের নেওয়া হচ্ছে এবং স্পেশ্যালিস্টদের নেওয়া হচ্ছে। বললেন না। এই রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী কি করলেন? বইতেই রয়েছে। এভরিথিং ইজ দেয়ার। রিক্রুটমেন্ট রুলসটাকে তিনি রিল্যাক্স করেছেন। যেটা করলে মেডিকেল অফিসার, যারা ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিসেস এবং ওয়েস্ট বেঙ্গল পাবলিক হেলথ অ্যাডমিনিস্ট্রেটিভে আছেন, আসলে কি হবে জানেন তো? আপনি যদি আমাকে হেনস্থা করার চেষ্টা করেন এই এতটা নলেজ আপনারা ডিপ্রাইভ হয়ে যাবেন। আপনিও ডিপ্রাইভ হবেন, আর পাঁচ জনও ডিপ্রাইভ হয়ে যাবেন। ৬২ থেকে ৬৫ বছর যেটা তিনি করলেন, এটা আপনারা পুরো চেপে গেলেন। আরেকটা খুব ইমপর্টগন্ট, খুব রিসেন্টলি অক্টোবর ২০১৬ -এ যেটা হয়েছে, রিক্রুটমেন্ট রুলস রিগার্ডিং মেডিকেল অফিসার, সেটাও কিন্তু রিল্যাক্স করা হয়েছে। অর্থাৎ আপনারা দেখুন, আপনি জয়েন্ট এন্ট্রান্স নিয়ে বলেছিলেন, এখন 'নিট' হয়ে গেছে। এই 'নিট'-এর মধ্যে আপনি দেখবেন একটা কোটা রয়েছে। একটা সেন্ট্রাল গভর্নমেন্ট কোটা আছে, একটা আমাদের রাজ্যে পড়বে সেই কোটাটা আছে। ৮৫% ওখানে, আর ১৫% এখানে। বাংলার কিছু সন্তান, বঙ্গ সন্তান কিন্তু বাইরে চলে যাচ্ছেন। সিট পাচ্ছেন, পড়াশোনা করতে। কিন্তু সে যদি ফিরতে চান, ফেরার রাস্তা ছিল না, বন্ধ ছিল, মমতা বন্দোপাধ্যায় সেই রাস্তাটা খুলে দিয়েছেন। রিক্রুটমেন্ট রিল্যাক্স করে দিয়েছেন, রুলসটা রিল্যাক্স করে দিয়ে আজকে জি ডি এম ও ইত্যাদি ডাক্তারদের প্রবেশের জায়গা তিনি

তৈরি করে দিয়েছেন। এটা তো সত্যিই। আজকে যে জন্মাবে সে তো আর ডাক্তার হবে না। সি নীডস এ প্রসেস, কিন্তু তার কাঠামোটা তো রেডি করতে হবে। যদি বাম আমলে কাঠামোটা রেডি করে দিত, তাহলে এতদিনে আমরাও ডাক্তারটা পেয়ে যেতাম। এই বাম আমলের সময়ে যদি বলি এবং তার আগেও তারা দোষারোপ করছিলেন, ৩০ বছরের আগে সরকার ইত্যাদি ছিল, তাহলে মেডিকেল কলেজেরই কথা বলি, কারণ ডাক্তাররা তো আর রাতারাতি তৈরি হবেন না। মেডিকেল কলেজ ১৯৬৯ -এর আগে যদি বলি, তখন সাতটা মেডিকেল কলেজ ছিল, হাসপাতাল ছিল। ১৯৬৯ থেকে ১৯৭২ - এর মধ্যে নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ যুক্ত হল। তারপর ১৯৭৭ -এর পরে যারা আত্ম ক্লেম করলেন, সিমেন্ট, বেড, চাদর ইত্যাদি সমস্ত বললেন, তারা কি করলেন? দুটো মেডিকেল কলেজ খুললেন।

আর একটা প্রিমিয়ার ইন্সিটিটিউশন যেটা আছে সেখানে আণ্ডার গ্রাজুয়েট কোর্স ইন্ট্রোডিউস করলেন। '৭২ থেকে ২০১১ এত বছরের মধ্যে তারা দু'টো মেডিক্যাল কলেজ করলেন। আর এস.এস.কে.এম-এ আণ্ডার গ্রাজুয়েট পড়ার জন্যে ৫০টি সিট করলেন। আর এই সরকার ২০১১ র পরে বইতে লেখা আছে, কত মেডিক্যাল কলেজ করেছে? চারটে গভর্নমেন্ট করেছে। তিনটে প্রাইভেট করেছে। হাততালি দেবেন কি দেবেন না, বলুন। ডাক্তার তৈরি হবে কি হবে না, বলুন। এই ভাবে কিন্তু ডাক্তার তৈরি করা যায়। যদি আপনি মেডিক্যাল কলেজ তৈরি করেন তবে না হবে। এবং সেই মানগুলো রয়েছে। ফলে কি হয়েছে? ১৩৪৫টি যে সিট ছিল এম.বি.বি.এস এবং ডেন্টালে সেটা ইনক্রিস করে মমতা বন্দ্যোপাধ্যায় করে দিয়েছেন ৩১৫০। আগামী দিনে আরও পাঁচটি মেডিক্যাল কলেজ খুলতে চলেছে। তার নামগুলো আপনারা জানেন- ডায়মন্ডহারবারে হবে, পুরুলিয়াতে হবে, রামপুরহাটে হবে, কুচবিহারে হবে, উত্তর দিনাজপুরে হবে। তার সাথে সাথে অবশ্যই সিটটাও বাড়বে। এবার যেমন বললাম, স্পেশালিস্ট-এর কথা। এই স্পেশালিস্ট-এর নিয়োগেরও ক্ষেত্রে যেহেতু আমরা CCO, HDO করেছি। আমরা প্রত্যন্ত গ্রাম অবধি পৌঁছে যাচ্ছি। সাব ডিভিশনাল ডিস্ট্রিক্ট হসপিটাল অবধি পৌঁছে যাচ্ছি ইত্যাদি। তাহলে স্পেশালিস্ট প্রয়োজন, SSHO প্রয়োজন। সেখানে দু'টি রাস্তা তৈরি করা হচ্ছে। স্পেশালিস্ট-দের নিয়োগের ক্ষেত্রে যদি ইচ্ছা প্রকাশ করে, সরলীকরণ করে HRV এর মাধ্যমে নেওয়া এবং দ্বিতীয়তঃ যেটা ডাঃ ঘোষদস্তিদার কিছুটা হলেও টাচ করেছিলেন, ডিপ্লোমা ন্যাশনাল বোর্ড আমরা জানি, দশটা ডিস্ট্রিক্ট হসপিটালে এবং এই model has been appreciated all over the country যে, একটা ডি.এন.ডি কোর্স চালু করা একটা ডিস্ট্রিক্ট হসপিটালে, এগুলো সাধারণতঃ টার্সিয়ারি সেট আপে হয়। ডিস্ট্রিক্ট হসপিটালে তৈরি করে পাঁচটা ডিসিপ্লিনের মাধ্যমে ৮০টি সিট, ৮০টি ডাক্তার তৈরি হয়েছে স্যার। এটা যে কত ইমপর্ট্যান্ট। নার্সিং-এর কথা বললেন। নার্সিং-এর ক্ষেত্রেও বলে দিই যে, আবারও বলি যে, ২০১১ র আগে ৮৫০টি সিট ছিল। যারা পড়তে ইচ্ছুক, নার্স হতে ইচ্ছুক ছিলেন। তারপরে ২০১১ থেকে ২০১৬ এবং এখন বর্তমান মমতা বন্দ্যোপাধ্যায় ৯৬০টি সিট করে দিয়েছেন। তাহলে টোটাল সিট এখন দাঁড়াচ্ছে ২১৭৫। এতগুলো নতুন কলেজেস তৈরি হয়েছে এবং ট্রেনিং স্কুলস তৈরি হয়েছে এবং আরও পাঁচটা আগামী দিনে তৈরি হবে। তাহলে স্যার, এই ব্যাপারটা দাঁড়াল যে, SNCU যে ভাবে স্কেল-আপ করা হয়েছে আমাদের রাজ্যে সেটা অন্যত্র কোথাও দেখবেন না। তাহলে আমার শুধু এইটুকু বলার ছিল, একটু বলে দিই স্যার, যেহেতু মুর্শিদাবাদে মেজর স্পীকার ছিল যে, মুর্শিদাবাদ ডিস্ট্রিক্টে কি কি হয়েছিল? মুর্শিদাবাদ ডিস্ট্রিক্টে একটা মেডিক্যাল কলেজ তৈরি হয়েছে। SNCU ছ'টা তৈরি হয়েছে। ডোমকলে, লালবাগে, কান্দীতে, জঙ্গিপুর মেডিক্যাল কলেজে দু'টো।। মুর্শিদাবাদ জেলাতে CCO, HDO তৈরি হয়েছে জঙ্গিপুর হাসপাতালে, মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজে, কাঁন্দীতে। সুপারস্পেশালিটি

হাসপাতাল তৈরি হয়েছে মুর্শিদাবাদের সাগরদীঘিতে, জঙ্গিপুরে, ডোমকলে। ব্লাড ব্যাঙ্ক তৈরি হয়েছে বহরমপুর মেডিক্যাল কলেজে এবং জঙ্গিপুর সাব-ডিভিশনাল হোর্সপিটালে, কান্দী, লালবাগ এবং আর একটা নতুন স্টার্ট হবে ডোমকলে। মুর্শিদাবাদেই এত হয়েছে স্যার। মুর্শিদাবাদের বিধায়কগণ আমাদের এই প্রস্তাবটিকে সমর্থন করুন। সবাইকে অনুরোধ করি, এই স্বাস্থ্য বাজেটটাকে সাপোর্ট করবেন। উন্নতি হচ্ছে, মানুষ উপকৃত হচ্ছেন, মানুষের উপকারের জায়গা তৈরি হয়েছে। স্বচ্ছতা আনা হচ্ছে। সকলকে যাঁরা বক্তব্য রেখেছেন, তাদের সবাইকে ধন্যবাদ জানাই। মমতা বন্দ্যোপাধ্যায়কে শ্রদ্ধা এবং নমস্কার জানাই। সকলে ভালো থাকুন, সকলে সুস্থ থাকুন। নমস্কার।

Mr. Speaker: Now I put to vote the cut motion (no. 1) that the amount of the demand be reduced to Re. 1 and the cut motion (nos. 2,3,4 &5) that the amount of the demand be reduced by Rs. 100. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Noes have it. Noes have it.

The cut motions are lost.

Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 7604,11,19,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads: "2051-Public Service Commission, 2210-Medical and Public Health, 2211-Family Welfare, 2236-Nutrition, 2250-Other Social Services, 2251-Secretariat-Social Services, 2515-Other Rural Development Programmes, 2551-Hill Areas, 4210 Capital Outlay on Medical and Public Health and 6210-Loans for Medical and Public Health" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 24 is passed; the Demand No. 24 is passed.

(Guillotine fell at 5:30 p.m.)

DEMAND No.1

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹82,62,66,000 be granted for expenditure under Demand No. 1, Major Heads: "2011—State Legislatures, 2059—Public Works and 4059—Capital Outlay on Public Works" during the year 2017-2018.

The Demand No. 1 is passed.

DEMAND No.3

Now, I put to vote the motion of

Dr. AMIT MITRA that a sum of ₹35,42,16,000 be granted for expenditure under Demand No. 3, Major Head: "2013—Council of Ministers" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 3 is passed.

DEMAND No.4

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA moved that a sum of ₹319,24,34,000 be granted for expenditure under Demand No. 4, Major Heads: "2401—Crop Husbandry, 24084—Food, Storage and Warehousing, 2435—Other Agricultural Programmes, 3451—Secretariat Economic Services, 4401—Capital Outlay on Crop Husbandry and 4435—Capital Outlay on Other Agricultural Programmes" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 4 is passed.

DEMAND No.5

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹2662,37,38,000 be granted for expenditure under Demand No. 5, Major Heads: "2235—Social Security and Welfare, 2236—Nutrition, 2401—Crop Husbandry, 2402—Soil and Water Conservation, 2415—Agricultural Research and Education, 2551—Hill Areas, 2851–Village and Small Industries, 3451—Secretariat-Economic Services, 4401–Capital Outlay on Crop Husbandry, 4415—Capital Outlay on Agricultural Research and Education and 4851–Capital Outlay on Village and Small Industries " during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 5 is passed.

DEMAND No.6

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹1058,38,57,000 be granted for expenditure under Demand No. 6, Major Heads: "2235—Social Security and Welfare, 2401—Crop Husbandry, 2403—Animal Husbandry, 2404—Dairy—Development, 2415—Agricultural Research and Education, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 3451—Secretariat-Economic Services, 4403—Capital Outlay on Animal Husbandry and 4404—Capital Outlay on Dairy Development" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 6 is passed.

DEMAND No.7

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹846,04,42,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads: "2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities, 2251—Secretariat Social Services and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 7 is passed.

DEMAND No.8

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹391,04,62,000 be granted for expenditure under Demand No. 8, Major Heads: "2216—Housing, 2250—Other Social Services, 2401–Crop Husbandry, 2404—Dairy Development, 2425—Co-operation, 2515—Other Rural Development Programmes, 3451—Secretariat-Economic Services, 4216–Capital Outlay on Housing, 4250—Capital Outlay on Other Social Services, 4425—Capital Outlay on Co-operation, 6250—Loans for Other Social Services and 6425—Loans for Co-operation" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 8 is passed.

DEMAND No.10

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹98,56,53,000 be granted for expenditure under Demand No. 10, Major Heads: "2052—Secretariat-General Services, 3456—Civil Supplies and 3475—Other General Economic Services" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 10 is passed.

DEMAND No.11

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹1065,55,61,000 be granted for expenditure under Demand No. 11, Major Heads: "2401–Crop Husbandry, 2551—Hill Areas, 2851–Village and Small Industries, 3451—Secretariat Economic Services, 4851—Capital Outlay on Village and Small Industries, 6851—Loans for Village and Small Industries and 6860—Loans for Consumer Industries" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 11 is passed.

DEMAND No.14

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹299,97,42,000 be granted for expenditure under Demand No. 14, Major Heads: "2202—General Education, 2205-Art and Culture, 2235Social Security and Welfare, 2251-Secretariat-Social Services, 2515 Other Rural Development Programmes, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture and 4235—Capital Outlay on Social Security and Welfare" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 14 is passed.

DEMAND No. 16

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹68,54,17,000 be granted for 'expenditure under Demand No. 16, Major Heads: "2215—Water Supply and Sanitation, 2251—Secretariat-Social Services, 3425—Other Scientific Research and 3435—Ecology & Environment" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 16 is passed.

DEMAND No.18

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹17262,45,95,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads: "2014—Administration of Justice, 2020—Collection of Taxes on Income and Expenditure, 2029—Land Revenue, 2030—Stamps and Registration, 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions, 2039—State Excise, 2040—Taxes on Sales, Trades etc., 2045—Other Taxes and Duties on Commodities and Services, 2047—Other Fiscal Services, 2052—Secretariat-General Services, 2054—Treasury and Accounts Administration, 2058—Stationery and Printing, 2059—Public Works, 2070—Other Administrative Services, 2071—Pensions and Other Retirement Benefits, 2075—Miscellaneous General Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 3454—Census, Surveys and Statistics, 3475—Other General Economic Services, 4059—Capital Outlay on Public Works, 4216—Capital Outlay on Housing, 4885—Other Capital Outlay on Industries and Minerals, 5465—Investments in General Financial and Trading Institutions and 7610—Loans to Government Servants etc." during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 18 is passed.

DEMAND No.19

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA moved that a sum of ₹337,16,98,000 be granted for expenditure under Demand No. 19, Major Heads: "2052—Secretariat-General Services, 2059—Public Works, 2070—Other Administrative Services and 4070—Capital Outlay on Other Administrative Services" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 19 is passed.

DEMAND No. 20

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹385,19,43,000 be granted for expenditure under Demand No. 20, Major Heads: "2235—Social Security and Welfare, 2401—Crop Husbandry, 2405—Fisheries, 2415—Agricultural Research and Education, 2515—Other Rural Development Programmes, 2551—Hill Areas, 3451—Secretariat-Economic Services, 4401–Capital Outlay on Crop Husbandry, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries" during the year 2017-2018,

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 20 is passed.

DEMAND No. 22

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹173,88,23,000 be granted for expenditure under Demand No. 22, Major Heads: "2401—Crop Husbandry, 2408—Food, Storage and Warehousing, 2551—Hill Areas, 2851–Village and Small Industries, 2852—Industries, 3451—Secretariat-Economic Services and 4401–Capital Outlay on Crop Husbandry" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 22 is passed.

DEMAND No. 23

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹746,93,33,000 be granted for expenditure under Demand No. 23, Major Heads: "2401–Crop Husbandry, 2402—Soil and Water Conservation, 2406—Forestry and Wild Life, 2415—Agricultural Research and Education, 2551—Hill Areas, 3451—Secretariat Economic Services, 4406—Capital Outlay on Forestry and Wild Life and 4702—Capital Outlay on Minor Irrigation" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 23 is passed.

DEMAND No. 28

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹1023,28,60,000 be granted for expenditure under Demand No. 28, Major Heads: "2216—Housing, 2251— Secretariat-Social Services, 2852—Industries, 4210—Capital Outlay on Medical and Public Health, 4216—Capital Outlay on Housing and 5452—Capital Outlay on Tourism" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 28 is passed.

DEMAND No. 30

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹484,55,25,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads: "2059—Public Works, 2202—General Education, 2205—Art and Culture, 2220—Information and Publicity, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat—Social Services, 4059—Capital Outlay on Public Works, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture, 4220—Capital Outlay on Information and Publicity, 6220—Loans for Information and Publicity and 6875—Loans for Other Industries" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 30 is passed.

DEMAND No. 31

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹201,53,57,000 be granted for expenditure under Demand No. 31, Major Heads: "2251—Secretariat Social Services, 4070—Capital Outlay on Other Administrative Services and 4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it,

The Demand No. 31 is passed.

DEMAND No. 32

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹2984,50,35,000 be granted for expenditure under Demand No. 32, Major Heads: "2250—Other Social Services, 2700—Major Irrigation, 2701—Medium Irrigation, 2711—Flood Control, 3451—Secretariat—Economic Services, 4700—Capital Outlay on Major Irrigation, 4701–Capital Outlay on Major and Medium Irrigation, 4702—Capital Outlay on Minor Irrigation and 4711–Capital Outlay on Flood Control Projects" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 32 is passed.

DEMAND No. 33

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹274,22,08,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads: "2052—Secretariat-General Services, 2056—Jails, 2058—Stationery and Printing, 2059—Public Works, 4059—Capital Outlay on Public Works and 4216—Capital Outlay on Housing" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 33 is passed.

DEMAND No. 34

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹606,63,03,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads: "2014—Administration of Justice, 2029—Land Revenue, 2052—Secretariat-General Services, 2059—Public Works, 2070—Other Administrative Services, 2216—Housing, 2235—Social Security and Welfare, 3454—Census, Surveys and Statistics, 4059—Capital Outlay on Public Worke ond 4216—Capital Outlay on Housing" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 34 is passed.

DEMAND No. 35

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹871,57,96,000 be granted for expenditure under Demand No. 35, Major Heads: "2014—Administration of Justice, 2210—Medical and Public Health, 2230—Labour and Employment, 2235—Social Security and Welfare, 2251—Secretariat Social Services and 4250—Capital Outlay on Other Social Services" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 35 is passed.

DEMAND No. 37

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 7,88,02,000 be granted for expenditure under Demand No. 37, Major Heads: "2052—Secretariat-General Services and 2070—Other Administrative Services" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 37 is passed.

DEMAND No. 38

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 3470,78,34,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads: "2052—Secretariat-General Services, 2202—General Education, 2204—Sports and Youth Services, 2225-Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251—Secretariat Social Services, 2515—Other Rural Development Programmes, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture, 4235—Capital Outlay on Social Security and Welfare and 4250—Capital Outlay on Other Social Services" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 38 is passed.

DEMAND No. 41

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹13,97,84,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads: "2052—Secretariat-General Services and 2070—Other Administrative Services" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 41 is passed.

DEMAND No. 42

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 157,40,55,000 be granted for expenditure under Demand No. 42, Major Heads: "2051—Public Service Commission, 2052—Secretariat-General Services, 2059—Public Works, 2070—Other Administrative Services, 2216—Housing, 4059—Capital Outlay on Public Works and 4216—Capital Outlay on Housing" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 42 is passed.

DEMAND No. 49

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 521,56,05,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads: "2059—Public Works, 2204—Sports and Youth Services, 2251—Secretariat-Social Services and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 49 is passed.

DEMAND No. 50

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 476,64,47,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads: "2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 50 is passed.

DEMAND No. 51

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 992,36,22,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads: "2203—Technical Education, 2230—Labour and Employment, 2251—Secretariat-Social Services, 4202–Capital Outlay on Education, Sports, Art and Culture and 4250—Capital Outlay on Other, Social Services" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 51 is passed.

DEMAND No. 55

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 1244,27,38,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads: "2401—Crop Husbandry, 2402—Soil and Water Conservation, 2415–Agricultural Research and Education, 2551—Hill Areas, 2702–Minor Irrigation, 2705—Command Area Development, 3451—Secretariat-Economic Services, 4401–Capital Outlay on Crop Husbandry, 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 55 is passed.

DEMAND No. 58

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 394,31,34,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads: "2052—Secretariat-General Services and 2575—Other Special Areas Programmes" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 58 is passed.

DEMAND No. 59

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 651,93,55,000 be granted for expenditure under Demand No. 59, Major Heads: "2052—Secretariat-General Services, 2204—Sports and Youth Services, 2235—Social Security and Welfare, 2435—Other Agricultural Programmes, and 4435—Canital Outlay on Other Agricultural Programmes" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 59 is passed.

DEMAND No. 61

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 3,29;50,000 be granted for expenditure under Demand No. 61, Major Head: "2052—Secretariat-General Services" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 61 is passed.

DEMAND No. 62

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 658,27,78,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads: "2052—Secretariat-General Services, 2575—Other Special Areas Programmes and 4575–Capital Outlay on Other Special Areas Programme" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 62 is passed.

DEMAND No. 65

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 804,10,96,000 be granted for expenditure under Demand No. 65, Major Heads:

"2225–Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities, 2251—Secretariat-Social Services and 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 65 is passed.

DEMAND No. 68

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 7276,37,31,000 be granted for expenditure under Demand No. 68, Major Heads: "2015—Elections, 2051—Public Service Commission, 2052—Secretariat-General Services, 2055—Police, 2059—Public Works, 2070—Other Administrative Services, 2075—Miscellaneous General Services, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2551—Hill Areas, 2575—Other Special Areas Programmes, 3451—Secretariat Economic Services, 3454—Census, Surveys and Statistics, 4055—Capital Outlay on Police, 4059—Capital Outlay on Public Works, 4216—Capital Outlay on Housing, 4235—Capital Outlay on Social Security and Welfare, 4250—Capital Outlay on Other Social Services and 4575—Capital Outlay on Other Special Areas Programme" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 68 is passed.

DEMAND No. 69

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹1163,65,05,000 be granted fof expenditure under Demand No. 69, Major Heads: "2013—Council of Ministers, 2029—Land Revenue, 2052—Secretariat-General Services, 2053—District Administration, 2059—Public Works, 2070—Other Administrative Services, 2216—Housing, 2235—Social Security and Welfare, 2250—Other Social Services, 2251–Secretariat-Social Services, 2401—Crop Husbandry, 2402—Soil and Water Conservation, 2506—Land Reforms, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institution, 4059—Capital Outlay on Public Works,

4235—Capital Outlay on Social Security and Welfare and 5475—Capital Outlay on Other General Economic Services" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 69 is passed.

DEMAND No. 71

Now, I put to vote the motion of Dr. AMIT MITRA that a sum of ₹ 489,05,07,000 be granted for expenditure under Demand No. 71, Major Heads: "2059—Public Works, 2401—Crop Husbandry, 2505—Rural Employment, 2575—Other Special Areas Programmes, 3451—Secretariat-Economic Services, 3454—Census, Surveys and Statistics, 4059—Capital Outlay on Public Works, 4235—Capital Outlay on Social Security and Welfare and 4575–Capital Outlay on Other Special Areas Programme" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 71 is passed.

DEMAND No. 73

Now, I. Dr. AMIT MITRA that a sum of ₹ 1729,61,57,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads: "2013—Council of Ministers, 2052—Secretariat—General Services, 2059—Public Works, 2070—Other Administrative Services, 2235—Social Security and Welfare, 2245—Relief on account of Natural Calamities, 2251—Secretariat—Social Services, 4059—Capital Outlay on Public Works and 4216—Capital Outlay on Housing" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 73 is passed.

DEMAND No. 74

Now, I Dr. AMIT MITRA that a sum of ₹ 5055,48,91,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads: "2235—Social Security and Welfare, 2236—Nutrition, 2250—Other Social Services, 2251—Secretariat—

Social Services and 4235—Capital Outlay on Social Security and Welfare" during the year 2017-2018.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Demand No. 69 is passed.

At this stage the House was then adjoined till 6:15 p.m.

[6:15 – 6:20 p.m.]

The West Bengal Appropriation (No.2) Bill, 2017

Dr. Amit Mitra : Sir, I beg to introduce the West Bengal Appropriation (No.2) Bill, 2017.

(Secretary then read the Title of the Bill)

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Appropriation (No.2) Bill, 2017 be taken into consideration.

Dr. Sukhbilas Barma : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন বিলের উপর আপনার মাধ্যমে কয়েকটি কথা এখানে বলতে চাই। কয়েকদিন ধরে আমাদের বিভিন্ন ডিমান্ডের উপর আলোচনা হ'ল এবং আজকে খানিক আগে যে ডিমান্ডগুলো আলোচনা হয়নি সেইগুলো গিলোটিনের জন্য এখানে প্লেস করা হ'ল। সেই বিল গুলো থেকে যে মোট অংক, যে কনসোলিডেটেড ফান্ড থেকে সেই অংকগুলো নিতে হবে, অ্যাপ্রোপ্রিয়েশন করতে হবে, তারই জন্য এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল। স্যার, গতকালের সূত্র ধরেই এগিয়ে যাই। কালকেই আমি এখানে ইন্ডাস্ট্রি সম্পর্কে বলতে গিয়ে বলেছিলাম যে, যে ডিমান্ড এখানে মুভ করা হয়েছে, সেই ডিমান্ডের সঙ্গে আমাদের বাজেটে নেওয়া অংকের মিল নেই। কালকে মাননীয় মন্ত্রী আমাকে পয়েন্ট আউট করেছিলেন, আমি দেখলাম হ্যাঁ, আমার বাদই গিয়েছিল। সেটা হচ্ছে, লার্জার ইন্ডাস্ট্রি, তার সঙ্গে পাবলিক এন্টারপ্রাইজেস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন যোগ হবে। পাবলিক এন্টারপ্রাইজেস এবং রিকনস্ট্রাকশন, তার সঙ্গে আমি যোগ করে দেখলাম। তাতেও কিন্তু মিলছে না। ঐ দুটোর অঙ্ক যোগ করেও দেখা গেল ৮৬৫ কোটি হচ্ছে, যেখানে উনি মুভ করেছেন ৯৫১ কোটি টাকা। এবং আমি দেখলাম, এটা শুধু একটা ডিপার্টমেন্টের ক্ষেত্রেই নয়, পাওয়ার ডিপার্টমেন্টেরও প্ল্যান এবং নন প্ল্যান মিলিয়ে হয় ২৩০৩, উনি মুভ করেছেন ২৮১৮। NBDD এর ক্ষেত্রেও এসেছে ৬১৮ কোটি ২৬ লক্ষ, উনি মুভ করেছেন ৬৫৮ কোটি ২৮ লক্ষ। ট্যুরিজমের ক্ষেত্রে টোটাল ডিমান্ডের, টোটাল অংকের পজিশন ৩৪৮.৩২, মাননীয় মন্ত্রী মুভ করেছেন ৪১৮। এমনি করে পি.ডব্লু.ডি., পি.ডব্লু.ডি. রোডস, MSME, বেশ কিছু ডিপার্টমেন্টে দেখছি অংকের সঙ্গে ডিমান্ড যেটা উনি মুভ করেছেন তার মিল নেই। শুধু তাই নয় স্যার, ব্লু বুকে যা বাজেটের অংক, তার সঙ্গে ট্যুরিজম এবং NBDD এর বাজেট অ্যাট এ গ্ল্যান্স যে ফিগারটা দেওয়া হয়েছে সেটাও মিলছে না। স্যার আমি জানিনা আমরা কোনটার জন্য আলোচনা করছি। অ্যাপ্রোপ্রিয়েশনটা কি হবে? আমরা কোন অংকের উপর অ্যাপ্রোপিয়েশন দেব?

[6:20 – 6:30 p.m.]

যদি ছত্রে ছত্রে এইরকম কিছু, মিথ্যা কথা তো আমি বলব না, ভূল অংক দেওয়া হয় এবং সেই ভুল অংক নিয়ে দাবি করা হয়, একটা আমাদের পারফরম্যান্স। যেমন, ইন্ডাস্ট্রি নিয়ে কালকে আমি যখন বললাম যে ১৩-১৪'র যে অ্যাকচুয়াল, ১৪-১৫তে অ্যাকচুয়ালটা তার কম। অ্যাকচুয়ালটা আমার সামনেই আছে। মাননীয় মন্ত্রী কিন্তু বলে গেলেন ৭% গ্রোথ হয়েছে। ১৩-১৪'র পরে ১৪-১৫, ১৫'র পরে ১৬'র পরে নাকি আরও বেশি। এখন যে কি বলব স্যার? ব্লু বুকে একরকম অংকের কথা বলবেন, আর বাজেট স্পীচে এবং ডিবেটে মাননীয় মন্ত্রী অন্য রকম কথা বলবেন। তাহলে কিসের উপর ভিত্তি করে আমি কথা বলব। এই একটা সদন। আমরা তো বারবার, বারবার বলি পবিত্র সদন। এখানে মাননীয় সদস্যগণ আছেন, এমন নয় যে সকলে বাজেটটা জানেন। জানার কথাও নয়। তাহলে আমি বিশ্বাস করব কাকে? সেই বিশ্বাসের জায়গায় যদি মন্ত্রীমহোদয় এই কান্ডগুলো করেন স্যার, কিসের উপর ভিত্তি করে আমরা অ্যাপ্রোপ্রিয়েশন দেব?

স্যার, এর পরেই আমি অন্য কিছু কথা বলতে চাই। প্রায়ই বলা হয়ে থাকে যে এখানে বঞ্চনা হচ্ছে, সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে টাকা কম আসছে আমরা কিছুই করতে পারছি না ইত্যাদি। কিছু ফিগার আমি দেব স্যার। আমার ফিগার নয় স্যার, এগুলো সব এখানকার ফিগার।এই বইয়ের থেকেই দেওয়া। উনি দিয়েছেন। ২০১০-১১তে শেয়ার ইন সেন্ট্রাল ট্যাকস কত? ১৫হাজার ৯৫৪কোটি। ১৫-১৬তে আছে ৩৭হাজার ১৬৩কোটি। ২০১৭-১৮তে সেটা হচ্ছে ৪৯হাজার ৫১০কোটি। কত বেড়েছে স্যার? অংকটা তো আমার বলার দরকার নেই। নিশ্চয়ই সবাই বুঝতে পারছেন এবং কালেকশন অফ ওন ট্যাকস—এটাও বেড়েছে। ২১হাজার ২২৮ছিল সেখানে হয়েছে ৫৫হাজার ৭৮৬। ক্লিয়ারলি বোঝা যাচ্ছে ১৫হাজার ৯৫৪থেকে ৪৯হাজার ৫১০ অঙ্কটি অনেক বেশি। আরও বেড়েছে সেন্ট্রাল ট্যাকসের শেয়ারটা। আমাদেরও ট্যাকস বেড়েছে। কালকে মাননীয় মন্ত্রী বললেন যে 'আমরা অনেক বাড়িয়েছি নন ট্যাক্স রেভিনিউতে। পারটিকুলারলি বোধহয় বলেছিলেন, মাইনর মিনারেলসের ক্ষেত্রে। নন ট্যাক্স রেভিনিউতে ২০১০-১১তে স্যার, ২৩শো ৮০কোটি টাকা। ২০১৪-১৫তে সেটা নেমে এল ১৬শো ২৬কোটি টাকা। ২০১৭-১৮তে সেটা হচ্ছে ২২২০কোটি টাকা। এই নন ট্যাকস রেভিনিউ নিয়ে। আমরা বারবার, বারবার বলেছি। এবারেও বলেছিলাম। তার আগের বারও বলেছিলাম। আমাদের এখন নন ট্যাকস রেভিনিউতে একটু রি-স্ট্রাকচারিং করা এবং এখানে কালেকশন বাড়ানোর প্রচুর সম্ভাবনা আছে। যার জন্য কালকেও বলেছিলাম যে মাইনর মিনারেলস শুধু রুলস করলে হবে না। মাইনর মিনারেলস কালেকশনের। আমার পারসোনাল অভিজ্ঞতা আছে, নিজেই বলেছিলাম বালি খাদে আমাকে পুঁতে দেওয়ার পরিকল্পনা হয়েছিল ব্যাপারটাই আসল সমস্যা এ.ডি.এম হিসাবে পোস্টিং-এ। কাজেই এই ক্ষেত্রে, কয়েকদিন আগেই আমরা দেখতে পাচ্ছিলাম,খবরে শুনতে পাচ্ছি যে কি অবস্থাটা চলছে কি অবস্থা। চলছে এই বালি খাদ, বালি তোলা, পাথর তোলা, ইট ভাঁটা ইত্যাদি ক্ষেত্রে।

আমরা কি করছি? গ্র্যান্টস ইন। এইড স্যার। এইটা নিয়ে সবচেয়ে বেশি কথা বলা হয় এই গ্র্যান্টস ইন এইড অনেক কমে গেছে। আস্তে আস্তে সব বাদ দিচ্ছে ইত্যাদি ইত্যাদি ২০১০-১১তে ৭হাজার ৮শো কোটি টাকা। কোথায় ছিল, স্যার ৭হাজার ৮শো কোটি টাকা? ২০০৯-১০এ এটা ছিল ৬হাজার সামথিং কোটি টাকা যখন ওরা এই সরকারে। সেটা এখন কত বেড়েছে? সেটা এখন হচ্ছে ৩৫হাজার ১২৬কোটি টাকা ১৭ ১৮তে। আপনার ১৬-১৭তে হচ্ছে ৩৩হাজার ৭৫০কোটি টাকা। তাহলে ৭হাজার ৮শো থেকে এটা কত গুণ বেড়েছে, স্যার? বহু গুণ, বহু গুণ বেড়েছে, স্যার। তাহলে বহু গুণ বাড়া সত্ত্বেও, এর পরেও আমরা কেন এত লোন নিচ্ছি আমি বুঝতে পারছি না। গ্র্যান্টস ইন এইড প্রচুর আসছে। ট্যাকসের শেয়ার প্রচুর আসছে। আমাদের

নিজেদের ট্যাকসের কালেকশন বেড়েছে। নন ট্যাকস যদিও ভাল ভাবে বাড়ে নি। তা সত্ত্বেও কেন হচ্ছে? ওর সঙ্গে আর একটা বিষয় যুক্ত হয়েছে স্যার।

এরসঙ্গে যুক্ত, যেটা রাজ্য সরকারের বড় খরচ, সেটা প্রায় স্ট্যাগন্যান্ট, সামান্য বেড়েছে তো সেটা হচ্ছে স্যালারিজ। স্যালারি কমপোনেন্টটা আমাদের কাছে বিশাল। তবে খুব স্বাভাবিক যে মাস্টারমহাশয়ের রিক্রুটমেন্ট নেই,দুই বছর থেকে প্রাইমারী শিক্ষক রিক্রুটমেন্টের ক্ষেত্রে কি অবস্থা হচ্ছে সেটা আপনারাও জানেন, আমরাও জানি যতই গর্ব করি না কেন। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী যত কথাই বলুন না কেন, কি হচ্ছে সবাই জানেন। প্রত্যেকটা ডিপার্টমেন্টের যে কোন মন্ত্রীকে জিজ্ঞাসা করুন,আমলাকে জিজ্ঞাসা করুন, বলবেন কর্মী নেই। কাজ করবেন কি করে ! তাহলে সেখানে স্যালারি কমপোনেন্টটা কি হবে? স্যালারি কমপোনেন্টের ব্যাপারটা আমি বলছি স্যার; স্যালারি কমপোনেন্ট ২০১২-১৩ তে ছিল ২৮,৩৪৩কোটি টাকা, ২০১৩-১৪ তে ২৯,৩৩৬, ১৪-১৫তে ৩০, ৯৮৫, ১৫-১৬ তে ৪১, ৯৪২, অর্থাৎ জাস্ট ইনক্রিমেন্ট যেটা হয়, সেই ইনক্রিমেন্ট। যেহেতু রিক্রুটমেন্ট নেই, এত পোস্ট ফাঁকা তাহলে স্যালারি কমপোনেন্ট যেখানে এই অবস্থা, তারপরেও আমরা প্রচুর টাকা লোন নিচ্ছি। কি রকম নিচ্ছি! স্যার, আমাদের লোনের ফিগারটা দেখুন। আউটস্ট্যান্ডিং লোন যেটাকে বলা হয়, সেই আউটস্ট্যান্ডিং লোনের ফিগারটা হচ্ছে, ২০০৫ এ ছিল ৯৭,৩০০ কোটি টাকা। ২০১০ সালে সেটা হল ১ লক্ষ ৭৫হাজার ৫০০ কোটি টাকা। পাঁচ বছরে কি বেড়েছে একটু দয়া করে দেখবেন আপনারা। ২০১৬ সালে ৩ লক্ষ ৬হাজার ৪২কোটি টাকা। ১৭ তে হচ্ছে ৩লক্ষ ৩৩ হাজার ৬৭২ কোটি টাকা। আর আগামী বছরে আরও নেওয়া হবে ৪৭ হাজার কোটি টাকা।' ঋণং কৃত্ব, ঘৃতং পিবেৎ'। একটা সময় এই কাজ ওরা করেছিলেন ২০০৮, ২০০৯, ২০১০ সালে। ঠিক একই জিনিস চলছে, কিন্তু। আমরা শিক্ষা নিলাম না। আমরা শিক্ষা নিলাম না আমার বাঁ দিকে, লেফটরা। এম এল এ হয়ে নিশ্চয় এটুকু বুঝবেন। এখন স্যার, এই যে অবহাটা, আমি যেটা বললাম, এতে আমরা প্রায়ই দোষ দিই লেফট ফ্রন্টকে। লেফটফ্রন্টের ওরা ধার নিয়েছে ওদের ঋণ শোধ দিতেই আমাদের সব চলে যাচ্ছে 'স্যার, তিন নাম্বার বইয়ের ৬৩,৬৪,৬৫ পৃষ্ঠা দেখুন। এই ইন্টারেস্টগুলি কোন ঋনের বলছে-৬.৩৫% ওয়েস্ট বেঙ্গল লোন ২০১৩। তারপরে ২০১৪,২০১৫, ২০১৬, ২০১৭-র শেষ দিকে একটা চমক আছে। ২০০৩,৪,৫,৬,৭,৮,৯ -অংকগুলি ছোটো যেহেতু ইন্টারেস্টের ব্যাপার, পরের দিকে অর্থাৎ ২০১১-১২ থেকে মোটা মোটা লোন নেওয়া হয়েছে। তার ইন্টারেস্টটাও মোটা। এই ইস্যুটা নিয়ে আমি বারবার বলেছি। প্রায়ই দোষ দেওয়া হয় যে, লেফট ফ্রন্ট আমাদেরকে debt ট্র্যাপে ফেলে গেছে। সেই debt ট্র্যাপটা থেকে না বেরনোর চেষ্টা করে আমরা সেই debt ট্র্যাপটাকে আরও শক্ত করেছি। প্যাঁচগুলি বাড়াচ্ছি আরও এবং আগামী দিন আরও ভয়ংকর অবস্থা আসছে। আপনাদের সরকারকেই চালাতে হবে। শুধু বক্তব্য দিয়ে চলবে না। ফিগার যখন আসবে, আমার মত যখন আরও অনেকে ফিগার নিয়ে কথা বলবেন, তখন বুঝবেন কোথায় আছি। আমরা। স্যার, এই সরকারের সবুজসাথী প্রকল্প নিয়ে নানারকম বিভ্রান্তিকর কথা বলা হচ্ছে। সেখানে দেখুন স্টেটমেন্টে আছে যে ২০১৫-১৬ তে ২৪ লক্ষ ৮৬ হাজার ৭২০ টাকা সাইকেল দেওয়া হয়েছে।

[6:30 – 6:40 p.m.]

৩ হাজার ২০০ টাকা করে একটা সাইকেলের দাম। এটা আমার প্রশ্নের উত্তরে এসেছে এখানে। যেটা ২২০০, ২৩০০ টাকায় বাজারে ঢালাও পরিমাণে পাওয়া যায়। যাইহোক, ৩২০০তে কেনা হয়েছে। এবারে ৩ হাজার ২০০ করে ২৪ লক্ষ ৮৬ হাজারে কত টাকা লাগে স্যার? বাজেট কত ছিল? আপনাদের নিশ্চয়ই মনে আছে, সাপ্লিমেন্টারিতে ৬০৩ কোটি টাকা নেওয়া

হয়েছিল। কেননা এক পয়সা বাজেট ছিলনা। এবারে ৬০৩ কোটি টাকা সাপ্লিমেন্টারিতে নেওয়া হয়েছে। আনফরচুনেটলি কিভাবে হ'ল জানিনা, অ্যাকচুয়ালসে এসেছে ৮১৮ কোটি টাকা। কোত্থেকে আসে, কীভাবে টাকা গেলো - জানিনা ৮১৮ কোটি টাকা ! ৮১৮ কোটি টাকাতেও কিন্তু এই ২৪ লক্ষ ৮৬ হাজার আসে না। ২০১৬-১৭তে কি আছে? ২০১৬-১৭তে নেওয়া হ'ল মাত্র ১৮১ কোটি টাকার সাপ্লিমেন্টারি। এই কয়েকদিন আগেই নেওয়া হয়েছে সাপ্লিমেন্টারি ১৮১ কোটি টাকা। অথচ ক্লেম করা হচ্ছে এবারে আমরা আবার ঐরকম ২৫-২৬ লক্ষ সাইকেল দেবো। মাননীয় অর্থমন্ত্রী একটা জায়গায় কি বললেন? তাঁর স্টেটমেন্ট হচ্ছে, ... (নয়েজ) ..... আমি তো কিছুই বলিনা, আমি তো প্রশংসাই করেছি এইসবের। কিন্তু মিথ্যা ফিগার দেবেন কেন? কি দরকার আপনার মিথ্যা ফিগার দিয়ে মানুষকে বিভ্রান্ত করার? এতগুলো মানুষকে আপনারা বিভ্রান্ত করছেন বলে, আপনাদের মনে হয়না ? ১১৪৮.৯০ কোটি টাকা—তিনি বললেন এত ক্রোড় স্পেন্ট। কোথায় পেলেন তিনি এই টাকা? স্পেন্ট ১১৪৮ কোটি টাকা ! কোথায় পেলেন? পকেট থেকে বেরিয়েছে? বাজেট কোথায়? ১১৪৮ কোটি টাকা স্পেন্ট ! স্যার, এইজন্যই. আমি বলছি, আপনার যে ফিগারগুলো আছে, যে অঙ্কগুলো আছে সেই অঙ্কগুলো যদি ঠিক না হয়, তাহলে আমরা অ্যাপ্রোপ্রিয়েশনে কি দেবো? কোন অঙ্কটা চাইবো? আমরা যে অ্যাপ্রুভ করবো এখান থেকে - ডিপার্টমেন্টের বাজেটে ঠিক নেই, মুভ করছেন, অঙ্ক একরকম, একরকম কথা হচ্ছে, বলছেন অন্যরকম। স্যার, এই বাজেটে যে গভর্নমেন্ট ক্লেম করে যে সবচেয়ে সুবিধা দেওয়া হয় সিডিউল কষ্ট, সিডিউল ট্রাইব, ও.বি. সি. ইত্যাদিকে—সেসব ভুল। আমরা দেখছি সবচেয়ে বঞ্চিত করা হচ্ছে তাদেরকে, ঠকানো হচ্ছে - এই সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইব, ও.বি.সি.দের। স্যার, এই যে। অঙ্কগুলোর কথা বললাম, এগুলো হচ্ছে সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইব, ও.বি.সি. ফান্ড থেকে অর্থাৎ ২০১৫-১৬তে সিডিউল কাষ্টদের জন্য খরচ দেখানো আছে ১৪০০ কোটি টাকা, ২০১৬-১৭তে সেটা আসছে ৭০০ কোটি টাকাতে। কেন? কারণ হচ্ছে ঐযে ৮১৮ কোটি টাকা সাইকেলের জন্য এবং সেই সাইকেলের একটা বড় অঙ্ক হচ্ছে জেনারেল কষ্ট। বারবার বলেছি এবং এবারে যে ১৮১ কোটি টাকা নেওয়া হ'ল, স্পেশিফিক বলা আছে যে, এই সাপ্লিমেন্টারি নেওয়া হচ্ছে ফর ডিষ্ট্রিবিউটিং দি সাইকেলস্ টু দি জেনারেল ক্যানডিডেট। বলেছি আগে করা যায়না, আপনারা করছেন। তার কারণ হচ্ছে, এতে দেখানো যায় যে, সিডিউল কাষ্টের জন্য আমরা কত খরচ করছি। খরচটা সিডিউল কাষ্টের জন্য হচ্ছেনা; কিন্তু দেখছি যে কত খরচ করছি! মাননীয় মন্ত্রী জোর গলায় এখানে বলেছেন যে স্পেশাল রিক্রুটমেন্ট হয়েছে। আমি আপনার কাছে করজোড়ে অনুরোধ করবো, আপনি সেই অ্যাডভাটাইজমেন্টের কপি এখানে দেবেন, যে স্পেশ্যাল রিক্রুটমেন্ট আপনি সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইব, ও.বি.সি.দের জন্য করেছেন ব্যাকলগ ক্লিয়ারেন্সের জন্য। দিস ইজ দি প্র্যাকটিস। স্পেশ্যাল অ্যাডভার্টাইজমেন্ট হয়। আপনি ব্যাকলগ ক্লিয়ারেন্সের জন্য বলছেন স্পেশ্যাল করেছেন, কিন্তু বাস্তবে কোনোদিন করেন নি। শুধু তাই নয়, যে কোনো রিক্রুটমেন্টের ক্ষেত্রে আপনারা রিজার্ভেশন মানছেন না। প্রাইমারি টিচারে এতো রিক্রুটমেন্ট হচ্ছে। কি হচ্ছে না হচ্ছে, এস.এম.এস.-এ হচ্ছে - কিছুই জানিনা। রিজার্ভেশন আদৌ মানা হ'ল কিনা - নো বডি ক্যান্ সে। আমি ক্লেম করবো আপনারা ঠকিয়েছেন সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইব, ও.বি.সি.দের। এইভাবে করতে পারেন না।

অনেকগুলি বোর্ডের কথা আপনি স্যার বলেছেন। কয়েকটা scheduled caste board হয়েছে, কয়েকটা tribe board হয়েছে। ১২টার কথা বলেছেন, যদিও দার্জিলিং থেকে আমি শুনলাম যে ১২টা নয়, প্র্যাকটিক্যালি ১৫টা হয়েছে। যাইহোক সেই ১২টা বোর্ডে আপনি এখানে লিখেছেন ৩০০ কোটি টাকা দেওয়া হয়েছে। মিথ্যা। আপনার বাজেট ফিগার বলে আপনার দাবি

মিথ্যা। কেন না, বাজেট থেকে আমি যা দেখতে পাচ্ছি। ..(হইচই)... আপনি এর জন্য বাজেট দিয়েছেন এ পর্যন্ত মাত্র ১০৮ কোটি টাকা তিন বছরে। আপনার বাজেট ফিগার বলছে ১০৮ কোটি। আর আপনি বলছেন ৩০০ কোটি টাকা দিয়েছি। ৩০০ কোটি টাকা আপনি কোথা থেকে পেলেন? ...(হইচই)... ১০৮ কোটির মধ্যে খরচ হচ্ছে কত? শুধু তাই নয় GTA-তে আপনারা বার বার বলছেন প্রচুর টাকা দেওয়া। হয়েছে। কি দিয়েছেন? ... (এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী জ্যোর্তিময় কর : The West Bengal Aporopriation (No.2) Bill, 2017 সমর্থন করতে গিয়ে বলি স্যার, ভারতীয় সংবিধানের compulsion no money can be withdrawn from the Consolidated Fund of West Bengal except in accordance with an appropriation made by law. সুতরাং বাজেট পাশ হওয়ার পরে এই বিলকে পাশ করানো সাংবিধানিক এবং বাধ্যতামূলক। স্যার, আপনারা জানেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং পশ্চিমবঙ্গ সরকার অনেকগুলো হেড অফ আইটেমকে, ডিমান্ডকে অনেকগুলো দপ্তরকে একসঙ্গে করেছেন, কনসোলিডেটেড করেছেন। তাই আমরা এই Aporopriation Bill-এ যদিও দেখতে পাচ্ছি ৭৫নং ডিমান্ড, প্রকৃতপক্ষ মেজর যে ডিমান্ড হচ্ছে ৫০ কারণ ইতিমধ্যেই অনেকগুলি দপ্তর মিশে গেছে। রেজাল্ট এবং ফিগার কি স্যার? ৫০টা মেজর ডিমান্ডে আপনি দেখুন গোড়ায় ২০১১ থেকে শুরু হচ্ছে সিরিয়াল ডিমান্ড এবং ৭৪৬৫-তে শেষ হয়েছে এই যে হেড অফ আইটেম অর্থাৎ যে হেডে এই টাকাগুলো খরচা হবে head of account। এখানে আমরা দেখতে পাচ্ছি স্যার, voted legislative assembly অর্থাৎ আমরা বিধানসভায় তর্ক-বিতর্ক, চর্চা, আলোচনার মাধ্যমে যে এমাউন্টটা পাশ করেছি তা হলো ১৪১ হাজার ৩১৫ কোটি ৭২ লক্ষ ১৬ হাজার টাকা। এবং যেগুলি High Court, Assembly ইত্যাদি খরচা হয় অর্থাৎ charged of consolidated fund সেটা হচ্ছে স্যার ৭৫ লক্ষ ৯৩৮ কোটি ৭১ লক্ষ ৯৯ হাজার টাকা, total amount দাঁড়াচ্ছে স্যার, ২ লক্ষ ১৭ হাজার ২৫৪ কোটি ৪৪ লক্ষ ১৫ হাজার টাকা। আমি frankly বলছি স্যার, অর্থনীতির প্রাণপুরুষ বা প্রধান পুরুষ প্রপিতামহ হন কৌটিল্য। কৌটিল্য অর্থনীতির প্রবক্তা। এই যা বিশ্ব অর্থনীতির বাজার, এই যা জাতীয় অর্থনীতির প্রেক্ষাপট বা পরিপ্রেক্ষিত, Note demonetization থেকে শুরু করে যে ভাবে রাজ্যকে বিগত সরকার লোনের চাপ দিয়ে গেছে এবং যে ভাবে আজকে Demand চাহিদা তৈরি হয়েছে তাতে কৌটিল্যকে যদি এই বাজেটটা তৈরি করতে দেওয়া হতো তিনি তিনবার ভাবতেন স্যার। বিত্তমন্ত্রী তিনি যে ভাবে বাজেট তৈরি করেছেন সাহসিকতার সঙ্গে তার দুটো দিক, একটা হচ্ছে প্রায়োগিক দিক, একটা হচ্ছে সামাজিক পরিরক্ষার দিক। এই দুটো দিগকে লক্ষ্য রেখে তিনি বাজেটের অভিমুখটা তৈরি করেছেন এবং এই বাজেট বরাদ্দ আজকে বিস্তারিত আলোচনার মাধ্যমে গৃহীত হয়েছে। তাই স্যার, অবান্তর ফিগারে গিয়ে আজকে এই appropriation বিলের মূল উদ্দেশ্যকে বিক্ষিপ্ত করলে চলবে না। আমরা কথায় বলি স্যার, কাঠের বিড়াল হোক যেন ইঁদুর মারে। ডঃ মিত্রেরও তাই কথা। গ্রামের গরীব মানুষকে খাদ্য দিতে হবে ৮৮১ কোটি টাকা। অসংগঠিত শ্রমিককে আজকে শ্রমিকের সামাজিক নিরাপত্তা দেওয়া হবে।

[6:40 – 6:50 p.m.]

স্যার, আজকে স্বাস্থ্য বিনা পয়সায় দেওয়া হচ্ছে। এইগুলোর জন্যে যে খরচ ধরা হয়েছে তার জন্য আজকে এই প্রায়োগিক ও সামাজিক নিরাপত্তা, সারা ভারতবর্ষে সামাজিক ক্ষেত্রে যে খরচা আমাদের খরচা কত বেশি জানেন? ধন্যবাদ স্যার। এ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করে আমি আমার বক্তৃতা বন্ধ করলাম।

শ্রী পুলিন বিহারি রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়কে অসংখ্য ধন্যবাদ এমন একটা গুরুত্বপূর্ণ বিলে আলোচনায় অংশগ্রহণের অনুমতি দান করার জন্য। এ্যাপ্রোপ্রিয়েশন বিল সবচেয়ে গুরুত্বপূর্ণ বিল। আমরা দীর্ঘদিন ধরে, থার্ড ফেব্রুয়ারী থেকে আরম্ভ করে আজ পর্যন্ত আমরা যা আলোচনা করেছি এই সদনে বাজেট সেসানে বিভিন্ন বক্তা, বিরোধীপক্ষ এবং আমাদের সরকারপক্ষ থেকে বিভিন্ন বক্তা বিভিন্ন বিষয় সম্পর্কে বলেছেন। এই আলোচনা হয়ে যা দাঁড়িয়েছে যে সরকারকে এই বিলের মাধ্যমে - টাকার কথা, বাজেটে যে প্রভিশন রাখা হয়েছে সেটা খরচের অনুমতি দেওয়ার। এই অনুমতি না দিলে, এই এ্যাপ্রোপ্রিয়েশন বিল যদি না পাশ করা হয় তাহলে সরকারের কাজকর্ম বন্ধ হয়ে যাবে। এইরকমই অবস্থা। এটা একটা কন্সটিটিউশনাল, সাংবিধানিক বাধ্যবাধকতা যে আমাদের এই বিল পাশ করতেই হবে। তাই এই বিলে যে সমস্ত অঙ্ক, পরিসংখ্যান আছে এটা ভুল কি মিথ্যা যেটা আমার বিরোধীপক্ষের বিধায়ক বলেছেন সেটা আমাদের মন্ত্রী মহোদয় পরিষ্কার করে বলবেন। কিন্তু এটার কোনো ভুল নেই এটা ভুল হতেই পারেনা কারণ যাঁরা করেছেন তাঁরা অত্যন্ত অভিজ্ঞ লোক এবং আমাদের যিনি অর্থমন্ত্রী তিনিও এই বিষয়ে অত্যন্ত অভিজ্ঞ। সুতরাং উনি যে পরিসংখ্যান বলেছেন সেটা সঠিক নয়। আমি সেই পরিসংখ্যানে যাচ্ছিনা। আজ বাজেট আলোচনার এই অন্তিম পর্বে এসে আমরা উপস্থিত হয়েছি। আজকে বাজেটে যে বিলটা প্রস্তুত করা হয়েছে সেটা পাশ করার জন্যই আমরা সকলে এখানে উপস্থিত হয়েছি। আসলে বাজেট যেটা হয় সেটা আমাদের সরকারের যা আদর্শ - কি কাজ করবো, কি ওয়েলফেয়ার, কি উন্নয়নমূলক কাজ করবো আমরা তার জন্যেই আমাদের টাকা-পয়সা দরকার, তার জন্যে ইনভেস্টমেন্ট দরকার, তার জন্যে ব্যয় করার দরকার। আমরা একটা ওয়েলফেয়ার স্টেট। এই ওয়েলফেয়ার স্টেটের যে গুণাবলী থাকা দরকার আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে গঠিত মা-মাটি-সরকার গত প্রায় ছয় বছর ধরে অসংখ্য অভিনব উন্নয়নমূলক প্রকল্পের মাধ্যমে সেটা প্রমাণ করে দিয়েছেন। এর মধ্যে উল্লেখযোগ্য এবং গৃহীত প্রকল্পগুলো একটু উল্লেখ করছি। কারণ এই প্রকল্পগুলো সবই কল্যাণমূলক এবং জনসাধারণের জন্যেই করা। আর তার জন্যে এই বাজেটে প্রভিশন রাখা হয়েছে। সেই জন্যেই এই বাজেট পাশ করতে সকলের অনুমোদন চাই। উল্লেখযোগ্য গৃহীত প্রকল্পের মধ্যে কন্যাশ্রী - আলোচনা হয়েছে অনেক সময়। সবুজশ্রী আছে, সবুজসাথী, খাদ্যসাথী, মাভৈঃ, স্বাস্থ্যসাথী, নিজ গৃহ নিজ ভূমি, গীতাঞ্জলী, জলধরো জলভরো, লোক প্রসার প্রকল্প, বৈতরণী, সমব্যথী, গতিধারা, স্বামী বিবেকানন্দ স্কলারশিপ প্রকল্প, তপশীলি জাতি ও উপজাতি ছাত্রছাত্রীদের জন্য শিক্ষাশ্রী প্রকল্প, সংখ্যালঘু ভাই বোনেদের জন্য স্কলারশিপ, লোন ও বিভিন্ন প্রকল্প। জনসাধারণের জন্য এই যেসমস্ত উন্নয়নমূলক কাজ তার জন্যেই আমাদের এই বাজেট। এই বাজেটেই সেই কাজগুলো আমরা আলোচনা করেছি। বাজেট বক্তৃতায় বিরোধীপক্ষের যেসমস্ত বিধায়করা ছিলেন তাঁরা যেটা করেছেন সেটা আমাদের কথা না শুনেই করেছেন।

আমাদের যাঁরা মন্ত্রী মহোদয় তাঁরা উত্তর দিয়েছেন, তাঁদের বিভিন্ন department সম্পর্কে কিন্তু আমাদের যাঁরা বিরোধী পক্ষে বন্ধু বিধায়কগণ, আছেন, দুইজন দুই বন্ধু আছেন। এক কংগ্রেস এবং এক বামফ্রন্ট। একজন কানে শুনতে পান না আর একজন দেখতে পান না। কানে শুনতে পান না মানে আমরা যত বলেছি। আমাদের minister মহোদয়গণ বা আমাদের এই সরকারের বিধায়কগণ আমরা অনেক কিছু বলেছি। তাছাড়াও আমাদের মহামান্য রাজ্যপাল তার বক্তৃতায় বলেছেন, আমাদের অর্থমন্ত্রী তার ভাষণে একটা বুকলেটে বলেছেন, কীভাবে আমরা জনসাধারণের কল্যাণে নিজেদের নিয়োজিত করছি এবং বিভিন্ন প্রকল্পের জন্য আমরা কত টাকা খরচা করছি। আমরা যেগুলো বলেছি তারা যদি এটা না শুনতে পান তাহলে আমাদের কিছু বলার নেই। আর যে সমস্ত উন্নয়নমূলক প্রকল্প আমাদের গ্রামে গঞ্জে ছড়িয়ে আছে, যার জন্যে

আমরা ২০১১ সালের পর ২০১৬ সালে যে একটা majority নিয়ে এসেছি এবং সেই যে পাঁচ সালের মধ্যে যে কাজ করেছে জনসাধারণ তা দেখেই ভোট দিয়েছে। তাই আমরা আমাদের যে provision রাখা হয়েছে সেটা appropriation bill-এ উল্লিখিত আছে। সেটার অনুমোদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি নমস্কার।।

শ্রী পরশ দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার আমি প্রথমেই একটা কথা বলব, আমাদের আজকে প্রথম বক্তা তিনি বেশ নাটকীয়ভাবে মিথ্যা মিথ্যা বললেন, কথাটা অসংসদীয়। এই কথাটাকে expunge করতে হবে। This is my demand. স্যার, যেটা জ্যোতির্ময় কর বলেছেন যে, অনেকগুলো department merged হয়েছে কাজেই সেই যোগের ভেতরে যে যোগের ব্যাপারগুলো আছে তাতে যে discrepancy-টা উনি পাচ্ছেন that will be answered. আমি জানি এরকম discrepancy রেখে পাগল হলেও সে appropriation bill পেশ করবে না। আর আমাদের অর্থমন্ত্রী definitely নয়। কাজেই এই ধরণের কথা যাঁরা বলেন যে, সব কটা ভুল - সব কটা ভুল বাজেট চলে এসেছে – উন্মাদ ছাড়া কেউ বলবে না স্যার। উন্মাদ ছাড়া কেউ বলবে না। আলাদা আলাদা বাজেট পাস্ট হয়ে গেছে। এখন appropriation-এ অংকের ভুল আছে বলে appropriation বিলের বিরোধিতা করা আমি জানি না যাঁরা বিরোধিতা করেন তারা কোন পাঠশালা থেকে শিখে এসেছেন। স্যার, ...(গোলমাল)... Please let me speak. স্যার, এই ২ লক্ষ ১৭ হাজার ২৫৪ কোটি ৪৪ লক্ষ ১৫ হাজার টাকার যে total outlay এখানে দিয়েছেন। এবং তার detailগুলো যে প্রত্যেকটা Head of Account-এ, capital revenue কত খরচা সেগুলো যে দেখিয়েছেন। এই খরচাগুলো তো হবেই এরকম। কেন না গত ৬ বছর ধরে মা-মাটি-মানুষের সরকার কাজ করছেন মানুষের কাজ করছেন। তার প্রতিফলন এখানে হয়তো এরা বলবেন না কিন্তু গত নিবার্চনে পশ্চিমবাংলার মাঠে ময়দানে প্রতিফলন মানুষ দেখেছেন। তাই স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রীকে এই সব explanation দেওয়ার সুযোগ আরো বেশি করে দিয়ে আমি আমার বক্তব্য শেষ করব। কেবল এই বিলটাকে পুরোপুরি সমর্থন করে আমার বক্তব্য 12শেষ করছি। Thank you Sir.

[6:50 – 7:00 p.m.]

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : মাননীয় উপাধ্যক্ষ স্যার, ঘড়িতে আমার সোজাসুজি ৬টা ৫০। আশা করবো ১৬মিনিট বাদেই লাল আলো জ্বলবে। আমার অবস্থা অনেকটা কবি শক্তি চট্টোপাধ্যায়ের সেই বিখ্যাত কবিতাটার মতন - যেতে পারি, কিন্তু যাবো। এটা ঠিকই জ্যোতির্ময় বাবু, সংবিধান অনুযায়ী এ্যাপ্রোপ্রিয়েশান বিল পাস করতে হবে। কিন্তু কেন করবো বলুন তো? এত অঙ্কের ভুল, এত তথ্যের ভুল,এত যোগের ভুল,এত বিয়োগের ভুল, শুধু সংবিধান, শুধু সরকারকে চলতে হবে পয়লা এপ্রিল থেকে, টাকা খরচের অনুমতি দিতে হবে, অতএব পাস করবো। পরশবাবুকে আমি খুবই শ্রদ্ধা করি, উনিও জানেন, আমিও জানি। পরশবাবু ঠিকই বলেছেন, মিথ্যা শব্দটা অসংসদীয়। পরশবাবুর প্রতি আমার শ্রদ্ধাবোধ আরো অনেকগুণ বেড়ে যেত এবং দ্বিধাহীন কণ্ঠে বলতাম যখন মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে এই হাউসে দাড়িয়ে, সুজন চক্রবর্তীকে বললেন, *** তখনও যদি পরশবাবু উঠে দাঁড়িয়ে বলতেন, শব্দটা অসংসদীয়, আমি তাহলে পরে আরো অনেক বেশী খুশি হতাম। আরো অনেক বেশী শ্রদ্ধা করতাম। স্যার, বিধানসভার ইতিহাসে এই প্রথম, এত বেশি ..

(নয়েজ)

মিঃ স্পীকার : তন্ময়বাবু আপনাকে বলি, মুখ্যমন্ত্রী কি বলেছেন, সেই কোটেশানটা বাদ যাবে।

*** অধ্যক্ষের আদেশানুক্রমে বাদ দেওয়া হল।

(নয়েজ)

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : বিধানসভার ইতিহাসে ৩৪ বছরে কোনদিন, ২০দিনের কম বাজেট অধিবেশন হয়নি। ক্লিনিকাল এস্ট্যাব্লিশমেন্ট বিল কেবল মুখ্যমন্ত্রীর বক্তৃতার লাইভ দেখানোর জন্য টিভি.কে প্রবেশাধিকার দেওয়া হয়েছিল। কেন, গোটা বিলটার আলোচনায় টিভিতে প্রবেশাধিকার দেওয়া হল না? এই তথ্য কেন বলা হল না? ২৪৬টা প্রাইভেট নার্সিং হোম আছে। তার ভিতর ১১২টা আফটার ২০১১ লাইসেন্স পেয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী আজ সকালে বলেছেন, ৩২ থেকে কমিয়ে শিশু মৃত্যুর হার ২৬ হয়েছে। অথচ এখনও ফাইনাল স্ট্যাটিসটিকস পাওয়া যাচ্ছে না, ২০১৩...

(নয়েজ)

মিঃ স্পীকার : এই আপনাকে বলি একটু তন্ময়বাবু, আপনি এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর বলুন। এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর কনফাইন করুন, আলোচনা ঠিক জায়গায় আসবে।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার, এগুলি সব এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর নয়?

মিঃ স্পীকার : না না, এটা কি, সকালে স্বাস্থ্য নিয়ে আলোচনা হয়েছে।

(নয়েজ)

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার, সকাল বেলায় যখন ...

মিঃ স্পীকার : আপনি এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর বলুন না, কনফাইন করুন, প্লিজ।

(নয়েজ)

***

মিঃ স্পীকার : আপনি এ্যাপ্রপ্রিয়েশান বিলের উপর বলুন, হেল্থ এর উপর বলবেন না।

মিঃ স্পীকার : এগুলো কিছুই যাবেনা, নাথিং উইল গো অন রেকর্ড। নাথিং উইল গো অন রেকর্ড।

(নয়েজ)

***

মিঃ স্পীকার : আপনি কিসের উপর বলছেন? আপনি তো হেল্থ-এর উপর বলছেন। যাবেনা, যাবেনা, কিছু যাবেনা। নাথিং উইল গো। আপনি তো হেত্য এর উপর বলছেন। আপনি এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর বলুন। এখানে সব কিছু বলা যায়না। হেল্থ এর উপর বলা যাবেনা, নাথিং উইল গো অন রেকর্ড।

*** অধ্যক্ষের আদেশানুক্রমে বাদ দেওয়া হল।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : ***

(নয়েজ) ৩৫৯টা প্রাইমারী হেল্থ সেন্টারে কোন ফার্মাকোলজিস্ট ছিলনা। স্যার, একটু আগে সুদর্শনবাবু বলেছেন, উৎকর্ষের কথা। স্কুল অফ ট্রপিকাল মেডিসিন চিকিৎসা করা হয় এখানে সবার জন্য...

মিঃ স্পীকার : আপনি হেল্থ এর উপর বলছেন। তন্ময়বাবু আপনার কোনটাই রেকর্ডে যাচ্ছে না।

(নয়েজ)

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : এই কিছুদিন আগে, কথাটা শোনা, মেডিকেল জার্নালে বেরিয়েছে। স্যার, গতকাল মাননীয় শিল্পমন্ত্রী জবাব দিতে গিয়ে বলেছেন..

(নয়েজ)

বামফ্রন্টের আমলে বন্ধ হয়েছে।

মিঃ স্পীকার : আপনি এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর বলুন, হেল্থ এর উপর বলবেন না।

....(নয়েজ)....

স্যার, আমি সরকারের দেওয়া তথ্য থেকে বলছি। ১১.৭ লক্ষ ক্ষুদ্র শিল্প ছিল ২০১০ সালে, ২০১৬ সালে হয়েছে ৯.৬৩ লক্ষ। ১ লক্ষ ৪৪ হাজার কমে গেছে। স্যার, বড় কারখানা তো গোটা রাজ্যে ১২৩০টা। দুশোর বেশি লোক কাজ করে। চাইলে তো কেউ ৬৭ হাজার বন্ধ করতে পারবে না। জাস্ট ডবল প্লাস এই ক্ষুদ্র শিল্প এই সময়ের মধ্যে বন্ধ হয়েছে। স্যার, ১৯৯৮ থেকে ২০১৩-র মধ্যে ৭৩বার যারা বনধ ডেকেছে সেই পার্টি বলছে ধর্মঘটের জন্য এখন আর শ্রম দিবস নষ্ট হয় না। ভূতের মুখে রামের নাম মানায় না স্যার। সমাজ কল্যাণ দপ্তর প্রসঙ্গে আসি। আজ সকালে প্রশ্নের উত্তরে জানা গেছে ৪৪,২৪৪ জন প্রতিবন্ধী ভাতা পাচ্ছেন। ২০১১-র সেনসাস বলছে রাজ্যে ২৩ লক্ষ মানুষ প্রতিবন্ধী। ১.৯২ শতাংশ পাচ্ছে স্যার। ৪০ লক্ষ 'কন্যাশ্রী', কোথায় স্যার? এই বাজেট বইতে আছে, ১৩-১৪তে উনিশ লক্ষ বিরাশি হাজার সাতশত সাতাশি। ১৪-১৫তে বাইশ লক্ষ একুশ হাজার একশত আঠাশ, ১৫-১৬তে নয় লক্ষ সাতষট্টি হাজার একশত উনিশ, ২.২.১৭ পর্যন্ত। ১৬-১৭তে পাঁচ লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত পঁচানব্বই। আপ লোডেড আপ টু ২.২.১৭। আপনাদের ওয়েবসাইট থেকে নেওয়া, স্যার। তাহলে যোগফলটা কি ৪০ লক্ষ? যদি যোগফলটা ৪০ লক্ষ হয়, অন্য নাম থাকলেও বামফ্রন্টের আমলেরটা যোগ করলে চার কোটি হবে। আর এই 'কন্যাশ্রী'র মধ্যে K (2) কত স্যার। যেখানে ২৫ হাজার টাকা দেওয়া হয়, সেটা আলাদা করে দেখানো নেই কেন? সকালে মুখ্যমন্ত্রী বললেন, এই বছরে ২৩ লক্ষ দেবেন, বাকি আছে ২১দিন। আপলোডেড পাঁচ লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত পঁচানব্বই। কি করে সম্ভব স্যার? এবারে খাদ্যের ব্যাপারে আসি। খাদ্যমন্ত্রী প্রশ্নের উত্তরে বলেছিলেন, চুয়াত্তর লক্ষ নব্বই হাজার তিনশত ঊনসত্তর জন দু টাকা কেজি চাল পায়। বিজ্ঞাপনে আট কোটি, রেশন দোকানে পায়। ....(নয়েজ).... আজকে এখানে আগের পৌর বিষয়ক মন্ত্রী আছেন। ৩৪ বছরে তিনি পাশ করিয়েছেন ৭০টি বিল ...

*** অধ্যক্ষের আদেশানুক্রমে বাদ দেওয়া হল।

...(নয়েজ)...

মিঃ স্পীকার : তন্ময়বাবু, আমি আপনাকে বলি, এটা কি জেনারেল ডিসকাশান অন বাজেট হচ্ছে? প্লিজ দিস ইজ নট এ জেনারেল ডিসকাসান অন বাজেট। দিস ইজ নট এ জেনারেল ডিসকাসান অন বাজেট। এটা আপনি করতে পারেন না।

...(নয়েজ)...

আমি আপনাকে বলি, আপনি শুনুন। উই আর নট হ্যাভিং জেনারেল ডিসকাসান অন বাজেট। এটা হচ্ছে। এ্যাপ্রোপ্রিয়েশান বিল। আপনি জেনারেল ডিসকাসান অন বাজেটে আরম্ভ করলেন। আপনি এর মধ্যে কনফাইনড করলেন না কেন? আমি বলছি, আপনি এর মধ্যে কনফাইনড করুন। ওনাকে মাইকটা দিন।

...(নয়েজ)....

ঠিক আছে, আমরা জানি, বুঝি এটা।

...(নয়েজ)...

আপনি এর মধ্যে কনফাইনড় করুন।

...(নয়েজ)....

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, আমি জানতাম এ্যাপ্রোপ্রিয়েশান বিলে যেকোনো ডিপার্টমেন্ট বলা যায়। যদি আমি ভুল জানি নেপালদা ও সুখবিলাসদা বলছেন, আমি ঠিক বলছি, তাসত্ত্বেও আপনি চেয়ার অফ দ্য হাউস, আপনি যদি বলেন আমি ভুল বলছি, তাহলে এগুলো আর বলব না। আপনি কি বলছেন আমি ভুল বলছি?

মিঃ স্পীকার : আপনি এর মধ্যে কনফাইনড করুন।

শ্রী তন্ময় ভট্টাচার্য : আপনি কি বলছেন আমি ভুল বলছি?

মিঃ স্পীকার : না, বাজেটের ওপরে জেনারেল ডিসকাসান হচ্ছে না।

শ্রী তন্ময় ভট্টাচার্য : তাহলে স্যার ধরে নিচ্ছি যে আমি ঠিক বলছি। আমি বলছি, কালিম্পং নতুন জেলা হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ। আমার শুধু এটুকু আবেদন, ডেলোর সেই বাংলোটা যেন নতুন জেলার প্রশাসনিক ভবন হয়, এবং তার গেটে যেন লেখা থাকে এখানেই অনুষ্ঠিত হয়েছিল। ***

....(নয়েজ)...

শ্রী তন্ময় ভট্টাচার্য : অন ডেট আজকের দিনে আমার বিধানসভা কেন্দ্রে ....

...(নয়েজ)...

আমার বলার মাঝে মন্ত্রীমহাশয় দাঁড়িয়েছেন, আমি বসলাম।

মিঃ স্পীকার : দেখুন এইসব অপ্রাসঙ্গিক কথা বাজারে বক্তৃতার সময় বলা যায়, কিন্তু বিধানসভাতে আপনি অ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপরে যা খুশি তাই বলবেন এটা হতে পারেনা।

*** অধ্যক্ষের আদেশানুক্রমে বাদ দেওয়া হল।

[7:00 – 7:10 p.m.]

শ্রী ফিরহাদ হাকিম : I tell things the Member has enough thing to say for the Appropriation Bill. He is just wasting the time of the House. So I appeal you, Sir that on the Appropriation Bill the next speaker may take up the matter.

মিঃ স্পীকার : না, আপনি বসুন। মাননীয় সদস্য আপনি বলুন।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার, গণতন্ত্রের একটা কথা বলি, আজকের দিনে ৮ই মার্চ আমার বিধানসভা কেন্দ্র একটি দমকল পরিষেবা কেন্দ্রের উদ্বোধন করছে রাজ্য সরকার। তারজন্য রাজ্য সরকারকে ধন্যবাদ ও অভিনন্দন। মাননীয় দমকল মন্ত্রী সেখানে যাবার কথা, আমার বন্ধু ফিরহাদ হাকিমের সেখানে যাবার কথা ছিল, যাননি। সারাদিন উনি হাউসেই আছেন। মাননীয় খাদ্যমন্ত্রীর যাবার কথা, মাননীয় সাংসদের সেখানে যাবার কথা, ওখানকার তৃণমূলের ব্লক সভাপতির থাকার কথা। আমাকে কিন্তু কোথাও ইনভাইট করা হয়নি, এটাই হচ্ছে এই রাজ্যের গণতন্ত্র। স্যার, চৌদ্দ বার কি দুধের দাম বেড়েছে। ডিমনিটাইজেশানে যারা ফিরে আসতে বাধ্য হবে, তাদের জন্য আড়াইশো কোটি টাকা বরাদ্দের কথা বলেছেন। টাকাটা কোথায় রেখেছেন স্যার। স্যার, ফার্মারস্ এফেকটেড ১০০ কোটি টাকা কথা ঘোষণা হয়েছে। টাকা দেওয়ার প্রসেস কি হবে? রেশন কার্ডের মত তৃণমূল কংগ্রেসের অফিস থেকে কি আনতে হবে এই ব্যাপারটা ব্যাখ্যা করার দরকার ছিল। কেরালায় দপ্তর আছে, যারা বাইরে যায় তারা এর কথা জানে। স্যার, শিক্ষামন্ত্রীকে অভিনন্দন। সাম্প্রতিক ঘটনাবলীতে তৎপরতা দেখাচ্ছেন, এই তৎপরতা আরও আগে থেকে দেখালে আরও ভালো হত। তবু দেরিতে হলেও দেখাচ্ছেন। বি.জে.পি দলটার নাম পাল্টে গেছে, ওদের নাম হয়ে গেছে বাচ্চা জন্মালেই পাচার। আর টি.এম.সি মানে হচ্ছে, তোমার মতেই চলছি। স্যার, আমার শেষ কথা এই প্রথম ভারতবর্ষের কোন বিধানসভায় চেয়ার অফ দি হাউসকে এইকথা বলতে শোনা গেল, আমরা সৌভাগ্যবান এই রকম একজন মুখ্যমন্ত্রী পেয়েছি বলে। সম্ভবতঃ কোন বিধানসভার রেকর্ড থেকে এই কথার পুনরাবৃত্তি কেউ করতে পারবে না। অ্যাপ্রোপ্রিয়েশান বিল পাশ হবে আমি জানি, পাশ হোক। ধন্যবাদ।

মিঃ স্পীকার : আমি দেখে নেব পুরোটা, আপনি কি বললেন।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপরে বলতে গিয়ে অল্প কয়েকটি তথ্য এই মহতী সভার সামনে রাখব আপনার মাধ্যমে। বেশী দীর্ঘায়িত করব না আমার বক্তব্যকে। কারণ আমি জানি সকাল থেকে সবাই আছেন, বাজেটের উপরে অনেক আলোচনা হয়েছে। আপনি গিলোটিনের উপরে বক্তব্য রেখেছেন। কয়েকটি তথ্য দিয়ে আমার বক্তব্য শেষ করতে চাই। একটি তথ্য যেটা আমার এই হাউসে রাখার সুযোগ হয়নি, on the Budget, appropriation related State Plan Expenditure as a percentage of total expenditure স্টেট প্ল্যান একসপেন্ডিচারের খরচের পারসেন্টেজটা কত।এতে কি দেখা যায় স্যার। উন্নয়নমুখী সরকার। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে উন্নয়নমুখী সরকার হলে এই পার্সেন্টেজটা নিশ্চয় বেশি হবে। কেননা স্টেট প্ল্যান, উইথ ইন টোটাল একসপেন্ডিচার। স্যার, আপনি শুনে খুশি হবেন, ২০১০-১১ সালে আমরা এই হাউসে ট্রেজারি বেঞ্চে আসার আগে the State Plan Expenditure as percentage of total expenditure ছিল 16.22। খুব ছোট্ট, তাহলে বাকিটা স্টেট প্ল্যানের জন্য হতনা।

তার প্রতি অন্তত নজর থাকা উচিত, আমি বিনীত ভাবে বলছি, সেই নজর ২০১০এ কম ছিল। আমাদের ক্ষেত্রে কি হয়েছে স্যার, ২০১৭-১৮ এই budget নিয়ে আজকে appropriation হল,

আপনি শুনে খুশি হবেন state plan expenditure as a percentage of total expenditure in this budget 2017-2018র 31.51%। কোথায় 16.22, আর কোথায় 31.51%। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে মানসিকতার উন্নয়ন তার একটি প্রমাণ আপনারা পাচ্ছেন। দ্বিতীয় স্যার, এই state plan absolute figure গুলো কি? ২০১০-১১তে ১১,১৩৭কোটি টাকা বরাদ্দ হয়েছিল state planএর জন্য। ২০১৫-১৬তে CAG confirmed, real confirmed data ৫১৩৮৫ - কোথায় ১১,১৩৭ আর কোথায় ৫১৩৮৫। ২০১৭-১৮তে সেটা আমরা propose করেছি, ৬৪৭৩৩ কোটি টাকা, five and half times. এটাও উন্নয়নমুখী যে সরকার, তার একটা প্রতিচ্ছবি আপনারা দেখতে পাচ্ছেন। দ্বিতীয় স্যার, capital expenditure growth, আমরা বার বার বলেছি - এই Houseকে একটু স্মরণ করে দিতে চাই ছোট্ট একটু বিনীত করে, ২০১০-১১তে negative 26.08% negative - capital expenditure. ২০১৭-১৮তে এই budget in defence of the debate today. ২০১৭-১৮তে negative 26.08 - ২০১০-১১তে, আমাদের পজিটিভ 26.25 capital expenditure উপরে growth. এটাও উন্নয়নের একটা প্রতিচ্ছবি। asset creating, structure আপনারা বুঝতে পারছেন। তৃতীয়ত,আমাদের এই সরকার সাধারণ মানুষ বিশেষ করে SC/ST/OBC তাদের প্রতি আলাদা নজর মমতা বন্দ্যোপাধ্যায়ের inspirationএ আমরা রেখেছি।কিন্তু তথ্যের মাধ্যমে সেটা কি আমি প্রমাণ করতে পারি? Can be a question? আমি আশা করেছিলাম, সেই প্রশ্নটা কেউ তুলবেন। ২০১০-১১তে AG confirmed ৩২৯.৭৯ কোটি টাকা,সমস্ত departmentএর পরিকল্পনা খাতে বরাদ্দকে add করে ৩২৯ কোটি টাকা - ৩৩০ই ধরুন, ২০১০-১১তে ছিল - SC/ST and OBCদের জন্য। ২০১৫-১৬তে confirmed AG figure,১৭৮০ কোটি টাকা যা পাঁচ গুণ বেশি। এইটাই হচ্ছে সব চেয়ে বড় কথা,সেটা সাধারণ মানুষ তাদের জন্য allocation undeniable, তার কারণ AG Account থেকে আমি quote করছি। সংখ্যালঘু দপ্তরের পরিকল্পনা খাতে বরাদ্ধ কত হয়? এটা স্যার, নিশ্চয় হাউস জানতে চাইবে। ২০১০-১১তে ৩০০ কোটি। ২০১৭-১৮ এই বাজেটে যার appropriation bill আমি move করছি,কত হয়েছে স্যার? ৩০০ কোটি জায়গায়, ২১১৫ কোটি - সাত গুণ বেশি বেড়েছে সংখ্যালঘু মানুষদের জন্য বাজেট। আজকে international women's day, মাননীয়া মুখ্যমন্ত্রী সকালে এসে হাউসের সামনে তাঁর বক্তব্য রেখেছেন। Women & Child Development and Social Welfare, ২০১০-১১তে কত ছিল স্যার? ৫০০ কোটি। ২০১৫-১৬তে actual ৩৩০৭ কোটি child development and women development and that is celebration of the day today, আজকে এবং এই budgetএ ২০১৭-১৮তে ৪৬৩৩ কোটি টাকা নয় গুণ বাড়ানো হয়েছে, ২০১০-১১এর তুলনায়। I am proud today Sir, আমি গর্বিত যে আজকে Women's day, সেখানে আমি দাঁড়িয়ে বলতে পাচ্ছি যে, Women & Child Development and Social Welfare Departmentএর ৫০০ কোটি টাকা থেকে ৪৬৩৩ কোটি টাকায় আমরা চলে যাচ্ছি।

[7:10 – 7:20 p.m.]

স্যার 'কন্যাশ্রী' সম্বন্ধে মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন ৮৭০ কোটি থেকে ১ হাজার ৫০ কোটি, ২১% বৃদ্ধি হয়েছে। এবারে আমি নন-প্ল্যানে আসছি। কয়েকজন নন-প্ল্যানের কথা বলেছেন মাননীয় এম এল এ -রা, বিশেষ করে রেসপেক্টেডরা। আমি একটা উদাহরণ দিচ্ছি স্যার। এ পি এল, বি পি এল পরিবারের লোকেদের চালের ভর্তুকি বাবদ নন-প্ল্যান এক্সপেন্ডিচার এই বাজেটে ৪ হাজার ২০ কোটি টাকা। পেজ নং-৮৫, বুক নং-৩ পড়লেই সেটা দেখতে পাবেন। That is the অঙ্গীকার এই সরকারের। We have to move forward, তাদের আমরা সেই ভাবে দেখি। স্যার, দুটো পয়েন্ট বলে আমি আমার বক্তব্য শেষ করব। আরও দুটি তথ্য দিই।

Expenditure in social infrustructure- আমি এটা compounded average growth rate করেছি ২০১০-১১ থেকে ২০১৫-১৬ অবধি। কিসে গিয়ে দাঁড়াচ্ছে? Expenditure in social infrustructure, সামাজিক পরিকাঠামো ইত্যাদির উপরে, এটা বছরের হিসাবে average growth rate compounded per year কততে দাঁড়াচ্ছে জানেন স্যার? - ২৮.৭০% পার ইয়ার সামাজিক পরিকাঠাম, সোস্যাল ইনফ্রাস্ট্রাকচার।স্যার, (২)Expendiutre and agriculture allied sector including rural development - কত হয়েছে জানেন স্যার? Expendiutre and agriculture allied sector including rural development compounded average growth rate annual 45.75% গ্রামীণ মানুষের জন্য এই সরকারে করেছে। এর কোন রেকর্ড অন্য কোন রাজ্যে আছে বলে আমার মনে হয় না। This is the commitment of the Mamata Bandyopadhyay led Govt. তৃতীয়তঃ স্যার Expenditure in physical infrustructure - মানুষ আসছে, বিভিন্ন রাজ্যের বিভিন্ন এলাকায় যাচ্ছে। ফিরে এসে আমাদের বলছে কি অভূতপূর্ব রাস্তা, ব্রিজ ইত্যাদি physical infrustructure। কিন্তু ডেটা কি স্যার। আপনি শুনে খুশি হবেন সি এ জি আর compounded average growth rate আমাদের সময় ৫ বছরে 29.02 % growth year after year after year. এটাই হচ্ছে এই সরকারের সবথেকে বড় বক্তব্য। এরপরে একটা জি ডি পি-র ফিগার দেব। সেটা আগে পাওয়া যায় নি। তারপরে আমি আমার দু-একজন বন্ধুরা যে কথা বলেছেন, নিশ্চয়ই সে কথার উত্তর দিয়ে তারপরে আমি বসব। আগেই সেটা বলে দিই। ডঃ বর্মা আজকে আপনি প্রশংসা করেছেন। রাজস্ব বেড়েছে বলে বিশালভাবে, তাও আপনার মুখ থেকে প্রশংসা শুনে আমি খুব খুশি স্যার, ধন্যবাদ। Debt G D Pratio, ঋণের কথা বলেছেন। একটা তথ্য দিয়ে দিই। Debt G D P ratio 2010-11 -তে ছিল ৪০.৬৫%, আপনাদের নয়, বামফ্রন্ট সরকারের সময়। আপনাদের বন্ধুদের বলছি। আজকে কোথায় এসে দাঁড়িয়েছে। এটা মূল্যবান প্রশ্ন স্যার। Debt G D P ratio from 40.65% নেমে এসেছে 32.58 -এ সেহেতু যখন উনি ঋণের কথা বলেছেন, ঋণ is always relevant to something else. যেহেতু Capital expenditure ঋণ নিয়ে কি ভাবে হয় এই সরকার দেখিয়ে দিয়েছে। স্যার, আমি শুধু একটু দুঃখ পেলাম আজ ডঃ বর্মার মুখে গানটা শুনতে পেলাম না। সেটা হলে আরও খুশি হতাম। আমার last point আজকে তন্ময়বাবুর কোন কথায় বক্তব্য বলা মুশকিল। কেননা আমি আগেও একবার বলেছিলাম যে হয়ত উনি ব্যালান্স হারিয়ে ফেলেছেন। উনি দুঃখ পেয়েছিলেন। আজ কিন্তু আবার বলতে হচ্ছে যে এই বাজেটে যেখানে appropriation Bill - a sir with all respect, due respect to you, আজ একবারে যেন ব্যালান্সহীন হয়ে গেছেন। তার জন্য আমি দুঃখিত। জি ডি পি কি স্যার? ২০১০-১১ -তে in current prices যখন বামফ্রন্ট সরকারের লাস্ট বছর জি ডি পি ছিল ৪ লক্ষ ৬০ হাজার ৯৫৯ কোটি টাকা 460959. আপনি শুনে খুশি হবেন স্যার। ২০১৬-১৭ তে ইন কারেন্ট প্রাইসেস জিডিপি অফ ওয়েস্ট বেঙ্গল 989965. Almost touching a number that you are targeting. এখন ১৭-১৮ তে কি প্রজেক্ট করেছি স্যার, জিডিপি? 1108860 crore যেটা আমার চলে যাব। তার মানে 4.6 থেকে আমরা জাম্প করে 1.10, প্রায় ডবলের বেশি এগিয়ে যাচ্ছি। এই জন্য স্যার, ডেব্‌ট জিডিপি রেসিও কম। জিডিপি এত তাড়াতাড়ি বাড়ছে, যে প্যারামিটার নেবেন জিডিপি পুশিং দ্য প্যারামিটার। এই রাজস্ব কি পেতে পারি? এই সরকার পেতে পারে? Cannot be done without GDP. আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দেব যে, তাঁর সেই অনুপ্রেরণায় চারিদিক থেকে ইউনিভার্সাল ব্যালেন্স গ্রোথ। যার মধ্যে আমি আপনাদের এসসি, এসটি, ওবিসি-র কথা বলেছি। সংখ্যালঘুর কথা বলেছি। পাঁচগুণ, ছ'গুণ, ন'গুণ আমরা বাড়াতে পেরেছি। কিন্তু স্যার, আমি এইটা বলেই শেষ করব যে, এই সরকারের যে মানসিকতা মাননীয়া

মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আমরা এগিয়ে যাচ্ছি সেইহেতু আমি এইটুকু বলেই শেষ করব। আজকে সব চেয়ে বড় কথা যে, বাংলার মানুষ আজকে এগিয়ে যাচ্ছে - 'কদম কদম বাড়ায়ে যা, খুশি কা গীত গায়ে যা, এ জিন্দেগি হায় কৌম কি, কৌম পে লুটায়ে যা'।

Mr. Speaker : তন্ময়বাবু আপনি অনেক কিছু বলেছেন। আমি আপনার স্পীচ-টা একটু দেখে নেব। দেখে নিয়ে আমার যা রুলিং দেওয়ার আমি দিয়ে দেব।

Mr. Speaker : The question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye', and as many as are of the contrary opinion will please say 'No'.

Ayes have it. Ayes have it.

Clauses 2 and 3

Mr. Speaker : There is no amendment to Clauses 2 and 3. So, I put Clauses 2 and 3 do stand part of the Bill.

As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'.

Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'.

Ayes have it. Ayes have it.

Dr. Amit Mitra : Mr. Speaker Sir, I beg to move that The West Bengal Appropriation (No.2) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the West Bengal Appropriation (No.2) Bill, 2017, as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion will please say 'No'.

Ayes have it. Ayes have it. The Bill is passed. The Bill is passed.

Adjournment

The House was then adjourned at 7-19 P.M. till 11 A.M. on Thursday, the 9th March, 2017 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 9th March, 2017 at 11:00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 25 Ministers-in-Charge, 12 Ministers of State and 199 Members.

[11:00 – 11.10 a.m.]

OBITUARY REFERENCES

Hon'ble Members, before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Rabi Ray, former Speaker of Lok Sabha; Shri Dwijapada Mondal, former Member of West Bengal Legislative Assembly; Shri Joachim Baxla, former Member of Parliament and Shri Kalika Prasad Bhattacharya, eminent Bengali folk singer who breathed their last recently.

Shri Rabi Ray, former Speaker of Lok Sabha breathed his last on the 6th March, 2017 at a Government-run SCB Medical College and Hospital after a prolonged illness. He was 91.

Shri Ray was born on the 26th November, 1926 at Bhanagara village in the district of Puri. He did his graduation in History from Ravenshaw College, and later studied Law in the Madhusudhan Law College in Cuttack. When he was a college student he was arrested by the British Army for his active participation in the Freedom Movement of the country.

An astute politician Shri Ray was first elected to Lok Sabha in 1967 from Puri Parliamentary Constituency as a candidate of San Jukta Socialist Party. He was elected to Rajya Sabha from Odisha in 1974. He was re-elected to the Lok Sabha from the Kendra Para Parliamentary Constituency in Odisha as a candidate of Janata Dal in 1989 and in 1991. He was inducted in the Union Cabinet headed by Morarji Desai in 1979 as a Union Minister for Health & Family Welfare.

An outstanding Parliamentarian, Shri Rabi Ray was elected unanimously as the Speaker of the Ninth Lok Sabha on 19th December, 1989 and boldly discharged his Parliamentary duties. He initiated certain procedural innovations like regulation of Zero Hour, setting up of Departmentally related Subject Committees in Parliament, etc. He led the Indian Parliamentary Delegation to

the 83rd and 84th Inter Parliamentary Conferences, held in Nicosia and Punta del Este and attended the 36th Commonwealth Parliamentary Conference in Harare in 1990.

With the demise of Shri Ray, the country has lost an eminent Parliamentarian as well as an able administrator.

Shri Dwijapada Mondal, former Member of West Bengal Legislative Assembly, breathed his last on 23rd February, 2017 in a private hospital after a severe brain stroke. He was 72.

Shri Mondal was born on the 29th December, 1944 at Begham Pur in Baruipur. He had his education at Tangrakhali P.J.P. High School and University of Calcutta. By profession he was a teacher. He came into politics through his involvement in Communist movement under the banner of Communist Party of India (Marxist) and was associated with that party till his death. Apart from politics he involved himself in many social activities in his locality.

Shri Mondal was elected to the West Bengal Legislative Assembly in 2006 from the Canning West (SC) Assembly Constituency as a candidate of Communist Party of India (Marxist).

With the demise of Shri Mondal the State has lost a veteran politician.

Shri Joachim Baxla, former Member of Parliament/breathed his last on the 6th, March, 2017 in a private hospital in Hyderabad following a Cardiac arrest. He was 62.

Shri Baxla was born on 16th January, 1955 at Bhatkawa Tea Garden in Jalpaiguri district. He did his graduation from St. Xaviers' College, Kolkata. In his political career he was initially associated with Revolutionary Socialist Party. Later he joined All India Trinamool Congress and played a key role in organizing the party's activities in Tea Garden area in North Bengal as a dedicated political leader. He made sincere efforts in promoting social and cultural activities and for preservation of tribal culture in original form.

Shri Baxla was elected to the Lok Sabha from Alipurduar-ST Parliament Constituency for consecutive four times beginning from 1996 as a candidate of Revolutionary Socialist Party.

With the demise of Shri Baxla the State has lost a veteran politician as well as a dedicated social worker.

Shri Kalika Prasad Bhattacharya, an eminent Bengali folk singer, breathed his last in a tragic road accident at Gurap in Hooghly district on the 7th March, 2017. He was 46.

Born in a family of musical environment at Shilchar in Assam, Shri Bhattacharya studied comparative literature at Jadavpur University. As a talented folk artist he devoted himself to promote the Bengali folk music to a great height. By virtue of his melodious voice he enthralled the music lovers of both India and Bangladesh. In 1999 he founded the band 'Dohar' to popularize folk songs of rural Bengal among the present generation. He also lent his voice to a number of movies which include Jatiswar' (জাতিস্মর), Moner Manush' (মনের মানুষ), 'Bhuban Majhi' (ভুবন মাঝি) etc.

The untimely death of Shri Bhattacharya has created a void in the arena of Bengali folk songs that is hard to fill.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

Starred Questions
(to which oral answers were given)

পর্যটন কেন্দ্রের সংখ্যা

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *9) শ্রী অসিত মিত্র ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে সরকার পোষিত পর্যটন কেন্দ্রের সংখ্যা কত;

(খ) ২০১৬-১৭ অর্থবর্ষে সরকারের কতগুলি নতুন পর্যটন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা ছিল; এবং

(গ) তার মধ্যে কতগুলি স্থাপিত হয়েছে?

শ্রী গৌতম দেব : (ক) পশ্চিমবঙ্গের পর্যটন বিভাগ সমগ্র পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে ছোটো বড়ো বিভিন্ন পর্যটন কেন্দ্র তার উন্নয়ন এবং সামগ্রিক বিকাশের লক্ষ্যে কাজ করে থাকে তাই নির্দিষ্টভাবে পোষিত পর্যটন কেন্দ্রের সংখ্যা চিহ্নিত করে বলা সম্ভব নয়।

(খ) রাজ্য সরকারের পর্যটন বিভাগ পর্যটনের সার্বিক বিকাশের লক্ষ্যে অনেকগুলো পরিকল্পনা নিয়ে কাজ করেন। তার মধ্যে যেমন পর্যটন কেন্দ্র গড়ে তোলা,সাথে সাথে সেখানকার আর্থসামাজিক ব্যবস্থার উন্নয়ন, পারিপার্শ্বিক পর্যটন অনুকূল পরিবেশ ইত্যাদি গড়ে তোলার ক্ষেত্রেও রাজ্য সরকারের ভূমিকা থাকে।

[11:10 – 11.20 a.m.]

সেই অর্থে নির্দিষ্টভাবে পর্যটনের নির্দিষ্ট সংখ্যক নতুন পর্যটন কেন্দ্র স্থাপনের বার্ষিক কোন লক্ষ্যমাত্রা থাকে না। তবে সাম্প্রতিক অতীতে আমরা পর্যটন দপ্তরের সহায়তায় লামাহাটা,

তিনচুল, মতিঝিল, গাজোলডোবা, ঝড়খালি, রায় ভিলা, গৌড় দিঘি, তপন দিঘি, কুলিক ফরেস্ট, চুপিচর, পোখরিয়াটার, আঁটপুর, ঘূর্ণি সহ একাধিক পর্যটন কেন্দ্র। এছাড়া আমাদের কাছে লম্বা তালিকা আছে, যেখানে পর্যটন কেন্দ্র সাম্প্রতিক অতীতে আমরা গড়ে তুলেছি। সেটা জানতে চাইলে আমি সময়মত জানিয়ে দেবো।

গ) যে প্রশ্ন করা হয়েছে সেটা এখানে প্রযোজ্য নয়।

শ্রী অসিত মিত্র : স্যার, আপনার সাহায্য চাইছি। আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে, আমার প্রশ্নটা যদি প্রাসঙ্গিক না হয় তাহলে সেই প্রশ্নটা বাদ যাবে। সেই প্রশ্নের উত্তর দেওয়া মাননীয় মন্ত্রী মহাশয়ের সময়ের অপচয় ছাড়া আর কিছু হবে না। তিনি একবার (ক) - তে বলছেন। আমাদের কোন পর্যটন কেন্দ্র বলে কিছু নেই। (খ) - এসে তিনি বলছেন যে, না, এই এই জায়গাগুলোকে এখানে লক্ষ্যমাত্র স্থির করা হয় না। তবে সাম্প্রতিককালে পর্যটন বিভাগের সহায়তায় কতগুলো নাম দিয়েছেন এবং বললেন যে আরো অনেক নাম আছে যেগুলো পর্যটনের কাজে গড়ে তোলা হচ্ছে। তার মানে তিনি স্বীকার করে নিয়েছেন যে, পর্যটন কেন্দ্র আমরা তৈরি করি। আমি আপনাকে একটা কথা জিজ্ঞাসা করছি, আপনি বললেন আমি না দেখে বলছি। আপনার এখানে লেখা আছে, সাম্প্রতিক কালে আর আপনি বললেন সাম্প্রতিক অতীতে - সাম্প্রতিক কাল আর সাম্প্রতিক অতীত কি একই কথা হল, স্যার। যাইহোক, আমি এই নিয়ে বিতর্ক করতে চাই না। মাননীয় মন্ত্রী মহোদয়কে আমি শুধু একটা কথা বলবো যে আমরা তো পর্যটন কেন্দ্র গড়ি। দীঘা পর্যটন কেন্দ্র, দার্জিলিং পর্যটন কেন্দ্র এগুলো তো আমরা বলি।

এগুলোর যদি কোথায়ও কোন প্রয়োজন না থাকে তাহলে বলে দেবেন যে না, প্রয়োজন নেই। স্যার, আমি আপনার অনুমতি নিয়ে আর একটি প্রশ্ন করতে চাই মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে। আমাদের রাজ্যে পর্যটনের সঙ্গে সংযুক্ত কতগুলি ট্যুরিস্ট লজ আছে এবং সেই ট্যুরিস্ট লজগুলো সরকারিভাবে চালানো হচ্ছে সেগুলি কি আমরা লসে চালাচ্ছি, না তারমধ্যে প্রফিট আছে।

শ্রী গৌতম দেব : আমাদের রাজ্য সরকারের ট্যুরিস্ট লজগুলো নানানভাবে আমরা সেগুলোকে পরিচালনা করি। কিছু ট্যুরিস্ট লজ আছে, ৩৪টির মত যেটা রাজ্য সরকারের পক্ষ থেকে পর্যটন উন্নয়ন বিভাগ চালায়। কিছু পরিকাঠামো আমরা তৈরি করেছি ট্যুরিস্ট লজে যেগুলো ডিস্ট্রিক্ট ম্যাজিস্টেটের থ্রু দিয়ে আমরা কিছুটা সেখানকার লোকাল গর্ভমেন্ট যাঁরা আছেন তাঁদের মাধ্যমে জেলা শাসকরা পরিচালনা করেন। কিছু আমরা পরিকাঠামো তৈরি করেছি যেটা হোম স্টে ট্যুরিজম। সেখানে সোসাল ইকনমিক কন্ডিশান ডেভালপমেন্টের জন্য কমিউনিটি লোকদের দিয়ে চালনা করা হয়। এইভাবে বিভিন্ন ক্যাটাগরির আমরা পর্যটন কেন্দ্র গড়ে তুলেছি। ট্যুরিস্ট লজ যেটা আপনি বলছেন - পর্যটন কেন্দ্র আর লজের মধ্যে একটু তফাৎ আমার মনে হয়েছে আছে। সেই ট্যুরিস্ট লজগুলো বিভিন্ন ক্যাটাগরির, বিভিন্নভাবে সেগুলো পরিচালিত হয়।

আর আপনি একটা প্রশ্ন করেছেন, যে হ্যাঁ, আমাদের সরকার ২০১১ সালে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর বিগত আর্থিক বর্ষে ৪ কোটি ৩ লক্ষ টাকা সমস্ত রেভিনিউ এক্সেপেন্ডিচারের পরে পর্যটন উন্নয়ন নিগমের প্রফিট হয়েছে। এই বছর ডি মনিটাইজেশানের ব্যাড ইমপ্যাক্টের ফলে পর্যটনে আমরা যতটা টার্গেট করেছিলাম সেই জায়গাতে পৌঁছতে পারি নি, কিন্তু মাননীয় সদস্য জেনে খুশি হবেন, এখনও ৩১শে মার্চ

আসে নি। ৩১শে মার্চ পর্যন্ত আমরা আশা করছি গত আর্থিক বছরে যেটা প্রফিট হয়েছিল ৪.৩ কোটি, এবার সেটা মোটামুটি ৮ কোটি টাকার বেশি পর্যটন উন্নয়ন নিগম তার রেভিনিউ এক্সপেন্ডিচারকে মিট করে সেটা সারপ্লাস করতে পারবে। যেটা আমরা আমাদের পরিকল্পনা খাতে আগামীদিনে ব্যবহার করতে পারবো।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ, তিনি আজকে খবর দিলেন যে আমাদের সরকারি ব্যবস্থাপনায় যে হোটেল বা ট্যুরিস্ট লজগুলো আছে, সেখানে আমরা প্লাসে আছি বা প্রফিটে আছি। এটা তিনি বললেন, তার জন্য আপনাকে ধন্যবাদ। স্যার আমার লাস্ট সাপ্লিমেন্টারী - বিভিন্ন পর্যটকরা বিদেশ থেকে আসছেন, বিভিন্ন জায়গায় যাচ্ছেন বিভিন্নভাবে, তার মধ্যে পাহাড় সব থেকে, একটা বড় অংশ। পাহাড়ে বেশি পর্যটক যান, আবার দীঘাতেও যান। গত আর্থিক বছরে পশ্চিমবাংলায়। বিদেশি পর্যটকদের সংখ্যা বেড়েছে না তার থেকে কমেছে?

শ্রী গৌতম দেব : নিঃসন্দেহে পশ্চিমবঙ্গে বিদেশি পর্যটকের আগমনের সংখ্যা অনেকটাই ইনক্রিজ হয়েছে। সেন্ট্রাল গভর্নমেন্টের সাম্প্রতিককালের যে রিপোর্ট, তাতে বলা হচ্ছে যে পশ্চিমবঙ্গে আমরা যে জায়গাতে ছিলাম, বিদেশী পর্যটকদের আগমনের যে হিসাব, তাতে আমরা পাঁচ নম্বরে আছি। সারা ভারতবর্ষের যতগুলো রাজ্য আছে তার মধ্যে এবং আমরা আশা করি এটা উত্তরোত্তর আরও বাড়বে।সেটা বোঝা যাচ্ছে যে বাগডোগরা এয়ারপোর্টে যেভাবে যাত্রী সংখ্যা বেড়েছে, প্রায় বারো লক্ষ ক্রস করে গেছে। আগামী আর্থিক বর্ষে এটা ১৪লক্ষ টার্গেট হচ্ছে। দেশের মধ্যে সব চেয়ে বেশি গ্রোথ রেট যদি দেখেন সেটা বাগডোগরা এয়ারপোর্টের ক্ষেত্রে হয়েছে। সুতরাং বিদেশি পর্যটকের যে ইনফ্লো, সেটা খুবই আশাব্যাঞ্জক। আমরা টার্গেটে আছি যে ভারতবর্ষের মধ্যে বাংলা যাতে পর্যটক আগমনের ক্ষেত্রে ডোমেসটিক এবং ফরেন, বিশেষ করে ফরেন ট্যুরিস্টদের আগমনের ক্ষেত্রে যাতে এক নম্বর জায়গায় পৌঁছাতে পারে, সেইজন্য রাজ্য সরকার সমস্ত রকম ব্যবস্থা নিচ্ছে।

শ্রীমতী সেলিমা খাতুন (বিবি) : মাননীয় স্পীকারের মাধ্যমে আজকে পর্যটনমন্ত্রীর কাছে আমার প্রশ্ন- পশ্চিম মেদিনীপুর জেলার ডেবরা ব্লকে কাঁসাই নদী যেখানে দুটি ভাগ হয়ে গেছে, একটি গেছে ঘাটালের দিকে। আর একটি ডেবরার উপর দিয়ে পাঁশকুড়ার দিকে এসেছে। সেই জায়গাটি তিলাপাটনা বা তেমনি হিসাবে পরিচিতি। সেই জায়গাটিতে স্থানীয় উদ্যোগে ছোটোখাটো একটা পিকনিক স্পট তৈরি হচ্ছে। সেই জায়গাটি খুবই মনোরম। স্থানীয় মানুষের চাহিদা ওই জায়গাটিতে যদি পিকনিক স্পট করা যায়, এই ব্যাপারে কোন কিছু উদ্যোগ আছে কি বা কোন প্রস্তাব কি আছে?

শ্রী গৌতম দেব: দেখুন এই মুহূর্তে আমাদের কাছে এই ধরনের কোন নির্দিষ্ট প্রস্তাব নেই। তবে আমরা রাজ্যের সমস্ত জেলা শাসকের সাথে - তিনটি জেলা বাদ দিয়ে উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং মালদা, বাকি সমস্ত জেলা শাসক এবং তাদের প্রতিনিধিদের নিয়ে মিটিং করেছি এবং পর্যটনের নতুন নতুন ক্ষেত্র, পিকনিক স্পট বা অন্যান্য বিভিন্ন জায়গা, যেখানে পর্যটকরা যেতে পারেন নানানভাবে, তার জন্য আমরা ব্যবস্থা নিচ্ছি। নির্দিষ্ট প্রস্তাব দিলে আমরা বিবেচনা করে দেখব।

শ্রী খগেন মুর্মু: স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন- যে মালদা জেলার জগজীবনপুর, জগজীবনপুরে তুলাভিটা, সেখানে যে বৌদ্ধবিহার আবিষ্কৃত হয়েছে, ওই জায়গাতে পর্যটকদের আকর্ষণ করবার জন্য, পর্যটন কেন্দ্রকে আরও উন্নত করা, তার জন্য রাজ্য তালিকাভুক্ত করার কোন পরিকল্পনা আছে কিনা দয়া করে জানালে ভাল হয়।

শ্রী গৌতম দেব: জগজীবনপুরের যে কথা আপনি বলেছেন, এটা পর্যটন দপ্তরের অ্যাকটিভ কনসিডারেশানে আছে। এই প্রজেক্টটা আমরা নেব।

শ্রীমতী মহুয়া মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটি সাপ্লিমেন্টারী প্রশ্ন করতে চাই। নর্থ বেঙ্গলে বেঙ্গল সাফারি নামে একটি অভিনব সাফারি শুরু হয়েছে। এটা ভারতবর্ষের সবচেয়ে বড় ওপেন এয়ার সাফারি। এটা কি ট্যুরিজিম কমপ্লিটলি নিজেরা করছে না পি পি পি তে করছে? আর এখানে পর্যটকদের জন্য কি কি সুযোগ-সুবিধা আছে সেটা যদি বলেন ভাল হয়।

শ্রী গৌতম দেব : মাননীয়া সদস্যকে আমি জানাতে চাই যে বেঙ্গল সাফারি শিলিগুড়ির থেকে অলরেডি সেভেন কিলোমিটার টুওয়ার্ডস সেবক - সেখানে ২৯৭হেক্টর জমির উপরে দেশের সর্ববৃহৎ ওপেন সাফারি তৈরি হয়েছে।

[11:20 – 11.30 a.m.]

সেটা রাজ্য পর্যটন বিভাগ, উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ এবং বন দপ্তর তারা এই কাজটা করছে। ইতিমধ্যেই সেখানে রয়েল বেঙ্গল টাইগার আনা হয়েছে। সেখানে চিতাবাঘের জন্য এনক্লোজার তৈরি করা হচ্ছে। হিমালয়ান ব্ল্যাকবিয়ার সেখানে থাকবে। প্রায় দুশোর বেশি হরিণ সেখানে ওপেন এয়ারে ছাড়া হয়েছে, সেখানে ঘড়িয়াল ছাড়া হয়েছে। বিভিন্ন প্রজাতির পাখি সেখানে আনা হয়েছে। এই ধরনের আরো বহু পরিকল্পনা আছে, ভবিষ্যতে বাইসন ওখানে আনার চেষ্টা করা হচ্ছে। একটা রাইনো সেখানে আছে। সেখানে ন্যাচারাল ময়ূর এবং অনেক জন্তু, জানোয়ার, পাখি দেখা যায়। একটা খুব ভাল ওয়ার্ড ট্রেল করা হয়েছে। বিশেষ টাইপের আটটা বাস ইন্ডোর থেকে নিয়ে আসা হয়েছে। সেই বাসের মাধ্যমে এই কেন্দ্রটি ঘুরে দেখছেন এবং এটা জেনে সকলে খুশি হবেন যে এটা গত বছর ২০১৬ সালের জানুয়ারীতে মাননীয়া মুখ্যমন্ত্রী উদ্বোধন করেছিলেন। এখনো সেটা ব্রেক ইভেনে আছে। কোন লস হচ্ছে না রাজ্য সরকারের। পর্যটকদের কাছ থেকে, ভিজিটারদের কাছ থেকে সামান্য যে পয়সাটা পাচ্ছি তাতে আমরা রেভিনিউ এক্সপেনডিচার বেশিটাই আমরা মিট করতে পারছি।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রীর আরো অনেক প্রশ্ন আছে। আমাদের বিধায়ক সমীর জানার বাড়িতে একটা দুর্ঘটনা ঘটে গেছে, তাই উনি চলে যাবেন। পরের প্রশ্নটা হল ওনার।

বিশ্ব উষ্ণায়নের ফলে সমুদ্র ও নদীতে জলস্ফীতি

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২২) **শ্রী সমীর কুমার জানা** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিশ্ব উষ্ণায়নের কারণে ব্যাপকভাবে তুষার গলার ফলে অদূর ভবিষ্যতে সমুদ্র ও নদীগুলিতে জলস্ফীতি ঘটবে; এবং

(খ) সত্যি হলে, এই সংকট থেকে পরিত্রাণের জন্য সরকার কোন উদ্যোগ গ্রহণের পরিকল্পনা গ্রহণ করেছে কি না?

শ্রী রাজীব ব্যানার্জী : ক) বিশ্ব-উষ্ণায়নের ফলশ্রুতিস্বরূপ তুষার গলনের ফলে নদী বা সমুদ্রে সম্ভাব্য জলস্ফীতির পরিমাণ নির্ধারণ সংক্রান্ত বিষয়ে কোন গবেষণা এই বিভাগে হয় না।

খ) তবে, রাজ্যের সমুদ্রতটে, জলস্ফীতির পরিমাণ নিয়মিত পরিলক্ষিত হয় এবং সমুদ্র বাঁধের উচ্চতা উক্ত পর্যবেক্ষণের উপর নির্ধারিত হয়।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় মন্ত্রীর প্রশ্নের উত্তরে আমরা একটু আশঙ্কিত সুন্দরবনের মানুষ হিসাবে পরিবর্তিত পরিস্থিতির উপরে লক্ষ্য রেখে এটি মন্ত্রী মহোদয় নিঃসন্দেহে গুরুত্ব সহকারে চিন্তা ভাবনা করছেন, আগামী দিনে সেটা করবেন এই বিষয়ে আমাদের ভরসা আছে। কেন্দ্রীয় সরকারের প্রতি সেই বিষয়ে সজাগ করার দরকার আছে। আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই প্রতি বছরে আমাদের সুন্দরবন প্রত্যন্ত এলাকায়, নদীবেষ্টিত এলাকায় যে ভালনারেবল পয়েন্টগুলি থাকে তার আগাম ব্যবস্থা নেওয়ার ফলে বন্যার হাত থেকে শুধু সুন্দরবন নয়, পশ্চিমবঙ্গ রাজ্য নানা ভাবে উপকৃত হয়ে আসছে। বন্যার হাত থেকে তারা দূরে থাকতে পেরেছে। আমার মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আগামী দিনে ঝড়, ঝাপটা, ঝঞ্ঝা আসার আশঙ্কা তাতে যে বন্যা হতে পারে আপনি এইবারে ভালনারেবল পয়েন্টগুলি মেরামতির ব্যাপারে আগাম কোন উদ্যোগ গ্রহণ করেছেন কি না যদি কাইন্ডলি বলেন।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি আপনি জানেন যে নিয়ম করে বর্ষার আগে এবং বর্ষার পরে দুইভাবে বিভিন্ন জায়গায় আমি নিজে ঘুরি আমার ডিপার্টমেন্টের আধিকারিকদের নিয়ে। সুন্দরবনের বিস্তৃর্ণ অঞ্চলে কিছুদিন আগে আমি একটা পার্টে ঘুরেছি। আগামী পার্ট আগামী কয়েক দিনের মধ্যে ঘুরব এবং বিগত বর্ষার পরেও আপনাদের সবাইকে নিয়ে একটা জায়গায় দেখা হয়েছিল। যেগুলি ভালনারেবল পয়েন্ট সেগুলি সবকটাই চিহ্নিত করা হয়েছে। আমি আলাদা ক্ষেপে দুটোর বর্ণনা দিতে চাই। আয়লার বাঁধ এক রকম আর একটা নর্মাল বাঁধ যেমন দিই। আমরা এই বছর প্রায় ২৮.৫ অথাৎ প্রায় সাড়ে আঠাশ কিলোমিটারের আয়লার বাঁধ হাতে নিয়েছি। যেগুলি প্রত্যন্ত ভাঙ্গন প্রবন জায়গা। আপনার বিধানসভার কেন্দ্রের ব্লকটা তার মধ্যে পড়ে। এছাড়া ২০১৬-১৭ সালে আরো ২৭৭ কিলোমিটার নদী ভাঙ্গন রোধের কাজ সারা পশ্চিমবঙ্গ জুড়ে করছি। সুতরাং ভালনারেবল পয়েন্টগুলিকে যতসম্ভব - কেন্দ্রীয় সরকার আমাদের টাকা দিচ্ছে না তারপরেও রাজ্য সরকার আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রচেষ্টায় আমরা যতগুলি পারছি বিভিন্ন জায়গায় আমরা সার্ভে করে দেখেছি সব ভালনারেবল পয়েন্টগুলি। আমরা আশা করছি ধীরে ধীরে কভার করে উঠতে পারব।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় স্পীকার সাহেবের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন হচ্ছে আমি জানি যে মা মাটি মানুষের সরকার প্রতিষ্ঠিত হবার পরে স্বচ্ছতার সঙ্গে সব জায়গায় কাজকর্ম চলছে এবং এই দপ্তরের বিরুদ্ধে বহু অভিযোগ, বহুবিধ দুর্নাম, দুর্নীতি ছিল । মা মাটি মানুষের সরকার প্রতিষ্ঠিত হবার পরে মাননীয় রাজীব বাবু দায়িত্ব পালন করার পরে এই স্বচ্ছতার নজির এখানেও প্রতিফলিত হচ্ছে - মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কি জানতে চাইব, বলতে পারবেন যে এই দপ্তর কিভাবে স্বচ্ছতার মধ্য দিয়ে আপনি একটা সম্মানের জায়গায় উন্নীত করতে পারে সেটা যদি সভায় তুলে ধরতে পারেন তাহলে আমি আশ্বস্ত হব ।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি যে,একটা সময়ে আপনারা জানেন যে পশ্চিমবঙ্গ সরকারের এই দপ্তরটা একদম আস্তাকুঁড়ে ছিল - বলতে পারেন আবর্জনার জায়গা ছিল। আমাদের মা মাটি মানুষের সরকার আসার পরে মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে আমরা একটা জায়গায় নিয়ে এসেছি। প্রথম যে উদ্যোগ নিয়েছি সেটা আপনারা জানেন যে, ই-গর্ভনেন্স আমরা চালু করেছি। তার সঙ্গে সঙ্গে একটা সময়

এনলিস্টমেন্ট প্রথা ছিল। আমি দায়িত্বে আসার পরে ২০১২ সালের শেষের দিকে ২০১৩ সালের প্রথম দিকে আমরা সমস্তরকম এনলিস্টমেন্ট বন্ধ করে দিয়েছি এবং এনলিস্টমেন্ট বন্ধ করার পর থেকে আমরা সবটাই স্বচ্ছতার মাপকাঠিতে একদম ইন্টারনাল ব্যবস্থা যেটা আমাদের অর্থ দপ্তরের মাননীয় মন্ত্রী সবাই মিলে উদ্যোগ নিয়েছেন, আমরা ইন্টারনাল প্রক্রিয়া চালু করেছি এবং বিভিন্ন কাজের আগে আমরা একটা অডিও ভিসুয়াল টেপ তৈরি করছি এবং এই অডিও ভিসুয়াল টেপটা এই কারণে যে কাজটা করার আগে কি অবস্থায় ছিল, কাজটা চলার সময় কি অবস্থা এবং কাজটা শেষ হয়ে গিয়ে কি অবস্থায় আছে এবং সেটা সবটাই আমরা ওয়েবসাইটটাকে আধুনিক মানের করে দিয়েছি। এই ওয়েবসাইটটাকে আধুনিক মানের করে এই সমস্তটাকেই আমরা অন লাইনে আপলোড করে দিচ্ছি, যাতে সবাই সেটা দেখতে পারে। আমরা বিল পেমেন্ট করার আগে আমাদের একটা টিম তৈরি করা হয়েছে, সেখানে আমাদের একজন সেক্রেটারীকে মাথায় রেখে অন্যান্য চিফ ইঞ্জিনিয়ারদের নিয়ে, যারা প্রতি মুহূর্তে এই প্রক্রিয়ার সঙ্গে ঢুকে সব সময় কাজ ঠিকমত হচ্ছে কি না সেটা পরিলক্ষিত করার জন্য। তৃতীয় হচ্ছে বিভিন্ন সময় আমাদের যে বিভিন্ন জায়গায় খনেককে হয়রান হতে হয় একটা হয়ত অনুমতি নেওয়ার জন্য বা এন.ও.সি নেওয়ার জন্য। আমরা এবার পুরোটাই অন লাইনে চালু করে দিয়েছি। হয়ত কেউ যদি মনে করেন - পানীয় জলের জন্য যদি কেউ এ্যাপ্লাই করেন বা কোন কারখানার জন্য যদি জল চান তারজন্য এখন থেকে আর আমাদের দপ্তরে আসতে হবে না আমরা পুরোটাই অন লাইন করে দিয়েছি। এবারে আমরা এ্যাটেনডেন্সের জন্য আমরা সি.সি.টি.ভি চালু করেছি অলরেডি এবং বায়োমেট্রিক পদ্ধতি আমরা চালু করে দিচ্ছি, যা নিয়ম আছে আমরা পুরো কমপ্লিট করে দেব অল ওভার ওয়েস্টবেঙ্গল। সি.সি.টি.ভি অলরেডি জলসম্পদ ভবন থেকে চালু হয়েছে এবং আস্তে - আস্তে আমাদের যত দপ্তর রয়েছে, যত ডিভিশান রয়েছে সারা পশ্চিমবঙ্গে - সব জায়গায় আমরা চালু করে দেব। এর বাইরেও আমরা আরো কিছু স্টেপ নিয়েছি, আমরা নিজেদের সেন্ট্রাল ডিজাইন অফিসগুলোকে পুরো মডিফাই করেছি। আমাদের নিজেদের যে একটা রিভার রিসার্চ ইনস্টিটিউট ছিল, সেটা দীর্ঘদিন অবহেলিত ছিল, সেই রিভার রিসার্চ ইনস্টিটিউটটাকে নতুন করে তৈরি করা হচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সহায়তায় এবং আমরা নিজেরা কোয়ালিটি কন্ট্রোল ল্যাব খুলেছি যেটা এতদিন ছিল না। আমরা ৭টা জায়গা আইডেনটিফাই করেছি, তার মধ্যে আপনাদের কাকদ্বীপও আছে। আমরা পশ্চিমবঙ্গের সাতটি জায়গায় কোয়ালিটি কন্ট্রোল ল্যাব খুলে প্রতি মুহূর্তে কোথায় কী কাজ হচ্ছে তার গুণমান যাচাই করার জন্য সবরকমভাবে চেষ্টা করছি মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এই দপ্তরকে স্বচ্ছতার সঙ্গে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য।

শ্রী বুলুচিক বরাইক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা প্রশ্ন হচ্ছে যে, আমার 20 - Mal বিধানসভা কেন্দ্রের চাঁপাডাঙা গ্রামপঞ্চায়েতে গত ২০১৬ সালে যে বন্যা হয়েছিল তাতে ৩৫০-৪০০ কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছিল। এটা মাননীয় মন্ত্রী - সাহেব দেখে এসেছেন, ওখানে একটা বাঁধ দরকার - প্রেমগঞ্জ বাঁধ। এই বাঁধটার জন্য ওনার কোন পরিকল্পনা আছে কি না জানাবেন।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি যে, বিগত দিনে আপনার সাথে আমি ভিজিট করেছিলাম আর প্রেমগঞ্জ নিয়ে আপনাদের দাবি দীর্ঘদিনের। যতবার নর্থ বেঙ্গলে যেতাম আমি ভয় পেতাম এই কারণে যে ওখানে গেলে প্রেমগঞ্জের বিষয়টা আসবে। প্রেমগঞ্জের যে পরিস্থিতিটা সেটা আপনিও জানেন আমি বলেছিলাম - ন্যাচারেলি যে কথাটা সমীরবাবু প্রশ্ন করেছিলেন যে -জলতল বৃদ্ধি পাচ্ছে। বিশ্ব উষ্ণায়ণের পরিপ্রেক্ষিতে

এমন একটা অবস্থায় এসেছে আমার কাছে একটা রিপোর্ট আছে, যেটা যাদবপুর ইউনিভার্সিটির সাথে আমরা নিজেরা পরিস্থিতিটা দেখেছি। সেটা এমন একটা পরিস্থিতি বিশেষকরে নর্থ বেঙ্গলে নদীর ক্যারেকটারগুলো অন্যরকম। যাই হোক আপনাদের সকলের রিকোয়েস্টেই করব কারণ আপনারা জনপ্রিতিনিধি হিসাবে নিশ্চিতভাবে মানুষের জন্য কাজ করেন - ধন্যবাদ। আমরা এই বছরে ২০১৭ '১৮ তে প্রেমগঞ্জের জন্য ৬ কোটি টাকা ব্যয়ের একটা বাঁধের কাজ ধরেছি, সেটার কাজ খুব শীঘ্রই শুরু হবে।

[11:30 – 11.40 a.m.]

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচ দপ্তরের মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় সদস্যের প্রথম প্রশ্নের উত্তরে আপনি বলেছেন যে, বিশ্ব উষ্ণায়নের প্রভাব সম্পর্কে আপনার দপ্তর কোনো গবেষণা করে না। সুতরাং আপনি ওটা এড়িয়ে গেলেন। দেখুন বিশ্ব উষ্ণায়নের প্রভাব নিয়ে গোটা বিশ্বের সমস্ত দেশগুলোর বৈঠক হচ্ছে বারে বারে। প্রতি বছরই প্রায় বৈঠক হয়। এর প্রভাব আমাদের প্রাকৃতিক জীবনে, সামাজিক জীবনে পড়বে। আপনার দপ্তর সে সম্পর্কে কোনো চিন্তা করে না, এটা মনে হয় এড়িয়ে গেলেন। যাই হোক আমার প্রশ্ন ২০০৯ সালে আয়লার পরবর্তীকালে ৭৭৮ কিলোমিটার নদী বাঁধ মেরামত করার কথা যার ৮০ শতাংশ টাকা কেন্দ্র দেবে এবং ২০ শতাংশ টাকা রাজ্যকে দিতে হবে। এ পর্যন্ত কত নদী বাঁধ গত ছয় বছরে আপনার দপ্তর করতে পেরেছে যদি মাননীয় মন্ত্রী বলেন?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে প্রথমেই বলি যে, আমি কোনো কিছু এড়িয়ে যাইনি। আমি বাস্তবটা আপনাকে বলেছি যে, আমাদের সেচ ও জলপথ দপ্তরের কাজ নয় বিশ্ব উষ্ণায়ন নিয়ে পরীক্ষা নিরীক্ষা করার। আমি একটু আগে ওনার প্রশ্নের উত্তর দিয়েছি এই কাজ করে সাধারণত বিভিন্ন বিশ্ববিদ্যালয়, গবেষণাগার। আমরা তাদের সঙ্গে যোগাযোগটা মেন্টেন করি যেটা আমি একটু আগেও আর একটা প্রশ্নের উত্তরে উল্লেখ করলাম যে, যাদবপুর ইউনিভার্সিটির সঙ্গে রেগুলার আমরা কনট্রাক্টে রয়েছি। যাদবপুর ইউনিভার্সিটি যে যে ভাবে গবেষণা করে যা যা তথ্য দেয় ন্যাচারালি আমরা সেই অনুযায়ী কাজ করি। সুতরাং গবেষণা করা আমাদের দপ্তরের কাজ নয়। তাই আমি সভাবতই এই উত্তরটা দিয়েছি। দ্বিতীয়ত আপনি প্রশ্নটা করেছেন আয়লা নদীবাঁধ সংক্রান্ত। আমি আপনাকে একটু ঘুরিয়ে যদি প্রশ্নটা করি যে ২০০৯ এর ২৫ মে আয়লা হয়েছিল। ২০০৯-২০১১ এর মে অবধি আগের সরকার ক্ষমতায় ছিল। আমাকে এই উত্তরটুকু দিতে পারবেন এই দুই বছরে আগের সরকার ক'মিটার বাঁধ বেঁধে ছিল? আপনার উত্তরটা হবে শূন্য। এক মিটারও বাঁধ বাঁধা হয়নি। আপনারা জানেন যে সাগরের মতো জায়গায়, যে জায়গায় আয়লা হয়েছিল, সুন্দরবনের প্রত্যন্ত জায়গায় একটা ইটও যদি নিয়ে যেতে হয় - আমি এতবার ঘুরেছি, এখানে অনেক বিধায়ক রয়েছেন, আপনিও আছেন। সুতরাং আপনারা জানেন ওখানে একটা ইটও নিয়ে গিয়ে যদি বাঁধ বাঁধতে হয় সেটাও নৌকা করে নিয়ে যেতে হয়। আর সমুদ্রে, আপনারা জানেন যে যখন turmoil বা রোলিং চলে স্বাভাবিকভাবে আমরা দেখেছি মে মাস থেকে শুরু করে ইভেন নভেম্বর মাসেও কাজ করা যায় না। মাত্র আমার হাতে থাকে ৫-৬ মাস যখন আয়লার বাঁধটা বাঁধতে পারি। তাও আমি গর্বের সঙ্গে বলব এই বিগত ৬ বছরে, অথাৎ এই ৬ বছরের প্রথমে যেই সময় আমরা সরকারে এসেছিলাম, আমরা এসে দেখেছিলাম ভুলেভরা টেন্ডার আগে হয়েছে। আমি এই সদনে বাজেট বক্তৃতাতে বলেছিলাম যে, সমস্ত বড় বড় বিভিন্ন জায়গায় কারোর হয়তো - আমি জানিনা কি অভিপ্রায় ছিল? সেটা নিয়ে অলরেডি আমাদের তদন্ত হয়েছে। আমি এখানে আর সেটা বিস্তারিত বলতে চাই না। বললে হয়তো অনেকে একটু দুঃখ পাবে। কিন্তু শুধু ১০

পার্সেন্ট করে মবিলাইজেশন দিয়ে কারোর পকেট ভরা হয়েছে। এক টাকারও কাজ হয়নি। আমরা দায়িত্ব নেওয়ার পরে, মা-মাটি-মানুষের সরকার আসার পর এই স্বচ্ছতার কথা বলতে গিয়ে আর একবার বলতে হবে যে, আমরা সমস্ত টেন্ডার বাতিল করে এই যে ১০ পার্সেন্ট টাকা প্রায় ৭৮ কোটি টাকা আমরা সরকারের ঘরে ফেরত নিয়ে এসেছি। ফেরত এনে আমরা নিজেরা কাজ শুরু করেছি। তার ফলশ্রুতি আজকে দেখুন প্রায় ৭৪ কিলোমিটার নদী বাঁধ মাত্র ৫ মাস করে এই চারটে পাঁচটা বছর কাজ করতে পেরেছি। তার মধ্যে ৭৪ কিলোমিটার নদী বাঁধের কাজ প্রায় শেষের দিকে।

শ্রী অপূর্ব সরকার : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে বলি এই প্রশ্নটা যদি এনভায়রনমেন্ট ডিপার্টমেন্টে আসত তাহলে নিশ্চিতভাবে ভালো হত। কারণ ঠিকই বলেছেন উনি যে, ওনার কাছে রেকমেন্ডেশান আসতে পারে। প্রশ্নটা হচ্ছে এইরকম যে বিশ্ব উষ্ণায়ন একটা আন্তর্জাতিক ব্যাপার। অনেক বড় সাবজেক্ট। কিন্তু যেটা আমরা দেখছি আমরা যে রাজ্যে বাস করছি এই কলকাতা, তাতে বিভিন্ন রিপোর্ট থেকে দেখা যাচ্ছে শুধু এই কলকাতা নয় ১০ টা বড় বড় শহর কোস্টাল লাইনের উপর যে শহরগুলো আছে, যেমন কলকাতা, মুম্বাই, হংকং, হ্যানয়, ঢাকা, জাকার্তা এই শহরগুলো কিন্তু আন্ডার থ্রেট। আগামী দিন এই শহরগুলো বিশ্ব উষ্ণায়নের ফলে। জলের তলায় যেতে পারে। খুব স্বাভাবিকভাবে আমাদের জীবনবিপন্ন হতে পারে, এটা আমরা বলছি না, বিজ্ঞানিরা বলছে, সায়েন্টিস্টরা বলছে। আমার প্রশ্ন আপনার কাছে এই বিষয়ে বিভিন্ন যে রিসার্চ হয়েছে, বিভিন্ন যে বৈঠক হচ্ছে তার কোনো রেকমেন্ডেশান আপনার দপ্তরে এসেছে কি না?

বাঁধ বাঁধানো এবং মেরামত করা ছাড়াও, ফ্লাড এবং সাইক্লোন যেসব আসে তার আগাম পূর্বাভাস আপনার দপ্তর থেকেই যায়। এনভায়রণমেন্টের রেকমেন্ডেশন অনুযায়ী আপনার দপ্তর মানুষকে বাঁচানোর কাজ করে। এই ধরণের কোন রেকমেন্ডেশন পরিবেশ দপ্তর থেকে আপনার কাছে এসেছে কি না যদি বলেন।

শ্রী রাজীব ব্যানার্জী : একটু সংশোধন করে দিই, সাইক্লোন বা ঝড় জলের আগাম খবর এই দপ্তর দেয় না, সেটা দেয় ইন্ডিয়ান মেটেরোলজিক্যাল ডিপার্টমেন্ট। কিন্তু আমাদের সঙ্গে রেগুলার হয়। CWC, IMD তাদের সাথে রেগুলার আমাদের যোগাযোগ থাকে। আমাদের ভিডিও কনফারেন্সিং চালু হয় প্রত্যেক বর্ষায়, ১ লা জুন থেকে শুরু করি, যতদিন বর্ষা শেষ না হয় এবং আমি নিজেও সেটা দেখি। প্রত্যেকদিন ১০ টা ৩০ মিনিটে হয় বর্ষার সময়। বিশ্ব উষ্ণায়ন নিয়ে কি হতে পারে সেটা যারা এই বিষয়ে গবেষণা করে তাদের কাজ। কিন্তু আমরাও চোখ বন্ধ করে বসে নেই। আমরা নিজেদের থেকেই একটা সার্ভে করিয়েছিলাম। এটা করার প্রয়োজন ছিল না, কিন্তু পশ্চিমবঙ্গের মানুষের জীবনজীবিকা বাঁচানোর জন্য আমরা মনে করেছি এটা করা দরকার। ইতিমধ্যে দীঘার সমুদ্রতটে আমরা একটা করেছিলাম। সেখানে আমিও কয়েকদিন উপস্থিত ছিলাম। সেখানে পর্যবেক্ষণ করে দেখলাম, বঙ্গোপসাগরের সমুদ্রতটে - আপনারা শুনলে অবাক হবেন ০.৫ ডিগ্রি সেন্টিগ্রেড করে প্রত্যেক বছর তাপমাত্রা বাড়ছে। অর্থাৎ আমরা যদি আগামী ১০০ বছর টার্গেট করি, তাহলে ৫ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রা বাড়ছে। এটা হলে কি হতে পারে ? জল তলের উচ্চতা যতটা বৃদ্ধি পাবে সেটা হিসেব করে দেখেছি ৫/৬ বছরে জল তল ৮ মিলিমিটার বৃদ্ধি পেয়েছে। মানে জলস্তর ৮ মিলিমিটার বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন জায়গায় বিভিন্ন সিনারিও যেটা চেঞ্জ হয়ে যাচ্ছে, চারিদিকে আমরা যেটা দেখছি যে এত জায়গায় এত তোড়ে একটা বাঁধ ভেঙ্গে গেল, অমুক হ'ল, অর্থাৎ জলতলটা প্রতি মুহূর্তে কিন্তু বাড়ছে বিশ্ব উষ্ণায়নের জন্য যার ফলে আমরা একটা সিদ্ধান্ত নিয়েছি এবং যারা এখানে পূর্ব মেদিনীপুরের

মাননীয় বিধায়ক অনেকেই রয়েছেন, যারা দীঘা বা বঙ্গোপসাগরের আশেপাশে থাকেন, ইভেন সাগরে - আমরা কি করেছি, এবারে বাঁধের ধরণটাও আমরা একটু চেঞ্জ করেছি। রেকমেন্ডেশন এখনও অবধি কিন্তু আসেনি। কিন্তু আমরা আমাদের নিজেদের স্বার্থে যাদবপুর বিশ্ববিদ্যালয়কে নিয়ে এবং একটু আগে আমি যে কথাটা বলছিলাম, আমাদের একটা উইং আছে রিভার রিসার্চ ইনস্টিটিউট বলে, যেটা একদম ডিফাংকট অবস্থায় ছিল, আমরা সেটাকেও যাদবপুর ইউনিভার্সিটিকে দিয়ে ফাংশানাল করাচ্ছি। যার কারণে আমরা দীঘাতে অনেক নতুন সিট পাইলিং করছি। দেখবেন আমরা অনেক জায়গায় নতুন বাঁধ তৈরি করছি, যেখানে নর্মাল বাঁধ তৈরি করছি না। আয়লা যেখানে হয়েছে, সেখানে দেখুন আমরা ডিজাইন চেঞ্জ করে সসেস তৈরি করে একদম তলা থেকে তুলছি। কোথাও সিট পাইলিং করে, একদম মেটাল সিট ভিতরে ঢুকিয়ে দিয়ে সেখান থেকে বাঁধ উপর দিকে তোলা হচ্ছে। যাতে এই ভাঙন থেকে কিছুটা হলেও রক্ষা পাওয়া যায়। সুতরাং এই নিয়ে আমাদের রেগুলার পরীক্ষা-নিরীক্ষা চলছে। আমরা আরও অ্যাডভান্সড স্টেজে যাবার চেষ্টা করছি এবং রিভার রিসার্চ ইনস্টিটিউটকে ফাংশানাল করলে আশা করি আগামী দিনে আরও ভালো করে এই বিশ্ব উষ্ণায়নকে সামনে রেখে আরও ভালো কাজ করতে পারব।

শ্রী পুলক রায় : স্যার, হুগলী নদী হাওড়া এবং দক্ষিণ ২৪ পরগণার মাঝখান দিয়ে বয়ে গেছে। বিগত দিনে কেন্দ্রীয় সরকারের পোর্ট ট্রাস্ট এসব জায়গাগুলোতে জাহাজ চলাচলের জন্য ড্রেজিং করত। দীর্ঘদিন ড্রেজিং বন্ধ থাকার ফলে, জাহাজগুলো হাওড়ার দিক দিয়ে যাবার কারণে বাঁধগুলো দিনের পর দিন ধ্বংস হচ্ছে। পোর্ট ট্রাস্ট দীর্ঘদিন ড্রেজিং করছে না, এই ব্যাপারটা কি পোর্টট্রাস্টকে জানিয়েছেন ? জানালে ভালো হয়। মন্ত্রী হিসাবে আপনি অনেক বাঁধ করছেন, কিন্তু দিনের পর দিন এইভাবে বাঁধগুলো নষ্ট হচ্ছে।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় বিধায়ক খুব গুরুত্বপূর্ণ পয়েন্ট হাইলাইটস করেছেন। আপনি ঠিকই বলেছেন, এটা পুরোটাই KOPT এর আন্ডারে। ওরা জাহাজ চলাচলের জন্য পয়সা নেয়, কিন্তু ড্রেজিং করে না। এই ব্যাপারে আমি আগেও উত্তর দিয়েছি। আপনি জানলে অবাক হবেন যে, আমরা একটা সার্ভে করেছিলাম লঞ্চে করে, আমিও গিয়েছিলাম। এমন একটা তথ্য পেয়েছি, যে তথ্যটা কয়েকদিন আগে বা কয়েক মাস আগে কি বছর আগে খবরের কাগজেও বেরিয়েছিল।

[11:40 – 11.50 a.m.]

অনেকগুলো দেখবেন ছোট ছোট বার্জ, নৌকা, জাহাজও ডুবি হয়েছে। সেই জাহাজগুলো ডুবে ওইখানে পড়ে রয়েছে। ইভন কে.ও.পি.টিকে বারবার বলার পরেও সেইগুলোর স্ক্র্যাপ তুলে নিয়েও চলে যায় নি বা তুলে নিয়ে যাওয়ার কোন বন্দোবস্তও করে নি বা তাদের সেই ইনফ্রাস্ট্রাকচার আছে কি না আমরা জানি না। এটা নিয়ে আমি নিজে কে.ও.পি.টির তৎকালীন যিনি চেয়ারম্যান ছিলেন তাঁকে বিষয়টা জানিয়েছিলাম। তিনি আমাকে বলেছিলেন যদিও যে 'আমরা এটাকে গুরুত্বের সঙ্গে দেখছি'। কিন্তু আমার যতদূর মনে হয় এই প্রক্রিয়া, আপনারও ওদিকে থাকেন, আমরাও কেউ নজরে দেখি নি। যার জন্য জাহাজগুলো মাঝদরিয়া দিয়ে যেতে পারে না। অ্যাকচুয়ালি এখানে ওইগুলোতে অবস্ট্রাকশন হচ্ছে বলে বেশিরভাগটা পাড় ধরে যায় বলে ন্যাচারালি পাড়গুলো ভেঙ্গে যায়। কে.ও.পি.টিকে বহুবার বলা হয়েছে। আমাদের মাননীয় রাষ্ট্রমন্ত্রী লক্ষীরতন শুক্লা বসে আছেন। ওর ঘুসুড়ির ওখানে ভয়াবহ ভাঙ্গন। ব্রজমোহন মজুমদার আমাদের দক্ষিণ হাওড়ার বিধায়ক, ওখানেও ভাঙ্গন। শীতল সর্দার আমাদের এখানে

বসে আছেন সাঁকরাইলে ভাঙ্গন, আপনার উলুবেড়িয়াতে ভাঙ্গন। আমাদের ডেপুটি স্পীকারের এলাকা, প্রত্যেক জায়গাতে সেম জিনিস। আপনারা বলার পরে কে. ও. পি. টি কিচ্ছু করে না। ডি এম সাহেবের কাছে আপনি একবার প্রশ্নটা তুলেছিলেন, আমিও এটা রেইজ করেছিলাম। ডি এম সাহেব এবং আমাদের আধিকারিকরা থেকে মিটিং হয়েছিল। কে ও পি টিকে রেগুলার চিঠি দিয়েছি। কত চিঠি দিয়েছি তার ঠিক নেই। রিসেন্টলি ঘুসুড়ি দেখার পরে আবার একটা চিঠি দেওয়া হয়েছে আমার তরফ থেকে এবং হাওড়া মিউনিসিপ্যাল করপোরেশনের তরফ থেকে। কিন্তু কোন ভ্রুক্ষেপ তাদের নেই। তারা স্ট্রেট বলে দেয় এই কাজ আমাদের না। মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী যিনি আছেন, গত বছরে আমি তাকেও জায়গাটা দেখিয়েছিলাম। ভিজিট করিয়েছিলাম। উনি নিজেও দেখে বলেছিলেন কে.ও.পি.টি ওনার দপ্তরের মধ্যে পড়ে না। অন্য দপ্তরের আওতাধীন তাঁর সঙ্গে কথা বলে কিছু করব। আলটিমেটলি কেন্দ্রীয় সরকার উদাসীন। এই জায়গায় দাঁড়িয়ে যেখানে যেখানে, যেমন, আপনার কিছু রিকোয়েস্ট, আমাদের মাননীয় ডেপুটি স্পীকারের কিছু রিকোয়েস্ট, আমাদের অন্যান্য বিধায়কদের রিকোয়েস্ট, সেগুলো কিছু কিছু জায়গায় আমরা করেছি। আলটিমেটলি কে.ও.পি.টি যদি এটা নিয়ে সিরিয়াসলি না ভাবে তাহলে কিন্তু সত্যি বলছি আগামী দিনে, পাড় বাঁধিয়ে, বাঁধিয়ে আমাদের এত টাকা, রাজ্যসরকারের কোষাগার শূণ্য হয়ে যায়। কেন্দ্রীয় সরকার কিছু করছে না। একটা কিছু ভাবতে হবে। আমরা দেখছি এটা আরও উচ্চ পর্যায়ে কীভাবে নেওয়া যায়।

বনভূমির পরিমাণ বৃদ্ধি

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫) **শ্রী নগেন্দ্র নাথ রায়** ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বনভূমির মোট আয়তন কত; এবং

(খ) বনাঞ্চলের পরিমাণ বৃদ্ধির জন্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মন : (ক) রাজ্যে বনভূমির মোট আয়তন ১১,৮৭৯বর্গ কিলোমিটার অর্থাৎ ১১,৮৭,৯০০হেক্টর।

(খ) প্রতি বছরই নির্দিষ্ট বনাঞ্চলের মধ্যেই ফাঁকা /ক্ষয়িষ্ণু জমিতে এবং বনাঞ্চলের বাইরে ফাঁকা জায়গায় গাছ লাগিয়ে বন-আচ্ছাদন (forest cover)বাড়িয়ে তোলা হয়। এছাড়াও, জনসাধারণের মধ্যে গাছের চারা বিতরণের মাধ্যমে বন-আচ্ছাদন বৃদ্ধির প্রচেষ্টা চলছে।

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। স্যার, রাজ্যের এখন গভীরতর অসুখ। ঋণ নিয়ে চিকিৎসা করতে হচ্ছে, চলতে হচ্ছে। আমার সাপ্লিমেন্টারি কোশ্চেন হল, যে আপনি 'জাইকা' প্রকল্পে হার সুদে কি পরিমাণ টাকা ঋণ নিয়েছেন ?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মন : স্যার, 'জাইকা' প্রকল্পটা হচ্ছে জাপান গভর্ণমেন্টের জাপান ইন্টারন্যাশনাল কোঅপারেটিভ এজেন্সী। এই এজেন্সীর কাছ থেকে আমাদের রাজ্যসরকার ৪০৬কোটি টাকা নিয়েছেন। কেন নিয়েছে স্যার, তার গুরুত্বটা আমি বলছি। একটু আগেই আপনারা শুনলেন পূর্ববর্তী প্রশ্নে যে উষ্ণায়নের ব্যাপারে। আজকে সকলেই চিন্তিত। সারা বিশ্বের মানুষ এই উষ্ণায়ণ নিয়ে বিব্রত। তাই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী জাপানের এজেন্সীর কাছ থেকে ৪০৬কোটি টাকা নিয়েছেন।

এবং উনি এটার শুভ সূচনা করেছেন ২০১৩ সালের ডিসেম্বর এর ১৬ তারিখে। এই টাকা নিয়ে আমরা কি করব দেখুন। এর প্রথম কাজ হচ্ছে বৃক্ষরোপণ করা। আমরা সবাই জানি যে উষ্ণায়ণকে রোধ করতে গেলে আমাদের প্রচুর পরিমাণে বৃক্ষরোপণ করার দরকার। সেই উদ্দেশ্যে আমরা এই প্রকল্পের মধ্য দিয়ে ২১,৭৭০ হেকটর জমিতে বৃক্ষরোপণ করব যেটা কিনা ফরেস্টের মধ্যে থাকবে১৮,৯৭০ হেকটর এবং ফরেস্টের বাইরে থাকবে ২,৮০০ হেকটর। এছাড়াও আমাদের এই প্রজেকটের মাধ্যমে আরও যে গুরুত্বপূর্ণ ব্যাপারগুলি আছে, যেমন আপনারা জানেন এই পরিবেশকে রক্ষা করতে গেলে আমাদের জীববৈচিত্র্য রক্ষা করাটা অত্যন্ত প্রয়োজন। আমরা ছোটবেলায় দেখেছি, যেটা নতুন প্রজন্মরা জানে না, এই ঝি ঝি পোকার ডাক, এটা আমরা হারিয়ে ফেলেছি। এই যে জীববৈচিত্র্য একে রক্ষা করতে হবে। তাছাড়াও এই প্রকল্পের মধ্য দিয়ে কমিউনিটি ডেভলপ করছি অর্থাৎ ফরেস্টের আশেপাশে যারা থাকেন, সেই সমস্ত বনবস্তির মানুষ, গরীব মানুষ তাদের অর্থনৈতিক অবস্থা এবং সামাজিক জীবনযাত্রার মান উন্নয়ন করা হচ্ছে। স্যার, এই প্রকল্পের মধ্য দিয়ে আমি আপনাদের বলতে চাই এর সুদের হার খুব অল্প। সুদের হার হচ্ছে ৯.৬৫%। তাও এটা কখন দিতে হবে! আমরা যখন গাছ লাগাব, যেদিন থেকে আমরা সুদ নেব,তার ১০ বছর পরে এই সুদটা লাগু হবে। এই সুদটা আমরা ৪০ বছর পর্যন্ত শোধ করতে পারব। আজকের এই প্রজেকটের মধ্য দিয়ে কারা লাভবান হবেন বলছি। আমাদের জে এফ এম সি-র ৫৫০ গ্রুপ যেমন লাভবান হবে, তেমনি লাভবান হবে আমাদের এস এস সি -র ৫০ টা গ্রুপ।

শ্রী নগেন্দ্র নাথ রায় : স্যার, এই ছয় বছরে বনভূমি ধ্বংস হয়ে গেছে। আমার নির্দিষ্ট প্রশ্ন হল রাজ্যের কোন কোন জেলায় এবং কোন কোন স্থানে চারাগাছ লাগিয়েছেন?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : স্যার, এই প্রশ্নের উত্তর দিতে গেলে সবচেয়ে বেশী আঘাত লাগবে যে ৩৪ বছরে যারা পশ্চিমবাংলায় শাসন করেছিল, আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি, আমার উত্তরবঙ্গে বাড়ি। বয়স্ক মানুষ যারা এখানে আছেন, আপনারা জানেন সুন্দরবন বিখ্যাত সুন্দরী গাছের জন্য। আজকে সুন্দরবনে গেলে কোথাও বড় আকারে একটাও সুন্দরী গাছ পাবেন না। আমি ঘুরে এসেছি। আপনারা দেখেছেন এখানে যারা উত্তরবঙ্গের মানুষ অনেকেই আছেন, ৭৮ এর আগে উত্তরবাংলায় আন-টাচড্ ফরেস্ট ছিল। কেউ সাহস পেত না। ৭৮ এর আগে জঙ্গলে ঢোকার কেউ সাহস পেত না। কিন্তু আপনারা সবাই জানেন, আমি নামটা বলব না। নামটা বলা ঠিক হবে না। আমাদের একজন বনমন্ত্রীর দায়িত্ব পেয়েছিলেন। ওঁনার দৌলতে আমাদের উত্তরবঙ্গের জঙ্গল এবং সুন্দরবনের ফরেস্ট সাফাই হয়ে গিয়েছে। এইজন্য গ্রামবাংলার অনেক মানুষ ওঁনাকে সাফাই মন্ত্রী বলেন। আমি নামটা বলছি না। আজকে স্যার, ওখানে গিয়েছিলাম বিশাল বিশাল গাছ ছিল। ৭৮ এর আগে ওখানে আন-টাচড্ ফরেস্ট ছিল। দিনের বেলাতে সূর্যের আলো ঢুকতো না এত গভীর ফরেস্ট ছিল। সেটা এখন কোথায় গেল ! এখন গিয়ে দেখবেন জঙ্গলের। ভিতরে ফুটবল খেলার মাঠে পরিণত হয়ে গিয়েছে। স্যার, আমি ওনাকে হিসাবটা দিচ্ছি আমাদের এই জাইকা প্রকল্পের মধ্য দিয়ে আমরা গত দু বছরে যে প্ল্যানটেশন করেছি, মোট প্ল্যানটেশান করা হয়েছে। জাইকা প্রকল্পের মধ্য দিয়ে ১১,১৪৮ হেকটর।

[11:50 a.m. – 12.00 Noon.]

আমি সার্কেল ওয়াইজ দিতে পারি। ওয়েষ্টার্ন সার্কেলে আমরা বৃক্ষ রোপন করেছি জাইকা প্রকল্পের মাধ্যমে ২ হাজার ৪১৪ হেক্টর। সেন্ট্রাল সার্কেলে আমরা বৃক্ষ রোপন করেছি ৪৩৭১ হেক্টর, সাউথ-ইষ্ট সার্কেলে আমরা করেছি ১ হাজার ৩৬ হেক্টর। সাউথ-ওয়েষ্ট সার্কেলে আমরা

করেছি ৯৯৩.৫ হেক্টর। হিল সার্কেলে করেছি ১৭০ হেক্টর। নর্দান সার্কেলে করা হয়েছে ৫৭৫ হেক্টর। নর্থ-ওয়েষ্ট সার্কেলে করা হয়েছে ৬১২.৫ হেক্টর। ওয়াইল্ড লাইফ নর্থ সার্কেলে প্ল্যান্টেশন করা হয়েছে ৫২ হেক্টর। পার্লস অ্যান্ড্ গার্ডেন সার্কেলে করা হয়েছে ২৫ হেক্টর। এছাড়া আপনারা জানেন যে, গত বছর আমরা আমাদের বৃক্ষরোপন পরিকল্পনার মাধ্যমে প্রায় ১৫ হাজার হেক্টর জমিতে প্ল্যান্টেশন করেছিলাম। আপনাদের আমি আরেকটা বিষয় জানাই, মাননীয় বিধায়ক যে প্রশ্নটা তুললেন - আমাদের আমলে বৃক্ষ ধ্বংস হয়নি। আমাদের আমলে ২০১৫ সালে - যেটা ওনাদের আমলে ২০১১ সালে বৃক্ষ আচ্ছাদিত অঞ্চল আমাদের পশ্চিমবাংলায় ছিল ভৌগোলিক আয়তনের ১৭%। সেটা বর্তমানে বৃদ্ধি পেয়ে হয়েছে ২১.৩১ শতাংশ। সুতরাং এটা থেকেই প্রমানিত হয়ে যায়, আমরা ৫-৬ বছরের মধ্যে বৃক্ষ আচ্ছাদনের পরিসীমা অনেকটা বৃদ্ধি করতে পেরেছি।

শ্রী মনোজ টিগ্গা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, জঙ্গলএলাকার বনবস্তিতে যে পরিবারগুলো থাকে, সেই পরিবারগুলোকে জ্বালানির জন্য ফরেষ্টের ওপর নির্ভর করতে হয়। সেই পরিবারগুলোর জন্য কেন্দ্রীয় সরকারের 'উজ্জ্বলা যোজনা'-র মাধ্যমে ড্রেস্ দেওয়ার কোনো পরিকল্পনা আছে কি না।

শ্রী বিনয়কৃষ্ণ বর্মন : স্যার, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাচ্ছি, মাননীয় বিধায়ক মাদারি বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছেন। আমার মনে আছে, আমাদের বন দপ্তরের জলদাপাড়া ডিভিশনের উদ্যোগে আমাদের বন দপ্তর প্রায় ৫০০ গ্যাস সিলিন্ডার এবং ওভেন বিতরণ করেছে। সেই বিতরণের ভাগীদার মনোজ ভাইও ছিলেন। এছাড়াও আমরা যেটা উদ্যোগ নিয়েছি, আপনারা শুনলে খুশি হবেন কারণ, আমাদের বনবস্তির মানুষ সবাই ফরেষ্টের কাঠের ওপর জ্বালানির জন্য নির্ভরশীল। আমরা এর মধ্যেই সিদ্ধান্ত নিয়েছি - এটা শুধু আমি বক্সার কথা বলছি না, সারা রাজ্যের বিভিন্ন ডিভিশনে গ্যাস সিলিন্ডার এবং ওভেন দিচ্ছি আমরা কিছুদিন আগে বৈকুণ্ঠপুর ডিভিশনেও প্রায় ৫০০-র মতো গ্যাস সিলিন্ডার এবং ওভেন দিয়েছিলাম এবং আরো। জানাচ্ছি, বক্সার জয়ন্তী নদীর বেড় তুলে আমাদের বি.টি.আর. এ লাভ হয়েছে ৫ কোটি টাকা, আমরা যেটা কালেকশন করেছি। আমরা ১০০ শতাংশ। বক্সা বনবস্তির ১৩টির মধ্যে ওদের পরিবারের সংখ্যা প্রায় ১ হাজার। প্রত্যেকটা পরিবারকে একটা করে গ্যাস সিলিন্ডার এবং ওভেন দেবো যাতে আগামি দিনে জ্বালানির কাঠ সংগ্রহ করার জন্য তাদের জঙ্গলে যেতে না হয়। ধন্যবাদ স্যার।

Dr. Rohit Sharma : Hon'ble Speaker, Sir, through you I would like to know from the Hon'ble MIC that, Sir, there is a place called Panigatta under my constituency. There is a primary health centre just behind the forest and there is no fencing also and at times it also happens that the elephants enter the primary health centre and create panic. So, I would like to know from the Hon'ble MIC whether he has any plans to construct fencing in that area and provide solar lighting system also so that the lives of the people are saved. Thank you Sir.

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : স্যার, যদিও এটা প্ল্যান্টেশনের প্রশ্ন তবুও আমি ওনাকে বলছি। উনি যদি আমাকে একটা নোটিস দেন যে কি করে হাতির যাতায়াত বন্ধ করা যায় আমি আমাদের দপ্তরের আধিকারিকদের জানিয়ে দেবো।

শ্রী নেপাল মাহাতো : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করছি। রাজ্যে বনভূমির মোট আয়তন কত এই প্রসঙ্গে আপনি উত্তর দিচ্ছেন। আমি শুধু জানতে চাইছি যে, সেন্ট্রাল ফরেস্ট এ্যাক্টের অধীনস্ত আদিবাসীরা যারা জমি দখল করে থাকতো ফরেস্টের তাদেরকে জমি বিতরণ করা হয়েছে। পশ্চিমবঙ্গে কত পরিমান জমি বিতরণ করা হয়েছে সেটা যদি দয়া করে একটু বলেন।

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : এটা ফরেস্ট পাট্টার ব্যাপার আপনি আলাদা করে আমাকে চিঠি দেবেন আমি আশা করি জানিয়ে দেবো।

শ্রী প্রদ্যুৎ কুমার ঘোষ : স্যার, আপনার মাধ্যমে সম্মানীয় বনমন্ত্রীর কাছে আমার প্রশ্ন। দলমার পাহাড় থেকে বহু হাতি প্রতি বছর আমাদের পশ্চিম মেদিনীপুর জেলার বিভিন্ন জায়গায় এসে প্রচুর ফসলের ক্ষতি করছে এবং বহু মানুষ মারা যাচ্ছেন। আমরা এর আগে মন্ত্রীসাহেবের সঙ্গে বসেছিলাম এবং আলোচনাও হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত সেই প্রাণহানী ঘটে চলেছে এবং বহু ফসলের ক্ষতি হচ্ছে। কি করলে এর সুরাহা হয় এবং এর প্রতিকার কি ভাবে পাওয়া যায়।

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : স্যার, আমি বলছি যদিও এই প্রশ্নটা প্ল্যান্টেশনের সঙ্গে যুক্ত নয় তবুও বলছি যেহেতু হাতির ম্যাটার। এটা আমাদের বাংলার কাছে, বনবস্তীর মানুষের কাছে খুব সমস্যার ব্যাপার। আমি কয়েকবার বাঁকুড়ায় এবং পশ্চিম মেদিনীপুরে গিয়েছি যেসব এলাকায় হাতির উপদ্রপ বেশি। জনপ্রতিনিধির সঙ্গে আলোচনাও করেছি। সবার আগে যে জিনিসটা আমাদের দরকার সেটা আমরা কিছু ভিডিও-র মাধ্যমে দেখিয়েছিলাম। হাতিদের গতিপথ আমরা রোধ করতে পারবো না। সমস্যা হয় কখন হাতিরা যখন তার নিজের গতিপথ দিয়ে চলে তখন আমরা গ্রামবাসীরা তাদেরকে বিরক্ত করি। আমরা ভিডিও রেকর্ডের মাধ্যমে দেখিয়েছি অনেকে আগুনের উল্কা তাদের দিকে ছুঁড়ছে, অনেকে তীর ছুঁড়ছে, অনেকে বাঁটুল দিয়ে তাদেরকে বিরক্ত করছে। প্রথম কথা আমরা সেদিন আবেদন করেছিলাম জনপ্রতিনিধিদের কাছে যাতে হাতিদের, বন্যপ্রানীদের এ ধরণের বিরক্ত করা না হয়। তবুও আমরা ব্যবস্থা নিচ্ছি। আপনারা জানেন কিছু দিন আগে আমরা ঐরাবৎ নামে চারটি গাড়ি ছেড়েছি। ঐরাবৎ - হয়তো অনেকে ভাববেন এটা একটা হাতির নাম। আমরা হাতির নাম কেন দিয়েছি এই ঐরাবৎ হচ্ছে টাটা ৪০৭-এর মত চারটি গাড়ি। যেখানে হাতি বেড়িয়ে আসবে সেই হাতিকে সাপোর্ট দেওয়ার জন্য যাতে হাতিরা কোন মানুষের এবং ফসলের ক্ষতি না করতে পারে বা কোন ঘরবাড়ি ভাঙতে না পারে সেজন্য আমাদের স্টাফ খুব দ্রুতগতিতে ঐরাবৎ গাড়িকে নিয়ে চলে যাবে। ওখানে আমাদের অনেক অত্যাধুনিক সরঞ্জাম আছে। যখন হাতির প্রশ্ন আসবে তখন কি কি সরঞ্জাম আছে আমি ডিটেল্সে বলবো। এছাড়াও লাস্ট কয়েকদিন আগে আমাদের ক্যাবিনেটে মাননীয়া মুখ্যমন্ত্রী আমাদের আরো একটা যানের ব্যবস্থা করেছেন।

[12:00 Noon – 12.10 p.m.]

যার কিনা পাঁচটা unit উনি খুলে দিয়েছেন। Rapid Response Force. যখনই কোনো বন্যপ্রাণী হাতি বলেন, বাঘ বলেন, বাইসন বলেন, যখনই কোনো বন্যপ্রাণী লোকালয়ে চলে আসবে এই Rapid Response Force-এর মাধ্যম দিয়ে আমরা দ্রুত স্টাফ নিয়ে চলে যাব। এবং এর মাধ্যমে আমাদের কর্মসংস্থানেরও একটা সুযোগ এসে গিয়েছে। তাছাড়া আপনারা জানেন, ফসল ক্ষতি হলেও আমাদের সরকার মা- মাটি-মানুষের সরকার/আমাদের মুখ্যমন্ত্রী কত

মানবিক, ১১ সালের আগে যা ক্ষতিপূরণ ছিল, আগে একরে সাড়ে সাত হাজার টাকা। মাননীয়া মুখ্যমন্ত্রী সেটাকে double করে পনের হাজার টাকা করেছেন। মানুষের প্রাণহানী হলে পরে এটা তো সত্যি কথা একটা প্রাণহানী হলে পরে তার ক্ষতিপূরণ দেওয়া যায় না। তবে তার নিকট আত্মীয়র পাশে দাঁড়ানোর জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ২০১১ সালের আগে যেখানে এক লক্ষ টাকা ছিল সেখানে আড়াই লক্ষ টাকা করে দিয়েছেন। আমরা চেষ্টা করছি যাতে এই হাতির উপদ্রবটা কমানো যায়, তার জন্য আমাদের বনদপ্তর তৎপর কিন্তু আপনাদের জনপ্রতিনিধি এবং জনগণেরও সহযোগিতা আমরা কামনা করছি। ধন্যবাদ।

হাওড়া জেলায় পর্যটন কেন্দ্রের সংখ্যা

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪) **শ্রী কালীপদ মন্ডল** ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে হাওড়া জেলার অন্তর্গত পর্যটন কেন্দ্রের সংখ্যা কত;

(খ) উক্ত কেন্দ্রগুলির পরিকাঠামো কীরূপ; এবং

(গ) এই জেলায় পর্যটন শিল্পকে অধিকতর আকর্ষণীয় করার ক্ষেত্রে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করছে/ করেছে?

গৌতম দেব : ক) বর্তমানে হাওড়া জেলায় ৫টি উল্লেখযোগ্য পর্যটন কেন্দ্র অবস্থিত। এগুলি হল— ১) বেলুড়মঠ, ২) বোটানিক্যাল গার্ডেন, শিবপুর, ৩) গড়চুমুক, ৪) গাদিয়ারা, ৫) সামতাবেড়।

খ) উক্ত পর্যটন কেন্দ্রগুলি পরিকাঠামোর সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হল :

১) বেলুড়মঠ :

বেলুড়মঠের সমস্ত পরিকাঠামো এবং স্বত্ত্ব রামকৃষ্ণ মঠ এবং মিশনের হাতে রয়েছে এবং তাঁরাই এই মঠটির পরিচালনার দায়িত্ব পালন করছে।

এই মঠে শ্রী শ্রী রামকৃষ্ণ, সারদা দেবী এবং স্বামী বিবেকানন্দের স্মৃতি বিজরিত একাধিক মন্দির রয়েছে। রামকৃষ্ণ মঠ এবং মিশনের সাথে অঙ্গাঙ্গীভাবে জড়িত একাধিক গুরুত্বপূর্ণ জিনিস সহ একটি মিউজিয়ামও রয়েছে।

২) বোটানিক্যাল গার্ডেন :

বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া এই বাগানটি পরিচালনার দায়িত্বে রয়েছে। সুবিখ্যাত বহু প্রাচীন একটি বটগাছ সহ বহু বৈচিত্রময় উদ্ভিদ সমূহের বিশাল সমাহার এই গার্ডেনের বৈশিষ্ট।

৩) গড়চুমুক :

গঙ্গা নদীর তীরবর্তী এই পর্যটন কেন্দ্রটিতে হাওড়া জেলা পরিষদের একটি পর্যটক আবাস সহ একাধিক ব্যক্তিগত মালিকানাধীন হোটেল এবং গেস্ট হাউস রয়েছে। এছাড়াও একটি ডিয়ার পার্কও এখানে রয়েছে।

৪) গাদিয়ারা :

রূপনারায়ণ, দামোদর এবং হুগলির মিলনস্থলে অবস্থিত এই পর্যটন কেন্দ্রটিতে পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম লিমিটেডের একটি পর্যটক আবাস সহ একাধিক ব্যক্তিগত মালিকানাধীন

হোটেল এবং গেসট হাউস রয়েছে।

৫) সামতাবেড় :

সাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের বসতবাড়ির জন্য সামতাবেড় অঞ্চলটি বিখ্যাত। উক্ত বাড়িটি শরৎচন্দ্র কুঠি হিসেবে প্রসিদ্ধ। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় তার সাহিত্যিক জীবনের প্রথমভাগ এই বাড়িটিতেই কাটিয়েছিলেন।

গ) এই জেলায় পর্যটন শিল্পকে আকর্ষণীয় করতে পর্যটন বিভাগ নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করেছে - ১) গাদিয়ারায় রূপনারায়ণ ট্যুরিস্ট লজের পরিকাঠামোর উন্নয়ন। প্রকল্প ব্যয় ৮৩.০৫ লক্ষ টাকা।

2) গরচুমুক এলাকায় আরণ্যক ভবনটির প্রথম তল নির্মাণ, গরচুমুক পুরোনো বাংলো ও আনন্দ নিকেতন কৃষ্টিশালার উন্নয়ন, গরচুমুকের ৫৮ গেট থেকে নিউ বাংলোর গেট পর্যন্ত সড়ক উন্নয়ন সহ একাধিক প্রকল্প। প্রকল্প ব্যয় ২.৩১ কোটি টাকা।

৩) গাদিয়ারা বাস স্ট্যান্ড সংলগ্ন সড়ক পথের উন্নয়ন। প্রকল্প ব্যয় ৪৩.৩২ লক্ষ টাকা।

৪) বেলুড়মঠ সংলগ্ন বিবেকানন্দ অতিথি নিবাস নির্মাণ। প্রকল্প ব্যয় ৩৪.৬৬ লক্ষ টাকা।

৫) বোটানিক্যাল গার্ডেনে গ্যাংওয়ে কাম পন্টুন জেটি নির্মাণ। প্রকল্প ব্যয় ৪.২৬ লক্ষ টাকা।

শ্রী কালীপদ মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে, গাদিয়াড়া বাস স্ট্যান্ড থেকে গাদিয়াড়া tourist lodge পর্যন্ত রাস্তার জন্য একটা ব্যয় বরাদ্দ মঞ্জুর করেছেন। কিন্তু আমি specific-ভাবে জানতে চাইছি যে, গাদিয়াড়া tourist lodge যেহেতু তিনটি নদীর মোহনায় অবস্থিত তার উৎকর্ষতা যথেষ্ট বেশি। সার্বিকভাবে ওই যাতায়াতের পথে হাফ কিলোমিটার যাতায়াতের পথে কোনো road light নেই। আপনার road light দেওয়ার কোনো ব্যবস্থা আছে কি ?

শ্রী গৌতম দেব : হ্যাঁ, আপনি খুব pertinent প্রশ্ন করেছেন। গাদিয়াড়া একটা অনুপম সৌন্দর্যের জায়গা যেখানে রূপনারায়ণ, দামোদর আর হুগলী নদীর সংযোগস্থল। আমরা এই tourist lodge-টাকে আরো সুন্দর করে তৈরি করবো। আরো অনেকগুলো facility আমরা তার মধ্যে include করার পরিকল্পনা নিচ্ছি। স্বভাবতভাবে একটা পর্যটন কেন্দ্র তাকে সব দিক থেকে পর্যটকদের কাছে আকর্ষিত করে তোলার ক্ষেত্রে যা যা বিষয় দরকার হবে সেখানে street light, road connecting facilities বিভিন্ন দপ্তর, স্বায়ত্বশাসিত সংস্থা সবার সাথে মিলে। আলাপ আলোচনা করে আমরা একটা comprehensive programme নেবাগাদিয়াড়া tourism development-এর জন্য all out programme নেব।

শ্রী কালীপদ মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দ্বিতীয় specific প্রশ্ন যে, গাদিয়াড়া tourist lodge-এর মধ্যে বহু property আছে। এবং এই property থেকে যথেষ্ট আর্থিক সংস্থান হয়। যেমন, একটা বিরাট পুকুর আছে প্রচুর মাছ জন্মায়। এবং বড় বড় গাছ আছে। যেগুলো অচিরেই ওখানকার ব্যাপারটা আমি জানি না, department-এর লক্ষ্য কি আছে। পাশের বাড়ির লোককে গাদিয়াড়া tourist lodge-এর ম্যানেজার করা হয়েছে। যার ফলে ওই property-গুলো ধ্বংস হয়ে যাচ্ছে। এই ব্যাপারে কিছু ব্যবস্থা নেবেন কি ? আমার প্রশ্ন হচ্ছে, আমি অনেকবার অভিযোগ করেছি কিন্তু মন্ত্রী মহাশয়রা পরিবর্তনের ফলে কোনো কার্যকরী ভূমিকা হয়নি।

শ্রী গৌতম দেব : দেখুন ইতিমধ্যে departmental meeting আমি নিয়েছি। আমরা জানি যে ওখানে খুব বড় জলাশয় আছে এবং প্রচুর মাছ আছে। ম্যানেজার ইত্যাদি ব্যাপার নিয়ে কিছু অভিযোগ করেছেন এটা বিধানসভায় আমি স্পষ্টভাবে বলছি না। তবে আমি এটা বলব যে, tourism facility বাড়ানো এবং সাথে সাথে facilitate করা towards tourists তার জন্য যা যা করণীয় including man power বাড়ানো সবটাই আমরা করব।

শ্রী সুজিত চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীকে আমি বলতে চাই যে, দুর্গাপুর থেকে মুকুটমনিপুর যাওয়ার রাস্তায় আমার বড়জোড়া বিধানসভা পড়ে। ঘটনা হচ্ছে যে, বড়জোড়া বিধানসভার বেলিয়াতোড় গ্রাম, যেখানে হচ্ছে বসন্ত রঞ্জন রায়, যিনি শ্রীকৃষ্ণকীর্তন লিখেছিলেন, বিমল কান্তি ঘোষ এবং যামিনী রায় এই তিনজনেরই জন্মস্থান হচ্ছে বেলিয়াতোড়। যদি এই বেলিয়াতোড় গ্রামটাকে একটা পর্যটন মানচিত্রের মধ্যে আনা যায়, তাহলে অন্তত মুকুটমনিপুর বা বিষ্ণুপুর যাওয়ার পথে এই জায়গাটাতে একটা পর্যটন কেন্দ্র গড়ে উঠতে পারে।

শ্রী গৌতম দেব : দেখুন বিষ্ণুপুরকে নিয়ে আমাদের অনেক স্বপ্ন আছে। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং পর্যটন দপ্তরকে সেখানে টেরাকোটা শিল্পের যে অনুপম ভাস্কর্য্য সেখানে আছে।

এবং বিষ্ণুপুর ঘরানার যে ক্লাসিকাল মিউজিক সেগুলিকে রিটেন করে আমরা বিষ্ণুপুর, মুকুটমণিপুরকে নিয়ে এবং তার সাথে জঙ্গলমহল এবং পুরুলিয়াকে নিয়ে আমরা সার্কিট করছি। আপনি যে নির্দিষ্টভাবে যে প্রস্তাবটা দিলেন - আপনি শুনুন - আপনি যে প্রস্তাবটা দিলেন, নিশ্চিতভাবে এটা আমরা কনসিডার করবো।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমার প্রথম প্রশ্ন আপনার কাছে। স্যার, এর আগে আপনি বলেছিলেন, একবার উঠেছিল বিষয়টা, একই দিনে একই বিষয়ে একাধিক প্রশ্ন আসবে না। আবার চালু হয়েছে, আজকে দেখুন, একই বিষয়ে ডাবল প্রশ্ন হয়েছে। আমি এটা আপনাকে জানাবার জন্য বলছি।

আর, আমার প্রশ্ন হচ্ছে যে, উত্তরবঙ্গে ভাল বন আছে, আমরা সবাই জানি, আমরা দেখতেও যাই। দক্ষিণবঙ্গে কিছুটা আছে। কিন্তু মধ্য বাংলাতেও কিছু আছে। সরকার স্বীকৃত বড় ফরেস্ট আছে। আমাদের মুর্শিদাবাদ জেলা, ডোমকল, জলঙ্গী, ইসলামপুর, রাইনগর মিলিয়ে চারটে করে জলাশয় এবং ফরেস্ট আছে। এই নিয়ে কোন পরিকল্পনা আছে কি না আমি জানতে চাইছি।

শ্রী গৌতম দেব: দেখুন, আমরা একটা নির্দিষ্ট পরিকল্পনা নিয়ে এগোচ্ছি। এর আগে আপনি দীর্ঘদিন মন্ত্রী ছিলেন, আপনার জেলায় ঐ বনাঞ্চলগুলো দীর্ঘদিন ধরেই ছিল। আমরা ওখানে যেটা হিস্টরিকাল প্লেস অফ ইন্টারেস্ট সেটার উপর আমরা বেশী গুরুত্ব দিচ্ছি। গৌড়বঙ্গ থেকে পলাশী মাঝখানে হাজারদুয়ারী এবং লালবাগ এই জায়গাগুলো নিয়ে আমাদের ফাস্ট টার্গেট আছে যেখানে প্লেস অফ হিস্টরিকাল ইন্টারেস্ট যেখানে রিলিজিয়াস ট্যুরিজিমের সার্কিট গড়ে তোলা যায়, সেইগুলোকে আমরা প্রায়রিটি দিচ্ছি। এবং সারা বাংলায় ট্যুরিজিমের যা যা সম্ভাবনা আছে সেটা আমরা এক্সপ্লোর করবো। কিন্তু সেটা ফেজ ওয়াইজ ম্যানারে করবো। অগ্রাধিকারের তালিকা আমরা তৈরি করছি এবং ধীরে ধীরে আমরা ইমপ্লিমেন্টেশানে যাব।

কোয়েশ্চেন আওয়ার ইজ ওভার

Starred Questions
(to which answers were laid on the Table)

খাল সংস্কার ও সৌন্দর্যায়ন

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১২) **শ্রী তন্ময় ভট্টাচার্য** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিরাটির এল.এল.কে.টু. খাল সংস্কার ও সৌন্দর্যায়নের কোন পরিকল্পনা বর্তমান বছরে গৃহীত হয়েছে কি না?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

উত্তর ২৪ পরগণা জেলার বিরাটীতে এল. এল. কে-টু খালটিকে সারা বছর কচুরীপানা এবং অন্যান্য আবর্জনা থেকে মুক্ত রাখার জন্য একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, যে কাজ মে, ২০১৭ থেকে শুরু হবে।

কুন্তি নদী সংস্কার

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯) **শ্রী অসিত মজুমদার** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হুগলী জেলার রাজহাট গ্রাম পঞ্চায়েতের অধীনে কুন্তি নদী সংস্কারের জন্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে;

(খ) ঐ কুন্তি নদী সংস্কারের জন্য মীর সাহেব তলার কবরখানায় যে ধ্বস নেমেছিল, সেটি সংস্কারের জন্য সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করেছে; এবং

(গ) করে থাকলে, উক্ত ক্ষেত্রে ধার্যকৃত ব্যয়বরাদ্দের পরিমাণ কত?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

(ক) হুগলী জেলার রাজহাট গ্রাম পঞ্চায়েত এলাকায় কুন্তি নদীর ৮.৭ কি.মি. অংশে একটি সংস্কারের কাজ ২০১৬-১৭-তে সাধিত হয়েছে। এছাড়া ২০১৭-১৮ অর্থবর্ষে কুন্তি নদীর আরো ৯ কি.মি. সংস্কারের পরিকল্পনা নেওয়া হয়েছে, যার কিছু অংশ উক্ত গ্রাম পঞ্চায়েত এলাকার অন্তর্গত। প্রয়োজনীয় অর্থের সংস্থান হলে কাজ শুরু হবে।

(খ) মীর.সাহেব এলাকার কবরখানা সংলগ্ন কুন্তি নদীর পাড়ে নদী ভাঙনরোধী একটি কাজ ২০১৬-১৭-তে শুরু হয়েছে।

(গ) উক্ত কাজের ব্যয়মূল্য ৪৩ লক্ষ টাকা।

গাঁড়াকুপ নদীর উপর সেতু নির্মাণ

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭) **শ্রী রফিকুল ইসলাম মন্ডল** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাসনাবাদ-বসিরহাট ব্লক-২ অঞ্চলে বিদ্যাধরীর ছোট শাখা গাঁড়াকুপ নদীর উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তার কাজ চালু হবে বলে আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

(ক) হাসনাবাদ-বসিরহাট ব্লক-২ এলাকায় বিদ্যাধরীর ছোট শাখা গাঁড়াকুপ নদীর উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা এই বিভাগের নেই।

(খ) প্রযোজ্য নয়।

মজা খাল খনন

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮) **শ্রী দেবেশ মন্ডল** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

হিঙ্গলগঞ্জ বিধানসভার অন্তর্গত নিকাশি ব্যবস্থা ও কৃষি সেচে ব্যবহৃত মজাখালগুলো খনন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

হিঙ্গলগঞ্জ বিধানসভার অন্তর্গত নিকাশী খাল বা কৃষি সেচের কাজে ব্যবহৃত খালগুলি সংস্কারের কাজ এই বিভাগ সরাসরি করে না। যদিও সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতগুলির মাধ্যমে MGNREGA-তে নিকাশী খাল সংস্কারের প্রস্তাবের উপর এই বিভাগ প্রয়োজনীয় কারিগরী অনুমোদন প্রদান করেছে।

বাঁকুড়া জেলার গ্রন্থাগারে কর্মচারীদের শূন্যপদ পূরণ

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০২) **শ্রী সুজিত চক্রবর্তী** ঃ জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলা গ্রন্থাগারের কর্মচারীদের শূন্যপদ পূরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) উক্ত জেলার অন্যান্য গ্রন্থাগারগুলিতে গ্রন্থাগারিক ও চতুর্থ শ্রেণির কর্মচারীর শূন্যপদ পূরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

হ্যাঁ কিছু শূন্যপদে কর্মী নিয়োগের প্রক্রিয়া শুরু হবে।

কিছু শূন্যপদ পূরণের পরিকল্পনা সরকারের আছে। উক্ত শূন্যপদে কর্মী নিয়োগের প্রক্রিয়া অবিলম্বেই শুরু হবে।

গঙ্গা নদীর ভাঙ্গন প্রতিরোধের ব্যবস্থা

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪) **সেখ শাহনেওয়াজ** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি

(ক) ১লা জানুয়ারী, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত গঙ্গা নদী ভাঙ্গন প্রতিরোধে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে; এবং

(খ) উক্ত কাজ বাবদ কত টাকা খরচ হয়েছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

(ক) গঙ্গানদীর উপর নির্মিত ফারাক্কা ব্যারাজের উজানে এবং ভাটায় যথাক্রমে ৪০ কি.মি. এবং ৮০ কি.মি. অর্থাৎ ১২০ কি.মি. গঙ্গানদীর অংশ, কেন্দ্রীয় সরকারের সংস্থা "ফারাক্কা ব্যারাজ প্রজেক্ট অথারিটির কার্যসীমায় অন্তর্ভুক্ত হওয়া সত্ত্বেও এই বিভাগ মুর্শিদাবাদ জেলায় ফারাক্কা, লালগোলা, এবং ভগবানগোলা ব্লকে গঙ্গানদীর ভাঙনরোধে ১লা জানুয়ারী, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ অবধি মোট ৪.৩৩ কি. মি. ভাঙনরোধী কাজ করেছে। এছাড়া ঐ সময়ের মধ্যে মালদা জেলায় ভূতনী দিয়ারা-কে নদী ভাঙন থেকে রক্ষা করার জন্য একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে, যার ব্যয়মূল্য ৩.৫ কোটি টাকা এবং প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য ৭৫০মি। কাজটি জানুয়ারী, ২০১৭ থেকে শুরু হয়েছে।

(খ) উক্ত কাজ বাবদ মোট ৫২. ১৯ কোটি টাকা খরচ করা হয়েছে।

কারিগরী শিক্ষা প্রসার

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮) **শ্রী বংকিম চন্দ্র হাজরা** ঃ কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কারিগরী শিক্ষা প্রসারে সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাগুলি কী কী; এবং

(খ) উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শূন্যপদগুলিতে যোগ্যতাসম্পন্ন শিক্ষক/শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষন দক্ষতা উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

ক) রাজ্যে কারিগরী শিক্ষা প্রসারে সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাগুলি নিম্নরূপ :

১) ২০১১ সালের পর থেকে এই রাজ্যের প্রতিটি মহকুমায় পলিটেকনিক স্থাপনের ব্যবস্থা গ্রহণ (ইতিমধ্যে ২০১১ থেকে এখন পর্যন্ত ২৬ টি নতুন সরকারি পলিটেকনিক এবং ১ টি সরকার পোষিত পলিটেকনিক চালু করা হয়েছে)

২) ২০১১-এর পর ২৫টি পলিটেকনিকে ছাত্রী আবাস স্থাপন (২২টি নির্মিত এবং ০৩টি নির্মীয়মান)

৩) পলিটেকনিকের ল্যাবরেটরি ও ওয়ার্কশপের আধুনিকীকরণ

৪) পলিটেকনিকে আধুনিক শিল্পোপযোগী নতুন বিষয়ের সংযোজন

৫) শিল্পের প্রয়োজন অনুযায়ী ডিপ্লোমা কোর্সের আধুনিকীকরণ

৬) শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।

৭) পলিটেকনিকের ছাত্রদের পাঠদান এবং গ্রহণকে যথোপযোগী ও আকর্ষণীয় করে তোলার জন্য পর্যায়ক্রমে subject গুলির e-content ডেভেলপমেন্ট

৮) আধুনিক প্রযুক্তি সম্পন্ন ই-যন্ত্র প্রকল্প পর্যায়ক্রমে সব পলিটেকনিকে চালুকরণ।

খ) ১) পলিটেকনিকগুলিতে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে ৪৪৯টি পদে শিক্ষক নির্বাচনের প্রক্রিয়া পূর্ণ মাত্রায় চালু আছে। শিক্ষা শুরুর স্বার্থে নতুন অনুমোদিত পলিটেকনিকগুলিতে ন্যূনতম প্রয়োজনীয় শিক্ষক চুক্তির ভিত্তিতে নিযুক্ত হয়েছে।

২) এর আগের পর্যায়ে ২৫৪টি শিক্ষক শিক্ষিকা নিয়োগের জন্য পাবলিক সার্ভিস কমিশনকে জানানো হয়েছিল। যার মধ্যে কমিশনের। সুপারিশ অনুযায়ী ১৪৪ জন ইতিমধ্যে কাজে যোগদান করেছেন।

৩) ২০১৬-১৭ সালে ১০টি অনুমোদনপ্রাপ্ত পলিটেকনিকের জন্য পলিটেকনিক পিছু ৮০টি করে মোট ৮০০টি শিক্ষক এবং শিক্ষাকর্মীর নতুন পদ সৃষ্টির প্রক্রিয়া শেষ পর্যায়ে এবং অবশিষ্ট নির্মীয়মান পলিটেকনিকগুলির জন্য নতুন পদ সৃষ্টির প্রক্রিয়া চালু আছে।

ক্যানেল সংস্কার

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬) **শ্রী সুজিত চক্রবর্তী** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বড়জোড়া বিধানসভা এলাকার অন্তর্গত শালী নদীর উপর নির্মিত দুটি ব্যারেজ সংযুক্ত ক্যানেলগুলি সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) ঐ নদীর উপর বড়জোড়া ব্লকের অন্তর্গত বৃন্দাবনপুর গ্রাম পঞ্চায়েতের রাউতোড়া গ্রামের কাছে ব্যারেজ নির্মাণ করে জলাধার করার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

(ক) বাঁকুড়া জেলায় বড়জোড়া বিধানসভা " এলাকায় শালী নদীর উপর অবস্থিত ব্যারাজ সংলগ্ন সেচখাল দুটি সংস্কারের একটি প্রাককলন প্রস্তুত হয়েছে। প্রয়োজনীয় অর্থের সংস্থান সাপেক্ষে সংস্কারের কাজ হাতে নেওয়া হবে।

(খ) শালী নদীর উপর বড়জোড়া ব্লকের বৃন্দাবনপুর গ্রাম পঞ্চায়েতের রাউতোড়া গ্রামে কোন ব্যারাজ নির্মাণের পরিকল্পনা এই মূহুর্তে নেই।

অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত মুসলিম জনসংখ্যা

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫) **শ্রী কালীপদ মন্ডল** ঃ অনগ্রসর শ্রেণিকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মুসলিম জনসংখ্যার কত শতাংশ অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত;

(খ) উক্ত অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত মানুষজন অনগ্রসর কল্যাণে কোন আর্থিক সাহায্য পান কি না; এবং

(গ) পেয়ে থাকলে, ২০১৫-১৬ আর্থিক বছরে সাহায্যকৃত অর্থের পরিমাণ কত?

অনগ্রসর শ্রেণিকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

(ক) ২০১১ সালের সেনসাস অবধি অন্যান্য অনগ্রসর শ্রেণির মুসলিম জনসংখ্যা না থাকার কারণে রাজ্যে মুসলিম জনসংখ্যার কত শতাংশ অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত তা নির্দিষ্টভাবে বলা সম্ভব নয়। আনুমানিক, পশ্চিমবঙ্গে ৯৫ শতাংশ মুসলিম জনগণ অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত।

(খ) হ্যাঁ

(গ) ২০১৫-১৬ আর্থিক বছরে অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত মানুষজনকে অনগ্রসর কল্যাণে সাহায্যকৃত অর্থের পরিমান নিম্নরূপঃ

১) স্কলারশিপ বাবদ –

i) প্রি-ম্যাট্রিক স্কলারশিপ- টাঃ ১৯,৪২,২৮,০০০

ii) পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ- টাঃ ১৩২, ১৮,৭২,৬৮০

২) বিভিন্ন স্ব-নিযুক্তি প্রকল্পে সুদে প্রাপ্য ঋণের পরিমাণ – টাঃ ৪৭,৮০,০০০

৩) অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য ছাত্রাবাসের খরচ বাবদ মোট টাঃ ৪,৬৬,৬১,০০০ দেওয়া হয়েছে।

কুন্তি নদীর উপর সেতু নির্মাণ

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫০) **শ্রী অসিত মজুমদার** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজহাট গ্রাম পঞ্চায়েতের অধীন ছাতিম তলায় কুন্তি নদীর উপর কোন সেতু নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, এই পরিকল্পনা কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

(ক) হুগলী জেলার রাজহাট গ্রাম পঞ্চায়েত এলাকায় কুন্তিনদীর উপর সেতু নির্মাণের পরিকল্পনা করা হয়েছে।

খ) বর্তমানে সেতুটির নকশা তৈরির কাজ শেষ হয়েছে। এরপর প্রাককলন প্রস্তুত সম্পূর্ণ করে, প্রয়োজনীয় অর্থের সংস্থান হলে সেতু নির্মাণের কাজ শুরু হবে।

সুন্দরবনে পর্যটকদের আকর্ষণ বৃদ্ধির পরিকল্পনা

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯) **শ্রী দেবেশ মন্ডল** ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হিঙ্গলগঞ্জ ব্লকের কালিতলা গ্রাম পঞ্চায়েতে পর্যটন কেন্দ্র গড়ে, সুন্দরবনে পর্যটকদের আকর্ষণ বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) পর্যটকদের সারা বৎসর জলপথে পরিভ্রমণ করার উপযোগী বিপদমুক্ত জলযান সরকারি উদ্যোগে চালানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

ক) এই মুহূর্তে এরূপ কোনও পরিকল্পনা নেই।

খ) পর্যটন বিভাগের অন্তর্গত পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম লিমিটেড তিনটি সরকারি জলযানের মাধ্যমে নিম্নলিখিত জলপথ পরিভ্রমণ পরিচালনা করে থাকে—

১) সুন্দরবন ভ্রমণ (অক্টোবর থেকে এপ্রিল পর্যন্ত)

২) সপ্তাহান্তিক বেলুড়-দক্ষিণেশ্বর ভ্রমণ।

৩) নবদ্বীপ- মায়াপুর ভ্রমণ।।

৪) দুর্গাপূজো ও নিউ ইয়ারে বিশেষ গঙ্গাবক্ষে ভ্রমণ।

এছাড়াও সাধারণ পর্যটকরা পর্যটন নিগমের জলযান বিশেষভাবে ভাড়া নিয়ে জলপথ ভ্রমণের সুযোগ নিতে পারে।

পর্যটন শিল্পকে উন্নত করার পরিকল্পনা

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮০) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

বীরভূম, বাঁকুড়া, নদীয়া ও সুন্দরবনকে ঘিরে পর্যটন শিল্পকে উন্নত করার লক্ষ্যে কী কী পরিকল্পনা সরকার গ্রহণ করেছে/করছে?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

পর্যটন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার পর্যটন শিল্পকে উন্নত করার লক্ষ্যে নিম্নলিখিত পরিকল্পনাগুলি গ্রহণ করেছে—

ক) বীরভূম :

১) বীরভূমের বক্রেশ্বরে ১০টি পর্যটক আবাস নির্মাণ প্রকল্প ব্যয় ২.২০ কোটি টাকা।

২) আমার কুটীর ইকো ট্যুরিজম পার্কে ১০টি কটেজ নির্মাণ। প্রকল্প ব্যয় ১.৫৮ কোটি টাকা।

৩) বক্রেশ্বরের উষ্ণ প্রস্রবন এলাকায় একাধিক পর্যটন বান্ধব সুযোগ-সুবিধার নির্মাণ। প্রকল্প ব্যয় ৫৭.৯৭ লক্ষ টাকা।

৪) জয়দেব কেঁদুলিতে প্রবেশ তোরণ নির্মাণ। প্রকল্প ব্যয় ৭১.২১ লক্ষ টাকা।

৫) বল্লভপুরের ক্যানাল ব্রিজ থেকে শ্যামবাটি ক্যানাল ব্রিজ পর্যন্ত সড়ক উন্নয়ন। প্রকল্প ব্যয় ৩২.৪৭ লক্ষ টাকা।

খ) বাঁকুড়া :

১) ছাতনা ব্লকে কটেজ, ওপেন এয়ার স্টেজ সহ একাধিক পর্যটন পরিকাঠামো নির্মাণ। প্রকল্প ব্যয় ৭৭ লক্ষ টাকা।

২) মুকুটমনিপুর, শুশুনিয়া, বিহারীনাথ এবং বরাঘুটু অঞ্চলে পর্যটক আবাস, চিলড্রেন্স পার্কের সৌন্দর্যায়ন, জল সরবরাহকরণ, স্থায়ী দোকান, ঘর নির্মাণ সহ একাধিক পর্যটক পরিকাঠামো উন্নয়নমূলক কর্মসূচী গ্রহণ। প্রকল্প ব্যয় ৫.৩৭ কোটি টাকা।

৩) জয়রামবাটীর মাতৃ মন্দিরে ডরমিটারী টাইপ কটেজের নির্মাণ। প্রকল্প ব্যয় ১.০২ কোটি টাকা।

গ) নদীয়া :

১) কৃষ্ণনগরের ঘূর্ণীতে আর্ট অ্যান্ড ক্র্যাফট মিউজিয়াম নির্মাণ প্রকল্প ব্যয় ৪.২৯ কোটি টাকা।

২) কৃষ্ণনগরে ৪টি হাটের নির্মাণ। প্রকল্প ব্যয় ১.৬৪ কোটি টাকা।

৩) মায়াপুরে গ্যাংওয়ে পর্যটন জেটি এবং স্নান ঘাট সংলগ্ন একাধিক পরিকাঠামো নির্মাণ। প্রকল্প ব্যয় ১.৭৭ কোটি টাকা।

৪) পলাশীর সমাধি প্রাঙ্গনে প্রবেশ তোরণ নির্মাণ। প্রকল্প ব্যয় ১. ১৪ কোটি টাকা।

৫) পলাশীতে পর্যটক আবাস নির্মাণ। প্রকল্প ব্যয় ১১৫ কোটি টাকা।

ঘ) সুন্দরবন :

১) ঝড়খালি : - সুন্দরবনের ঝড়খালিতে পি.পি.পি. মডেলে একটি বৃহৎ ইকো ট্যুরিজম প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পে একটি বাজেট ক্যাটিগোরি রিসর্ট ও অন্যান্য পর্যটন পরিকাঠামো প্রস্তুতির কাজ শুরু হয়েছে।

এছাড়াও এই প্রকল্পে সড়ক, বিদ্যুৎ ও জলসরবরাহকরণ ইত্যাদি পরিকাঠামো উন্নয়ন ক্ষেত্রে পর্যটন বিভাগ একাধিক প্রকল্প গ্রহণ করেছে -

সড়ক উন্নয়ন : এস.ডি.বি. বাংলো থেকে ঝড়খালি পার্ক পর্যন্ত লিঙ্ক রোড নির্মাণ। মোট প্রকল্প ব্যয় ২৪.৬০ লক্ষ টাকা।

ঝড়খালি রাজা মোড় থেকে এস.ডি.বি. জেটি ঘাট। মোট প্রকল্প ব্যয় ১৩ ১৪.৪৪ লক্ষ টাকা।

ঝড়খালি ট্যুরিজম হাবে ৩৬০ মিটার অ্যাপ্রোচ রোড নির্মাণ। মোট প্রকল্প ব্যয় ৭১.৪১ লক্ষ টাকা।

ঝড়খালি ট্যুরিজম হাবে অতিরিক্ত ১২০০ মিটার রাস্তার সম্প্রসারণ। মোট প্রকল্প ব্যয় ৮২৬.২৮ লক্ষ টাকা।

বৈদ্যুতিক পরিকাঠামো উন্নয়ন :

ঝড়খালি প্রকল্পে বৈদ্যুতিক পরিকাঠামো নির্মাণের জন্য মোট ২৫০.১৫ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

জল সরবরাহকরণ :

ঝড়খালি-প্রকল্পে জল সরবরাহকরণ উপলক্ষে মোট ২৭৪.৫৮ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

২) সজনেখালি টুরিস্ট লজের উন্নয়ন : সজনেখালি ট্যুরিস্ট লজের পরিকাঠামো

উন্নয়ন, সৌন্দর্যায়ণ ইত্যাদি নানা ক্ষেত্রে একাধিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মোট প্রকল্প ব্যয় ৮৫.২৮ লক্ষ টাকা।

৩) সুন্দরবনে হোম স্টে ব্যবস্থার উন্নয়ন :

সুন্দরবন এলাকায় পর্যটন দপ্তর অতি সম্প্রতি হোম স্টে ব্যবস্থার উন্নয়নের সক্রিয় প্রয়াস গ্রহণ করেছে।

৪) সুন্দরবন এলাকার বিভিন্ন মেলা/উৎসবে অংশগ্রহণ :

পর্যটন বিভাগ সুন্দরবন এলাকায় অনুষ্ঠিত বিভিন্ন উল্লেখযোগ্য মেলা ও উৎসব, যেমন— সুন্দরবন যুব মেলা, সুন্দরবন কৃষ্টি মেলা ও লোকসংস্কৃতি উৎসব (কুলতলি),

সুন্দরবন লোকপ্রিয় উৎসব (বাসন্তী), সুন্দরবন মেলা (ক্যানিং) ইত্যাদি প্রায় প্রতি বছরই সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।

৫) সুন্দরবনভিত্তিক প্রচার পুস্তিকার বিতরণ :

পর্যটন বিভাগ প্রতি বছরই বিভিন্ন মেলা/উৎসবের মাধ্যমে সুন্দরবনভিত্তিক প্রচার পুস্তিকা বিনামূল্যে বিতরণ করে।

৬) সুন্দরবন প্যাকেজ টুর : পর্যটন দপ্তরের অধীনস্থ সংস্থা পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম সুন্দরবন এলাকায় প্রায় পুরো শীতকাল ধরে একাধিক প্যাকেজ ট্যুরের আয়োজন করে। পর্যটন দপ্তরের অধীনস্থ সুসজ্জিত ভেসেল এম.ভি. চিত্ররেখা এবং এম. ভি. সর্বজয়া সম্পূর্ণভাবে এই প্যাকেজ ট্যুরের জন্য নিয়োজিত।

৭) এছাড়াও আনুমানিক ২৪ কোটি প্রকল্প ব্যয়ে গোসাবা ব্লক থেকে পাখীরালয় ব্লক পর্যন্ত একটি পাকা রাস্তা নির্মাণের পরিকল্পনা অতি সত্ত্বর বাস্তবায়িত হবে।

Calling Attention

Mr. Speaker : Today, I have received four notices of Calling Attention on the following subjects, namely :

	Subject	Name
i)	Urge for setting up of a fire Brigade station at Bamangola Block in Habibpur Assembly Constituency area	: Shri Khagen Murmu
ii)	Circular issued by the Land and Land Reforms Department, Government of West Bengal to increase tax	: Shri Ram Sankar Halder
iii)	Urge for shifting of Garden Reach Rationing Office from Lake Gardens to its old place	: Shri Abdul Khaleque Molla
iv)	Urge for repairing of Naihati Mougram Road in Ketugram Block-II Under Ketugram Assembly Constituency	: Shri Sekh Sahonawez

I have selected the notice of Shri Sekh Sahonawez on the subject of Urge for repairing of Naihati- Mougram Road in Ketugram Block-II under Ketugram Assembly Constituency.

আব্দুল খালেক মোল্লা, আপনার এই সাবজেক্টকার উপর অলরেডি এ্যাডমিট করা রয়েছে। আপনি দুবার করে দিলেন কেন, আমি জানিনা।

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Sobhandeb Chattopadhyay: সংশ্লিষ্ট মন্ত্রীকে জানিয়ে দেবো এবং তিনি সময়ে উত্তর দিয়ে দেবেন।

Mr. Speaker : Now, I call upon the Minister-in Charge of the Irrigation & Waterways Department to make a statement on the subject of dredging of Tangan River in Bamangola and Habipur areas in Malda District. [Attention called by Shri Khagen Murmu on the 3rd March, 2017]

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক শ্রী খগেন মুর্মুর আনীত দৃষ্টি আকর্ষণী নোটিশে, মালদহ জেলায় বামনগোলা এবং হাবিবপুর ব্লকে টাঙ্গন নদীর সংস্কারে গত পাঁচ বছরে রাজ্য সরকারের গৃহীত পদক্ষেপ।

টাঙ্গন নদী দক্ষিণ দিনাজপুর জেলা থেকে গাজোল ব্লকে মালদা জেলায় প্রবেশ করেছে। এরপর গাজোল, বামনগোলা এবং হাবিবপুর ব্লকের মধ্য দিয়ে প্রায় ৭৩ কিলোমিটার প্রবাহিত হয়ে মহানন্দা নদীতে মিলেছে। বর্ষায় টাঙ্গন নদীতে অত্যাধিক জলপ্রবাহ হলে এবং মহানন্দা নদীতে জলস্ফীতি থাকলে টাঙ্গন নদীর পাড়ে ভাঙন হয় এবং পার্শ্ববর্তী কৃষিজমি বা গ্রাম প্লাবিত হয়। টাঙ্গন নদীর ভাঙন থেকে রক্ষা করার জন্য গত পাঁচ বছরে বামনগোলা ব্লকের পারহবিনগরে ৪.১ কিমি এবং ডোবাখোকসানে ১.০১ কিমি ভাঙন রোধী কাজ করা হয়েছে, যার ব্যয়মূল্য ১২.৬৩ কোটি টাকা। এছাড়া উক্ত সময়ে হাবিবপুর ব্লকে আইহো গ্রামেও একটি ২.০০কিলোমিটার দীর্ঘ ভাঙন-রোধী কাজ হয়েছে, যার ব্যয়মূল্য ৪.৫কোটি টাকা।

এছাড়া বামনগোলা ব্লকে, টাঙ্গন নদীর উপর মধ্য পারহবিনগরে একটি ১.৩কিলোমিটার দীর্ঘ ভাঙন রোধী কাজের পরিকল্পনা নেওয়া হয়েছে, যার ব্যয়মূল্য ৪.০০কোটি টাকা। প্রয়োজনীয় অর্থের সংস্থান সাপেক্ষে এই কাজটি শুরু হবে। ধন্যবাদ।

[12:10 – 12.20 p.m.]

শ্রী খগেন মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার সাপ্লিমেন্টরি প্রশ্ন। প্রথমে আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই উনি এত সুন্দর উত্তর দিয়েছেন। টাঙ্গন নদী একটা বিস্তীর্ণ এলাকা, যেটা দক্ষিণ দিনাজপুর থেকে শুরু করে মালদা জেলার মহানন্দা নদীতে মিশেছে। এটা ঠিকই। কিন্তু 'বরিন্দ' এলাকা বলে যেটা প্রচলিত যেখানে বামুনগোলা, হবিবপুর এবং ওল্ড মালদা ব্লক, যেখানে বেশিরভাগ মানুষ নদীর দু ধারে বসবাস করে, দু ধারে প্রচুর জমিও আছে, ফলে ওই জায়গা যখন বর্ষার সময় প্লাবিত হয়ে যায় তখন ওখানকার প্রচুর জমি নষ্ট হয়ে যায়, ফসল নষ্ট হয়, বাড়িঘর নষ্ট হয়। শিক্ষা প্রতিষ্ঠানও নষ্ট হয়। এমনকি বামুনগোলা থানাটাও একদম নদীর পাড়ে। এটাকে একটু ড্রেজিং বা সংস্কার করলে জল সেচেরও সুবিধা হয়, চাষাবাদেরও সুবিধা হয় এবং মানুষের এই যে ক্ষতি হচ্ছে সেটাও অনেকটা দূর করা যায়। এছাড়া আমি যেটা বলতে চাইছি, ওখানে ইতিমধ্যে সরকারের পক্ষ থেকে এখানে কিছু বরাদ্দ করা হয়েছে, কাজও হয়েছে। এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের যৌথ উদ্যোগে এই নদীকে ভালোভাবে সংস্কার করার কোন পরিকল্পনা রাজ্য সরকার বা মাননীয় মন্ত্রীর আছে কি না। আমি জানতে চাইছি, স্যার, গঙ্গা ও পদ্মা নদী নিয়ে মালদা, মুর্শিদাবাদ ও নদীয়া সহ বিভিন্ন জেলার যে সমস্যা আছে, এই গঙ্গা, পদ্মা নদী ও ফারাক্কা ব্যারেজ নিয়ে আপনার কোন পরিকল্পনা আছে কি না সেটা যদি দয়া করে বলেন। ধন্যবাদ স্যার।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি, আপনি অনেকগুলো প্রশ্ন করেছেন। যাইহোক, একটু যদি সময় দেন তাহলে আমি উত্তরগুলো দিতে পারি।

মিঃ স্পীকার : আপনি উত্তর দিন।

শ্রী রাজীব ব্যানার্জী : একটু আগে আমি কলিং এ্যটেনশানে যে রিপ্লাই দিয়েছি তার মধ্যে রয়েছে যে অলরেডি আপনার রিকোয়েষ্টে বামুনগোলা ব্লকে একটা কাজ চার কোটি টাকা মূল্যের আমরা ধরেছি। আপনি চেয়েছেন টাঙ্গন নদীর সংস্কার। আমি আবার বলি, এর আগেও এই সদনে আমি বলেছি, একটা নদী সংস্কার করতে যে পরিমাণ অর্থ লাগে এবং এই নদীর সংস্কার মানে শুধু সংস্কার করব বললেই হয় না, এর অনেকগুলো এক্সপার্টাইজড ইত্যাদি লাগে, সুতরাং কেন্দ্রীয় সরকার এই মুহূর্তে যদি আর্থিক সাহায্য না করেন তাহলে নিশ্চিতভাবে আমাদের পক্ষে করা সম্ভবই নয়। একটু আগে মাননীয় বিধায়ক আয়লার প্রশ্নে বলেছিলেন, আগে আয়লায় ৮০-২০ নয়, ৭৫-২৫ ছিল, সেগুলোকেও কেটে ৫০-৫০ করে দিয়েছে। মাননীয় অর্থমন্ত্রী এখানে বসে আছেন, উনি জানেন। বরাদ্দের ব্যাপারে যা বলা হয়েছিল সেটাকেও কেটে হেঁটে উল্টো করে দিয়েছেন। এই জায়গায় দাঁড়িয়ে নদী সংস্কার ন্যাচারালি আমাদের পক্ষে করা সম্ভব নয় যার কারণে আপনাদের রিকোয়েস্ট মত বা আমরা আমাদের সার্ভে করে যেখানে যেখানে বুঝছি ভালনারেবল পয়েন্ট সেগুলোকে আমরা মেরামত করে দিচ্ছি যাতে মানুষের জীবন জীবিকাকে রক্ষা করা যায়। তৃতীয় প্রশ্ন করেছেন গঙ্গার ভাঙন নিয়ে। এই ব্যাপারে আপনাকে বলি, এটা শুধু আপনার নয়, এখানে মালদার অনেক বিধায়করা বসে রয়েছেন, আমার তো মনে হয় কেন্দ্রীয় সরকারের যে দল চালাচ্ছেন তার যে প্রতিনিধি এখানে বসে আছেন, তিনিও মালদা থেকে নির্বাচিত। এখানে আমাদের অনেক বিধায়ক আছেন যারা মালদা, মুর্শিদাবাদ থেকে নির্বাচিত। আপনারা সবাই জানেন গঙ্গার ভাঙন একটা জ্বলন্ত সমস্যা। তৎকালীন মাননীয় অর্থমন্ত্রী, আমাদের জলসম্পদ মন্ত্রী, মুখ্যমন্ত্রী সবাই মিলে একটা চুক্তি করেছিলেন। সেটা আপনারা সকলেই জানেন। ১২০ কিলোমিটার দেখার দায়িত্ব ফারাক্কা ব্যারেজ প্রজেক্ট অথরিটির। আপনি জানেন, আমি যে এই ব্যাপারে কতবার বলেছি তার ঠিক নেই। আপনারাও জানেন একটা মিটিংও করেছিলাম। মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী সেখানে উপস্থিত ছিলেন। ফারাক্কা ব্যারেজ প্রজেক্ট অথরিটি সেখানে ছিলেন। বহুবার দরবার করা হয়েছে। এমনকি মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে প্রধানমন্ত্রী সহ সবাইকে বলেছেন ফারাক্কা ব্যারেজ প্রজেক্ট অথরিটির যে জুরিসডিকশান ১২০কিলোমিটার গঙ্গা ভাঙন, সেই গঙ্গা ভাঙন রোধ যেন করা হয়। আমি রিসেন্ট আপনাকে একটা তথ্য দিই। আমরা একটা সার্ভে করেছিলাম। তাতে ফারাক্কা ব্যারেজ প্রজেক্ট অথরিটির লোককেও যুক্ত করেছিলাম। আমরা বলেছিলাম ভালনারেবল পয়েন্ট, প্রায় ৪৫ কিলোমিটার স্পট আমরা আইডেন্টিফাই করেছিলাম, যেটা বেশিরভাগটাই মালদা ও মুর্শিদাবাদে। এই ৪৫ কিলোমিটারের জন্য ওরা বলেছিল যে একটা বাজেট এস্টিমেট করে দাও। আমরা সাড়ে পাঁচশত কোটি টাকার একটা এস্টিমেট করে তাদের কাছে পাঠিয়েছিলাম প্রত্যেক ছবি সহ সবকিছু দিয়ে। আমি এখানে আপনাদের কাছে কিভাবে বলব জানি না, কেন্দ্রীয় সরকারের এই বঞ্চনা, উদাসীনতা, আমি অনুরোধ করবো আমাদের মালদার যিনি বিধায়ক আছেন, আপনারা তো সরকারে রয়েছেন, তাদের কাছে একটু বলুন যাতে কিছু করেন। আমাদের তো বলে বলে বোধহয় রক্ত জল হয়ে গেল।

আমাদের চিঠি লিখে লিখে বোধ'হয় পেনের কালি খরচ হয়ে গেল।কিন্তু এখনও অবধি কেন্দ্রীয় সরকারের কোন উদ্যোগ আমরা দেখলাম না। এমনকি আমি জানিয়ে রাখি, যে কেন্দ্রীয় যে budget, Farakka Barrage Project Authority -Headএ খুলে দেখুন একটা টাকা পাবেন না গঙ্গা ভাঙ্গনের জন্য। আমরা লাস্ট যে চিঠি দিয়েছি এবং আমরা আবারও একটা চিঠি দিচ্ছি। আমি গতকালও সিদ্ধান্ত নিয়েছি যে, ওনারা যেহেতু উদাসীন আমরা আবারও একটা চিঠি দিচ্ছি কেন্দ্রীয় মন্ত্রীকে এবং এর বাইরেও আমরা আমাদের তরফ থেকে যেহেতু কেন্দ্রীয় সরকার

কিছু করছে না। কিছু কাজ হচ্ছে যেমন - হরিশচন্দ্রপুরে হচ্ছে,ভুতনীর এলাকাতেও হচ্ছে। কিছু কিছু জায়গায় আমরা কাজ করেছি এবং কিছু কিছু জায়গায় আমাদের তরফ থেকে take up করব। কিন্তু এই কাজটা পুরোপুরি কেন্দ্রীয় সরকারের করার কথা,100 per cent তাদের funding । কিন্তু তারা করছে না, আপনারা সবাই মিলে আমার মনে হয় যদি এর প্রতিবাদ করেন বা ঠিক জায়গায় representation দেন, তাহলে আমার মনে হয় কাজে লাগবে। আমরাও রাজি আছি,আমাদের তরফ থেকে,ধন্যবাদ।

Presentation of Committee Report

Presentation of the second Report of the standing Committee on Urban Development and Municipal Affairs (2016-2017)

Shri Rathin Ghosh: Hon-ble Speaker, Sir, I beg to present the Second Report of the Standing Committee on Urban development and Municipal Affairs (2016-2017) on the Working and Affairs of Basirhat Municipality and Taki Municipality.

The Annual Reports and Accounts along with Audit Report thereon, of the Shalimar Works (1980) Limited for the years 2011-2012, 2012-2013, 2013-2014 and 2014-2015.

LAYING OF REPORTS AND ACCOUNTS

Shri Sobhandeb Chattopadhyay : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Annual reports and accounts along with Audit Report thereon, of the Shalimar Works (1980) Limited for the years 2011-2012, 2012-2013, 2013-2014 and 2014-2015.

Shri Nepal Mahata : অনারেবেল স্পীকার স্যার,আমি আপনার মাধ্যমে হাউসকে জানাতে চাই, যে আমাদের রায়গঞ্জের মাননীয় বিধায়ক মোহিত সেনগুপ্তকে মিথ্যা মামলায় ফাঁসানোর চেষ্টা হয়েছে। স্যার,এটা একটা রাজনৈতিক উদ্দেশ্য/প্রণোদিতভাবে তাকে এই ধরনের মিথ্যা মামলায় যে ফাঁসানোর চক্রান্ত চলছে, তার আমরা তীব্র প্রতিবাদ এবং আপনার protection চাইছি। স্যার, প্রতিবার এটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে করা হচ্ছে বলে আমার ধারণা।

Mr. Speaker : - Police তদন্ত করবে,Police তদন্ত করে যেটা পাবে সেটাই হবে। বিধায়ক মানে immune নয়, বিধায়ক মানে আপনারা বাইরে কোন – বিধানসভার বাইরে কোন ঘটনা করবেন। এবং তার জন্য immunity চাইবেন for that Bidhan Sabha not protect him.পুলিশ তদন্ত করে যেটা হবে, সেটাই হবে।

(মেনশান)

Shri Khagen Murmu : ধন্যবাদ স্যার, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে .....(নয়েজ)....

Mr. Speaker : খগেন মুর্ম আপনি বলুন আপনারটা।.....(নয়েজ)..... আমার সঙ্গে মেম্বারে দেখা করবেন,আমি আপনাদের অনুরোধ করছি,আপনারা আমার সঙ্গে দেখা করবেন আমি আপনাদের সাথে কথা বলব।

Shri Khagen Murmu : আমাদের রাজ্যে মাননীয় Land and Land Reforms মিনিস্টার এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, যে বিষয়টি হচ্ছে আমাদের রাজ্যে সমস্ত কৃষক সহ সাধারণ মানুষ - আজকে ভীষণভাবে তাদের নাভিশ্বাস হয়েছে যে, গত ০২.০২.২০১৭ তারিখে Land and Land Reforms Department-এর মাননীয় Principal Secretary যে সারকুলার জারি করেছেন,যার ফলে agri land, non agri and non commercial land এর ক্ষেত্রে mutation fees আমাদের জমির মালিকানা বদলের ক্ষেত্রে বহুগুণ বৃদ্ধি করেছেন। ফলে agri land-এর ক্ষেত্রে যেখানে ছিল এক টাকা per শতক, সেখানে ৪০ টাকা করা হয়েছে গ্রামীণ এলাকার জন্য, পৌরসভা এলাকার জন্য করা হয়েছে ৬০ টাকা এবং KMDAএর ক্ষেত্রে ৮০টাকা করা হয়েছে। ফলে কৃষকসহ সাধারণ মানুষরা ভীষণভাবে আক্রান্ত হচ্ছেন এতটা বৃদ্ধি করার ফলে। Non agri এবং non commercial ক্ষেত্রে যেখানে ছিল দশ টাকা,সেটা গ্রামীণ এলাকার জন্য করা হয়েছে ১০০ টাকা।

[12:20 – 12.35 p.m.]

পৌর এলাকার জন্য ১৫০ টাকা, কে এম ডি এ -র জন্য ২০০ টাকা বৃদ্ধি করা হয়েছে। আমি বলতে চাই যে, গত ০২.০২.২০১৭ তারিখের কৃষক এবং সাধারণ মানুষ বিরোধী সার্কুলার প্রত্যাহার করা হোক এবং পূর্বে যে ফিজ ছিল তা পুনর্বহাল করা হোক। ধন্যবাদ।

মিঃ স্পীকার : প্লিজ, আপনি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করুন। এই সার্কুলারটা আমায় দিয়ে দিন, আমি ওনাকে দিয়ে দেব।

শ্রী প্রদীপ কুমার সাহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি আজকে সিঙ্গুরের ইতিহাস সম্বলিত অষ্টম শ্রেণির অতীত ও ঐতিহ্য বইটা, এনেছি। ওই বইটা ভাল করে পড়লাম। এই বইটা নিয়ে একটা কথা উঠেছে যে, সেই বইটিতে সিঙ্গুরের আন্দোলনের ইতিহাসও উল্লিখিত আছে।

মিঃ স্পীকার : গতকালই এই নিয়ে আপনারা বলেছিলেন। মাননীয় মন্ত্রী গতকাল এই নিয়ে উত্তর দিয়েছেন।

শ্রী প্রদীপ কুমার সাহা : আমি বলতে চাইছি স্যার, এই বইটাতে তেভাগার আন্দোলন ও তেলেঙ্গাঁনা আন্দোলনের কথা আছে। এখন এখানে কুশীলব হিসাবে সিঙ্গুরের আন্দোলনের সঙ্গে যারা ছিল, তাদের নাম ইতিহাসে স্থান পেয়েছে। কিন্তু তেভাগা আন্দোলন, তেলেঙ্গাঁনা আন্দোলন....(এই সময় মাইক অফ্ হয়ে যায়।).....

মিঃ স্পীকার : আজকে এটা নিয়ে আলোচনা আর হবে না। আপনি কালকেই এই প্রশ্নগুলো উত্থাপন করেছিলেন। কালকে আপনি শিক্ষামন্ত্রীর সামনে এই প্রসঙ্গ উত্থাপন করেছেন, শিক্ষামন্ত্রী এর উপরে উত্তরও দিয়েছেন। এটা নিয়ে আজ আলোচনা হবে না।

মিঃ স্পীকার : গতকাল শিক্ষামন্ত্রী ছিলেন। সুজনবাবু শুনুন, কালকে এই ব্যাপারটা ওরা উত্থাপন করেছেন। শিক্ষামন্ত্রী এর উত্তরও দিয়েছেন। এটা নিয়ে আর নতুন করে মেনশন করা যাবে না। রোজ রোজ একই জিনিস বলা যাবে না।

শ্রী রুনু দত্ত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর কাছে জানতে চাইছি যে, পশ্চিমবঙ্গ সরকারের হাতে কিছু কয়লা ব্লক আছে। সি ই এস সি দীর্ঘদিন ধরে সেই ব্লকের উপর কাজ করছে নিজের বিদ্যুতের জন্য। তারা আবার চুক্তি করেছে আই সি এম এল বলে একটা কোম্পানির সঙ্গে। বর্তমানে স্যার, অতীতে নয়, বর্তমানে সেখানে কোন সময়

মানা হচ্ছে না। সেখানকার শ্রমিকদের ভি আর এস জোর করে দিয়ে দেওয়া হচ্ছে। ডি এ দেওয়া হচ্ছে না। বেতনের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের যে চুক্তি, সেই সরকারের বেতন মিনিমাম দেওয়া হচ্ছে না। সেখানে অনেক লোক কাজ করে। প্রচন্ড পলিউশান হচ্ছে। এই ব্যাপারটা শ্রম দপ্তর এবং মাননীয় মন্ত্রী দেখছে না। মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ বিষয়টা গুরুত্ব দিয়ে দেখলে ভাল হয়।

শ্রী সুজিত চক্রবর্তী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টা হচ্ছে - গত ২৫.০২.২০১৬ -তে ১১০৭ এফ (পি ই) মেমোরেন্ডাম একটা প্রত্যেক দপ্তরে পাঠানো হয়েছিল। শিক্ষা দপ্তর, স্বাস্থ্য দপ্তর, স্বরাষ্ট্র দপ্তর,এই দপ্তরে এই মেমোরেন্ডামে উল্লেখ ছিল যে সমস্ত চুক্তিভিত্তিক কর্মচারী আছে, সেই চুক্তিভিত্তিক কর্মচারীদের বেতন বৃদ্ধি হবে এবং সাথে সাথে বলা ছিল মেডিকেল ফেসিলিটি এবং রিটায়ার্ড করার পর দু' লক্ষ টাকা পেয়ে যাবে। প্রতি বছর ৩% করে ইনক্রিমেন্ট হবে। কিন্তু এই যে মেমোরেন্ডাম পাঠানো হল এটা এখনও পর্যন্ত কি কারণে আটকে আছে এবং কেন এটা নিয়ে কোন আলোচনা হচ্ছে না, এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রাজ্যে বহু ইলেকট্রনিক্স মিডিয়া আছে। সেই মিডিয়ার যাঁরা কর্মী আছেন, যাঁরা কাজ করেন, তাঁদের একটা বিরাট অংশ ইতিমধ্যে কর্মচ্যুত হয়েছেন। আমাদের রাজ্যে এই সংখ্যা প্রায় এক হাজারেরও বেশি। আপনার মনে আছে 'তারা বাংলা' যখন বন্ধ হয়ে যায়, তখন আপনারা সিদ্ধান্ত নিয়েছিলেন তাদের আর্থিক সাহায্য দেওয়া হবে। আমাদের বামফ্রন্ট আমলে সিদ্ধান্ত হয়েছিল এইসব সাংবাদিকদের পেনশন দেওয়ার ব্যবস্থা করা হবে। ইতিমধ্যে অনেক জায়গায় চালু হয়েছে। মাননীয় মন্ত্রী এখানে আছেন। আমি অনুরোধ জানাব, এই দুটো ব্যবস্থা এখানে আমরা ঠিকমত চালু করতে পারব কি না। এটা করা উচিত বলে আমি মনে করি। এই ব্যবস্থা করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। উনি যদি উত্তর দেন তাহলে ভাল হয়।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সুন্দরবনের নদীবাঁধ মেরামতির বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমার কুলতলি বিধানসভা এলাকায় মস্তর গ্রাম পঞ্চায়েতের বেনদপুর সাহেবের দু'নম্বর ঘাট থেকে প্রায় দু'শো ফুট নদীবাঁধ বসে গিয়েছে এবং খুব বিপদজনক অবস্থায় আছে। আবার একই গ্রাম পঞ্চায়েতের নগেনামাৎ বড়াচন্দনতলা বাড়ির নিকট প্রায় দু'শো ফুট নদীবাঁধ একই অবস্থায় আছে এবং খুব বিপদজনক অবস্থায় আছে। আপনার দৃষ্টি আকর্ষণ করছি আর সেই কেন্দ্রীয় সরকারের যে প্যাকেজ পাঁচ হাজার বত্রিশ কোটি টাকা সাতাত্তর কিলোমিটার নদীবাঁধ মেরামত করার - আপনি বললেন, চুয়াত্তর কিলোমিটার করেছেন এ পর্যন্ত। সুন্দরবনবাসীর স্বার্থে আমি দাবী করছি স্যার, এই সরকার অন্ততঃ আরও একটু আয়লা প্রজেক্ট-টার গতি আনুক, এটাই আমি চাই।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের দু'টো পার্ট বলি যে, আপনি ঠিকই বলেছেন, এ বিষয়ে কোথাও কোন সন্দেহ নেই যে, সুন্দরবনের নদীবাঁধগুলোর অবস্থা খুব খারাপ এবং করা দরকার। আপনি যে ভালনারেবল পয়েন্ট-টা বলেছেন, আমার কাছে একটা ডিটেল রয়েছে। আমি আপনাকে কথা দিতে পারি, যেখানে যা ভালনারেবল আছে সেগুলো আমরা অলরেডি করেছি এবং ১৭-১৮ তে বর্ষার আগেই যাতে সবগুলো ঠিকঠাক করা যায়, সেটা দেখব। তার সত্ত্বেও আমি অনুরোধ করছি, যদি একটু পরে আমার কাছে আসেন, আমি তাহলে স্পেসিফিক আপনাকে বলে দিতে পারব যে, কীভাবে কী করা যায়।

আপনি দ্বিতীয় যে প্রশ্নটা করেছেন আয়লার সেটা নদীবাঁধ নিয়ে। আপনি বলেছেন, পাঁচ হাজার বত্রিশ কোটি টাকা। আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই, এই নিয়ে অনেক ভুল তথ্য, আমি জানি না, এই তথ্য-টা কোথা থেকে আপনারা পেয়েছেন। অরিজিনালি আয়লাতে কেন্দ্রীয় সরকার যে আর্থিক অনুমোদন দিয়েছেন তার ভ্যালু হচ্ছে ১৩৩৯ কোটি টাকা। পাঁচ হাজার বত্রিশ কোটি টাকা কোথাও নেই। 1339 crore আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আর্থিক অনুমোদন পেয়েছি আয়লার কাজ করার জন্য। তার মধ্যে নদীবাঁধ মেরামত বা নদীবাঁধ তৈরি করার জন্য যে কিলোমিটার আছে, সেটা হচ্ছে ১০৭ কিলোমিটার। এটা শোনা দরকার। কারণ অনেক জায়গায় দেখেছি, এই নিয়ে ভুল-ভাল তথ্য আসে। ১৩৩৯ কোটি টাকায় ১০৭ কিলোমিটার, তাতে জমির ক্ষতিপূরণ এবং আয়লার বাঁধ, সব নিয়ে।

এই ১০৭ কিলোমিটারের মধ্যে আমি বললাম, ৭৪ কিলোমিটারের কাজই হয়েছে, বাকী জায়গার জন্য অলরেডি আপনারা জানেন, জমি অধিগ্রহণ প্রক্রিয়া এগুলো, - it will take some times. সুতরাং, সবগুলো প্রক্রিয়ার মধ্যে রাখা হয়েছে। কেন্দ্রীয় সরকারের কথা বললেন, আমি আবারও বলছি, আয়লার বরাদ্দ অলরেডি কমিয়ে দিয়েছে। আপনি 80-20 বলেছেন। এটা 80-20 নয়, অরিজিনালি 75-25 ছিল। এখন করে দিয়েছে ৫০-৫০। আর একটা তথ্য দিই, আমরা অলরেডি যে কাজ করেছি তার এক্সট্রা যে টাকাটা লাগবে তার জন্য আমরা আবার চিঠি পাঠিয়েছি। এখনও অবধি কোনও উত্তর পাইনি। সুতরাং, কেন্দ্রীয় সরকারের যদি এই অবস্থা থাকে, আমরা জানি না, আগামী দিনে কীভাবে প্রজেক্ট-টাকে, চালিয়ে নিয়ে যাওয়া যাবে। মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি সবসময় চেষ্টা করছেন। মাননীয় অর্থমন্ত্রী আছেন, আমি ওনাকেও ধন্যবাদ জানাব যে, যখনই প্রয়োজন হয়েছে স্টেট এক্সচেকার থেকে কিছু টাকা দিয়েছেন বলে এত নদীবাঁধ - আমি অলরেডি উল্লেখ করেছি যে, আরও ২৭৭ কিলোমিটার নদীবাঁধ আমরা ২০১৬-১৭য় ধরেছি। ১৭-১৮য় আশা করছি, তিনশো কিলোমিটারের ওপরে নদীবাঁধের কাজ করব।

Shri Dhirendra Nath Layek : মাননীয় স্পীকার স্যার, সিক্সটি-এ ন্যাশনাল হাইওয়ে রাস্তা-বাঁকুড়া, পুরুলিয়া এবং একটি রোড বাঁকুড়া থেকে মানবাজার, মাঝখানে স্যার, মাত্র ছ'কিলোমিটার রাস্তা পড়ে আছে ভগবানপুর মোড় থেকে শ্যামদা হয়ে বাংলা মোড় পর্যন্ত ছ'কিলোমিটার ডিসটেন্স। এটা যদি কানেক্ট করা হয় তাহলে হাইওয়ের ওপর কুড়িটি গ্রাম উপকৃত হবে। স্যার, এমনিভাবে আর একটি রাস্তা বিনপুর মোড় থেকে দুর্গা মোড় - এই রাস্তাটির দূরত্ব ছ'কিলোমিটার মাত্র। এটা একটা মানবাজার হাইওয়ে প্লাস সিক্সটি-এ ন্যাশনাল হাইওয়ে মাঝখানে কুড়িটি মত গ্রামের মানুষ অত্যন্ত কষ্টের মধ্যে আছেন। আর আমাদের সৌভাগ্য আমাদের দুই মন্ত্রী পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ এবং সন্ধ্যাদিও ঐ রাস্তার ওপর দিয়ে যাতায়াত করেন। এটা যাতে ওনাদের নজরের মধ্যে আসে এবং দেখেন তাহলে অনেকগুলো গ্রামের মানুষের উপকার হবে। ধন্যবাদ স্যার।

শ্রী সেখ শাহনেওয়াজ : অনারেবল ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেতুগ্রাম বিধানসভায় রামগেড়িয়া উচ্চ বিদ্যালয় আছে। দীর্ঘদিন ধরে স্কুল বিল্ডিং-টি একদম ড্যামেজ অবস্থায় রয়েছে। কেন্দ্রীয় সরকার সর্বশিক্ষা মিশনে কোন টাকা-পয়সা দিচ্ছে না। ডিপার্টমেন্টকে জানিয়েও সেই বিল্ডিং মেরামত করা হচ্ছে না। যে কোন সময় বিপদ হতে পারে। অবিলম্বে ঐ স্কুল-বিল্ডিং রিপেয়ার করার জন্য মাননীয় স্কুল শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

श्री सुकरा मुण्डा : माननीय डिपुटी स्पीकर महाशय, मै माननीय मंत्री पंचायत Public Health Engineering Department का ध्यान आकर्षित करना

चाहता हूँ साथ ही साथ मै उन्हे धन्यवाद देना चाहूँगा। सर किसी देश का सार्विक उन्नति,किसी भी राज्य का सार्विक उन्नति या किसी अंचल का सार्विक उन्नति का पता तब चलता है जब वहाँ का रास्ता घाट को देखने से। सर North Bengal मे मेरा जो नगराकाटा कन्सटीच्वेन्सी है, विधान सभा क्षेत्र है वहाँ का रास्ता घाट विगत सरकार के अमल मे बहुत ही खराब था। माननीय मंत्री महोदय के सहयोग से एवं हमारे माननीय मंत्री गौतम देव N.B.T.T के मंत्री थे तब वहाँ का रास्ता का निर्माण हुआ है। अभी हमारे क्षेत्र के रास्ता है बहुत अच्छे हो गये है और मै माननीय मंत्री को मै धन्यवाद देना चाहूँगा जो रास्ता खराब थे पवन डान्गा चाय वगान से नगराकाटा आने का जो रास्ता था, वो रास्ता सेन्सन हो गया है। साढे 14 किलामीटर का रास्ता अभी बनने के लिये चालू हो गया है। इसके लिये मै माननीय मंत्री को धन्यवाद देना चाहूँगा और जो वाकि रास्ता है उसका सेन्सन हो गया है। माननीय मंत्री से मै दुसरी बात कहना चाहूँगा पीने के पानी की समस्या जो है चाय वगानों मे -उस चाय वगानों मे PHE का सेन्सन हुआ है, काम भी Compelite हो गया है लेकिन वहाँ पानी चालू नही किया गया है। Department के मंत्री महोदय से मेरा अनुरोध है कि पानी का जो, पीने के पानी का जो काम है वो जल्दी से खतम करके लोगो के लिए सप्लाई किया जाय। धन्यवाद

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় ডেপুটি স্পীকার স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মা-মাটি-মানুষের সরকারের মূল কান্ডারী মাননীয়া মুখ্যমন্ত্রীর আন্তরিকতায়, মানুষের স্বার্থে স্বাস্থ্য কেন্দ্রগুলোতে উন্নয়নের কর্মযজ্ঞ চলছে। মানুষকে আরো ভালো স্বাস্থ্য পরিষেবা দেওয়ার জন্য নিবেদিত প্রাণ আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সদা-সর্বদা আন্তরিক চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তার জন্য তাঁকে আদাব জানাই।

স্যার, মেমারী গ্রামীণ হাসপাতালে প্রতিদিন, শুধু মেমারী নয়, এই হাসপাতালকে কেন্দ্র করে মন্তেশ্বর, জামালপুর, বর্ধমান উত্তরের টু, মানে একটা অংশ এবং উত্তরের টু ব্লকে এবং মেমারী ওয়ান, টু, প্রচুর, লক্ষ লক্ষ মানুষ এই হসপিটালে আসে। তাই আপনার মাধ্যম দিয়ে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার আবেদন, এই হাসপাতালকে সুপার স্পেশ্যালিটি হাসপাতালে পরিণত করা হোক। তাহলে লক্ষ লক্ষ মানুষ চিকিৎসার সুযোগ পাবেন, আধুনিক চিকিৎসার সুযোগ পাবেন। এই আবেদন রাখছি।

শ্রী আবদুল খালেক মোল্লা : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথ্য স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে বক্তব্য রাখছি।

স্যার, আমার বিধানসভার অন্তর্গত রবীন্দ্রনগর থানা, যার আওতায় মহেশতলা পৌরসভার ১০টা ওয়ার্ড আছে, সেই থানার অবস্থা খুবই জরাজীর্ণ। আজ থেকে এক বছর আগে স্বরাষ্ট্র দপ্তর থেকে এবং PWD থেকে জয়েন্ট ইন্সপেকশন হয়েছিল যে এই থানাকে ব্রীক বোর্ডের যে অফিস আছে সেখানে নিয়ে যাওয়া হবে। কিন্তু আজ পর্যন্ত এই ব্যাপারে কিছুই হয়নি। সেই জন্য আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ করছি অবিলম্বে এই থানাকে স্থানান্তরিত করার উদ্যোগ নেওয়া হোক। ধন্যবাদ।

(এই সময় ১.৪৫ মিনিট পর্যন্ত অধিবেশন মুলতবী ঘোষণা করা হয়।)

[1:45 – 1.55 p.m.]

The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2017

Shri Firhad Hakim : Mr. Speaker Sir, I beg to introduce The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2017.

(Secretary then read the Title of the Bill)

Shri Firhad Hakim : Mr. Speaker Sir, I beg to introduce The Kolkata Improvement (Repealing) Bill, 2017.

(Secretary then read the title of the Bill)

Shri Firhad Hakim : Mr. Speaker Sir, I beg to introduce The Kolkata Metropolitan Water and Sanitation Authority (Repealing) Bill, 2017

(Secretary then read the Title of the Bill)

Shri Firhad Hakim : Mr. Speaker Sir, I beg to move that The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2017 be taken into consideration.

Shri Firhad Hakim : Mr. Speaker Sir, I beg to move that The Kolkata Improvement (Repealing) Bill, 2017 be taken into consideration.

Shri Firhad Hakim : I beg to move that The Kolkata Metropolitan Water and Sanitation Authority (Repealing) Bill, 2017 be taken into consideration.

Mr. Speaker : Hon'ble Members, since the Bills are similar in nature, discussion and consideration will be taken up together.

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই সদনে মাননীয় মন্ত্রী যে তিনটি বিল উত্থাপন করলেন, তিনটি বিল একই নেচারের, শুধু একই নেচারের নয়, একই বিলের মধ্যে অন্য দুটো বিলের সমস্ত প্রভিশানগুলো আসবে, অর্থাৎ দুটো বিলকে। রিপিল করা হবে, তার প্রভিশানগুলো টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং - এই বিলে আসবে। সেইজন্যই ঠিক হয়েছে একসঙ্গে তিনটেকে কনসিডার করা হবে। সুতরাং টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং নিয়ে আলোচনা করলেই পুরো ব্যাপারটা এসে যাবে।

'Town and Country Planning-য়ে প্রথমেই সেকশান - ২ -তে betterment fee and improvement Scheme এই নিয়ে কথা বলা হয়েছে। অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি যে কে.এম.ডি.এ. যখন একটা এলাকায় কোন স্কীম নেবে - সেটা ইমপ্রুভমেন্ট স্কীম কি হবে ? চার ধরনের স্কীমকে ইমপ্রুভমেন্ট স্কীম বলা। হয়েছে। তারমধ্যে একটার নাম ইমপ্রুভমেন্ট স্কীম। সেকেন্ডটা অন্য, থার্ডটা অন্য। মানে ইমপ্রুভমেন্ট স্কীমের মধ্যে ইমপ্রুভমেন্ট স্কীম। in any case সেই ইমপ্রুভমেন্ট স্কীম হওয়ার ফলে এলাকার ল্যান্ডের ভ্যালু যদি বেড়ে যায়, সেই বেড়ে যাওয়ার জন্য একটা বেটারমেন্ট ফি বসানো হবে। স্যার, আমি যদি ঠিক বুঝে থাকি। কারন আপনার ক্লজগুলিতে এত প্যাঁচের ইংরাজি; এটা অবশ্য আপনার ডিপার্টমেন্টে খুব বেশি হয়। এর আগেও

আমি বলেছি, বিধায়কদের ইংরাজি শিক্ষার পরীক্ষা নেওয়া হয় যে তারা বোঝেন কি না। আমার নিজের deficiency আছে ইংরাজিতে আমি জানি। কিন্তু তা সত্ত্বেও আমার মনে হয় ইংরাজিটা বেশ খটমট। সুতরাং আমি চলে যাব 106 (b)-তে কারন এখানে বলা আছে betterment fee means the fee mentioned in Section 106 (b). 106 (b) - ক্লজটা নতুন করে insertion হচ্ছে। ১০৬B - এ -র পরে The following Section shall be inserted 106B। স্যার, আমি পড়ছি, When by making of any improvement scheme, any land in the area betterment fee comprised in the scheme " অথাৎ স্কীমের মধ্যে একটা বেটারমেন্ট ফি আসছে। within the Ward No. 1 to Ward No.100 as mentioned in Schedule-I of the Kolkata Municipal Corporation Act, 1980। আগের কথা টেনে নিয়ে আসতে হবে আমাকে যতটুকু বুঝেছি, which is not required for the execution thereof, will, in the opinion of the development authority, be increased in value, ল্যান্ডের ভ্যালুটা বাড়ছে in the opinion of the development authority, The Development Authority, in framing the scheme, may in lieu of providing for the acquisition of such land impose betterment fee.

অর্থাৎ জমিটা অ্যাকুইজিশান করা হবে না। যার জমি তার কাছে রয়ে যাবে, এইটুকু বুঝেছি। তার জন্য কি হবে ? সেই জমির মালিককে বেটারমেন্ট ফি দিতে হবে। মানে এটা মামার বাড়ির আবদার মনে হচ্ছে আমার কাছে। আমার জমি আছে, এই এলাকায় আপনি কি কাজ করেছেন তার জন্য বেটারমেন্ট ফি চাপিয়ে দিচ্ছেন। আপনি একটা স্কীম করছেন। সেই স্কীম করার জন্য আমার ল্যান্ডের ভ্যালুটা বেড়ে গেল, এটা বাড়তেই পারে। একটা স্কীম করলে সেই এলাকার ল্যান্ডের ভ্যালুটা বেড়ে যায়। ল্যান্ড ভ্যালু বাড়ার জন্য ওনার হিসাবে আমাকে দিতে হবে বেটারমেন্ট ফি। আমি জানি না, কি করে আদায় করবেন, কেন করবেন ইত্যাদি এর লিগ্যালিটি কি ? স্যার আমি যতটুকু বুঝেছি, এটাই ঠিক তো ? বললাম খটমট ইংরাজি, মাথায় ঢুকছিল না, চারবার পড়ে তবে বুঝলাম।। তাহলে এই যে বেটারমেন্ট ফি-টা চাপানো হচ্ছে ঐ এলাকার মানুষের কাছে মানে ল্যান্ডের ওনারের কাছে এবার বেটারমেন্ট ফি – টা কত ? স্যার, বেটারমেন্ট ফি – টা কত হবে সেটা 106 (b) (2) তে বলা আছে। Such betterment fee shall be an amount equal to one-half of the increase in value of the land resulting from the execution of the scheme. কি সাংঘাতিক সাবজেক্টিভ ব্যাপার। একটা স্কীম করা হল, সেই স্কীম করার জন্য আমার ল্যান্ডের ভ্যালুয়েশান বাড়লো।

[1:55 – 2.05 p.m.]

ল্যান্ডের ভ্যালুয়েশান ওই একটা স্কীমের জন্য বেড়েছে না আরও অনেক কিছুর জন্য বেড়েছে, এই জাজমেন্ট তো পুরোপুরি সাবজেক্টিভ, কারা এই ভ্যালুয়েশানটা করবেন।

এই ধরনের কোন অবজেকটিভ মেশিনারী সারা ভারতবর্ষে আছে কি না জানিনা। এখন অনেকদিন আউট অফ ডেট আছি। কিন্তু পশ্চিমবঙ্গে নেই। আমাদের ভ্যালুয়েশান বোর্ড যখন বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে হোল্ডিং ফি ঠিক করে, তখনই আমরা দেখি তা নিয়ে কত চিৎকার, চেঁচামেচি, কত সাবজেক্টিভিটি। আর এখানে ল্যান্ডের ভ্যালু বাড়ছে শুধুমাত্র Execution of an improvement scheme এর জন্য। এইটুকু কে বের করবে? কার সাধ্য আছে এত সূক্ষ ভাবে বের করার? সুতরাং এই যে যেটা চাপানো হচ্ছে এবং ইমপ্রুভমেন্ট ফি, বেটারমেন্ট ফি, এই কনসেপ্টগুলো নিয়ে এসে আমার মনে হয় আগামী দিনে ডিসপিউটের সংখ্যাটা আমরা অনেক

অনেক অনেক পরিমাণে বাড়িয়ে দেব। প্রচুর ডিসপিউট আসবে। প্রথমতঃ এটা লিগালিটির দিক থেকে টিকবে কি না? কারণ আমার জমি এখানে আছে, আপনি ইমপ্রুভমেন্ট স্কীম করলেন, তারজন্য আমার ল্যান্ডের ভ্যালু বাড়ল। আমি কি তার জন্য বেটারমেন্ট ফি দেব? আমি তো আপনাকে বলিনি আপনার এলাকায়, আমার এলাকায় আপনি এইসব করুন, আর আমার ল্যান্ডের ভ্যালু বাড়িয়ে দিন। বলতেই পারেন, স্যার, বলতেই পারেন কেউ। আমার অধিকার, জমির ওনারশিপ আমার। আমি কি করে জানছি যে আপনি বেটারমেন্ট ফি করবেন, না করবেন, স্কীম করবেন? কাজেই ডিসপিউটের সংখ্যাটা প্রচুর পরিমাণে বাড়বে, এটা আমার দৃঢ় বিশ্বাস। যদি না বাড়ে I will be happy। আপনি অনেক চিন্তাভাবনা করেই নিশ্চয় করেছেন, যাতে রেভিনিউ বাড়ে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, আমার যেটা মনে হয়েছে এতদিনের অ্যাডমিনিস্ট্রেটিভ অভিজ্ঞতায়, এতে প্রচুর ডিসপিউট বেড়ে যাবে। এভরি প্ল্যানিং অথরিটি অর ডেভেলপমেন্ট অথরিটি - এর পরের যেটা আছে সেকশান ইলেভেনে, সাব সেকশান থ্রিতে, সেখানে বলছেন চেঞ্জ হয়ে যাচ্ছে। আগে শুধু ছিলেন চেয়ারম্যান এবং বোধহয় তের জন। এখন সেখানে আসছে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং নট লেস দ্যান সেভেন। আগে ছিল তের, এখন সাত। এই শুধু চেঞ্জ হচ্ছে সুতরাং বলার কিছু নেই। কিন্তু চার নম্বরে যেটা সেকশান ১৩ এ যেটা আনতে চাইছেন, এর আগেও অন্য বিল-এর প্রসঙ্গে বলেছি, আমার যেটা humble submission যে কোন ডেভেলপমেন্ট অথরিটির ট্যাক্স কালেকশান করার, ট্যাক্স লেভি করার ক্ষমতা নেই। সেভেনটি থার্ড অ্যামেন্ডমেন্ট এবং সেভেনটি ফোর্থ অ্যামেন্ডমেন্ট অফ দি কন্সটিটিউশানের পরে কোন ডেভেলপমেন্ট অথরিটি কতটা, ফিজ ইম্পোজ করছেন, চার্জেস করছেন, অলরাইট। কিন্তু ট্যাক্স করার ও ক্ষমতা যেমন স্টেট গভর্নমেন্টের আছে, সেন্ট্রাল গভর্নমেন্টের আছে তেমনি লোকাল এস জির আছে। অর্থাৎ মিউনিসিপ্যালিটি করতে পারে, কপোরেশান করতে পারবে, পঞ্চায়েত করতে পারবে বাট নো ডেভেলপমেন্ট অথরিটি ক্যান ইমপোজ, ক্যান লেভি অ্যান্ড কালেক্ট ট্যাক্স। কাজেই সেই ব্যাপারটা আবার আমি আপনাদের সামনে হাম্বল সাবমিশান রাখছি, আপনারা নেবেন কিনা আলাদা কথা। কিন্তু এটা হচ্ছে কন্সটিটিউশনাল প্রভিশান। বাকি যেগুলো হচ্ছে যে কে আই টি, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট যেটা ছিল, সেই ট্রাস্টের, অ্যাক্টটাকে আমরা রিপিল করে দিচ্ছি। আমি আপনাকে স্বাগত জানাচ্ছি কেননা সত্যি কথা এই কোলকাতার মালিক একসময় কে আই টি ছিল। ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট - তারাই ছিল এটার মালিক। যেহেতু কে আই টি একেবারে নির্জীব একটা ইন্সটিটিউশানে পরিণত হয়েছে। তার কোন কাজ নেই, কেউই নেই প্র্যাকটিকালি দেখার। তার ফলে বহু কে আই টির জমি বেদখল হয়ে আছে। আপনারা দেখুন কোলকাতায় যত বেদখলীকৃত জমি, তার একটা বড় অংশের, মালিক হচ্ছে কে আই টি। কাজেই কে আই টিকে রিপিল করে নিয়ে আপনি যখন টাউন অ্যান্ড কান্ট্রি। প্ল্যানিং অ্যাক্টে নিয়ে আসছেন, আমি আপনাকে স্বাগত জানাচ্ছি অন্ততঃ গার্জিয়ানলেস যেগুলো ছিল, এখন গার্জিয়ান হবে। এখন আপনারা সেগুলো দেখতে পারবেন, দেখভাল করতে পারবেন কে আই টি র - ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের বহু বিল্ডিং প্রায় ভেঙ্গে পড়ে যাচ্ছে।

সেগুলি দেখভাল করার একটা authority থাকবে, সেটা আমি স্বাগত জানাচ্ছি। সেকেন্ড যেটা হচ্ছে KMWSA, Kolkata Metropolitan Water and Sanitation Authority এই অথোরিটির সমস্যা আমার মুখস্থ হয়েছে। আমার মনে আছে, ফিনান্স ডিপার্টমেন্টে যখন ছিলাম প্রায়ই আমার কাছে representation আসত যে, আপনারাতো KMDA-কে টাকাটা দেন, KMDA সেই টাকাটা ভাগ দেবে KMWSAকে দেখাশোনা করার জন্য। স্বভাবতই যেটা হত KMDA যতটা পারেনা দেওয়া - শুধু তাই নয় যেগুলি KMWSA করার কথা scheme গুলি

KMDA করত, অনেক সময় দেখা গেছে KMWSA -এর আওতায় যে water supply, সেই water supply affected হত সেইজন্য এই যে পদ্ধতিটা নিয়েছেন, এই যে move আপনার, আমি একে স্বাগত জানাচ্ছি। সমস্যা হল একটাই আপনাকে সাবধান করে দিচ্ছি, আপনার অফিসাররা রয়েছেন তাঁরা নিশ্চয়ই জানেন যে এইভাবে কোন organizationকে যখন অন্য organizationএর সাথে যুক্ত করা হয় তখন সবচেয়ে বড় সমস্যা হয় staff-এর। staff-এরা merge করে যাচ্ছে, এইবারে staff-এর placement.এখানটায় অলরেডি Town and Country Planning-এর প্রচুর staff আছেন। ওখান থেকে যাঁরা আসবেন তাঁদের gradation list -এ কে কোথায় যাবে এটাতে বিরাট সমস্যা হয়ে যায়। যাঁরা KMWSAতে আছেন - সেখানে engineer সাহেব আছেন, Supdt. Engineer - এখানেও Supdt. Engineer আছেন। তাহলে ওই Supdt. Engineer এখানে এলে তার পজিশন কোথায় হবে। উঁচু লেভেলে পুরনোদের না হয় ঠিক আছে, দুদিন পর retire করবেন, সমস্যা নেই কিন্তু নীচু লেভেলে যিনি কয়েক দিন আগে, কয়েক মাস আগে চাকরিতে যোগদান করেছেন তাঁর পুরো ভবিষ্যতটা রয়ে গেছে তাঁর placementটা কোথায় ? তিনি কার পিছনে আসবেন, কার পরে আসবেন এটা একটা বিরাট সমস্যা। এটা আমার experience থেকে বলতে পারছি। সবচেয়ে বড় সমস্যা হয় এই জিনিসটায় আপনাকে অনুরোধ করব সেটা যাতে খুব সুচিন্তিতভাবে দেখা হয়, rationalize wayতে দেখা হয়। আমি আবার বলছি generally weak organization অর্থাৎ যেগুলি merge হয়ে আসছে যে organizationটাকে repeal করে দিয়ে এখানে আনা হচ্ছে তাদের এমপ্লয়িরা সাফার করে কারণ দেখার কেউ নেই, আগেও কেউ ছিল না এখনতো আরোও কেউ নেই। আর এখানকারই, Town and Country Planning থেকে KMDAতে যাদের গার্জিয়ান আছে, সবকিছু দেখছেন তারাই হচ্ছে হর্তাকর্তা, সেই হতাকর্তার কাছে ওঁরা আসছেন কাজেই ওদের একটু অসুবিধা হয়ে যায়। বাকি যেগুলি আছে এখানে সেগুলিতো জাস্ট resultant clause মানে, repeal করার ফলে সেখানকার case হচ্ছে, যারা কেস করেছেন অন্য লোকে তাঁর বিরুদ্ধে কেস করেছেন ইত্যাদি, ইত্যাদি। তাঁর employee-এর বিরুদ্ধে কেস করেছেন, এমপ্লয়িরা আবার কোথাও হয়তো কেস করতে পারেন। সমস্ত কিছুর resultant effect অর্থাৎ সেই provisionগুলি এখন Town and Country Planning-এর ক্ষেত্রে আসবে। ধরে নেওয়া হবে সেই সমস্ত organization এখন নেই এটা ধরে নিয়েই করা হবে। সেক্ষেত্রেও শুধু একটা জায়গায় বলি 142 of the Principal Act Clause 5- এ বলা আছে। "Notwithstanding anything contained in this Act, the on-going scheme with regard to Fringe Area Water Supply in panchayat areas carried on in accordance with the provision of clause এত, may be continued as if the Kolkata Metropolitan Water and Sanitation Authority Act., 1966 has not been repealed." এই ইংরাজীটা আমি বুঝতে পারছি না, repealed তো হল, ধরে নেওয়া হবে "has not been repealed" মানেটা কি ? আমি জানি না নিশ্চয়ই আপনি আমাদের legal department-এর সঙ্গে consult করেছেন। এইরকম দুই তিনটি জায়গা আছে। কেন ধরে নিয়ে আমি বলব যে "has not been repealed".

এটা কি করা যেতে পারত না অন্যভাবে - পজিটিভ ধরে নিয়ে। পজিটিভ ভেবে ধরে নিয়ে করা যেতে পারত যে ওগুলোকে ধরে নেওয়া হবে যে ক্যালকাটা এই টাউন এ্যান্ড কান্ট্রি প্ল্যানিংয়ের মধ্যে আসছে। এইভাবে যদি করে May be continued as if those schemes belong to The KMDA or something like this. এটা করা যেতে পারত কি না। আমার মনে হয় তাতে পজিটিভ হত কারণ এখানে আমরা রিপিল করে নিয়ে আবার বলে দিচ্ছি ধরে নেওয়া হচ্ছে রিপিলড হবে না। আমি সভার কাছে বলছি এটা আমার যেন একটু কেমন লাগছে।

এটা করা যেতে পারত কি না আপনারা দেখুন। আমি জানি এখানে এটা আপনারা এ্যাকসেপ্ট করতে পারবেন না। খুব স্বাভাবিক, পার্লামেন্টারি সিস্টেমে তাই হয় যে, আমার বক্তব্য যুক্তিসঙ্গত হলেও আপনারা অ্যাকসেপ্ট করবেন না। কিন্তু এটাকে আরও ভালভাবে করা যায় কি না এবং আগামিদিনে করা যায় কি না দেখবেন। আর ট্যাক্সয়ের কথাটা বললাম, এটাও দেখবেন। Avoiding multiplicity of organisations to perform the similar works having overlapping jurisdiction-কথা অবজেক্টস এ্যান্ড রিজেন্স-এ আছে। এটার সাথে আমি একমত যে, মাল্টিপ্লিসিটি অফ অরগানাইজেশানস একই ধরনের কাজ করার জন্য যখন থাকে তখন অনেক প্রবলেমগুলো আনে এবং সেই প্রবলেম আপনি এ্যাভয়েড করার জন্য যে উদ্যোগ নিয়েছেন তার জন্য ধন্যবাদ দিচ্ছি কিন্তু সেই প্রবলেমগুলোর কথা বললাম এই টিকলিজ প্রবলেমগুলোকে আপনাকে মাথায় রাখতে হবে কারণ সেগুলো আপনাকে ট্রাবল্ দেবে। আমি এই কয়েকটি কথা বলে শেষ করতে চাই - তবে স্যার শেষ করার আগে সবার একটা আবেদন ছিল আমি যেন গান করি। স্যার আমারও তাই ইচ্ছা। স্যার আমাদের বন্ধু, আমার লোকসঙ্গীতের মানুষ কালিকাপ্রসাদ অকালে চলে গিয়েছেন আমাদের ছেড়ে। সেটা খুবই মর্মান্তিক খুবই দুঃখজনক। আমাদের সবাইকে একদিন যেতে হবে, সবারই পথ এক। কিন্তু তবুও চলে গেছেন তার উপলক্ষে আমি একটা গান করছি তাঁকে শ্রদ্ধাঞ্জলি জানানোর জন্য।

[2:05 – 2.15 p.m.]

" বাঁইধাছো ঘরখানা মিছা দুনিয়ার মাঝে
বাঁইধাছো ঘরখানা মিছা দুনিয়ার মাঝে
গোঁসাইজি কোন্ রংয়ে
হাড়েরও ঘরখানি চামড়ার ছাউনি
বন্ধে বন্ধে জোড়া - আহা।
তাহারই মাঝখানে মনু রায় পাখি ছুটিলে না দেয় ধরা -
গোঁসাইজি কোন্ রংয়ে।
ছুটলে এই মনু রায় পাখি ধরা দেয় না।
চুলও পাকিবে, দন্ত ভাঙ্গিবে, যৌবনে পড়িবে ভাটি -আহা
দিনে - দিনে খসিয়া পড়িবে
দিনে - দিনে খসিয়া পড়িবে
এই রঙ্গিয়া দালানের মাটি
গোঁসাইজি কোন্ রংয়ে।
ও দিনে দিনে খসিয়া পড়িবে
রঙ্গিয়া দালানের মাটি
- গোঁসাইজি কোন্ রংয়ে, কোন্ রংয়ে গোঁসাইজি, কোন্ রংয়ে।

ধন্যবাদ স্যার।

Presentation of Report of B.A. Committee

Mr. Speaker : I beg to present the 19th Report of the Business Advisory Committee which met in my Chamber today and recommended the revised programme of business for 10th March, 2017 as follows :

10.3.2017, Friday :

(i) The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2017 (Introduction, Consideration and Passing)	}- 1 hour
(ii) The West Bengal Land Reforms (Amendment) Bill, 2017 (Introduction, Consideration and Passing)	}- 1 hour
(iii) The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2017) (Introduction, Consideration and Passing)	}- 1 hour
(iv) The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2017 (Introduction, Consideration and Passing)	}- 1 hour

Discussion of these two Bills are taken up together but the voting will be done separately.

There will be no Question for Oral Answer, new Calling Attention and Mention Case on that day.

শ্রী ফিরহাদ হাকিম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্যউপদেষ্টা কমিটির ১৯ তম প্রতিবেদনে। যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণ করার জন্যে সভায় প্রস্তাব উত্থাপন করছি।

মিঃ স্পীকার : I think the motion is adopted. The motion is adopted. মাননীয় সদস্যদের জানাই আমাদের মাননীয় সদস্য ডঃ সৌরভ চক্রবর্তী আমাদের সব সদস্যদের জন্য চা দিয়েছেন। আপনারা কাউন্টার থেকে সেই চা কালেক্ট করে নেবেন।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় নগরোন্নয়ন ও পৌর দপ্তরের মন্ত্রী ফিরহাদ হাকিম মহাশয় The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, এনেছেন তার সঙ্গে The Kolkata Improvement (Repealing) Bill, 2017 এবং The Kolkata Metropolitan Water and Sanitation Authority (Repealing) Bill, 2017 যে এনেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। অত্যন্ত সময়োপযোগী এই বিল। আমার পূর্ববর্তী বক্তা ডঃ সুখবিলাস বর্মা যে কথা বলছিলেন ১০৬ বি নতুন করে ইনসার্ট করার ফলে নতুন করে বেটারমেন্ট ফি আদায় করা হবে। তিনি বলছিলেন এটা না কি মামা বাড়ির আবদার। কিন্তু ঘটনা তো তা নয়। প্রকৃতপক্ষে নেপোয় দই মারার যে ব্যবস্থা ছিল এত দিন, এই বিলের মাধ্যমে তা বন্ধ করার ব্যবস্থা করা হয়েছে। আমরা জানি বর্তমানে রাজ্য সরকার প্রচুর উন্নয়নমূলক কাজ করছে। এই কাজ করতে গিয়ে কোথাও উড়ালপুল তৈরি করে তারপরে রাস্তাঘাট তৈরি করে এলাকার উন্নয়ন সাধন করছেন। এই উন্নয়নের ফলে দেখা যাচ্ছে অনেক জায়গায় জমির দাম যেখানে হয়তো এক লক্ষ টাকা কাঠা

ছিল, মূলত এই উন্নয়নের জন্য সেই জমির দাম বেড়ে হয়তো ১০ লক্ষ টাকা কাঠা হয়ে যাচ্ছে। রাজ্য সরকারকে এই উন্নয়নের জন্য অর্থ ব্যয় করতে হচ্ছে। কিন্তু এই অর্থ ব্যয় করার মুনাফাটা ভোগ করছে কিছু মানুষ। এটা কোনো ব্যক্তিগত ব্যাপার নয়। প্রকৃতপক্ষে এই উন্নয়নের জন্য যে সেই এলাকার জমির দাম বাড়ছে এই বেটারমেন্ট ফি আদায় করে যাতে আরো এলাকার উন্নয়ন করা যায় সেই লক্ষেই বেটারমেন্ট ফি ধার্য করার কথা বলা হয়েছে। অতএব এটা মামার বাড়ির আবদার নয়। এর দ্বারা আগামী দিনের উন্নয়নকে আরো ত্বরান্বিত করার ব্যবস্থা করা হয়েছে। তার সঙ্গে যে কথা বলা হয়েছে এই তিনটে সংস্থাকে The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2017, The Kolkata Improvement (Repealing) Bill, 2017, The Kolkata Metropolitan Water and Sanitation Authority (Repealing) Bill, 2017 কে এক জায়গায় করা হয়েছে। আমরা জানি যে কোলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর প্রচুর সম্পত্তি কলকাতায় আছে। তার অনেকটাই বে-দখল হয়ে আছে। অথবা যথাযথ মেনটেন না করার ফলে সেগুলো ধ্বংস হয়ে যাচ্ছে। কিছুদিন আগে কলকাতার একটা পার্টে কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের একটা বাড়ির কিছুটা অংশ ধসে পড়ে গিয়েছে।

[2:15 – 2.25 p.m.]

এখন, যেহেতু একই ধরনের কাজ এবং কাজগুলো করার ক্ষেত্রে যাতে একটা সুষ্ঠু ব্যবস্থা হয়, সেই লক্ষেই এই তিনটে সংস্থাকে এক করে নতুন করে 'দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৭ আনা হয়েছে। এর দ্বারা প্রকৃতপক্ষে উন্নয়নের কাজ ত্বরান্বিত হবে। আগে যে বিভিন্ন ডেভলপমেন্ট অথোরিটিগুলো হোত, তার গঠনের ক্ষেত্রেও নতুন করে একটা চিন্তা ভাবনা হচ্ছে। চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানসহ ম্যাক্সিমাম ৭ জন মেম্বারকে নিয়ে এই সংস্থা গঠিত হবে। এর সঙ্গে ডঃ সুখবিলাস বর্মা যে কথা বললেন, এখানে পরিষ্কার বলা হয়েছে, বাকি যে দুটো সংস্থার আধিকারিক বা অন্যান্য কর্মচারীরা ছিলেন তাদের যখন এই সংস্থার সঙ্গে যুক্ত করা হবে, মূলতঃ তাঁরা যে অবস্থায় কাজ করেছেন সেই অবস্থাতেই এই সংস্থার মধ্যে যুক্ত করে কাজ করার সুযোগ করে দেওয়া হবে। কোন অবস্থাতেই কোন কর্মচারীকে ছাঁটাই করার কোন উদ্দেশ্য সরকারের নেই। অতএব বাস্তবের দিক দিয়ে এটা একটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত। কয়েকদিন আগেই আলোচনাতে একজন বলেছিলেন, কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, তাদের ৫০ ইঞ্জিনিয়ার, তারা বেকার বসে আছে, অথচ হাওড়া কপোরেশনের মাত্র ৪ জন ইঞ্জিনিয়ার। এই যে ম্যান পাওয়ার, প্রকৃতপক্ষে টেকনিক্যাল ম্যান, যার অভাব সব জায়গায় অনুভূত হয়। সবগুলো যখন এক জায়গায় মিলে যাবে, তখন এই যে টেকনিক্যাল পার্সন, যাদের প্রাকটিক্যালি কোন কাজ না দিয়ে বসিয়ে রাখা হোত, তাদের যে কাজের ব্যবস্থা, এফোর্টটা যখন একত্রিত হবে তখন এই সংস্থা আরও দ্রুত আরও উন্নয়নমূলক কাজ করতে পারবে। অথাৎ সঠিক ভাবেই একটা সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তিনটে সংস্থাকে যুক্ত করে, টোটাল ম্যান পাওয়ার যুক্ত করে এই KMDA কে অত্যন্ত কার্যকরী এবং গতিময় একটা সংস্থায় পরিণত করা হবে। এর সঙ্গে আরও কিছু বিধান আছে। যেমন বলা হয়েছে বেটারমেন্ট ট্যাক্স ধার্য করা হবে। মাননীয় ডঃ সুখবিলাস বর্মা বললেন, এটা আইনে পারা যায় কি না। কিন্তু আমরা দেখছি, এর আগেও এরকম সংস্থা আছে যে, কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি, পঞ্চায়েত বাদেও ডেভলপমেন্ট অথোরিটি অনেক জায়গায় ফি আদায় করার ব্যবস্থা রেখেছে। এর নজির অন্যান্য রাজ্যের ক্ষেত্রেও কিছু কিছু জায়গায় দেখেছি। এছাড়াও এই যে ট্যাক্স আদায় করা হবে, এই ট্যাক্স আদায় করার ক্ষেত্রে পৌরসভা বা পঞ্চায়েতের ক্ষেত্রে যে ব্যবস্থা আছে, অর্থাৎ ট্যাক্স ধার্য করার

পর কোন মানুষ যদি মনে করেন সেই ট্যাক্সটা সঠিক হয়নি, সেক্ষেত্রেও বিধান রাখা হয়েছে এই আইনে যে, সেখানে তিনি তাঁর ট্যাক্সটা পুনর্মূল্যায়ন করার জন্য দরখাস্ত করতে পারবেন এবং তার জন্য একটা নির্দিষ্ট সময় নির্ধারিত করা হয়েছে। যদি তিন মাসের মধ্যে আবেদন করেন তাহলে একটা বোর্ড গঠন করে সেই বোর্ড তার হিয়ারিং নেবে এবং যদি দেখা যায় সত্যিই বেশী হয়েছে তাহলে আলোচনার মাধ্যমে সেটা ঠিক করে সিদ্ধান্ত গ্রহণ করবে। সঙ্গে সঙ্গে এটাও বলা আছে, কোন মানুষ যদি এই নোটিশ পাওয়ার ৩ মাসের মধ্যে তার প্রতিবাদ লিখিতভাবে না জানান এবং যদি বলেন চিঠি পাননি এবং ৩ মাস পরে এসে আপত্তি করেন তাহলে সেটা কোন অবস্থাতেই গ্রাহ্য করা হবে না। স্বভাবতই একটা সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করা যাতে এই এলাকার উন্নয়নকে আরও ত্বরান্বিত করা যায় তার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এর সঙ্গে আরও একটা কথা বলা আছে যে, কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট অথবা KMWSA, এরা যেসমস্ত কাজগুলো শুরু করেছিল সেই কাজগুলোকে শেষ করার ক্ষেত্রে KMDA যথাযথ ব্যবস্থা নেবে।

যাতে এই আইনের পরে যাদের যে কাজগুলো হচ্ছিল সেই কাজগুলো যাতে কোন রকম ব্যাহত না হয়, তার জন্য এই আইনে বিধান রাখা আছে। স্বভাবতই, খুবই উন্নত চিন্তার মাধ্যমে এই বিল আনা হয়েছে। এই বিলকে আমি পূর্ণ সমর্থন করছি এবং এক ছাতার তলায় একই ধরণের কাজ বিভিন্ন সংস্থা করতে গিয়ে অনেক সময়ে কাজের মধ্যে যে দ্বন্দ্ব তৈরী হত, এই বিলের মাধ্যমে সেগুলোকে একত্রিত করার ফলে সেই দ্বন্দ্ব দূর হয়ে কাজ আরও ত্বরান্বিত হবে এবং এই যে ডেভেলপমেন্ট ফি আদায় হবে, বেটারমেন্ট ফি তার মাধ্যমে আগামী দিনে এলাকার আরও উন্নয়ন সাধিত হবে। স্বভাবতই, এই বিলকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী সন্তোষ দেবরায় : (অনুপস্থিত)

শ্রী অজিত রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় নগর ও পৌর উন্নয়ন মন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৭ যে বিল এনেছেন, আমার আগের বক্তা সুখবিলাস বাবু বললেন যে তিনটি বিলকে একত্রিত করে একটা সংযুক্তিকরণ করার ব্যবস্থা করা হয়েছে। আমি মনে করছি যে এই বিলটা, প্রস্তাবিত বিলে উল্লেখিত পৃষ্ঠা (২) ক্লজ (3) এ ডেভেলপমেন্ট অথরিটি গঠন করার ক্ষেত্রে সরকারের অ্যাপয়েন্টেডের মাধ্যমে, এটা যে ওই সংশ্লিষ্ট বসবাসকারীর নাগরিকদের ভোটাধিকারের মাধ্যমে নির্বাচিত ইলেকটেড বডি হওয়া দরকার আছে বলে আমি মনে করি। এখানে আরও ভাবা হয়েছে যে সরকারের নয়া উদার আর্থিক নীতিগত, দৃষ্টিভঙ্গীগত অবস্থান, এই প্রস্তাবিত বিলে প্রতিফলিত হচ্ছে। অর্থাৎ বিকেন্দ্রীকরণ নয় কেন্দ্রীকরণের অভিমুখে এই বিল। সুতরাং ডেভলপমেন্ট অথরিটি গঠন করার কোন যৌক্তিকতা আছে বলে আমার মনে হয় না। আমি মনে করি যে সরকার বিভিন্ন ক্ষেত্রে কর্মসংস্থানের কথা বলছেন। অথচ কাজে তার বিপরীত ভূমিকা পালন করছেন। এই ক্ষেত্রে ওদের সাথে যুক্ত শ্রমিক কর্মচারীরা তাদের অবলুপ্তি হবে যা ভবিষ্যতে কর্মচ্যুতি ঘটাবে। প্রস্তাবিত বিলে পৃষ্ঠা (৫) (সি) তে বলা আছে যে কোন আর্থিক ইমপ্রুভমেন্ট থাকবে না। অর্থাৎ একাধিক বিভাগের একটি বিভাগ নেওয়ার মাধ্যমে আর্থিক দায়দায়িত্ব সম্পূর্ণভাবে নাগরিকদের উপর বর্তাবে। আর সব থেকে যেটা আপনি বলছিলেন দুটো ডিপার্টমেন্টকে একটি জায়গায় করার ফলে এদের বিভিন্ন বিভাগের যে আধিকারিকরা, কে এম ডি তে আসবেন, তাদের পদ কি হবে ? বিভিন্ন এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার আছেন, এসে তাঁদের পদ কি থাকবে ? এই ব্যাপারটা আমি উত্থাপিত করতে চাইছি।

[2:25 – 2.35 p.m.]

তাদের প্রোমোশনের ক্ষেত্রে কি হবে,তাদের পেনশনের দায়িত্ব কে নেবে। সংযুক্ত হলে সমস্ত শূণ্যপদ বাতিল হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে নতুন নিয়োগ হবে না। অর্থাৎ কর্মী সংকোচন হবে। গ্রেডেশান লিস্ট কি হবে। আলাদা করে সেই লিস্ট কি থাকবে।কে আই টি-র কর্মচারীদের আলাদা ইউনিট হিসাবে রাখা হবে কি না। কে এম ডি এবং কে আই টি দের স্যালারী স্কেল একই রকম নয়। কে আই টি-র সার্ভিস রুল সরকারি অনুমোদন পায় নি।কে আই টি-র সাথে কে এম ডি-র রুলসও আলাদা। এদের অনেক পার্থক্য আছে। ফলে এখানে কি পরিস্থিতিটা তৈরি হবে। এই কথাগুলি আমি উত্থাপিত করলাম। মাননীয় মন্ত্রী এই বিষয়টি দেখবেন। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পরশ দত্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা কোলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের রিপিল হবে। আর একটা কোলকাতা মেট্রোপলিটন ওয়াটার এ্যান্ড স্যানিটেশন অথরিটি, এটা রিপিল হবে। রিপিল দুটো করে ওয়েস্ট বেঙ্গল টাউন এ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভলপমেন্ট) এটার ভিতরে দুটোকে মার্জ করে দেওয়া হবে। আপনারা সকলেই জানেন যে, অনেকগুলি ডিপার্টমেন্টকে মাননীয়া মুখ্যমন্ত্রী কিছুদিন আগে এক বিবৃতিতে বলেছেন যে তাদের কাজের সুবিধার জন্য মার্জ করা হবে। আলাদা আলাদা ডিপার্টমেন্ট, একই ধরণের কাজ করবে। তাতে কাজের ডুপ্লিকেশন হয়। এবং আলটিমেটলি গিয়ে এই ছোট ছোট ডিপার্টমেন্টগুলির যথেষ্ট কাজ থাকে না। যেমন আমরা দেখতে পাচ্ছি মেট্রোপলিটন ওয়াটার স্যানিটেশন অথরিটি আর ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এদের কাজ মোটামুটি একই জায়গায় একই ধরণের কাজ আছে। দুটো আলাদা আলাদা ডিপার্টমেন্ট রাখলে কাজগুলি অনেক জায়গায় ডুপ্লিকেশন হয়। সেগুলিকে এক করে দিয়ে যদি একটা কমপ্রিহেনসিভ শক্ত ডিপার্টমেন্ট হয়, তার অর্থও যথেষ্ট থাকবে, তার কাজও অনেকটা হবে, এক্ষেত্রে অহেতুক ডুপ্লিকেশন হবে না। সেই কারণে এগুলিকে এক করা হয়েছে এবং এক করে একটি ওয়েস্ট বেঙ্গল টাউন এ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যান্ড ডেভলপমেন্ট অ্যামেন্ডমেন্ট বিল করা হয়েছে। এতে শুধু কোলকাতা নয় পশ্চিমবঙ্গের অন্যান্য জায়গাতেও যেমন, উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা এই রকম ক্লাব করে একসঙ্গে একটি অথরিটি যদি একটি ছাতার তলায় থাকে,তাহলে এর ডেভলপমেন্টের কাজগুলি আরও সুচারুভাবে, আরও কো-অর্ডিনেটেড ওয়েতে করা যাবে। সেইজন্য এটা করা হয়েছে। এই বিলটাতে বিশেষ কিছু নেই। আসল কথা এটাই যে, এই বিলটা হল দুটো রিপিল করে একটা কনসলিডেটেড অ্যালং উইদ যা আছে, তার সঙ্গে যোগ করে একটা অ্যামেন্ডমেন্ট বিল করা হচ্ছে। আমার মনে হয় এই অ্যামেন্ডমেন্ট বিলটাতে নীতিগত কিছু নেই। জাস্ট অ্যাডমিনিস্ট্রেটিভ সুবিধা।

আপনারা সকলেই এগ্রি করবেন যে, অ্যাডমিনিস্ট্রেটিভ সুবিধা যাতে আছে, সেটা যদি সবাই মিলে পাশ করা যায়, তাহলে ইট উইল গিভ্ এ সিগন্যাল টু দি এনটায়ার কান্ট্রি যে, ওয়েষ্ট বেঙ্গল অ্যাডমিনিস্ট্রেটিভ গিয়ারআপ করবার জন্য সব দল একত্রিত হয়েছেন এবং তাঁরা একত্রিত হয়ে ইউন্যানিমাসলি এই বিলটা পাশ করেছেন। আমি চাইবো - এই বিলটাতে বিরোধিতার জায়গা বিশেষ কিছু নেই। কাজেই সকলেই যদি এই বিলটা মেনে নেন - অবশ্য কেউ যদি মেনে না নেন, তাহলে সংখ্যার ওপরে গনতন্ত্রে যে রকম ঠিক হয়, সেইভাবেই হবে। আমার মনে হয় সকলে মেনে নিয়ে এই বিলটাকে যদি সবাই মিলে পাশ করাতে পারেন, তাহলে ইট উইল গিভ এ গুড সিগন্যাল অ্যাট দ্যা সেম টাইম কাজের সুবিধাটা আরো ভালোভাবে হবে। আপনাদের সকলকে ধন্যবাদ জানিয়ে এই বিলটাকে সমর্থন করার আহ্বান জানাচ্ছি, থ্যাঙ্ক ইউ।

শ্রী আনিসুর রহমান : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, দি ওয়েষ্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৭ - যেটা এখানে রাখা হয়েছে, সেই বিলের ব্যাপারে আমাদের কতগুলো রিজার্ভেশন আছে। শুধুমাত্র সেই কয়েকটি কথা বলতে চাই। প্রথমতঃ যে অবজেকটিভ ঠিক করা হয়েছে, এর সঙ্গে আরো দুটো আই.এম.পি. রিপিল করে নেওয়া - এই বক্তব্যের সঙ্গে আমরা একমত। এতে কাজ আরো সহজ হবে, সমন্বয়তে সুবিধা হবে, কাজগুলো আরো ভালো হবে। কিন্তু তার সাথে যে বড় ডিফারেন্স আমাদের হচ্ছে, এর আগে আমরা বলেছি মিউনিসিপ্যালিটি বাজেটের সময়। এর অবজেকটিভটা হচ্ছে ডি-সেন্ট্রালাইজেশন অফ পাওয়ার এবং পাওয়ারটা যত মানুষের কাছে নিয়ে যাওয়া যায়, এটাই হচ্ছে মূল লক্ষ্য এবং সেটা মানুষই করবে। যারা ভোট দেয় তারা মেম্বার করে। যারা মেম্বার নির্বাচিত হয়, তাদের মধ্যে থেকেই চেয়ারম্যান করে। কিন্তু আমরা কতগুলো ক্ষেত্রে দেখছি যে, ইলেকটেড্ হয় মেম্বাররা, আর চেয়ারম্যান হবে নোমিনেটেড্। এটা গনতন্ত্রের অদ্ভুত একটা ব্যবস্থা। আমি ঠাট্টা করে বলেছিলাম যে, এই রকম যদি হয় যে, আমাদের এই বিধানসভায় যাঁরা মেম্বার আছেন, তৃণমূলের মেজরিটি আছে, তৃণমূলের সরকার হবে। এবার দেখা গেলো আমরা এম.পি.কে যুক্ত করে দিলাম। মেজরিটি হয়ে গেলো বিরোধীদের। তাহলে সরকার গড়বে কারা ? এই অবাস্তব জিনিস এখানে হচ্ছে। মেজরিটি একপক্ষের হতে পারে, আর মাইনরিটি আরেক পক্ষের। এবার গভর্নমেন্ট যদি নিজের খুশি মত নিজের দলের লোককে চেয়ারম্যান করে দেয়, ভাইস চেয়ারম্যান করে দেয়, তাহলে সেটাতে কি অবস্থা দাঁড়াবে নিশ্চয়ই আপনারা বুঝতে পারছেন। কাজেই এই ব্যবস্থার আমরা বিরোধী। আমরা চাই, গণতন্ত্রের যে মূল কথা যা এখানে বলা আছে পার্টিসিপেটারি ডেমোক্র্যাসি, পার্টিসিপেটারি প্ল্যানিং, যার মানে হচ্ছে একটাই - যারা উপভোক্তা, যারা এর সঙ্গে যুক্ত মানুষ, তারা নিজেরা নির্বাচন করবে, নিজেরা তৈরি করবে, সেই কাজ তারা বুঝে নেবে, কাজে অংশ নেবে। এটা হচ্ছে আমাদের মূল বক্তব্য। কিন্তু সেটা এখানে স্থির করা হয়নি। এটা উল্টো করা হয়েছে। আমরা সময় মতো অ্যামেন্ডমেন্ট দিতে পারিনি। এটা আমাদের দুর্ভাগ্যের। কেন না, এমন কায়দায় হচ্ছে - কখনো দেখিনি দিন আনা দিন খাওয়ার মতো সরকার চলছে। বিধানসভাও সেইভাবেই চলছে। সকালে ঠিক হচ্ছে, বিকেলে উঠছে। বিকেলে ঠিক হচ্ছে, সকালে উঠছে। কেই বা পড়বে, কেই বা দেখবে, কীভাবে বক্তৃতা করবে - এগুলো খুবই সমস্যার। আমি এখন বলতে উঠেছি। কিন্তু আনফরচুনেটলি আমার চশমাটা আমি বাড়িতে রেখে চলে এসেছি, কিছুই দেখতে পাইনি। যদি কাগজ দেখতে চাই, কিছুই পড়তে পারছি না। আমাদের বক্তব্য হচ্ছে একটাই যে, সময় তো বেশি নেই। আমাদের বক্তব্য হচ্ছে এটাই যে, মাননীয় মন্ত্রীকে বলব, আপনি নিজে যখন গণতন্ত্রে বিশ্বাস করেন এবং নিজে যখন বিশ্বাস করেন যে, এটা হওয়া উচিৎ, এই পদ্ধতির পরিবর্তন, এই একটা মাত্র পরিবর্তন আমরা চাইছি যে, এই যে ডেভেলপমেন্ট অথরিটি যেটা করা হয়েছে, তার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান - এই দুটি পোষ্ট অন্তত নিবাচিত হোক, যদি হয় তাহলে আমাদের সমর্থন করতে কোনো আপত্তি নেই। কিন্তু এটা না করলে আমরা নীতিগত বিরোধিতা করবো, এটা অন্যায় করা হচ্ছে। এটা কোনো ডেমোক্র্যাসিতে চলে না। যেই করুক না কেন, যে পার্টিই করুক না কেন, মেজরিটি এক পার্টি আর মুখ্যমন্ত্রী আরেক পার্টির, মেজরিটি এক পার্টির আর প্রধানমন্ত্রী আরেক পার্টির - সেটা আপনাদের দলে হ'তে পারে।

[2:35 – 2.45 p.m.]

এরকম বহু জায়গা আছে যেখানে তৃণমূলের একটা মেম্বার নেই। পঞ্চায়েত সমিতি আছে, গ্রাম পঞ্চায়েত আছে, মিউনিসিপ্যালিটি আছে এমনকি জেলা পরিষদ আছে একটাও তৃণমূলের

মেম্বার নেই অথচ তৃণমূলের বোর্ড হয়ে গেছে। সেরকম হতে পারে কিন্তু বাস্তবে impossible. তাই আমার বক্তব্য হচ্ছে যে, নীতিগতভাবে প্রথম পার্টটা আমরা সমর্থন করি যেটা বাতিল করা হয়েছে দুটো আইনের। সেটা বাতিল করে বাকিটাকে মার্জ করা হচ্ছে এটার সঙ্গে আমরা একমত। কিন্তু আমি এখনও বলছি এই একটা নীতিগত ব্যাপার এবং যেটা যেখানে যেখানে আছে সেটার পরিবর্তন হওয়া উচিত। যদি না করেন নীতিগতভাবে আমাদের আপত্তি থাকলো। আপনার মেজরিটির জন্যে করে নেবেন আমাদের কিছু করার নেই। কিন্তু আমি এখনও মনে করি এব্যাপারে খোলা মন নিয়ে এই প্রস্তাব এখানে রাখা উচিত ছিল কিন্তু হয়নি। এখনও সময় আছে যদি মাননীয় মন্ত্রী আমাদের যে এ্যামেন্ডমেন্ট, আমরা যেটা চাই যে, both the Chairman and Vice Chairman they must be elected by the concerned members and concerned voters. এটা যদি করতে পারেন তাহলে আমাদের মেনে নিতে কোন আপত্তি নেই। আমি এই বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, অনেকক্ষন ধরে আলোচনা শুনছিলাম। আসলে আনিসুরবাবু যখন এইখানটায় বসতেন তখন একরকম আবার যখন ওদিকে গেলেন আর একরকম। যখন আপনারা এই Act-টা তৈরি করলেন 1979-এ তখন বামফ্রন্ট সরকার এসে গেছে। West Bengal Town and Country - (Planning and Development) Act, 1979. তখন ইলেকশানের কথা মনে পড়ল না। তখন মনে পড়ল না যে Chairman and Vice Chairmanদের ইলেকশান করতে হবে Development Authorityতে। তারপর এত বছর রইলেন আর যেই ওদিকে চলে গেলেন এখন মনে পড়ছে Amendment-এর সময় ইলেকশান করতে হবে। এই Act-টা তো আমি তৈরি করিনি। Act-টা তো সেই সময় প্রশান্ত সুর তৈরী করেছিলেন। তারপর তো আপনি এত বছর ধরে এখানে মন্ত্রী ছিলেন তখন করলেন না কেন অশোক ভট্টাচার্যকে।

স্যার, আমি এবার মূল বক্তব্যে আসি। আসলে স্যার, ঐতিহাসিক কারণে এক এক সময় এক একটা Authority তৈরি হয়। একটা সময় ১৯১১ সালে যখন extension of Calcutta হচ্ছিল তখন KIT তৈরি হয়েছিল। KIT-র মাধ্যমে যেগুলো নতুন ক্যালকাটা সংযোগ হল অর্থাৎ টালিগঞ্জ, বালিগঞ্জ, এদিকে সি.আই.টি রোড, বেলেঘাটা এই অঞ্চলগুলো সেই সময় সব KIT-র অধীনে হল। তারপর ১৯৭৫ সাল পর্যন্ত KIT Bustee Rehabilitation Scheme-এর 1, 2, 3 এই কাজগুলো করলো। '৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার এলো তখন KITকে আস্তে আস্তে সরিয়ে দেওয়া হল। তার আগে ভোলা সেন যখন মন্ত্রী ছিলেন তখন KMDA হল। তখন KMDAটা এতোটা effective ছিল না। সেই সময় যিনি মন্ত্রী ছিলেন তিনি তখন KMDA-কে effective করলেন। করার পরে KIT টা আস্তে আস্তে একটা side line-এ চলে গেল। তার মাঝখানেই ১৯৬৬ সালে KMWSA বলে আর একটা সংস্থা KMDA থাকার আগে তৈরি করা হয়েছিল। তারা আবার সেই সময় World Bank project-এর কিছু কাজ কলকাতায় ড্রেনেজ-ট্রেনেজের কিছু কাজ করেছিল। তারপরে স্যার, যখন সেন্ট্রাল গভর্নমেন্টের JNNURM project এলো সেই সময় KMDA-এর importanceটা খুব বেড়ে গেলো। তার কারণ KMDA এবং Development Authority এই Town-এর, Country Plan-এর অধীনে এই Development Authority গুলো দিয়েই তখন JNNURM-এর কাজগুলো শুরু হল। সেই সময় এগুলো খুব successfully চলতে থাকলো। KMWSA-এরও অনেকগুলো ঐতিহাসিক - যেরকম আমাদের গার্ডেনরিচ ওয়াটার বক্স এটা KMWSA-এর তৈরি।

উলুবেড়িয়া water works KMWSA-এর তৈরি এরকম অনেকগুলো সেই সংস্থাকে দিয়ে তৈরি করা হয়েছিল। এখন তারপরে যাঁরা ৩৪ বছর ধরে চালালেন, তাঁরা কোনো সংস্থাকে

সাইডে ফেলে দিলেন, কোনো সংস্থাকে বসালেন, কোনো সংস্থাকে পাত্তা দিলেন না এইভাবে কিন্তু সংস্থাগুলো অবহেলার মধ্য দিয়ে চলছে। লাস্ট পাঁচ বছরে আমরা এসে স্যার, চেষ্টা করেছিলাম যে, এই সংস্থাগুলোকে যদি আবার revive করিয়ে কোনোরকমে যদি এগুলোকে আবার কাজে লাগানো যায়। এটা ঠিক যে, KIT development-এর পরেও KIT-র অনেকগুলো জায়গা ছিল। KMDA-র অনেকগুলো জায়গা ছিল, কিন্তু সেই জায়গাগুলো বেশিরভাগই হয় দখল হয়ে গেছে, নয় disputed হয়ে রয়েছে। KMDA-র on record আমি বলতে চাই স্যার, অনেক জায়গা মানুষকে বিক্রি করে দিয়েছেন আগের সরকার। কিন্তু সেই জায়গা অধিগ্রহণ পর্যন্ত হয় নি সেই জায়গা বিক্রি করে দিয়েছিল। অনেকগুলো এরকম আছে PWD-র জায়গা KMDA tender করে বেচে দিয়েছে। সে লোকটা এখন রোজ এসে আমার অফিসে ঘুরে বেড়াচ্ছে। কিন্তু আমার হাতে নেই। কেননা, জায়গাটা না নিয়ে আগে KMDA জায়গাটা বেচে দিয়েছে। অনেক জায়গা আছে অধিগ্রহণ process complete হয়নি, সেই জায়গা বিক্রি করে দিয়েছে। এখন court-এ case চলছে। ফ্ল্যাট না, জায়গা সব বেচে দিয়েছে। তো, এইরকম এতোগুলো department এর এই সমস্যা, ওই সমস্যা, KIT সেই সময়ে যে বস্তির rehabilitation scheme-গুলো করেছিল সেই সময় সেই scheme-গুলো কে দেখবে, কে দেখাশুনা করবে, তার বাজেট কোথা দিয়ে আসবে - সব বাড়িগুলো ভেঙ্গে ভেঙ্গে পড়ছে। তখন আমি ঠিক করলাম স্যার, প্রথমবার এটা ঠিক যে আমি প্রয়াস করেছিলাম যাতে সব ক'টা organization কে এক সাথে revive করানো যায়। এই organization-র একটা কাজ ওই organization এর একটা - দেখলাম যে এতো কাজ শেষ করা - JNNURM তুলে দেওয়ার পরে আর এতোগুলো কাজ নেই কারণ আপনারা জানেন যে, নতুন যে project-গুলো এসেছে অশ্রুতে সেই project-গুলো direct municipality-কে দিয়ে দিচ্ছে। এখন আর development authority-র কাজ নেই। Development authority-র এখন hundred per cent হচ্ছে আমাদের রাজ্য সরকারের বাজেটের যে টাকা সেই টাকায় বড় যে স্কীমগুলো implement হবে, সেইটা development authority-র কাজ হয়ে দাঁড়িয়েছে। সেটা planning, town তৈরি করা, বিভিন্নরকম facility তৈরি করা এগুলো আমরা করেছি। যেরকম, মা ফ্লাইওভার তৈরি করা, কামালগাছি ফ্লাইওভার, তারপরে বারুইপুর পর্যন্ত রাস্তা এগুলো তৈরি করা। আর স্যার, এই যে সুখবিলাস বাবু তখন বলছিলেন যে, এই betterment fees নিয়ে, এটা স্যার নতুন কিছু না। KIT act-এ betterment fees already রয়েছে। যে এলাকাগুলো develop হবে সেই develop হওয়ার জন্য যে valuation, ধরুণ এই recently বারুইপুর পর্যন্ত Eastern Bypass চলে যাচ্ছে। এর আগে KMDA যখন Eastern Bypass করেছিল তখন তার দু'ধারে, ধরুন, পাটুলি এলাকা থেকে আরম্ভ করে East Calcutta এলাকা থেকে আরম্ভ করে সেখানে কিন্তু KMDA তখন improvement fees, charge নিত। আমি আসার পরে সেটা Calcutta Municipal Corporation-কে দিয়েছি তারা তুলে নিয়ে KMDA-কে transfer করে দেবে টাকাটা। সেগুলো common লোকের - জমির মালিক না, যখন সে জমিটাকে develop করবে তখন তার কাছে একটা development charge সরকারের পক্ষ থেকে নেওয়া হবে, যেটা এই যে খরচাগুলো development-এর খরচা তার কিছুটা হলেও তার development fees বা betterment fees থেকে আসবে। এইটা আজকে যেটা কথা হচ্ছে betterment fees এটা নতুন কিছু না। এটা already KMDA-এর act-এর মধ্যে রয়েছে। এতে government revenue বাড়বে। আর এইটা কোনো disputed ব্যাপার না কারণ current act-এ যেটা registry-কৃত KIT টাতো KMDA-এর মধ্যে আছে। KIT act যেটা রয়েছে সেটাই KMDA-এর মধ্যে আসবে। সুতরাং এটা নতুন কিছু না এটা নিয়ে কোনো অসুবিধা হবে বলে আমার মনে হয় না। Secondly Sir বলি, আমাদের যেরকম KIT, KITতে

৪৯১ জন staff আছে, engineer রয়েছে মাত্র ১৬ জন। Where as KMWSA-এ ৪৩৮ জন staff আছে, engineer আছে ১৫৮ জন।

[2:45 – 2.55 p.m.]

১৫৮টা ইঞ্জিনিয়ার রয়েছে। অর্থাৎ আমাদের ইঞ্জিনিয়ারের শর্টেজ কে আই টি.তে। আর, আবার একসেস মানে, আমরা - ম্যান পাওয়ার ইউটিলাইজ, আন্ডার ইউটিলাইজ হয়ে - ইউটিলাইজেশানের জন্য কে এম ডাবলিউ এস এ তে ইঞ্জিনিয়ার এক্সট্রা পড়ে আছে, তাদের কাজই নেই, এ রকম অবস্থা। আবার কে এম ডি এ তে যেহেতু এখন অনেকগুলো প্রজেক্ট, কে এম ডি এ তে ইঞ্জিনিয়ার এর অভাব আছে। তাই এই তিনটি সংস্থাকে মেলালে, এটা হবে যে, আমাদের যে ইঞ্জিনিয়ারটা যেখানে দরকার হবে, সেখানে আমরা, সেখানে,সেইভাবে, যেখানে প্রয়োজনের বেসিসে আমরা সেইগুলোকে ডেপিউট করতে পারব। প্রজেক্ট যে রকম, যার কাছে থাকবে, সেই রকমভাবে করতে পারব। এবং এই যে হাউজিং থেকে আরম্ভ করে একজিসটিং এ্যাসেট, এইগুলোকেও আমরা একটা - একটু পরে আসছি আমি, কে এম ডি এ/ টাকে রিস্ট্রাকচারিং করেছি - সেই এ্যাসেটগুলোকেও প্রপার ইউটিলাইজ করা, এই কাজটাও আমরা করতে পারব। যেমন, কে এম ডাবলিউ এস এ.র যে ইলেকট্রিক্যাল একটা উইং আছে, সেটাকে আমরা কে এম ডি এ.কে সাপোর্টে ঐ ইলেকট্রিক্যাল উইং এর একটা সাপোর্ট পাব। আমরা স্যার, কে এম ডি এ.তে আগেও টি টি সেক্টার, গ্যাস সেক্টার, বি এস ইউ পি সেক্টার বিভিন্ন সেক্টার ছিল, নির্দিষ্ট কাজ ছিলনা। বি এস ইউ পি যখন হয়েছিল তখন বি এস ইউ পি সেক্টারের কাজ ছিল না, গ্যাপ কবে উঠে গেছে, সেই গ্যাপ সেক্টারের জন্যে একটা ডিপার্টমেন্ট ছিল, এগুলোকে স্যার আমি রিস্ট্রাকচারিং করে দিয়েছি। একটা করেছি স্যার, ওয়াটার এ্যান্ড স্যানিটেশান সেক্টার, এই সেক্টারটা - কে এম ডাবলিউ এস এ যেটা -এবং কে এম ডি এ.র যেটা গ্যাস সেক্টার, স্ট্রং ওয়াটার সেক্টার আলাদা ছিল, তারপর কে এম ডাবলিউ এস এ পুরোটাই ওয়াটার এ্যান্ড স্যানিটেশান সেক্টার। তারা এই পুরো ব্যাপারটা দেখবে। মানে, আমাদের যখনই কোন ওয়াটারের কাজ স্যানিটেশানের কাজ, স্ট্রং ওয়াটারের কাজ হবে, এই সেক্টারটা সেটা দেখবে। আর একটা ছিল স্যার, টি টি সেক্টার, কোনটা আবার গ্যাপ সেক্টার রোড দেখতো,এখন আমি করে দিয়েছি রোড এ্যান্ড ব্রীজ সেক্টার, তারা যত রাস্তাঘাট ব্রীজ যা হবে, তারা দেখবে। এই যে বিভিন্ন জায়গায় হাউসিং এর জমি জায়গা পড়ে আছে, সেগুলো কার কাছে যাচ্ছে, কে দখল নিয়ে নিচ্ছে, এটার জন্য আমি একটা estate and asset management sector করে দিয়েছি। তারা কে এম ডি এ,কে আই টি.র যত estate আছে সেইগুলো এবং যে এ্যাসেট আছে, সেটাকে একটা ম্যানেজমেন্ট করার জন্য একটা সেক্টার তারা নির্দিষ্ট দায়িত্ব দেওয়া যে তোমার দায়িত্ব এটা, কারণ দায়িত্ব যদি না দিয়ে দেওয়া যায়, সবার থাকলেও তাহলে আর কেউই কাজকর্মে - পার্টিকুলার ফিকসেসান অফ রেসপনসিবিলিটি এটা আমরা করে দিয়েছি। আর বিল্ডিং-টিল্ডিং তৈরি করার জন্যে আমরা একটা হাউসিং সেক্টার করেছি। আর একটা সেক্টার করেছি, ইলেকট্রিক্যাল এ্যান্ড মেকানিক্যাল সেক্টার। যেগুলো কে এম ডি এ.র ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল যা হবে সেইগুলো সেই সেক্টার দেখবে। আর যেটার জন্যে মানুষে কে এম ডি এ.র কাছে আসে প্রজেক্ট মনিটরিং এ্যান্ড কোঅর্ডিনেশান সেক্টার। এইটা আর একটা সেক্টার আমরা করেছি। যে রকম কে আই টি পুরোটাই হাউসিং সেক্টারে চলে যাবে। কে এম ডাবলিউ এস এ আমি বললাম, এই সেক্টারে চলে যাবে। সুতরাং এখানে সব ম্যান পাওয়ারটাকে প্রপারলি ইউটিলাইজড্ করতে হবে। সুখবিলাস বাবুর যেটা আমি বলি, যে এটাতে কারোর প্রমোশান আটকাবে না। তার কারণ আমরা কোন ইঞ্জিনিয়ার যে যেখানে আছে,সেখান থেকে আমরা শুধু রি-ডেপুট করছি। যে রকম

ডিপার্টমেন্টাল ট্রান্সফার রি-ডেপুট করছি। এটাতে কারোর সিনিয়ারিটি নষ্ট হবেনা, কারোর কোন চাকরি যাবার ব্যাপার নেই, কিচ্ছু নেই। শুধু আমরা রি ডেপুট করে এই সংস্থাকে একসাথে করছি, কারণ বিভিন্ন সংস্থাটাকে মাথাভারী প্রশাসন করে সরকারের এক গাদা টাকা খরচা না করে দিয়ে আমরা একটা সংস্থাকে করে সেটাকে ডিসিপ্লিনভাবে চালাবার জন্য একটা উদ্যোগ নিয়েছি। সুতরাং আজকে যে মেম্বাররা আমায় এই বিলের সমর্থন করলেন বেশীরভাগ মেম্বারই সমর্থন করেছেন, শুধু আনিসুরদা কয়েকটি কোয়েশ্চেন করেছেন, আমি বললাম, উত্তর দিয়েছি, তার সাথে আবার পঞ্চায়েত নিয়ে এসেছেন, আমি তো পঞ্চায়েত মন্ত্রী না, আমি জবাব দিতে পারব না। (ভয়েস : মিউনিসিপ্যালিটি হচ্ছে।) হ্যাঁ, মিউনিসিপ্যালিটি তো হচ্ছে, মিউনিসিপ্যালিটি হয়েছে, মিউনিসিপ্যালিটিতে যেতে হবে। মিউনিসিপ্যালিটি- এটা তো আমি প্রথমেই বললাম, যে এই এ্যাক্টটা তো আপনাদের গভর্ণমেন্টের সময়ে আনা। সুতরাং কে এম ডি এ তো আপনারা তৈরি করেছেন, আমার আগে আপনার পাশে বসতেন অশোক ভট্টাচার্য্য মহাশয়, উনি কে এম ডি এ.র চেয়ারম্যান ছিলেন। সুতরাং এটা তো নতুন কিছু নয়। সুতরাং আমি কাজের স্বার্থে এই ডিপার্টমেন্টগুলোকে এক করেছি, যাতে কাজটাকে আরো দ্রুত করা যায়, অগ্রগতি করা যায় তার জন্য।

আমি বলছি, প্রত্যেক ডিপার্টমেন্টে কোন না কোন কারণবশতঃ সেক্টার খোলা হয়েছে, কোনো না কোনো সেক্টার হয়েছে। তখনই যদি এই অ্যামেন্ডমেন্টটা করে নিয়ে একটা সেক্টার হত তাহলে এতগুলো সেক্টার খুলতে হত না। যেমন কে আই টি কংগ্রেস আমলে চলত। তাই সেই সময় কংগ্রেস মনোভাবাপন্ন লোক বেশি ছিল বলে আমি কে এম ডি এ.কে চাপ দিলাম, কে আই টিকে সাইড লেন করে দিলাম, এইসব পলিটিক্স বামফ্রন্টের সময়ে হয়েছে। আমরা সেসবের মধ্যে যাব না। আমরা সবাইকে নিয়ে চলার চেষ্টা করব। কারণ আমাদের কাছে সবাই আমার লোক হয়ে যাবে যদি আমি উন্নয়ন করতে পারি, যদি আমি অগ্রগতি করতে পারি, যদি বাংলাকে নিয়ে এগিয়ে যেতে পারি। যেটা মমতা ব্যানার্জী করছেন। তাই আমাদের কাছে দলীয় রাজনীতির থেকে বড় বাংলার স্বার্থ, কলকাতার স্বার্থ, মানুষের স্বার্থ। সেই স্বার্থেই আমরা এই বিলটা এনেছি। আশা করি সবাই সমর্থন করবেন।

Mr. Speaker : The question before the House is that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2017 be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Clauses 2 to 10

Mr. Speaker : There is no amendment to Clauses 2 to 10. So, I put Clauses 2 to 10 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill. As many as are

of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Shri Firhad Hakim : Sir, I beg to move that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is the West Bengal Town and Country (Planning and Development)(Amendment) Bill, 2017, as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it. The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2017 is passed. The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2017 is passed.

The question before the House is that the Kolkata Improvement (Repealing) Bill, 2017 be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it

Clause - 2

Mr. Speaker : There is no amendment to Clause - 2. So, I put Clause 2 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Shri Firhad Hakim : Sir, I beg to move that the Kolkata Improvement (Repealing) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is the Kolkata Improvement (Repealing) Bill, 2017, as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it. The Kolkata Improvement (Repealing) Bill, 2017 is passed. The Kolkata Improvement (Repealing) Bill, 2017 is passed.

The question before the House is that the Kolkata Metropolitan Water and Sanitation Authority (Repealing) Bill, 2017 be taken into consideration.

As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Clause - 2

Mr. Speaker : There is no amendment to Clause - 2. So, I put Clause - 2 do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Shri Firhad Hakim : Sir, I beg to move that the Kolkata Metropolitan Water and Sanitation Authority (Repealing) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is The Kolkata Metropolitan Water and Sanitation Authority (Repealing) Bill, 2017 be passed.

As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

ADJOURNMNT

The House was then adjourned at 2.55 p.m. till 11.00 a.m. on Friday, the 10th March, 2017, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 10th March, 2017 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 22 Ministers-in-Charge, 10 Ministers of State and 192 Members.

[11:00 – 11:10 a.m.]

Unstarred Questions

(to which written replies were laid on the Table)

খাদ্যসাথির তালিকা

১। (অনুমোদিত প্রশ্ন নং ৮) **শ্রী অসিত মিত্র** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমান আর্থিক বছরে রাজ্য সরকার ৭৮ লক্ষ রেশন গ্রাহকের নাম 'খাদ্যসাথির' তালিকা থেকে বাদ দিয়েছে; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কী?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) সত্য নয়।

(খ) প্রযোজ্য নয়।

বড় মাছ উৎপাদনে নতুন পরিকল্পনা গ্রহণ

২। (অনুমোদিত প্রশ্ন নং ১০) **শ্রী অসিত মিত্র** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বড় মাছ উৎপাদনে সরকার আগামী আর্থিক বছরে (২০১৭-১৮) নতুন পরিকল্পনা গ্রহণ করতে চলেছে; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি কীরূপ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি যে, রাজ্যে বড় মাছ উৎপাদনে সরকার আগামী আর্থিক বছরে (২০১৭-১৮) নতুন পরিকল্পনা গ্রহণ করতে চলেছে।

(খ) অপেক্ষাকৃত বড় জলাশয়ে তথা মৎস্যজীবী সমবায় সমিতি/স্বনির্ভর গোষ্ঠীর অধীনস্থ জলাশয়ের সদ্ব্যবহারের লক্ষ্যে ও উক্ত গোষ্ঠীর সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নের

লক্ষ্যে আধুনিক পদ্ধতিতে ভারতীয় মেজর কার্প তথা রুই, কাতলা ইত্যাদি মাছকে দুই কেজির অধিক পরিমাণে পরিণত করা। একই সাথে সামগ্রিক উৎপাদন হেক্টর প্রতি ১২ মেট্রিক টনের অধিক হারে পৌঁছানো।

এই পরিকল্পনায় উৎপাদন সংক্রান্ত সামগ্রিক ব্যয় যথা চুন, চারামাছ, মাছের খাদ্য এসব খরচ সরকার বহন করবে। এই খাতে হেক্টর প্রতি প্রকল্প ব্যয় ১ম বছরে ৪,১৫,০০০ টাকা এবং ২য় বছরে ৩,৬০,০০০ টাকা।

'শিশু আলয়' অঙ্গনওয়াড়ি কেন্দ্র

৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২) **শ্রী অসিত মিত্র :** নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার বর্তমান আর্থিক বৎসরে (২০১৭-২০১৮) রাজ্যে 'শিশু আলয়' নামে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির নতুন রূপদান করতে চলেছে; এবং

(খ) সত্যি হলে, এই পরিকল্পনায় এমন কতগুলি কর্মসূচী গ্রহণ করা হয়েছে?

নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়া :

(ক) 'শিশু আলয়' প্রকল্প ২০১৫-১৬ আর্থিক বছর থেকেই এই রাজ্যে চালু হয়েছে। প্রতি বছরই 'শিশু আলয়' নামে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা বাড়ানো হচ্ছে।

(খ) প্রতিটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে আই সি ডি এস প্রকল্পে প্রাক্ প্রাথমিক শিক্ষা দেওয়া ছ'টি মূল সেবার একটি। অধুনা রাজ্য জুড়ে পরিবর্তিত প্রাক্ প্রাথমিক শিক্ষাকে উন্নীত করে ৩ থেকে ৬ বছর পর্যন্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বিশেষ শিক্ষা দেওয়া হচ্ছে। এমনি ২৪৭৭টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রকে মাননীয়া মুখ্যমন্ত্রী 'শিশু আলয়' নামকরণ করেছেন।

গত বছর থেকে চালু থাকা ১০০০টি শিশু আলয়ের সঙ্গে এবছর ২০টি জেলায় আরও ১০০০টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রকে শিশু আলয়ে উন্নীত করা হয়েছে এবং এবছরের নভেম্বর মাস থেকে তা চালু করা হয়েছে।

উল্লেখ্য, ২টি 'শিশু আলয়' আলিপুর সংশোধনাগার আবাসে এবং দমদম সংশোধনাগার আবাসে চালু করা হয়েছে এবং সেখানে ৩-৬ বছর বয়সী শিশুদের পরিবর্তিত শিশু শিক্ষা (ই.সি.সি.ই.) প্রদান করা হচ্ছে। রাজ্যের সেক্টর লেভেল পর্যন্ত সমস্ত কর্মীদের ট্রেনিং দেওয়া হয়েছে। 'শিশু আলয়'-এ ৩-৬ বছর বয়সী শিশুদের উন্নত শিশু শিক্ষা দেওয়া হচ্ছে। সেখানে ৪ ঘণ্টা শুধু মাত্র ই.সি.সি.ই. পাঠক্রম অনুযায়ী শিক্ষা দান করা হচ্ছে। উন্নত মানের ই.সি.সি.ই. কিট্স ২০০২টি 'শিশু আলয়'-এর প্রতিটির জন্য প্রদান করা হয়েছে। রাজ্যে আরও ২৪,০০০ অতিরিক্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রকে 'শিশু আলয়'-এ রূপান্তরিত করার লক্ষ্যে এ বছর দফায় দফায় অঙ্গনওয়াড়ি কর্মীদের প্রশিক্ষণ দেওয়ার কাজ চলছে।

এম.জি.এন.আর.ই.জি.এ প্রকল্পে অর্থ খরচ

৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪) **শ্রী সমীর কুমার জানা :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পে সর্বোচ্চ অর্থ খরচ করে ভারত সেরা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত খাতে মোট কত টাকা খরচ হয়েছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) এ কথা সত্যি যে, এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পে অর্থ ব্যয়ের নিরিখে ২০১৬-১৭ আর্থিক বছরে পশ্চিমবঙ্গ এখনও পর্যন্ত প্রথম স্থানে আছে। ২০১৫-১৬ আর্থিক বছরে ঐ প্রকল্পে অর্থ ব্যয়ের নিরিখে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থান অধিকার করেছিল। ২০১৪-১৫ আর্থিক বছরে ঐ প্রকল্পে অর্থ ব্যয়ের নিরিখে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করেছিল।

(খ) ২০১৬-১৭ আর্থিক বছরে এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পে এ যাবৎ মোট ৬৫৩৪.২৩ কোটি টাকা (ছয় হাজার পাঁচ শত চৌত্রিশ কোটি তেইশ লক্ষ) খরচ করা হয়েছে। ২০১৫-১৬ আর্থিক বছরে ঐ প্রকল্পে ৪৮৫৩.৪৮ কোটি টাকা (চার হাজার আট শত তিপান্ন কোটি আটচল্লিশ লক্ষ) খরচ করা হয়েছিল। ২০১৪-১৫ আর্থিক বছরে ঐ প্রকল্পে ৪০৮৫.১৮ কোটি টাকা (চার হাজার পঁচাশি কোটি আঠারো লক্ষ) খরচ করা হয়েছিল।

মাছ সরবরাহের জন্য নতুন গাড়ি

৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৬) **শ্রী সমীর কুমার জানা :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জ্যান্ত মাছ সরবরাহ করার জন্য সরকার নতুন গাড়ি নামাতে চলেছে; এবং

(খ) সত্যি হলে, এই গাড়িগুলির জ্যান্ত মাছ বহন করার ক্ষমতা কত?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি যে জ্যান্ত মাছ সরবরাহ করার জন্য সরকার ২০১৭-১৮ অর্থবর্ষে রাজ্য মৎস্য উন্নয়ন নিগমের অধীনে পাঁচটি (৫) নতুন গাড়ি নামাতে চলেছে।

(খ) এই গাড়িগুলির জ্যান্ত মাছ বহন করার ক্ষমতা ১০০০ কেজি এবং এতে প্রায় ৬০০ কেজি মাছ বহন করা যায়।

নতুন শিক্ষা পদ্ধতি চালু করার পরিকল্পনা

৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮) **শ্রী কালীপদ মণ্ডল :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পঞ্চম শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত ইউনিট টেস্ট ও অষ্টম শ্রেণী পর্যন্ত পাশ-ফেল প্রথা প্রচলন করে নতুন শিক্ষা পদ্ধতি চালু করার বিষয়ে সরকার পরিকল্পনা গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, নতুন শিক্ষা পদ্ধতির রূপরেখা কীরূপ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) আমাদের রাজ্যে পঞ্চম থেকে নবম শ্রেণি পর্যন্ত প্রস্তুতিকালীন মূল্যায়ন এবং পর্যায়ক্রমিক মূল্যায়ন মাধ্যমে শিক্ষার্থীদের লব্ধ জ্ঞানের মূল্যায়ন করা হয় এবং পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পাশ-ফেল প্রথা প্রচলনের বিষয়ে কেন্দ্রীয় সরকার এখনও পর্যন্ত কোনো নির্দেশনামা পাঠায়নি।

(খ) বর্তমানে জাতীয় শিক্ষা রূপরেখা আইন, ২০০৫ ও শিক্ষা অধিকার আইন, ২০০৯ অনুসারে পাঠক্রম তৈরি হয়েছে।

তপশিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত মানুষদের বিনামূল্যে খাদ্যশস্য প্রদান

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪) **শ্রী অসিত মজুমদার :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে তপশিলি উপজাতি সম্প্রদায়ের কতজন মানুষকে বিনামূল্যে খাদ্যশস্য দেওয়া হচ্ছে; এবং

(খ) বিগত পাঁচ বছরে সরকার খাদ্যশস্য গুদামজাত করণের কী কী ব্যবস্থা গ্রহণ করেছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) রাজ্যে টোটো সম্প্রদায়ভুক্ত ১৫৭৩ জনকে মাথাপিছু মাসে ৮ কেজি চাল ও ৩ কেজি আটা বিনামূল্যে দেওয়া হচ্ছে।

(খ) বিগত পাঁচ বছরে সরকার খাদ্যশস্য গুদামজাত করণের জন্য বিভিন্ন প্রকল্পের মাধ্যমে গুদামের সামগ্রিক ধারণ ক্ষমতা বৃদ্ধি করেছে। প্রকল্পগুলি হল:

(১) আর.আই.ডি.এফ. (২) প্রাইভেট এন্টারপ্রেনিউর গ্যারান্টি প্রকল্প (৩) রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা এবং (৪) মূল পরিকল্পনা বাজেট বরাদ্দ।

বিগত পাঁচ বছরে বৃদ্ধিপ্রাপ্ত গুদামের ধারণ ক্ষমতা ৫.৩৭ লক্ষ মেট্রিক টন। অতিরিক্ত ৩.১২ লক্ষ মেট্রিক টন ধারণ ক্ষমতা সম্পন্ন বিভিন্ন গুদামে কাজ বর্তমানে চালু রয়েছে।

মরশুমী ফল, ফুল, সবজি ও মশলা চাষ

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫) **শ্রী অসিত মজুমদার :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি অর্থবর্ষে রাজ্যের কত হেক্টর জমিতে মরশুমী ফল, ফুল সবজি ও মশলা চাষের ব্যবস্থা করা হয়েছে; এবং

(খ) হুগলী জেলার কত পরিমাণ জমি এই কাজে ব্যবহৃত হয়েছে?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন দপ্তরের তরফ থেকে চলতি অর্থবর্ষে রাজ্যের ৩১৩০ হেক্টর জমিতে ফল, ৫৮৫ হেক্টর জমিতে ফুল, ৩৫০ হেক্টর জমিতে হাইব্রিড সবজি ও ২৩৪.৯ হেক্টর জমিতে মশলা চাষের ব্যবস্থা করা হয়েছে।

(খ) হুগলী জেলার ৬৩.৩৩ হেক্টর জমি ফল চাষে, ১৯০০ বর্গমিটার পলিহাউসে ফুল চাষ ও ১২০ হেক্টর জমি সবজি চাষে ব্যবহৃত হয়েছে।

গ্রামীণ আবাস যোজনায় গৃহনির্মাণ

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮) **শ্রী অসিত মজুমদার :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রামীণ আবাস যোজনা প্রকল্পে বিগত পাঁচ বছরে রাজ্যে কতগুলি গৃহনির্মাণের ব্যবস্থা করা হয়েছে; এবং

(খ) উক্ত যোজনায় সরকার কত টাকা মঞ্জুর করেছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গে গর্ত পাঁচ বছরে নিম্নলিখিত সংখ্যায় গৃহ নির্মাণের ব্যবস্থা করা হয়েছে :

সাল	অনুমোদিত গৃহের সংখ্যা
২০১৬-১৭	১,৭৩,৭৫৫ (এক লক্ষ তিয়াত্তর হাজার সাত শত পঞ্চান্ন)
২০১৫-১৬	৪,২৩,৬০০ (চার লক্ষ তেইশ হাজার ছয় শত)
২০১৪-১৫	৪,৩৬,৫৬৩ (চার লক্ষ ছত্রিশ হাজার পাঁচ শত তেষট্টি)
২০১৩-১৪	১,৯০,৭০৩ (এক লক্ষ নব্বই হাজার সাত শত তিন)
২০১২-১৩	২,০৩,৮১৬ (দুই লক্ষ তিন হাজার আটশত ষোল)

(খ) পশ্চিমবঙ্গে গত পাঁচ বছরে গ্রামীণ আবাস যোজনায় যে পরিমাণ অর্থ মঞ্জুর করা হয়েছে তা নিচে দেওয়া হল :

সাল	মঞ্জুরীকৃত অর্থ
২০১৬-১৭	২০৩৬.৩৫ কোটি (দুই হাজার ছত্রিশ কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা।
২০১৫-১৬	৩০৮৮.২৮ কোটি (তিন হাজার অষ্টআশি কোটি আঠাশ লক্ষ) টাকা।
২০১৪-১৫	২৬৯১.৩৪ কোটি (দুই হাজার ছয় শত একানব্বই কোটি চৌত্রিশ লক্ষ) টাকা।
২০১৩-১৪	১১২১.২১ কোটি (এক হাজার এক শত একুশ কোটি একুশ লক্ষ) টাকা।
২০১২-১৩	৬৩৩.৩১ কোটি (ছয় শত তেত্রিশ কোটি একত্রিশ লক্ষ) টাকা।

স্প্রে মেশিন ও ধান ঝাড়াই মেশিন প্রদান

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৭০) **শ্রী দেবেশ মণ্ডল** : সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে সুন্দরবন বিষয়ক বিভাগ থেকে কতজন কৃষককে স্প্রে মেশিন ও ধান ঝাড়াই মেশিন দেওয়া হয়েছে?

সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

সুন্দরবন বিষয়ক দপ্তর থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৬ সাপেক্ষে ১৭,০০০ কৃষককে স্প্রে মেশিন ও ৬,০০০ কৃষককে ধান ঝাড়াই মেশিন দেওয়া হয়েছে।

ট্রেনিং প্রাপ্ত মৎস্যজীবীর সংখ্যা

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৯২) **শ্রী সমীর কুমার পোদ্দার** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে কতজন মৎস্যজীবীকে ট্রেনিং দেওয়া হয়েছে; এবং

(খ) তন্মধ্যে, নদীয়া জেলায় এর সংখ্যা কত (ব্লকওয়াড়ি হিসেবসহ)?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে রাজ্যে মোট ১২,০১২ জন মৎস্যজীবীকে ট্রেনিং দেওয়া হয়েছে।

(খ) তন্মধ্যে নদীয়া জেলায় এর সংখ্যা ৫৩৪ জন। জেলার ব্লকওয়াড়ি হিসাব নিম্নরূপ :

ব্লক	সংখ্যা
রানাঘাট-১	২১ জন
রানাঘাট-২	৪৭ জন
কৃষ্ণনগর-১	৪১ জন
নবদ্বীপ	৮০ জন
তেহট্ট-১	১৮ জন
চাকদহ	২০ জন
শান্তিপুর	৪৪ জন
করিমপুর-১	৪৮ জন
করিমপুর-২	১৮ জন
কালিগঞ্জ	২৩ জন
নাকাশিপাড়া	২৪ জন
কৃষ্ণগঞ্জ	১৮ জন
হাঁসখালি	০২ জন
জেলাস্তর/মীনভবন	১৩০ জন
মোট	৫৩৪ জন

গীতাঞ্জলী প্রকল্পের মাধ্যমে অর্থ প্রদান

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩) **শ্রী সমীর কুমার পোদ্দার** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারী, ২০১৭ সাপেক্ষে নদীয়া জেলায় "গীতাঞ্জলী" প্রকল্পের মাধ্যমে মোট কত জনকে অর্থ প্রদান করা হয়েছে (ব্লকভিত্তিক তথ্য-সহ)?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

২০১১-১২ থেকে ২০১৩-১৪ অর্থবর্ষ পর্যন্ত নদীয়া জেলায় গীতাঞ্জলী প্রকল্পে মোট ২১৬৫টি বাড়ি তৈরির অনুমোদন এবং অর্থ দেওয়া হয়েছে। ২০১১-১২ থেকে ২০১৩-১৪ অর্থবর্ষ পর্যন্ত আবাসন দপ্তর ছয়টি রূপদানকারী দপ্তর যথা : অনগ্রসর শ্রেণীকল্যাণ, সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা, পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক, মৎস্য, বন ও সুন্দরবন বিষয়ক এই দপ্তরগুলির মাধ্যমে এই প্রকল্প সম্পাদন করেছিল।

২০১৪-১৫ অর্থবর্ষ থেকে গীতাঞ্জলী প্রকল্পটি জেলাশাসকদের মাধ্যমে রূপায়ণ করা হচ্ছে।

নদীয়া জেলায় ২০১৪-১৫ অর্থবর্ষে ২৪৭৭টি, ২০১৫-১৬ অর্থবর্ষে ৩৪৫৪টি ও ২০১৬-১৭ অর্থবর্ষে ৪৫০১টি (৩১শে জানুয়ারী, ২০১৭ পর্যন্ত) অর্থাৎ এই তিন অর্থবর্ষে মোট ১০,৪৩২টি গৃহ নির্মাণের অনুমোদন এবং অর্থ দেওয়া হয়েছে।

অর্থাৎ এখনও পর্যন্ত ১২,৫৯৭টি গৃহনির্মাণের অনুমোদন এবং অর্থ দেওয়া হয়েছে। যার ব্লকভিত্তিক তথ্য অ্যানেক্সার-'ক'তে সংযুক্ত করা হল।

অ্যানেক্সার-'ক'

ব্লকভিত্তিক গীতাঞ্জলী প্রকল্পে নদীয়া জেলায় উপকৃত উপভোক্তার পরিসংখ্যান

ব্লক	২০১১-১২ থেকে ২০১৩-১৪				২০১৪-২০১৫	২০১৫-২০১৬	২০১৬-২০১৭	সর্বমোট
	সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা	অনগ্রসর শ্রেণিকল্যাণ	মৎস্য	মোট				
চাকদহ	৫৩	২৫	৪৮	১২৬	২০৭	২৮৩	৩৯৮	১০১৪
চাপরা	১৪৮	১০	৪৯	২০৭	২০২	২১৭	৩০৩	৯২৯
হাঁসখালি	৩৭	১২	৪৯	৯৮	১৬২	২০৫	২৮৮	৭৫৩
হরিণঘাটা	৯৬	৭	৫৫	১৫৮	১৩৯	১৬১	২৩০	৬৮৮
করিমপুর-১	৯৪	২	৪৭	১৪৩	১৩৪	১৩৩	২২২	৬৩২
করিমপুর-২	৯৬	০	৪৯	১৪৫	১৩৯	১৫১	২২৫	৬৬০
কালিগঞ্জ	১১২	৬	৪৯	১৬৭	১৭৯	২৩৪	৩২৯	৯০৯
কৃষ্ণগঞ্জ	১৫	৪	৪৭	৬৬	৮৮	১০২	১৫০	৪০৬
কৃষ্ণনগর-১	২৬	০	৪৯	৭৫	১৫৫	২২০	৩৩৩	৭৮৩

ব্লক	২০১১-১২ থেকে ২০১৩-১৪				২০১৪-২০১৫	২০১৫-২০১৬	২০১৬-২০১৭	সর্বমোট
	সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা	অনগ্রসর শ্রেণিকল্যাণ	মৎস্য	মোট				
কৃষ্ণনগর-২	৮০	২	৪৯	১৩১	১০৯	১০০	১৩৬	৪৭৬
নবদ্বীপ	১০২	০	৪২	১৪৪	৭৩	৯৪	২২২	৫৩৩
নাকাশীপাড়া	১৫৬	৬	৪৯	২১১	২০২	২৭০	৪১৬	১০৯৯
রানাঘাট-১	১৫	৯	৪৯	৭৩	১০৮	১৬২	২৪২	৫৮৫
রানাঘাট-২	১০	১৪	৪৯	৭৩	১৮৩	২৫৭	৩৮৩	৮৯৬
শান্তিপুর	৪৬	০	৪৯	৯৫	১৩২	১৬৮	২৩৮	৬৩৩
তেহট্ট-১	৭৫	৬	৪৪	১২৫	১৫৮	১৭০	২৩৮	৬৯১
তেহট্ট-২	৭৮	১	৪৯	১২৮	১০৭	১০৫	১৪৮	৪৮৮
কল্যাণী (পৌর এলাকা)	০	০	০	০	০	৬১	০	৬১
গয়েশপুর (পৌর এলাকা)	০	০	০	০	০	৩৬	০	৩৬
রানাঘাট (পৌর এলাকা)	০	০	০	০	০	৪৬	০	৪৬
বীরনগর (পৌর এলাকা)	০	০	০	০	০	১৯	০	১৯
কুপার	০	০	০	০	০	১১	০	১১
শান্তিপুর (পৌর এলাকা)	০	০	০	০	০	৯২	০	৯২
তাহেরপুর (পৌর এলাকা)	০	০	০	০	০	২৩	০	২৩
নবদ্বীপ (পৌর এলাকা)	০	০	০	০	০	৭৬	০	৭৬
চাকদহ (পৌর এলাকা)	০	০	০	০	০	৫৮	০	৫৮
মোট	১২৩৯	১০৪	৮২২	২১৬৫	২৪৭৭	৩৪৫৪	৪৫০১	১২৫৯৭

নদীয়া জেলায় প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় রাস্তার অনুমোদন

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮) **শ্রী কল্লোল খাঁ** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৬-১৭ আর্থিক বর্ষে নদীয়া জেলার ১৭টি ব্লকে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অধীনে কত সংখ্যক রাস্তা (নামসহ) অনুমোদিত হয়েছে; এবং

(খ) উক্ত রাস্তাগুলির নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) ২০১৬-২০১৭ আর্থিক বছরে নদীয়া জেলায় মোট ২৪টি রাস্তা প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে। যার মোট দৈর্ঘ্য ২৫০.৫২ কিলোমিটার (দুইশত পঞ্চাশ কিলোমিটার পাঁচশত কুড়ি মিটার)। উক্ত রাস্তাগুলির বিশদ বিবরণ সংযোজনী "ক"-তে দেওয়া হল।

(খ) কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন পাওয়ার পর দরপত্র আহ্বানের মাধ্যমে খুব শীঘ্রই উক্ত রাস্তাগুলির নির্মাণ কাজ শুরু করা হবে।

সংযোজনী "ক"

PRADHAN MANTRI GRAM SADAK YOJANA (PMGSY)
DISTRICT WISE SUMMARY OF THE PROPOSALS OF 2016-17,
BATCH-II, REGULAR PMGSY

Sl. No.	District	Block	Name of Road	Package No.	Length (in km)
1	Nadia	Krishnagar-II	Rukunpur Halderpara to Bamanpara	WB-14-164	3.100
2	Nadia	Nabadwip	Idrakpur to Kathaltalapara	WB-14-165	2.702
3	Nadia	Chakdaha	Rasullapur Paschim to Ghooraghata	WB-14-167	10.113
4	Nadia	Kaliganj	Hazrapota to Kumladanga Dhowra	WB-14-169	18.150
5	Nadia	Chakdaha	NH-34 Jatrapur More to Moheswarpur Natunpally	WB-14-170	14.800
6	Nadia	Ranaghat-II	Gangnapur to Natungram	WB-14-173	23.532
7	Nadia	Karimpur-I	Madhugari to Paiksa	WB-14-176	19.774

Sl. No.	District	Block	Name of Road	Package No.	Length (in km)
8	Nadia	Krishnagar-I	Haranagar to Poragachha	WB-14-179	10.702
9	Nadia	Chapra	Charatala Dhal to Bangaljhi Chowrasta	WB-14-180	10.812
10	Nadia	Chapra	Nababgang to Ichapur	WB-14-183	8.714
11	Nadia	Krishnagar-I	Pakurgachi Battala to Daforpota	WB-14-186	13.069
12	Nadia	Ranaghat-II	Chak debagram to Duttapulia	WB-14-189	15.634
13	Nadia	Krishnagar-I	Dharmadaha to Dignagar Ghosh Para	WB-14-192	8.661
14	Nadia	Kaliganj	Palitbege to Panighata	WB-14-195	10.054
15	Nadia	Nakashipara	Bethua Dahari to Thegahri Ghat	WB-14-197	6.465
16	Nadia	Hanskhali	Badkulla Mill Para to Jatrapur	WB-14-200	7.575
17	Nadia	Karimpur-II	Fazilnagar Paschimpara to Lakshmipur	WB-14-202	8.013
18	Nadia	Karimpur-I	Kechuadanga to Tarapur	WB-14-204	9.319
19	Nadia	Tehatta-I	Kushtia to Puthimari	WB-14-207	8.758
20	Nadia	Tehatta-I	Syamnagar to Kuruigachi	WB-14-208	7.934
21	Nadia	Kaliganj	NH-34 (Bhaga) to Rajarampur Ghoraikhetra	WB-14-214	14.804
22	Nadia	Ranaghat-II	Belgharia PWD More to Belgharia Dakshipara	WB-14-216	2.039

Sl. No.	District	Block	Name of Road	Package No.	Length (in km)
23	Nadia	Chakdaha	NH-34 Tatla to Bhatpara	WB-14-220	8.179
24	Nadia	Ranaghat-I	Bhaduri Middle to Hatpukur	WB-14-221	7.618
No. of Roads for Nadia District-24					**250.521**

বিল্ডিং প্ল্যান-এর অনুমোদন প্রদান

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩) **শ্রী তন্ময় ভট্টাচার্য** : নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিভিন্ন পৌর এলাকায় জলাশয় ভরাট করে বা অতীতে ভরাট হওয়া জলাশয়ের এলাকায় বিল্ডিং প্ল্যান-এর অনুমোদন দেওয়ার ক্ষেত্রে সরকারের নির্দেশিকা কি; এবং

(খ) এই নির্দেশিকা অমান্যকারীর বিরুদ্ধে কি আইনি ব্যবস্থা আছে?

নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) কলকাতা ও অন্যান্য পৌর নিগম এলাকায় জলাশয় সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে সর্বাধিক ৯০% অবধি পুরকর ছাড়ের নির্দিষ্ট সংস্থান কলকাতা পৌর নিগম আইন, ১৯৮০-এর ধারা ১৭২ ও পশ্চিমবঙ্গ পৌর নিগম আইন, ২০০৬-এর ধারা ১১৫ডি তে উল্লেখ আছে।

(খ) রাজ্য সরকারের অনুমোদন নিয়ে কলকাতা পৌর নিগম (জলাশয় সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ) রেগুলেশন্‌স, ২০১৬ নামক বিধি প্রণয়ন করেছে।

শিক্ষা বিভাগের অনুমোদন

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪) **শ্রী মানস মুখার্জী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে "সরস্বতী শিশুমন্দির" ও "সারদা বিদ্যামন্দির" এই নামে কিছু বিদ্যালয় শিক্ষা বিভাগের অনুমোদন পেয়েছে; এবং

(খ) সত্যি হলে, এরূপ কটি বিদ্যালয় অনুমোদন পেয়েছে (জেলাওয়ারি তথ্য-সহ)?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) "সরস্বতী শিশুমন্দির" নামে কোনো বিদ্যালয় শিক্ষা বিভাগের অনুমোদন পায়নি। "সারদা বিদ্যামন্দির" নামে ৫টি বেসরকারি বিদ্যালয় শিক্ষা বিভাগের অনুমোদন পেয়েছে।

(খ) পশ্চিম মেদিনীপুর জেলায়-১টি, মুর্শিদাবাদ জেলায়-২টি এবং উত্তর দিনাজপুর জেলায়-২টি। মোট ৫টি বিদ্যালয় এরূপ অনুমোদন পেয়েছে।

ব্যবসায়িক ভিত্তিতে অন্ডালে বিমান পরিষেবা চালু

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩) **শ্রীমতী জাহানারা খান :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমানের অন্ডাল বিমানবন্দরটিতে ব্যবসায়িক ভিত্তিতে বিমান পরিষেবা চালু করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) পরিষেবা বন্ধ হয়ে যাওয়ার দরুন সংশ্লিষ্ট বিমান সংস্থাকে ক্ষতিপূরণ বাবদ কত টাকা দিতে হয়েছে?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) বর্ধমানের অন্ডাল বিমানবন্দরটি বেঙ্গল এরোট্রপলিস প্রজেক্টস লিমিটেড (বি.এ.পি. এল.) দ্বারা নির্মিত এবং ঐ বিমানবন্দরে বিমান পরিষেবার বিষয়টি উপরোক্ত সংস্থার দ্বারা নিয়ন্ত্রিত।

তবে, সম্প্রতি ভারত সরকারের অসামরিক বিমান পরিবহন মন্ত্রণালয়ের উদ্যোগে "রিজিওনাল কানেক্টিভিটি স্কীম"-এর অধীন "উড়ান" প্রকল্পে ঐ বিমানবন্দরের সঙ্গে বিমান পরিষেবা চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে।

(খ) এ সম্পর্কে কোন তথ্য এই মুহূর্তে পরিবহন দপ্তরে নেই। পশ্চিমবঙ্গ সরকারের শিল্প ও বাণিজ্য দপ্তরের অধীনে ঐ বিমানবন্দরটি গড়ে উঠেছে। তাদের কাছ থেকে ঐ তথ্য পাওয়া যেতে পারে।

দুর্ঘটনায় গৃহপালিত পশুর মৃত্যুতে ক্ষতিপূরণ

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩) **শ্রী সুজিত চক্রবর্তী :** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গৃহপালিত পশু অগ্নিদগ্ধ বা দুর্ঘটনায় মারা গেলে কোনো সরকারি ক্ষতিপূরণ পাওয়া যায় কি;

(খ) পাওয়া গেলে, তার পরিমাণ কত; এবং

(গ) ৩১.০১.২০১৭ সাপেক্ষে কতগুলি ক্ষতিপূরণ দেওয়া সম্ভব হয়েছে?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) প্রাকৃতিক বিপর্যয়ঘটিত কারণে প্রাণীমৃত্যু হলে সরকারি নিয়ম অনুযায়ী সহায়তার ব্যবস্থা রয়েছে স্টেট ডিজাসটার রেসপন্স ফান্ড (SDRF)/ন্যাশনাল ডিজাসটার রেসপন্স ফান্ড (NDRF)-এর মাধ্যমে। এছাড়া কোনও প্রাণী বিমার আওতাভুক্ত থাকলে মৃত্যুজনিত কারণে তদন্তসাপেক্ষে বিমা কোম্পানি বিমাকৃত রাশি ক্ষতিপূরণ হিসাবে প্রদান করে।

(খ) প্রাকৃতিক বিপর্যয়ের কারণে মৃত্যু হলে প্রাণীপালক এই প্রকার সাহায্য পেতে পারে—

১। দুধেল প্রাণী যেমন মহিষ, গাই, উট, চমরি গাই, মিথুন ইত্যাদি টা, ৩০, ০০০.০০ প্রতিটি (সর্বাধিক ৩টি/পরিবারপিছু)।

২। বড় চাষের প্রাণী যেমন উট, ঘোড়া, বলদ ইত্যাদি টা. ২৫,০০০.০০ প্রতিটি (সর্বাধিক ৩টি পরিবারপিছু) এবং ছোট চাষের প্রাণী যেমন এঁড়ে বাছুর, গাধা, ঘোড়া, খচ্চর ইত্যাদি টা, ১৬,০০০.০০ প্রতিটি (সর্বাধিক ৬টি পরিবারপিছু)।

৩। হাঁস/মুরগী - টা. ৫০.০০ প্রতিটি (সর্বাধিক টা. ৫,০০০.০০ পরিবারপিছু)। বিমার আওতাভুক্ত প্রাণীর মৃত্যু হলে বিমাকৃত রাশি (Sum Assured) বিমা কোম্পানির কাছ থেকে ফেরত পাওয়া যায়।

(গ) ২০১৬-১৭ আর্থিক বছরে ৩১.০১.২০১৭ পর্যন্ত প্রাকৃতিক বিপর্যয়জনিত কারণে কোনও প্রাণীমৃত্যুর ঘটনা নথিভুক্ত হয়নি। চলতি আর্থিক বছরে RISK MANAGEMENT প্রকল্পে ১৯,৬৫৬টি দুধেল গাইকে বিমার আওতায় আনা হয়েছে এবং এই সময়ের মধ্যে ৭১টি DEATH CLAIM Settle করা হয়েছে।

গঙ্গাজলঘাটীতে পর্যটন শিল্প

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭) **শ্রী সুজিত চক্রবর্তী** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বড়জোড়া বিধানসভা এলাকায় গঙ্গাজলঘাটী ব্লকের শালী নদীর উপর সাংদোহাতে পর্যটন শিল্প গড়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) কোড়ো পাহাড়কে কেন্দ্র করে কোনো পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা সরকারের আছে কি না?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) এই মুহূর্তে এরূপ কোনো পরিকল্পনা নেই।

(খ) এই মুহূর্তে এরূপ কোনো পরিকল্পনা নেই।

ছাত্র-ছাত্রীদের শংসাপত্র প্রদানে নিয়মের সরলীকরণ

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১১) **শ্রী সুজিত চক্রবর্তী** : অনগ্রসর শ্রেণীকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে তপশিলি জাতি ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে নিয়মের কোনো সরলীকরণ হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, তা কীরূপ?

অনগ্রসর শ্রেণীকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) হ্যাঁ, তপশিলি জাতিভুক্ত এবং অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত ছাত্রছাত্রীদের ক্ষেত্রে জাতিগত শংসাপত্র পাওয়ার বিষয়টি সরলীকৃত হয়েছে। এই প্রক্রিয়ার বিস্তারিত তথ্য যথাক্রমে ১২০৩-বি.সি.ডব্লিউ. তারিখ ২৭/০৭/২০০৫ এবং ১২০৪-এস.বি.সি. ডব্লিউ. তারিখ ২৭/০৭/২০১৫ সংখ্যক সরকারি আদেশনামায় দেওয়া আছে।

(খ) (১) তপশিলি জাতিগত শংসাপত্র পাওয়ার জন্য প্রয়োজনীয় প্রমাণপত্রের বিবরণ ২৭/০৭/২০১৫ তারিখের ১২০৩ বি.সি.ডব্লিউ. সংখ্যক আদেশনামার ৮(এ) থেকে (ই) সংখ্যক অনুচ্ছেদ-এ এবং অন্যান্য অনগ্রসর শ্রেণির ক্ষেত্রে জাতিগত শংসাপত্র পাওয়ার জন্য প্রয়োজনীয় প্রমাণপত্রের বিবরণ ২৭/০৭/২০১৫ তারিখ-এর ১২০৪-এস.বি.সি.ডব্লিউ. সংখ্যক আদেশনামার ৯(এ) থেকে (ই) সংখ্যক অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে।

(২) উপরি উল্লিখিত আদেশনামা দুটির নোট-১ এবং নোট-২'তে পরিষ্কারভাবে উল্লেখ করা হয়েছে যে, যেসব ক্ষেত্রে পূর্বে বলা প্রমাণপত্রাদি পাওয়া যাবে না; সেক্ষেত্রে প্রধান, মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান অথবা মিউনিসিপ্যাল কর্পোরেশনের কাউন্সিলর, বিধায়ক এবং সাংসদের দেওয়া যে কোনো শংসাপত্র, প্রার্থীর যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে উপযুক্ত বিবেচিত হবে।

(৩) প্রার্থীর নিকট যদি নিজের দাবীর স্বপক্ষে কোনো প্রমাণপত্র নাও থাকে তবুও তার দাবী করার অধিকার থাকে এবং কোনো আবেদনপত্রকেই জাতিগত পরিচিতি বাসস্থান অথবা নাগরিকত্বের প্রমাণপত্র না থাকার কারণে বাতিল করা চলবে না। এইসব ক্ষেত্রে আঞ্চলিক অনুসন্ধান এবং প্রার্থীকে জিজ্ঞাসাবাদের উপর যথাযথ গুরুত্ব দিতে হবে।

(৪) ভোটার পরিচয়পত্রের মতো একটিমাত্র তথ্যপত্রই পরিচিতি, ঠিকানা এবং নাগরিকত্বের মতো একাধিক বিষয়ের প্রমাণ হিসাবে গণ্য হতে পারে।

(৫) উপরে উল্লিখিত সরকারি আদেশনামা দুটির ৯ ও ১০ অনুচ্ছেদে যথাক্রমে তপশিলি জাতি ও অন্যান্য অনগ্রসর জাতির ক্ষেত্রে অনলাইনে দরখাস্তের নিষ্পত্তির বিষয়টি আলোচনা করা হয়েছে। অন্যান্য অনগ্রসর জাতির ক্ষেত্রে পুরনো মূল শংসাপত্রটি জমা করার পরে শংসাপত্র প্রদানকারী আধিকারিক প্রার্থীকে শংসাপত্রের পুনর্বৈধকরণ করে নতুন শংসাপত্রটি জমা করার পরে শংসাপত্র প্রদানকারী আধিকারিক প্রার্থীকে শংসাপত্রের পুনর্বৈধকরণ করে নতুন শংসাপত্র প্রদান করতে পারে যাতে শ্রেণি-এ অথবা শ্রেণি-বি বলে উল্লেখ থাকবে।

(৬) জাতিগত শংসাপত্র প্রদানের বিষয়টিকে WBRTPS আইনের আওতায় এনে ০৮/১১/২০১৩ তারিখের ৩৭৫৫ বি.সি.ডব্লিউ. নির্দেশনামা প্রচারিত হয়েছে, যার ফলে-সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র/প্রমাণপত্রাদি দিয়ে আবেদন করলে ৪ (চার) সপ্তাহের মধ্যে পরিষেবা পাওয়া যাবে।

(৭) জাতিগত শংসাপত্র প্রদানের বিষয়টিকে সরলীকরণের জন্য বিভিন্ন জেলায় এই দপ্তরের ইন্সপেক্টরদের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

অন্ডাল ব্লকে বিদ্যুৎ সংযোগের কাজ

২০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪২) **শ্রী রুনু দত্ত** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

অন্ডাল ব্লকের মদনপুর গ্রাম পঞ্চায়েত এলাকার তপশিলি জাতি অধ্যুষিত বাবুইশোল গ্রামে বিদ্যুৎ সংযোগের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় : মার্চ, ২০১৭।

Presentation of the First Report of the Committee on Public Accounts (2016-2017)

The Chairman (Dr. Manas Ranjan Bhunia) : Hon'ble Speaker, Sir, with your kind permission, I beg to present the First Report of the Committee on Public Accounts (2016-2017) on Excess Expenditure incurred over Voted Grants and Charged Appropriations during the period from 2006-2007 to 2008-2009.

RELAYING OF AMENDMENT TO THE RULES

Amendment to the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Recruitment) Rules, 2004

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to re-lay the amendment to the West Bengal Land Reforms And Tenancy Tribunal (Recruitment) Rules, 2004 published in the Kolkata Gazette Extraordinary dated the 30th December, 2016 under Notification No. 3172-Estt./7L-12/2002 (Pt.-1) dated the 26th December, 2016 issued by the Land & Land Reforms Department, Government of West Bengal.

LEGISLATION

The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2017

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg to introduce the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2017.

(Secretary read the title of the Bill.)

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg to move that the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2017 be taken into consideration.

শ্রী অপূর্ব সরকার : মাননীয়মন্ত্রী মহোদয় এই হাউসে "দ্য কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান (অ্যামেন্ডমেন্ট) বিল ' ২০১৭ " - যে বিল এনেছেন, সেই সম্বন্ধে দু-একটি কথা শুধু উল্লেখ করতে চাই। স্যার, কলকাতা শহর বহু পুরনো শহর। এই কলকাতা শহরে আমরা যেটা দেখছি প্রতিনিয়ত, প্রতি মুহূর্ত, যাঁরা কর্পোরেশান চালাচ্ছেন বা যাঁরা কর্পোরেশানে আছেন বা এখানকার যাঁরা অধিবাসী, যাঁরা এখানে থাকেন যে, এই শহর একটা সময় গড়ে উঠেছিল। যেহেতু পুরনো শহর, বহু পুরনো বাড়ি, জরাজীর্ণ বাড়ি, ডেঞ্জারাস বাড়ি এবং তার ফলস্বরূপ পরপর কিন্তু আমরা এই শহরের বুকে বিভিন্ন রকম অ্যাক্সিডেন্ট দেখতে পাচ্ছি। হালফিলেও যে এগুলো ঘটছে তা নয়, ঘটে যাচ্ছে পরপর পরপর। কখনও বাড়ির একটা অংশ ভেঙ্গে পড়ছে, কখনও দেওয়াল একটা ভেঙ্গে পড়ছে, কখনও আগুন লেগে যাচ্ছে, এই রকম বিভিন্ন ঘটনা কিন্তু প্রতিনিয়ত, প্রতিদিন বলা যেতে পারে, কলকাতা শহরের বুকে ঘটে চলেছে। সেখানে আমরা দেখছি কোন বাড়িতে এমন অবস্থা যে সেখানকার মানুষকে উদ্ধার করা যাচ্ছে না। যেহেতু

পুরনো বাড়ি, হয়ত একটা সিড়ি আছে বা একটা লিফট্ আছে,পৌঁছনো যাচ্ছে না এবং সেই বাড়িগুলিতে অসংখ্য ভাড়াটিয়া। একটা সময় এই বড় বড় বাড়িগুলো বা বড় বড় এলাকাগুলো কখনও রেসিডেন্সিয়াল পারপাস, কখনও বিজনেস পারপাসে তৈরি হয়েছিল।

কিন্তু সেই বাড়িগুলি যারা তৈরি করেছিল বা করেছিলেন, তখনকার জনসংখ্যা এবং এখনকার জনসংখ্যার মধ্যে আকাশ-পাতাল তফাৎ হয়ে গেছে। এখন জনসংখ্যার পরিমাণ খুব বেশি হয়ে গেছে। খুব স্বাভাবিকভাবেই, সেখানে কোনও দুর্ঘটনা ঘটলে - ঘটাটাই স্বাভাবিক, জরাজীর্ণ বাড়িগুলি সেখানে কর্পোরেশনের খুব বেশি আইনের ব্যবস্থা থাকলেও খুব বেশি কিছু করা যাচ্ছে না। আমরা কয়েকদিন আগেও দেখেছি, বাড়ির অংশ ভেঙ্গে পড়ছে, স্কুল ছাত্রী পরীক্ষা দিয়ে আসছে। এমনই জরাজীর্ণ যে, আমরা রাস্তা দিয়ে যাচ্ছি, জরাজীর্ণ বাড়ির অংশ ভেঙ্গে পড়ছে, মানুষ আহত হচ্ছে। কোথাও আগুন লেগে যাচ্ছে। বড় বড় বিধ্বংসী অগ্নিকাণ্ড কোলকাতার বুকে ঘটেছে। কিন্তু সমস্ত সুযোগ থাকলেও, সরকারের সমস্ত ডিপার্টমেন্টের কাছে সমস্ত সুযোগ থাকলেও সেই জরাজীর্ণ বাড়ি বা সেই এলাকা এত কনজেস্টেড, বাড়িগুলোর অবস্থা এত ভঙ্গুর যে, সেখানে মানুষকে পরিষেবাটা দেওয়া যাচ্ছে না, মানুষকে উদ্ধার করা যাচ্ছে না। আজকে এটা বাস্তব ঘটনা। আজকে শুধু কোলকাতা কর্পোরেশন নয়, বিল এসেছে এটা কিন্তু পশ্চিমবঙ্গের শহর এলাকার বহু পুরনো শহর আছে এবং এই বাড়িগুলো যখন তৈরি করেছিল দেখা যাচ্ছে, সেই সব অনেক বাড়ি এখন জরাজীর্ণ। আপনি কর্পোরেশনের বিল এনেছেন, এর সাথে পাশাপাশি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, আরও কপোরেশন আছে আমাদের, আরও পৌরসভা আছে আমাদের, এই একই অবস্থা কিন্তু অন্যান্য কর্পোরেশনের এবং অন্যান্য পৌরসভার আছে। আগামীদিনে নিশ্চিতভাবে মনে করি যে, এটা সেই আইনের মধ্যে অন্যান্য কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটির হবে। স্বাভাবিকভাবেই, সেই সব বাড়িগুলো যারা তৈরি করেছিল, সেই সময় দেখা যাচ্ছে যে, সেখানে এত ভাড়াটিয়া বসিয়েছে গরিবির কারণে - স্টার্ভেশান হয়েছে। এমন ফ্যামিলি আছে স্যার, স্টার্ভেশানে চলে গেছে, তাদেরকে ভাড়া দিতে হয়েছে। একটা বাড়ির মধ্যে পার্টিশান করে করে এই কোলকাতা শহর বা অন্য যে কোন ছোট শহর যেখানেই বলুন, সেখানে দেড়শো-দু'শো বছরের শহর আছে, পশ্চিমবঙ্গে সেই ফ্যামিলিগুলো স্টার্ভেশানে যাওয়ার ফলে বাড়িগুলোকে ছোট ছোট করে ভাড়া দিয়েছে। সেই সব ফ্যামিলির সেটাই রোজগার। সেই সব জায়গায় একটা দুর্ঘটনা ঘটে গেলে, একটা ওয়াল হয়তো নষ্ট হয়ে গেছে, তখন কিন্তু মালিকের ক্ষমতা নেই সারানোর। ভাড়াটিয়ার এমন ভাড়া সেই ভাড়ায় মালিক সারানোর চেষ্টা করছে না কারণ সেখানে আবার টেন্যান্সি কাজ করছে। এই কোলকাতা শহরে আবার কিছু ঠিকা টেন্যান্সিয়াল আছে। সেইটা মাননীয় মন্ত্রীকে বলব, দেখার জন্য। খুব স্বাভাবিকভাবেই, কোলকাতা শহরের এই বাড়িগুলোকে ভাঙ্গার ব্যবস্থা করা এবং রি-কন্সট্রাকশান, সেই ভাঙ্গা এবং রি-কন্সট্রাকশানের জন্য যে বিল এনেছেন, আমাদের এখানে যে ভাড়াটিয়া বিশেষ করে টেন্যান্ট যারা বা অক্যুপায়ার যারা, টেন্যান্ট বা অক্যুপায়ার - এই দু'টো জায়গায় যাদের স্বার্থ সুরক্ষিত করে বিল্ডিংগুলো রি-কন্সট্রাকশান করার জন্যে এই বিলের মধ্যে বলা আছে যে, তাকে সুযোগ দেওয়া হবে, সে নিজে তৈরি করুক। নইলে কোলকাতা কর্পোরেশান নিজে উদ্যোগ নিয়ে সেই বাড়ি ভেঙ্গে বাড়ি তৈরি করবে। সেখানে ফ্লোর এরিয়ার একটা ছাড় দেওয়া হবে। ফ্লোর বাড়ানোর একটা ব্যবস্থা করা হবে। কিন্তু সবটাই যেন হয় under the corporation building rules মেনে। এটাও আমার অনুরোধ যে, এটা যেন কর্পোরেশান বিল্ডিং রুলস মেনে হয়। আমি দু'টো জিনিস এখানে বুঝতে পারিনি। তাই আমি জিজ্ঞাসা করব আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে যে, সেকশান ৪১২র এ আপনি করেছেন। ৪১২র রোমান ফাইভ- Subject to the provisions of this Section, the Corporation may cause development works in respect of the

dilapidated building in such transparent manner, এটা আপনি বলেছেন। আর 'On such conditions, as may be prescribed by scheme by the Corporation'. এর সাথে এখানে যেটা আপনি লিখছেন যে, Statement Objects and Reasons -এ আপনি লিখছেন, এখানে আপনি বলছেন, স্কীম ডেভলপমেন্ট ওয়ার্কের কথা, এখানে কিন্তু আপনি তৈরি করছেন বিল্ডিং। এই যে ডেফিনেশান অফ বিল্ডিং আর ডেফিনেশান অফ ডেভলপমেন্ট ওয়ার্ক, - এই ডেভলপমেন্ট ওয়ার্কের যে স্কীমের মধ্যে ব্যবস্থাটা থাকবে, আইনটা থাকবে, যেটা করতে ' বলবে, এইটা কি কোথাও কন্ট্রাডিক্ট করবে না? আমার মনে হয়, আপনি এই জায়গাটায় ক্লিয়ার করে বলবেন যে, গভর্নমেন্টের যে এইচ.এ প্রকল্প চলছে, affordable housing-এর ব্যবস্থা চলছে, আপনি যখন কর্পোরেশনে করতে যাবেন তখন affordable housing-এর মধ্যে এটাকে ইনক্লুড করবেন কি না এবং সেহেতু ডেভলপমেন্ট স্কীম – এই কথাটা যোগ করেছেন কি না যে, affordable housing যেটা এখন গোটা ভারতবর্ষে চলছে, আমাদের রাজ্যে চলছে। এই বিষয়টা যদি আমাদের ক্লিয়ার করে দেন, তাহলে ভালো হয়। একটা বিষয় যে, কর্পোরেশান করবে বা মালিক করবে। এই বিল্ডিং-টাকে রি কন্সট্রাকশান করার ব্যাপারে কর্পোরেশান নিজে না করে থার্ড পার্টি এনগেজ করে করতে পারে। এই ক্ষেত্রে নিশ্চিতভাবে বিল্ডিং রুলস-এর পরিবর্তন করতে হবে কারণ যারা টেন্যান্ট আছে বা যারা অক্যুপায়ার আছে, টেন্যান্ট আর অকুপায়ার - এদের স্বার্থ সুরক্ষিত করার জন্য আপনাকে নিশ্চিত ভাবে এগ্রিমেন্ট করতে হবে।

[11:10 – 11:20 a.m.]

শ্রীতাপস রায় : স্পিকার স্যার, bill no.20 of 2017, The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2017. কলকাতার বাসিন্দা হিসাবে এবং দীর্ঘদিন কলকাতা পুরসভার কাউন্সিলর এবং বিধায়ক থাকার সুবাদে আমি এমন একটি সুন্দর এবং ঐতিহাসিক বিল খুব কমই। দেখেছি। আমি তার জন্য স্যার প্রথমেই মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের মিনিষ্টার এবং কলকাতার মেয়র, এঁদের দু'জনকে ধন্যবাদ জানাই।

আমরা সকলেই জানি, যারা কলকাতায় থাকি এবং আসা-যাওয়া করি যে, কলকাতার বহু মানুষ ভাড়াটিয়া। ভাড়াটিয়ারা ইনসিকিওর্ড বিল্ডিং শুধু নয়, মানুষ ইনসিকিওর্ড। ইনসিকিউরিটি আসছে কোথা থেকে? দু'দিক থেকে। একটা হচ্ছে যে, বাড়ীটা ভেঙে যাবে। এটা কনসার্ন। সরকারের কনসার্ন, পুরসভার মেয়রের, মন্ত্রীর এবং আমাদের সকলেরই। কিন্তু এই ইনসিকিওরিটিটাও দেখেছি যে, আমরা বিপন্ন, জীবন বিপন্ন, সম্পত্তি বিপন্ন তথাপি সেই বাড়ী বা ঘর ছেড়ে আমরা নড়ছিনা বা যাচ্ছিনা।

এটা ভাড়াটিয়াদের একটা - গেলে কি হবে? বাড়ি ভেঙে পড়লে আমার অধিকারটুকু আমি খর্ব করবো এইসব বিষয়গুলো আছে। আর একদিকে সকলে না হলেও বেশিরভাগ Owner রাই ভেঙে পড়ুক অথবা dilapidated - বহু বাড়িতে এরকম দেওয়া হয়েছে এবং সাইনবোর্ড লাগানো হয়েছে। কিন্তু dilapidated ঘোষণা করা, বিপজ্জনক বাড়ি ঘোষণা করা বা demolish করে দিলেই তো হবে না। এর পাশাপাশি পরবর্তী ব্যাপারটাও দেখতে হবে। কর্পোরেশান শুধুমাত্র এটা বিপজ্জনক বাড়ি declare করে দিল এবং কয়েকটি সাইনবোর্ড লাগিয়ে দিল। পরবর্তীকালে বাড়ির যখন কিছু অংশ ভেঙে পড়ল, কিছু মানুষ মারা গেলেন, ইনজিওর্ড হলেন, ইত্যাদি প্রভৃতি, তারপরে এমনও হতে পারে যে আমরা বাড়িটাকে পুরসভার তরফ থেকে demolish করে দিলাম। কিন্তু তারপরে কি ? যারা ছিলেন তাদের কি হবে? তারা কোথায় যাবে? এবং সেটাকে রিপেয়ার করার ব্যবস্থা -এগুলোকে আমাদের মাথায় রাখতে হয়েছে। এই সমস্ত জিনিস মাথায় রেখেই এই বিল। insertion of new section after section 412 of the West Bengal

Act. এটা ১৯৮০ সালে যে কলকাতা মিউনিসিপ্যাল corporation অ্যাক্ট হয়েছিল, যে অ্যাক্ট এখনও চলছে নতুন পুরসভা বা যেটা পরবর্তীকালে কেএমসি- সিএমসি 1980 থেকে কেএমসি - তাতে এই insertion টা হবে। এতে বাড়িওয়ালা এবং ভাড়াটিয়া সকলেই উপকৃত হবেন। মানুষের জীবন, সম্পত্তি প্রোটেকটেড হবে। বাড়িওয়ালা ভেঙে দিয়ে, ওরা ছেড়ে চলে যাবে তারপরে বিক্রি করবে বা নতুনভাবে ভাড়াটিয়া বসাবে। সেখান থেকে আবার ভাল অর্থ রোজগার হবে। সেই বিষয়টিও যেমন থাকবে না, ঠিক তেমনই বাড়ি যদি ভেঙে পড়ে demolished হয়, dangerous building ঘোষিত হয় তাহলে পরে এই opportunity পাবে বাড়িওয়ালা সেটাকে রিকন্সট্রাকট করার এবং পাশাপাশি যারা ছিলেন তারা সেই অবস্থায় সেই জায়গায় সেইভাবেই তারা থাকতে পারবেন। সুতরাং তাদের ইন্টারেস্টও প্রোটেকটেড থাকল, প্রোটেকটেড হল। এই জিনিসটা অত্যন্ত সুন্দর, আমি ব্যক্তিগতভাবে অত্যন্ত খুশি। কারণ আমি এই ৯ বছর আগে একটি ফ্ল্যাটের মালিক হয়েছি। তার আগে পর্যন্ত আমি কলকাতা শহরে এক বছর বয়স থেকে ৯ বছর বয়স পর্যন্ত ভাড়াটিয়া ছিলাম। সুতরাং সে হিসাবে যারা tenant তাদের দুঃখ দুর্দশার সামিল হয়েছিলাম। কলকাতা পুরসভার দশ বছর কাউন্সিলর হিসাবে তাদের দেখতাম এবং কিছু কিছু ক্ষেত্রে এই যে প্রমোটারদের একটা থাবা - অনেক সময় হয় কি ওনাররা দুর্বল। তারা বেশ একটা জাঁদরেল প্রমোটারের হাতে সেটা দিয়ে দেয়। সেক্ষেত্রে সেই প্রমোটারের নানান ধরনের চক্রান্ত ষড়যন্ত্রও থাকে। সেই বাড়িটাকে প্রমোট করার ক্ষেত্রে, জায়গাটাকে রিকন্সট্রাকশান করার ক্ষেত্রে ইত্যাদি প্রভৃতি। সুতরাং এটাও conducive এবং আজকে কলকাতা শহরে আমরা জানি, আপনারাও জানেন কত মানুষ তারা suburban এ চলে গেছে এবং চলে যাচ্ছে। কারণ এখানে জনবসতির ঘনত্ব অত্যন্ত বেশি। মানুষ অনেক বেশি বাস করেন। তাদের থাকার জায়গার অত্যন্ত অভাব। সুতরাং সেক্ষেত্রে যদি আমরা এই বিষয়টা না দেখতাম তাহলে পরে স্যার এখানে খুবই অসুবিধা হত। সেই প্রেক্ষিতেই এই বিল আনা হয়েছে। যেটা হতে চলেছে আমি তাকে আমি পূর্ণ সমর্থন জানাই। এবং আমি আবারও বলি কলকাতাবাসীর জন্য, এত সুন্দর একটা balanced বিল - ওনারদের জন্য এবং ভাড়াটিয়াদের জন্য- যা ভাবা যায় না। এটা অত্যন্ত সুচিন্তিত এবং সুন্দরভাবে drafted একটা বিল। আমি এই বিলকে সমর্থন করে, আশা করবো এই সদনে উপস্থিত সকলে সম্মানীয় সদস্যবৃন্দ তারাও এই বিলকে সমর্থন করবেন। আগামীদিনে কলকাতার মানুষের যে আতঙ্ক, ভয়, ভীতি, ভেঙে পড়া বিভিন্ন কারণে, পুড়ে যাওয়া বাড়ি হতে পারে, বহু পুরোনো বাড়ি, কলকাতার বয়স প্রায় ৩১৮-২০ হয়ে গেল, সেই কলকাতার বাসিন্দারা প্রোটেকটেড হলেন। বাড়ির মালিকও প্রোটেকটেড হলেন। তাই এই সুন্দর বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

[11:20 – 11:30 a.m.]

শ্রী শোভন চ্যাটার্জী : মাননীয় স্পিকার স্যার, প্রথমে আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং তার নির্দেশে আজকে মাননীয় পৌরমন্ত্রী যে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের বিল্ডিং দপ্তরের যে আইন তার অ্যামেন্ডমেন্ট এনেছেন এর পর্যালোচনা করতে গিয়ে এই পৌরসভার সঙ্গে প্রায় ৩২ বছরের উপর যোগসূত্র থাকার বিভিন্ন ঘটনা পরম্পরার সঙ্গে কিছুটা অভিজ্ঞতা আমাদের মধ্যে আছে। কলকাতাবাসী এবং পশ্চিমবঙ্গবাসী হিসাবেও সেই ঘটনা আপনাদের সামনে এসেছে। কলকাতা কর্পোরেশন অ্যাক্ট ১৯৮০ এর মধ্যে বিপজ্জনক বাড়ি আইডেন্টিফাই করার ব্যাপারে নির্দিষ্টভাবে যে ধারাগুলো আছে ৪১১ এবং ৪১২। এই বিলে আনা কেন প্রয়োজন হল এটা অনুধাবন করবার জন্য আমি বলতে চাই। যেহেতু আমাদের স্মৃতি খুব বেশিদিন থাকে না। একদিন সন্ধ্যে পৌঁনে ৭টা বাজে, একটি ফোন আসলো শোভনদা এই

বাড়িটার বাসিন্দারা বার বার আমাদের কাছে বলছে, এই বাড়িটাকে এখনই বিপজ্জনক ঘোষণা করতে হবে। আমি সঙ্গে সঙ্গে লোকাল পুলিশকে বললাম, এই বাড়ি থেকে বেরিয়ে আসতে বল কারণ ১ ঘন্টার মধ্যে একটা বাড়ি বিপজ্জনক কীভাবে ঘোষনা করবো। সোয়া ৭ টা কি ৭টা ২০ - কাউন্সিলার দাঁড়িয়ে রয়েছে বাড়ির সামনে, বাড়ির লোকেরা দাঁড়িয়ে রয়েছে। ঝপঝপ করে বাড়িটা একদম মাটির সাথে মিশে গেল। কারণ তার আগের এক-দুদিন ধরে খসছে। তার কয়েকদিন পরে ঠিক একইভাবে আর একটি বাড়ির ইট খসতে শুরু করলো। লোকাল পুলিশের সঙ্গে এবং স্থানীয় কাউন্সিলারের সঙ্গে কথা বলে বুঝলাম বাড়িটা খালি করে বাড়িটার ব্যবস্থা নিতে হবে। আমি বুলডোজারে ভাঙ্গার ব্যবস্থা করার জন্য পাঠালাম। লক্ষ্য করে দেখলাম, বাড়ির সবাই বেরিয়ে এসেছে। উল্টো দিকে সেফ ডিসটেন্সে দাঁড়িয়ে আছে। একটা ইট পড়ছে, দুটো ইট পড়ছে। কয়েকজন হয়তো বাড়ির মধ্যে তার সঞ্চিত অর্থ বা গহনা বা কোন কিছু - ছুটে ঢুকে গেল, এক্ষুনি বেরিয়ে আসবে। তিনি আর বেরোলেন না। তিনি ঢুকলেন, অর্থ সংগ্রহ করেছেন বাড়ির সামনের দিক দিয়ে টোটাল বাড়িটা কোলাপস্ করে গেল কয়েক মিনিটের মধ্যে। এই সমস্ত ঘটনাগুলো প্রায় শুনি। কর্পোরেশানের মেয়র হিসাবে বলুন, রাজ্যের ফায়ার অ্যান্ড এমার্জেন্সী সার্ভিসের মন্ত্রী হিসাবে বলুন আমরা খবর পাই যে এখান থেকে বারান্দা ধসে পড়ে কেউ আহত, কারোর বা প্রাণহানী ঘটছে।

মুখ্যমন্ত্রীর নজরে আসার পরেই তিনি নির্দিষ্টভাবে এই সম্বন্ধে শহরের মানুষ দাঁড়িয়ে থেকে আশঙ্কার মধ্যে দিয়ে কেন এই ঘটনাগুলো ঘটছে। আমি জানি, রাজনীতি রেষারেষি হতে পারে ভেবেই নির্দিষ্ট একটি পরিকল্পনার মধ্যে দিয়েই আমরা শহরের বিভিন্নস্তরে এই সম্বন্ধে মতামত ব্যক্ত করে তাদেরকে সামনে নিয়ে এসে একটা - নন-গর্ভমেন্ট অর্গানাইজেশান আছে, বিভিন্ন ধরনের সামাজিক সংগঠন আছে তাদেরকে নিয়ে এসে এবং যারা সরকারের প্রতিনিধি হিসাবে কাজ করেন মাননীয় মন্ত্রী চেয়ার করলেন, দমকল দপ্তর, কলকাতা পুরসভা, কলকাতা পুলিশ, মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের সেক্রেটারি থেকে শুরু করে বিভিন্ন সংবাদ মাধ্যমের দায়িত্বশীল প্রতিনিধি এবং যাঁরা সমাজের বিভিন্ন ক্ষেত্রে তাদের মতামত দিয়ে থাকেন তাঁদেরকে নিয়ে দীর্ঘ আলোচনা হল। একটি, একটি ব্যাপার নিয়ে।

তারপরে হাইকোর্টের প্রাক্তন বিচারপতি, বর্তমানে ল'কমিশনের চেয়ারম্যান এবং হাইকোর্টের যে সমস্ত উকিল বা ব্যারিস্টার আছেন, যারা এই সম্বন্ধে মতামত দিয়ে বিভিন্ন সময়ে তাঁদের মতামত হাইকোর্টের কাছে বা কোর্টের কাছে পেশ করেন, তাদের কাছে সমস্ত বিষয়টা অনুধাবন করে একটি খসড়া তৈরি করা এবং তাদের মতামত চাইলাম এবং সেই মতামতের জিস্টেই আজকের এই অ্যামেন্ডমেন্টটা আসতে চলেছে। অনেককে নিয়ে আমরা বিস্তর আলোচনা করেছি। সময়টা একটু লেগেছে কারণ বুঝতে হবে যে কথা বলছিলেন, একটি বাড়ী - প্রথম কথা আমরা যখন বিভিন্নভাবে টেকনিকাল লোকেরা দেখি, আইডেন্টিফাই করে দিই এটা, বিপজ্জনক বা ডেঞ্জারাস বিল্ডিং আইডেনটিফাই করি। বাড়ীটা ভেঙ্গে গেলে যখন সংবাদমাধ্যমের প্রতিনিধিরা বলে, তখন যে কাউন্সিলারই থাকুক, বিধায়ক থাকুক বা পুরসভার প্রতিনিধিরা বলেন এই বাড়ীটাকে তো আমরা ডেঞ্জারাস বলে ঘোষণা করে দিয়েছি, বলে আমরা আমাদের দায়িত্ব থেকে সরে আসি। এবার সেই জায়গায় এগিয়ে গিয়ে - কারণ এই বিপজ্জনক বাড়ীর বয়স হয়তো মিনিমাম ৫০ বছর বা ৬০, ৭০, ১০০ বছর বয়স। সেই সময়ে যারা এখানে অকুপায়ার, সে টেনান্ট হোক, কমার্শিয়াল হোক, রেসিডেন্সিয়াল হোক, সেই সময়ের ভাড়ার পরিপ্রেক্ষিতে পৌরসভায় একটা ট্যাক্স নির্ধারণ করা হয়। আর সেই বাড়ীটা একশো বছর পুরনো হয়ে যাওয়ার পরে সেই বাড়ীটা সারাতে যে খরচা, আর যে পরিমাণ ভাড়া সেখান থেকে বাড়ীর মালিক পায়,

দুটোর মধ্যে হেল অ্যান্ড হেভেন ডিফারেন্স। ফলে মালিকও ইন্টারেস্ট হয় না। ভাড়াটেদের অধিকার না থাকলে ভাড়াটেরাও এগিয়ে আসতে পারে না। বাড়ীর ট্যাক্স যা, বাড়ীর থেকে তত টাকা ভাড়াও ওঠে না। এই পুরো জিনিসটাকে পর্যালোচনা করে আপনাদের স্মরণ করিয়ে দিই যে মাননীয় অর্থমন্ত্রী, মাননীয় শিক্ষামন্ত্রী, পূর্ণেন্দুবাবু, মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম থেকে শুরু করে মাননীয়া মুখ্যমন্ত্রী একটি গ্রুপ অফ মিনিস্টারদের একটা মতামত চেয়েছিলেন। বামফ্রন্টের সময় যখন পৌর বোর্ড বা এখানে আইন হয়েছে, সে বাড়ীতে যত ভাড়াটে থাকবে, সেই বাড়ী ভেঙ্গে যদি, সেটা বিপজ্জনক হোক বা বিপজ্জনক না হোক, যে কজন ভাড়াটে থাকবে, সেই ভাড়াটেরা যদি বাড়ীটা ভেঙ্গে পড়তে যায় তাহলে সেই ভাড়াটেদের রিহ্যাবিলিটেশান দিতে হবে। সে ডেভেলপারই হোক বা যে ব্যক্তি হোক, যতটুকু ভাড়াটেরা আছে তার ফিফটি পারসেন্ট তারা এক্সট্রা অ্যাফেয়ার পাবে। গ্রুপ অফ মিনিস্টার নির্দিষ্টভাবে সিদ্ধান্ত নিয়ে জানালেন আমরা পৌরসভার পক্ষ থেকে এলাম। ১৪২ এর মধ্যে যে না, যে কজন ভাড়াটে, এটাতে ধন্যবাদ জানাতে হয় যে সেই কথা মাথায় রেখে অলরেডি এই সদন পাশ করিয়ে দিয়েছে যে আপনারা ধরুন সবাই একটা বাড়ীতে ভাড়া আছেন। আপনারা সবাই যেখানে আছেন বাড়ীটা ভাঙ্গবার আগে বা সেই সময়ে আপনি কোথায় অবস্থান করছেন, পুরসভার কাছে আপনি ওয়ান ফর্টি টুতে ওয়ান ইজটু ওয়ান অর্থাৎ যদি একশো জন ভাড়াটে থাকে, পঞ্চাশ জন ভাড়াটে থাকে তারা যদি কুড়ি হাজার স্কোয়ার ফিটে থাকে, তাহলে কুড়ি হাজার স্কোয়ার ফিট এক্সট্রা ডেভেলপার পাবে। এটাকে কন্সট্রাকশান করা, সেল করা ফরমিডেবেল বিজনেসের জন্য। এটা অলরেডি এই সদন থেকে পাশ হয়ে গেছে। সেই মতো বহু আবেদন পৌরসভার কাছে আসছে। এটাকে সামনে রেখেই এইবার শহরের যে ছোট ছোট পথে - এই শহরটা তিনশো বছরের। আমরা আজকে এখানে নিয়ে এসে বললাম যে প্রথমে ৪১২ এর নোটিশের পর যে বাড়ী বিপজ্জনক ঘোষণা হয়ে যাবে, সেইখানে গিয়ে আমরা থেমে থাকতাম। পুলিশ দিয়ে বের করে দেবার, প্রশাসন দিয়ে বের করে দেবার আইনটাও এর মধ্যে ইনসার্টেড থাকলেও তার পরের পদক্ষেপ সম্বন্ধে আইন সাইলেন্ট ছিল, নীরব ছিল। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা বললাম যে এটাকে আনতে গেলে নির্দিষ্টভাবে একটা বহু ধরনের অবজারভেশান দরকার হয়। তাই আমরা এই অবজারভেশানের মধ্যে একটা নির্দিষ্টভাবেই কিন্তু বলবার চেষ্টা করেছি। তাই একটা পোর্শান আমরা অ্যাক্টের মধ্যে রাখছি কারণ অ্যাক্টের যখন বাইন্ডিংস হয়ে যায় সেটাকে আর কোন অর্ডার দিয়ে চট করে চেঞ্জ করা যায় না।

[11:30 – 11:40 a.m.]

পরবর্তী ক্ষেত্রে কাজ করতে গিয়ে যদি কোনো সুবিধে, অসুবিধে দেখা যায় তার জন্য কিছু স্কিম, অথবা রুলস এটসেটেরা যদি আমরা নিয়ে আসি এই দুটোকে পরস্পরের পরিপূরক হিসাবে, তাহলে সামগ্রীকভাবে করা যাবে। যে বাড়ি বিপজ্জনক, প্রথম পদক্ষেপ বাড়ির লোকজনকে বাইরে নিয়ে আসতে হবে। দ্বিতীয় পদক্ষেপ ওনারকে বলা হবে যে এই ভাড়াটেরা আপনার এখানে থাকবে, কনস্ট্রাকশনের জন্য একটা নেগোশিয়েশান করে নিন। ভাড়াটেরা যেভাবে ব্যবহার করছিল সেই অধিকার তাদের দিয়ে দিন। আর যতজন ভাড়াটে যতটা অকুপাই করছে সমপরিমান কনস্ট্রাকশন করে আপনি নিজে থাকতে পারেন, আপনি সেল করতে পারেন, আপনার ইচ্ছে মত করবেন। পৌরসভা বা সরকারের আইনের মধ্যে দিয়ে সম্পূর্ণভাবে আপনাকে সাহায্য করা হবে। কিন্তু দেখা যায় ১০০ বছরের মধ্যে আজ ফ্যামিলি, যখন ছোটো হয়ে আসছে, শরিকের সংখ্যা অনেক বেড়ে যায়। তাই শরিকের সংখ্যা বাড়বার পরিপ্রেক্ষিতে এই মালিককে আইডেন্টিফাই করা, সব মালিকের মতামত যোগাড় করা, সেদিনকার রাজেন্দ্রপ্রথা উঠে গিয়েছে। ন্যাচারেলি সেই জমিদারের মতো তার আর আর্থিক সামর্থ নেই। বিভিন্ন পার্সপেকটিভে মালিক

এগিয়ে আসার ইচ্ছে থাকলেও পারবে না। বিভিন্ন শরিকি ঝামেলা সম্পর্কের খাতিরে পারবে না। তাই তখন যদি দেখা যায় মালিক পারলেন না, আমরা লোককে বার করে দিলাম। এইটা নিয়ে কী হবে? আবার দখলদারি, আবার গন্ডগোল শুরু হবে। সেই পরিপ্রেক্ষিতে একটা গভর্নমেন্ট এজেন্সি প্রথম প্রায়োরিটিতে কলকাতা শহরের মধ্যে যখন করছি, কলকাতা পৌরসভায় একটা নির্দিষ্ট দপ্তর তৈরি করে রি-কনস্ট্রাকশনের ব্যবস্থা করতে হবে। এই রি-কনস্ট্রাকশানের কর্পোরেশন কোনো কাজ করলে একদম পরিষ্কার লেখা আছে এ ট্রান্সপারেন্ট ম্যানার যে, কোনো ডেভলপার যদি এগিয়ে আসে, সেই এগিয়ে আসার সঙ্গে সেই শরিক, অর্থাৎ মালিকানা শরিক, ভাড়াটে বা অকুপায়ার সমস্তটা জাজ করে একটা স্কিম তৈরি করে ডেভলপার আসুক যে কনট্রাকচুয়্যাল প্রসেসে আসুক, তাকেও নির্দিষ্টভাবে সুযোগ দেওয়ার কথা এই আইনে বলা আছে যে একটা ফরমেটেবেল ট্রান্সপারেন্ট ম্যানারে এই শহরে যেন মানুষ সুষ্ঠুভাবে বাস করুক। তাদের প্রাণহানী না হয়। কেউ আহত না হন। কেউ ক্ষতিগ্রস্ত না হন। তার পরিপ্রেক্ষিতেই কিন্তু এই পুরো বিষয়টাকে নিয়ে আসা হয়েছে কারণ জানবেন যারা বাস করছে তারাও কিন্তু শান্তিতে নেই কারণ আপনার বিছানায় আপনি শুতে গিয়ে দেখলেন বালিসের নিচে একটা কেউটে সাপ রয়েছে, ঘুমোচ্ছে। সে আপনাকে কামড়াতেও পারে, না কামড়াতেও পারে। কিন্তু ওটা দেখবার পর আপনি কেউটে সাপটাকে তুলে না দিয়ে আপনি কি ঘুমোতে পারবেন? বাড়ির ছাদটাও ভেঙ্গে পড়তে পারে বার বার। বাড়ির বারান্দায় দাঁড়িয়ে রাস্তার কিছু দেখতে গিয়ে পড়ে যেতে পারেন। সেই থেকে রক্ষা করবার জন্য নির্দিষ্ট একটি দৃষ্টিভঙ্গি দিয়ে, মাননীয় স্পিকার স্যার এই নির্দিষ্ট দৃষ্টিভঙ্গি দিয়েই আজকে এই বিলটি পৌর দপ্তরের পক্ষ থেকে আনা হয়েছে। আমি এই সদনের কাছে বলব বৃহত্তর দৃষ্টির ক্ষেত্রে আজকে এটা উদাহরণস্বরূপ। সর্বসম্মতভাবে নির্দিষ্টভাবে ভবিষ্যতেও রুলস করতে গেলে নিশ্চয় পৌরসভায় বা রাজ্যসরকার আলোচনা করবেন। একটা পার্ট অ্যাক্ট, একটা পার্ট স্কিম, রুলস অ্যান্ড রেগুলেশান করে মানুষের কাছে গ্রহণযোগ্য জিনিসটা আমরা পৌঁছে দিতে আপনাদের সাহায্য সহযোগিতা এবং সমর্থন প্রার্থনা করি। এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, পরিবর্তন জীবনের ধর্ম এবং পরিবর্তনই অগ্রগতির সূচক। ৪১২ নং সেকসান ১৯৮০ সালে বামফ্রন্টের আমলেই আইন হয়েছিল। মাননীয় মন্ত্রী ৪১২ এ সংযোগ করার প্রস্তাব করেছেন। আমি অবশ্যই এই তত্ত্বের সঙ্গে একমত যে ১৯৮০ আর ২০১৭ এক জায়গায় দাঁড়িয়ে নেই। ১৯৮০ তে যা যতখানি অ্যাপলিকেবল ছিল, ২০১৭ তে তা ঠিক একইভাবে অ্যাপলিকেবল থাকা উচিত সংশোধন, পরিমার্জনহীন হয়ে এমনটা মনে করার মতো অন্ধ আমি নই। কিন্তু সমস্যা হল স্যার, যে বিলটা পেয়েছি গতকাল এবং বিলটার সঙ্গে খুবই জরুরি যেটা ছিল, যেটা আজকে পেলাম ' "Provisions of the Kolkata Municipal Corporation Act, 1980 which are pertinent while considering the proposed amendment Bill".

এটা আজকে একটু আগে পেলাম, স্বভাবতঃই এটা পড়বার সুযোগ পাইনি। ফলে অনেকটা গভীরে, অনেকটা ভেতরে যে যেতে পেরেছি এমন দাবী করা আমার পক্ষে সম্ভব নয়। একটু আগে মাননীয় মন্ত্রী বলেছেন, আমিও বলব, গত বছর নভেম্বর মাসে কর্পোরেশান এই ব্যাপারে একটা সদর্থক উদ্যোগ নিয়েছিল বলে আমি মনে করি। এবং সেই সদর্থক উদ্যোগকে কার্যকর করার জন্য মাননীয় মন্ত্রী যেমন বললেন, তেমনি বিভিন্ন স্তরের মানুষকে ডেকে সভা করেছিলেন। আমি জানি সেই সভায় রামকৃষ্ণ মিশনের প্রতিনিধি ছিলেন, বিভিন্ন স্বেচ্ছাসেবি সংগঠনের প্রতিনিধি এসেছিলেন, বিভিন্ন মিডিয়া, সংবাদ মাধ্যম তাদের প্রতিনিধি পাঠিয়েছিল, সমাজের বহু বিশিষ্ট

ব্যক্তিবর্গ সেই সভায় যোগ দিয়েছিলেন এবং তাঁরা তাঁদের অভিমত এই প্রসঙ্গে দিয়েছিলেন। কিন্তু দুর্ভাগ্যের, বিষয় এটা যে, যে অভিমতগুলো তাঁরা দিয়েছিলেন এবং সেই অভিমতগুলোর মধ্যে কোনটা গৃহীত হ'ল বা গৃহীত হ'ল না সেটা দেখার জন্য আর দ্বিতীয় কোনো মিটিঙ হয়নি, তার আগেই এখানে বিল হিসাবে চলে এল। যাদের অভিমত চাওয়া হ'ল, যে অভিমতগুলো তাঁরা দিয়েছিলেন, সেই অভিমতের কোনটা গৃহীত হ'ল বা গৃহীত হ'ল না, যেটা গৃহীত হ'ল না, কেন সেটা গৃহীত হ'ল না সেটা তাঁদের কাছে স্পষ্ট নয়। ফলতঃ এই আলোচনায় তাঁদের আর একবার ডেকে নিয়ে পৌরসভা বা মাননীয় মন্ত্রী এই কাজটা যদি করতেন, আমার ধারণা যাঁদের মতামত নিয়েছিলেন, তাঁদের মতামত সম্পর্কে তাঁরা নিজেরা আমাদের আরও বেশি সমৃদ্ধ করতে পারতেন।

দ্বিতীয় কথা যেটা স্যার, খুব স্বাভাবিক যে, যেসব ডিলাপিডেটেড বিল্ডিং আছে। কলকাতায় - সকলেই বলেছেন, আমিও বলছি, আমি উত্তর কলকাতার সংলগ্ন মানুষ, সবচেয়ে বেশি আছে উত্তর কলকাতায় কোনো সন্দেহ নেই। বাড়ি ভেঙ্গে পড়া, গোলমাল হওয়া, ১০০ বছর আগের ভাড়া দিয়ে ভাড়াটে থাকা, ৫০ বছর আগের ভাড়া দিয়ে ভাড়াটে থাকা, নতুন ভাড়া আইনে ভাড়া না দেওয়া, কেস, লিটিগেসন, various types of problems are there, যেটা মাননীয় মেয়র জানেন, মাননীয় মন্ত্রীও জানেন। এবং এরকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে - বিপজ্জনক বাড়ি ভেঙ্গে গেছে পাথুরিয়াঘাটাতে, বাড়ি ভেঙ্গে মানুষ মারা গেছে আমি জানি, অন্যত্রও এরকম ঘটনা ঘটেছে, মাননীয় মন্ত্রীও বললেন। আমরা এটা জানি। কিন্তু আমরা যখন দেখব তখন আমাদের দেখতে হবে প্রধানতঃ গরীব মানুষের স্বার্থ। সিংহভাগ ভাড়াটিয়া হচ্ছে গরীব মানুষ, তাদের স্বার্থ আমাদের রক্ষা করতে হবে। এই বিলের ১ এবং ২ তে যেখানে বলা হয়েছে, সেখানে কিন্তু ওনার, অক্যুপায়ার দুটোই বলা হয়েছে। ৩ এ এসে দেখছি ওনার অর ওনার্স। তারপর আবার 'as the case may be, and paste it on the outdoor of the building providing an option to the owner or owners' আমার প্রথম আবেদন স্যার, এই ওনার অর ওনার্স এর পাশে অক্যুপায়ার অর অকপায়ার্স, এই শব্দটা যোগ করা উচিত। নাহলে এমন প্রচুর বাড়ি কলকাতা শহরে আছে যেগুলোর কোনো ওনার নেই, শুধু অকুপায়ার বা অকুপায়ার্সরাই আছেন, তাঁদের স্বার্থ বিঘ্নিত হওয়ার একটা, সম্ভাবনা থেকে যাবে। স্যার, ৩ এই তারপর বলা হয়েছে 'additional floors as may be required for recovery of the expenses for construction after relaxation of the applicable building rules কেন স্যার, হঠাৎ 'applicable building rules' কে relaxation করতে চাইছি কেন আমরা ? কার স্বার্থে চাচ্ছি ? প্রয়োজন কি আমাদের ? প্রমোটারদের হাতে বাড়িগুলো যাবে বলে, প্রমোটারদের স্বার্থ রক্ষা করতে হবে বলে ? আমরা এই সদনে ক্লিনিকাল এস্টাবলিশমেন্ট বিল পাশ করেছি। মাননীয়া মুখ্যমন্ত্রী দীর্ঘ বক্তৃতা করেছেন, ডাক্তারিকে পুরো ব্যবসা করা যাবে না এবং পুরো ব্যবসা করা যাবে না বলে তাদের উপর নিয়ন্ত্রণ। মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী বলেছেন প্রাইভেট স্কুলগুলোর উপর নিয়ন্ত্রণ। সবগুলোই জরুরি, সবগুলোই প্রয়োজন। কলকাতায় অজস্র মানুষ ভাড়াটে হিসাবে আছেন। যে সম্পত্তির উপর তাঁরা আছেন, সেই নিয়ে ব্যবসা করার অধিকার প্রমোটারদের হাতে ছেড়ে দেওয়ার জন্য আমরা হঠাৎ উদগ্রীব হব কেন ? আমার কাছে ঠিক বোধগম্য হয়নি স্যার। পরিবর্তন প্রয়োজন, এটা মেনে নিয়েও এই আশংকাটার জবাব মাননীয় মন্ত্রীর কাছ থেকে আমি প্রত্যাশা করব।

[11:40 – 11:50 a.m.]

স্যার, ৩ এর একদম শেষে বলা হয়েছে Additional floors and floor areas so as to provide for the recovery of the expenses to be incurred; স্যার কি করে ঠিক হবে

এক্সপেনসেস ? আমরা সবাই এটা জানি স্যার যে আমি বা আপনি যদি একটা সিমেন্টের বাড়ি বানাই তাহলে স্কোয়্যারফিট পিছু এক্সপেনসেস একরকম, যদি মোজাইক বানাই স্কোয়্যারফিট পিছু এক্সপেনসেস একরকম, যদি মার্বেলের বানাই তাহলে সেখানে আর একরকম। ইদানীং স্টিল এসেছে উন্নতমানের তার একরকম, ইদানিং উন্নতমানের কাচ এসেছে তার আর একরকম। তাহলে এই যে Expenses to be incurred . কোনো উপযুক্ত ব্যাখ্যা কারোর পক্ষে দেওয়া সম্ভব নয়। মাঝখান থেকে এটাকে ব্যবহার করে প্রোমোটাররা তাদের এক্সপেনসেসকে কমিয়ে - বাড়িয়ে যেভাবে খুশি দেখিয়ে সরকার এবং পৌরসভাকে বিভ্রান্ত করবার একটা সুযোগ পেয়ে যাবে। এখানে বলা আছে স্যার যে নোটিশ দেওয়া হবে। নোটিশ না দিলে তারপর কর্পোরেশান ডেভেলপমেন্ট ওয়ার্ক – আমার বন্ধু অপূর্ব বাবু বলছেন যে ডেভেলপমেন্ট - বিল্ডিংয়ের অর্থ বোঝা যাচ্ছে না - Corporation may cause development work in respect of the dilapidated building in such transparent manner , and on such conditionsm as may be prescribed by Scheme, by the Corporation. স্যার এই যে এইটা, এইটার মানে দাঁড়ায় এইটা যে আলটিমেটলি আমরা কর্পোরেশানের টাকায়, সরকারি টাকায় এই বাড়িগুলো বানিয়ে দেওয়ার প্রয়োজনে উদ্যোগ নেব? এখন স্যার আমি এটা কিছুতেই বুঝতে পারছি না যে বাড়িটা তো কোনো না কোনো ব্যক্তি মালিকের - তাই সরকারি টাকায় বাড়িটা বানিয়ে দেব - তাতে বাড়িটার মালিকানা কি সরকার পাবে ? যদি কর্পোরেশান অধিগ্রহণ করে, অধিগ্রহণ করার পরে যখন ফারদার তাদের দেওয়ার প্রশ্ন আসবে, তখন স্যার আমি যতটুকু আইন জানি, ভুলও জানতে পারি, ভুল জানলে ঠিক করে দেবেন। তাহলে একবার গর্ভনমেন্ট অধিগ্রহণ করে নেওয়া মানে যখন সে আবার ফেরৎ দিতে যাবে তখন নিলাম করতে হবে, তখন যে হাইয়েস্ট দাম দেবে সে পাবে। তাহলে স্যার ভাড়াটিয়া হাইয়েস্ট দাম দিতে পারবে না, আমি গিয়ে ভাড়াটের থেকে বেশি দাম দেব। তাহলে স্যার আমাকে দিয়ে দিতে হবে। তাহলে স্যার সেই ভাড়াটিয়ার স্বার্থ কিন্তু আলটিমেটলি গিয়ে ক্ষুন্ন হচ্ছে এবং এর ফল হিসাবে যেটা দাঁড়াচ্ছে, সেটা হচ্ছে সবটা মিলিয়ে একটা প্রোমোটাররাজের বাড়বাড়ন্তের একটা সম্ভাবনা - একটা সুযোগ তৈরি হয়ে যাচ্ছে কি না মূল বিলটাকে এ্যাক্টে পরিণত করবার আগে মাননীয় মন্ত্রীকে আমি সেই বিষয়টায় আরও সতর্কতার সঙ্গে দৃষ্টি আরোপ করবার জন্য বলব। আমি আবারও এই কথা বলছি, আমরা সবাই জানি স্যার যে, বিশ্বকর্মা নিজে লখীন্দরের বাসরঘর বানিয়েছিলেন। কিন্তু লখীন্দরের বাসর ঘর বানানোর সময় বিশ্বকর্মা একটা ছিদ্রও রেখে দিয়েছিলেন এবং সেই ছিদ্রটা দিয়েই কালকেউটে ঢুকেছিল এবং সেখান দিয়ে ঢুকে তার দংশনের ফলে বেহুলার স্বামী নিহত হয়েছিল।

(গোলমাল)

এটাই হচ্ছে স্যার আমার কথা। ফলে এই গোটা বিলটার ভিতরে – যে বিলটা আইন হতে যাচ্ছে - আমি আবার বলছি পরিবর্তন প্রয়োজন। কিন্তু এই পরিবর্তনের ফাঁক দিয়ে কোনো ছিদ্র দিয়ে যেন কোনো প্রোমোটাররাজ কোলকাতা শহরের উপরে তার মাসল শক্তিকে ব্যবহার করে সরকারের উপর, কর্পোরেশানের উপর আধিপত্য বিস্তারের জায়গায় না যেতে পারে সেটাও দেখা প্রয়োজন। নিশ্চয়ই সরকার সেটা দেখার জন্য আরও বেশি দায়িত্ববান হবেন এইটুকু আবেদন জানিয়ে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, নিশ্চিতভাবে এই সদনে যে কোন বলি আসলে, আমরা মন্ত্রী হিসাবে চাইব, যে সকলে তাদের মতামত বিলের উপরে দিক এবং এটাও ঠিক যে বিধানসভায় যদি তাপ উত্তাপ না থাকে, বিধানসভার ঘুম পেয়ে যায়। সুতরাং, আমি বলব, আপনি একটু

টিপ্পনী কাটবেন এটার মধ্যেই আনন্দ কারণ , বিধানসভায় এখানে বসার আগে আমি ওখানেই বসেছিলাম। এটা আছে এবং এটি স্পোর্টিংলি মানা যায়। এখন স্যার, বিলটা নিয়ে এটা ঠিক যে আমি ধন্যবাদ জানাই সবাইকে, সব মেম্বার উপলব্ধি করেছেন যাঁরা বক্তব্য রাখলেন যে এই বিলটার প্রয়োজনীয়তা কত। নিশ্চিতভাবে , স্যার, কলকাতা একটা পুরনো শহর। প্রচুর এইরকম বাড়ি আছে যেগুলো ৫০, ৬০ বছর বয়স হয়ে গেছে। ৭০ বছর, ১০০ বছর বয়স হয়ে গেছে, তার বেশি বয়স হয়ে গেছে। এবং সেই বাড়িগুলো অনেক কারণে, কোন জায়গায় অনেক মালিকানা রয়েছে। মালিকদের নিজেদের মধ্যে সদ্ভাব নেই। তাই তারা এক সাথে মিলে করতে পারছে না। আমি যেখানে থাকি স্যার, চেতলা, সেখানে আমি দেখেছি, অনেক প্রপারটি এরকম যে সব আত্মীয়র মধ্যে একতা নেই বলেই সে বাড়িটা ডেভলপড হচ্ছে না। আবার এও আছে স্যার, আর্থিক কারণে অনেক পুরনো ফ্যামিলি যারা আর আর্থিকভাবে সচ্ছল নয়, তাই ভাড়াটেকে ভাড়া দিয়ে হয়তো সেই ভাড়াটেও ৫০ বছর, ১০০ বছর আগেকার ভাড়া, সেই ভাড়া দিয়ে কোনরকম তাদের নিজেদের সংসার চলছে। কিন্তু এখন এমন একটা অবস্থা চলছে যে সেই বাড়িটাই ভেঙ্গে ভেঙ্গে পড়ছে। মালিক খেতে পায় না, এরকমও আছে। সেকেন্ডলি, এই তো এখুনি আমাকে একটা দিলেন রাজা সুবোধ মল্লিকের বাড়ি। সেই বাড়িটা রয়েছেই দাঁড়িয়ে বটগাছের উপরে। বটগাছটা যদি কেটে ফেলা হয় বা মরে যায় তাহলে বাড়িটা ভেঙ্গে পড়ে যাবে। রাজা সুবোধ মল্লিকের বাড়ি, এই তো এক্ষুণি মনোজ বাবু আমাকে দিয়ে গেলেন। এইরকম আছে স্যার, ভূকৈলাস রাজবাড়ীর ওইদিকটা আমি দেখেছি, বটগাছ দিয়ে বাড়িটা আটকে রয়েছে। বটগাছটা যদি মরে যায় বাড়িটা ভেঙ্গে পড়ে যাবে। এই সময়ে আমরা যারা জনপ্রতিনিধি তারা কি হাত গুটিয়ে বসে দেখব যে বাড়িগুলো ভেঙ্গে ভেঙ্গে পড়ছে এবং তাতে মানুষ মারা যাচ্ছে? এটা ঠিক যে কলকাতা শহরে রেসিডেন্সের একটা বড় অভাব রয়েছে। মানুষ মাথা গোঁজার জায়গা পায় না। তাই ডেনজারাস বিল্ডিং হলেও অনেক ফ্যামিলি আছে যে ডেনজারাস বিল্ডিং জেনেও তার ভেতরে তারা থাকতে বাধ্য হয়। উপায় নেই। তার ভেতরে থাকতে হচ্ছে। অনেক জায়গায় আমরা দেখেছি স্যার, অনেক চেষ্টা আমরা পাড়াতে থেকেও করেছি। বাড়ির বারান্দা ভেঙ্গে পড়ে পথচলতি মানুষের মাথায় পড়ল, মানুষটি মারা গেল। সেই মালিককে আমরা পাড়ার ছেলে হিসাবে বললাম যে, আপনার বারান্দাটা সারান। তার অবস্থা এমন যে সে ইচ্ছে করলেও তার আর্থিক অবস্থার জন্য সে বারান্দাটা সারাতে পারছে না বা প্লাস্টার করবে, জল ঢুকছে, জল ঢুকে সেই লোহাগুলোকে আরও ফুলিয়ে দিচ্ছে, করে বাড়িটা ভেঙ্গে যাচ্ছে কিন্তু সেই বাড়িটা রক্ষণাবেক্ষণ করার ক্ষমতা সেই মালিকের নেই। আবার এরকমও আছে, যে ভাড়াটে রয়েছে বলে ইচ্ছে করে মালিক সারাচ্ছে না যাতে বাড়িটা ধসে পড়ে যায়, ডেনজারাস হয়, পুরনো ভাড়াটেরা বাড়ি ছেড়ে চলে যায়। তাহলে সেই প্রপারটিটা সে আনএনক্রোচড পাবে। এইরকমও আছে স্যার। আবার এ রকমও আছে যে অনেক জায়গায় মালিকানাই নেই। পুরো প্রপারটিটার মধ্যেই ভাড়াটে বসে আছে। কে মালিক ছিল, তার সূত্র ধরে কার মালিকানা সেটা কারোর জানা নেই।

[11:50 – 12:00 noon]

তাই ভাড়াটেরা সেখানে বসে আছে। আমি এই ব্যাপারে শোভন চট্টোপাধ্যায়কে বলেছিলাম যে, যেখানে মালিকানাই খুঁজে পাওয়া যায় নি বা মালিক দেখে নি, কোথায় আছে কেউ জানে না, এক্ষেত্রে অকুপায়ার ট্যাকস করে দাও। এই রকম অনেক সমস্যা, আপনারা কলকাতার বাস্তব অবস্থা যদি দেখেন, তাহলে দেখবেন এটা রয়েছে। কিন্তু আবার এই বিলটার ক্ষেত্রে এটাও রয়েছে অনেক হেরিটেজ প্রপার্টি ওই অবস্থায় রয়েছে। তাহলে আমরা কি এই হেরিটেজ প্রপার্টি তাদেরও কি ভাঙার অর্ডার দেব? আমরা এই বিলের মাধ্যমে কলকাতা কর্পোরেশানকে বলব একটা রুলস্

তৈরি করতে। সেই রুলসের মধ্যে আমরা অনুরোধ করব যেমন, হেরিটেজ কনজারভেশন রয়েছে, যারাই সেইরকম বিপদ বাড়ী হবে, সেই বাড়ীটাকে নিশ্চিতভাবে রি-বিল্ট করতে হবে। কিন্তু সেটা কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের যে কমিশনার তার দায়িত্বে থাকবে সে হেরিটেজ কনজারভেশন করেই সেই বাড়ীটাকে প্রোটেকট করতে হবে। আবার যেক্ষেত্রে কলকাতা কর্পোরেশানকে এই পাওয়ারটা দেওয়া আছে, ৪১২ তেই দেওয়া আছে যে, ইচ্ছা করলে সে ভেঙ্গে ফেলতে পারে। কিন্তু এর আগে এই সদনেই একটা বিল আনা হয়েছে যে, প্রোটেকশান অফ দ্য অকুপায়ারস, প্রোটেকশান অফ দ্য ভাড়াটিয়া, যেটা আপনি বলছিলেন, সেটাকে আমাদের সরকার কিন্তু আমরা গরীব মানুষের সরকার এবং আমাদের এটা কমিটমেন্ট যে আমরা গরীব মানুষ যারা ভাড়াটিয়া রয়েছে তাদের প্রোটেকশান দেব এবং সেটার জন্য সেই আইনটা রয়েছে যেখানে বলা আছে যে, অ্যাডিশনাল এফ এ আর পাবে, যদি তুমি পুরানো ভাড়াটেগুলিকে রিহ্যাবিলিটেট কর। যদি পুরানো ভাড়াটেগুলিকে রিহ্যাবিলিটেট না কর তাহলে অ্যাডিশনাল এফ এ আর পাবে না। এতে অনেক মানুষ সাড়া দিয়েছেন। কোলকাতা কর্পোরেশানের তথ্যতেই আমি দেখেছি ৩০০০ এইরকম ডিল্যাপিডেটেড বিল্ডিং রয়েছে। তার মধ্যে অনেক মানুষ সাড়া দিয়েছেন। তাঁরা ভাড়াটেদের রেখে দিয়ে বাড়ীটা করেছেন। আবার অনেকে ইগো নিয়ে কিছুতেই এটা করব না। সেই ভাড়াটের ঠাকুরদাদা ছিলেন, কেন তিনি আমাকে গালাগালি দিয়েছেন, তাই আমি কিছুতেই করব না। এটা ইগোতে নিয়ে নিয়েছেন। এবং তাতে মানুষ মারা যাবে, কিন্তু অনেক মানুষের সেই ইগোটাকে স্যাটিশফাই করা যাচ্ছে না। সেক্ষেত্রে কলকাতা কর্পোরেশান নোটিশ দেবে যে তোমার এই বাড়ী এতদিনের মধ্যে সারিয়ে নিতে হবে। এটা বাধ্যতামূলক যে তোমাকে তোমার নিজের বাড়ী সারাতে হবে। কারণ আমাদের একটা জিনিস জানতে হবে যে কনস্টিটিউশান দিয়েছে রাইট টু প্রপার্টি। রাইট টু প্রপার্টি ইজ এ কনস্টিটিউশানাল রাইট। সুতরাং আমার কোন আইনই এই যে রাইট টু প্রপার্টির প্রশ্ন তুলেছিলেন যে তাহলে কি কলকাতা কর্পোরেশান জমিটা নিয়ে নেবে? তাহলে কলকাতা কর্পোরেশান সেই জমির মালিক হয়ে যাবে? সেটা করা যায় না। সেটার শিক্ষা পেয়েছে কোথা থেকে? রাইট টু প্রপার্টির শিক্ষা এই সদনের সদস্যরা কোথা থেকে পেয়েছেন? সিঙ্গুঁরের রায়ের মধ্য দিয়ে রাইট টু প্রপার্টির আমরা অলরেডি একসপেরিয়েন্স পেয়েছি যে মহামান্য সুপ্রিম কোর্ট বলেছিলেন যে না, কারোর জমি ওই রকমভাবে কেড়ে নেওয়া যায় না। তাই আগের সরকার অনেক কিছু করার পরেও রায় দিয়েছিলেন যে, না রাইট টু প্রপার্টির জন্য সিঙ্গুঁরের জমি যার, তার কাছে ফিরিয়ে দাও এবং দেওয়া হয়েছে। এটা কনস্টিটিউশনাল রাইট। যাঁরা স্বাধীনতা দিয়েছিলেন তাঁদের। দেশের মহাবরেণ্য মানুষ যাঁরা কনস্টিটিউশান গঠন করেছিলেন তাঁরা, আমার আপনার নয়, তাঁরা দেশের জন্য করেছিলেন।

আমি বিলের ব্যাপারে বলছি স্যার, যাই হোক যেটা বলছিলাম যে, এই বিলের মাধ্যমে একটা ফিক্সড টাইম দেওয়া হ'ল মালিককে যে, তোমার জন্য লস্ অফ্ লাইফ করা যাবে না। তোমাকে তোমার প্রপার্টি এই সময়ের মধ্যে সারিয়ে নিতে হবে। সেটা রুলসে ফ্রেম্ করে দু'মাস, তিনমাস কত দেবে, সেটা কলকাতা কর্পোরেশানের উপর নির্ভর করছে এবং তারপরে যদি সেটা না হয়, তাহলে ভাড়াটে যারা রয়েছে তাদের প্রোটেক্ট করে কে কত স্কোয়্যার ফিটে থাকে - এটা অনুরোধ করছি, কেননা আমি রুলস্ ফ্রেম্ করার জন্য মেয়রকে বা কলকাতা কর্পোরেশনকে বলতে পারি না - আমি অনুরোধ করছি। তাদের প্রোটেকশন দেওয়ার জন্য, কে কত স্কোয়্যার ফিটে থাকে সেটা হিসাব করে সেই অনুযায়ী অ্যাডিশনাল এফ.এ.আর. দিয়ে সেই প্রপার্টিটাকে ট্রান্সপারেন্ট মেথডে কলকাতা কর্পোরেশান তৈরি করে বা থার্ড পার্টিকে দিয়ে তৈরি করিয়ে তারপর তার থেকে যে আর্নিংটা হবে, সেটা চলে যাবে মালিকের কাছে।। ডেভেলপমেন্ট অফ প্রপার্টিতে যে আর্নিংটা হবে, সেটা কলকাতা কর্পোরেশান নিয়ে নেবে না, সেটা চলে যাবে যে প্রপার্টির

মালিক তার কাছে। তাদের মধ্যে কি ভাগ আছে, না আছে - সেটা তাদের - অনেকেরই কোর্টেই ম্যাক্সিমাম্ কেস আছে, তারা ঠিক করবে যে, কে আসল ছেলে, কার কত ভাগ - সেটাতো কোর্টের ব্যাপার। কিন্তু এই বিলটার অভিমুখের কথা বলছি যেটা আপনি ভয় পাচ্ছিলেন যে, ভাড়াটেদের প্রোটেকশান কি হ'ল। আমরা কমিটেড়। তার কারণ, এটা মা-মাটি-মানুষের সরকার, মমতা বন্দোপাধ্যায়ের সরকার। আমরা তো গরীবের স্বার্থে লড়েছি। আপনারা ইন্ডাস্ট্রিয়ালাইজেশনের নামে যখন গরীবের স্বার্থ কেড়ে নিচ্ছিলেন, সেই লড়াই থেকেই তো আমরা এসেছি। সুতরাং আমাদের তো এটা কমিটমেন্ট যে, আমরা গরীবের স্বার্থে লড়াই করবো এবং সেই লড়াইয়ে গরীবের ইন্টারেষ্টটাকে সব সময় দেখবো। পুরোনো ভাড়াটে - তারাও গরীব, বাড়ির পুরোনো যে মালিক, তারাও এখন গরীব। আগে হয়তো ঐ মল্লিকবাড়ি ইত্যাদি বড় বড় বাড়ি ছিল, কিন্তু এখন হয়তো তাদের জরাজীর্ণ অবস্থা। সুতরাং দুটোরই স্বার্থ, প্রোটেক্শন এই বিলের মধ্যে। হবে। আর যেটা বললাম, হেরিটেজের ক্ষেত্রে হেরিটেজ কমপেনসেশন করে নিয়ে তারপর সেই বাড়ি তাদের প্রোটেক্ট করতে হবে। এটার সাথে স্যার আমি অ্যাডিশনাল কাগজ দিয়েছিলাম, অনেকে পড়েননি, যদি পড়তেন তাহলে এতগুলো কথা আমাকে বলতে হ'তনা। বামফ্রন্ট আমলে যেটা ৪১২ করা হয়েছিল, তাতে ভ্যাকেট্ করা হয়েছিল। রাইট টু ভ্যাকেট্। ডেনজারাস বিল্ডিং - সবাইকে টেনে বার করে দাও। কিন্তু আমরা যে বিলটা আনছি বা আগে যে বিল এনেছি, তাতে - তন্ময়বাবুর পার্টি শুধু রাইট টু ভ্যাকেট্ করে দিয়েছিল, টেনে বার করে দাও বিল্ডিং থেকে। টেনে তাদের রাস্তায় ফেলে দাও। কিন্তু আমরা তা করিনি। আমাকে সমস্যা এবং তার সমাধান এই দুটো নিয়েই সরকার চালাতে হবে কারণ, সরকারে বসে আমি যদি স্যোসাল জাস্টিস্ দিতে না পারি, তাহলে সব লোক কোর্টে যাবে। আমাকে স্যোসাল জাস্টিস দিতে হবে। কমিটমেন্ট - আমার ফার্স্ট প্রায়োরিটি হচ্ছে আমি স্যোসাল জাষ্টিস দেবো। আর তাই বামফ্রন্ট আমলে কলকাতা কর্পোরেশানে ৪১২ করে বলেছিলেন না যে, টেনে দাও, হিঁচড়ে দাও, বার করে দাও, ভেঙ্গে দাও - সেটা চলবে না। আজকে আমাদের পুরোটাকে সুষ্ঠুভাবে করতে হবে। তাই এই বিলের মধ্যে স্যার আমরা এনেছি যে, আমরা প্রথমে মালিককে চান্স দেবো - আবার রিপিট্ করছি - তারপর ভাড়াটেদের রিহ্যাবিলিটেশন করতে হবে টেম্পোরারি, সেই ভাড়াটেরা কত স্কোয়্যার ফিটে থাকে, তাদের অ্যাডিশনাল এফ.এ.আর. এর জন্য আগেই আইন পাশ হয়ে গেছে। তারপর কলকাতা কর্পোরেশান রুলস্ করে, ট্রান্সপারেন্ট মেথডে থার্ড পার্টিকে দিয়ে ডেভেলপ করতে পারে যেখানে সরকারি টাকা দিয়ে আমি কোনো ব্যাক্তিগত সম্পত্তি করছি না। তারপর তার যে প্রোসিড্স্ অফ দি ডেভেলপমেন্ট হবে, সেটা মালিকের কাছেই যাবে, সেটা কলকাতা কর্পোরেশানের কাছে থাকবে না। এটা কেন করা হচ্ছে? কলকাতার মানুষের যে জীবন, সেই জীবনের সুরক্ষার খাতে। এটা কেন করা হচ্ছে? যাতে পথ চলতি মানুষ বাড়ি যাচ্ছে, মাথায় পড়ে মারা না যায়। যাতে মানুষ ঠিকমত বেঁচে থাকে। তাই এই জীবনের স্বার্থে যে বিলটা আনা হয়েছে, মানুষের স্বার্থে যে বিলটা আনা হয়েছে, আমি আশা করি যে প্রত্যেকে এটা সমর্থন করবেন।

যাঁরা প্রশ্ন করেছিলেন, আমি আশা করবো যে প্রত্যেকটার উত্তর আমি দিয়েছি। হ্যাঁ এটা ঠিক, শুধু কলকাতা এটা না, কিন্তু যেহেতু কলকাতা কর্পোরেশান সব থেকে বড় কর্পোরেশান এবং অনেক ক্ষেত্রে আমার থেকে বেশি বাজেট কলকাতা কর্পোরেশানের। সুতরাং এই এতবড় কর্পোরেশান সেটাকে দিয়ে আগে আমরা করি, তার পরে সেটা অন্যান্য মিউনিসিপ্যাল কর্পোরেশানে করি, একটা আইনও আছে যে পার্টিকুলার কোন মিউনিসিপ্যাল কর্পোরেশান বা মিউনিসিপ্যালিটির আইন না থাকে তাহলে ফলো করবো কলকাতা কর্পোরেশানের সেই আইনটা। কিন্তু এটা আমরা স্পেসিফিকভাবে অন্যান্য মিউনিসিপ্যালিটিতে যা আছে এর পরে আমরা আনবো। এটাকে কলকাতা কর্পোরেশান কিরকমভাবে ইমপ্লিমেন্ট করে সেটা দেখে নিয়ে

পরবর্তীকালে স্যার নিশ্চিতভাবেই আমরা করবো। তাই সবাইকে আমার এই বিলটা সমর্থন করার জন্য আমি অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : The question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Clause - 2

Mr. Speaker : There is no amendment to Clause-2. So, I put Clause 2 do stand part of the Bill. As many as are of that opinion will please say "Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say "Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Shri Firhad Hakim : Sir, I beg to move that the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2017, as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it. The Bill is passed. The Bill is passed.

..... (At this stage, the House was adjourned till 1.00 p.m.).....

[1:00 – 1:10 p.m]

The West Bengal Land Reforms (Amendment) Bill, 2017

Dr. Partha Chatterjee : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Land Reforms (Amendment) Bill, 2017.

(Secretary then read the title of the Bill)

Dr. Partha Chatterjee : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 2017 be taken into consideration.

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে The West Bengal Land Reforms (Amendment) Bill No. 18, 2017 পেশ করা হয়েছে। স্যার, এই বিলে ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনে দুটি ধারা 4B এবং 14Z এটা সংশোধনের কথা বলা হয়েছে। এখানে অবশ্য বিধায়কদের সুবিধার জন্যে দপ্তর থেকে মাননীয় মন্ত্রীমহাশয় যেটা দিয়েছেন ভূমি সংস্কারের extract of West Bengal Land Reforms Act, 1955 এটাকে details করে দিয়েছেন 4B, Maintenance and preservation of land একটা জমি একজন রায়ত তা কীভাবে ব্যবহার করতে পারবে। এখানে অবশ্য বলা আছে, বর্গাদারের চাষ জমি ছাড়া কীভাবে ব্যবহার করতে পারে, plantation বা অন্যান্য কাজকর্ম কি করতে হবে সেটা বলা আছে 4Bতে। আবার এখানে 14Y, ভূমি সংস্কার section 14Y-এ যেগুলো বলা আছে Limitation of future acquisition of land. ২০১৪ সালে একটা সংশোধন এসেছিল সেটা করা হয়েছে এবং এখানে বলার যেটা ভূমি সংস্কার আইনের ধারাতে এটা বলা রয়েছে যে, আমরা কী কীভাবে কাদের ভেতরে আমরা কোন রায়তে কত জমি রাখব এবং কাদের কাদের ছাড়ব। আর 14Z এটা application of Chapter XI B এইটাতে বলা আছে এখানে নির্দিষ্ট করে রয়েছে একটা সংশোধনী এনে যে, required for the purpose of tea garden, mill, factory, workshop, poultry farming, dairy as the case may be এগুলোকে ছাড় দিয়ে বলা হচ্ছে যে, যেগুলোকে ছাড় দেওয়ার কথা বলা হচ্ছে যে, এখানে এগুলো করতে গিয়ে এই যে সিলিং এই সিলিং-এর বহির্ভূত জমি রাখা যাবে। অবশ্য এখানে বলা হয়েছে যে, purpose of tea cultivation, there shall be no devolution of the area of the tea garden অর্থাৎ এখানে চা বাগানের ক্ষেত্রে কোনোরকম এর জমি কম বেশি করা যাবে না। এটা হচ্ছে চা বাগান যা আছে যে পর্যন্ত আছে সে পর্যন্ত রাখতে হবে। এখানে স্যার বিলটায় মূলতঃ বিলের যে Statement of Objects and Reasons বলা হয়েছে, দুটো ধারাকে সংশোধনের কথা বলা হয়েছে। effective implementation of the provisions of the said Act, by way of inserting a new sub-section (2) in section 4B and a proviso after the third proviso to sub-section (1) of Section 142 of the said Act.

এখানে বলা আছে, স্টেট গভর্ণমেন্ট এই দুটো সংশোধন করবার মধ্যে দিয়ে, স্টেট গভর্ণমেন্ট ইন অর্ডার টু সুইচ ওভার টু এনি পারপাস, এনি আদার পারপাস। এই বিলটা যদি আইনে পরিণত করা যায়, রাজ্য সরকার যে কোন উদ্দেশ্যে জমিগুলোকে, ব্যবহার করতে পারবে। স্যার, আমি আপনার কাছে যেটা বলতে চাইছি, বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে, আমরা জানি ১৯৫৩ তে এই এ্যাক্ট হয়েছিল জমিদারি উচ্ছেদ আইন হয়েছিল, এখানে এই জমিদারি উচ্ছেদ আইনের ফলে এবং তার সিলিং বেঁধে দেওয়ার ফলে ঐ জোতের জমিদাররা তাদের জমির একটা নির্দিষ্ট সিলিং এর আওতায় রাখতে পারত, বাকি জমি হচ্ছে সরকারে ন্যস্ত হয়ে যেত। পরবর্তীকালে ১৯৫৫ সালে ভূমিসংস্কার আইন, ল্যান্ড রিফর্ম আইনটা হয় এবং সেই আইনের ফলে - আইনটা হয় ১৯৫৫ সালে, কিন্তু কার্যকারী এটা দীর্ঘ সময় ধরে তৎকালীন যে সরকার ছিলেন পশ্চিমবাংলায়, কংগ্রেস সরকার, দীর্ঘকালীন এই আইনটাকে কার্যকারী করেননি। '৭৭ সালে সরকার পরিবর্তন হওয়ার পরে, বামফ্রন্ট এসে এই আইনটাকে কার্যকারী করেছে এবং এখানে পশ্চিমবাংলায় আমরা ব্যাপক মানুষের হাতে জমি তুলে দিতে পেরেছি সেই সময়ে, বামফ্রন্ট সরকারের সময়ে। এবং এই জমি সংস্কার, '৭৭ সালে রাজ্যে এটা কার্যকারী হওয়ার ফলে, আমরা দেখেছি আমাদের রাজ্যে ৭০ থেকে ৭৫ভাগ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং বর্গাদার, পাট্টাদার এই ছোট জোতের মালিক। সমস্যাটা হচ্ছে স্যার, সমস্যা যেটা হচ্ছে সেটা হল যে, আমরা জানি যে সমাজ একটা জায়গায় দাঁড়িয়ে থাকে না। তার সামাজিক, প্রাকৃতিক পরিবেশ এগিয়ে চলে

এবং তার পরিবর্তনও প্রতিদিন ঘটছে, প্রতি নিয়ত ঘটছে, প্রকৃতির নিয়মে। কৃষি থেকে শিল্পে যেতে হবে, বিলের মূল যে উদ্দেশ্য শিল্পে যেতে গিয়ে বামফ্রন্ট সরকার ঝুঁকি নিয়েছিলেন শেষের দিকে এবং প্রচেষ্টাও চালিয়ে আসছিলেন যে শিল্পের জন্য জমি দরকার। কোথা থেকে জমি - ৭০ থেকে ৭৫ ভাগ পশ্চিমবাংলার ছোট জমির মালিক, ক্ষুদ্র প্রান্তিক চাষী, তাহলে জমি নিতে হবে কোথায় ? তার আগে একটা, একটা হচ্ছে, সরকার বেশ কিছুদিন ঐ ২০০২-০৩সালেতে একটা সার্ভে করেছিল শিল্প দপ্তর থেকে, একটা সার্ভে করা হয়েছিল যে শিল্পের নামে কত জমি পশ্চিমবাংলায় আছে ? একটা বিপুল পরিমাণ জমি ছিল। কিন্তু সেই জমি অধিগ্রহণ করতে গিয়ে ১৯৫৩র যে জমিদারি অধিগ্রহণ এ্যাক্ট, তার সঙ্গে সঙ্গতিপূর্ণ ঐ আইনটাকে তখন আমরা নতুন করে আনতে পারিনি, ঐ জমি নেওয়া যায়নি। পরবর্তীকালে জমি নিতে গিয়ে কিছুটা অসুবিধায় পড়তে হয়েছে, আপনারা বাধা দিয়েছেন, সমস্যা হয়েছে। কিন্তু বিষয় যেটা, শিল্পে যদি যেতে হয়, তাহলে জমি নিতে হবে। কিছুটা আঁচ পাচ্ছেন। ছ্যাঁকা লেগেছে ভাঙড়ে। ভাঙড়ে আপনাদের ছ্যাঁকা লেগেছে, হাত পুড়ছে। গণতান্ত্রিক আন্দোলনের দমন পীড়ন চালিয়ে সেখানে চেষ্টা করা হচ্ছে যে জমি আমরা নেবো, আমরা রাজধর্ম পালন করবার জন্যে। যাই হোক, ওখানে আমরা জমি নেবো এবং ওখানে পাওয়ার গ্রিড করবো। ছ্যাঁকা লেগেছে, কিন্তু এই যে আগুনের যে আঁচ, পরবর্তীকালে নিশ্চিত করে আপনারা বুঝবেন, আমি আপনাদের যেটা বলতে চাইছি যে, এই আইনের ফলে যেটা যে উদ্দেশ্যে শিল্পের জমি তো নেওয়া হবে। মাননীয়া মুখ্যমন্ত্রী একটা মন্ত্রী গোষ্ঠী তৈরী করে দিয়েছিলেন, কয়েক বছর ধরে তাঁরা একটা সার্ভে করেছেন, এ পর্যন্ত আমাদের রাজ্যে প্রায় ৩০টা কারখানা বন্ধ আছে। আমাদের বিপুল পরিমাণ জমি সেই কারখানাগুলোর মধ্যেই রয়েছে। আপনাদের কাছে রিপোর্ট আছে। কিন্তু আপনাদের শ্রমমন্ত্রী বলবেন না যে কয়টা কারখানা বন্ধ আছে। উনি বলেছেন যে একটাও নেই। তিনি মিসগাইড করেছেন এখানে বলেছেন যে একটাও কারখানা বন্ধ নেই। কিন্তু আপনাদের মন্ত্রীগোষ্ঠী যে সার্ভে করেছে, সেই সার্ভেতে বলা আছে যে ৩০টা কারখানা বন্ধ আছে এবং তার থেকে ৮ থেকে ১০ হাজার একর জায়গা ওখান থেকে পাওয়া যাবে। মূলতঃ আপনাদের এই যে আইনটা এনেছেন, এই আইনটা আনতে চলেছেন, সেই উদ্দেশ্যেই ওখান থেকে কিছু জমির সংস্থান যদি না করা যায় তাহলে যেখানে শিল্প করতে যাবেন আপনারা প্রমাদ গুণছেন শিল্প করতে গিয়ে যতই আপনারা সংবাদ মাধ্যম মিডিয়ার সামনে বলেন না কেন, শিল্পে হু হু করে বিনিয়োগ হচ্ছে। কিন্তু বাস্তব কথা, আমরা রাজ্যের মানুষ জানি, আপনারাও জানেন।

[1:10 – 1:20 p.m]

ফলে এই আইনটা সেই বাধ্যবাধকতা থেকে আপনাদের আনতে হয়েছে। শিল্প, কলকারখানা গড়ে তুলতে গিয়ে শিল্পপতিরা জমি পাবে কোথায়, কে দেবে, সরকার যদি সহযোগিতা না করে। আপনারা বলছেন কিনে নিন। কিনে নিতে গেলে তো জমি মাফিয়াদের উপরে নির্ভর করতে হবে। জমি মাফিয়ারা আপনার সরকারের মদতে এবং শিল্পগোষ্ঠীদের সাহায্য নিয়ে এখন তাদের জমি সংগ্রহ করছে, তার ফলে জমি মাফিয়ারাজের দৌরাত্ম্য বাড়ছে, প্রতিদিন বাড়ছে। তার উপরে আপনারা নির্ভরশীল হয়ে পড়ছেন। জমির দৌরাত্ম্য বাড়ছে। আপনি কি বন্ধ করতে পারছেন সেই সব সরকারি জায়গা, পি ডব্লু ডি রাস্তার ধারের জায়গা। লোকেরা দেদার সব দখল করে নিচ্ছে। একটাও সরকারি জায়গা আপনারা দখল করতে পারছেন না। পি ডব্লু ডি জায়গা, সেচ দপ্তরের জায়গা সবই বেমালুম দখল হয়ে যাচ্ছে। আমি আপনাদের কাছে বলতে চাই, আমরা রাজ্যের মানুষের কাছে পরিষ্কার। খুবই সঙ্গত কারণে আপনারা এই বিলটা এনেছেন। আমরা বলছি এই বিল আনতে গিয়ে – যে জমি আপনারা নেন, মূল আইনের সঙ্গে তার সঙ্গতি আছে কি না সেটা

ভেবে দেখবেন। আর একটা বিষয়, যে জন্য আপনারা জমিটা নিচ্ছেন সেটা শিল্পের জন্য কাজে লাগবে তো নাকি প্রমোটিংয়ের জন্য কাজে লাগবে টাউনশিপ গড়তে গিয়ে, অন্য কিছু গড়তে গিয়ে ? এখানে সিন্ডিকেটরাজ, প্রমোটিং, তোলাবাজি এইসব কি বাড়বে না ? শিল্পপতিদের কাছ থেকে শিল্পের জন্য যদি জমি নিতে হয় তাহলে সেখানে শিল্পের ব্যবহার করা উচিত। আমাদের পক্ষ থেকে প্রস্তাব দিচ্ছি যে শিল্পের জন্য শিল্পপতিদের কাছ থেকে যখন জমি নেওয়া হচ্ছে তখন শিল্পের জন্যই ব্যবহার করা হোক। এটা কোনো টাউনশিপের জন্য নয়। এটা কোনো প্রমোটারি করার জন্য নয়। আমরা সুনির্দিষ্টভাবে সেই কথা এখানে বলছি। এই বিলটা আমরা বিরোধিতাও করছি না। আমি আপনাদের কাছে শেষে একটা বিষয় বলতে চাই, জমি নিচ্ছেন ঠিক আছে। কিন্তু আমাদের ভূমি রাজস্ব দপ্তরের মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন শিল্পের জন্য জমি দীর্ঘ সময় ফেলে রাখা যাবে না। জমি আপনারা নিচ্ছেন। জমি নেন, কিন্তু না বুঝেই। এটা বুঝতে পেরেই আইনটা আনা হয়েছে।

...(বক্তার নিধারিত সময় শেষ হওয়ায় এইসময় লালবাতি জ্বলে ওঠে।)...

এই আইনের বলে রাজ্য সরকারের অনুমতি সাপেক্ষে জমিটা আপনারা লিজ দিতে পারবেন। যাঁরা মালিক আছেন তিনি করতে চাইলে করতে পারবেন, অন্যকে দিতে পারবেন, আইনের সংরক্ষণটা রাখা হয়েছে। এই আইনের বলে আজকে শিল্পের প্রসার ঘটবে কি না জানি না, তবে অন্য একটা শিল্প হবে। যে শিল্পটা হচ্ছে তোলাবাজির। তোলাবাজি শিল্পের যে প্রসার যেটা গোটা রাজ্য জুড়ে ঘটেছে, সেই শিল্পের প্রসার ঘটবে। আপনি আইনের সংরক্ষণ যা রেখেছেন আ নিশ্চিত করে আমি ....

...(এইসময় মাইক বন্ধ হয়ে যায়।)...

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় ডঃ পার্থ চ্যাটার্জী যে বিল এখানে ইন্ট্রোডিউস করলেন, দ্য ওয়েষ্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৭, তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে বলতে চাই রামশংকরবাবু তোলাবাজ শিল্পের কথা বললেন। তোলাবাজ শিল্প তো ৩৪ বছর দেখেছি সিঙ্গুর দিয়ে। জোর করে জমি নিয়ে সেই জায়গায় কি ইতিহাস তৈরি করেছেন তা নিশ্চয় আপনারা জানেন। আজকে এটাও আপনারা জানেন, কতটা ভুল সিদ্ধান্ত নিয়ে কৃষকদের ওপরে বর্বরোচিত আক্রমণ করেছিলেন। বর্তমান মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সহ তৃণমূল কংগ্রেসের নেতৃত্ব, কর্মীকে সেখানে কীভাবে অপদস্থ করেছেন তার প্রমাণ হিসাবে ভূমি রাজস্ব নীতিকে বৃদ্ধাঙ্গুল দেখিয়ে সিঙ্গুরের জমিকে আপনারা জবর দখল করেছেন। আজকে যিনি বিল ইন্ট্রোডিউস করেছেন ডঃ পার্থ চট্টোপাধ্যায়, এবং সর্বোপরি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তাঁরা আইনকে সম্মান দিয়ে বলেছেন জোর করে কোনো জমি নেওয়া যাবে না বাংলার কোনো প্রান্তে। তাই আজকে যে বিলটা আনা হয়েছে, সেটা ১৯৫৩ বলুন, বা ১৯৫৫ বলুন, সেই আইনকে আজকে কিছু পরিবর্তন, পরিমার্জন করে, সরলীকৃত করে, আরো সহজ সরলভাবে আমরা যাতে শিল্পের ক্ষেত্রে সেই জমিগুলো দিতে পারি সেই ব্যবস্থা করার জন্যই আজকের এই বিল।

আপনি তোলাবাজির কথা বললেন রামশঙ্করবাবু, বিগত ৩৪ বছরে তোলাবাজ কারা ছিল। এই তোলাবাজদের জন্যই তো মানুষ আপনাদেরকে বিতাড়িত করেছেন। পশ্চিমবাংলায় শিল্পকে আনার জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে বঙ্গজ শিল্প সম্মেলন করলেন নিশ্চিতভাবে তা আপনাদের সবুজ সংকেত দিচ্ছে। আগামীদিনে পশ্চিমবাংলায় জমির সরলীকরণ করে জোরপূর্বক জমি না নিয়ে যে বিল আজকে এখানে আনা হয়েছে, সেই বিলের মধ্যে দিয়ে ২৪.২২

একর জমির বেশি কেউ রাখতে পারবে না, এটা স্বয়ংসিদ্ধ আইন এবং এটা আপনারাও জানেন। কিন্তু আপনারা চিরকাল মানুষের কাছ থেকে জোর-জুলুম করে জমি নিয়েছেন এবং গ্রাম থেকে শহর সর্বত্রই জমির ব্যাপার যেখানে আছে সেখানে আপনারা মাথা গলিয়ে কী করে রোজগার করা যায় সেই চেষ্টাই করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী ভূমি রাজস্ব দপ্তরেরও মন্ত্রী। তিনি আজকে এই বিল এনেছেন এবং যে এ্যাক্ট তৈরি হয়েছে, তা অত্যন্ত সরলীকরণ করে করা হয়েছে। জমি যদি কেউ জোরপূর্বক রেখে দেয় - সরকারের আইনে আছে তিন বছরের বেশি কেউ ২৪.২২ একর অধিকৃত জমি রাখতে পারবে না - তাহলে ১৯৫৫ সালের আইন অনুযায়ী সেটা খাস বলে বিবেচিত হবে। সেই খাস জমি উদ্ধারের ক্ষেত্রে শিল্পের ৩০টি ক্যাটাগরিকে ছাড় দেওয়া হয়েছে। বামফ্রন্টের রামশঙ্করবাবু বক্তৃতা দেবার সময় বললেন, এই বিলের ভেতরে নাকি কিছুই নেই। আপনি তো এই বিলের সারমর্মই বোঝেননি। এই রকম বিল বামফ্রন্ট সরকার কোনদিন বিধানসভায় আনেনি এবং আলোচনাও হয়নি। পশ্চিমবাংলায় সিঙ্গুরের জমি অধিগ্রহণই আপনাদের কাল হয়েছিল। আপনারা সিঙ্গুরের মানুষের কাছ থেকে জোরপূর্বক জমি নিয়েছিলেন, মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় এসে সেই অধিগৃহীত জমি সেখানকার মানুষকে ফেরত দিয়েছেন। আজকে পশ্চিমবঙ্গ সরকার অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে ল্যান্ড ব্যাঙ্ক তৈরী করেছে, বিগত ৩৪ বছরে যেটা আপনারা করতে পারেননি। আজকে মাননীয় শিল্পমন্ত্রী ডঃ অমিত মিত্র আইন করে পশ্চিমবাংলায় শিল্পের শ্রীবৃদ্ধি ঘটিয়েছেন। আপনাদের সময়ে শিল্পগুলো সব ধুঁকছিল। আজকে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে ইন্ডাসট্রিয়াল বেল্ট তৈরি করা হয়েছে। ১৯৫৩ সালের ও ১৯৫৫ সালের আইনের সেকশান টু ধারায় ১৪ (জেড) ধারার কথা আপনাদের মনে ছিল না। আজকে বর্তমান সরকার এই আইনগুলোর পরিবর্তন এবং পরিমার্জন করেছেন বাংলার মানুষের স্বার্থে। তাই আজকে এই বিলের বিরোধিতা করার কিছু নেই, আজকে শিল্প হলে আপনার ছেলেও চাকরি পাবে, আপনার আত্মীয়-স্বজনও সেখানে চাকরি পাবে। তাই আমি আবেদন করব হাউসের সকলের কাছে, এই বিলকে আপনারা সমর্থন করুন, বাংলার মানুষের স্বার্থে, শিল্পের স্বার্থে, কৃষকদের স্বার্থে, সর্বোপরি মানুষের স্বার্থে।

সর্বোপরি মানুষের স্বার্থকে সামনে রেখে এই বিলকে পশ্চিমবাংলার মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার এনেছে তাকে অনুমোদন করে - আজকে আমরা প্রমাণ করে দেব, উপহার দেব বাংলার মানুষকে - যে আরও ল্যান্ড ব্যাঙ্ক তৈরি করে বাংলার মা-মাটি-মানুষের সরকার প্রস্তুত আছে। চা শিল্প থেকে শুরু করে, বৃহৎ শিল্প থেকে শুরু করে, ক্ষুদ্র কুটির শিল্প থেকে শুরু করে - সমাজের সমস্ত স্তরে মানুষের জন্য - আজকে বাংলার শিল্প যেমন আছে, কৃষি ক্ষেত্রে যেমন সুজলা সুফলা হয়েছে, সমস্ত দিককে সমান গুরুত্ব দিয়ে আমরা চলব - তাই এই বিলকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

[1:20 – 1:30 p.m]

শ্রী সওকত মোল্লা : মাননীয় স্পিকার, আজকে আমাদের মাননীয় মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী যে Land and Land Reforms Bill বিধানসভায় উত্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি দুই-একটি কথা বলতে চাই। এর বলার আছে প্রথমেই আমি বলি, যে বিশেষ করে আমাদের যাঁরা বিরোধী বন্ধুরা আছেন পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারের যে কোন বিল, শুধু আজকে land bill নয়, সমস্ত বিলগুলো - যার প্রতিটি ক্ষেত্রে বিরোধিতা করতে হয় তাই আজকে তাঁরা বিরোধিতা করছেন। বিশেষ করে আমাদের জেলার এক বিধায়ক তিনি একটু আগে এই বিল সম্পর্কে বলেছেন। আমি প্রথমেই বলি, যে বর্তমানে যে বিলটা আসছে সেটা 1953র, এটা সংশোধন করছি না। 1955এর Land and Land Reforms Billএর

আমরা সংশোধন আনছি। স্যার, আগের বিলটাতে কী বলা ছিল ? 4 & 5 এই ধারাতে বলা ছিল, যে কোন মধ্যস্থকারী factory, mill কিংবা workshop - সরকার থেকে একটা জমি পেতে পারত, retention orderএর মাধ্যমে। এবং তাদের এই জমিটা রায়ত করে দিতে পারতেন সরকার। এই scopeটা ছিল খুব সীমিত। কোন সক্রিয় লিজ deed ছিল না যার ফলে রায়ত মালিক এবং সরকারের মধ্যে সক্রিয় বন্ধন ছিল না। দুই নম্বরে কী বলা ছিল ? ধারা 6(3) শুধু কেবল রায়ত মালিকদের retention order দেওয়া হয়েছে, অধিকাংশটা 1962 এবং 1963তে। তখন থেকে এখনও পর্যন্ত দেখা গেছে অধিকাংশ factory, অধিকাংশ mill এবং বিভিন্ন যে সমস্ত workshop যেগুলো ছিল সেগুলো বন্ধ হয়ে গিয়েছে, সেগুলো বর্তমানে আর চলছে না। এবং বিশেষ করে সেকশান 4 & 5এর কারণে অন্য কোন কাজে এই জমিগুলো ব্যবহৃত করা যাচ্ছে না। এই সমস্যার ফলে লক্ষ লক্ষ বিঘা জমি বা হাজার হাজার একর জমি এখনও পরিত্যক্ত হয়ে আছে। আজকে বর্তমানে পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় - আপনারা জানেন ২০১১ সালের পর পশ্চিমবাংলায় অনেকগুলো বিলের সংশোধনী আনা হয়েছে। বর্তমানে আমাদের সরকার যে সংশোধনীটা নিয়ে আসছেন তার মধ্যে দুটি প্রধান সমস্যা। স্যার, একটা হল যে, আমরা একটা নতুন ধারা আনছি,আর দ্বিতীয়ত হল পুরানো ধারা সংশোধন হচ্ছে - এই দুটি বিষয়ে। নতুন ধারা যেটা সেটা হল 4(b). এটি বলছে যে জমি transferer করতে পারবে detention orderএর মাধ্যমে। বিশেষ বিশেষ করে যারা রায়তি মালিক আছেন তাদের সাথে এই অর্ডারটা থাকার ফলে, সেই সকল ডাইরেক্ট মালিক এবং lease holder পরিণত করা হবে এই সময়ের মধ্যে।

সরকারের সাথে সক্রিয় যোগসূত্র তৈরি করা হবে এবং একটি সক্রিয় লিজ রিটেল মাধ্যমে, কেবলমাত্র যেগুলো জমির মালিক ছিল। দ্বিতীয় সংশোধনীটা কি ? ধারা ফোর্টিন জেড -এ সকল লিজ হোল্ডার যাদের কাছে লিজ হল তারা সেই জমিতে ফ্যাক্টরী, মিল এবং ... ছাড়া এমন কাজে লাগাতে পারে, যে কাজগুলো ১৪ ওয়াই ধারাতে নথিভুক্ত করা আছে। সেকশান ফোর্টি ওয়াই-তে ল্যান্ড সিলিংয়ের উর্ধ্বে এমন ১৮ টি উদ্দেশ্য আছে। সেগুলো সরকার মনে করে যে সামাজিক অর্থনৈতিক উন্নয়নের জন্য। যেমন আমরা ধরি যদি প্রাণী সম্পদ বিকাশের উন্নয়ন - নিশ্চিতভাবে এর মাধ্যমে হতে পারে। বায়োটেক পার্ক হতে পারে, ফিনান্সিয়াল হাব তৈরি হতে পারে, টাউনশীপ তৈরি হতে পারে। ফলে এই সংশোধনীর মাধ্যমে, ধরুন একটা উদাহরণ দিয়ে বলি যে, দক্ষিণ ২৪ পরগণায় একটা কারখানা, সেই কারখানাটা বর্তমানে অনেকটা জনবহুল এলাকা হওয়ার ফলে পলিউশান কন্ট্রোল বোর্ড সেটাকে চালাতে দিচ্ছে না। সেই জমিতে একজন লিজ হোল্ডার হিসাবে এই জমিতে একটা ফিনান্সিয়াল হাব বা টাউনশীপ করতে পারবে। কিন্তু কোন চালু কারখানা, যে কারখানাগুলো ইতিমধ্যে চালু আছে, সেগুলো কোনভাবেই এর আওতায় আসবে না। কেবলমাত্র রিটেলসেল অর্ডার যেগুলো আছে সেখানে এবং তার প্রমাণ দেখিয়েই তবে সেটাকে ব্যবহার করতে পারবে। এই বিলের মূল উদ্দেশ্য হচ্ছে যে, বাংলার হাজার হাজার একর জমি, যে জমির মধ্য দিয়ে আজকে সেগুলো পরিত্যক্ত হয়ে আছে, সেগুলোতে প্রোডাকটিভ ইউজ করা বা কাজে লাগানো এবং তার মধ্যে থেকে কর্মসংস্থান তৈরি করা। এটাই হচ্ছে আজকে সরকারের মূল উদ্দেশ্য। বিশেষ করে আমাদের বিরোধী বন্ধুরা যাঁরা আছেন, তাঁদের হ্যাবিটটা হল বিরোধিতা করা। তাই তাঁরা বিভিন্নভাবে এই সদনকে বোকা বানানোর জন্য নানাভাবে বিভ্রান্ত করছেন। স্যার, আমি একটা সময়ে দেখতাম বিশেষ করে আমাদের বিরোধী বন্ধুরা যাঁরা কংগ্রেসে আছেন এবং যাঁরা সি পি এম -এ আছেন, এই কংগ্রেসরা সি পি এম -দের বুর্জোয়া বলত, আর সি পি এম -রা কংগ্রেসদের স্বৈরতান্ত্রিক বলত। কিন্তু স্যার আমরা দেখলাম নিজেদের স্বার্থ চরিতার্থ করার জন্য আজকে তাঁরা এক সঙ্গে জোট বেঁধেছেন। এটা বাংলার, মানুষ বুঝতে পেরেছেন এবং

সেটা বুঝতে পেরেছেন বলে ২০১১ -তে ওঁরা ছিল ৬২, ২০১৬ -তে ৩২এ নেমে এসেছে। ফলে আমি মনে করি আজকের দিনে যে বিভিন্নভাবে যখন পশ্চিমবঙ্গের মা-মাটি মানুষের নেত্রী মমতা বন্দোপাধ্যায় বাংলার একটা সার্বিক উন্নয়নের চেষ্টা করছেন, যখন পশ্চিমবাংলায় ল্যান্ড ব্যাঙ্ক তৈরি হচ্ছে যখন পশ্চিমবাংলার মাটিতে 'নিজ গৃহ, নিজ ভূমি'-র মধ্য দিয়ে লক্ষ লক্ষ মানুষকে তাদের একটা জায়গায় নিয়ে আসা হচ্ছে, ঠিক তখনই স্যার আমরা লক্ষ্য করছি আমাদের বিরোধী বন্ধুরা বিভিন্নভাবে বিরোধিতা করতে হয় বলেই বিরোধিতা করছেন। নানারকম বিভ্রান্তকর কথা বলে আজকের গোটা বাংলার মানুষের সঙ্গে সঙ্গে এই সদনকে বোকা বানাবার চেষ্টা করছেন।

আমি তাই বিরোধীদের কাছে অনুরোধ করব আজকের এই পবিত্র সদন, যেখান থেকে বাংলার আইন তৈরি হয়, যেখান থেকে আগামীদিনে আমাদের প্রিয় নেত্রী মমতা বন্দোপাধ্যায় বাংলাকে বিশ্ব বাংলায় রূপান্তরিত করার চেষ্টা করছেন, আমাদের স্বপ্নের বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন আগামী দিনের তরুণ প্রজন্ম, ভবিষ্যৎ প্রজন্মকে এক সঙ্গে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন এবং বিশেষ করে এই সরকারের যাঁরা মন্ত্রীমহোদয় আছেন, প্রতিটি ক্ষেত্রে তাঁরা যেভাবে সহযোগিতা করছেন, ঠিক সেই সময়ই এই বিরোধিতা। আমি নিশ্চিতভাবে আশা করব, আগামীদিনে এই সরকার পশ্চিমবঙ্গ সরকারের মা-মাটি-মানুষের সরকারের নেতৃত্বে এই বিলের মাধ্যমে আগামীদিনে বাংলায় ইন্ডাস্ট্রি তৈরি হবে, কল-কারখানা তৈরি হবে এবং তার মধ্যে দিয়ে আগামীদিনে বাংলা অনেকটা এগিয়ে যাবে। তাই এই বিলটিকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1:30 – 1:40 p.m]

Shri Akhruzzaman : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই মহতি সদনে মাননীয় মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় বিল নম্বর ১৮ অফ ২০১৭- The West Bengal Land Reforms (Amendment) Bill, 2017 যেটা উত্থাপন করেছেন এ ব্যাপারে আমি আলোচনায় অংশগ্রহণ করে কিছু কথা বলতে চাইছি। এখানে উনি যেটা বলেছেন, West Bengal Land Reforms Act, 1955 উনি সেকশান 4B-কে এ্যামেন্ডমেন্ট করে আর একটি নতুন সেকশান-কে ইনফ্লুড করেছেন। সেকশান 4B-কে এ্যামেন্ড করে নতুন একটা সেকশান 2 হিসাবে এখানে উনি ইনক্লুড করেছেন। সাব-সেকশান 4B of the land reforms act 1982 তে বলছে কি, স্যার? ল্যান্ডের ক্যারেক্টার চেঞ্জ করা যাবে না। Except previous order in a writing of the collecter under section 4C. এই জায়গাটা আমাদের ল্যান্ড রিফর্মস এ্যাক্টের 4B-তে স্পষ্টভাবে বলে দেওয়া আছে যে, কোন ল্যান্ডের ক্যারেক্টার চেঞ্জ করতে পারবে না। 4B except যদি আমরা পার্মিশান' নিই আণ্ডার সেকশান 4C -তে, তাহলে ক্যারেক্টারগুলো চেঞ্জ করা যাবে। এই সেকশানে স্যার, সেকশান 14Y -তে যেখানে বলছে যে, 14A এ্যাপ্লিকেবলের পরে যে এক্সেস ল্যাণ্ড-গুলো থাকছে সেই ল্যাণ্ড-গুলো আসছে 14Y-তে। যে এক্সেস জমি কারা কীভাবে রাখতে পারবে ল্যান্ড রিফর্মস। এ্যাক্টে, বলছে, যে পাবে সেটা সেই সময় গভর্নমেন্টের কাছে এ্যাপ্রুভাল নিয়ে পাবে। কী কী উদ্দেশ্যে যেখানে আঠারোটি পার্টে বলে দেওয়া আছে যে, এই সেক্টারে এরা পার্মিশান নিলে পাবে। এই ১৮টি কোম্পানি বা পাবলিক সেক্টার যারা যারা আছে তারা রাখতে পারে। এই বিলে তাদের কথা বলে দেওয়া হয়েছে। মিল থেকে শুরু করে ফ্যাক্টরি আদারস্ etc. etc. এই 14Y-তে সেই সময় যারা জমি এক্সেস রেখেছিলেন। দীর্ঘদিন ধরে যাঁরা এই সরকারে ছিল আমাদের ৭৭ সালের পর থেকে, তাঁরা এই আইনটাকে কার্যকর করে যাঁরা বলেছিলেন, শিল্প বা অন্য কিছু তৈরি করবেন - মিল etc. etc. সেটা দীর্ঘদিন ধরে দেখছি, বিভিন্ন সংবাদপত্রে, বিভিন্ন নিউজে সব জায়গায় দেখতে পাই, ষাট হাজার, পঁয়ষট্টি হাজার, সত্তর হাজার বিভিন্ন তথ্য দিয়ে

বলা হয় যে, বাংলার বুকে কল-কারখানা বন্ধ। কল-কারখানা বন্ধ হলে হবে কী স্যার, এই যে কল-কারখানার নামে সেকশান 14Y-কে ইউজ করে যে হিউজ পরিমাণ জমি এই সব লোকেরা রেখেছিল, তাঁরা এই জমিগুলোকে বিভিন্ন দালালের মাধ্যমে বিভিন্ন প্রোমোটার থেকে শুরু করে আজকে বিভিন্ন জায়গায় প্রচুর দামে সেল-আউট করার একটা প্রবণতা দেখা দিয়েছে। যেই কারণে এখন স্যার, একটা মিল মালিক দেখছি যে, জেল খাটছে। এখনও তার বেল হয় নি। আজকের কাগজে দেখলাম যে, তার নাকি চার্জশীট হয়েছে। তার কারণ, এই জায়গাগুলোতে তারা মিলগুলোকে বন্ধ করে দিয়ে প্রোমোটাররাজের কাছে বন্ধ করার একটা চক্রান্ত চলছিল। পার্টি নয়, তারা এই জায়গাটাকে করেছিল। স্যার, এই জায়গায় দাঁড়িয়ে সরকার যে জায়গায় এসেছে সেই জায়গায় বলছে যে, এই দু'টো সেকশানকে সেকশান ফোর-বি এবং 14Y-এর আগে যারা জমিগুলো রেখেছে। মাননীয় মন্ত্রী আছেন, রিপ্লাই দেওয়ার সময় বলবেন। যারা এই দু'টো সেকশান-কে ইউজ করে, তারা এই প্রোমোটারের কাছে লীজ হিসাবে আইনকে কাজে লাগিয়ে রদবদল করে জমিগুলোকে হস্তান্তর করেছে। আপনি বলছেন, এই জমিগুলোকে সরকার তাদের এক্তিয়ারে নেবে। নেওয়ার পর তারা প্রয়োজন অনুযায়ী যেখানে যা দরকার পড়বে সেখানে সরকার তাদেরকে লীজ দেবে। তারা লেজী হিসাবে গভর্নমেন্টের আণ্ডারে থাকবে। এটা ভালো দিক। ল্যান্ড রিফর্মস-এর এ্যাক্টে এসে যারা এখানে ফ্যাক্টরি করেছে বা যেভাবে গেছে বা যারা চলে গেছে, যারা কাজ করছে, গভর্নমেন্টের আণ্ডারে আসবে। কিন্তু যারা গভর্নমেন্টের কাছ থেকে নিয়ে যে কোম্পানিগুলো বিভিন্ন সংস্থার কাছে লীজ হিসাবে বা যে কোনও ডীড করে যারা সেখানে সেল-আউট করেছে বা লীজ দিয়েছে, তারা এখানে লেজী হিসাবে আসবে। এখানে দু'টোর মধ্যে ফারাক থেকে যাবে। এই যে গভর্নমেন্ট তাদেরকে কীভাবে ধরবে স্যার, মাননীয় মন্ত্রী যখন উত্তর দেবেন, তখন এটা বলবেন।

আমি একটা কোম্পানির নামে জায়গা নিয়ে ইউটিলাইজ না করে অন্য কাউকে লিজ দিয়ে দিয়েছি, কোনভাবে পাওয়ার অফ অ্যাটার্ন সীল করে দিয়েছি। তাহলে তারা আমাদের এই অ্যামেন্ডমেন্ট বিল, সেকশন 4Bতে যেটা আনছি সেখানে তারা কীভাবে আনবেন মাননীয় মন্ত্রী মহাশয় যদি এখানে আমাদের একটু বলেন। এখানে যারা আসবে এবং উনি বলেছেন যে টি-গার্ডেন ছাড়া বাকিগুলো আসবে। এখানে আমাদের বলার কিছু নেই স্যার। এবং Section 14Z, নতুনভাবে যারা আসবে তারা নতুনভাবে আসুক তাতে কোন আপত্তি নেই। কিন্তু আগের যে সেকশনগুলো ছিল স্যার সেই সেকশনে আমাদের ঠিক স্পষ্ট করে বলা ছিল Land Reforms Act-এ যে, আমাদের Section 14Y-তে ছিল স্যার, কেউ যদি জমির নাম করে, factory-র নাম করে বা এই ১৮টা purpose-এ তারা যদি জমিগুলোকে নিয়ে তিন বছর তারা সেই পারপাসে use না করে এবং ব্যবহার না করে যদি আরো দু'বছর কোন কিছু action না নেয় তাহলে এখানে বলছে কী ? তাহলে Under Section 14M-এ বলছে, 'Unless there is an order, extension of such permission granted by the Government for the purpose of which he has been so permitted for the period from next exceeding two years in addition to the above-mentioned period of three years as the State Government may deem fit and proper. এখানে সেকশন 14Y-তে গভর্নমেন্টের কাছে power দেওয়া ছিল। তাতে বলা ছিল, এই ১৮টা সংস্থা বিভিন্ন কাজে যেসব জমি নিয়েছিল তা যদি তারা সঠিকভাবে ব্যবহার না করে তাহলে সরকার 14Y-তে একটা ধারা ছিল পাঁচ বছর, 3+2, এর মধ্যে তাকে Government prior to notice, the Government may deem fit and proper action, তারা নিতে পারতো। এক্ষেত্রে পূর্ববর্তী সরকার যারা ছিল তারা তো কিছু করেনি স্যার। দীর্ঘ ৬ বছর এই সরকারও সেই উদ্যোগ গ্রহণ করেনি। তবে নতুনভাবে আইন

এনেছে। আমি স্বাগত জানাই স্যার। স্যার, আজকে আমি ল্যান্ড সম্বন্ধে বলার আগ্রহ প্রকাশ করেছিলাম। আমাদের senior নেতারা land-এ বলতে চেয়েছিলেন স্যার। আমি ২০১৩ সালে আমাদের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জীকে, তিনি ল্যান্ড ডিপার্টমেন্টের মন্ত্রী ছিলেন স্যার, ওনাকে একটা চিঠি দিয়ে দাবী করেছিলাম যে, Land Reforms Act-র Section 12-এ, আজকে যেটা এখানে amendment করছেন, আমি সেইসময় দাবী করেছিলাম স্যার মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে Section 12-এ অ্যামেন্ডমেন্ট বিল আনতে হবে। তার কারণ আজকে পদ্মা-গঙ্গা, সমুদ্র এবং বিভিন্ন নদীর ভাঙনে এবং প্লাবনে যেসমস্ত জমিগুলো জলের তলায় চলে গিয়ে আজকে আবার নতুনভাবে জমিতে পরিণত হয়েছে সেকশন টুয়েলভের বলে সেটা সরকারের vest হিসাবে আসছে। আমার জমি স্যার পদ্মার গর্ভে, গঙ্গার গর্ভে, বিভিন্ন নদীর জলে তলিয়ে গেল। আমি জমির মালিকানা হারালাম। কিন্তু আমি সরকারের কাছ থেকে কোন ক্ষতিপূরণ পেলাম না। আমার ২০ বিঘা জমি ছিল। সেই জমি জলের তলায় তলিয়ে যাওয়ার পরে যখন সরকার তাকে vest হিসাবে গ্রহণ করলো আমি স্যার ভিখারীতে পরিণত হলাম, দিন-মজুরে পরিণত হলাম। আমি সেই সময় মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলেছিলাম যে তুমি Section 12কে, Land Reforms Act-কে অ্যামেন্ডমেন্ট করে যে সমস্ত চাষীর, প্রান্তিক চাষীর, আজকে মা-মাটি-মানুষের সরকার, যারা বলে আমরা গরীব মানুষের কথা বলি, আজকে এই বিলে যেমন ভালো দিক আছে তেমন এখানে বড়লোকদের কথা বলা হয়েছে। বড়লোকদের প্রোটেকশন দেওয়া হয়েছে, তাদের দিকটা দেখা হয়েছে। কিন্তু যারা গ্রামের মানুষ, যারা সর্বশান্ত হয়েছে তাদের জন্য সরকারের ক্ষতিপূরণের কোন ব্যবস্থা নেই বা সরকারের আইনে সেরকম কোন দিক নেই। আমি আশা করেছিলাম মাননীয়া মুখ্যমন্ত্রী আজকে এখানে থাকবেন। তবে মাননীয় পার্থবাবু আছেন। আমি বলব সেকশন ১২, Land Reforms Act-র, এটাকে অ্যামেন্ডমেন্ট করা দরকার। তার কারণ আমার এলাকায় হাজার হাজার একর জমি পদ্মার গর্ভে চলে যাওয়ার কারণে সেটা চর অবস্থায় পড়ে আছে স্যার। সেখানে জমি চাষকে কেন্দ্র করে মাফিয়া-রাজ গড়ে উঠেছে। এবং মাফিয়া-রাজের ফলে কে ফসল পাবে, "লাঠি যার ফসল তার", এইরকম একটা পরিবেশ এখন তৈরি হয়েছে। এই জায়গায় দাঁড়িয়ে এই পরিবেশ কন্ট্রোল করার জন্য এবং যে সমস্ত চাষীদের জমি পদ্ম-গঙ্গা বা বিভিন্ন ভাঙনের কারণে জলের তলায় চলে গিয়ে পরে চাষযোগ্য জমিতে পরিণত হয়েছে এই সেকশন-টাকে অ্যামেন্ডমেন্ট করে তাদের লিজ দেওয়ার ব্যবস্থা করতে হবে স্যার। এই দাবী রাখার জন্য আমি আমার সিনিয়র মেম্বারদের অনুরোধ করেছিলাম যে আজকে ল্যান্ড বিলে আমাকে বলতে দিতে হবে। তাই মহতী সদনে আমাদের ল্যান্ড রিফর্মস মিনিস্টার মমতা ব্যানার্জী থাকলে আমি খুশী হতাম। মাননীয় মন্ত্রীকে বলব এই সেকশনকে অ্যামেন্ডমেন্ট করে যাদের জমি তাদের লিজ বা যে কোন ভাবে যারা ক্ষতিগ্রস্ত হয়েছে, ক্ষতিপূরণ পায়নি তাদের দেওয়া যায় কি না এটা ভাবার জন্য আমি অনুরোধ রাখবো।

[1:40 – 1:50 p.m]

আর বাকি যেটা এসেছে এই বিলে - আমি জানি স্যার 14Y এ যে সেকশানগুলো হয়েছিল, তাতে শুধু বড়লোকদের প্রোটেকশান দেওয়া হয়েছে। 14M এ রায়তরা কে কত জমি রাখতে পারবে, সাধারণ প্রান্তিক চাষিদের সেই সময় একটা সিলিং দেওয়া হয়েছিল agricultural land কত রাখতে পারবে, low agricultural ল্যান্ড কত রাখতে পারবে, homestead land কত রাখতে পারবে। তখন এই জমিগুলো গ্রামের যারা সাধারণ মানুষ তাদের এই আইনের বলে এর বাইরে যা জমি ছিল সরকার সমস্ত কিছু ভেস্ট করে নিয়েছে। সঠিকভাবে ল্যান্ড সিলিংটা গ্রামের সাধারণ মানুষ বুঝতে পারেনি। তাদের পরিবারে কত মানুষ আছে, কত হেড আছে – এই

সব উল্টো পাল্টা কথা বলে। আমি যেটা মনে করি , আমার কাছে সব তথ্য আছে আমি সবগুলিই বলব। তাতে দেখতে পাব সারা ভারতবর্ষের মধ্যে সবথেকে কম আমাদের স্যালারি, এক্সট্রা অ্যালাউন্স আছে ওগুলি মিলেও সবথেকে ছোট রাজ্য ত্রিপুরা তারও আশপাশে আমরা যেতে পারি না। আমি স্টেটমেন্টগুলি আসার আগে গুরুত্বপূর্ণ কথা বলছি। স্যার প্রথমেই আমি বলি যে এই বিষয়টা বহুদিন থেকে ঝুলে ছিল। আমাদের এক একটা করে সি.এ দেওয়ার। এটা বামফ্রন্ট আমলে তারা বলেছিল ফাইলটা মুভ হচ্ছে, এই মুভ হবে, পরবর্তীকালে সেটাও হয়নি। ছয় বছর পরে এম.এল.এ -দের, অর্থমন্ত্রীদের, স্পিকার, ডিপুটি স্পিকারদের কিছু পয়সা বাড়ানোর কথা ভেবেছেন। ছয় বছর পেরিয়ে গেছে, ছয় বছর কিছু হয়নি। আজকে এই সি.এ -এর ব্যাপারটা প্রতিটা বিধায়কের, আমি যে স্টেটমেন্টগুলি পড়লাম, অন্যান্য স্টেটের ইনফরমেশানগুলি, কোন জায়গাতেই এটা বাদ নেই, সবারই সি.এ আছে। হয় কম্পিউটার অপারেটার হিসাবে হোক, আর্দালি হিসাবে হোক, অফিস পিওন হিসাবে হোক যে কোন ভাবেই আছে। তাদের বেতন ফিক্সড করা আছে, মিনিমাম ১০ হাজার থেকে ২০ হাজার পর্যন্ত। আজকে এই সি.এ -এর ব্যাপারটা একটু দেখবেন। প্রতিটা এম.এল.এ -এর এখন কাজের দায়িত্ব অনেক বেশি। এম.এল.এ ল্যাড আছে , এম.এল.এ ল্যাডের কাজ আছে। আরো বিভিন্নরকম কাজ আছে। এই বিষয়টা দেখা খুবই জরুরি। পার্লামেন্টারি ওয়ার্কস্ করতে গেলে একটা অ্যাসিসটেন্ট খুব দরকার। সেটা অবশ্যই আপনি বিবেচনা করবেন সেটা আমি মনে করি। দ্বিতীয় যে কথাটা স্যার এর আগেও একবার আলোচনা হয়েছিল প্রথম দিকটাতে আমি বলেছিলাম।

[2:00 – 2:10 p.m]

এম.এল.এ - দের স্ট্যাটাসটা কী হবে। আমি স্পিকার সাহেবকে বারবার বলেছিলাম, অনুরোধ করেছিলাম যে আমাদের জানান যে, আমাদের স্ট্যাটাস কী? অনেকে বলেন চীফ সেক্রেটারির উপরে। আমাদের কি স্ট্যাটাস - সেই স্ট্যাটাসের একটা গাইড লাইন আপনি যদি বার করে দেন যে মেম্বার অফ লেজিসলেটিভ এ্যাসেম্বলীর এই স্ট্যাটাস। তার কারণ আমরা যদি ও.সি -র কাছে যাই, তাহলে ও.সি তো বসতে দেয় না কোন কোন সময়ে, সঙ্গে লোক নিয়ে গেলে তাকে বাইরে থাকতে হয়। কে কেমন হবে তার ব্যবহারের উপরে নির্ভর করে। আজকে এই বিষয়টা প্রতিটা রাজ্যে আছে এবং পশ্চিমবঙ্গেও আগে ছিল কোন এক সময়ে কারণ আমি, এখানে বহুদিন আগে থেকে আছি। স্যার এই বিষয়টা আপনি দেখবেন যে এম.এল.এ-দের এই হচ্ছে লেটেস্ট স্ট্যাটাস কারণ তারা গেলে পরে পরে যে অফিসাররা আছেন তারা যেন সেইভাবে ব্যবহার করবেন। তাই তাদেরকে গাইড লাইনটা পাঠিয়ে দেন। আর একটা গুরুত্বপূর্ণ কথা স্যার, যেটা এখনও গাইড লাইনে আছে - এইবারে ভাগ্যিস চিঠিটা আসেনি। হঠাৎ একটা সৈন্যবাহিনী থেকে চিঠি আসে, এম. এল. এ -দের গাড়ি দেওয়া হচ্ছে - সেকেন্ডহ্যান্ড গাড়ি ওদের আছে। সেখানে গিয়ে আপনারা গাড়ি নিয়ে নেবেন। আমাদের ব্যাডলাক বলুন আর গুড লাক বলুন - আমি আর ঊমাপদবাবু গিয়েছিলাম - ঐ গাড়িগুলো ৫০০ টাকাতেও কেউ কিনবে না এতো বাজে গাড়ি। এটা এখনও বইটাতে আছে , তাই দয়া করে স্যার ওটাকে বাদ দিয়ে দেবেন। ওটা থাকা মানে অনেকে জানবে যে হয়ত গাড়ি পাওয়া যায়। কিন্তু ওগুলো একদম বাজে গাড়ি মানে যাওয়ার খরচও হবে না। তার চাকা নেই, কিচ্ছু নেই - নাথিং। এই বিষয়টা একটু দয়া করে দেখবেন। তিন নম্বর গুরুত্বপূর্ণ বিষয় যেটা এটা আমিও ভুক্তভোগী ছিলাম - এ্যাকোমোডেশান। আমাদের এ্যাকোমোডেশান এম.এল.এ হোস্টেলে এখন একটু ভদ্রতায় এসেছে যে একটা করে রুম আছে। আমরা যখন প্রথম আসি তখন একটা রুমে দুটো এম.এল.এ। আমরা একবার মহারাষ্ট্র -মুম্বাই গিয়েছিলাম, আমার সাথে কয়েকজন এম.এল.এ ছিলেন। সেখানে গিয়ে জিজ্ঞাসা

সিলিংগুলো বুঝতে না পারার জন্য গ্রামের অনেক মানুষ সেই সময় 14M এর কারণে, সঠিক প্রয়োগ না হওয়ার কারণে গ্রামের মানুষগুলো আরো ভিখারি হয়েছে। কিন্তু যারা এই 14Yকে কেন্দ্র করে বড় পুঁজিপতি মানুষগুলো এই সরকারের কাছে তারা সুযোগ নিয়ে জমিগুলো এখনও ভোগ করছে। এই সরকার উদ্যোগ গ্রহণ করেছে সাধুবাদ জানাই। তার সাথে সাথে 14M যে সমস্ত প্রান্তিক চাষি, যারা সেই সময় সঠিকভাবে 14M কারণে যাদের জমি হস্তান্তর হয়ে গিয়েছিল সেটাকে পুনর্বিবেচনা করার দাবি রেখে, এই মহতী সদনে আমাকে বলতে দেওয়ার সুযোগ করে দেওয়ার জন্য আমি মাননীয় স্পিকার মহাশয়কে ধন্যবাদ জ্ঞাপন করে আমি আমার কথা শেষ করছি, ধন্যবাদ স্যার।

ডঃ পার্থ চ্যাটার্জী : অনারেবল স্পিকার স্যার, আমি শ্রী রামশঙ্কর হালদার, কল্লোল খান, শওকত মোল্লা এবং আখরুজ্জমানের বক্তব্য মন দিয়ে শুনেছি। বিষয়বস্তুটা সম্পর্কে প্রথমে আসি। রামশঙ্কর হালদারের কথায় তিনি অনেকটা censorship করেছেন। Statement of objects এর মধ্যে যেটা লেখা আছে সেটার একটা অংশ পড়েছেন বাদবাকিটা আর পড়লেন না। সেখানে স্পষ্ট করে বলে দেওয়া আছে। কোথায়- Any purpose মানে কি, Any purpose as defined in the 14Y. যেটা আমরা নিয়ে এসেছিলাম। সুতরাং আপনারা যেটা করেছিলেন, জমি জোর করে দখল করেছিলেন। এটা আগে বুঝতে হবে। বহু ফসলী জমিকে আপনারা ধ্বংস করেছিলেন। এখানে প্রাক্তন মন্ত্রীও সেই সময়কার আমাকে উত্তর দিয়েছিলেন কি করবো আমি? আমার ডান হাত জমি দেয়, বাঁ হাত কেড়ে নেয়। এইরকম একটা অবস্থার মধ্য দিয়ে তৎকালীন বিরোধী দলের নেত্রী বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আন্দোলন শুরু করেছিলেন। যার শুরুয়াত হয়েছিল সিঙ্গুর থেকে তারপর সেটা ছড়িয়ে পড়ে নন্দীগ্রাম সহ বিভিন্ন জায়গায়, গাঁওখালিতে সর্বত্রই ছড়িয়ে পড়েছে। এটা একটা দিক জমি অধিগ্রহণের। সেখানে সরকার স্পষ্ট করে বলেছে, মা-মাটি মানুষের সরকার আমরা গায়ের জোর করে forceful acquisition করতে দেব না। এটা আমাদের নীতিগত লাইন। এখানে আমরা যেটা বলতে এসেছি সত্যি তো পশ্চিমবঙ্গে শিল্পের জন্য জমি কোথায় পাওয়া যাবে? শুধুমাত্র একটা ডায়ালগ দিলাম আকাশে কি জমি আছে? সেটা বলে তো কোন লাভ নেই। চেষ্টা করতে হবে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সেই চেষ্টাই করেছেন। তিনি এই দপ্তরের মন্ত্রী হিসাবে একটা গ্রুপ অব মিনিস্টারস তৈরি করেছেন। যারা দেখেছে lock জমি কত পড়ে আছে। এটা শুরুয়াত, এরপরে বাড়বে কারণ অনেকে এরকমভাবে ফেলে রেখেছেন। এটা কোন জমি অধিগ্রহণ নয়, জমিতে যাঁরা বসে রয়েছেন সেই জমি কি করে ব্যবহার করা যায়, value add করা যায় তাতে এবং উন্মুক্ত করা যায় তাকে, সেইজন্য আমাদের এই বিল। সুতরাং এটা বুঝতে হবে যে আমাদের কোন জমি অধিগ্রহণের জন্য বিল আসছে না। সুদীর্ঘদিন অ্যাক্টের সুবিধে নিয়ে, হয়তো বা দলের সুবিধে নিয়ে তাঁরা এটা করেছেন। আমরা চাচ্ছি যেখানে জমি আমাদের নতুন করে নেওয়ার জায়গা নেই, কৃষি জমি মূলত রয়ে গেছে।

সেই জায়গাগুলো যা বন্ধ হয়ে আছে, আঘাত চলছে, রিটেনারের নামে আছে, লিজ না নিয়ে অর্থ লগ্নি সংস্থা থেকে তারা কোন সাহায্য পাচ্ছে না বা অন্য কোন কাজে ব্যবহার করছে। আইনের মাধ্যমে তাদেরকে নিয়ন্ত্রণ করা। সেই নিয়ন্ত্রণটা কি ? না, রাজ্যের জমি শিল্পের জন্য ব্যবহার করা। আর অন্য দিকে রাজ্যের আর্থিক অবস্থার আরো উন্নত করা। এই জিনিসটা আমরা কাউকে আঘাত না করে অথচ জমি যাতে নিতে পারি শিল্পের জন্য, আর্থ-সামাজিক উন্নয়নের জন্য সেই উদ্দেশ্যে এই বিলটা। এর দুটো ধারার মধ্যে আমি প্রথমেই বলি যে, এতদিন যে রিটেনারশিপ ছিল সেটা 14b (2) -তে। আমরা বলছি, ওটা রিটেনার নয়, লেজি বলতে চাইছি। এবার লেজি করবার জন্য 14 Z আসবে। 14 Z - এ বলছি 14y - এ যা যা বলা আছে সেটা দেখবেন। এরপরে

উনি একটা প্রশ্ন তুলেছেন আখরুজ্জামান সাহেব, আপনি ঠিকই বলেছেন রুলস্ আমরা এখনও তৈরি করি নি। রুলস্ যখন তৈরি করব তখন এই দিকটা নিশ্চয়ই আমরা দেখবো। আপনি প্রান্তিকচাষী,বর্গাদার এই সব কথাগুলো বলেছেন, এখন ৩৪-৩৫ বছর চলার পর তারা কোথায় আছে খুঁজে বের করতে আমাদের হয়তো আর একটা কমিশন গঠন করতে হবে। সুতরাং, আমরা আগে দেখি কি করে জমিটার ব্যবহার করা যায়। রামশঙ্কর বাবু আছেন কি না জানি না, নিশ্চয়ই আছেন। আপনার একটা ধারনা ভুল। আমরা টাউনশিপের জন্য জমিগুলি নিই। ... (এই সময় মাননীয় সদস্য সুজন চক্রবর্তী কিছু বলতে ওঠেন) ... আপনি তো ডক্টরেট, আপনি একটু পড়ে দেখুন না। এনি পারপাস তার পরের লাইনটা। সেটা হচ্ছে রেফারেন্স আছে 14y -এ। যেখানে আমাদের সরকার পরিবর্তন এনেছে যাতে শিল্পমুখী করা যায় উইথআউট এফেক্টিং এগ্রিকালচার। আমরা শিল্প এবং কৃষি দুটোর উন্নয়ন চাই। এটা করে নয় যে একটাকে মেরে একটার উন্নয়ন চাই। আমরা দুটোরই উন্নয়ন চাই। কর্মসংস্থান প্রয়োজন। তেমনি এমনভাবে কর্মসংস্থান করতে হবে যাতে খাদ্যাভাব না হয়। আপনারা নিজেরাও জানেন যে, আলুর দাম এখন তিন টাকা হয়ে গেছে। মোদিবাবুর নোটবন্দীতে কী হয়েছে আপনারা নিজেরাও তার সাক্ষী আছেন। আমরা সেই অবস্থা করতে দেবো না।।

আমরা কি বলছি যে টি গার্ডেন্সগুলো বাদে যা 14y -এ লেখা আছে সেগুলি করলে, মন্ত্রীসভা তার অনুমোদন দেবে এবং রুলসে সেটা থাকবে কেস টু কেস বেসিস। একেবারে ব্লাঙ্কেট নয়। আমরা তা দেখবো, আমরা তা শুনবো, আমরা তা বুঝবো তারপর হবে। কি আছে 14y -এ ? Mill, factory or workshop, Livestock breeding farm, poultry farm, dairy, industrial park or industrial hub or industrial estate, financial hub, Warehousing, Agro Industries, Power Plant or Power transmission or distribution sub-station, film city, tourism project, Bio-tech park, Food Park, Port, Airport, shipyard including ship building and ship breaking, ICT Industries, ICT Allied industries , fishery, transportation or terminal and logistic hub, educational and medical institutions, Oil and Gas products public transportation, Mining allied activities and township - এই যে জিনিসগুলো আমাদের ছাড় আছে তার মধ্যে আমরা দেখবো শিল্পের প্রয়োজনে কোনগুলো দরকার। কত জমি পড়ে আছে ? কতটা তাঁরা ব্যবহার করছেন ? সুতরাং আমাদের নিজেদের লক্ষ্যে আমরা যেন ভুলে না যাই যে আমাদের প্রচুর লোক কর্মসংস্থানের সঙ্গে যুক্ত ছিল এক সময় ঐ সমস্ত কলকারখানায়।

[1:50 – 2:00 p.m]

সেই কল-কারখানাগুলো যখন বন্ধ হয়ে যাচ্ছে বা ধুঁকছে, তাকে কীভাবে বাঁচানো যায়, তাকে কীভাবে শিল্পমুখী করা যায়, কীভাবে কর্মসংস্থান রক্ষা এবং কর্মসংস্থান বৃদ্ধি, এই দুটোই আমাদের উদ্দেশ্য হয় এবং তার সঙ্গে সঙ্গে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের দরকার আছে। আপনি বললেন আর সাহেবরা গিয়ে দেখল যে আচ্ছা বাবা, কলকাতা থেকে ত্রিশ কিলোমিটার দূরে সিঙ্গুর আছে, ওইখানটাও দিয়ে দাও, এটা করা যাবে না। তার জন্য পরিকাঠামো যদি ঠিক থাকত, পরিকাঠামো যদি তৈরি থাকে, তাহলে শিল্প বিনিয়োগকারীরা পরিকাঠামো দেখলে আসবে। সুতরাং আমাদের পরিকাঠামোর দিকেও নজর দিতে হবে। সেইজন্য আমরা অনেক কিছু রেখেছি। আমি আশা করব আমাদের যারা বন্ধুরা, তারাও একমত যে শিল্পের জন্য দরকার। আমি শুধু বলতে চাই শিল্পের দরকার থাকুক কিন্তু কৃষিকে মেরে কোনরকম দরকার হবে না। আমরা চেষ্টা করব যেখানে অলরেডি আছে কল-কারখানা, লকড হয়ে আছে, ভ্যালু অ্যাডিশান হচ্ছে না,

রাজস্ব পাচ্ছে না সরকার, সেই কারণেই আমরা একদিকে কর্মমুখী, অন্যদিকে আর্থসামাজিক উন্নয়ন এবং অর্থনীতিকে চাঙ্গা করবার জন্য, রাজস্বকে আনার জন্য আমরা চেষ্টা করেছি। আশা করি আপনারা সকলেই এটাকে সমর্থন করবেন এবং এতে যাতে পরবর্তীকালে যখন রুলস তৈরি হবে তখন আপনারা যেগুলো বলেছেন, সেগুলো নিঃসন্দেহে আমরা বিবেচনার মধ্যে আনব। ধন্যবাদ।

Mr. Speaker : The question before the House is that the West Bengal Land Reforms (Amendment) Bill, 2017 be taken into consideration.

As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No. Ayes have it. Ayes have it.

Clauses 2 and 3

Mr. Speaker : There are no amendments to Clauses 2 and 3.

Now I put Clauses 2 and 3 do stand part of the Bill to vote. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There are no amendments to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

Now I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill to vote. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the West Bengal Land Reforms (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The West Bengal Land Reforms (Amendment) Bill, 2017 is passed; The West Bengal Land Reforms (Amendment) Bill, 2017 is passed.

Mr. Speaker : Hon'ble Members, I have received a Notice of Breach of Privilege and Contempt of the House under rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly from Shri Jyoti Priya Mallick, MLA against Shri Tanmoy Bhattacharya, MLA for alleged

misleading of the House by giving some incorrect figures as to issue of Ration Cards in the Constituency of Shri Mallick while taking part in the General Discussion on Budget on the Floor of the House on the 14th February, 2017.

The matter is under my examination and I shall give my ruling on it in due course.

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2017 and The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2017.

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to introduce the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2017.

(Secretary read the title of the Bill.)

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to introduce the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2017.

(Secretary read the title of the Bill.)

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2017 be taken into consideration.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2017 be taken into consideration.

Mr. Speaker : Since these two introduced bills are similar in nature, discussion on the consideration of Motions will be takedn up together.

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পিকার স্যার The Bengal Legislative Assembly. (Members' Emoluments) (Amendment) Bill, 2017 তার সঙ্গে the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2017, এই দুটি বিলে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। ১৯৫২ সাল এবং ১৯৩৭ সালে আমাদের এম.এল.এ -দের, চিফ মিনিস্টার, ক্যাবিনেট মিনিস্টার, স্পীকার সাহেব, ডেপুটি স্পিকার সাহেব , স্টেট মিনিস্টার এবং লিডার অফ অপোজিশান এই বিলের মাধ্যমে এম.এল.এ -দের বেতন বাড়ানোর একটা প্রভিশান আছে। আর তার সঙ্গে মিনিস্টার, চিফ মিনিস্টার সবারই আছে। স্যার এখানে আমার প্রথমেই একটা আপত্তি আছে যেসব বিষয়গুলিকে কনসিডারেশনে নিয়ে আসা হয়েছে , শুধু এক্স এম.এল.এ বাদ চলে গেছে। আমি মাননীয় পার্থবাবুকে অনুরোধ করব এক্স এম.এল.এ -এর বিষয়টা দেখতে। খুব কম পেনশনের মধ্যে এক্স এম.এল.এ -রা আছেন। এই সঙ্গে নিয়ে এলে এটা ভাল হত, যাই হোক পরবর্তীকালে তিনি সেটা বিবেচনা করবেন। আজকে এই সভাতে একটা আলোচনার সুযোগ মাননীয় স্পিকার স্যার দিয়েছেন, কারণ এই বিলের উপর আলোচনার আমাদের দরকার আছে। অনেক ক্ষেত্রে বাইরে এমন একটা ধারণা আছে যে পশ্চিমবঙ্গের এম.এল.এ, মন্ত্রী এদের যে বেতন কাঠামো বা যে টাকা পায় সেটা হয়তো অনেক বেশি - কেউ যোগ বিয়োগ জানে না,

করলাম। ইহা কা ব্যবস্থা ক্যায়া হ্যায়। ও এম.এল.এ বোলা হ্যায় কি এক রুম মে দো এম.এল.এ। এক রুম মে দো এম.এল.এ - এই এ্যাকোমোডেশান আমাদের ছিল। এখন একটা করে রুম আছে, কিছুটা নিশ্চিতভাবে ভদ্রতা এসেছে। কিন্তু অন্য রাজ্যে সবাইকে অন্ততঃ দুটো করে রুম এ্যাকোমোডেশান করা আছে কাজের স্বার্থে। এই বিষয়টাকে দয়া করে একটু ভাবনা চিন্তা করুন কারণ এই বিষয়টা নিয়ে আমরা বহুদিন থেকে চিন্তা-ভাবনার মধ্যে রয়েছি। আর একটা কথা হচ্ছে - কাট অফ ইয়ার। যে এম.এল.এ ১৯৮০ সালের আগে মারা গিয়েছে, তাদের ওয়াইফ যারা তারা স্পাউস পেনশানও পান না তার কারণ হচ্ছে যেহেতু কাট অফ ইয়ার তৈরি করা হয়েছে - ১৯৮০ এর পরে যারা মারা গিয়েছে তারা পেনশান পাবেন কিন্তু ১৯৮০ পিছনে যারা মারা গিয়েছেন তাদের ওয়াইফ, স্পাউসরা পেনশান পাচ্ছেন না, তাঁরা বেঁচে আছেন। আমার কাছে হিসাব আছে, ২০-২৫ জন ম্যাক্সিমাম হবে তার বেশি নয়। এখানে টাকাটা বড় কথা নয়। একটা রেকগনিশান যে একজন এম.এল.এর ওয়াইফ ছিলেন - সেখানে পেনশান ১০০০, ৫০০০ যাই পাক না কেন এই কাট অফ ইয়ারসটাকে তুলে দিয়ে এনি মেম্বার - যিনি ৫ বছর এম.এল.এ ছিলেন, তিনি হয়ত মারা গিয়েছেন, তাঁর স্পাউস যদি বেঁচে থাকে তাহলে এই পেনশান তাদের দেওয়ার ব্যবস্থা করা হোক। কারণ এক্ষেত্রে খুব মিনিমামই রয়েছে। তাই এই বিষয়টাকে একটু দয়া করে দেখবেন। ৪ নম্বর বিষয়টা হচ্ছে এটা সবারই দাবি বি.ই.ইউ.পি ফান্ড - এই বি.ই.ইউ. পি-র ফান্ডের ব্যাপারে আপনাকে রিকোয়েস্ট করেছিলাম - এই ব্যাপারে অন্য রাজ্যের সাথে আমাদের কোন কমপ্যারেটিভ স্টাডি চলে না। কমপ্যারেটিভ স্টাডি হচ্ছে লজ্জাকর ব্যাপার কারণ আজকে আমি জানি যে ঝাড়খন্ডে যান ৩ কোটি টাকা রানিং আছে ইয়ারলি পান। সেটা ৪ কোটি করার প্রোপোজাল গিয়েছে। ওটা ফান্ডিং হয়ে যাবে। আমরা সেখানে ৬০ লক্ষতে ঘোরাফেরা করছি বহুদিন থেকে। সদনে মাননীয় অর্থমন্ত্রী আছেন, আপনিও আছেন - তাঁদেরকে আমি বলছি এই বিষয়টাকে দেখার জন্য। আমাদের এটা বাড়াতে হবে এটা দরকার তা নয়, বিষয়টা হচ্ছে যে এখন এম.এল.এ- দের এরিয়া আছে যেখানে ২০-২৫ করে গ্রাম পঞ্চায়েত আছে। যদি ৬০ লাখটা আপনি ভাগ করেন তাহলে আড়াই লাখ টাকার বেশি পড়বে না। তাতে কিছুই কাজ হবে না মানে কাজ করার যা খরচ বেড়ে গিয়েছে। যদি আপনি এই বি.ই.ইউ.পি-র ফান্ডটা রাখাতে চান তাহলে আমার ধারনা যে এটাকে বাড়ানো দরকার কারণ এটার একটা লজিক আছে। এখানে যে একটা বাড়াতে হবে - বাড়াতে হবে বলে দাবি করছি তা নয়, এটার একটা লজিক আছে এবং এটা বাড়ানো একান্ত দরকার। আদারওয়াইজ এই টাকাটা দেওয়া মানে ঝগড়াঝাটি ছাড়া আর কিছুই নয়।।

কোথাও কিছু কাজ করা যাচ্ছে না। একটা কাজ কমপ্লিট করতে আজকাল ৬০ লক্ষ টাকা লাগে। অন্যান্য যে পঞ্চায়েতের স্কিম আছে, মিউনিসিপ্যালিটির স্কিম আছে এগুলো যদি আপনারা দেখেন তাহলে দেখতে পাবেন ওদের প্রচুর টাকা। আমাদের এই বিষয়টাকে একটু দেখতে হবে। এটা না হলে আমাদের সমস্যা নিশ্চয়ই হবে। এই বিষয়গুলো আমি জেনারেলভাবে বললাম। এরপরে আসি আসল জায়গাতে আমাদের টাকা বাড়ানো হয়েছে। স্যালারি ৫ হাজার, অনেক খবরের কাগজে লেখালিখি হল, মিডিয়া বন্ধুরাও এখানে আছেন, দেখলাম আপনারা অনেকে লিখেছেন। কিন্তু আমি কয়েকটা কথা এখানে বলতে চাই প্রতিটি রাজ্যের স্টেটমেন্ট আমরা যদি দেখি, তারা যে স্যালারিগুলো দিচ্ছে তাতে তেলেঙ্গানা হচ্ছে হায়েস্ট, ২.৫ লক্ষ পার মান্থ, অনেকের সেন্সলেস হয়ে যাওয়ার জোগাড় আর কি। ইউ.পি তে ১ লক্ষ ২০ হাজার আছে। ওরা প্রপোজাল দিয়েছে সেটাকে বাড়ানোর জন্য। এটা বিল আকারে আসছে, কয়েকদিনের মধ্যে অ্যামেন্ডমেন্ট বেরিয়ে যাবে। তাদের ১ লক্ষ ২০ হাজার রানিং আছে। আমি স্যার, হরিয়ানার কথা বলি, ছোটো রাজ্য। সেই হরিয়ানাতে স্যালারি হচ্ছে ৪০ হাজার টাকা। আমাদের এখন স্যালারি ৫

হাজার। আরো যদি পাঁচ হাজার বাড়ে তাহলে ১০ হাজার স্যালারি হবে। তাদের কনস্টিটিউয়েন্সি অ্যালাউন্স ৬০ হাজার, অফিস অ্যালাউন্স ২৫ হাজার, কমপেনসেটরি অ্যালাউন্স ১০ হাজার, স্টেশনারি অ্যালাউন্স ১০ হাজার, সেক্রেটারি অ্যালাউন্স ১৫ হাজার এবং টেলিফোন অ্যালাউন্স ১৫ হাজার। মোট ১ লক্ষ ৭৫ হাজার। ডেলি আমরা যেটা এক হাজার টাকা পাই সেটা ওরা ২ হাজার টাকা করে পায়। স্যার, আমি আরো কয়েকটা রাজ্যের কথা বলি, কেন না এটা খুব দরকার। আমাদের এখানে এত বেশি প্রচার হয় যেন এম.এল.এ. রা কি না করে নিচ্ছে! এই বিষয়টা সবার জানা দরকার। মধ্যপ্রদেশ স্যালারি হচ্ছে ৩০ হাজার, কনস্টিটিউয়েন্সি অ্যালাউন্স ৩৫ হাজার, টেলিফোন ১০ হাজার, পোস্টাল ১০ হাজার, কম্পিউটার অপারেটার বা আরদালি ১৫ হাজার, মোট ১ লক্ষ টাকা। অন্যান্য যে বিষয়গুলো আছে রেল কুপন বা ইত্যাদি ইত্যাদি আমাদের যেমন আছে তেমনি ওদেরও আছে বরং আমাদের থেকে বেশি আছে, এয়ার আছে। আসাম, আমাদের থেকেও ছোটো রাজ্য। ওরা প্রতিদিন মিটিং-এ ১৫০০ টাকা পায়, আমাদের ১ হাজার আছে। স্যালারি ৬০ হাজার, কনস্টিটিউয়েন্সি অ্যালাউন্স ১০ হাজার, কন্টিজেন্সি অ্যালাউন্স ৫ হাজার, ২০০ লিটার পেট্রল-এর জন্য মান্থলি ১৩,৮২৪ টাকা, টেলিফোন বিল মোবাইল এবং ল্যান্ড ৩ হাজার ও ২.৫ হাজার, মোট ৯৪,৩২৪ টাকা। ওদের পেনশান যেটা আছে এক্স এম.এল.এ.দের তাতে ৩০ হাজার টাকা পেনশান এবং ইচ টার্মে ৩ হাজার টাকা বাড়বে। এরপর তামিলনাড়ুতে আসি স্যার। তামিলনাড়ুতে স্যালারি হচ্ছে ৮ হাজার, কমপেনসেটারি অ্যালাউন্স ৭ হাজার, টেলিফোন অ্যালাউন্স ৫ হাজার, কন্টিজেন্সি অ্যালাউন্স ১০ হাজার, পোস্টাল ২.৫ হাজার, কনসোলিডেটেড ২.৫ হাজার, ভেহিকেলের জন্য ২০ হাজার। ওদের টোটাল হচ্ছে ৫৫ হাজার টাকা। মিটিং-এ আমাদের থেকে ওদের কম আছে ৫০০ টাকা। তাদের নিজস্ব একটা সেক্রেটারি আছে। সেটা হচ্ছে এই যেমন বি.ডি.ও. অফিস আছে, পঞ্চায়েত অফিস আছে, সেইরকম এম.এল.এ. অফিস আছে। এম.এল.এ যেই হবে ওই অফিসে বসবে। ওই অফিসে সমস্ত সিস্টেম ফিটিং করা আছে। ওখানে সেক্রেটারি আছে, ক্লার্ক আছে, গ্রুপ ডি আছে, সব আছে। যিনি এম.এল.এ হবেন তিনি ওখানে গিয়ে বসবেন এবং সেখানে উনি কাজ করবেন। আমরা সকলে জানি মুখ্যমন্ত্রী ওখানে এক টাকা করে পেমেন্ট নেন। আমি ঝাড়খন্ডটা বলে শেষ করছি। যেহেতু ঝাড়খন্ড আমাদের পাশের রাজ্য। ঝাড়খন্ডে চিফ মিনিস্টার ২৪.৬০ লক্ষ টাকা পার অ্যানাম পান। আগে ১৭.২২ লক্ষ টাকা ছিল। ক্যাবিনেট মিনিস্টার ২১.৬০ লক্ষ টাকা পান পার অ্যানাম। আগে ছিল ১৫.৩০ লক্ষ টাকা ছিল।

[2:10 – 2:20 p.m]

এম.এল.এ.তে যদি আসি তাহলে আমাদের মাথা খারাপ হয়ে যাবে স্যার। এম.এল.এ. দের স্যালারি এখন হয়েছে ২১ লক্ষ ৬৪ হাজার টাকা। আগে ছিল ১১ লক্ষ ৬২ হাজার টাকা। এছাড়া অপোজিশান লিডার এবং চিফ হুইপদের মান্থলি বেতন হচ্ছে ১ লক্ষ ৭৫ হাজার টাকা। আগে ছিল ৮৯ হাজার টাকা। মাননীয় স্পিকার সাহেবের জানার জন্য বলি, ওখানে স্পিকারের মান্থলি বেতন হচ্ছে ১ লক্ষ ৭৫ হাজার টাকা, আগে ছিল ১ লক্ষ ৪,৫০০ টাকা। ডেপুটি স্পিকারের বেতন এখন ১ লক্ষ ৫৬ হাজার টাকা, আগে ছিল ৮২,৫০০ টাকা। এম.এল.এ. ল্যাড ছিল ৩ কোটি টাকা, হয়েছে ৪ কোটি টাকা। ভেহিক্যালের জন্য ৫০০ টাকা প্রতিদিন। হাউস বিল্ডিং লোন ৩০ লক্ষ টাকা, ৪% ইন্টারেস্টে। মোটরগাড়ি কেনার জন্য লোন ১৫ লক্ষ টাকা, ৪% ইন্টারেস্টে। সবচেয়ে ইন্টারেস্টিং ব্যাপার হচ্ছে, তাদের ইনকাম ট্যাক্সের সবটাই সরকার বহন করে। ওঁনাদের ইনকাম ট্যাক্স দিতে হয় না। আমি আর বেশি ব্রেক আপে যাচ্ছি না, শুধু এটুকুই বলি, সবার চেয়ে নীচে আছি আমরা। তাতে অসুবিধা নেই, কিন্তু একটা কম্পারেটিভ জায়গায় যেন আমরা আসি। এক্স

এম.এল.এ.দের ব্যাপারটা একটু ভাবা দরকার। এম.এল.এ. ল্যাড নিয়ে একটু ভাবা দরকার। আর সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে এম.এল.এদের সি.এ.। সি.এ না থাকাতে সবার অসুবিধা হচ্ছে। এবং, এম.এল.এ. দের স্ট্যাটাসটা কি, সেটা মাননীয় স্পিকার সাহেব একটা গাইড লাইন দিয়ে যদি জানিয়ে দেন।

মিঃ স্পিকার : মাননীয় অর্থমন্ত্রী সব শুনছেন, আপনাদের চিন্তার কোন কারণ নেই।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে 'দি বেঙ্গল লেজিসলেটিভ অ্যাসেমব্লি (মেম্বার্স ইমোলিউমেন্টস)(অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৭' এবং 'দি ওয়েস্ট বেঙ্গল স্যালারিস অ্যান্ড অ্যালাউন্সেস (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৭', এই দুটো বিল আলোচনা করতে গিয়ে স্যার আমি বাংলার রাজনীতি, বাংলার বিধানসভা, বাংলা, বাঙালির মানসিকতা এবং বাংলার ঘরাণা, এইগুলোর উপর একটু আলোকপাত করতে চাই। আমাদের উপনিষদের বাণী আছে - 'তেন তক্তেন ভুঞ্জিতা', ত্যাগের মাধ্যমে ভোগ কর। 'মা গৃধ কস্য সিদ্ধনম্', কারো সম্পদে লোভ করো না কারণ আমাদের রাজ্যের রাজনৈতিক যে বিবর্তন, এই রাজনৈতিক বিবর্তনে কিন্তু স্বাধীনতার পরে আমরা পেয়েছিলাম ডঃ বিধানচন্দ্র রায়কে, প্রফুল্লচন্দ্র সেনকে, অজয় মুখোপাধ্যায়কে, পরবর্তীকালে পেয়েছি বিশিষ্ট্য আইনজীবি সিদ্ধার্থ শংকর রায়কে। এবং, আপনি দেখবেন স্যার, এই পশ্চিমবাংলার রাজনীতির সঙ্গে ভারতবর্ষের একমাত্র রাজ্য কেরালার রাজনীতির কিছুটা মিল আছে। কেরালার যে রাজনীতি এবং তাদের যে বেতন স্ট্রাকচার, সেটা অলমোস্ট অ্যাট পার ওয়েস্ট বেঙ্গল। স্বাধীনতার পরে আমরা পেয়েছিলাম আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ডাক্তার বিধানচন্দ্র রায়কে। তাঁদের জীবনের মূল মন্ত্রই ছিল ফাঁসির মঞ্চে জীবনের জয়গান করা। তাঁরা ভোগের কথা ভাবেননি। তাই এই বিধানসভার সদস্য হিসাবে আমরা গর্বিত। তাঁদের প্রতিনিধি হয়ে তাঁদের সম্পদ আমরা লুঠ করছি না, ত্যাগের মাধ্যমে আমাদের কর্তব্য আমরা নির্বাহ করছি। পরবর্তীকালে আমরা পেয়েছিলাম ঋষিতুল্য মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেনকে।

যাঁর স্বাধীনতা সংগ্রামের ব্যাকগ্রাউন্ড ছিল। অজয় মুখোপাধ্যায় যার আত্ম সংগ্রাম ছিল। এই ভাবে বাংলার একটা ঘরানা তৈরি হয়ে গেছে। সেই ঘরানাকে নিয়ে আস্তে আস্তে করে আমরা অগ্রসর হচ্ছি। আজকে তাই আমি নেপালদাকে বলেছি বিরোধিতা করছি না, কিন্তু আমি শুধু বাংলার প্রেক্ষাপটটাকে নিয়ে, বাংলার রাজনীতির কোন ফিলোজফিতে বিশ্বাস করে, বাংলা কোন অর্থনীতিতে বিশ্বাস করে তার প্রেক্ষাপট বিচার করে ডঃ পার্থ চট্টোপাধ্যায়কে বিল আনতে হয়েছে। অর্থমন্ত্রীকে বিল দিতে হয়েছে। আমি অন্যান্য দাবির কথায় আসছি না, কারণ এই বিল আনতে গেলে কতগুলো পদ্ধতির উপরে দাঁড়িয়ে বিল আনতে হয়। বিধানসভার স্ট্যান্ডিং কমিটিতে যে কথা বেসিক্যালি আলোচনা করে পরবর্তীকালে ক্যাবিনেটের হাত ধরে, আজকে আইন বিভাগের হাত ধরে সর্বোচ্চ স্তরে, সর্ব শেষ স্তরে বিধায়কদের বিধানের জন্য বিধানসভায় উপস্থাপিত হয়, তাই মাননীয় স্পিকার স্যার, আমি সেই প্রসঙ্গগুলোকে আনতে চাই না যে প্রসঙ্গগুলো আলোচনার বিষয় নয়। এখানে স্ট্যান্ডিং কমিটিতে সব দলেরই লোক থাকে, সমস্ত বিধায়ক থাকেন, সর্বস্তরের আলোচনা সেখানে করা যেতে পারে। স্যার প্রথমেই যেটা বলেছিলাম যে দেখুন, আমাদের রাজনীতির একটা ঘরানা আছে যেটা প্রত্যক্ষত স্বাধীনতা সংগ্রামের। যাঁরা স্বাধীনতা সংগ্রাম করেছেন তাঁরা এই বিধানসভাকে আলোকিত করেছেন। পরবর্তীকালে বামপন্থী ঘরানার লোকেরা এই বিধানসভার কর্তৃত্ব করেছেন। বামপন্থী সরকার ছিল। তাঁরাও মনে করেছেন, ডঃ সুজন চক্রবর্তীদের দল যে অন্যান্য রাজ্যের মত আমাদের একটা বিরাট বেতন, বিরাট সুযোগ সুবিধাকে নিয়ে আমাদের ভোগ সর্বস্য রাজনীতি উপহার দিতে হবে, তাঁরা এটা করেন নি। পরবর্তীকালে মা মাটি মানুষের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার, 'তুমি ক্ষুধার্ত

থেকো না, তার মানে তুমি ভোগ বিলাসী হয়ে যেও না। এইরকম একটা দর্শনকে মাথায় রেখে আজকে এই বিলটি উপস্থাপিত হয়েছে। প্রেক্ষাপটটা কী বুঝতে হবে। সেদিন আমাদের বামপন্থী বন্ধুরা বলেছিলেন, ডি. এ বৃদ্ধি নেই, বার্ধক্য ভাতা নেই। সেদিনও বলেছেন বিধবা ভাতার কথা, ডি.এ বৃদ্ধির কথা। একথা মুখ্যমন্ত্রীর মাথায় আছে। পার্থ চট্টোপাধ্যায়ের মাথায় আছে এবং এই মাথায় আছে বলেই আমরা মাথায় হাত না দিয়ে - মাথা ঘামিয়ে আজকে বিধায়কদের জন্য যতটুকু বেতন এবং মন্ত্রী এবং আমাদের সহ মন্ত্রী বা উপমন্ত্রীদের জন্য বেতনক্রম আমরা এনেছি। সুতরাং, আমরা যারা বিধানসভার সদস্য, আমাদের এখানে যাঁরা মাননীয় মন্ত্রী পরিষদের সদস্য তথা মাননীয় মুখ্যমন্ত্রী সবাই একসঙ্গে অহংকার করে বলতে পারি যে, যেমন আমাদের মহাত্মা গান্ধী হাঁটুর উপরে কাপড় পড়তেন। কিসের দর্শন? মহাত্মা গান্ধীর কি কাপড় জুটত না ? মহাত্মা গান্ধী কি পুরো কাপড় পরতেন না ? মহাত্মা গান্ধীর কিসের অভাব ছিল ? কারণ তিনি ভাবতেন যদি আজকে সারা ভারতবর্ষের সেন্টিমেন্টের সঙ্গে সারা দেশের মানুষের সঙ্গে একাত্ম থাকতে হয়, তাহলে আমার পোশাক আশাক, বসন ভূষণ এই হবে। তাই এই মহতী সদনে এই বিল পর্যালোচনা করতে গিয়ে, এতো পাঁচ মিনিটের ডিসকাশন, আজকে দেখছেন না স্যার, কংগ্রেসের মধ্যে বসন্তের আওয়াজ, এই বিলের আনন্দে তো। ওরা পূর্বাভাস দিচ্ছে, যেহেতু বিলটি এসেছে আনন্দে, ভাল এটার সঙ্গে ওটা কোএনসাইড করে গেছে। তাই আমি বলি যে আমাদের ভাবনা আমাদের নিয়েই ভাবতে হবে। আমাদের টাকা আমাদের নিয়েই ভাবতে হবে। তাই এই বিল প্রসঙ্গে বলতে গিয়ে, প্রথমেই দেখুন বামফ্রন্ট দীর্ঘদিন ক্ষমতায় থাকার পরে সেকশন (থ্রী) এর অ্যামেন্ডমেন্ট করে ২০০৯সালে মেম্বারদের স্যালারি তিন হাজার থেকে পাঁচ হাজার করে ছিল। ২০০৯সাল থেকে ২০১৭ সাল। ন্যাচারালি আজকে আট বছর চলে গেছে। এই আট বছরে সমস্ত কিছু দ্রব্যমূল্যবৃদ্ধি হয়েছে। তাই ৯বছরের মাথায় পাঁচ হাজার করেছিলেন। আজকে ডঃ পার্থ চট্টোপাধ্যায় এবং বিধানসভার স্ট্যান্ডিং কমিটির সুপারিশক্রমে যেখানে বিধানসভার সব রাজনৈতিক দলের সদস্য ছিলেন, তাঁদের রেকমেন্ডেশান নিয়ে ১০ হাজার করেছেন। তাই বেশিও হয় নি, কমও হয় নি।

[2:20 – 2:30 p.m]

বেতন বৃদ্ধির প্রশ্নে পার্সপেকটিভ যদি না ভাবেন, জনপ্রতিনিধি কিসের আপনি, যদি অন্যের কথা না ভাবেন, অন্যের অভাব যদি না বোধ করেন, আপনি যদি সবার সঙ্গে শেয়ার না করেন, তাদের কথা না ভাবেন, তাহলে লোকে ভাববে আপনি বিচ্ছিন্ন। আমরা সেটা করতে পারি না। বর্তমানে আমি আর অ্যালাউন্সের কথায় যাচ্ছি না। এগুলিকে আমি সমর্থন করছি। এটাই আমাদের গর্ব। এটাই আমাদের বিউটি, এটাই আমাদের স্বাভিমান, আমরা মেম্বাররা জনগণের দেয়, যে ট্যাকস এর থেকে বেতন হয়। তাই আমরা আমাদের সম্পত্তি বৃদ্ধির কথা চিন্তা করতে পারি না। স্যার, আমাদের সি এম তো সন্ন্যাসিনী। তিন কাপ চা আর একশো গ্রাম মুড়িতেই তাঁর সারাদিন কেটে যায়। চানাচুর খানিকটা, কিছু বাদাম হলে ভালো হয়, নাহলে আরও ভালো। তাঁর বেতন বৃদ্ধির জন্য ভাবতে হবে না। বাড়াতে হবে না। তাঁর জন্য বেতন বাড়াতে হবে না। একজন ত্যাগী সন্ন্যাসিনীর বেতন বাড়ানোর জন্য ভাবছি না। কিন্তু সি এমের কাছে আসে কারা! সারা বিশ্বের লোক আসে। আসে কারা-সমাজবিদ্, আসে কারা-বিনিয়োগপতি, আসে কারা-বিভিন্ন গুনীজন, উদ্যোগপতি থেকে শুরু করে সকলে আসে। তার যে ব্যয়বরাদ্দ, তার যে খরচ তাদের এন্টারটেনমেন্টের যে খরচ, সেই খরচের জন্য মুখ্যমন্ত্রীকে আজকে দেওয়া হয়েছে। আজকে বর্তমান বিলের প্রস্তাবে ধরা হয়েছে ১৫ হাজার ১ টাকা। স্যার, আপনি বলুন তো আমাদের রাজ্যের অসংগঠিত শ্রমিকদের বেতন কত? মিনিমাম ওয়েজেস কত? বলুন তো ওয়েজেস শুধু

নয়, কত ঘন্টা কাজ করতে হয়? আট ঘন্টা কাজ করতে হয়। আর উনি করেন ১৯ ঘন্টা, সি এম কাজ করেন ১৯ ঘন্টা। সুতরাং এই ব্যাপারে আলোচনা করাটাই উচিত নয়। দুটো বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, এটা আমার বিবেচনায় খুব গুরুত্বপূর্ণ আলোচনা আজকে আমরা করছি। গভীর বিবেচনায় দেখাটা জরুরি। যুক্তি এবং লজিকের ভিত্তিতে চলাটাই বেশি শ্রেয়। আবেগ অথবা অনুপ্রেরণার প্ররিপ্রেক্ষিতে সিদ্ধান্ত নয়, যুক্তি এবং লজিকের ভিত্তিতে চলাটাই আমাদের শ্রেয়। শুরুতেই একটা কথা না বললে নিজের খারাপ লাগবে। গত ৮ই মার্চ একজন মেম্বার যখন একটা প্রশ্ন তুলেছেন, এই প্রসঙ্গে হাউসে কিছু বক্রোক্তি হয়েছে। এমন কমেন্টস এসেছে যেটা খুব সমীচীন নয় যে সুজন চক্রবর্তী সব জানেন, নিজেদের মধ্যে কো-অর্ডিনেশান নেই ইত্যাদি ইত্যাদি। আমি এনটাইটেলমেন্ট কমিটির ১০ই আগস্ট তারিখের মিনিটসটা নিয়ে এসেছি। সেটা কেউ পাঠ করলেই দেখবেন ৮ই মার্চের ওটা বক্রোক্তি ছিল। এই বক্রোক্তি হাউসে আমি সহ কেউ ডিজার্ভ করেনা। কেউ আমরা করিনা। এটা খেয়াল রাখা উচিত, দুটো বিল এখানে পেশ করা হয়েছে একসঙ্গে- জানতাম একটা, পরে আর একটা হয়েছে। একটা হয়েছে দ্য ওয়েস্ট বেঙ্গল স্যালারীজ এ্যন্ড অ্যালাউন্স বিল, যেটা পরে আসল। আর এর মধ্যে মেম্বারস ইমলিউমেন্টস অ্যামেন্ডমেন্ট বিল, যেটা আগে থেকে আলোচনা হয়েছিল। দুটো বিলের মধ্যে যদি আমরা একসাথে বিবেচনা করি তাহলে কমপ্যারেটিভ অ্যানালিসিস আসা উচিত। আমি বলব এইভাবে দেখলে দুটো বিলের মধ্যে কতগুলি বিস্তর গুরুতর ফারাক রয়েছে।

যেটা আপনি বিবেচনা করতে পারেন। স্যার, দি স্যালারি বিল যেটা- মন্ত্রী, স্পিকার ইত্যাদি ইত্যাদি সেটা ক্লজ 1(2) ইট স্যাল কাম ইনটু ফোর্স এ্যট ওয়ান্স। মন্ত্রীদের বিলটা কাল থেকে কার্যকরী হবে। এম.এল.এ.-দের বিল যেটা ক্লজ 1(2) ইট স্যাল কাম ইনটু ফোর্স অন সাচ ডেট, নট এ্যট ওয়ান্স। এ্যজ দি স্টেট গভর্নমেন্ট মে ডিসাইড, মন্ত্রীদেরটা আজকে সিদ্ধান্ত হবে, কালকে থেকে কার্যকরী হবে। একই দিনে একই সাথে দুটো বিল আমরা নিয়ে এসেছি। বিধায়কদেরটা যখন সরকার মনে করবে উইথ দি প্লেজার অফ দি গভর্নমেন্ট - তখন একই দিনে দুটো একই রকমের বিলে এই গুরুতর বিচ্যুতি আমার ধারনা নিশ্চয়ই মন্ত্রী মহাশয় খেয়াল করবেন এবং খেয়াল করে বলবেন। এটা ঠিক স্যার, বাজারের প্রচারটা হচ্ছে এম.এল.এ. দের সব প্রচুর বেড়ে গেল। আর আমি দেখছিতো ঠিক উল্টো। এম.এল.এ.-দের কিন্তু বাড়ে নি। পাঁচটা দশ। পাঁচটা দশ, অংঙ্কের বিচারে খুব একটা বেঠিক নাও হতে পারে। যদিও স্যালারী ইনক্লুডস্ ওয়েজস according to Oxford Dictionary। স্যালারি ইনক্লুডস্ ওয়েজ, মিনিমাম ওয়েজ মন্ত্রীদের, এম.এল.এ.-দের যদি আমরা তার থেকে কমিয়ে রাখি তাহলে সোসাইটীর জন্য মিনিমাম ওয়েজের দায় আমরা স্বীকার করতে চাইছি, এটা কখনও ঠিক কাজ হবে না। মিনিমাম ওয়েজ ইজ এন এনএ্যাক্টমেন্ট যেটা সমগ্র মানুষের জন্য হওয়া উচিত। সেই দায়টাকে আমাদের গ্রহণ করা দরকার। দুই, ...(নয়েজ)... উনিও অনেক বলেছেন, উনি, আমি আমরা দুজনেই ফোরগো করব প্লাস পাঁচটা। জ্যোর্তিময়বাবু আছেন নিশ্চয়ই সমর্থন করবেন, আমি ফোরগো। নিশ্চয়ই উনিও করবেন। আমার ধারনা বামপন্থী এম.এল.এ.-দেরও আমি বলব আমাদের ফোরগো করা উচিত, পরে আসছি সে কথায়। স্যার, স্যালারি এ্যট ওয়ান্স আর একটা হচ্ছে বাই ডিসিশান, মিনিমাম ওয়েজের সঙ্গে এর কোন সম্পর্ক নেই। স্যার, একই দিনে দুটি বিল- অসঙ্গতি কী রকম, অসঙ্গতি হচ্ছে মন্ত্রীদের ভাতা ইত্যাদি মিলিয়ে এই বিলটা যেটা কালকে থেকে কার্যকরী হবে। তাতে এক ধাক্কায় বাড়লো টু দি টিউন অফ্ রুপিজ ৭০ থেকে ৮০ হাজার টাকা। যদি আমার অংঙ্কে সামান্য কিছু ভুলত্রুটি থাকে দেখে নেবেন, এক ধাক্কায় কালকে থেকে

যেটা বাড়ছে। বিধায়কদের জন্য একই দিনে যখন আপনি আনছেন সেটা বলছেন পাঁচ হাজার টাকা, বিকজ স্যালারির বাইরে অন্যান্য কম্পোনেন্টগুলোতে এম.এল.এ.-দের অ্যাসিসটেন্ট থাকা মাস্ট। দু'দলেরই কাজ করতে হয়, যে পক্ষেরই হোক না কেন। একটা অফিস ছাড়া আজকের দিনে এম.এল.এ.-দের কাজ করাটা - তার দায়বদ্ধতাটাকে ঠিক মতো আমরা কাজে লাগাতে পারবো না। কিন্তু স্যার, কনস্টিটিউয়েন্সী এ্যালাউন্স এম.এল.এ.-দের জন্য তিন, মন্ত্রীদের জন্য আছে ৩০, এক ধাক্কায় বেড়ে হলো ৪৮।

ইফ আই অ্যাম নট মিস্‌টেকেন। স্যার, ডেইলী অ্যালাউন্সটা নিশ্চয়ই এ্যনোয়ালী না, ডেইলী অ্যালাউন্সটা নিশ্চয়ই মান্থলীও না, ডেইলী অ্যালাউন্সটা ডেইলী। এম.এল.এ.-দের ডেইলী অ্যালাউন্সটা যা ছিল তাই থাকলো, মন্ত্রীদের ডেইলী অ্যালাউন্সটা বেড়ে হলো এক হাজার থেকে দু হাজার, মানে ত্রিশ হাজার থেকে ষাট হাজার। এনহ্যান্সমেন্টের অ্যামাউন্টটা হচ্ছে ৩০ হাজার। এই রকমের কতগুলো অসঙ্গতি একই দিনে প্লেস করা দুটো বিল একইরকমের উদ্দেশ্যে তার মধ্যে এত গুরুতর ফারাকটা বোধহয় সমীচীন হবে না। আমি বলবো সেটা আপনি ভালো করে একবার দেখে নিন। স্যার, আমার দ্বিতীয় পয়েন্ট হচ্ছে এটা ঠিক - অনেকগুলো জরুরি কাজ আমাদের আছে, জ্যোর্তিময়বাবু কারেক্টলি বলেছেন, নেপালবাবু কতগুলো কথা খুব ভালো বলেছেন, উনিও কয়েকটি কথা কারেক্টলি বলেছেন। আমি ওনার অনেকগুলো কথার সঙ্গে একমত, সবগুলোর সঙ্গে নই। দ্বিমতটায় পরে আসছি। এটা ঠিক স্যার, ফিন্যান্স ডিপার্টমেন্টের অডার ফেব্রুয়ারী ২০১৬ - কন্ট্রাকচুয়াল, ক্যাজুয়াল আমরা বাড়াতে পারলাম না এখনও পর্যন্ত। গরীব মানুষ বিভিন্ন অংশের, তাদের ভাতা বিবেচনার মধ্যে থাকা উচিত, এখনও আমরা পেরে উঠি নি।

[2:30 – 2:40 p.m]

সরকারি, আধা সরকারি কর্মচারী বকেয়া ডি.এ. না, আমরা এখনও পেরে উঠি নি। জরুরি বিবেচনায় নিয়ে আসা উচিত। এবং তার চেয়েও বেশি জরুরি স্যার, প্রাক্তন বিধায়ক, যাঁরা আমাদের অগ্রজ, বয়স্ক, অসুস্থ তাঁদের ভ্রমণভাতা মানে যাতায়াতের এবং তাঁদের মেডিকেল ভাতা বিবেচনা না করে, এক্স এম.এল.এ.-দেরটা বিবেচনা না করে, অন্য যে কথা আমার বলার ছিল সেই একই কথা এখানে বলছি, রিপিট করছি, তাঁদেরটা না বাড়িয়ে এ্যজ এম.এল.এ. আমাদের যেহেতু একটু বাড়তি ক্ষমতা আছে, আমরা আমাদেরটা নিজেদেরটা বাড়িয়ে নিতে পারি যেটা আর কেউ পারে না। আমরা আমাদেরটা বাড়িয়ে নেব, এক্স এম.এল.এ.-দেরটা বাড়াবো না, ওঁদেরটা দেখবো না, এতে লোকে আমাদের বেইমান হিসাবে চিহ্নিত করবে, এটা লোকে আমাদের খারাপ বলবে স্যার। এটা আমাদের করাটা উচিত হবে না। Pending that correction we should not correct ours এটা আমার নিজস্ব নির্দিষ্ট প্রথা। এঁদেরটা বাদ দিয়ে আমাদের নিজেদেরটা করা ঠিক হবে না। আমার তৃতীয় পয়েন্ট স্যার, উনি বলেছেন ভোগবাদী হওয়াটা উচিত না। এটা একদম ঠিক, এই ভোগবাদী হওয়াটা ঠিক না। যদি কৃচ্ছসাধন আমরা রাজনীতির লোকেরা করতে না পারি, মুখে চুন-কালি পড়বে, চার পাশের খবর আমরা নিশ্চয়ই পাচ্ছি। তবে জ্যোর্তিময়বাবু আপনার জ্ঞাতার্থে জানাই, স্পিকার সাহেব আপনি উষ্মা প্রকাশ করেছিলেন, ব্যতিক্রমী ক্ষেত্র ছাড়া বড় বড় গাড়ি, দামী দামী গাড়ি বিধানসভার চারপাশে এমন ভরে যাচ্ছে। আমি দু, তিন আগে এম.এল.এ. হোস্টেলে গিয়েছিলাম, এম.এল.এ. হোস্টেলে কার্যত গাড়ি রাখার জায়গা নেই। আগে বোধহয় ৫, ৭টার বেশি গাড়ী দেখতাম না, এখন গাড়ীর পর গাড়ি, গাড়ির পর গাড়ি, গাড়ির পর গাড়ি। ভোগের অংশীদার হয়ে যখন আমরা আছি, তখন পাঁচ হাজার টাকাটা না বাড়ালে কি কোন এম.এল.এ.-র অসুবিধা হবে বলে আপনি মনে করছেন ? আমি মনে করছি অসুবিধা হওয়ার কথা না। এটা জরুরি নয়, এটা জরুরি নয়, আমার

নিজস্ব মত আমি বলছি। ... (হইচই) ... স্যার, যোগ্যতার বাইরে গিয়ে আমরা কী করছি খোঁজ করা দরকার। যোগ্যতার বাইরে গিয়ে আমরা কী করছি তা খোঁজ করা দরকার। অযথা চেঁচাতে বারণ করবেন। স্যার, আমি আবার রিপিট করছি যে অফিসিয়াল ব্যবস্থাটা থাকা উচিত। আমি নেপালবাবুকে বলব ঝাড়খন্ড বা হরিয়ানা মডেল হওয়াটা আমাদের পক্ষে সমীচীন না। ওঁরা যা করছেন স্যার, বাড়াবাড়ি করছেন কোন সন্দেহ নেই, তার অংশ হয়ে চলতে চাইব আমরা এটা আমাদের দিক থেকে ডিসক্রিমিনিটি।

স্যার, আমার আর দুটো কথা আছে, এক মিনিট হয়তো বাড়তি লাগতে পারে, আমার কথা হচ্ছে পঞ্চায়েতের মেম্বাররা কী নিজেরা নিজেদের স্যালারি ঠিক করেন ? না। তাঁরা ইলেকটেড রিপ্রেজেন্টেটিভ। মিউনিসিপ্যালিটি কমিশনাররা তাঁরা কী নিজেদেরটা ঠিক করেন ? না। তাঁরা ইলেকটেড রিপ্রেজেন্টেটিভ। আমরা অন্যদেরটা ঠিক করতে পারলাম না, আর আমরা নিজেরা নিজেদেরটা ঠিক করবো আমি এই কথা অতীতেও বলেছি, বরঞ্চ আমাদের এ ক্ষেত্রে যে সিদ্ধান্ত হওয়া উচিত এ্যজ এ কমিশন অথবা কমিটি যারা সবটা বিবেচনা করে এম.এল.এ.-দের ফাংশনিংকে ডেভালপ্ করার মতো করে প্রস্তাব দিন। আমাদের নিজেদের এটা ঠিক করাটা আদৌ ঠিক হবে বলে আমার মনে হয় না। আমার তাহলে কথাটা হচ্ছে এই বেসিক কনসেপ্ট হিসাবে আমরা নিজেরা নিজেদেরটা ঠিক করবো এটা উচিত হবে না। দুই, এক্স এম.এল.এ.সহ এই বিবেচনা বাদ দিয়ে আমরা নিজেদেরটা করে ফেলব এটা ঠিক হবে না। যতক্ষন না এটা করতে পারছি ততক্ষন পর্যন্ত এটাকে পেন্ডিং রাখাটা উচিত বলে আমি মনে করি। এবং সেই বিবেচনায় আমি স্পিকারের কাছে - আপনার মাধ্যমে একটি চিঠি দিচ্ছি এই হাউসে, চারটে দল আমরা সই করে দিয়েছি। আজ সদনে দি ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ ইত্যাদি ইত্যাদি বিধায়করা নিজেরা নিজেদের ...

মিঃ স্পিকার : আপনি যেটা আমাকে দেবেন সেটা পড়তে পারেন না। আপনি আমাকে পার্সোনালি দেবেন।

ডঃ সুজন চক্রবর্তী : ঠিক আছে আমি দিয়ে দিচ্ছি চিঠিটা, আমি চাইব আপনি এটা লে করে দিন। আমাদের বিধায়করা তাহলে সবাই জানতে পারবে। ধন্যবাদ স্যার, আমি এখনই দিয়ে আসছি।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বসে বসে শুনছিলাম। আগে যে পার্টি কৌটো নাড়াতো তার বিশাল সম্পত্তির কথা আমরা জানি। মৌলালিতে যদি যান দেখবেন কী রকমভাবে শ্রীবৃদ্ধি ঘটেছে কৌটো পার্টির। আসল কথা কি? এই ৩টি রাজ্যের একটায় চলে গেছে আর দুটোয় টিমটিম করে জ্বলে। সেইখানে যারা আমার বন্ধু ঐ সুজনবাবু এই যন্ত্রণায় ভুগছেন যে, উনি বোধ হয় শীঘ্রই প্রাক্তন হয়ে যাবেন। প্রাক্তনদের জন্য মাথা ব্যথা।।

...(এই সময় বামফ্রন্ট দলের মাননীয় সদস্য ডঃ সুজন চক্রবর্তী মহাশয় কিছু বলেন)...

আমি কিন্তু কোন বাধা দিইনি। আচ্ছা, আমি কিন্তু বাধা দিইনি। একটু শুনতে হবে। সার্কাস্টিক কমেন্ট করলে শুনতে হয় একটু। সেটা হচ্ছে, আমরা যখন বিরোধী দল ছিলাম এবং আমি নিজে বিরোধী দলনেতা ছিলাম তখন তৎকালীন অর্থমন্ত্রীকে তৎকালীন অধ্যক্ষ ডেকে বলেছিলেন, ওরা যা বলছে সবাই মিলে তোমরা একটু মেনে নাও। মানেনি। আর আপনি তার প্রতিনিধি এসে আমায় জ্ঞান দিচ্ছেন যে, ওদেরকে একটু দেখে দিতে হবে নইলে আমাদের অন্যায় হয়ে যাবে, আমরা বেইমান, আমরা বেইমানি করিনি, আমাদের রেকর্ড আছে যে, তখন বাড়াবার কথা ছিল। বাড়াননি। আমাদের রেকর্ড আছে আমরা একটা অ্যাসিস্টেন্স চেয়েছিলাম

যেটা আপনি আজকে বলছেন। ৩৪ বছরে আপনি সেই অ্যাসিস্টেন্স করেননি। শুধু তার বদলে ২ লক্ষ কোটি টাকা ঋণের বোঝাটা ছেড়ে দিয়ে বাড়ি চলে গেছেন। বাদবাকিটা আমাদের দিতে হবে। আপনি বন্ড নিয়েছেন, সেই বন্ডের টাকা আমাদের দিতে হবে। আপনি ঋণ নিয়েছেন তা শোধ করতে হবে আমাদের। আর তারপরে আমরা সবাই মিলে এখানে দাঁড়িয়ে একেবারে সন্ন্যাসীর মত বলব যে, আমরা তো যে জীবনযাপন করি তা নয়। আমাদের পার্টি বা অন্যদের পার্টি আপনাদের মতন পুরো insured নয়। আপনারা তো পুরো insured. কোন চশমা পড়বেন, কোন জামা পড়বেন সব পার্টি থেকে দেয়। পার্টিটা টাকা পাচ্ছে কোথা থেকে? পার্টিটা আপনাদের টাকাগুলো নেয় আবার কৌট্টো ঝাঁকিয়ে নেয়। আবার ১৬ কোটি টাকা ব্যাঙ্কে রাখতে গিয়ে PAN Card দিতে পারে না। সুতরাং আপনাদের এ কথাগুলো বলে লাভ নেই। আমি আপনাকে বলি যে, আপনার কোন জায়গায় আপনাদের প্রতিনিধিরা এনটাইটেলমেন্টে যাননি এটা হতে পারে না। আমি একেবারে পেছনের দিকে যাই যখন জ্ঞান সিং সোহন পালজি ছিলেন। তখন থেকেই কিন্তু এই মাইনে বাড়াবার প্রস্তাব বারেবারে এসেছে। আপনারা যখন ২৩৫ আর আমরা যখন ৩০ সেই ৩০-এর জোয়ান নিয়েই আমরা বলেছিলাম এটা করে দিন। ...(গোলমাল)... না, না তোমরা ৩০ আছে কি না তাই তো জানি না। এখন আছো তো ৩০? আছো, আচ্ছা। এখন নাকি ১৯? আপনি তো ১৯। ৩০-এ যেতে আবার টাইম লাগবে। আবার একটা নিবার্চন আসুক। তখন ১৯টা কেটে এসে আপনিও হাওয়া - ৯। আমি আপনাদের কাছে একটা কথা বলতে চাই। আপনি ঠিকই বলেছেন যে, এই কথাগুলো এনটাইটেলমেন্টের আমাদের যে সমিতি আছে সেখানে আলোচনাও করা যেতে পারে। কিন্তু আমরা যা করছি সবই খারাপ, আপনি যেটা নেবেননা কেন আপনার পার্টি আপনাকে দেবে না। তাই জন্যে অন্যেরাও পাবে না, বঞ্চিত হবে এটা কীরকম কথা বলুন। এটা ঠিক নয়। আপনি বলতে পারেন যে হ্যাঁ, এগুলো এরকমভাবে কথা উচিত। যেমন আপনি একটা ভালো কথাই বলেছেন যে, মন্ত্রীদেরটা কেন আজকে থেকে আর এম.এল.এ-দেরটা কেন as determined? এটা ঠিক নয়। আমি আপনাকে এই হাউসেই বলছি এটা নজরে আমারও এসেছে। যা কিছু হবে 1st April 2017 থেকে দু'পক্ষেরই। বাজেটে যেটা ইমপ্লিমেন্ট সেই মতন হবে। যেমন আপনার দলেরও সকলের জীবনযাত্রা একরকম নয়। আপনি যাদেরকে ইঙ্গিত করলেন, গাড়ি রাখা যায় না তাদের জীবনযাত্রার পরিবর্তনটা করল কারা। আপনারাই তো বলেছেন purchasing ক্ষমতা বেড়ে গেছে। আপনাদের অর্থমন্ত্রীই তো দিনের পর দিন বলে গেছেন এখানে purchasing বেড়ে গেছে, লুকিয়ে আনতো না গাড়ি। আমি নিজে মিটিংয়ে শুনেছি তাঁর নাম আমি করতে চাই না তাঁকে আমি যথেষ্ট শ্রদ্ধা করি – হাসিম আব্দুল হালিম। তিনি বলতেন তোমাদের হয়েছে কী? আগে তো বিড়ি খেতে পারতেনা এখন দেখি গাড়ি করে ফুরফুর-ফুরফুর করে আসছো। সবাই দুটো করে ই.এ নিচ্ছো।

[2:40 – 2:50 p.m]

এটা আমার কথা না। I am saying on the floor of the Assembly. I have a great respect for him. সেই লোকটা যখন বলে যে, এদেরকে একটা assistant দাও, সেই লোকটি যখন বলে যে, এদেরকে একটু মাইনে বাড়ানোর জন্য চেষ্টা করো এবং স্বয়ং তৎকালীন মুখ্যমন্ত্রী আমি বিরোধী দলনেতা হিসাবেই আপনাকে বলছি, বুদ্ধবাবুকেও যখন request করতে হয়, তারপরে ও কিন্তু কিছু হয়নি। আজকে assistant-টা বলছেন, সেদিনও হয়নি। সেদিনও হয়নি। আপনারা বলেছেন আমরা শুনব। আপনি যখন একটা assistant নিয়ে ভাবছেন, আমরা শুনব। কিন্তু আবার দেখবেন, তাতে আবার জনগণের উপর চাপ সৃষ্টি হবে না তো। সেটা দেখবেন। হ্যাঁ, এটা এখন দরকার সবার। এই দরকারটা ৩৪ বছর ধরে ছিল। এই দরকারটা নেপাল জানে, এই

দরকারটা মনোজ জানে, এই দরকারে চিৎকার করেছি বহুবার। আজকে ওনারা চিৎকার করছেন। কিন্তু সেদিনের সরকার দেয়নি। আপনারা কী করে বলবেন, আপনারাতো ছিলেন না, এলেন। যাঁরা ছিলেন যাঁরা বলছেন। না না নিশ্চই। যারা ছিল না বলে হবে না কেন। তারাও পাবে, এর পেছনের যে আমজাদ আছে তারাও পাবে। এখন, আমি একটা কথা বলি, আপনারা ভোগবাদীর কথা বলছেন, হ্যাঁ হ্যাঁ, ও বলেছে আপনার ভালো লেগেছে। হ্যাঁ, সি পি এমের সাংসদ, তার দলের লোকরা তাকে censor করলো কেন ? দামী ঘড়ি দামী পেনের জন্যে? তাহলে দামী ঘড়ি দামী পেন কি আজকাল কমিউনিস্ট পার্টি মার্কসিস্টরা দিচ্ছে। তাহলে সেইটা যদি বহন করতে পারে এতো দামী জিনিসপত্র, তাহলে এটা পারবে না কেন? আমি আপনাদের বলি, এটা ঠিকই, আপনাদের দাবীটা আমাদের এখানে না করে একটুখানি আলিমুদ্দিনে করা উচিত। যে, আমাদের কিছুটা দাও। সবটাই নিয়ে নিয়ো না। আমি এখনও মনে করি, আমাদের বিধায়করা, আমাদের মন্ত্রীরা তাঁরা যথেষ্ট কম পান অন্য রাজ্যের থেকে। এখন আপনি যদি ত্রিপুরার কথা বলেন, নিজেকে ত্রিপুরার মতো ভাবেন, ভাবুন। আমি বলছি, ত্রিপুরার কথাও যদি ভাবেন, ভাবুন। আমি আপনাদের বলছি যথেষ্ট কম। আজকালকার দিনে যদি আপনার সৎভাবে, ঠিকমতো আপনার বিধানসভা চালাতে হয়, তাহলে আপনার পেছনে যে খরচটা আছে সেটা আপনি বোধ করি জানেন। আপনার পার্টি তো দেয় না সেটা। কার বিয়ে হল, কার অমুক হল, তার হল, - কোথা থেকে আসবে। কে এতোবার ঘুরবে এতো বড় একটা constituency। সুতরাং এইটাকে খেলো করে দেখবেন না। সমস্ত পেশায়, সমস্ত জায়গায়, কিছু লোক আছে তারা অপব্যবহার করে। তারজন্য বেশিরভাগ লোকের বদনাম হয়। আমরা যেটা চিন্তা করছি সব লোকই যেন, সমানভাবে থাকতে পারে। তার জন্য Leader of the Opposition-কে আমরা বাদ দিইনি। কিংবা আমরা বলিনি দাঁড়াও ওটা আমরা ভেবে দেখবো। দেড় বছর ধরে গাড়ি দেব না - এতো আমার অভিজ্ঞতার কথা বলছি আমি। আমরা তা করিনি, মমতা বন্দ্যোপাধ্যায় তা করছেন না। বার বার বলছি আপনারা সেটা ভাবছেন এটা সত্যি নয়। আচ্ছা, কোন মুখ্যমন্ত্রী বলুনতো আগে তো উনি সাতবার MP ছিলেন। ৬/৪ বাড়িতে থাকেন এখনও পর্যন্ত - এই ক্ষমতার মধ্যে। কোন মুখ্যমন্ত্রী এখানে তার মাইনে, ...(voice)... বুদ্ধবাবু সরকারি আবাসনে থাকেন। হ্যাঁ, ২০০০ স্কোয়ার ফিট। আমার যাওয়ার অভিজ্ঞতা আছে। সুজনবাবু আমার যাওয়ার অভিজ্ঞতা আছে বুদ্ধবাবুর বাড়িতে। ...(voice)... আপনারতো থাকবেই, আপনি স্বয়ং এক নম্বর। আপনার থাকবে না, থাকবে। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় সরকারি গাড়ি চড়েন না, সরকারি বাড়িতে থাকেন না। তার জন্য একটা ধন্যবাদ দেওয়া উচিত। এবং মুখ্যমন্ত্রী হিসাবেও না বিধায়ক হিসাবেও না। তিনি মাইনে নেন না এবং পেনশানও সাংসদের সেটাও নেন না। এখন আমার প্রশ্ন হচ্ছে, এগুলো এক একটা ব্যতিক্রমী চরিত্র। সবাই গান্ধীজি হতেও পারবে না। সবাই বিবেকান্দ হতে-পারবে না। এমনকি সবাই মার্কস লেনিনও হতে পারবে না। সুতরাং আপনাদের বুঝতে হবে যে, বর্তমান পরিস্থিতিতে বিধায়কদের কীভাবে কাজ চালাতে হয়, কীভাবে জনমুখী করা যায়, সেগুলো আপনাদের ভাবতে হবে।

কীভাবে জনমুখী করা যায় সেগুলি আপনাদের ভাবতে হবে এবং সেই উদ্দেশ্যেই আমাদের এই বিল। এবং আমি বলব যে আপনারা রাজী হলেও গ্রহণ করতে পারবেন না তার কারণ গ্রহণ করে তো আর আপনারা আপনাদেরটা নেবেন না, নিয়ে তো দিতে হবে। সুতরাং আপনাদের গ্রহণ বর্জনের উপরে আমার খুব একটা আশা নেই কারণ আমি জানি, সেই কারণেই তৎকালীন মুখ্যমন্ত্রী আমাকে বলেছিলেন, আরে ভাই পার্থ কেন বাড়াতে বলো, আমি পাব টাকাটা। তো, এটা আমার অভিজ্ঞতা। কিন্তু আমি মনে করি, এটা দরকার। আর যেটুকু আপনি বলেছেন, যেটুকু নেপালবাবু বলেছেন, আমি দেখব। তবে আপনাদের এই প্রাক্তনদের নিয়ে চিন্তাটা কিন্তু '৮০সালের আগের প্রাক্তনদের নিয়ে চিন্তা নেই। আপনার চিন্তাটা ছিল '৮০-র পর থেকে এখন

পর্যন্ত বা আগামীদিনে যাঁরা প্রাক্তন হবেন তাঁদের জন্য। নইলে প্রাক্তনদের নিয়ে এত ভাবার কথা নয়। যথেষ্ট। আপনি যদি দেখেন - আমরা কিন্তু সময়ে সময়ে কিছুটা কিছুটা করে এনটাইটেলমেন্ট কমিটির মাননীয় অধ্যক্ষ তাঁর চেয়ারম্যান, বাড়িয়েছেন। আরো প্রস্তাব আছে, সবটাই তো এক সঙ্গে করা সম্ভব নয়। বিবেচনা করা হচ্ছে,হবে। যখন আর্থিক অবস্থা আর একটু ঠিক করা যাবে, আপনি অনেকগুলোর অবতারণা করেছেন, আমি ওর মধ্যে যাব না। তবে আপনি, ঐ একটা অবতারণা করেছেন, ঐসব মিনিমামি ওয়েজ, আমার আবার চাকরির সূত্রে এইসব জানা টানার অভ্যাস ছিল। আপনি বোধহয় এখনও ঠিক জানেন না। ২০১১তে ছিল ২৮০০টাকা, ২০১৬তে ৬৮০০ এবং ১০ হাজার টাকা, যারা স্কিল্ড। আর গভর্ণমেন্ট ক্যাজুয়াল- আপনার খবরটা ঠিক নেই, তারাও এখন থেকে ১০হাজার টাকা পায়। সুতরাং আপনি - আচ্ছা, মাথা নাড়াচ্ছেন, আমি তো এখানে বলে দিলাম, আপনি কপি নিয়ে নেবেন, আমার থেকে, আমার থেকে কপি নিয়ে নেবেন - এখন যদি আপনার পরিচিত কোন ব্যবসায়ী না দিয়ে থাকে তাহলে আমার তো কিছু করার নেই। সেটার জন্য আপনার এখানে মলয় ঘটক বসে আছেন, মলয় ঘটকের কাছে পাঠিয়ে দেবেন। তাই বলছি যে, মুখ্যমন্ত্রী সবার জন্য চিন্তা করেন,যেমন চিন্তাটা করেছে, আপনি বললেন পঞ্চায়েতের তো হল না। আপনাকে তো আমি জানতাম যে আপনার ইনফর্মেশন সিস্টেমটা খুব ভাল। মাঝে মধ্যে কংগ্রেসের সঙ্গে বসে কি ইনফর্মেশন সিস্টেমটা খারাপ হয়ে গেল, আমি বুঝতে পারছি না ব্যাপারটা ! নাহলে, পঞ্চায়েতের এত বড় একটা সম্মেলন হল, নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে এত বড় সম্মেলন হল, সেই সম্মেলনে মাইনে বাড়াবার কথা বলা হল প্রতিনিধিদের - আপনি কি সেটা শোনেননি? আপনারা কী যে করেন ভাই, আমি তো বুঝতে পারি না। মাঝে মধ্যে আমাদের কাছে আসবেন। আগে তো তবু পড়াশোনা ছিল, এখন পকেট ভরানো ছাড়া কিছুই করছেন না। আমি তাই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা যে দুটো বিল এনেছি, যা ফার্স্ট এপ্রিল, ২০১৭ থেকে নতুন বাজেটের থেকে শুরু হবে, সেই দিন থেকে দুটো ইমপ্লিমেন্ট করব। সেই আবেদন নিয়ে সবাইকে, সবার বক্তব্য মন দিয়ে শুনেছি, প্রাক্তনরা - প্রাক্তনদের ব্যাপারও শুনেছি, সহায়কের ব্যাপারও শুনেছি, আবার চশমা, চিকিৎসার খরচ, এগুলোও মাঝে মধ্যে আমাদের চোখে এসেছে, সুতরাং সেটাও দেখবো যে হতদরিদ্ররা কী করে ২৪হাজার, ১৪হাজার টাকার চশমা পড়ে বেড়াচ্ছে। সেটাও আমরা দেখব। এই কথা বলে সকলকে অভিনন্দন জানিয়ে এই দুটো প্রস্তাব সবাই মেনে নিন,বিধায়কদের মধ্যে কোন বিভাজন থাকা উচিত হবে না।

Mr. Speaker : Now, the question before the House is that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2017 be taken into consideration.

As many as are of that opinion please say "Aye", as many as are of the contrary opinion please say "No".

Ayes have it, Ayes have it.

Clause 2

Mr. Speaker : There is no amendment to clause 2. So, I put Clause 2 do stand part of the bill.

As many as are of that opinion please say "Aye", as many as are of the contrary opinion please say "No".

Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the bill do stand part of the Bill.

As many as are of that opinion please say "Aye", as many as are of the contrary opinion please say "No".

Ayes have it, Ayes have it.

(At this stage, Hon'ble Members of Leftfront and All India Congress walked out of the Chamber)

[2:50 – 3:00 p.m]

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2017 is passed; The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2017 is passed.

Now the question before the House is that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill 2017 be taken into consideration. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Clauses 2 to 5

Mr. Speaker : There are no amendments to Clauses 2 to 5. So I put to vote clauses 2 to 5 do stand part of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There are no amendments to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put to vote Clause 1, the

Enacting Formula, the Preamble and the Title of the Bill. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা কথা বলি এটা পাশ করানোর আগে। যাঁরা চলে গেলেন আশা করি তাঁরা বর্ধিত মাইনে আর নিচ্ছেন না। সুতরাং তাঁরা যদি লিখিতভাবে করেন তাহলে কিন্তু গ্রহণ করা যাবে না।।

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : Now the question before the House is that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2017, as settled in the Assembly, be passed. As many as are of the opinion please say, Aye, and as many as are of the contrary opinion please say, No.

Ayes have it. Ayes have it.

The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2017 is passed; The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2017 is passed.

MR. SPEAKER : Today the 10th March, 2017 is the last day of the Fifth Session of the Sixteenth Legislative Assembly. Before I adjourn the House sine-die, I would like to narrate in brief the business transacted during this Session.

(Position as on the 10th March, 2017)

1. QUESTIONS:

(A)	Total Number of Notices of Questions received	**253**
(B)	Total Number of Questions allocated	**218**
	i) Starred	**215**
	ii) Unstarred	**3**
(C)	Total Number of Questions admitted	**109**
	i) Starred	**108**
	ii) Unstarred	**1**
(D)	Total Number of Questions disallowed	**10**
(E)	Total Number of Questions replied	**53**
	i) Starred	**53**
	ii) Unstarred	**Nil**

(F) i) Total Number of replies to Questions received from the Departments but not yet placed in the order paper (Starred and Unstarred) **20**

ii) Total Number of Questions pending with the Departments **36**

iii) Total Number of Questions under Process **99**

In addition, I would like to make an announcement that Starred Questions to which replies have been received in this Secretariat but not yet answered in the House would be treated as Unstarred ones and replies thereto would be circulated to the Members.

2. GOVERNMENT BILLS :

(A) Number of Bills introduced **15**

(B) Number of Bills passed **15**

3. ADJOURNMENT MOTION :

(A) Notices received **2**

(B) Consent witheld **2**

4. CALLING ATTENTION NOTICES :

(A) Notices received **11**

(B) Notices admitted **3**

(C) Statement made **1**

In this connection I would also like to make an announcement that replies to Calling Attention Notices admitted by me and not replied in the House would be sent direct to the Members concerned.

5. LAYING OF AMENDMENT TO THE RULES:

(A) Amendment to the Rules Laid **1**

(B) Amendment to the Rules Re-Laid **1**

6. LAYING OF REPORTS, ACCOUNTS etc. OF GOVERNMENT COMPANIES AND UNDERTAKINGS etc..

Reports and Accounts etc. laid **5**

7. MENTION CASES **35**

8. ZERO HOUR **1**

9. NUMBER OF SITTINGS **8**

10. TOTAL HOUR OF SITTINGS 36 hours 45 minutes (upto 2.45 p.m. today)

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বপ্রথম আপনাকে ধন্যবাদ জানাই, আপনি অত্যন্ত ধৈর্যের সঙ্গে কংগ্রেস এবং সি.পি.এমের এই যে প্রচেষ্টা, হাউসের মধ্যে না থেকে টি.ভি-র পর্দায় ভেসে ওঠার তাদের যে নেশা, ওদের কাছে নিজেকে আত্মসমর্পন না করে আপনি বিধানসভার কার্যপ্রণালীকে যে উচ্চতায় ধরে রেখেছেন, এই মহতী সভার ঐতিহ্যকে ধরে রেখে আপনি কাজ করেছেন তারজন্য ধন্যবাদ। অনেক বিল এসেছে যেগুলো হাফ হার্টেড করে বিরোধীরা চলে যায়। তাদের মনোভাব এইরকম যা বলার বলে তো গেলাম, পাশ তো হয়ে যাবে, আমরা পকেটে নিয়ে যাব। এই মনোভাবে শুধুমাত্র জনগণের প্রতি আস্থার অভাব আমরা লক্ষ্য করছি। তা সত্ত্বেও আমি তাদেরকে বহুবার অনুরোধ করেছি আপনারা আসুন, আপনারা বিতর্কে অংশ নিন এবং গঠনমূলক আলোচনা করুন। সরকার পক্ষের যে সমস্ত কাজ মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে হচ্ছে সেই সমস্ত বিষয়ে আপনাদেরও ভূমিকা থাকা উচিত। আপনি অত্যন্ত মাথা ঠান্ডা রেখে ধৈর্যের সঙ্গে এই বাজেট অধিবেশন পরিচালনা করেছেন। আপনি সকলকে সমান সুযোগ দিয়েছেন, এমন কী অনেক সময় দেখা গেছে বিরোধীদের আপনি বেশি সময় দিয়েছেন। তাতে আমরা কিছু মনে করিনি, কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয় যে সিদ্ধান্ত নেন তার প্রতি আমরা আস্থাশীল। আমি আপনার পরিবারকেও অভিনন্দন জানাই, ভালোভাবে আপনার দিন কাটুক। আমি অভিনন্দন জানাই ডেপুটি স্পিকার মহাশয়কে, অধ্যক্ষের অবর্তমানে তিনি সুষ্ঠুভাবে কাজ পরিচালনা করেছেন। প্যানেল অফ চেয়ারম্যানকেও আমি অভিনন্দন জানাই। আমি অভিনন্দন জানাই আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়কে, তাঁর প্রচন্ড ব্যস্ততা থাকা সত্ত্বেও তিনি যেভাবে জনগণ এবং সর্বস্তরের বিষয়গুলো নিয়ে বিশেষ করে স্বাস্থ্যের উপর সাধারণ মানুষ যেভাবে আক্রান্ত সেটাকে বিধানসভায় এনে অতি তৎপরতার সঙ্গে সেই বিল পাশ করিয়েছেন। যখন দরকার হয়েছে তখন তিনি নিজে এসে অধ্যক্ষ মহাশয়ের কাছে সময় চেয়ে তার বক্তব্য পেশ করেছেন। আমি তার জন্য তাঁকে অভিনন্দন জানাই। আমি অভিনন্দন জানাই বিরোধী দলের সকলকে তাঁরা সবাই অংশ নিয়েছেন। আরও খুশি হতাম যদি কংগ্রেস এবং সি.পি.এমের এই বার বার টি.ভি-তে মুখ। দেখানোর ইচ্ছেটা না করে হাউসের ভেতরের আলোচনায় থাকত, তাহলে ভালো হত। আমি বিরোধী দল নেতার দ্রুত আরোগ্য কামনা করি। পরিষদীয় দলের সবাইকে অভিনন্দন জানাই, বি.জে.পি-র দিলীপবাবু আছেন, তাঁকে আমি অভিনন্দন জানাই। আমি সমস্ত বিধায়কদের অভিনন্দন জানাই, যখন যেমন দরকার পড়েছে তাঁরা অংশ নিয়েছেন। আমি মাননীয় মন্ত্রীদেরকে অভিনন্দন জানাই, যখন যেমন দরকার হয়েছে তাঁরা বিধায়কদের প্রশ্নের উত্তর দিয়েছেন। আমি সরকারি চিফ হুইপ, সরকারি ডেপুটি চিফ হুইপ এবং সেক্রেটারি সুজিত বসু-কে অভিনন্দন জানাই। তাঁরা এই হাউসের কাজকে সুষ্ঠুভাবে সম্পন্ন করবার জন্য চেষ্টা করেছেন। আমি অভিনন্দন জানাই বিধানসভার নিরাপত্তা রক্ষীদের, যাঁরা বিধানসভার নিরাপত্তার ব্যাপারটা দেখেন। আমি অভিনন্দন জানাই বিধানসভার সেক্রেটারিসহ বিধানসভার রিপোর্টারদের যাঁরা প্রতিদিন নিয়মিত আমাদের প্রসিডিংস রেকর্ড করেন।

[3:00 – 3:10 p.m]

আমি কলকাতা পুলিশকে ধন্যবাদ জানাই, যাঁরা বাইরের দিকটাকে সামলেছেন। আমি ধন্যবাদ জানাই, সাংবাদিক বন্ধু যাঁরা বহুক্ষণ বসে থেকে এই সভার কার্যপ্রণালী তাদের মতো করে তাঁরা লিখেছেন এবং আগামীদিনে যখন আবার অধিবেশন বসবে আমাদের মাননীয় বিধায়কদের কাছে বলছি, আপনারা আরও বেশি জ্ঞান অর্জন করুন - লাইব্রেরীতে যাবেন, সমস্ত বিধায়কদের কাছে বলছি - তাঁরা পুরানো হয়ে যাওয়ার পথে, প্রায় এক বছর হয়ে গেল এরকম অনেকেই আছেন। আবার অনেকের দশ বছর, পনেরো বছর হয়ে গিয়েছে। তাঁরা এইটাকে

ব্যবহার করবেন। আমি এই অভিনন্দন জানাচ্ছি মাননীয় অধ্যক্ষ মহাশয়কে - ধন্যবাদ জানাই, "ইলেকশান রেজাল্ট, ইলেকশান ওয়াচ" যেটা বের করেছেন দীলিপবাবুকে দিয়ে, তার দরকার ছিল। অভিনন্দন জানাই যাঁরা গেটের বাইরে থেকে অধীর আগ্রহে কী কী হবে তার জন্য অপেক্ষা করছেন বলে আমি সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। আপনারা সকলে ভাল থাকুন, ভাল রাখুন।

डाँ रोहित शर्मा - Hon'ble Speaker Sir,please allow me to speak in my mother tongue. अध्यक्ष महोदय, माननीय उपाध्यक्ष महोदय, माननीय मुख्यमंत्री, मंत्रीगणका मंत्री महोदयहरू संगसंगै सबै विधायकगण, विधायिकागण यस पवित्र सदनका सबै कर्मचारी वर्ग, सेकरेटरी महोदय अनि यस बजत सेशनलाई संचालन गर्नुमा सफलतापूर्वक आफनु भूमिका निर्वाह गरिदिनु भएकोमा सबैलाई म मेरो पार्टीको तर्फबाट हार्दिक अभिनन्दन प्रकट गर्नु चहान्छु। अध्यक्ष महोदय, हुनुलाई त हामी पहाडको तिनजना एम. एल ए मात्र छ तर म आग्रह गर्नु चहान्छु यो संख्या कम नै भएता पनि समस्त पहाडले हामी तिनजनालाई हेरि रहेकोले गर्दा पहाडको समस्याहरुलाई धैरे त हामीले यहां पेश गर्नु सकेको छौ। मलाई पूर्ण विश्वास छ हामीले राखेका कतिपय कुराहरुलाई सरकार पक्षले निश्चय नै ध्यानपूर्वक सुनेर त्यसको निर्वाह गरिदिनु हुन्छ भन्ने हामी पूर्ण विश्वस्त छौ। अध्यक्ष महोदय यस पवित्र सदन भित्र मैं आफैलाई विरोधीदल ठान्दन। यो पवित्र सदन हो यहां कुनै रुलिडपाटी हुन्दैन, यहाँ कुनै ओपोजिशन पाटी हुन्दैन, बंगालको जनताले पूरा यो पवित्र सदनमा के भएरहेको छ त्यो बाड्बाट हेरेकोले गर्दा हामीले राज्यका वासिन्दाहरुको आकांशा,इच्छा र वहाँहरुको भविष्यलाई निधारण गर्नु परे त यो पवित्र सदन राम्रो सितले चल्तु सकेको छ, अनि यसको सम्पूर्ण क्षेय अध्यक्ष महोदय म तपाईलाई दिन्दै फेरि पनि अध्यक्ष महोदय लगायत उपाध्यक्ष महोदय। सबै मंत्रीगणका मंत्री महोदयहरु अनि मेरा विधायक, विधायिकालाई पनि अभिनन्दन जनाउदै मेरो दुई शब्द धन्यवादको यही शेष गर्नु चहान्छु। धन्यवाद

শ্রী দিলীপ ঘোষ : - মাননীয় অধ্যক্ষ মহোদয়, এবারে অনেকগুলি গুরুত্বপূর্ণ বিল পাশ করতে আমরা সক্ষম হয়েছি। একাধিকবার বি.এ. কমিটি হয়েছে যাতে সুচারুরূপে, সদন চলে, সুন্দরভাবে কাজ হয়।

তা সত্ত্বেও গতবারের তুলনায় হয়ত একটু শান্তিতে হয়েছে। কিন্তু আমরা সবাই আশা করেছিলাম সুন্দরভাবে শেষ হোক কারণ আমাদের বিরোধী সদস্য বন্ধুরা যথেষ্ট সংযম রাখা সত্ত্বেও শেষ পর্যন্ত তা করতে পারেন নি। আমরা আবার বিরোধীদের মধ্যে বিরোধী। তারা চেষ্টা করে আমরা যাতে কম বলতে পারি বা না বলতে পারি। এইরকমও ঘটনা ঘটেছে আমার নাম লিখিত আকারে দেওয়ার পরেও আমাকে সুযোগ দেওয়া হয় নি। যাই হোক, এটা রাজনীতির অঙ্গ। আমার মনে হয় বাইরে থেকে ভেতরে রাজনীতি বেশি হচ্ছে। এটা করা কাম্য নয় যেহেতু মানুষ অনেক আশা নিয়ে আমাদের নির্বাচিত করে এখানে পাঠিয়েছেন, সংসদীয় রাজনীতির উদাহরণ তুলে ধরা আমাদের দায়িত্ব এবং তাদের আশা আকাঙ্ক্ষাকে রূপ দেওয়া আমাদের দায়িত্ব। আর একটি কথা বারবার আমি শুনছিলাম। বিরোধী বন্ধুদের কাছ থেকে শুনছিলাম গিলোটিনেতে দাও বিলটা। গিলোটিনে দিয়ে দিচ্ছে। ইতিহাসে পড়েছিলাম গিলোটিন একটা বড় ভয়ঙ্কর জিনিস। বিদেশ থেকে সেটা এসেছে। আমি জানি না এই সরকার এটা এনেছিলেন

কিনা আগের সরকার এটা নিয়ে এসেছেন। যাঁরা বলছেন তাঁরা নিয়ে এসেছেন কি না। এটা না হওয়াটাই ভাল। আর এই ধরণের সন্দেহ না হওয়াই ভাল। তাহলে বিশ্বাস নষ্ট হয় সকলের মধ্যে। আরেকটা জিনিস আমার অনুভব হয়েছে। ট্রেজারি বেঞ্চ থেকে আরেকটু সংযম, সহযোগিতা, সহনশীলতার উদাহরণ দেওয়া দরকার। আমার মনে হয় তাহলে সদন আরও ভালভাবে চলবে। যাই হোক, যা বিজনেস, মোটামুটি সেই বিজনেস আমরা করতে পেরেছি। সদনের সবাই সহযোগিতা করেছেন। মাননীয় স্পিকার অনেক ধৈর্যের সঙ্গে সভা সঞ্চালন করেছেন। যতটা সম্ভব সুষ্ঠুভাবে করার চেষ্টা করেছেন। মাননীয় ডেপুটি স্পিকার এবং কয়েকজন বরিষ্ঠ বিধায়ক যাঁরা বিভিন্ন সময় সঞ্চালনের দায়িত্ব পেয়েছেন, তাঁরাও দায়িত্ব পালন করার চেষ্টা করেছেন। এই বিধানসভার সঙ্গে যুক্ত মাননীয় মার্শাল, সমস্ত কর্মচারী, মিডিয়া বন্ধুরা সকলের সহযোগিতায় এবারের বিধানসভা অনেকটা সফল হয়েছে। আমি বিরোধীদের কাছে বলব তাঁদের বিরোধিতার যে ভূমিকা সেটা বিধানসভার মধ্যে করুক, বাইরে না করাই বাঞ্চনীয়। সেটা শোভা দেয় না আমাদের। আমরা বি জে পি পার্টি হিসাবে হয়ত বাংলার বাইরে ক্ষমতাশীল কারণ পশ্চিমবাংলায় আমরা বি পি এল তালিকায় আছি। সেইজন্য আমরা আমাদের ক্ষুদ্র সামর্থ্য নিয়ে, সহযোগিতা নিয়ে বিরোধিতা করার চেষ্টা করি। আমরা সেই সহযোগিতা করব। আমরা সংসদীয় পদ্ধতিকে বিশ্বাস করি এবং সেটা মানার চেষ্টা করি। তাই শেষ পর্যন্ত আমরা ময়দানে টিকে আছি। যাই হোক, সার্বিকভাবে অনেক ভালভাবেই আমাদের সভা শেষ হচ্ছে। একটা জিনিসের অভাব মনে হচ্ছে। আমাদের মাননীয় বিরোধী দলনেতা মান্নানবাবু অসুস্থ থাকার জন্য তাঁকে আমরা আমাদের সঙ্গে এই দশ দিন পাই নি। তাঁর সুচিন্তিত মতামত এবং বক্তব্য থেকে আমরা বঞ্চিত হয়েছি। আমরা সবার তরফ থেকে, আমাদের তরফ থেকে তাঁর সুস্থতা কামনা করি এবং দীর্ঘায়ু কামনা করব। আমি আশা করব পরবর্তী যে অধিবেশন আছে, নিশ্চয়ই আমাদের সঙ্গে থাকবেন এবং এই সভার গরিমা বৃদ্ধি করবেন। সর্বোপরি মাননীয় অধ্যক্ষ মহাশয়সহ আমাদের পরিবারের সদস্যদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং আগামীদিনে যখন আমরা সবাই মিলিত হব তখন সুখে শান্তিতে এবং সুস্থ শরীরে মিলিত হব। এই আশা রেখে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল ঘোষ : স্যার, আজকে বাজেট অধিবেশনের শেষ দিন। আমাদের সকলের পক্ষ থেকে আপনাকে আমার অভিনন্দন। আপনি সাহসিকতার সঙ্গে দৃঢ়তার সঙ্গে ফ্রেন্ডলি এই হাউসকে পরিচালনা করেছেন, তার জন্য আমি আমার পরিবারের পক্ষ থেকে শুভেচ্ছা জানাই। ডেপুটি স্পিকার সাহেবও আপনার অনুপস্থিতিতে হাউসকে সুন্দরভাবে সামলেছেন এবং তাঁকে স্বাগত জানাই। এই হাউসের যিনি নেত্রী মান্যবর মাননীয়া মুখ্যমন্ত্রী, তিনি অনেক সময় বিশেষ করে এই রাজ্যের অবস্থা এবং ব্যবস্থা নিয়ে এসেছেন, এই হাউসের, এই বিধানসভার গরিমা বাড়িয়েছেন। বিধানসভার কথাও তিনি শুনেছেন। তার জন্য তাঁকে সকলের পক্ষ থেকে আমাদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। আমাদের মান্যবর পরিষদীয় মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী প্রতিদিন এই হাউসে সকলকে এক সঙ্গে নিয়ে যাতে হাউসের বিজনেস ঠিকমত সবাই করতে পারে তার দিকে শুধু নজরই দেন নি, তাঁরা সক্রিয় ভূমিকা যাতে পালন করতে পারেন তার জন্য তাঁর ভূমিকার প্রশংসা করি এবং তাঁকে ধন্যবাদ জানাই।

[3:10 – 3:19 p.m]

স্যার, আমাদের পক্ষ থেকে সমস্ত বিধায়কদের ধন্যবাদ দিই। কিন্তু আমাদের ব্যথিত করে, যে এই হাউসে এবারে বেশ কিছুদিন ধরে বিশেষ করে কংগ্রেসের যাঁরা বিরোধী দল তাঁরা এবং পরিষদীয় দল সিপিএম যেভাবে এই সভার গরিমাকে তাঁরা আঘাত করেছেন

তাতে আমাদের ব্যথিত করেছে। তবু আমরা সকলে মিলে আশা করব যে, এই বিধানসভার গরিমা আগামীদিনে যাতে বজায় থাকে তার জন্য সবাই একসঙ্গে মিলে এগুলো করব। এখানে আমাদের বিধানসভার সচিব এবং বিধানসভার সমস্ত কর্মচারী বন্ধুদের আমার পক্ষ থেকে ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই প্রেস মিডিয়া, প্রিন্ট ইলেক্ট্রো মিডিয়াকে। এখানকার সমস্ত নিরাপত্তা ভাই-বোনেদের, কোলকাতা পুলিশকে, আমার ডেপুটি চিফ হুইপ শ্রী তাপস রায় এবং সমস্ত মন্ত্রীমন্ডলি যেভাবে তাঁরা এখানে প্রতিদিন এসে এই হাউসের কোশ্চেনের উত্তর দিয়েছেন, হাউসের গরিমা বৃদ্ধি করেছেন তার জন্য সকলকে ধন্যবাদ জানাই। এ কথা বলে সকলকে আরেকবার ধন্যবাদ জানিয়ে, আপনি এবং আপনার পরিবারের সকলে ভালো থাকুন, আপনারা সবাই ভালো থাকুন, এই কামনা করে আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

Deputy Speaker : Thank you Sir. আমি অনারেবল মেম্বারদের সবাইকে ধন্যবাদ দিচ্ছি। তাঁদের কোঅপারেশান ছাড়া এই হাউস কনডাক্ট করা সম্ভব হ'ত না, এই জন্য সকলকে ধন্যবাদ দিচ্ছি। আমি ধন্যবাদ দিতে চাই আমাদের অনারেবল স্পিকার, আমাদের পরিষদীয় মন্ত্রী এবং লিডার অফ অপোজিশান টাইম ট্যু টাইম বিধানসভার এ্যাডভাইজারি কমিটিতে এসে ডিসিশান নেওয়ার ক্ষেত্রে এবং ইমপ্লিমেন্ট করার ক্ষেত্রে হেল্প করেছেন। আমাদের অ্যাসেমব্লিতে যত গভর্নমেন্ট ডিসিশান হয়েছে, ইমপ্লিমেন্টের বিষয়ে আমাদের চিফ হুইপ এবং ডেপুটি চিফ হুইপ টাইম ট্যু টাইম এগজিকিউশানের ক্ষেত্রে যেভাবে এগিয়ে এসেছেন, তার জন্য তাঁদের সবাইকে ধন্যবাদ জানাই। ধন্যবাদ দিচ্ছি আমাদের সেক্রেটারি এবং স্টাফদের যেটা পিছন থেকে বিহাইন্ড দ্য টিম যেভাবে কাজ করেন, তা না হ'লে এই হাউসকে কনডাক্ট করা সম্ভব হ'ত না। I also thank security staff যাঁরা এখানে টাইম ট্যু টাইম মেনটেন করেছেন। তাঁদের সকলকে আমি ধন্যবাদ দিচ্ছি যাঁরা প্রেস মিডিয়া, যাঁরা অর্ডারলি ম্যানার এখানে আসে এবং এখান থেকে রিপোর্টিং করেন। আমি রিকোয়েস্ট করব প্রত্যেককে, আমাদের সঙ্গে আবার আপনাদের দেখা হবে, এই জন্য শুভেচ্ছা জানাচ্ছি। আমার মনে হচ্ছে, শীঘ্রই হয়ত আবার দেখা হ'তে পারে। এই কয়েকটি কথা বলে আমি আপনাকে ধন্যবাদ দিয়ে আমরা বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : সবাইকে ধন্যবাদ জানাই। আজকে আমাদের এই অধিবেশনের শেষ দিন। আমাদের এই অধিবেশনে অনেক গুরুত্বপূর্ণ বিল পাশ হয়েছে। পনেরটি বিল পাশ করা হয়েছে এই গুরুত্বপূর্ণ হাউসে। তার মধ্যে হেল্থ বিলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই সঙ্গে অনেক গুরুত্বপূর্ণ বিল পাশ হয়েছে। মাননীয় সরকার পক্ষের সদস্য, বিরোধী দলের সদস্যরা সবাই অংশগ্রহণ করেছেন। এবারের আলোচনা এবং বিতর্ক আমার মনে হয় মানের দিক থেকে অনেক উন্নত হয়েছে। আগামীদিনে আরও উন্নত হবে। শান্তিপূর্ণ পরিবেশে আলোচনা হলে ভালো হয়। তবে বিধানসভার নিজস্ব একটা উত্তাপ থাকে। আমি আমার একটা ব্যক্তিগত দৃষ্টিভঙ্গির কথা বলি। আমার মনে হয়, একজন স্পিকার নির্বাচিত হওয়ার আগে তার ধৈর্য্যের পরীক্ষা দেওয়া দরকার যে, সে কতক্ষণ এক জায়গায় ধৈর্য্য ধরে বসে থাকতে পারে, চিৎকার-চেঁচামেচির মধ্যে নিজেকে শান্ত রাখতে পারে। এই পরীক্ষা বা টেস্ট করার পরে তাকে বোধ হয় একজন স্পিকার হিসাবে নির্বাচিত করা উচিত কারণ এখান থেকে আমার এই অভিজ্ঞতা হয়েছে। যাইহোক, আমাদের এখানে অনেক গুরুত্বপূর্ণ প্রশ্ন অনেকে করেছেন। মাননীয় মন্ত্রীসভার সদস্য তাঁরা উত্তর দিয়েছেন। এখানে আমাদের যেমন সরকার পক্ষের মাননীয় মন্ত্রী পি.এ মিনিস্টার তাঁর দক্ষতায় তিনি যেভাবে আমাদের এই সমস্ত প্রশ্ন এনেছেন আলোচনার জন্য, তাকে বিশেষভাবে আমি ধন্যবাদ জানাই। আমাদের যিনি গভর্নমেন্ট চিফ

হুইপ এবং ডেপুটি চিফ হুইপ নির্মলবাবু এবং তাপসবাবু, তাঁদেরও ধন্যবাদ জানাই। আমাদের যিনি ডেপুটি স্পীকার রয়েছেন এবং প্যানেলের চেয়ারম্যানরা রয়েছেন তাঁদের সবাইকে আমি ধন্যবাদ জানাই।

আর একটা কথা, আপনারা বললেন, দেখুন এবারে আপনারা যাঁরা রয়েছেন, আমাদের মাননীয় সদস্যরা, এইবার পশ্চিমবঙ্গ বিধানসভায় যত প্রশ্ন হয়েছে, ৫৬-টা ষ্টার্ড কোশ্চেন হয়েছে এই ক'টা দিনে এবং তার মধ্যে দেখা যাবে প্রায় ৭০-র বেশি শতাংশ প্রশ্নই কিন্তু বিরোধীদের দিয়েছি আমরা। বিরোধীরা, তাঁরা প্রশ্ন করতে পেরেছেন কারণ যেহেতু 'House belongs to the opposition'- এই কনসেপ্টে বিশ্বাস করি; তাঁদের আমরা বলতে সুযোগ দিয়েছি।

আমাদের মন্ত্রীসভার মাননীয় সদস্যরা বসে রয়েছেন। তাঁদের ধন্যবাদ জানাই। তাঁরা অত্যন্ত দক্ষতার সঙ্গে প্রত্যেকটা প্রশ্নের উত্তর দিয়েছেন সেইজন্য তাঁদেরও ধন্যবাদ জানাই।

আর, গিলোটিনের কথা আপনি বলেছেন। লোকসভাতেও গিলোটিন আছে। আপনি একটু খবর নিয়ে দেখবেন। লোকসভায় যাঁরা রয়েছেন, যে দল চালায়, আপনার দলের সদস্য, দিলীপবাবু আপনি একটু খবর নিয়ে দেখবেন গিলোটিন ওখানেও হচ্ছে। আগে যাঁরা ছিলেন তাঁরাও জানেন এটা।

এবারে মোট ১২টা গুরুত্বপূর্ণ ডিমান্ড নিয়ে আমরা আলোচনা করেছি। অত্যন্ত গুরুত্বপূর্ণ ডিমান্ড নিয়ে আলোচনা হয়েছে। সুচিন্তিত মতামত সবাই দিয়েছেন। ভালো বিতর্ক হয়েছে। সব বিলগুলো পাশ হয়েছে। বাজেটের এই অধিবেশন, বিশেষ করে 2nd session of the Budget , এই 2nd part of the Budget session, মাননীয় অর্থমন্ত্রী রয়েছেন, অর্থমন্ত্রী তিনি যেভাবে আমাদের বিভিন্ন ডিমান্ডগুলো পাস করানোর জন্য এবং তার বিশেষ করে অর্থ বিলের ওপর বক্তব্য রেখেছেন তাঁকে আমি বিশেষভাবে ধন্যবাদ জানাই।

আর, আমাদের এখানে যিনি সেক্রেটারি আছেন এবং বিধানসভার সেক্রেটারিয়েট, তাঁরাও প্রত্যেকদিন অত্যন্ত পরিশ্রম করেন, আমি দেখেছি ৮টা, সাড়ে ৮টার আগে কেউ বাড়ি, যেতে পারেন না। বিশেষ করে যাঁরা এখানে রিপোটার রয়েছেন তাঁদের সবাই কাজ সেরে, বেরোতে বেরোতে সাড়ে ৮টা, কোনদিন তার বেশি হয়ে যায়। আমাদের সেক্রেটারিও অনেক বেশি সময় পর্যন্ত থাকেন।

আর, আপনারা যাঁরা মিডিয়াতে রয়েছেন তাঁরা আমাদের সমস্ত খবর কভার করে বাইরে, মানুষকে জানিয়েছেন। অনেক সময় মানুষ জানতে চায়, পশ্চিমবঙ্গের মানুষ জানতে চায় বিধানসভায় কী আলোচনা হল, কী গুরুত্বপূর্ণ বিল পাশ হল এবং সেই পবিত্র কর্তব্য-টা আপনারা পালন করেছেন। আপনারা আপনাদের সংবাদ মাধ্যমের মাধ্যমে, সংবাদ প্রকাশের মাধ্যমে সাধারণ মানুষকে জানিয়ে দেন।

এখানে যাঁরা রয়েছেন তাঁদের সহযোগিতা ছাড়া বিধানসভা চলতে পারে না। আজকে আমাদের বিরোধী দলের কিছু কিছু সদস্য এখন এখানে উপস্থিত নেই। তাঁদেরও আমি বিশেষভাবে ধন্যবাদ জানান। তাঁরা না থাকলেও বিধানসভা পরিচালনার ক্ষেত্রে তাঁদেরও সহযোগিতা আমরা পেয়েছি। এটাই কাম্য।

পরিশেষে বলি, আমাদের মান্নান সাহেব, যিনি বিরোধী দলের নেতা, উনি তাড়াতাড়ি শীঘ্র সুস্থ হয়ে বিধানসভায় আসুন এটা আমরা কামনা করি। আমি মাঝে মাঝেই ওঁর স্বাস্থ্যের খবর

নিই। বিভিন্ন সদস্য যাঁরা রয়েছেন কংগ্রেস পরিষদীয় দলের এবং মান্নান সাহেবের সঙ্গে ফোনেও আমার একবার কথা হয়েছে। উনি ভালোই আছেন। আশা করি কিছুদিনের মধ্যে সুস্থ হয়ে বিধানসভায় আসবেন।

আর, আপনারা, আমাদের মাননীয় বিধায়করা রয়েছেন, তাঁদেরও শুভেচ্ছা জানাই। সামনেই হোলি আপনারা জানেন। হোলির শুভেচ্ছা রইলো। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা উৎসব। আমাদের সবাইকে সতর্ক থাকতে হবে যাতে শান্তি-শৃঙ্খলা বজায় থাকে। সবাইকে ধন্যবাদ জানিয়ে, আমাদের যাঁরা এখানে সিকিউরিটি ষ্টাফ রয়েছেন, পুলিশ রয়েছে, তাঁদের ধন্যবাদ জানাই।

The House stands. adjourned sine a die. Thank you ladies and gentlemen.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

Vol.-146, No.- II

(Budget Session, 2017)

(From 1st March to 10th March, 2017)

[The 1st, 2nd, 3rd, 6th, 7th, 8th, 9th and 10th March 2017]

Index

Date : 01.03.2017

Obituary References

by Mr. Speaker / PP-1-3

Presentation of Committee Reports / P-3

Laying of Amendment to the Rules / P-4

Report of the Business Advisory Committee /P-14

Date : 02.03.2017

Leave of Absence / PP-7-8

Adjournment Motion /P-8

Presentation of Committee Reports / P-7-11

Legislation

The West Bengal Agricultural Produce

Marketing (Regulation) (Amendment) Bill 2017 / PP-11-34

Discussed by — শ্রী জ্যোতির্ময় কর / PP-11-15
— শ্রীমতী রমা বিশ্বাস / PP-15-18
— শ্রী নর্মদা চন্দ্র রায় / PP-18-19
— শ্রী মানস মজুমদার / PP-19-22
— শ্রী মনোজ চক্রবর্তী / PP-22-25
— শ্রী সমীর কুমার জানা / PP-25-28
— শ্রী আবু তাহের খান / PP-28-31

replied by — শ্রী তপন দাশগুপ্ত / PP-31-33

The West Bengal Municipal (Amendment) Bill, 2017 /PP–34-44

Discussed by — শ্রী মানস মুখার্জী / PP-34-37
— শ্রী তাপস ব্যনার্জ্জী / PP-37-38
— শ্রী গৌরী শঙ্কর দত্ত / PP-38-40
— শ্রী বিশ্বনাথ পারিয়াল / PP-40-41
Replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-41-43

The Howrah Improvement (Amendment) Bill, 2017 /PP–44-57

Discussed by — শ্রী কানাই চন্দ্র মন্ডল / PP-45-47
— শ্রী জাটু লাহিড়ী / PP-47-49
— শ্রী অসিত মিত্র / PP-49-51
— শ্রী শীতল কুমার সর্দার / PP-52-53
Replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-53-56

Discussion and Voting on Demands for Grant
Demand No.72 / PP–57-86

Discussed by — শ্রী আনিসুর রহমান / PP-57-60
— শ্রী সুজিত বোস / PP-60-63
— শ্রী রথীন ঘোষ / PP-63-66
— শ্রী রুনু দত্ত / PP-67-68
— শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জ্জী / PP-68-70
— শ্রী অর্জুন সিং / PP-71-74
— শ্রী অপূর্ব সরকার / PP-75-80
Replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-81-86

Report of Business Advisory Committee / PP–74-75

Date – 03.03.2017

Starred Questions
(to which oral Answers were given)

*১ — শ্রী অসিত মিত্র

— শ্রী অসিত মজুমদার
— শ্রীমতী সোনালী গুহ
— শ্রী নর্মদা চন্দ্র রায়
— শ্রী শংকর দলুই
— শ্রীমতী প্রতিমা রজক
— শ্রী পার্থ ভৌমিক
— শ্রী মনোজ চক্রবর্তী
Replied by — শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-87-90
*২ — শ্রী সমীর কুমার জানা
Replied by — শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-91-92
*৭ — শ্রী বিশ্বনাথ চৌধুরী
— শ্রী অপূর্ব সরকার
— শ্রী অলোক কুমার মাঝি
— শ্রী মনোজ টিগ্গা
Replied by — শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-92-95
*৩ — শ্রী তন্ময় ভট্টাচার্য্য
— শ্রী শঙ্কর মালাকার
Replied by — শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-95-97
*৪ — শ্রী অসিত মজুমদার
— শ্রী মহুয়া মৈত্র
— শ্রী সমর হাজরা
— শ্রী নেপাল মাহাত
— শ্রী সুজিত চক্রবর্তী
— শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী
Replied by — শ্রী শশী পাঁজা / PP-97-101
*৫ — শ্রী মানস মুখার্জী
Replied by — শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-101-102
*৬ — শ্রী কল্লোল খাঁ
— শ্রী প্রদীপ কুমার সাহা
Replied by — শ্রী স্বপন দেবনাথ / PP-102-104

Starred Questions
(to which oral Answers were laid on the 'Table')

*৮ — শ্রী কালীপদ মন্ডল / PP-104-107

*৯ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা / P-107

*১০ — শ্রী সমীর কুমার পোদ্দার / P-107

Calling Attention (Notice) / PP-107-108

Presentation of Committee Reports / PP-108-109

Mention Cases

by — শ্রী মানস মুখার্জী / PP-109-110

— শ্রী খগেন মুর্মু / P-110

— শ্রী সমর হাজরা / P-110

— শ্রী বিশ্বনাথ চৌধুরী / PP-110-111

— শ্রী সুজিত চক্রবর্তী / P-111

— শ্রী রুনু দত্ত / P-111

— শ্রীমতী জাহানারা খান / P-111

— শ্রী ধীরেন্দ্রনাথ লায়েক / P-112

— শ্রী নেপাল মাহাত / P-112

Legislation

The West Bengal Clinical Establishments (Registration, Regulation and Transparency) Bill, 2017 / PP-112-149

Discussed by — শ্রী আখরুজ্জামান / PP-114-116

— শ্রী নির্মল মাজি / PP-116-118

— শ্রী বিশ্বনাথ চৌধুরী / PP-118-119

— শ্রী মইনুল হক / PP-119-121

— শ্রীমতী মহুয়া মন্ডল / PP-121-123

— শ্রী অসিত মিত্র / PP-123-126

— ডঃ সুজন চক্রবর্তী / PP-126-129

— শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-130-142

Replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / P-142

The West Bengal School Service Commission (Amendment) Bill, 2017

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2017

The West Bengal Schools (Control of Expenditure) (Amendment) Bill, 2017 / PP-149-168

Discussed by – শ্রী মিল্টন রশিদ / PP-150-151
– শ্রী কালীপদ মন্ডল / PP-151-153
– শ্রী সেখ আমজাদ হোসেন / PP-153-155
– শ্রী ব্রজমোহন মজুমদার / PP-155-157
– শ্রী ডঃ সুখবিলাস বর্মা / PP-157-159
– শ্রী যোগরঞ্জন হালদার / PP-159-161
– শ্রী সেখ ইব্রাহিম আলি / PP-161-162

Replied by – ডঃ পার্থ চ্যাটার্জী / PP-162-164

Date – 06.03.2017

Starred Questions
(to which oral Answers were given)

*১১ – শ্রী নগেন্দ্রনাথ রায়
– শ্রী সমর হাজরা
– শ্রী উদয়ন গুহ
– শ্রী প্রদীপ কুমার সাহা
– ডঃ সুজন চক্রবর্তী
– শ্রী রোহিত শর্মা
– শ্রীমতী নার্গিস বেগম
– শ্রী অসিত মিত্র
– শ্রী সেখ আমজাদ হোসেন

Replied by – শ্রী পূর্নেন্দু বসু / PP-169-173

*১৪ – শ্রী অসিত মজুমদার
– শ্রীমতী সাবিনা ইয়াসমিন
– শ্রী ভূপেন্দ্রনাথ হালদার

— শ্রী বিশ্বজিৎ কুন্ডু
— শ্রী অপূর্ব সরকার
— শ্রী জগদীশ চন্দ্র বর্মা বাসুনিয়া
— শ্রী শীতল কুমার সর্দার
— শ্রী খগেন মুর্মু
— শ্রী নবীন চন্দ্র বাউড়ি

Replied by — শ্রী তপন দাশগুপ্ত / PP-174-177

*১৫ — শ্রী রুনু দত্ত
— শ্রী আনিসুর রহমান
— শ্রী মনোজ চক্রবর্তী

Replied by — শ্রী পূর্নেন্দু বসু / PP-177-179

*১৬ — শ্রী অসিত মজুমদার
— শ্রী আবু তাহের খান
— শ্রী মানস রঞ্জন ভূঞ্যা

Replied by — শ্রী পূর্ণেন্দু বসু / PP-179-181

*১৯ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
— শ্রী দেবেন্দ্র নাথ রায়
— শ্রী কালীপদ মন্ডল
— শ্রী মোস্তাক আলম
— শ্রী মানস মুখার্জী

Replied by — শ্রী অরূপ রায় / PP-181-183

Starred Questions
(to which answers were laid on the 'Table')

*১৭ — শ্রী দেবেশ মন্ডল / PP-183-184

*১৮ — শ্রী উইলসন চম্পামারী / P-184

Leave of Absence / PP-184-185

Mention Cases

— শ্রী সুজিত চক্রবর্তী / PP-185-186
— শ্রী অসিত মিত্র / P-186

— শ্রী সেখ শাহনাওয়াজ / P-186
— শ্রীমতী জাহানারা খান / P-186
— শ্রী প্রদীপ কুমার সাহা / PP-186-187
— শ্রীমতী নার্গিস বেগম / P-187

Zero Hour

ডঃ সুজন চক্রবর্তী / PP-187-188

Discussion and Voting on Demands for Grant / PP-189-209

Demand No. 43

Discussed by — শ্রী খগেন মুর্মু / PP-189-190
— শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা / PP-190-193
— শ্রীমতী জাহানারা খান / PP-193-195
— শ্রী শ্যামল মন্ডল / PP-195-196
— শ্রী সমীর কুমার জানা / PP-196-199
— শ্রী অসিত মিত্র / PP-199-202
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-202-209

Report of Busness Advisory Committee / PP-209-210

Demand No. 53 / PP-224-231

Discussed by – শ্রী আখরুজ্জামান / PP-210-212
— শ্রী স্বর্ণকোমল সাহা / PP-213-215
— শ্রী অশোক কুমার দিন্দা / PP-215-216
— শ্রী বিশ্বজিৎ কুন্ডু / PP-216-217
— শ্রী সুজিত চক্রবর্তী / PP-217-218
— ডঃ সৌরভ চক্রবর্তী / PP-218-221
— শ্রীমতী প্রতিমা রজক / PP-221-224
Replied by – শ্রী শুভেন্দু অধিকারী / PP-224-231

Demand No. 21 / PP-231-251

Discussed by – শ্রী সুদীপ কুমার মুখার্জী / PP-232-234
— শ্রী সেখ শাহনাওয়াজ / PP-234-236
— শ্রী সেখ আমজাদ হোসেন / PP-236-2238

— শ্রী কল্লোল খাঁ / PP-238-239
— শ্রী প্রদীপ কুমার সাহা / PP-239-241
— শ্রী মানস মজুমদার / PP-241-244
— শ্রীমতী শাওনি সিংহ রায় / PP-244-246
Replied by — শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-246-249

Date - 07.03.2017

Starred Questions

(to which oral answers were given)

*২০ — শ্রী অসিত মিত্র
— শ্রী সমর হাজরা
— শ্রী অপূর্ব সরকার
— শ্রী মনোজ চক্রবর্তী
— শ্রী মানস মুখার্জী
replied by — শ্রী শোভন চ্যাটার্জী / PP-250-256
*২১ — শ্রী কালীপদ মন্ডল
— শ্রী সুজিত চক্রবর্তী
— শ্রীমতী সোনালী গুহ
— শ্রীমতী প্রতিমা রজক
replied by — শ্রী সাধন পান্ডে / PP-256-259
*২২ — শ্রী মানস মুখার্জী
— Dr. Rohit Sharma
— শ্রী নেপাল মাহাত
replied by — শ্রী মলয় ঘটক / PP-259-261
*২৬ — ডঃ সুজন চক্রবর্তী
— শ্রী কল্লোল খাঁ
— শ্রীমতী রমা বিশ্বাস
— শ্রী সেখ আমজাদ হোসেন
replied by — শ্রী মলয় ঘটক / PP-262-266

Starred Questions
(to which answers were laid on the 'Table')

*২৩ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা / P-266
*২৪ — শ্রী রুনু দত্ত / P-267
*২৫ — শ্রী সমীর কুমার পোদ্দার / P-267
*২৭ — শ্রী রমা বিশ্বাস / P-267

Adjournment Motion / P-268

Calling Attention (Notice) / P-269

Presentation of Committee Reports / PP-269-270

Mention cases

— শ্রীমতী জাহানারা খান / P-270
— শ্রী সুজিত চক্রবর্তী / P-271
— শ্রী সেখ শাহনাওয়াজ / P-271
— ডাঃ সুজন চক্রবর্তী / P-271
— শ্রী নেপাল মাহাত / P-272
— শ্রীমতী নার্গিস বেগম / P-272
— শ্রীমতী প্রতিমা রজক / PP-272-273
— শ্রী মনোজ টিগ্গা / P-273
— শ্রী সুকরা মুন্ডা / P-273
— Dr. Rohit Sharma / PP-273-274

Discussion and Voting on Demand for Grants

Demand No. 75 / 274-297

Discussed by — ডঃ সুখবিলাস বর্মা / PP-274-277
— শ্রী জ্যোতির্ময় কর / PP-277-279
— শ্রী সন্তোষ দেবরায় / PP-280-282
— শ্রীমতী মহুয়া মৈত্র / PP-282-285
— শ্রী অশোক ভট্টাচার্য্য / PP-285-287
— শ্রী শীলভদ্র দত্ত / PP-287-290
— শ্রীমতী ফিরোজা বেগম / PP-290-293

replied by — ডঃ অমিত মিত্র / PP-293-297

Presentation of the Report of Business Advisory Committee / PP-298-300

Demand No. 40 and 45 / PP-300-339

Discussed by — শ্রী মোস্তাক আলম / PP-301-303
— শ্রী সমীর কুমার জানা / PP-303-306
— Shri Ali Imran Ramz / PP-307-311
— শ্রী প্রদ্যুৎ কুমার ঘোষ / PP-312-314
— শ্রী আলবিরুনী জুলকারনাইন / PP-315-316
— শ্রী উজ্জ্বল বিশ্বাস / PP-316-318
— শ্রী মহসীন আলি / PP-318-320
— শ্রীমতী নার্গিস বেগম / PP-320-321
— শ্রী নাগেন্দ্রনাথ রায় / PP-321-322
— শ্রীমতী রহিমা মন্ডল / PP-322-323
— শ্রী অরূপ কুমার খাঁ / PP-323-325
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন / PP-325-328
replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-328-335

Demand No. 25 / PP-336-349

Discussed by — শ্রী কানাই চন্দ্র মন্ডল / PP-337-339
— শ্রী কালীপদ মন্ডল / PP-339-341
— শ্রী বিশ্বজিৎ কুন্ডু / PP-341-342
— শ্রী মিল্টন রশিদ / PP-342-344
Replied by — শ্রী অরূপ বিশ্বাস / PP-344-348

Date - 08.03.2017
Held over Starred Questions
(to which oral answers were given)

*১৩ — শ্রী মানস মুখার্জী
— শ্রী অপূর্ব সরকার
Replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-351-353

Starred Questions
(to which oral answers were given)

*২০ — শ্রী অসিত মিত্র
Replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-353-355
*৩৩ — শ্রী কালীপদ মন্ডল
— শ্রী খগেন মুর্মু
— শ্রী স্বপন কুমার বেলথারিয়া
— শ্রী নেপাল মাহাত
— শ্রী পুলিন বিহারী রায়
— শ্রী আলবিরুনি জুলকারনাইন
Replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-355-358
*২৯ — শ্রী সমীর কুমার জানা
— শ্রী সমর হাজরা
— শ্রীমতী নার্গিস বেগম
— শ্রী আবু তাহের খান
Replied by — শ্রী স্বপন দেবনাথ / PP-358-360
*৩০ — শ্রী তন্ময় ভট্টাচার্য্য
— ডঃ শশী পাঁজা
Replied by — শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-360-364
*৩১ — শ্রী কল্লোল খাঁ
— শ্রী সুজিত চক্রবর্তী
Replied by — শ্রী শশী পাঁজা / PP-364-365

Starred Questions

(to which answers were laid on the 'Table')

*৩২ — শ্রীমতী জাহানারা খান / P-366
*৩৪ — শ্রীমতী তাপসী মন্ডল / PP-366-367
*৩৫ — শ্রী অসিত মজুমদার / P-367
*৩৬ — ডঃ সুজন চক্রবর্তী / PP-367-369
*৩৭ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা / P-369
*৩৬ — শ্রী বিশ্বনাথ চৌধুরী / PP-369-371

Speech delivered by Hon'ble Chief Minister on the Occasion of International Women's Day / PP-371-373

Presentation of Committee Reports / PP-374-375

Laying of Reports and Accounts / PP-375-376

Discussion and voting on Demands for Grant

Demand No. 52 / PP-376-388

Discussed by — শ্রী সমীর কুমার জানা / PP-376-378
— শ্রী খগেন মুর্মু / PP-378-380
— শ্রী অখিল গিরি মুর্মু / PP-380-381
— শ্রী অপূর্ব সরকার / PP-381-384
replied by — শ্রী গৌতম দেব / P-384-387

Demand Nos. 15 and 70 / PP-388-416

Discussed by — শ্রী আশিস মার্জিত / PP-388-390
— শ্রী কালীপদ মন্ডল / PP-390-391
— শ্রী সেখ আমজাদ হোসেন / PP-391-394
— শ্রী মনোজ টিগ্গা / PP-394-395
— শ্রী সমীর চক্রবর্তী / PP-395-398
— শ্রী কমলেশ চ্যাটার্জী / PP-398-400
— ডঃ রমেন্দ্রনাথ বিশ্বাস / PP-400-401
— শ্রী ধীরেন্দ্রনাথ লায়েক / PP-401-402
— শ্রী নরেশ চন্দ্র বাউড়ি / PP-402-403
— Dr. Rohit Sharma / PP-403-404
— শ্রী সেখ ইব্রাহিম আলি / PP-404-405
— শ্রী ব্রজমোহন মজুমদার / PP-405-408
— শ্রী আসিফ মেহেবুব / PP-408-409
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-410-415

Report of the Business Advisory Committee / PP-416-417

Demand No. 24 / PP-417-437

Discussed by — শ্রীমতী ফিরোজা বেগম / PP-417-419
— ডঃ সুদর্শন ঘোষ দস্তিদার / PP-420-423
— শ্রী আব্দুর রেজ্জাক / PP-423-424
— শ্রীমতী বৈশালী ডালমিয়া / PP-424-427

— শ্রী আনিসুর রহমান / PP-427-429
— শ্রী শ্রীকান্ত মাহাত / PP-429-431
— শ্রী অসিত মিত্র / PP-431-433
replied by — ডঃ শশী পাঁজা / P-433-437

Guillotine / PP-437-451

Legislation

The West Bengal Appropriation (No.2) Bill, 2017 / PP-451-464

Discussed by — Dr. Sukhbilas Barma / PP-451-455
— শ্রী জ্যোতির্ময় কর / P-455
— শ্রী পুলিন বিহারী রায় / PP-456-457
— শ্রী পরশ দত্ত / P-457
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-457-461
replied by — ডঃ অমিত মিত্র / P-461-464

Date : 09.03.2017

Obituary References / PP-464-466

Starred Questions
(to which oral answers were given)

*৪০ — শ্রী অসিত মিত্র
— শ্রীমতী সেলিমা খাতুন (বিবি)
— শ্রী খগেন মুর্মু
— শ্রীমতী মহুয়া মৈত্র
replied by — গৌতম দেব / PP-466-469
*৪১ — শ্রী সমীর কুমার জানা
— শ্রী বুলুচিক বরাইক
— শ্রী রামশঙ্কর হালদার
— শ্রী অপূর্ব সরকার
— শ্রী পুলক রায় / PP-447-451
replied by — রাজীব ব্যানার্জী/ PP-469-475
*৪২ — শ্রী নগেন্দ্র নাথ রায়
— শ্রী মনোজ টিগ্গা
— Dr. Rohit Sharma

— শ্রী নেপাল মাহাত

replied by — শ্রী প্রদ্যুৎ কুমার ঘোষ / PP-475-479

*৪৩ — শ্রী কালীপদ মন্ডল

— শ্রী সুজিত চক্রবর্তী

— শ্রী অনিসুর রহমান

replied by — শ্রী গৌতম দেব / PP-479-481

Starred Questions

(to which answers were laid on the 'Table')

*৪৪ — শ্রী তন্ময় ভট্টাচার্য্য / P-482

*৪৫ — শ্রী অসিত মজুমদার / P-482

*৪৬ — শ্রী রফিকুল ইসলাম মন্ডল / PP-482-483

*৪৭ — শ্রী দেবেশ মন্ডল / P-483

*৪৮ — শ্রী সুজিত চক্রবর্তী / P-483

*৪৯ — শ্রী সেখ শাহনাওয়াজ / PP-483-484

*৫০ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা / P-484

*৫১ — শ্রী সুজিত চক্রবর্তী / P-485

*৫২ — শ্রী কালীপদ মন্ডল / PP-485-486

*৫৩ — শ্রী অসিত মজুমদার / P-486

*৫৪ — শ্রী দেবেশ মন্ডল / PP-486-487

*৫৫ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা / PP-487-489

Calling Attention (Statement) /PP-489-492

Presentation of Committee Report / P-492

Laying of Reports and Accounts / P-492

Mention Cases

— শ্রী খগেন মুর্মু / PP-492-493

— শ্রী প্রদীপ কুমার সাহা / P-493

— শ্রী রুনু দত্ত / PP-493-494

— শ্রী সুজিত চক্রবর্তী / P-494

— শ্রী আনিসুর রহমান / P-494

— শ্রী রামশঙ্কর হালদার / PP-494-495

— শ্রী ধীরেন্দ্র নাথ লায়েক / P-495

— শ্রী সেখ শাহনাওয়াজ / P-495

— শ্রী সুকরা মুন্ডা / PP-495-496

— শ্রীমতী নার্গিস বেগম / P-496
— শ্রী আব্দুল খালেক মোল্লা / P-496

Legislation

(A) The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2017

(B) The Kolkata Metropolitan Water and Sanitation Authority (Repealing) Bill, 2017

(C) The Kolkata Improvement (Repealing) Bill, 2017 / PP-497-512

Discussed by — ডঃ সুখবিলাস বর্মা / PP-497-501
— শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী / PP-502-504
— শ্রী অজিত রায় / PP-504-505
— শ্রী পরশ দত্ত / P-505
— শ্রী আনিসুর রহমান / PP-506-507

replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-507-510

Presentation of Report of Business Advisory Committee /P-502

Date : 10.03.2017

Starred Questions

(to which written replies were laid on the 'Table')

— শ্রী অসিত মিত্র / PP-514-515
— শ্রী সমীর কুমার জানা / PP-515-516
— শ্রী কালীপদ মন্ডল / PP-516-517
— শ্রী অসিত মজুমদার / PP-517-518
— শ্রী দ্বেবেশ মন্ডল / P-519
— শ্রী সমীর কুমার পোদ্দার / PP-519-521
— শ্রী কল্লোল খাঁ / PP-521-524
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / P-524
— শ্রী মানস মুখার্জী / PP-524-525
— শ্রী সুজিত চক্রবর্তী / PP-525-527
— শ্রী রুনু দত্ত / P-527

Presentation of Committee Report / P-528
Relaying of Amendment to the Rules / P-528

Legislation

The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2017 / PP-528-540

Discussed by — শ্রী অপূর্ব সরকার / PP-528-531

— শ্রী শোভন চ্যাটার্জী / PP-531-534

— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-534-536

replied by —শ্রী ফিরহাদ হাকিম / PP-536-540

The West Bengal Land Reforms (Amendment) Bill, 2017 / PP-540-552

Discussed by — শ্রী রামশঙ্কর হালদার / PP-541-543

— শ্রী কল্লোল খাঁ / PP-543-544

— শ্রী সওকত মোল্লা / PP-544-546

— শ্রী আখরুজ্জামান / PP-546-549

replied by —ডঃ পার্থ চ্যাটার্জী / PP-549-551

(A) The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 2017

(B) The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 2017 / PP-552-565

Discussed by — শ্রী নেপাল মাহাত / PP-452-456

— শ্রী জ্যোতির্ময় কর / PP-556-558

— ডঃ সুজন চক্রবর্তী / PP-558-560

replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-560-563

Business Transacted in Fifth Session / PP-565-566

Closing of 5th Session

— ডঃ পার্থ চ্যাটার্জী / PP-567-568

— Shri Rohit Sharma / P-568

— শ্রী দিলীপ ঘোষ / PP-568-569

— শ্রী নির্মল ঘোষ / PP-569-570

— Deputy Speaker / P-570

— Mr. Speaker / PP-570-572

Printed at:
Saraswaty Press Ltd.
11 B.T. Road, Kolkata - 700 056

SPL-2019-400-LAP-268(608)